Barcode - 4990010123265
Title - Bengal Legislative Assembly Proceedings (1979) vol.71, pt. 1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 651
Publication Year - 1979
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123265

Vol. No. 71—I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Seventy One Session

(August–September, 1979)

(The 27th, 28th, 29th 30th, 31st, August, 3rd, 4th, 5th
6th & 7th September, 1979)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

Rs. 124/-

Vol. No. 71—I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

## West Bengal Leigislative Assembly

## Seventy One Session

## (August - September 1979)

(The 27th, 28th, 29th, 30th, 31st, August, 3rd, 4th, 5th, 6th, & 7th September 1979)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### SHRI TRIBHUBAN NARAYAN SINGH

### . Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Department of Power and Hill Affairs Branch of Deparment of Development and Planning.

2. Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Deparment of Laobour.

3. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Hill Affairs and Jhargram Affairs Branches) and Department of Excise.

4. Shri Pravas Chandra Roy, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundardan Areas Branch of Department of Development and Planning.

5. Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.

6. Shri Buddhadev Bhattacharjee, Minister-in-chage of Department of Information and Cultural Affairs.

7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development and Metropolitan Development Branch of Public works Department.

8. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.

9. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

10. Shri Chittabrata Mazumder, Minister-in-charge of Deparment of Cottage and Small-Scale Industries.

11. Shri Mohammed Amin, Minister-in-charge of Transport Branch of Home Department.

12 Shri Partha De, Minister-in-charge of Primary Education, Secondary Education, and Library Service Branches of Department of Education.

13. Shri Hashim Abdul Halim, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

14. Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forest and Department of Tourism.

15. Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

16. Shri. Sambhu Charan Ghosh, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

17. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Fisheries and Department of Co-operation.

18. Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture.

19. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Depament (excluding Metropolitan Development Branch) and Department of Housing.

20. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Deparment of Health and family Welfare.

21. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Panchyats and Community Development and Jails Branch of Home Department.

22. Shri Sudhin Kumar, Minister-in-charge of Department of Food and Supplies.

23. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

24. Srimati Nirupama Chatterjee, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department.

25. Shri Sambhunath Mandi, Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department, and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

26. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State-in-charge of Transport Branch of Home Department.

27. Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

28. Shri Kanti Chandra Biswas, Minister of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

29 Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Syed Abul Mansur Habibullah**

**Deputy Speaker : Shri Kalimuddin Shams**

## SECRETARIAT

**Secretary : Shri P.K. Ghosh**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. A.K.M. Hassan Uzaman, Shri (92 - Deganga - 24 Parganas)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Mushridabad)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
5. Abdus Sattar, Shri (55 - Lalgola - Murshidabad)
6. Abedin Dr. Zainal (34 - Itahar - West Dinajpur)
7. Abul Hassan, Shri (145 - Bowbazar - Calcutta)
8. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
10. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
11. Anisur Rahaman, Shri (93 - Swarupnagar - 24-Parganas)
12. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
13. Bag, Dr Saswati Prasad (204 - Mahishadal - Mindapore)
14. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
15. Bandyopadhyay, Shri Gopal (183 - Singur - Hooghly)
16. Bandyopadhyay, Shri Balai (184 - Haripal - Hooghly)
17. Bandyopadhyay, Shri Debabrata (63 - Berhampore - Murshidabad)
18. Banerjee, Shri Amiya (96 - Hasnabad - 24-Parganas)
19. Banerjee, Shri Binoy (156 - Sealdah - Calcutta)
20. Banerjee, Shri Madhu (257 - Kulti - Burdwan)
21. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - 24-Parganas)
22. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
23. Barma, Shri Manindra Nath [9 - Tufanganj (S.C.) - Cooch Behar]
24. Barma, Shri Kalipada [101 - Basanti (S.C.) - 24-Parganas]
25. Basu, Shri Bimal Kanti (5 - Cooch Behar West - Cooch Behar)
26. Basu, Shri Debi Prosad (77 - Nabadwip - Nadia)
27. Basu, Shri Gopal (129 - Naihati - 24-Parganas)
28. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
29. Basu, Shr Nihar Kumar (131 - Jagatdal - 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Basu Ray, Shri Sunil (258 - Barabani - Burdwan)
31. Bauri, Shri Bijoy [204 - Raghunathpur (S.C.) - Purulia]
32. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
33. Baxla, Shri John Arther [10 - Kumargram (S.T.) - Jalpaiguri]
34. Bera, Shri Pulak (203 - Moyna - Midnapore)
35. Bera, Shri Sasabindu (172 - Shyampur - Howrah)
36. Bhaduri, Shri Timir Baran (64 - Beldanga - Murshidabad)
37. Bharati, Shri Haripada (142 - Jorabagan - Calcutta)
38. Bhattacharjee, Shri Buddhadev (140 - Cossipur - Calcutta)
39. Bhattacharya, Shri Kamal Krishna (180 - Serampore-Hooghly)
40. Bhattacharya, Dr. Kanailal (165 - Shibpur - Howrah)
41. Bhattacharya, Shri Nani (12 - Alipurduar - Jalpaiguri)
42. Bhattacharyya, Shri Gopal Krishna (135 - Panihati - 24 Parganas)
43. Bhattacharyya, Shri Satya Pada ( 68 - Bharatpur - Murshidabad)
44. Bisui, Shri Santosh [221 - Garhbeta West (S.C.) - Midnapore]
45. Biswas, Shri Binoy Kumar (82 - Chakdah - Nadia)
46. Biswas, Shri Hazari [53 - Sagardighi (S.C.) - Murshidabad]
47. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
48. Biswas, Shri Jnanendranath [74 - Krishnaganj (S.C.) - Nadia]
49. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
50. Biswas, Shri Kanti Chandra (86 - Gaighata - 24 Parganas)
51. Biswas, Shri Kumud Ranjan [98 - Sandeshkhali (S.C.) - 24 Parganas]
52. Biswas, Shri Satish Chandra [80 - Ranaghat East (S.C.) - Nadia]
53. Bora, Shri Badan [ 255 - Indas (S.C.) - Bankura]
54. Bose, Shri Ashoke Kumar ( 148 - Alipore - Calcutta)
55. Bose, Shri Biran (25 - Siliguri - Darjeeling)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaiguri)
57. Bouri, Shri Nabani [249 - Gangajalghati (S.C.) - Bankura]
58. Chakraborty, Shri Jatin (151 - Dhakuria - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

59. Chakraborty, Shri Subhas (139 - Belgachia - Calcutta)
60. Chakraborty, Shri Umapati (196 - Chandrakona - Midnapore)
61. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
62. Chattapadhya, Shri Sailendra Nath (181 - Champdani - Hooghly)
63. Chattaraj, Shri Suniti (288 - Suri - Birbhum)
64. Chatterjee, Shri Bhabani Prosad (293 - Nalhati - Birbhum)
65. Chatterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
66. Chatterjee, Shri Ram (185 - Tarakeswar - Hooghly)
67. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan)
68. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
69. Chawdhuri, Shri Subodh (47 - Manikchak - Malda)
70. Chhobhan Gazi, Shri (120 - Magrahat West- 24 Parganas)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
72. Chowdhuri, Shri Gunadhar (254 - Kotulpur - Bankura)
73. Chowdhury, Shri Abdul Karim (28 - Islampur - West Dinajpur)
74. Chowdhury, Shri Benoy Krishna (271 - Burdwan Sourth - Burdwan)
75. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
77. Chowdhury, Shri Subhendu Kumar [145 - Malda (S.C.) - Malda]
78. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (S.C.) - Cooch Behar]
79. Das, Shri Banamali [283 - Nanur (S.C.) - Birbhum]
80. Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - 24 Parganas)
81. Das, Shri Nikhil (158 - Burtola - Calcutta)
82. Das, Shri Nimai Chandra (118 - Falta - 24 Parganas)
83. Das, Shri Sandip (146 - Chowringhee - Calcutta)
84. Das, Shri Santosh Kumar (168 - Panchla - Howrah)
85. Das, Shri Shib Nath [205 - Sutahata (S.C.) - Midnapore]
86. Das Mahapatra,. Shri Balai Lal (212 - Ramnagar - Midnapore)
87. Das Sharma, Shri Sudhir Chandra (224 - Kharagpur Town - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

88. Daud Khan, Shri (107 - Bhangore - 24 Parganas)
89. De, Shri Partha (251 - Bankura - Bankura)
90. Deb, Shri Saral (90 - Barasat - 24 Parganas)
91. Dey,. Shri Ajoy Kumar (194 - Arambagh - Hooghly)
92. Digpati, Shri Panchanan [193 - Khanakul (S.C.) - Hooghly]
93. Doloi, Shri Rajani Kanta [219 - Keshpur (S.C.) - Midnapore]
94. Ghosal, Shri Aurobindo (171 - Uluberia Sourth - Howrah)
95. Ghosh, Shrimati Chhaya (58 - Murshidabad - Murshidabad)
96. Ghosh, Shri, Debsaran (72 - Kaliganj - Nadia)
97. Ghosh, Shri Krishna Pada (155 - Beliaghata - Calcutta)
98. Ghosh, Shri Malin (178 - Chandital - Hooghly)
99. Ghosh, Shri Sambhu Charan (186 - Chinsurah - Hooghly)
100. Goppi, Shrimati Aparajita (4 - Cooch Behar North - Cooch Behar)
101. Goswami, Shri Ramnarayan (273 - Raina - Burdwan)
102. Goswami, Shri Subhas (248 - Chhatna - Bankura)
103. Guha, Shri Kamal Kanti (7 - Dinhata - Cooch Behar)
104. Guha, Shri Nalini Kanta (141 - Shympukur - Calcutta)
105. Gupta, Shri Jyotsna Kumar (284 - Bolpur - Birbhum)
106. Gupta, Shri Sitaram (130 - Bhatpara - 24 Parganas)
107. Habib Mustafa, Shri (44 - Araidanga - Malda)
108. Habibur Rahaman, Shri (54 - Jangipur - Murshidabad)
109. Haldar, Shri Krishnadhan [124 - Kulpi (S.C.) - 24 Parganas]
110. Haldar, Shri Renupada [122 - Mandirbazar (S.C.) - 24 Parganas]
111. Hashim Abdul Halim, Shri (89 - Amdanga - 24 Parganas)
112. Hazra, Shri Haran [169 - Sankrail (S.C.) - Howrah]
113. Hazra, Shri Monoranjan (192 - Purshurah - Hooghly)
114. Hazra, Shri Sundar (222 - Salbani - Midnapore)
115. Hira, Shri Sumanta Kuamr [154 - Taltola (S.C.) - Calcutta]
116. Jana, Shri Haripada (Bhagabanpur) (208 - Bhagabanpur - Midnapore)
117. Jana, Shri Hari Pada (Pingla) (217 - Pingla - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

118. Jana, Shri Manindra Nath (177 - Jangipara - Hooghly)
119. Jana, Shri Prabir (206 - Nandigram - Mindapore)
120. Kalimuddin Shams, Shri (147 - Kabitirtha - Calcutta)
121. Kar, Shri Nani (88 - Ashokenagar - 24 Parganas)
122. Kazi Hafizur Rahaman, Shri (56 - Bhagabangola - Murshidabad)
123. Khan, Shri Sukhendu [256 - Sonamukhi (S.C.) - Bankura]
124. Kisku, Shri Upendra [245 - Raipur (S.T.) - Bankura]
125. Koley, Shri Barindra Nath (175 - Amta - Howrah)
126. Konar, Shri Benoy (275 - Memari - Burdwan)
127. Kuiry, Shri Daman, (236 - Arsha - Purulia)
128. Kujur, Shri Sushil [14 - Madarihat (S.T.) - Jalpaiguri]
129. Kumar, Shri Sudhin (163 - Howrah Central - Howrah)
130. Kundu, Shri Gour Chandra (81 - Ranaghat West - Nadia)
131. Let (Bara), Shri Panchanan [290 - Mayureswar (S..C.) Birbhum]
132. Lutful Haque, Shri (51 - Aurangabad - Murshidabad)
133. M Ansar Uddin, Shri (167 - Jagatballavpur - Howrah)
134. Mahanti, Shri Pradyot Kumar (228 - Dantan - Midnapore)
135. Mahata, Shri Satya Ranjan (232 - Jhalda - Purulia)
136. Mahato, Shri Nukul Chandra (234 - Manbazar - Purulia)
137. Mahato, Shri Shanti Ram (238 - Jaipur - Purulia)
138. Maitra, Shri Birendra Kumar (42 - Harischandrapur - Malda)
139. Maitra, Shri Kashi Kanta (75 - Krishnagar East - Nadia)
140. Maity, Shri Bankim Behari (207 - Narghat - Midnapore)
141. Maity, Shri Gunadhar (125 - Patharpratima - 24 Parganas)
142. Maity, Shri Hrishikesh (126 - Kakdwip - 24 Parganas)
143. Maity, Shri Satya Brata (211 - Contai Sourth - Midnapore)
144. Majee, Shri Surendra Nath [232 - Kashipur (S.T.) - Purulia]
145. Majhi, Shri Dinabandhu [66 - Khargram (S.C.) - Murshidadab]
146. Majhi, Shri Raicharan [282 - Ketugram (S.C.) - Burdwan]
147. Majhi, Shri Sudhangshu Sekhar [233 - Bunduan (S.T.) - Purulia]

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

148. Majhi, Dr. Binode Behari [247 - Indpur (S.C.) - Bankura]
149. Maji, Shri Pannalal (176 - Udaynarayanpur - Howrah)
150. Maji, Shri Swadesranjan (201 - Panskura East - Midnapore)
151. Majumdar, Shri Chittabrata (162 - Howrah North - Howrah)
152. Majumdar, Shri Sunil Kumar (285 - Labhpur - Birbhum)
153. Mal, Shri Trilochan [292 - Hansan (S.C.) - Birbhum]
154. Malakar, Shri Nani Gopal (83 - Haringhata - Nadia)
155. Malik, Shri Purna Chandra [272 - Khandoghosh (S.C.) - Burdwan]
156. Malik, Shri Sreedhar [267 - Ausgram (S.C) - Burdwan]
157. Mandal, Shri Bhakti Bhusan (286 - Dubrajpur - Birbhum)
158. Mandal, Shri Gopal [197 - Ghatal (S.C.) - Midnapore]
159. Mandal, Shri Prabhanjan (127 - Sagore - 24 Parganas)
160. Mandal, Shri Rabindranath [91 - Rajarhat (S.C.) - 24 Parganas]
161. mandal, Shri Siddheswar [287 - Rajnagar (S.C.) - Birbhum]
162. Mandal,. Shri Sudhangshu [99 - Hingalganj (S.C.) - 24 Parganas]
163. Mandal, Shri Sukumar [79 - Hanskhali (S.C.) - Nadia]
164. Mandal, Shri Suvendu (220 - Garbetta East - Midnapore)
165. Mandi, Shri Sambhunath [232 - Binpur (S.T.) - Midnapore]
166. Mazumdar, Shri Dilip Kumar [264 - Durgapur-I - Burdwan]
167. Mazumdar, Shri Dinesh (108 - Jadavpur - 24 Parganas)
168. Md. Sohorab, Shri (52 - Suti - Murshidabad)
169. Ming, Shri Patras [26 - Phansidewa (S.T.) - Darjeeling]
170. Mir Abdus Sayed, Shri (115 - Maheshtala - 24 Parganas)
171. Mir Fakir Mohammad, Shri (71 - Nakashipara - Nadia)
172. Mitra, Dr. Ashok (149 - Rashbehari Avenue - Calcutta)
173. Mitra, Shri Parimal (19 - Kranti - Jalpaiguri)
174. Mitra, Shri Ranjit (85 - Bongaon - 24 Parganas)
175. Mohammad Ali, shri (43 - Ratua - Malda)
176. Mohammed Amin, Shri (133 - Titagarh - 24 Parganas)
177. Mohanta, Shri Madhabendu (70 - Palashipara - Nadia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

178. Mojumder, Shri Hemen (104 - Baruipur - 24 Parganas)
179. Mondal, Shri Ganesh Chandra [100 - Gosaba (S.C.) - 24 Parganas]
180. Mondal, Shri Kshiti Ranjan [97 - Haroa (S.C.) - 24 Parganas]
181. Mondal, Shri Raj Kumar [170 - Uluberia North (S.C.) - Howrah]
182. Mondal, Shri Sahabuddin (73 - Chapra - Nadia)
183. Mondal, Shri Shashanka Sekhar (191 - Rampurhat - Birbhum)
184. Morazzam Hossain, Shri Syed (218 - Debra - Midnapore)
185. Mostafa Bin Quasem, Shri (94 - Baduraia - 24 Parganas)
186. Motahar Hossain, Dr. (294 -Murarai - Birbhum)
187. Mridha, Shri Chitta Ranjan [105 - Canning West (S.C.) - 24 Parganas]
188. Mukherjee, Shri Amritendu (76 - Krishnagar West - Naida)
189. Mukherjee, Shri Anil (252 - Onda - Bankura)
190. Mukherjee, Shri Bama Pada (259 - Hirapur - Burdwan)
191. Mukherjee, Shri Bhabani (182 - Chandernagore - Hooghly)
192. Mukherjee, Shri Bimalananda (78 - Santipur - Nadia)
193. Mukherjee, Shri Biswanath (202 - Tamluk - Midnapore)
194. Mukherjee, Shri Joykesh (166 - Domjur - Howrah)
195. Mukherjee, Shri Mahadeb (239 - Purulia - Purulia)
196. Mukherjee, Shri Narayan (95 - Basirhat - 24 Parganas)
197. Mukherjee, Shri Niranjan (112 - Behala East - 24 Parganas)
198. Mukherjee, Shri Rabin (113 - Behala West - 24 Parganas)
199. Mukhopadhyay, Dr. Ambarish (243 - Hura - Purulia)
200. Mullick Chowdhury, Shri Suhrid (159 - Maniktola - Calcutta)
201. Munsi, Shri Maha Bacha (27 - Chopra - West Dinajpur)
202. Murmu, Shri Nathaniel [36 - Tapan (S.T.) - West Dinajpur]
203. Murmu, Shri Sarkar [39 - Habibpur (S.T.) - Malda]
204. Murmu, Shri Sufal [40 - Gazol (S.T.) - Malda]
205. Nanda, Shri Kiranmoy (214 - Mugberia - Midnapore)
206. Nurbu La, Shri Dawa (24 - Kurseong - Darjeeling)
207. Naskar, Shri Gangadhar [109 - Sonarpur (S.C.) - 24 Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

208. Naskar, Shri Sundar [110 - Bishnupur East (S.C.) - 24 Parganas]
209. Nath, Shri Monoranjan (279 - Purbasthali - Burdwan)
210. Neogy, Shri Brajo Gopal (190 - Polba - Hooghly)
211. Nezamuddin. Shri Md. (153 - Entally - Calcutta)
212. O'Brien, Shri Neil Aloysius (Nominated)
213. Ojha, Shri Janmejay (215 - Pataspur - Midnapore)
214. Omar Ali, Dr. (200 - Panskura West - Mindapore)
215. Oraon, Shri Mohan Lal [18 - Mal (S.T.) - Jalpaiguri]
216. Paik, Shri Sunirmal [209 - Khejuri (S.C.) - Midnapore]
217. Pal, Shri Bijoy (260 - Asansol - Burdwan)
218. Pal, Shri Rashbehari (210 - Contai North - Midnapore)
219. Panda, Shri Mohini Mohan (244 - Taldanga - Bankura)
220. Pandey, Shri Rabi Shankar (114 - Barabazar - Calcutta)
221. Pathak, Shri Patit Paban (161 - Bally - Howrah)
222. Phodikar, Shri Prabhas Chandra (198 - Daspur - Midnapore)
223. Pramanik, Shri Abinash [188 - Balagarh (S.C.) - Hooghly]
224. Pramanik, Shri Radhika Ranjan [121- Magrahat (S.C.) -24 Parganas]
225. Pramanik, Shri Sudhir [2 - Sitalkuchi (S.C.) - Cooch Behar]
226. Purkait, Shri Probodh [102 - Kultali (S.C.) - 24 Parganas]
227. Rai, Shri Deo Prakash (23 - Darjeeling - Darjeeling)
228. Raj, Shri Aswini Kumar (250 - Barjora - Bankura)
229. Ramzan Ali (29 - Goalpokhar - West Dinajpur)
230. Rana, Shri Santosh (230 - Gopiballavpur - Midnapore)
231. Ray, Shri Achintya Krishna (253 - Vishnupur - Bankura)
232. Ray, Shri Birendra Naryan (57 - Nabagram - Murshidabad)
233. Ray, Shri Matish (137 - Baranagar - 24 Parganas)
234. Ray, Shri Naba Kumar [32 - Kaliaganj (S.C.) - West Dinajpur]
235. Roy, Shri Amalendra (67 - Barwan - Murshidabad)
236. Roy, Shri Banamali [15 - Dhupguri (S.C.) - Jalpaiguri]
237. Roy, Shri Dhirendra Nath [21 - Rajganj (S.C.) - Jalpaiguri]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

238. Roy, Shri Haradhan (261 - Raniganj - Burdwan)
239. Roy, Shri Hemanta Kumar (278 - Manteswar - Burdwan)
240. Roy, Shri Krishnadas (227 - Nrayangarh - Midnapore)
241. Roy, Shri Monoranjan (199 - Nandanpore - Midnapore)
242. Roy, Shri Nanu Ram [195 - Goghat (S.C.) - Hooghly]
243. Roy, Shri Pravas Chandra (111- Bishnupur West - 24 Parganas)
244. Roy, Shri Sada Kanta [1 - Mekliganj (S.C.) - Cooch Behar]
245. Roy, Shri Tarak Bandhu [17 - Mainaguri (S.C.) - Jalpaiguri]
246. Roy Barman, Shri Khitibhusan (116 - Budge Budge - 24 Parganas)
247. Roy, Chowdhury, Shri Nirode (87 - Habra - 24 Parganas)
248. Rudra, Shri Samar Kumar (157 - Vidyasagar - Calcutta)
249. Saha, Shri Jamini Bhusan (132 - Noapara - 24 Parganas)
250. Saha, Shri Kripa Sindhu [191 - Dhaniakhali (S.C.) - Hooghly]
251. Saha, Shri Lakshi Narayan [266 - Kanksa (S.C.) - Burdwan]
252. Sajjad Hussain, Shri Haji (30 - Karandighi - West Dinajpur)
253. Samanta, Shri Gouranga (216 - Sabong - Midnapore)
254. Santra, Shri Sunil [274 - Jamalpur (S.C.) - Burdwan]
255. Sanyal, Shri Samarendra Nath (69 - Karimpur - Nadia)
256. Sar, Shri Nikhilananda (281 - Mongalkot - Burdwan)
257. Sarkar, Shri Deba Prasad (103 - Joynagar - 24 Parganas)
258. Sarkar, Shri Kamal (134 - Khardah - 24 Parganas)
259. Sarkar, Shri Sailen (46 - Englishbazar - Malda)
260. Sarkar, Shri Ahindra (35 - Gangarampur - West Dinajpur)
261. Sarker, Shri Dhirendranath [33- Kushmandi (S.C.) - West Dinajpur]
262. Satpathy, Shri Ramchandra (231 - Jhargram - Midnapore)
263. Sen, Shri Bholanath (268 - Bhatar - Burdwan)
264. Sen, Shri Deb Ranjan (269 - Galsi - Burdwan)
265. Sen, Shri Dhirendranath (289 - Mahammad Bazar - Birbhum)
266. Sen, Shri Lakshmi Charan (160 - Belgachia West - Calcutta)
267. Sen, Shri Sachin (152 - Ballygunge - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

268. Sen Gupta, Shri Dipak (6 - Sitai - Cooch Behar)
269. Sen Gupta, Shri Prabir (187 - Bansberia - Hooghly)
270. Shaikh Imajuddin, Shri (62 - Hariharpara - Murshidabad)
271. Shamsuddin Ahamed, Shri (49 - Kaliachak - Malda)
272. Shastri, Shri Vishnu Kant (143 - Jorasanko - Calcutta)
273. Sing, Shri Buddhabed [229 - Nayagram (S.T.) - Midnapore]
274. Singh, Shri Chhedilal (114 - Garden Reach - 24 Parganas)
275. Singh, Shri Khudi Ram [226 - Keshiary (S.T.) - Midnapore]
276. Singha Roy, Shri Jogendra Nath [13 - Falakata (S.T.) - Jalpaiguri]
277. Sinha, Shri Atish Chandra (65 - Kandi - Murshidabad)
278. Sinha, Dr. Haramohan (280 - Katwa - Burdwan)
279. Sinha, Khagendra Nath [31 - Raiganj (S.C.) - West Dinajpur]
280. Sinha, Shri Probodh Chandra (213 - Egra - Midnapore)
281. Sinha Ray, Shri Guru Prasad (276 - Kalna - Burdwan)
282. Sk. Siraj Ali, Shri (225 - Kharagpur Rural - Midnapore)
283. Soren, Shri Suchand [246 - Ranibandh (S.T.) - Bankura]
284. Subba, Shrimati Renu Leena (22 - Kalimpong - Darjeeling)
285. Sur, Shri Prasant Kumar (150 - Tollygunge - Calcutta)
286. Tah, Shri Dwarka Nath (270 - Burdwan North - Burdwan)
287. Talukdar, Shri Pralay (164 - Howrah South - Howrah)
288. Tirkey, Shri Monohar [11 - Kalchini (S.C.) - Jalpaiguri]
289. Tudu, Shri Bikram [253 - Balarampur (S.T.) - Purulia]
290. Uraon, Shri Punai [16 - Nagrakata (S.T.) - Jalpaiguri]
291. Vacant (37 - Kumarganj - West Dinajpur)
292. Vacant ([illegible] - Kharba - Malda)
293. Vacant (48 - [illegible] - Malda)
294. Vacant ([illegible] - Dum Dum - 24 Parganas)
295. Vacant ([illegible] - Midnapore - Midnapore)

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 27th August, 1979 at 1.00 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 21 Ministers, 5 Ministers of State, and 228 Members.

[1-00 - 1-10 P.M.]

### ।। শোক প্রস্তাব ।।

**মিঃ স্পিকার ঃ** আজ বর্তমান অধিবেশনের প্রথম দিনে স্মরণ করছি এই সভার প্রয়াত সেই সব প্রাক্তন সদস্যদের, যাঁরা গত বাজেট অধিবেশনের পর শেষ নিশ্বাস ত্যাগ করেছেন।

**শ্রী ঈশ্বর দাস জালান ঃ** স্বাধীনতা উত্তর যুগের পশ্চিমবঙ্গ বিধানসভার প্রথম অধ্যক্ষ শ্রী ঈশ্বর দাস জালান মহাশয় গত ২৯শে মে তারিখে কলকাতায় নিজ বাস ভবনে দেহত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৫ বৎসর।

গৌরী দত্ত জালানের পুত্র প্রয়াত ঈশ্বর দাস জালান মহাশয় ১৮৯৫ খৃষ্টাব্দে বিহারের মজঃফরপুর জেলায় জন্মগ্রহণ করেছিলেন। সেখানে বি. বি. কলেজিয়েট স্কুলে ও গ্রীহারভূনিহান ব্রাহ্মণ কলেজে শিক্ষাভালের পর উচ্চতর শিক্ষার জন্য তিনি কলকাতায় আসেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯১৬ সালের অর্থনীতির এম. এ পরীক্ষায় তিনি দ্বিতীয় স্থান অধিকার করেন। ইতিমধ্যে আইন পরীক্ষায়ও তিনি অত্যন্ত কৃতিত্বের সঙ্গে উত্তীর্ন হন।

তাঁর কর্মজীবন মূলত শুরু হয় ১৯১৭ সালে ডেপুটি ম্যাজিস্ট্রেট হিসাবে। কিন্তু খুব অল্পকাল পরেই তিনি চাকুরি ছেড়ে দেন। তারপর থেকে ১৯৪৭ সালে পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ পদে নির্বাচিত হওয়ার আগে পর্যন্ত তিনি কলকাতা হাইকোর্টে একজন সুবিখ্যাত সলিসিটার ছিলেন। ১৯২৭ সাল থেকে ১৯৩০ সাল পর্যন্ত তিনি কলকাতা কর্পোরেশনের সদস্য ছিলেন, ১৯৩৮ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত অবিভক্ত বাংলাদেশ বিধানসভার সদস্য ছিলেন এবং দেশ ভাগের পর থেকে ১৯৬৮ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য ছিলেন। তিনিই স্বাধীনতার পর পশ্চিমবঙ্গ বিধানসভার প্রথম অধ্যক্ষ। ১৯৫২ সাল পর্যন্ত তিনি এই পদ অলঙ্কৃত করেছিলেন। তারপর থেকে ১৯৬৭ সালের নির্বাচনের পূর্ব পর্যন্ত বিভিন্ন সময় রাজ্যের বিভিন্ন দপ্তরের মন্ত্রী পদের গুরুদায়িত্বও তিনি বহন করেছিলেন। ১৯৬৭ সালের বিধানসভাতেও তিনি পুনরায় নির্বাচিত হন। তিনি কোম্পানি আইনের উপর একটি হিন্দি বইও লিখেছিলেন। পূর্ব ভারতীয় ভাষায় আইনের বই লেখায় তিনি পথিকৃৎ।

সুরসিক, তীক্ষ্ণধী, পণ্ডিত, আইনজ্ঞ, অমায়িক এই প্রবীণ রাজনীতিকের মহাপ্রয়াণে দেশে এক অপূরণীয় শূণ্যতার সৃষ্টি হোল।

**শ্রী জয়নারায়ণ শর্মা ঃ** ১৯৬২ ও ১৯৬৭ সালে বর্ধমান জেলার কুলটি কেন্দ্র থেকে নির্বাচিত প্রবীণ কংগ্রেস নেতা জয়নারায়ণ শর্মা গত ১৬ই মে তারিখে কুলটীতে পরলোকগমন করেন। স্বাধীনতা সংগ্রামী হিসাবে তিনি তাম্রপত্র লাভ করেছিলেন। মুখ্যত একজন ট্রেড ইউনিয়ন নেতা প্রয়াত জয়নারায়ণ শর্মা মানবোচিত নানা সদ্‌গুণের অধিকারী ছিলেন তাঁর মৃত্যুতে দেশ একজন অক্লান্ত কর্মীকে হারাল।

**শ্রী খগেন্দ্রনাথ রায়চৌধুরি ঃ** ১৯৫৭ ও ১৯৬২ সালে ২৪ পরগনার সোনারপুর কেন্দ্র থেকে নির্বাচিত আজীবন বিপ্লবী সি. পি. আই নেতা কমরেড খগেন্দ্রনাথ রায়চৌধুরি গত ৫ই জুন তারিখে শেঠ শুকলাল কারনানী হাসপাতালে শেষ নিশ্বাস ত্যাগ করেন। তিনি ঐ দিনই হৃদ রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২ বছর।

দীর্ঘ দিন কমিউনিস্ট পার্টির আন্দোলনের সহিত যুক্ত কমরেড রায়চৌধুরি অবিভক্ত কমিউনিস্ট পার্টির ২৪ পরগনা জেলার সম্পাদক ছিলেন অনেক দিন ধরে। স্বাধীনতার পর থেকে মৃত্যুকাল পর্যন্ত তিনি ভারতের কমিউনিস্ট পার্টির পশ্চিমবঙ্গ কর্ম সমিতির সদস্য ছিলেন।

বন্ধু বৎসল, সংগ্রামী, অমায়িক এই দেশ নেতার জীবন কর্মীদের আদর্শ স্বরূপ। তাঁর মৃত্যুতে আমরা একজন প্রবীণ দেশকর্মী ও রাজনৈতিক নেতাকে হারালাম।

**শ্রী চন্দ্রনাথ মিশ্র ঃ** ১৯৭১ সাল ও ১৯৭২ সালে ২৪ পরগনা জেলার স্বরূপ নগর কেন্দ্র থেকে নির্বাচিত বিধানসভার সদস্য শ্রী চন্দ্রনাথ মিশ্র গত ১৫ই জুন ইহলোক ত্যাগ করেন। তিনি ছিলেন একজন অসাম্প্রদায়িক দেশপ্রেমিক, বিশিষ্ট শিক্ষক ও ক্রীড়ামোদী। সর্বোপরি তিনি ছিলেন একজন উদার মানবতাবাদী। তাঁর কাজে ও কথায় এমন একটা মাধুর্য ও সৌজন্য বোধ ছিল যা সহজেই সকলের মনে গভীর রেখাপাত করত।

**ডাঃ যোগেশ চন্দ্র ব্যানার্জি ঃ** বিধানসভার সদস্য ছাড়াও সম্প্রতি আমরা পশ্চিমবঙ্গ তথা ভারতের এক প্রখ্যাত চিকিৎসক ডাঃ যোগেশচন্দ্র ব্যানার্জিকে হারিয়েছি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

ডাঃ বন্দ্যোপাধ্যায় ১৯০১ সালে জন্ম গ্রহণ করেন, ১৯২৫ সালে কলকাতা বিশ্ব বিদ্যালয় থেকে এম. বি পরীক্ষায় পাশ করে ১৯৩০ সাল পর্যন্ত তিনি ইংলণ্ডে পড়াশুনা করেন, তিনি সেখানে এল. আর. সি. সি. এম. আর. সি. পি. ও এম. আর. সি. এস হন। পরে ১৯৬১ সালে তিনি লণ্ডন বিশ্ববিদ্যালয় থেকে এফ. আর. সি. পি. হন। ১৯৬৩ সালে তিনি বিশ্বস্বাস্থ্য সংস্থার কার্ডিও ভ্যাস্কুলার কনসালটেন্ট হন।

হৃদ রোগের বিশেষজ্ঞ হিসাবে তাঁর খ্যাতি দেশ বিদেশে ছড়িয়ে পড়েছিল। ভারত ও ভারতের বাহিরে বহু দেশে বহু কৃতি চিকিৎসক তাঁর ছাত্র। তাঁর মৃত্যুতে দেশ এক কৃতি চিকিৎসক ও শিক্ষক কে হারাল।

**আমি প্রয়াত প্রাক্তন সদস্যদের** এবং ডাঃ বন্দ্যোপাধ্যায়ের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা **প্রদর্শন করছি** এবং তাঁদের শোক সন্তপ্ত পরিবার বর্গ ও অনুরাগীদের প্রতি আমার আন্তরিক **সমবেদনা জানাচ্ছি।**

এখন আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব তাঁরা যেন নিজ নিজ আসনে ২ মিনিট দাঁড়িয়ে প্রয়াত ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেন।

(২ মিনিট নিরবতা পালনের পর)

**মিঃ স্পিকার ঃ** ধন্যবাদ। বিধান সভার সচিব এই শোক প্রস্তাবের প্রতিলিপি প্রয়াত ব্যক্তিদের পরিবারবর্গকে পাঠিয়ে দেবেন।

আজকে সভার নির্দ্দিষ্ট কাজ মুলতুবি রইল। আগামীকাল মঙ্গলবার, ২৮শে আগস্ট ১৯৭৯ তারিখের বেলা ১টায় পুনরায় অধিবেশন বসবে।

## ADJOURNMENT

The House was then adjourned at 1-10 p.m. till 1 p.m. on Tuesday, the 28th August, 1979 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal. Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 28th August, 1979 at 1 P. M.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 19 Ministers, 4 Ministers of State and 213 Members.

## Starred Questions
### (to which oral answers were given)

[1-00-1-10 P.M.]

**পশ্চিমবঙ্গে কৃষি-সীড্ ফার্মের সংখ্যা**

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** ঃ কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কৃষি-সীড্ ফার্মের (সীড্ ফার্ম) সংখ্যা কত;

(খ) ঐ সীড্ ফার্মগুলি পশ্চিমবঙ্গের চাহিদা কি পরিমাণ পূরণ করে; এবং

(গ) সীড্ ফার্মগুলিতে কৃষি দপ্তর যা খরচ করেন তার নীট ফল—লাভ না লোকসান?

**শ্রী কমলকান্তি গুহ** ঃ

(ক) পশ্চিমবঙ্গের কৃষি সীড্ ফার্মের সংখ্যা ১৯৯টি।

(খ) কৃষি সীড্ ফার্মগুলি প্রধান শস্য বীজের কার্যকর চাহিদার অর্থাৎ বাজারে বীজ বিক্রয়ের যে চাহিদা তার মোটামুটি নিম্নলিখিত অংশ পূরণ করে।

(১) ধান শতকরা ৬০ ভাগ

(২) গম " ১০ "

(৩) তৈলবীজ " ২৫ "

(৪) ডালশস্য " ২০ "

(৫) আলু " ৫ "

(৬) পাট " ২ "

(গ) মোটের উপর লোকসান হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বামফ্রন্ট সরকারের ২ বছরে নতুন কতগুলি সীড্ ফার্ম বিভিন্ন জেলায় প্রতিষ্ঠিত হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** নতুন কোনও সীড্ ফার্ম প্রতিষ্ঠিত হয়নি, যেগুলি আছে বা যেগুলি শেষ হয়ে গিয়েছিল সেগুলির নতুন চেহারা দিয়ে ভাল করে চালাবার জন্য চেষ্টা নিয়েছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি পশ্চিমবঙ্গে শস্য বীজের চাহিদার দিকে দৃষ্টি রেখে নতুন সীড্ ফার্ম প্রতিষ্ঠার কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্য জানেন যে পশ্চিমবঙ্গে শস্য বীজের চাহিদার দিকে লক্ষ্য রেখে যাতে উৎকৃষ্ট মানের বীজ স্বল্প মূল্যে কৃষকদের সরবরাহ করতে পারি তারজন্য বীজ নিগম প্রতিষ্ঠা করবার জন্য আমরা কৃষি দপ্তর থেকে এবং পশ্চিমবঙ্গে সরকারও চেষ্টা করছেন।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন সীড্ ফার্মগুলি শেষ হয়ে গিয়েছিল, এই শেষ হয়ে যাওয়ার সংখ্যা কত বলতে পারবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই সংখ্যা প্রায় ৫০ ভাগ।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন সীড্ ফার্মে যারা কর্মীরা, যারা কৃষি শ্রমিকদের কাজ করে তাদের কিভাবে বেতন দেওয়া হয়, দৈনিক হার কত, মাসিক হার কত এবং তাদের স্ট্যাটাস কি, তারা সরকারি কর্মচারী হিসাবে গণ্য হবে, না, কৃষি শ্রমিক হিসাবে গণ্য হবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এখানে অনেক ধরনের কর্মচারী কাজ করেন। যাঁরা সীড্ ফার্মের ম্যানেজার তাঁরা স্থায়ী সরকারি কর্মচারী হিসাবে পরিগণিত হন এবং যাঁরা এক্সটেনশন অফিসার তাঁরাও স্থায়ী সরকারি কর্মচারী হিসাবে পরিগণিত হন। আর কিছু আছে যাঁরা মাস্টার রোলে চাকরি করেন। যখন আমাদের সিজিন টাইম আসে তখন চাহিদা অনুসারে আমরা মাস্টার রোলে কিছু লোক নিয়োগ করি, তাদের দৈনিক বেতন দিই ৮.৯৮ পয়সা।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই সীড্ ফার্মগুলি তত্ত্বাবধান করবার জন্য পশ্চিমবাংলায় কে কে আছেন? অর্থাৎ এর দেখাশুনা কে করেন, ডিরেক্টর, না জয়েন্ট ডিরেক্টর?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এক কথায় বলতে গেলে মন্ত্রীই করেন। উপরে থাকেন ডিরেক্টর এবং তাঁর উপরে থাকেন মন্ত্রী মহাশয়। আমাদের এক একটা সীড্ ফার্ম এক একজনে তত্ত্বাবধান করেন। ডিস্ট্রিক্ট সীড্ ফার্মে সুপারিনটেন্ডেন্ট রয়েছেন এবং ব্লক সীড্ ফার্মে ম্যানেজার রয়েছেন। সাব-ডিভিসনে এক র‍্যাঙ্কের অফিসার দেখেন, ব্লক-এ আর এক র‍্যাঙ্কের অফিসার দেখেন এবং রিসার্চ ফার্মে আর এক র‍্যাঙ্কের অফিসার দেখেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** কর্মচারীর লেভেলে এর দায়িত্বে কে রয়েছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কৃষি আধিকারিক।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই সি. পি. এম. সরকার ক্ষমতায় আসার আগে ১৯৭৬ সালে আরও ৩৭টি নতুন সীড্ ফার্ম প্রতিষ্ঠা করবার যে পরিকল্পনা আগের সরকার করেছিলেন সেটাকে রূপদানের ব্যবস্থা আপনারা করেছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** আমি দায়িত্ব গ্রহণ করবার পর কাগজে কলমে কোথাও দেখিনি যে আগেকার সরকার এরকম কোনও পরিকল্পনা গ্রহণ করেছিলেন।

**শ্রী দেওপ্রকাশ রাই :** I want to say that for the last 7 years we demanded in the House that we want a Government College in Darjeeling, if not a college a Government School. এবারে আমি আলুর কথা কিছু বলব। সেন্ট্রাল গভর্নমেন্ট আলুকে ব্যান্ড করেছেন অথচ আমরা জানি পট্যাটো ইজ ওয়ান অব দি ক্যাশ ক্রপ। আলুর মুভমেন্ট স্টপ করার ফলে ওয়েস্টবেঙ্গল অ্যাগ্রিকালচারাল ইকনমি অ্যাফেক্ট করল।

Just because Shri Kamal Guha is the Agricultural Minister there has been an agricultural college in Cooch Behar.

**Mr. Speaker :** Now, please take your seat and allow the Minister to answer.

(No reply)

**Mr. Speaker :** Perhaps the Minister could not follow your question.

### খরার সময় "ডিজেল" সরবরাহ

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০।) **ডাঃ গোলাম ইয়াজদানি :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত খরার সময় "ডিজেল" উপযুক্ত পরিমাণে ও সময়মতো সরবরাহের কোনও ব্যবস্থা ছিল না; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**শ্রী সুধীনকুমার,**

(ক ও খ) বিগত খরার সময়ে, অর্থাৎ গত ১৫ জুন ১৯৭৯-র আগে পর্যন্ত পেট্রোল ও পেট্রোলিয়ামজাত দ্রব্যের সরবরাহ, বণ্টন ও রেশনিংয়ের দায়িত্বে খাদ্য ও সরবরাহ বিভাগের উপর ছিল না। তখনকার ব্যবস্থায় সরবরাহের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন তৈল কোম্পানিগুলির উপর ন্যস্ত ছিল। মোট সরবরাহের স্বল্পতা ছিল তা সত্ত্বেও জেলা শাসকের। স্থানীয়ভাবে ডিজেলের বণ্টনের যথাসম্ভব নিয়ন্ত্রণ করবার চেষ্টা করেছিলেন।

[1-10–1-20 P.M.]

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ডিজেল সাপ্লাই-এর দায়িত্ব জেলাশাসকদের উপরে ছিল না। আমি জিজ্ঞাসা করছি উত্তরবঙ্গে সেই সমস্ত ডিজেল কি রকমভাবে দেবার ব্যবস্থা করা হয়েছিল, সেটা কি আপনার জানা আছে?

**শ্রী সুধীন কুমার ঃ** শুধু উত্তরবঙ্গে নয়, সারা পশ্চিমবঙ্গের ভার তখন কেন্দ্রীয় গভর্নমেন্টের যেসমস্ত নির্দিষ্ট সরবরাহকারী ছিলেন তাঁরাই সরবরাহ করতেন। খরার আগে পর্যন্ত সেই অভাব না দেখা দেওয়ায় এইভাবেই দেওয়া হচ্ছিল এবং পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে তখন সরবরাহ করা হয়নি। খরার সময় এই অভাব দেখা দেওয়ায় জেলাশাসকদের মারফত নিয়ন্ত্রণের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু সমস্ত সরবরাহ এবং মূল্য ইত্যাদির দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর ছিল।

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** আপনি বললেন যে জেলাশাসকদের উপর ভার দেওয়া হয়েছিল, আমি আপনাকে বলছি মালদহ জেলায় ডিজেল সাপ্লাই-এর জন্য কয়েক লরি মুর্শিদাবাদে আটকে রাখা হয়েছিল এবং সেই ডিজেল মালদহে সাপ্লাই করা হয়নি।

**শ্রী সুধীন কুমার ঃ** যদি আপনি নির্দিষ্টভাবে জানান তাহলে তদন্ত করে বলতে পারি। তবে ১৫ই জুনের আগে পর্যন্ত যুক্তিসঙ্গতভাবে খাদ্য সরবরাহ বিভাগের উপর এই বস্তু সরবরাহের দায়িত্ব ছিল না।

**Shri Kashi Kanta Maitra :** Mr. Speaker, Sir, the Hon'ble Minister, while replying to a question regarding the supply of diesel in North Bengal, made a very significant statement which as I have understood regarding arrival; and from that I am putting this supplementary question. What I have understood, the Hon'ble Minister says that the case for imposing regulatory measures or restrictive measures in regard to supply of daily essential commodities like diesel, kerosene, petrol, or rice and other commodities like wheat would arive only when that particular commodity is in short supply. As we have understood, the Hon'ble Minister has said so. If this is so, then there is an important question arises that a statement in this respect should be made by the Hon'ble Minister on the Floor of the House.

**Shri Sudhin Kumar :** I am sorry. I have to inform one thing that is prevailing in the Government business. In the government business any listed article in the Essential Commodities Act does not if so facto mean that there exists an order. An order may be drafted by the State Government which requires Central concurrence, and until and unless the Government considers it necessary to draft and to seek concurrence of the Central Government the State Government does not interfere with the normal trade channel so long it satisfies the needs and requirements.

**Shri Kashi Kanta Maitra :** Mr. Speaker, Sir, the Hon'ble Minister has said that in regard to certain thing of the essential commodities about which the Central Government is the final authority, the concurrence of the Central Government is to be obtained before any regulatory and restrictive measures is imposed by the State Government. If this is so, may I ask the Hon'ble Minister what is the position then in regard to supply of cement which is also a Centrally controlled commodity? After decontrol the Central Government made available cement to the State Government through trading corporations—through the Essential Commodities Supply Corporation. So, even in regard to supply of cement the State Government has imposed restrictive measures in regard to distribution of cement—that is what I have understood, and he has said in regard to supply of diesel in North Bengal. If that is so, then the case for imposing regulatory measures will only arrive when the stock is in short supply. That is what I wanted to know. If I am wrong I may stand corrected.

**Shri Sudhin Kumar :** I understand what the honourable member has said. He stands corrected to the extent that whenever the State Government requires the regulatory order it seeks the permission or the concurrence of the Central Government. After the concurrence is received the order is issued.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই ডিজেলের যখন অনটন চলছিল, তখন মালদহ জেলার সমস্ত পেট্রোল পাম্পগুলি একটি বিশেষ দলের হাতে চলে গিয়েছিল সেইজন্য আপনার কাছে টেলিগ্রাম ও দরখাস্ত পাঠানো হয়েছে। আপনি তার কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং ঐ সব ডিজেল ডিস্ট্রিবিউটাররা সরকার কর্তৃক নিয়োজিত হয়েছিল কিনা এই সম্বন্ধে জানতে চাই?

**মিঃ স্পিকার ঃ** স্টেপ নেওয়া হয়েছিল কিনা এবং হয়ে থাকলে কি স্টেপ নেওয়া হয়েছিল এটা জানতে চান?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমিই ঐ টেলিগ্রাম পাঠিয়েছিলাম, কোনও অ্যাকশন তার উপর নেওয়া হয়েছিল কিনা জানতে চাই।

**শ্রী সুধীন কুমার ঃ** আপনি যে স্পেসিফিক প্রশ্ন করেছেন সে সম্পর্কে নোটিশ দিলে খোঁজ নিয়ে দেখতে পারি যে কোনও সময় আপনার কাছ থেকে পেয়েছি, সে সম্পর্কে কি করেছিলাম সেই অভিযোগ সম্পর্কে আমি জবাব দেব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এইটা ডিজেল ঘটিত প্রশ্ন এবং করেছেন ডাঃ গোলাম ইয়াজদানি তিনি মালদহের লোক এবং আমি মালদহ সম্পর্কে প্রশ্ন করেছিলাম। মালদহ জেলার ব্যাপারে এইটার জবাব ওঁর দেওয়া উচিত ছিল যে উনি পেয়েছিলেন কিনা সেটা এবং সে সম্পর্কে কি করেছেন?

**শ্রী সুধীন কুমার ঃ** দিনে কয়েকশো চিঠি আসে এবং মালদহ জেলা থেকেও আসে। যে বিষয়টার কথা বলছেন সেটা আমার কর্তৃত্বাধীন বা নিয়ন্ত্রণাধীন ছিল কিনা এসব তো দেখতে হয়েছে। যদি না থাকে তাহলে সংশ্লিষ্ট জায়গায় পাঠিয়ে দিয়ে থাকতে পারি। আপনি যদি উল্লেখ করতে পারেন কোনও চিঠি কোনও তারিখে আপনি পাঠিয়েছেন তাহলে আমি নিশ্চয় জানাতে পারি সে সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন যখন খরা চলছিল তখন স্থানীয় ডিজেল তেল সরবরাহকারীর প্রতিষ্ঠান যেগুলো রয়েছে তারা স্থানীয় ভিত্তিতে একটা তেলের কোটা করে নিয়েছিল কিনা এবং এই সম্পর্কে মন্ত্রী মহাশয়ের কি জানা আছে?

**শ্রী সুধীন কুমার ঃ** না।

**জনপ্রতিনিধি কর্তৃক সরকারি গাড়ি ব্যবহার**

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮১।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সংবিধান মোতাবেক নির্বাচিত জনপ্রতিনিধিরা কি সরকারি কাজে সরকারি গাড়ি ব্যবহার করিতে পারেন;

(খ) সরকারি গাড়ি ব্যবহার করিবার জন্য নির্দিষ্ট কোনও নিয়মাবলি আছে কি; এবং

(গ) থাকিলে, নিয়মাবলির ধারাগুলি কি কি?

**মহম্মদ আমিন ঃ**

(ক) হ্যাঁ, প্রচলিত নিয়মানুসারে বিধানসভার সদস্যগণ ও সংসদীয় সচিবগণ পারেন।

(খ) হ্যাঁ।

(গ) নিয়মাবলির ধারা ঃ -

(১) সংসদীয় সচিবগণ ও বিধানসভার সদস্যগণ কেবলমাত্র সরকারি কাজে সরকারি গাড়ি ব্যবহার করিতে পারেন।

(২) ঐ সংক্রান্ত আবেদন বিভাগীয় মন্ত্রীমহোদয়ের অনুমতি লইয়া এবং গাড়ি ব্যবহারের উদ্দেশ্য বিবৃতি করিয়া বিধিবদ্ধ ফর্মে সংশ্লিষ্ট নিয়ামকের নিকট পেশ করিতে হইবে।

[1-20–1-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই জনপ্রতিনিধিদের গাড়ি ব্যবহার করার জন্য কোনও নিয়মাবলি আছে কিনা? মন্ত্রী মহাশয়েরা তাদের স্ত্রী বা চাকরদের জন্য গাড়ি ব্যবহারের কোনও নিয়ম আছে কিনা?

**মহম্মদ আমিন ঃ** না, সে রকম কোনও নিয়ম নেই।

**শ্রী অজয়কুমার দে ঃ** মন্ত্রী মহাশয় কি বললেন সরকারি গাড়িতে পার্টি অফিসে আসা যায় কিনা এবং এই রকম ব্যবহার করা হচ্ছে কিনা?

**মহম্মদ আমিন ঃ** মন্ত্রী মহাশয় যদি পার্টি অফিসে যান তাহলে সরকারি গাড়ি নিয়ে যেতে পারেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রী মহাশয় নিশ্চয় জনপ্রতিনিধি। মন্ত্রী মহাশয় যদি জনস্বার্থের কাজের জন্য যান তাহলে সেটা অন্য কথা। কিন্তু বিভিন্ন জায়গায় তার লোকেরা যদি গাড়ি ব্যবহার করেন তাহলে সেটা কি রকম হয়?

(সরকার পক্ষ ঃ — ঠিক কথা নয়।)

আমার কাছে গাড়ির নম্বর আছে। আপনাদের মাননীয় মন্ত্রী প্রভাস রায়ের যেটা আমতলায় থাকে সেই গাড়ি চড়ে বেড়ায় তার ক্যাডাররা। এটা বিধি সম্মত কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এই অভিযোগ সঠিক নয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** তাঁর বাড়ির লোকেরা বা পার্টির লোকেরা গাড়ি চড়তে পারেন কিনা? ট্রান্সপোর্ট মিনিস্টার উত্তর দিন, উনি উত্তর দিচ্ছেন কেন?

(নো রিপ্লাই।)

**মিঃ স্পিকার ঃ** একজন মন্ত্রী সম্পর্কে অভিযোগ। তাই উনি নিজেই উত্তর দেবার অধিকারী।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** উনি উত্তর দিয়েছেন, অস্বীকার করেছেন। স্বীকার কেউ করেন না, অস্বীকারই করেন। ওঁনার নাম করে বলার ইচ্ছা ছিল না। কিন্তু প্রশ্ন করছি, এই রকম গাড়ি নিয়ে অর্থাৎ মন্ত্রীর গাড়ি নিয়ে এম. এল. এ. হোস্টেলে ক্যাডাররা যাচ্ছে। এটা কি অস্বীকার করতে পারেন? এটা করার কোনও অধিকার আছে কিনা, নিয়ম আছে কিনা সেটাই আমরা জানতে চাই। এম. এল. এ. হোস্টেলে মন্ত্রীদের গাড়িগুলি তাদের ক্যাডাররা নিয়ে চড়ে বেড়াচ্ছে। এটা যেতে পারে কিনা—পার্টি অফিস-এ অ্যাটেন্ড করতে পারেন কিনা, মিটিংগুলি অ্যাটেন্ড করতে পারেন কিনা সেটা আপনি বলুন।

(নয়েজ)

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, মন্ত্রীরা ছাড়া বা মন্ত্রীরা না থাকলেও মন্ত্রীর সি. এ.রা মন্ত্রীর গাড়ি ব্যবহার করতে পারেন কিনা?

**মহম্মদ আমিন ঃ** মন্ত্রীর সি.এ.রা মন্ত্রীর গাড়ি ব্যবহার করতে পারেন না, তবে মন্ত্রী মহাশয়ের সঙ্গে তাঁর সি.এ.রা যেতে পারেন।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, মন্ত্রী ছাড়াও মন্ত্রীর সি.এ.রা গাড়ি নিয়ে এম. এল. এ. হোস্টেলে প্রায়ই যাতায়াত করেন?

**মহম্মদ আমিন ঃ** এরকম কোনও অভিযোগ আমার কাছে নেই।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বি. ডি. ও.-দের গাড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি ব্যবহার করতে পারেন কিনা?

**মহম্মদ আমিন ঃ** সরকারি কাজের জন্য ব্যবহার করতে পারেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যে আইন রয়েছে সেই আইনে এরকম কোনও নির্দেশ আছে কি যে মন্ত্রীরা দলীয় সভায় বক্তৃতা দিতে যাবার সময়ও সরকারি গাড়ি ব্যবহার করতে পারেন?

**মহম্মদ আমিন ঃ** মন্ত্রীরা যেখানে যাবেন তাঁরা সরকারি গাড়ি নিয়ে যেতে পারেন।

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে, আমরা, যারা বামফ্রন্টের মন্ত্রীরা আছি, আমাদের মনগুলি একটু নরম। এই কংগ্রেসি সদস্য যাঁরা বলছেন বা জনতার সদস্য...

(নয়েজ)

এঁরা যদি রাস্তায় পড়ে থাকেন আমরা এঁদের তুলে নিয়ে পৌঁছে দিই।

(নয়েজ)

যদি রাস্তায় এঁরা পড়ে থাকেন বেসামাল হয়ে কোয়াইট ন্যাচারালি আমরা এঁদেব পৌঁছে দিই। আমরা যদি দেখি...

(নয়েজ)

কংগ্রেস এম. এল. এ.রা বেসামাল অবস্থায় যখন রাস্তায় পড়ে থাকেন তখন আমরা তাদের এম. এল. এ. হোস্টেলে পৌঁছে দিয়েছি।

(গোলমাল)

**কৃষি দপ্তরে বিভিন্ন ডাইরেক্টরের সংখ্যা**

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫০।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষি দপ্তরের বিভিন্ন বিভাগে মোট কতজন ডাইরেক্টর, ডেপুটি ডাইরেক্টর, অ্যাসিস্ট্যান্ট এবং জয়েন্ট ডাইরেক্টর আছেন; এবং

(খ) এই সংখ্যা হ্রাস অথবা বৃদ্ধির কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ,**

(ক) কৃষি অধিকারের বিভিন্ন শাখায় নিম্নোক্ত সংখ্যাক ডাইরেক্টর জয়েন্ট ডাইরেক্টর এবং ডেপুটি ডাইরেক্টর আছেন ঃ

| | |
|---|---|
| ডাইরেক্টর | ১ জন |

| | |
|---|---|
| জয়েন্ট ডাইরেক্টর | ২৩ জন |
| ডেপুটি ডাইরেক্টর ও<br>সমপর্যায়ের আধিকারিক | ৫৭ জন। |

ইহা ব্যতীত ৭টি অপর কৃষি অধিকর্তা ও সমপর্যায়ের পদ আছে; অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টারের কোনও পদ নেই।

(খ) এই সংখ্যা হ্রাসের কোনও প্রস্তাব নাই, তবে বৃদ্ধির প্রস্তাব কৃষি সম্প্রসারণ ও গবেষণা কর্মসূচিকে আরও শক্তিশালী করার প্রয়োজন অনুসারে বিবেচনা করা হইবে।

**শ্রী জন্মেজয় ওঝা :** মন্ত্রী মহাশয় যে সংখ্যা দিলেন এর মধ্যে ইন্দো-জার্মান পরিকল্পনার অফিসাররাও কি যুক্ত আছেন?

**শ্রী কমলকান্তি গুহ :** না, এটা বেসরকারি সংস্থা। এর সঙ্গে সরকারের কোনও সংস্রব নেই।

**শ্রী জন্মেজয় ওঝা :** যে সমস্ত অফিসারদের কথা বললেন এদের অফিস কোথায়? কলকাতায়, না কলকাতার বাইরে।

**শ্রী কমলকান্তি গুহ :** ডিরেক্টরের অফিস কলকাতায়। আর জয়েন্ট ডিরেক্টার যে যে আছেন তাদের কেউ কেউ কলকাতাতেই আছেন, আর ছয়টি রেঞ্জে ছয় জন জয়েন্ট ডিরেক্টার, ডেপুটি ডিরেক্টার কলকাতার বাইরে বিভিন্ন স্কীমের সাথে যুক্ত হয়ে বিভিন্ন জায়গায় আছেন।

**শ্রী জন্মেজয় ওঝা :** এই যে সমস্ত ডেপুটি ডিরেক্টার বা জয়েন্ট ডিরেক্টার রয়েছেন যাদের সংখ্যা আপনি দিলেন এদের জন্য বছরে কত ব্যয় হয় এবং সেটা কৃষি বাজেটের কত শতাংশ?

**শ্রী কমলকান্তি গুহ :** এটা নোটিশ না দিলে বলা মুশকিল।

**শ্রী জন্মেজয় ওঝা :** এই যে সংখ্যা দিলেন তাতে মনে হচ্ছে মাথা ভারি শাসন ব্যবস্থা চলছে। এই ব্যয় কমাবার কি আপনি চেষ্টা করবেন?

**শ্রী কমলকান্তি গুহ :** মোটেই নয়, আমরা বরং আরও বাড়াবার চেষ্টা করছি। কারণ কৃষিকে শক্তিশালী করার জন্য বামফ্রন্ট সরকার কয়েকটি পরিকল্পনা ইতিমধ্যেই গ্রহণ করেছেন।

## পশ্চিমবঙ্গের সীমান্ত দিয়ে বাংলাদেশে চাল পাচার

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের সীমান্ত দিয়ে ব্যাপকভাবে বাংলাদেশে চাল পাচার হচ্ছে; এবং

(খ) সত্য হইলে, ঐ চাল পাচার বন্ধের. জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**শ্রী সুধীন কুমার,**

(ক) পশ্চিমবঙ্গের সীমান্ত দিয়ে বাংলাদেশে চাল পাচার হয়, কিন্তু ব্যাপক হারে নয়।

(খ) পশ্চিমবাংলার সীমান্ত দিয়ে বাংলাদেশে চাল পাচার বন্ধ করার দায়িত্ব সীমান্তরক্ষী বাহিনীর এবং কেন্দ্রীয় শুল্ক বিভাগের উপর ন্যস্ত আছে। রাজ্য পুলিশ দপ্তর দেশের ভিতর থেকে যাঁরা এই পাচার ব্যবস্থা সংগঠিত করে বা এই ব্যবসায় টাকার যোগান দেয় তাদের খবরাখবর সংগ্রহ করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়।

[1-30–1-40 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে পশ্চিমবঙ্গের সীমান্ত দিয়ে বাংলা দেশে চাল পাচার হচ্ছে এবং পশ্চিমবঙ্গ সরকারের এই ব্যাপারে দায়িত্ব নেই। এই সমস্ত চাল পাচারের সঙ্গে যারা যুক্ত তারা ধরা পড়েছে কিনা এবং তাদের বিরুদ্ধে এখন পযর্ন্ত কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা সেটা বলবেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** কোনও কোনও ক্ষেত্রে ধরা পড়েছে এবং তাদের গ্রেপ্তার করা হয়েছে। এই সম্পর্কে যদি মাননীয় সদস্যদের কোনও বিশেষ খবর থাকে তাহলে সেটা জানালে পরে তৎক্ষণাৎ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বর্ডার এলাকায় গ্রামপঞ্চায়েত এবং মহকুমা শাসকরা কিছু কিছু লোককে চাল বিক্রয় করার জন্য পারমিট দেন এবং যারা পারমিট নিয়েছেন তারা সেখানে চাল বিক্রয় না করে বাংলাদেশে বিক্রয় করছে?

**শ্রী সুধীন কুমার ঃ** আমাদের কাছে এই রকম খবর নেই। আপনি যদি বিশেষভাবে খবর চান তাহলে আমাকে জেনে বলতে হবে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে বর্তমানে চালের অত্যাধিক দাম বৃদ্ধি হচ্ছে তার প্রধান কারণ বাংলাদেশে চাল পাচার হচ্ছে বলে?

**শ্রী সুধীন কুমার ঃ** আপনাদের ইতিপূর্বে বলেছি যে চাল যা পাচার হয় সেটা অত্যাধিক বেশি নয় এবং এটাকে প্রধান কারণ বলা যেতে পারে না। এই প্রসঙ্গে আপনাদের জানানো মনে করি যে সম্প্রতি এই বিষয়ে পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করেছি এবং দেখেছি যে চাল যদি এখান থেকে পাচারও হয় সেটাতে খুব লাভজনক হতে পারে না। কারণ টাকার যা বিনিময় মূল্য ভারতবর্ষে এবং বাংলাদেশে তাতে এটা খুব লাভজনক হতে পারে না। বিশেষ করে এই বর্ষার সময় লরি করে পাচার করা অসম্ভব, সামান্য পরিমাণ পাচার করা যায়। কারণ লং মার্চের পরিপ্রেক্ষিতে সীমান্তে অত্যন্ত কঠোর পাহারার ব্যবস্থা হয়েছে। এ কথা স্বীকার করতে হয় যে এখন পাচার যদি কোথাও হয়ও খুবই নিম্ন স্তরের।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে বলবেন এই যে চাল পাচার হচ্ছে এর সঙ্গে বেআইনি যে সমস্ত হাস্কিং মিল আছে তাঁদের কোনও সম্পর্ক আছে কি না?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন উঠতে পারে না।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে বর্ডার এলাকায় যে সমস্ত ক্ষেত্রে চাল বিক্রয় করার পারমিট দেন সেটা কি আপনার দপ্তর থেকে দেওয়া হয়, না স্বরাষ্ট্র দপ্তর থেকে দেওয়া হয়?

**শ্রী সুধীন কুমার ঃ** আমার দপ্তর থেকেও দেওয়া হয় না এবং স্বরাষ্ট্র দপ্তর থেকেও দেওয়া হয় না। জেলা শাসকের কাছ থেকে সেই পারমিট দেওয়া হয়। কিন্তু যে ধরনের পারমিটের কথা উল্লেখ করেছেন, নির্দিষ্টভাবে অভিযোগ না করার জন্য বলতে বাধ্য হচ্ছি যে এই ধরনের পারমিট বর্ডার এলাকায় দেওয়া হয়নি।

**শ্রী নবকুমার রায় ঃ** মহকুমা শাসকরা এই সব পারমিট দিয়ে থাকেন। যদি কোনও সুনির্দিষ্ট অভিযোগ আমি নিয়ে আসি তাহলে সেইসব মহকুমা শাসকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যদি ব্যবস্থা গ্রহণের কোনও প্রয়োজন থাকে তাহলে তা নিশ্চয়ই নেওয়া হবে।

### পটাশপুর ব্লকে গভীর নলকূপ স্থাপনের সংখ্যা

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫১।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পটাশপুর ব্লকে ১৯৭৯ সালের জুন মাস পর্যন্ত কতগুলি গভীর নলকূপ বসান হইয়াছে; এবং

(খ) ইহা কি সত্য যে, উক্ত ব্লকের সরকারি বীজখামারের নিকটে স্থাপিত গভীর নলকূপটি বসানোর কয়েক মাসের মধ্যেই অচল হইয়া গিয়াছে?

**শ্রী কমলকান্তি গুহ,**

(ক) ১০টি।

(খ) হ্যাঁ।

[1-40–1-50 P.M.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এই যে ১০টি বসানো হয়েছে বললেন, তার মধ্যে কটি চালু হয়েছে বলবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এক নং পটাশপুর ব্লক বীজ খামারে ১৯৭৬ সালে খনন করা হয়, ১৯৭৭ সালের জুলাই মাসে চালু করা হয়। ১৯৭৮ সালে তলা থেকে হঠাৎ নুড়ি পাথর উঠছে বলে, নভেম্বর মাস থেকে মেরামত করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর উত্তর অনেকখানি, পড়তে গেলে অনেক সময় লেগে যাবে। সুতরাং আমি মাননীয় সদস্যের কাছে উত্তরটা পাঠিয়ে দিচ্ছি, উনি দয়া করে দেখে নিন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** আমি জানতে চাইছি, কোনওটা চালু হয়েছে কি না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** হ্যাঁ চালু হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** কোন্টা চালু হয়েছে দয়া করে বলবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই সবগুলোর কাজ চলছে চালু করার জন্য, কোনটার কোনটার প্রাথমিক প্রস্তুতি নেওয়া হয়েছে, কতকগুলোর কাজ শুরু হয়ে গেছে, কতকগুলো বসানো হয়েছে এবং কতকগুলো এম. আই. সি.কে হস্তান্তর করা হয়েছে?

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** আপনার উত্তর থেকে বোঝা যাচ্ছে, কোনওটা চালু হয়নি। মন্ত্রী মহাশয় কি এইগুলো তাড়াতাড়ি চালু করবার ব্যবস্থা করবেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ব্যাপার হচ্ছে, কতকগুলো সম্পূর্ণ হয়েছে, এখন এম. আই. সি.র কাছে হস্তান্তরের কাজ বাকি আছে। কতকগুলোর প্রাথমিক কাজ বাকি আছে, কতকগুলো স্যাংশন হয়েছে স্টেট ওয়াটার বোর্ডের কাছ থেকে, গ্রীণ সিগন্যাল পাওয়া গেছে। আমি আশ্বাস দিতে পারি ঠিক সময় মতো যাতে কাজগুলো এগিয়ে যায় তার জন্য আমার দপ্তর আপ্রাণ চেষ্টা করবে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় (খ) প্রশ্নের উত্তরে বললেন, গভীর নলকূপ চালু হবার তিন মাসের মধ্যে। খারাপ হয়ে গেছে, সেইগুলো চালু করার অ্যাসিয়োরেন্স দেবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** গভীর নলকূপ যেগুলো খারাপ হয়েছে, সেইগুলো কিছুদিন চলার পর দেখা গেল তলা থেকে ছোট ছোট নুড়ি উঠছে। এই বর্ষার পরে আবার সেটা মেরামত করে চালু করার ব্যবস্থা করা হচ্ছে।

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী দেবপ্রসাদ সরকার ও ধীরেন্দ্রনাথ সরকার মহাশয়ের কাছ থেকে দুটো মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয় বর্তমান প্রধানমন্ত্রীর তত্ত্বাবধায়ক সরকারের নেতৃত্বে লোক সভার অন্তবর্তীকালীন নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্তের বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন। এতে রাজ্য সরকারের কোনও দায়িত্ব নেই। তাই এটা মলতুবি প্রস্তাবের বিষয় হতে পারে না।

দ্বিতীয় প্রস্তাবে শ্রী ধীরেন্দ্রনাথ সরকার মহাশয় মে-জুন মাসে পশ্চিমবঙ্গের খরার সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি সাম্প্রতিক কোনও ঘটনা নয় বলে এটি মুলতুবি প্রস্তাবের বিষয় হতে পারে না।

তাই আমি দুটো প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তবে সদস্যারা ইচ্ছে করলে সংশোধিত প্রস্তাবগুলো পড়তে পারেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিষয়টি আপনার অনুমতিক্রমে পড়ছি।

জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মলতুবি রাখছেন। বিষয়টি হল—

দলছুট, আস্থা ভোটে দাঁড়াতে অক্ষম এবং যার সরকারের সংখ্যাগরিষ্ঠতা ও লেজিটিমেসি কখনই প্রমাণিত হয়নি, এমন এক ব্যক্তিকে প্রধানমন্ত্রিত্বে রেখে তারই তত্ত্বাবধাক সরকারের অধীনে অন্তর্বর্তী নির্বাচন শুধুমাত্র সংসদীয় গণতন্ত্রের ক্ষেত্রে এক চরম নীতি বিগর্হিত ও অশুভ নজীর সৃষ্টি করল তাই নয়, অন্য দিকে , বর্তমানে লোকসভার অন্তর্বর্তীকালীন নির্বাচন অনুষ্ঠানের এই সিদ্ধান্ত বুর্জোয়া ও সোশ্যাল ডেমোক্রাটিক দলগুলির ক্ষমতা লিপ্সা চরিতার্থ করার জন্য করভারে জর্জরিত ও অতিষ্ঠ জনসাধারণের উপর নতুন করে নির্বাচনী বিপুল ব্যয়ভার চাপিয়ে দিল।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** অধ্যক্ষ মহোদয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

গত মে, মাসে পশ্চিমবঙ্গকে প্রচণ্ড খরা গ্রাস করেছিল। রাজ্যের সাধারণ মানুষ অনাহার, জলকষ্ট অপরিমিত চিকিৎসা প্রভৃতির সাথে সাথে কালোবাজারি, মুনাফাখোর পুঁজিপতিদের শিকারে পরিণত হয়েছিল। শহরের পশ্চাৎপদ এলাকা, গ্রামাঞ্চলের অনুন্নত দরিদ্র তফসিলি জাতি-উপজাতি নির্বিশেষে প্রায় সকল শ্রেণীর সাধারণ মানুষ বাঁচার তাগিদে এক অবর্ণনীয় অবস্থায় জীবনযাপন করতে বাধ্য হয়েছিল।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ -

১। পুরুলিয়া জেলার খরা পরিস্থিতি এবং জনসাধারণের দুরবস্থা — ডাঃ অম্বরিশ মুখোপাধ্যায়।

২। বর্ধমান জেলার আসানসোল এবং দুর্গাপুর মহকুমার ভয়াবহ খরা—শ্রী লক্ষ্মণ বাগদী এবং শ্রী বামাপদ মুখার্জি।

৩। ২৭-৮-৭৯ তারিখে কলিকাতায় ৪টি খুন ও দুটি ডাকাতি—শ্রী রজনীকান্ত দোলুই।

৪। পশ্চিমবঙ্গে ৮০টি শিল্প-সংস্থায় দীর্ঘকাল ধরে লক আউট ও ধর্মঘট—শ্রী রজনীকান্ত দোলুই।

৫। পশ্চিমবঙ্গের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারগুলিতে পাঠ্যপুস্তকের অভাব—শ্রী রজনীকান্ত দোলুই।

৬। ২৬-৮-৭৯ তারিখে বাসন্তী থানার অন্তর্গত হরেকৃষ্ণপুর গ্রামে সংঘর্ষের ঘটনা—শ্রী রজনীকান্ত দোলুই।

৭। ডিজেল, পেট্রোল ও কেরোসিন-এর অস্বাভাবিক মূল্যবৃদ্ধি—শ্রী রজনীকান্ত দোলুই।

৮। গার্ডেনরিচ পুরসভার এক্সিকিউটিভ অফিসার ঘেরাও—শ্রী রজনীকান্ত দোলুই এবং শ্রী জন্মেজয় ওঝা।

৯। বন্যা ত্রাণের হিসাব-পত্রাদি দাখিলে সরকারি ব্যর্থতা—শ্রী রজনীকান্ত দোলুই।

১০। অপারেশন বর্গার নামে দলবাজি—শ্রী রজনীকান্ত দোলুই।

১১। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেবা প্রকল্পের অর্থ আটক রাখায় প্রকল্পগুলির কাজকর্ম বন্ধ—শ্রী জন্মেজয় ওঝা।

১২। গার্ডেনরিচ কেসোরাম কটনমিলের শ্রমিকদের ক্যান্টিনের রান্না খাবার পর ২০০ লোক অসুস্থ হবার সংবাদ—শ্রী বিশ্বনাথ মুখার্জি ও ডাঃ ওমর আলি।

১৩। Alleged Police protection to Land dispute Cases by J. L. R. O. Canning—Shri Kalipada Barman.

১৪। Bonus for working class—Shri Sandip Das.

আমি গার্ডেনরিচ কেসোরাম কটনমিলের শ্রমিকদের ক্যান্টিনের রান্না খাওয়ার পর ২০০ লোক অসুস্থ হওয়ার সংবাদ বিষয়ের উপর শ্রী বিশ্বনাথ মুখার্জি ও ডঃ ওমর আলি কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী নোটিশটি মনোনীত করেছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় কবে ঐ বিষয়ের উপর বিবৃতি দিতে পারবেন তার একটা দিন বলে দিন।

[1-50-2-00 P.M.]

**শ্রী ভবানী মুখার্জি ঃ** ৬ই সেপ্টেম্বর।

**মিঃ স্পিকার ঃ** পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালী ও পরিচালন নিয়মাবলির ৩৫১ নং নিয়মানুযায়ী বিভিন্ন বিষয়ের উল্লেখ -

**শ্রী অনিলকুমার মুখার্জি ঃ** অন এ পয়েন্ট অফ ইনফর্মেশন স্যার, আমরা এই হাউসের যারা সদস্য আছি—কয়েকদিন ধরে কাগজে লক্ষ্য করছি যে, এই হাউসের অনেক বিরোধীদলের সদস্য এদিক থেকে ওদিকে যাচ্ছে এবং আপনারও স্টেটমেন্ট দেখেছি। সুতরাং লিডার অফ দি অপজিশন আছেন কি নেই সেটা আমরা আপনার কাছ থেকে অফিসিয়ালি জানতে চাই।

**মিঃ স্পিকার ঃ** আস্তে আস্তে সব জানতে পারবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ ইনফর্মেশন, আমরাও স্যার বিভ্রান্ত। আমরা কাগজে দেখছি যে ফরওয়ার্ড ব্লক এবং আর. এস. পি-এরা সি. পি. এম.-এর উপর বিষোদগার করছেন। সুতরাং ওনারা আছেন কি নেই সি. পি. এমের সাথে এটা পরিষ্কার করে জানিয়ে দিন।

## MENTION CASES

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করতে চাইছি। সি. পি. এম.রা বেসরকারিভাবে নতুন থানা সৃষ্টি করছে সেটা

হচ্ছে মথুরাপুর থানার চাপলা গ্রামে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলতে চাইছিলাম সেটা খুবই গুরুত্বপূর্ণ। চাপড়ায় প্রায় ৫/৭টি ঘটনা হয়েছে, সেখানে সি. পি. এম. পার্টির লোক বিভিন্ন জায়গা থেকে আসামি লোকগুলোকে ধরে নিয়ে গিয়ে বেসরকারি থানায় আটক করে রেখে সেখান থেকে লিখে সরকারি থানায় পাঠিয়ে দেয়। হাজী আবুবরকত পুরকায়েত, এই রকম অনেক জনকে এফ. আই. আর.-এ ধরে সেখানে আটকে রেখে দিয়ে পরদিন নিজেদের পুলিশ দিয়ে থানায় পাঠিয়ে দিয়েছে। স্বপন হালদার, শিশির হালদারের ভাই কে মারধর করে। খুরসেদরাজকে সারারাত্রি আটকে রেখে দিয়ে তার পরদিন থানায় চালান করেছে। প্রতিবারেতেই আমরা দেখতে পাচ্ছি, যারা মার খাচ্ছে তারাই থানাতে চালান হচ্ছে, কিন্তু যারা মারছে পুলিশ তাদের নামে কোনও কেস করছে না এবং আজ পর্যন্ত গ্রেপ্তারী পরোয়ানা বার করছে না, তার ফলে হয়েছে কি এই রকম অনেককেই ঐ ২ নম্বর থানাতে আটকে রাখা হচ্ছে বা মারধর করা হচ্ছে। মুখ্যমন্ত্রী মহাশয় যদি হাউসে থাকেন, আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি—স্পেসিফিক কেস—এ রকম বেসরকারি থানা করে তাঁদের পার্টির লোক দে হ্যাভ টেকন ল ইন দেয়ার ওন হ্যান্ড। যারা মার খাচ্ছে তাদেরই থানাতে পাঠানো হচ্ছে, কিন্তু যারা মারছে তারা গ্রেপ্তার হচ্ছে না, আমি জানতে চাইছি এই রকম বেসরকারি থানা বন্ধ হবে কিনা?

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। এটা একটা ইম্পর্ট্যান্ট ইস্যু, সিরিয়াস ইস্যু।

(**মিঃ স্পিকার** শ্রী রজনীকান্ত দোলুইকে বলিবার জন্য ডাকিলেন এবং শ্রী দোলুই বলিবার জন্য উঠিয়া দাঁড়াইলেন।)

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, খুব সিরিয়াস ইস্যু এবং আমি একটা পয়েন্ট অফ অর্ডার তুলতে চাই।

**মিঃ স্পিকার ঃ** আই ডিসঅ্যালাউ ইওর পয়েন্ট অফ অর্ডার।

[2-00–2-10 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে সর্বত্র সি. পি. এম.-এর কর্মীরা এক সন্ত্রাসের রাজত্ব করছে। আজ যেভাবে বর্গাদার রেকর্ড করানো হচ্ছে, জমির ধান কাটা হচ্ছে, গণ আদালতে মজুরি বৃদ্ধির নাম করে মজুরি বন্ধ ইত্যাদির ব্যাপার হচ্ছে তাতে গ্রামাঞ্চলে এক জঙ্গলের রাজত্ব চলছে। এর কোনও রকম প্রতিকারের ব্যবস্থা নেই, পুলিশ নিষ্ক্রিয়, শাসন ব্যবস্থা ভেঙে পড়েছে। কেশপুরে মেদিনীপুর জেলার প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক শ্রী অজিত হাঁড়া এবং ব্লক যুব কংগ্রেসের সভাপতি চিত্ত কড়াইকে সি. পি. এম.এর লোকেরা ২০ তারিখ থেকে ঘেরাও করে রেখেছে। এ বিষয়ে পুলিশ তাদের কোনও রকম সাহায্য করছে না। সেখানে কোনও অ্যাডমিনিস্ট্রেশন নেই। এই অরাজকতা বিশৃঙ্খলা ও জঙ্গলের রাজত্বে অবিলম্বে অবসান হওয়া দরকার। এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা দপ্তরের সম্বন্ধে একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে সদস্যাদের ও শিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। বিগত কেন্দ্রের জনতা সরকার এই রাজ্যে প্রাপ্ত বয়স্কদের শিক্ষা সম্প্রসারণের জন্য যে পরিকল্পনা ঘোষণা করেছিলেন এবং তার জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল তাতে দেখতে পাচ্ছি ৭টি সংস্থার মাধ্যমে ৩০০টি প্রাপ্ত বয়স্ক শিক্ষক শিক্ষণ কেন্দ্র তাঁরা স্থাপন করেছিলেন এবং এই সময়ের মধ্যে আমরা দেখছি গুজরাটে ২ হাজার শিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে, রাজস্থান ও মহারাষ্ট্রেও স্থাপন করা হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দপ্তরের এই বিষয়ে গাফিলতির জন্য এই রাজ্য পিছিয়ে পড়ল ও অন্য রাজ্য বেশি টাকা পেল। এ ছাড়া ২৫০টি স্কীম রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে ছিলেন কিন্তু সেগুলো আইন অনুসারে হয়নি বলে তাঁরা সেগুলি ফেরত পাঠিয়ে দেয়েছেন। এ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে কোনও লাভ নেই, এ ছাড়া পঃ বাংলায় ৯৬টি বেসরকারি সংস্থা সরকারকে উল্লেখ না করেই কেন্দ্রের কাছে টাকা চেয়েছিলেন। কেন্দ্রীয় সরকার এ সম্পর্কে রাজ্য সরকারের মতামত চেয়ে পাঠান কিন্তু শিক্ষা দপ্তর এ বিষয়ে কিছু করেননি বলে তাঁরা টাকা পাননি। ইউ. জি. সি. গত বন্যার পরিপ্রেক্ষিতে সাড়ে পাঁচ কোটি টাকা এই রাজ্যে বন্যাবিধ্বস্ত এলাকায় স্কুল গৃহ নির্মাণের জন্য। বরাদ্দ করেছিলেন। কেন্দ্রীয় সরকার বলেছিলেন ১৯৮০ সালের মধ্যে এই টাকা খরচ করতে না পারলে টাকা ফেরত যাবে। আমরা জানতে পাচ্ছি রাজ্য সরকার এ বিষয়ে এখনও কিছু করেননি। ইউ. জি. সি. দিল্লি ও বেনারস ইউনিভার্সিটির মতন ক্যালকাটা ইউনিভার্সিটির উন্নয়নের জন্য ৩ কোটি টাকা দিয়েছিলেন। কিন্তু ইউ. জি. সি.র চেয়ারম্যান জানাচ্ছেন যে অনেক টাকা ফেরত যাচ্ছে।

শিক্ষকদের গৃহ নির্মাণের জন্য সন্ট লেকে যে পরিকল্পনা ছিল সে বিষয় কিছু কাজ '৮০ সালের মধ্যে না করতে পারলে অনেক ক্ষতি হবে। অ্যাডাল্ট এডুকেশন পরিকল্পনা গ্রহণ করতে না পারলে বহু যুবক কর্ম সংস্থান থেকে বঞ্চিত হবে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার অন্তর্গত রাধিয়া গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধানের এক ধরনের অত্যাচারে এক ধরনের কার্ফু আদেশ সেখানে দেওয়া হয়েছে। বিস্তৃত বিবরণে প্রকাশ যে মেদিনীপুর জেলার অন্তর্গত রামনগর ১ নং ব্লকের অধীন রাধিয়া গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান এক ধরনের কার্ফু আদেশ জারি করিয়া স্থানীয় জনসাধারণের উপর যেভাবে জুলুম করেছেন তাঁর প্রতি আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ও অবিলম্বে এর প্রতিকারের জন্য অনুরোধ জানাচ্ছি।

উপ-প্রধান শ্রী সুরপতি গিরি ২৯-৩-৭৯ এ নোটিশ আদেশ দিয়েছিলেন, "এতদ্বারা ধাধিয়া গ্রামের অধিবাসীগণকে জানানো যাইতেছে যে আমার গ্রাম আর্জি পার্টি ও. সি. মহাশয়ের দ্বারা ২২-৩-৭৯ তারিখ বৃহস্পতিবার অনুমোদিত হইয়াছে। অনুমোদিত তারিখ হইতে প্রত্যহ রাত্রি ৭ ঘটিকা হইতে ৪-৩০ মিনিট অবধি কোনও অধিবাসী যদি কোনও দরকারি কাজে বাহিরে যাইতে ইচ্ছুক থাকেন আমাদের আর্জি পার্টির অফিস হইতে কমান্ডারের বিশেষ অনুমতি লইয়া চলাফেরা করিতে হইবে। তাহা ছাড়া একত্রে ২/৩ জনের সমাবেশ ও চলাফেরা নিষেধ করা হইল। চলাফেরাকালীন কোনও প্রকার লাঠি ও মারণাস্ত্র ব্যবহার

করা চলিবে না। আর্জি পার্টির কমান্ডারের নির্দেশ অমান্য করিলে আইন অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

আর্জি পার্টির অফিস — শ্রী সুরপতি গিরি, উপ-প্রধান, রাধিয়া গ্রাম পঞ্চায়েত

উত্তর রাধিয়া সর্বোদয় সংঘ — ও আর্জি পার্টির কমান্ডার।

এই আদেশ যাহারা অমান্য করেছে তাদের মারধোর বা হায়রান করা হয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে কোনও ফল হয় নাই। পঞ্চায়েত রাজ্যের এই একটি বিশেষ নমুনা।

এই রাধিয়া গ্রাম পঞ্চায়েতের রিলিফের আটা সি. পি. এম. নেতা শ্রীরোহিনী করনের নেতৃত্বে লুটের ঘটনা বিধানসভায় আলোচিত হইয়াছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহোদয়কে এই বিষয়ে তদন্ত করে এই বে-আইনি আদেশ প্রত্যাহার করার ব্যবস্থা করতে এবং এই বদ্ধ পাগল অথবা এই যুগের স্বেচ্ছাচারী হিটলারকে অবিলম্বে পদচ্যুত করতে অনুরোধ জানাচ্ছি।

উপ-প্রধানের আদেশের ফটোস্ট্যাট আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের সমীপে উপস্থিত করছি।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রে জনতা সরকার ক্ষমতাসীন হবার পর শ্রমিকদের দীর্ঘদিনের যে ন্যায্য দাবি ৮.৩৩ বোনাসের যে অধিকার তারা পেয়েছিল সেটা কেন্দ্রের জনতা সরকার অর্ডিন্যান্স করে পূজার আগে সেই বোনাস দিতে রাজ্য সরকারগুলিকে আইনের জোরে বাধ্য করেছিলেন। আজকে কেন্দ্রে দলছুটের যে সংখ্যালঘু সরকার আছে তাঁরা ক্ষমতা দখলের বাইরে আর কিছু চিন্তা করছেন না। ফলে ভারতবর্ষের শ্রমিকরা এক অনিশ্চিত অবস্থার মধ্যে পড়েছে। মুসলমান ভাইদের পবিত্র ঈদ চলে গেল বোনাসের কোনও খবরই নেই। কিছুদিন আগে কেরল সরকার একটা বিশেষ অর্ডিন্যান্স করে 'ওনাম' উৎসবের আগে ৮.৩৩ বোনাস তারা দিয়ে দিয়েছেন। রাজ্য সরকার শিল্প সংস্থাগুলির কাছে একটা সদিচ্ছা জ্ঞাপক চিঠি ছাড়া এ বিষয়ে আর কিছুই করেননি।

[2-10–2-20 P.M.]

বিধানসভা বসার আগে রাজ্য সরকার বহু বিষয়ে অর্ডিন্যান্স করেছেন, কিন্তু এইরকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কোনও অর্ডিন্যান্স করলেন না। আমি মাননীয় শ্রমমন্ত্রীর কাছে জানতে চাই তিনি কিভাবে এটা আনবেন, বিল করে আনবেন, না, কিভাবে আনবেন সেটা আমাদের বলুন। কেন্দ্রে জনতা সরকার আসার পর জরুরি অবস্থায় শ্রমিক জনসাধারণ বোনাসের যে অধিকার হারিয়েছিল সেই অধিকার ফিরে পেয়েছে। বোনাস ইজ এ ডেফার্ড ওয়েজ এটা স্বীকৃত হয়েছে। সেই বোনাস গত ২ বছর তারা পেয়েছে। কিন্তু আজকে তারা জানে না তারা বোনাস পাবে কিনা। কাজেই শ্রমমন্ত্রীর কাছে দাবি জানাব তিনি একটা আইনানুগ ব্যবস্থা নিন যাতে প্রত্যেকটি শিল্প সংস্থা বাধ্য হয় ন্যূনতম ৮.৩৩ পারসেন্ট বোনাস প্রত্যেকটি শ্রমিককে দিতে।

**শ্রী আবুল হাসনাত খান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। যখন সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় খরা পরিস্থিতি ঠিক সেই সময়ে আমাদের জেলার জঙ্গীপুর মহকুমার ফরাক্কা, সামসেরগঞ্জ, সূতি (১) এবং সূতি (২) ব্লকে বন্যা দেখা দিয়েছে। এই বন্যাটা এসেছে বিহারের সাঁওতাল পরগণার পাহাড়ী এলাকা থেকে। এই বন্যা ফরাক্কা ফিডার ক্যানেলে আটকে যাবার পর বাঁধ ভেঙে ঐ সমস্ত এলাকায় অনেক ক্ষতি করেছে। এই বন্যায় ১ জন মারা গেছে, বহু ফসল নষ্ট হয়েছে, শত শত বাড়ি ভেঙে গেছে। এই বন্যার কারণ অনুসন্ধান করে বন্যা যাতে আর না হয় তারজন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, পাঁচলাসহ হাওড়া জেলার বেশ কিছু অংশে খরা পরিস্থিতি এখনও চলছে এবং এতে সাধারণ চাষী ক্ষেত মজুরেরা অত্যন্ত দুর্দশার মধ্যে পড়েছে। পাঁচলায় এমন খবর রয়েছে যে অত্যন্ত শোচনীয়ভাবে মানুষ তাদের খাবার জোগাড় করছে। এই পরিস্থিতিতে ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম অথবা অন্য কোনও প্রকল্প চালু করার জন্য আমি সরকারের নিকট আবেদন জানাচ্ছি যাতে এদের দুর্দশার লাঘব হয়।

**শ্রী দমন কুইরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পুরুলিয়া জেলায় প্রচণ্ড খরা দেখা দিয়েছে এবং যে শতকরা ১০ ভাগ ধান চাষ হয়েছিল সেটাও বৃষ্টির অভাবে নষ্ট হতে চলেছে। এই ব্যাপারে পশ্চিমবঙ্গে একটা কেন্দ্রীয় সমীক্ষক দল এসেছিলেন, কিন্তু পুরুলিয়ার এই ভয়াবহ খরা সম্পর্কে রেডিও মারফত কোনও প্রচার করা হল না। স্যার, সঙ্গে সঙ্গে যে জিনিসটা পুরুলিয়া জেলার সর্বত্র দেখা দিয়েছে সেটা হচ্ছে আজকে সেখানে চালের দাম ২.৯০ থেকে ৩.১০ কেজি উঠেছে। পুরুলিয়া জেলায় লোকের ক্ষমতা সবচেয়ে কম সারা পশ্চিমবঙ্গের মধ্যে। এই অবস্থা যেখানে সেখানে অন্তত রেডিও মারফত পুরুলিয়ার খরার কথা প্রচার করা উচিত ছিল, অথচ রেডিও আজকে সম্পূর্ণ চুপচাপ। সেজন্য আপনার মারফত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে এই সম্পর্কে সরকারের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা নেওয়া হোক এবং যেখানে ধান চাষ করা সম্ভব হবে না সেখানে অন্য কিছু চাষ করা যায় কিনা সেইদিকে কৃষি দপ্তর লক্ষ্য রাখুন এটাই আমার বক্তব্য।

**শ্রী নকুলচন্দ্র মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী, কৃষিমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র পুরুলিয়া জেলায় যে খরা পরিস্থিতি চলছে তাতে যে সমস্ত ফসল রোয়া হয়েছিল সেগুলি সব প্রায় নষ্ট হয়ে গেছে। এখন সামান্য যেটুকু ফসল রয়েছে তাতে যদি অবিলম্বে কৃষি বিভাগ এবং সেচ বিভাগ দৃষ্টি দেন তাহলে কিছু ফল লাভ হতে পারে। কাজেই আমি পুরুলিয়ার এই খরার ব্যাপারে সেচমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয় উল্লেখ করছি। বর্তমান বছরে অনাবৃষ্টির ফলে বাঁকুড়া জেলার ১৯টি থানার ভেতরে প্রায় প্রতিটি থানায় শতকরা ৯০ ভাগ জমি অনাবাদি হয়ে রয়েছে। বৃষ্টির অভাবে ধান লাগানো যাচ্ছে না এবং যে ধান লাগানো হয়েছে সেগুলি নষ্ট হয়ে গেছে। বর্তমান পরিস্থিতির ফলে মানুষকে কাজ দেওয়া যাচ্ছে না। কাজেই আমি অনুরোধ করছি, উন্নয়নমূলক পরিকল্পনা

গ্রহণ করে মানুষকে কাজে লাগাবার ব্যবস্থা করুন, যেটুকু জল এখনও রয়েছে সেটা দিয়ে চাষের ব্যবস্থা করুন এবং অনাবাদি জমি যেগুলি পড়ে রয়েছে সেখানে ডাল, কলাই প্রভৃতি ফসল যাতে হতে পারে তার জন্য সরকার দৃষ্টি দিন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমগ্র মন্ত্রি সভার এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী, পঞ্চায়েত মন্ত্রী, সমবায় মন্ত্রী এবং মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাপারটি আমরা সকলেই জানি। মালদহ জেলায় এবারে ভয়াবহ খরা চলছে। এক জায়গায় দেখছি বন্যা এবং অপর জায়গায় দেখছি খরা চলছে। শ্যালো টিউবওয়েল দিয়ে কাজ করবার চেষ্টা হয়েছিল, কিন্তু দেখা যাচ্ছে গত ১০ দিন ধরে কোনও ইলেকট্রিসিটি পাওয়া যাচ্ছে না। ইলেকট্রিক অফিস থেকে লোক এসেছিল, কিন্তু তারাও বললেন আমাদের কিছু করার নেই। ইলেকট্রিসিটি পেলে কিছু কিছু কাজ করা যেত। সেখানে যে পোল ভেঙে গেছে তাতে কৃষি বিভাগ থেকে কোনও সাহায্য পাওয়া যাচ্ছে কিনা আমি জানি না। একবার শুনেছিলাম ১৩ লক্ষ টাকা নাকি গেছে, কিন্তু সেটা যে কোথায় গেল তা জানি না। তারপর, পাট চাষের জন্য যে সার দেওয়া হয়েছিল সেটা সি. পি. এম. দলের লোক ছাড়া আর কেউ পায়নি। আমি আপনাদের চ্যালেঞ্জ জানাচ্ছি, আপনারা এনকোয়ারি করে দেখুন। অন্য কেউ এই সার পায়নি। বর্তমানে সেখানে যে অবস্থা চলেছে তাতে দুর্ভিক্ষ হবার সম্ভাবনা রয়েছে।

মালদহ জেলার মানুষদের যে দুর্দশা চলছে তাতে দেখছি হরিশচন্দ্রপুর থানার জেলেরাই বেশি ক্ষতিগ্রস্ত। তারা সেদিন আমার কাছে এসেছিল এবং আমি তাদের নিয়ে বি ডি ও-র কাছে গিয়েছিলাম। কিন্তু বি ডি ও বললেন, আমার কিছু করার নেই, পঞ্চায়েতের সভাপতির উপর রিলিফের ভার দেওয়া হয়েছে। অবশ্য পরে আমাকে বললেন, আপনি চলে যান, দেখছি কি করা যায়। কিন্তু আশ্চর্যের কথা আমি চলে আসার পর তিনি সেই জেলেদের বললেন, তোমরা জনতা পার্টিকে ভোট দিয়েছ কাজেই আমার কিছু করার নেই। তারপর, বিভাগীয় কমিশনারের কাছেও যাওয়া হয়েছিল কিন্তু তিনিও বললেন, আমি অপারগ। কাজেই আমি পঞ্চায়েত মন্ত্রীকে বলছি দয়া করে এই রিলিফ বন্টনের ব্যাপারে দলবাজি বন্ধ করুন। আপনারা কাগজে বলেছেন দেখেছি, কিন্তু বাস্তবে এই জিনিস এখনও বন্ধ হয়নি।

[2-20–2-30 P.M.]

**ডাঃ হরমোহন সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, এবারে অত্যন্ত খরার জন্য পাট চাষ হয়নি, তা সত্ত্বেও যেটুকু হয়েছে সেটুকু জলাভাবে আজকে পচাতে পারছে না। সমগ্র পশ্চিমবাংলায় প্রায় সেই একই অবস্থা। বিশেষ করে বর্দ্ধমান জেলায় গঙ্গার যে অঞ্চলগুলি রয়েছে সেখানে পাট চাষ হয় সেখানে পাট পচানোর ক্ষেত্রে ভয়ঙ্কর সঙ্কট দেখা দিয়েছে। এই ব্যাপারে কৃষি দপ্তর একটু পাট পচানোর ব্যবস্থা করতে পারেন তার দিকে লক্ষ্য করতে বলছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে পটাশপুর গ্রামাঞ্চলে বর্তমানে সম্পূর্ণ অরাজকতা চলেছে। সেখানে সশস্ত্র সি. পি. এম. সমর্থকরা

দলবদ্ধভাবে সন্ত্রাস সৃষ্টি করে চলেছে এবং তাদের অত্যাচারে সেশমমাবাদে এবং ত্রিশূসাবাদের অঞ্চলে কয়েকজন চাষী তারা তফসিলভুক্ত অতুল মণ্ডল, ভিখারী বর্মণ, শ্যাম মুড়া এরা স্যার ঘরছাড়া হয়ে গেছেন। তাদের জমিতে চাষ করা যাচ্ছে না। এরা উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে এবং এস. ডি. ও.র কাছে এবং জেলা ম্যাজিস্ট্রেটের কাছে জানিয়েছে কিন্তু এখন পর্যন্ত কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। এই সন্ত্রাস আরও পাশাপাশি গ্রামে গোপালপুর গ্রামে খিদিরপুর গ্রামের রথীন্দ্র স্নেইকাপ, ভগবত মান্না প্রভৃতি প্রায় ২৫ জনের গরিব চাষীর ১৬ একর জমি অনাবাদী পড়ে হয়েছে এবং আরও অনেক জমিতে চাষ করতে দেওয়া হয়নি। আমি অনুরোধ করব যে এই গরিব চাষীদের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করুন, সরকারের কাছে এই অনুরোধ।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ব্যারাকপুর মহকুমায় জগদ্দল থানা সমাজবিরোধীদের একটি আড্ডায় রূপান্তরিত হয়েছে। গত ২৪ তারিখে যখন দুই সমাজ বিরোধী গোষ্ঠীগুলি চালাচ্ছিল ঠিক সেই সময় একজন পথচারী মুসলিম ভদ্রলোক ইদের জামাকাপড় কিনতে গিয়ে নিহত হয়েছেন। ঠিক তার পরের দিন সমাজবিরোধীর দ্বারা শ্রমিক নেতা রঞ্জিত সিংহ ২৫ তারিখে থানার সামনে নিহত হয়েছেন। কিন্তু পুলিশ দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করেননি। গতকাল প্রায় ৭/৮ হাজার শ্রমিক তারা থানা অবরোধ করেছিল তারপর থানার অফিসার বলেছিলেন যে আমি ১২ ঘন্টার মধ্যে তাদের গ্রেপ্তার করব, আমি তাদের নাম পেয়ে গেছি। অথচ আজ পর্যন্ত গ্রেপ্তার করা হয়নি। সেজন্য আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি করব যে অবিলম্বে জগদ্দল থানার ও.সি.কে সাসপেন্ড করা হউক। এই দাবি আমি করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চতর শিক্ষা মন্ত্রীর এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। উচ্চ শিক্ষালাভের সুযোগ এবং কর্মসংস্থানের দাবিতে ছাত্রছাত্রীদের দীর্ঘদিন ধরে আন্দোলন চলছে। একাদশ এবং দ্বাদশ শ্রেণীর প্যারা মেডিক্যাল উত্তীর্ণ ছাত্রছাত্রীগণ গতকাল থেকে অনির্দিষ্টকালের জন্য রাজভবনের সামনে অবস্থান এবং বিক্ষোভের সামিল হয়েছে। শিক্ষাক্ষেত্রে বিগত সরকারের অদূরদর্শিতার ফলে যে সমস্যার সৃষ্টি হয়েছে অবিলম্বে তার সমাধান না হলে এই সমস্যা আরও তীব্রতর এবং স্থায়ী রূপ নেবে। ইতিমধ্যে পি. এস. ইউ.এর প্রতিনিধি দল মাননীয় মুখ্যমন্ত্রী এবং উচ্চ শিক্ষামন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রীর কাছে এই ব্যাপারে দরবার করেছেন এবং সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় সহৃদয়তার সঙ্গে তাদের বক্তব্য শুনেছেন এবং তাদের সমস্যার সমাধানের আশ্বাস দিয়েছেন কিন্তু আজ পর্যন্ত কার্যত কিছুই হয়নি। তারা ধৈর্য্য হারিয়ে আজকে রাস্তায় নামতে বাধ্য হয়েছে। আমি অবিলম্বে এর প্রতিকারের দাবি জানাচ্ছি।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আজকে যে মেনশন কেস দিয়েছিলাম সে সম্বন্ধে বলতে চাই। আমাদের পুরুলিয়া মিউনিসিপ্যালিটির অন্তর্গত যেসমস্ত রাস্তাঘাট এবং অন্যান্য কাজ যেগুলি হবার কথা ছিল তা কিছু কিছু আরম্ভ হয়েছে বটে কিন্তু ঠিকভাবে কাজ চলছে না। সেইজন্য আমি মাননীয় পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি যাতে তাড়াতাড়ি এই কাজগুলি হয়, বিশেষ করে জলের জন্য যে টিউব অয়েলগুলি বসান হয়নি সেগুলি যাতে বসান হয় সেদিকে দৃষ্টি দেবেন।

**শ্রী উপেন কিসকু ঃ** মাননীয় স্পিকার, স্যার, আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী ও ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার রানিবাঁধ, রায়পুর ওয়ান, খাতরা, শালতোড়া প্রভৃতি এলাকায় অনাবৃষ্টির ফলে একেবারে ফসল হয়নি। এই সমস্ত এলাকা আদিবাসী প্রধান এলাকা, যে বৎসর ভাল ফসল হয় সেই বৎসর হাজার হাজার মানুষ বর্ধমান, হুগলি প্রভৃতি জায়গায় কাজের সন্ধানে চলে যায়। এই বৎসর ফসল একেবারে হয়নি তাই তাদের কাজও নেই, কাজ একেবারে বন্ধ, তাই ত্রাণ মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে তাদের জন্য অবিলম্বে কাজের ব্যবস্থা করেন। আর কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ যে বিকল্প ফসল যা চেষ্টা করা সম্ভব সেটা অনুধাবন করে দেখতে বলছি।

**শ্রী কাজী হাফিজুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা চক্রান্তমূলক ঘটনার কথা উল্লেখ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এখানকার একজন সদস্য, আবার ভগবানগোলার ১ নং ও ২ নং ব্লকে যে জব অ্যাসিস্টেন্ট নিয়োগ করা হবে আমি সেই সিলেকশন কমিটিরও একজন সদস্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁরা জানেন যে ২৭ তারিখে আমাদের অ্যাসেম্বলি আরম্ভ হচ্ছে অথচ সেখানকার বি. ডি. ও.রা আগামীকাল ২৯ তারিখে মিটিং ডেকেছেন। একই সঙ্গে দুটি ব্লকে কি করে মিটিং অ্যাটেন্ড করব। এখানে এখন আমি বিধানসভার সদস্য হিসাবে কাজ করবে, না সেই সব মিটিং-এ যাব। এইভাবে যদি মিটিং ডাকা হয় তাহলে যে কি অসুবিধা হয় সেটা আপনি নিশ্চয়ই অনুধাবন করছেন। সেইজন্য আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব তিনি যেন এই ব্যাপারে দৃষ্টি দেন এবং যাতে এই রকম না হয় ভবিষ্যতে সেই ব্যবস্থা করলে বিশেষ বাধিত হব।

**শ্রী কৃষ্ণ দাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার সদর হাসপাতালে প্রত্যেক বৎসর ইউজড এক্স রে প্লেট প্রায় ৮০/৯০ হাজার টাকায় বিক্রি হত। ১৯৭৮ সালের ফেব্রুয়ারি মাস থেকে ১৯৭৯ সালের মার্চ মাস পর্যন্ত ইউজড এক্স রে প্লেট যে সব কোথায় গিয়েছে কেউ তার খোঁজ দিতে পারেনি। গভর্নমেন্টের ৮০/৯০ হাজার টাকা লস গেল এই বিষয়ে আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন বিষয়টা অনুধাবন করে দেখেন।

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি যে গণতান্ত্রিক আন্দোলনে পুলিশ যাবে না। কিন্তু আপনার কাছে তুলে ধরছি যে অ্যালায়েড স্টিল প্ল্যান্টে ১৯-৪-৭৮ তারিখে পুলিশ ঢুকেছিল স্ট্রাইক ভাঙবার জন্য আই. এল. ইউ. সি. এবং এ. আই. টি. ইউ. সি. দুর্গাপুরে যুক্তভাবে এই স্ট্রাইক করেছিল। আর ঐ '৭৮ সালের ডিসেম্বর মাসে আই. এন. টি. ইউ. সি.র অ্যাসিস্টেন্ট সেক্রেটারি এবং আরও তিনজনকে পুলিশ অ্যারেস্ট করে আন্দোলনের মাঝখানে পুলিশ ঢুকে গিয়ে। তাদের বিরুদ্ধে কোনও চার্জ নেই। এইভাবে দেখা যাচ্ছে আপনাদের পুলিশ মাঝে মাঝে যখনই স্ট্রাইকের ডাক দেওয়া হচ্ছে—কাগজেও বোধহয় বেরিয়েছে, যখনই স্ট্রাইক ডাকা হচ্ছে, আপনার দুর্গাপুর যেটা হচ্ছে নোটিফায়েড এরিয়া সেই এরিয়ার ভিতরে সি. এম. এ. এ. যেটা বলা হচ্ছে...

[2-30–2-40 P.M.]

সেখানে মজার ব্যাপার হচ্ছে, আমাদের মাননীয় এম. এল. এ. মিঃ মজুমদার ওখানকার ভাইস-চেয়ারম্যান। বডিটা একটা নমিনেটেড। তিনি ওখানকার ভাইস-চেয়ারম্যান, আবার তিনি সিটুরও সভাপতি। অ্যাডমিনিস্ট্রেশনে তিনি আছেন, আবার সিটুরও সভাপতি। দুটো সমন্বয় ঘটেছে। তাঁর স্ত্রী তিনি আবার সেখানে একজন কর্মী—নাম শ্রীমতী স্নিগ্ধা মজুমদার। এরা এখানে কোরাপশনে ভরপুর হয়ে গিয়েছে। এই সম্পর্কে আমি বলছি।

**মিঃ স্পিকার ঃ** পার্সোনাল ব্যাপারে মেনশন করা চলে না। তাহলে অপর পক্ষকে উত্তর দেবার সুযোগ দিতে হবে। এইটা হয় না। এইটা আমি অ্যালাউ করব না।

**শ্রী শ্যামসুদ্দিন আহমেদ ঃ** আমি শেষটা বললে বুঝতে পারবেন, আমি প্রসঙ্গক্রমে এটা বলেছি।

**মিঃ স্পিকার ঃ** আপনি যা বলছেন, সেটা বলা যায় না। এটা এম. এল. এ.র পার্সোনাল ব্যাপার।

**শ্রী শ্যামসুদ্দিন আহমেদ ঃ** আমি শেষ করলে বুঝতে পারবেন।

**মিঃ স্পিকার ঃ** আপনি যেটা এম. এল. এ.র বিরুদ্ধে বলতে চান সেটা করলে ভেবে দেখব।

**শ্রী শ্যামসুদ্দিন আহমেদ ঃ** আমি বলতে চাইছি, একটা অ্যাডমিনিস্ট্রেটিভ সংস্থা নমিনেটেড বডির চেয়ারম্যান তিনি, তার সঙ্গে সঙ্গে তিনি সিটুরও সভাপতি। এতে অসুবিধা হচ্ছে ট্যাক্স-পেয়ারদের। সেইজন্য বলছি তাদের দ্বারা নির্বাচিত একটা বডি করা হোক যেমন বিভিন্ন সংস্থায় আছে। এইভাবে নমিনেটেড বডি দিয়ে কাজ কতদিন চলবে? আপনার মাধ্যমে প্রস্তাব রাখছি, নমিনেটেড বডি বাদ দিয়ে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে সংস্থা গঠন করুন। এই আবেদন রাখছি আপনার মাধ্যমে।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রের মান্দারণ অঞ্চলের তেঁতুলমুড়ী গ্রামে গত ২০-৮ তারিখে আপনার সি. পি. এম. এবং ফরওয়ার্ড ব্লক-এর এক সংঘর্ষ হয়। সেই সংঘর্ষে খুনোখুনি হয়। ৬/৭ জন আহত হয়েছে। তারা কামারপুকুর হাসপাতালে ভর্তি আছেন। তাদের চিকিৎসা চলছে। এইসব খুনোখুনির জন্য জনসাধারণ ভীত-সন্ত্রস্ত। সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ বিনোদবিহারী মাজি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বাঁকুড়া জেলার নিমপুর পঞ্চায়েত কমিটিতে যে সমস্ত মিনিকিট বিলি হয়েছে সেগুলো সেখানে গ্রাম পঞ্চায়েতের যারা প্রধান আছেন এবং পঞ্চায়েতের যারা সদস্য আছেন—তারা পর্যন্ত জানেন না। তারা সেখানে স্থায়ী সমিতির মাধ্যমে এবং ক্যাডারদের মাধ্যমে বিলি করেছেন। গত বছরেও এইভাবে করেছিলেন। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তিনি বলেছিলেন, এই রকম হতে পারে না। কিন্তু আমি খোঁজ

নিয়ে জেনেছি, বাঁকুড়া জেলার অন্যান্য জায়গায় সেইভাবে বিলি করা হয়েছিল। কিন্তু ইনপুর অঞ্চলে কেবল স্থায়ী সমিতি এবং ক্যাডারদের মাধ্যমে বিলি করেছেন এবং যে সমস্ত মিনিকিট বিলি করা হয়েছে সেগুলো ব্যবহার করা হয়নি। আজকে যদি সেখানে অনুসন্ধান করা হয় তাহলে এটা দেখতে পাওয়া যাবে যে সেই সমস্ত মিনিকিট তাদের দলীয় স্বার্থে ব্যবহার করা হয়েছে এবং সেখানে কোনও চারাগাছ দেখতে পাবেন না। আমি মাননীয় কৃষিমন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ভবিষ্যতে এই রকম না হয়। এজন্য তাঁদের অনুরোধও জানাচ্ছি।

## LAYING OF ORDINANCES

### The West Bengal Panchayat (Amendment) Ordinance, 1979

**Shri Debabrata Bandyopadhyay** : Sir, I beg to lay the West Bengal *Panchayat* (Amendment) Ordinance, 1979 (West Bengal Ordinance No. I of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Animal Slaughter Control (Amendment) Ordinance, 1979

**Shri Amritendu Mukherjee** : Sir, I beg to lay the West Bengal Animal Slaughter Control (Amendment) Ordinance, 1979 (West Bengal Ordinance No. II of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Ordinance, 1979

**Shri Chittabrata Mazumdar** : Sir, I beg to lay the West Bengal *Khadi* and Village Industries Board (Amendment) Ordinance, 1979 (West Bengal Ordinance No. III of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Restriction on Construction in Unsafe Areas Ordinance, 1979

**Dr. Kanailal Bhattacharya** : Sir, I beg to lay the West Bengal Restriction on Construction in Unsafe Areas Ordinance, 1979 (West Bengal Ordinance No. IV of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The Bengal Municipal (Amendment) Ordinance, 1979

**Shri Prasanta Kumar Sur** : Sir, I beg to lay the Bengal Municipal (Amendment) Ordinance, 1979 (West Bengal Ordinance No. V of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The Calcutta Municipal (Amendment) Ordinance, 1979

**Shri Prasanta Kumar Sur** : Sir, I beg to lay the Calcutta Municipal (Amendment) Ordinance, 1979 (West Bengal Ordinance No. VI of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1979

**Dr. Ashok Mitra** : Sir, I beg to lay the Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1979 (West Bengal Ordinance No. VII of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Multi-storeyed Building Tax Ordinance, 1979

**Dr. Ashok Mitra** : Sir, I beg to lay the West Bengal Multi-storeyed Building Tax Ordinance, 1979 (West Bengal Ordinance No. VIII of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The Calcutta *Thika* Tenancy Stay of Proceedings (Temporary Provisions) (Amendment) Ordinance, 1979

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to lay the Calcutta *Thika* Tenancy Stay of Proceedings (Temporary Provisions) (Amendment) ordinance, 1979 (West Bengal Ordinance No. IX of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

### The West Bengal Central Valuation Board (Amendment) Ordinance, 1979

**Shri Prasanta Kumar Sur** : Sir, I beg to lay the West Bengal Central Valuation Board (Amendment) Ordinance, 1979 (West Bengal Ordinance No. X of 1979) under Article 213(2)(a) of the Constitution of India.

## LAYING OF REPORTS

### The Annual Report of the West Bengal Financial Corporation for 1977-78

**Shri Chittabrata Mazumdar** : Sir, I beg to lay the Annual Report of the West Bengal Financial Corporation for the year 1977-78.

### The Annual Reports of the Durgapur Chemicals Limited for 1976-77 and 1977-78

**Dr. Kanailal Bhattacharya** : Sir, I beg to lay the Fourteenth and Fifteenth Annual Reports of the Durgapur Chemicals Limited for the years 1976-77 and 1977-78.

### The Annual Report of the Durgapur Projects Limited for 1977-78

**Dr. Kanailal Bhattacharya :** Sir, I beg to lay the Seventeenth Annual Report of the Durgapur Projects Limited for the year 1977-78.

### The Annual Report of the State Fisheries Development Corporation Limited

**Shri Bhabani Mukherjee :** Sir, with your permission I beg to lay the Annual Report of the State Fisheries Development Corporation Limited for the year 1977-78.

Programme of Business from 28th August, 1979 to 3rd September, 1979.

**কার্য উপদেষ্টা সমিতির অর্থাৎ বিজনেস অ্যাডভাইসরি কমিটির ৪১তম প্রতিবেদন**

[2-40–2-50 P.M.]

**মিঃ স্পিকার ঃ** আমি কার্য উপদেষ্টা সমিতির অর্থাৎ বিসনেস অ্যাডভাইসরি কমিটির ৮১তম প্রতিবেদন পেশ করছি। এই সমিতির বৈঠক ২৪শে আগস্ট, ১৯৭৯ তারিখ হইতে ৩রা সেপ্টেম্বর, ১৯৭৯ তারিখ পর্যন্ত বিধানসভায় কার্যক্রম ও সময়সূচি নিম্নলিখিতভাবে নির্ধারণের সুপারিশ করেছে।

| | |
|---|---|
| Tuesday–28th August, 1979 | (i) Laying of Ordinances, Rules, Reports etc. |
| | (ii) The West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1979, as reported by the Select Committee. |
| | (Consideration & Passing)....4 hours. |
| Wednesday–29th August, 1979 | The West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1979, as reported by the Select Committee. |
| | (Consideration and Passing) ...4 hours. |
| Friday–31st August, 1979 | 2 motions under rule 185 ... 4 hours. |
| Monday–3rd September, 1979 | The West Bengal Multi-Storied Building Tax Bill, 1979 (Introduction, Consideration and Passing)...2 hours. |

৩১শে আগস্ট, ১৯৭৯ তারিখে পূর্ব বিজ্ঞাপিত বেসরকারি প্রস্তাবের পরিবর্তে ১০৫ নং বিধি অনুযায়ী প্রস্তাব লওয়া হইবে।

এখন আমি পরিষদীয় মন্ত্রী মহাশয়কে আনুষ্ঠানিকভাবে এই কর্মসূচি উত্থাপনের জন্য

অনুরোধ করছি।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** আমি বিধানসভার কার্য উপদেষ্টা সমিতির ৪১তম প্রতিবেদন গ্রহণ করার জন্য এই সভাকে অনুরোধ জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** আশা করি কার্য উপদেষ্টা সমিতির ৪১তম রিপোর্ট পাশ করাতে কারও আপত্তি নাই। অতএব প্রস্তাবটি পাশ হল। আমার আর একটি কথা জানাবার আছে। এই যে বিলটি আজকের জন্য রয়েছে তাতে আজ পর্যন্ত অ্যামেন্ডমেন্ট দেবার দিন ছিল। কিন্তু কেউ কেউ আপত্তি তুলেছেন যে তারা নাকি বিলের কপি পাননি। আমি আমার দপ্তর থেকে জানতে পেরেছি যে ঠিক ঠিক মতো বিলের কপি ডাকযোগে পাঠানো হয়েছে এবং তা অনেকেই পেয়েছেন। হয়তো কেউ কেউ নাও পেতে পারেন। যা হোক আমি অ্যামেন্ডমেন্ট দেবার সময় আগামী কাল ১১টা পর্যন্ত বাড়িয়ে দিচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এখন খরা এবং রিলিফ সম্পর্কে মাননীয় ত্রাণ মন্ত্রী মহাশয় একটা বিবৃতি দেবেন।

## STATEMENT UNDER RULE — 346

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানসভার বিভিন্ন মাননীয় সদস্য যে উদ্বেগ প্রকাশকরেছেন খরা এবং বন্যা সম্পর্কে আমি সরকারের পক্ষ থেকে সেই সম্পর্কে আজকে একটা বিবৃতি দিতে চাচ্ছি ত্রাণ বিভাগের পক্ষ থেকে। আমি আপনার মাধ্যমে সকলকে জানাতে চাই যে গত ২২/২৩ তারিখে যে বন্যা মুর্শিদাবাদ ও বীরভূম জেলায় ঘটেছে সেখানে আমি নিজে গিয়েছি এবং যে ব্লকগুলিতে বন্যা হয়েছে আমি সমস্ত ব্লক অফিসে গেছি এবং সেখানকার পঞ্চায়েতের সভাপতিদের সঙ্গে দেখা করেছি। আমি এম. এল. এ.দের খবর দেবার চেষ্টা করেছিলাম কিন্তু তাঁদের সঙ্গে যোগাযোগ করতে পারিনি। আমি ১লা এপ্রিল তারিখ থেকে গত কাল পর্যন্ত বিভিন্ন জেলায় যে খরা এবং বন্যা হয় এবং সরকারের পক্ষ থেকে ফুড ফর ওয়ার্কের কাজে এবং আর. আর. প্রোগ্রামের কাজে কি কি দিয়েছি, তাতে কত লোকের কাজ হবে সেই সম্পর্কে একটা রিপোর্ট আপনার মাধ্যমে আমি সভায় দিতে চাচ্ছি। আমরা সর্ব মোট ফুড ফর ওয়ার্কের জন্য ৩ কোটি ৬৮ লক্ষ ৪৮২ হাজার টাকার ক্যাস আমরা সমস্ত জেলাকে দিয়েছি ১লা এপ্রিল থেকে গতকাল পর্যন্ত। আমরা ফুড ফর ওয়ার্কের জন্য গম দিয়েছি ২৭ হাজার ৫২৮ মেট্রিক টন এবং এই যে ফুড ফর ওয়ার্কের জন্য টাকা এবং গম যা দিয়েছি তাতে ৯১ লক্ষ ৯২ হাজার ৬৬২ জন লোকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে। আমরা আগে আর. আর. পি.র জন্য সমস্ত জেলার হাতে ৫ কোটি টাকা ক্যাস দিয়েছি এবং ১৫ হাজার ৫৬৮ মেট্রিক টন গম আমরা তাঁদের দিয়েছি। এতে ৫১ লক্ষ ৮৮ হাজার ৬৬৩ জন লোকের কাজ হবে।

বাঁকুড়া জেলাতে ফুড ফর ওয়ার্কের জন্য আমরা টাকা দিয়েছি ৫০ লক্ষ ৩৯ হাজার ১৮৫। গম দিয়েছি ৩ হাজার ৭০০ মেট্রিক টন। সেখানে কাজ হবে ১২ লক্ষ ৩৩ হাজার ৩৩৩ জন লোকের। বর্ধমান জেলায় আমরা টাকা দিয়েছি ৯ লক্ষ ৯৯ হাজার ৮ শত। গম দিয়েছি ৫০০ মেট্রিক টন। ১ লক্ষ ৬৬ হাজার ৬৬৬ জন লোকের কাজ হবে। বীরভূম জেলায় আমরা টাকা দিয়েছি ১৪ লক্ষ ২৪ হাজার ৫৩৫। ১ হাজার ১ শত মেট্রিক টন গম

দেওয়া হয়েছে এবং ৩ লক্ষ ৬৬ হাজার ৬৬৬ জন লোকের কাজ হবে। হুগলি জেলায় টাকা দিয়েছি ১৩ লক্ষ ৪৪ হাজার। ২ হাজার ৬৭৮ মেট্রিক টন গম দেওয়া হয়েছে এবং ৮ লক্ষ ৯২ হাজার ৬৬৬ জন লোকের কাজ হবে। মেদিনীপুর জেলায় টাকা দিয়েছি ৩৯ লক্ষ ৮৮ হাজার ৯৩৩। গম দেওয়া হয়েছে ২ হাজার ১ শত মেট্রিক টন এবং ৭ লক্ষ লোকের কাজ হবে। পুরুলিয়া জেলায় টাকা দিয়েছি ৬৯ লক্ষ ৯২ হাজার ১১০। গম দিয়েছি ৪ হাজার ৩ শত মেট্রিক টন এবং ১৪ লক্ষ ৩৩ হাজার ৩৩৩ জন লোকের কাজ হবে।

[2-50–3-25 P.M.]

হাওড়া জেলায় ২০ লক্ষ ৩০ হাজার ২৬৮ টাকা দেওয়া হয়েছে, ১ হাজার ৪০০ মেট্রিক টন গম দেওয়া হয়েছে, এতে ৪ লক্ষ ৬৬ হাজার ৬৬৬ জন লোকের কাজ হবে। আমরা ২৪ পরগনা জেলায় দিয়েছি ১৬ লক্ষ ১০ হাজার ৬৬৬ টাকা, এক হাজার ২০০ মেট্রিক টন গম—৪ লক্ষ লোকের কাজ হবে। নদীয়া জেলায় ১৫ লক্ষ ৯২ হাজার ৭৩৫ টাকা দিয়েছি, গম দেওয়া হয়েছে ১ হাজার ২০০ মেট্রিক টন, এতে ৪ লক্ষ লোকের কাজ হবে। মুর্শিদাবাদ জেলায় ২৮ লক্ষ ৩০ হাজার ৪৫০ টাকা দেওয়া হয়েছে, দু হাজার ৬০০ মেট্রিক টন গম দেওয়া হয়েছে—৮ লক্ষ ৬৬ হাজার ৬৬৬ জন লোকের কাজ হবে। মালদহ জেলায় ১৭ লক্ষ ৩০ হাজার ২৬৬ টাকা দেওয়া হয়েছে, ১ হাজার ২০০ মেট্রিক টন গম এবং এর দ্বারা ৪ লক্ষ লোকের কাজ হবে। ওয়েস্ট দিনাজপুর—২০ লক্ষ ৯৮ হাজার টাকা, ২ হাজার ২৫০ মেট্রিক টন গম এবং ৭ লক্ষ ৫০ হাজার লোকের কাজ হবে। জলপাইগুড়ি—২০ লক্ষ ৫৩ হাজার টাকা, ১ হাজার ৩৫০ মেট্রিক টন গম, ৪ লক্ষ ৫০ হাজার লোকের কাজ হবে। কুচবিহার—২৫ লক্ষ ৫৫ হাজার ৬০৬ টাকা, ১ হাজার ৬০০ মেট্রিক টন গম, ৫ লক্ষ ৩৩ হাজার ৩৩৩ জন লোকের কাজ হবে। দার্জিলিং জেলায় দিয়েছি ৫ লক্ষ ৯৩ হাজার ৪৭৬ টাকা, ৪০০ মেট্রিক টন গম, ১ লক্ষ ৩৩ হাজার ৩৩৩ জন লোকের কাজ হবে। বাঁকুড়া জেলায় আর. আর. প্রোগ্রামে গম দিয়েছি ১ হাজার ১৬ মেট্রিক টন, ৩ লক্ষ ৩৮ হাজার ৬৬৬ জন লোকের কাজ হবে। বর্ধমান জেলায় ১ হাজার ৮০০ মেট্রিক টন গম, ৬ লক্ষ লোকের কাজ হবে, বীরভূম জেলায় ১ হাজার মেট্রিক টন গম, ৩ লক্ষ ৩৩ হাজার ৩৩৩ জন লোকের কাজ হবে। হুগলি জেলায় ২ হাজার মেট্রিক টন গম, ৬ লক্ষ ৬৬ হাজার ৬৬৬ জন লোকের কাজ হবে। মেদিনীপুর জেলায় ২ হাজার ৪০০ মেট্রিক টন গম, ৮ লক্ষ লোকের কাজ হবে। হাওড়া জেলায় দু'হাজার মেট্রিক টন গম, ৬ লক্ষ ৬৬ হাজার ৬৬৬ জন লোকের কাজ হবে। ২৪ পরগনা জেলায় ২ হাজার ৪০০ মেট্রিক টন গম, ৮ লক্ষ লোকের কাজ হবে। নদীয়া জেলায় ১ হাজার ৩০০ মেট্রিক টন গম, ৪ লক্ষ ৩৩ হাজার ৩৩৩ জন লোকের কাজ হবে। মুর্শিদাবাদ জেলায় ৭০০ মেট্রিক টন গম, দু'লক্ষ ৩৩ হাজার ৩৩৩ জন লোকের কাজ হবে। মালদহ জেলায় ৯৫০ মেট্রিক টন গম, তিন লক্ষ ১৬ হাজার ৬৬৬ জনের কাজ হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য বীরেন মৈত্র মহাশয়কে জানাই, তিনি যে কথা বলেছেন উনি খবর পেয়েছেন মালদহে নাকি না খেয়ে লোক মারা গেছে। আমি দায়িত্ব নিয়ে এই কথা বলতে চাই, উনি যে কথা বলেছেন অনাহারে মারা গেছে, সেটা সঠিক নয় কারণ মালদহ জেলা সম্পর্কে আমি ব্যক্তিগতভাবে অনেক খবর রাখি। আমারে ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম যা বাধা

প্রাপ্ত হচ্ছে, তার একমাত্র কারণ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ফুড ফর ওয়ার্কের জন্য যে গম চেয়েছিলাম—আমাদের এই বছর প্রয়োজন ছিল ১ লক্ষ ৫৭ হাজার মেট্রিক টন গম। ৬১ হাজার মেট্রিক টন ফুড ফর ওয়ার্ক, ৩৪ হাজার ৭৫০ মেট্রিক টন ফর আর. আর. পি. এবং ৬১ হাজার ২৫০ মেট্রিক টন ফর হাউজিং সাবসিডি। কিন্তু আমরা পেয়েছি শুধু ৩৮ হাজার মেট্রিক টন গম। এক লক্ষ ৫৭ হাজার মেট্রিক টন যেখানে আমাদের প্রয়োজন, সেখানে আমরা পেয়েছি মাত্র ৩৮ হাজার মেট্রিক টন। বর্তমানে কেন্দ্রীয় সরকারের যা পরিস্থিতি, সেখানে তদারকি সরকার চলছে, তাঁরা এখনও পর্যন্ত যতটুকু নীতি ঘোষণা করেছেন তাতে আমরা সঠিক বুঝতে পারছি না ফুড ফর ওয়ার্কের জন্য যে টাকা চেয়েছি, যে গম চেয়েছি, সেটা আমরা পাব কি না। এই সম্পর্কে আমাদের সন্দেহ আছে। সেই জন্য আমরা নিজেরা সরকার পক্ষ থেকে ২০ হাজার মেট্রিক টন গম টাকা দিয়ে কেনবার ব্যবস্থা করেছি, যাতে ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম চলতে পারে তার জন্য একটা পরিকল্পনা গ্রহণ করেছি। সেই গম কিনে আমাদের বিতরণ করতে হয়েছে, এইটুকু সভাকে জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

এইটুকু আমি আপনার মাধ্যমে সভাকে জানাতে চাই এবং একথা বলতে চাই যে, এই খরা পরিস্থিতি এবং যে পরিস্থিতিই আসুক না কেন আমরা তার মোকাবিলা করব। গতবারে যে বিধ্বংসী বন্যা হয়েছিল তাতে যেভাবে জনসাধারণের সহযোগিতার ভিত্তিতে বলিষ্ঠ পদক্ষেপে বামফ্রন্ট সরকার এগিয়েছিল, আমি বিশ্বাস করি যে পরিস্থিতিই আসুক না কেন সেইভাবে আমরা তাকে ঠেকাতে পারব এবং জনসাধারণের আশা-আকাঙ্ক্ষা পূরণ করতে পারব। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আমরা আবার ৩টে ২৫ মিনিটে মিলিত হব।

(At this stage the House was adjourned till 3-25 P.M.)

(After adjournment)

[3-25–3-35 P.M.]

**শ্রী আব্দুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আফটার ইন্ডিপেন্ডেন্স আমাদের ফার্স্ট গভর্নর জেনারেল লর্ড মাউন্টব্যাটেন, তিনি মারা গেছেন। গোটা ভারতবর্ষ ৭ দিন শোক দিবস পালন করছেন।

**মিঃ স্পিকার ঃ** আপনি লেট অফ দি ডে। আই ওয়েটেড বাট নো-বডি হ্যাজ রেইজড দিজ।

**শ্রী আব্দুস সাত্তার ঃ** অন ইওর সাইড দিজ উইল কাম। আপনি ফ্ল্যাগ হাফ মাস্ট করেছেন। আপনি ছুটি দিন বা না দিন অন্ততঃ শোক প্রস্তাব করা আমার মনে হয় উচিত ছিল। আমি আশা করেছিলাম অন ইওর সাইড দিজ উইল কাম। আপনি যখন হাফ মাস্ট করেছেন তখন আপনিই শোক প্রস্তাব নিয়ে আসবেন, মেম্বারের দিক থেকে আসে না। আপনি যদি মনে করেন যে তিনি একজন বিদেশি লোক সেইজন্য করা হচ্ছে না—আমার মনে হয় সেটা ঠিক হবে না। যখন ন্যাশনাল লেভেলে মর্নিং ডে পালন করা হচ্ছে ৭ দিন

ধরে তখন আমার মনে হয় আপনার দিক থেকে করা উচিত ছিল কিম্বা এখনও করতে পারেন।

**মিঃ স্পিকার ঃ** আপনি লিডার অফ দি হাউস যিনি আছেন তাঁর সঙ্গে আলোচনা করুন অথবা অপজিশনে যারা আছেন তাদের সঙ্গে আলোচনা করুন।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শোক জ্ঞাপক প্রস্তাব না এনে ভাল কাজই করেছেন। কারণ লর্ড মাউন্টব্যাটেন ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রাম-এর বিরোধিতা করেছেন। স্বাধীনতা সংগ্রামী নেতাজী সুভাষচন্দ্রের নেতৃত্বে সিঙ্গাপুরে যে আই. এন. এ. মনুমেন্ট তৈরি করা হয়েছিল তা লর্ড মাউন্টব্যাটেন পদাঘাত করে ভেঙে দিয়েছিলেন। সুতরাং ভারতবর্ষের সাম্রাজ্যবাদের যে শেষ প্রতীক—ওনারা এই হাউসে তাঁর জন্য কন্ডোলেন্স আনতে চাইছেন—আপনি যে এটা আনেননি তারজন্য এই হাউসের সম্মান রক্ষা করেছেন।

## LEGISLATION

### The West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978, as reported by the Select Committee.

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Land (Farm-Holdiing) Revenue Bill, 1978, as reported by the Select Committee, be taken into consideration.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, এই বিল আমাদের কাছে যখন এসেছিল....

**মিঃ স্পিকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তো স্টেটমেন্ট দিচ্ছেন, আপনি বসুন।

**শ্রী অনিল মুখার্জি ঃ** Sir, I rise on a point of order against the point of order raised by Shri Maitra. মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যখন এইরূপ স্টেটমেন্ট করেন তখন হাউসে কোনও সদস্য পয়েন্ট অফ অর্ডার তুলতে পারেন না, হোয়েন দি মিনিস্টার ইজ মেকিং এ স্টেটমেন্ট—এইটাই আমার বক্তব্য।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** পয়েন্ট অফ অর্ডার স্যার, এই বিলটা যখন এখানে এসেছিল তখন বিলটার নাম ছিল ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড ফার্ম হোল্ডিং বিল, ১৯৭৮, এখন এই বিলটা যখন এখানে এসেছে তখন তার নাম হয়েছে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড (ফার্ম হোল্ডিং) রেভিনিউ বিল। আমার পয়েন্ট অফ অর্ডারটা হচ্ছে এই যে সিলেকট কমিটি বিলের নাম পরিবর্তন করতে পারেন কিনা? এর উত্তরটা আপনি আমাকে দেবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই রাজ্যে ভূমি-রাজস্ব ব্যবস্থা এক প্রাচীন, অন্ধ ও নিষ্ঠুর সামন্ততন্ত্রের উত্তরাধিকার...ক্যান রিড্রাফট ইট ইনক্লুডিং দি লং টাইটেল অ্যান্ড দি শর্ট টাইটেল অফ দি বিল।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার রুলিংটা আমি একটু জানতে চাইছি, মন্ত্রীরা যখন স্টেটমেন্ট করেন তখন সেই স্টেটমেন্টকে ইন্টারাপট করে কোনও পয়েন্ট অফ অর্ডার হতে পারে কি না?

**মিঃ স্পিকার ঃ** উনি কোয়েশ্চেন করেছেন যে, দি নেম অফ দি বিল হ্যাজ বিন চেঞ্জড এই যৌক্তিকতায় এটা হতে পারে কিনা, আমি বলতে পারি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

এই রাজ্যে ভূমি রাজস্ব ব্যবস্থা এক প্রাচীন, অন্ধ ও নিষ্ঠুর সামন্ততন্ত্রের উত্তরাধিকার। ১৯৫৫ সালে জমিদারি দখল আইন প্রণীত হওয়ার পরেও এই প্রাচীন ব্যবস্থা অব্যাহত থাকে, কৃষককে ভূমির মালিকানা দেওয়ার পরেও তার কাছ থেকে খাজনা আদায়ের অযৌক্তিকতা বহাল থাকে, এবং বস্তুত নতুন আইন প্রাচীন ব্যবস্থাকেই মর্যাদান্বিত করে।

জমিদারি ব্যবস্থায় রায়ত যে খাজনা দেন, তার সঙ্গে আর্থিক বা নৈতিক কোনও বিবেচনা জড়িত নয়। পুরো ব্যাপারটাই ছিল একতরফা এবং নির্ভর করত জমিদার এবং তাদের প্রতিনিধি ও তাঁবেদারদের খেয়ালখুশি, খামখেয়ালি, বদান্যতা বা নীচতার লোভ বা মাৎসর্যের উপর। একই অঞ্চলে একই রকম জমির জন্য খাজনার হারের বিশাল তবে তার খাজনার হার কম হত। আবার যদি জমির মালিকের আশু প্রয়োজন মেটাতে সে অক্ষম হত, তাকে খুব উচ্চহারে খাজনা দিতে হত। জমিদারি দখল আইনেও যখন নতুন করে কোনও খাজনা নির্ধারিত হয়, সেটা করতে হয় কাছাকাছি এলাকার একই রকম জমির প্রচলিত খাজনার হারে। এইভাবে যে খামখেয়ালিপনা রাজস্ব ব্যবস্থায় চিরাচরিতভাবে চলছিল তারই অনুপ্রবেশ ঘটল এই নতুন আইনে।

ষাটের দশকের শেষভাগে যখন যুক্তফ্রন্ট সরকার এই রাজ্যে ক্ষমতায় এলেন, তাঁরা তিন একর পর্যন্ত জমির উপরে খাজনা মকুব করে দেন। সেই ছিল অক্ষম কৃষি হোল্ডিং উপর থেকে খাজনার ভার কমিয়ে ফেলার এবং দূর করার প্রথম পদক্ষেপ। তারপর পরবর্তী সরকারগুলি সেচ ও অসেচ এলাকার মধ্যে খাজনার পার্থক্য করে অথবা সারচার্জ কমিয়ে বা বাড়িয়ে কিছু কিছু তারতম্য করেছিলেন, কিন্তু ভূমি রাজস্বের মূল কাঠামো, যেটা কিনা পূর্বতন জমিদারেরা নির্ধারণ করে গিয়েছিলেন, তার কোনও প্রকৃত পরিবর্তনের চেষ্টা হয়নি। উল্লেখযোগ্য এই যে চিরস্থায়ী বন্দোবস্তের আমলের জমিদারদের এই খাজনার হারও একদা নির্ধারিত হয়েছিল সেই মুঘল যুগের শেষার্ধে পরগনা রাজস্বের ভিত্তিতে।

১৯৭৭ সালে আমরা একটা সংশোধনী এনেছিলাম, যাতে ক্ষুদ্র ও মাঝারি কৃষক সমাজের উপর থেকে খাজনার দায় অধিক পরিমাণে কমানো হয়েছিল, সেচ এলাকায় চার একর এবং অসেচ এলাকায় ছয় একর পর্যন্ত জমির উপরে খাজনা মকুব করে এবং মোটামুটিভাবে সারচার্জ কমিয়ে। কিন্তু সেটাও কোনও সন্তোষজনক ব্যবস্থা নয়, কারণ এরও বন্দোবস্ত হয়েছিল পুরানো কাঠামোতেই।

ইতিমধ্যে, রাজ কমিটি অর্থাৎ কমিটি অন ট্যাকসেশন অফ এগ্রিকালচারাল ওয়েলথ অ্যান্ড ইনকাম এর প্রতিবেদন প্রকাশের পরিপ্রেক্ষিতে ভূমি রাজস্ব ব্যবস্থা সম্পর্কে নতুনভাবে চিন্তা ও আলোচনা শুরু হয়।

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় থেকেই গ্রামাঞ্চলে প্রভূত পরিমাণ সরকারি বিনিয়োগ

আরম্ভ হয়, যার ফলে স্বল্প সংখ্যক অথচ বিত্তশালী একশ্রেণীর জমির মালিকদের আবির্ভাব ঘটে, কিন্তু কৃষি আয়করের হার বর্দ্ধিত করে বা ভূমি রাজস্ব ব্যবস্থা পরিবর্তন করে এমন কোনও কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয় না যাতে গ্রামাঞ্চলের উদ্বৃত্ত ব্যক্তিগত সম্পদ তুলে আনা যায়।

অন্যান্য বিষয়ের মধ্যে রাজ্য কমিটি প্রস্তাব করেছিলেন, — (১) ভূমি রাজস্ব ও সারচার্জ-এর পরিবর্তে ভূমির উৎপাদন মূল্যের অনুপাতে প্রগতিমূলক হারে এগ্রিকালচারাল হোল্ডিং ট্যাক্স বসাতে হবে। (২) এই ধরনের ট্যাক্স প্রতিটি পারিবারিক কার্যকর হোল্ডিং-এর উপর নির্ধারিত হবে এবং, (৩) নির্ধারণ মূল্যের পরিবর্তনের পরিকল্পনা চার জায়গায় ধাক্কা খায়—প্রতিটি অনুরূপ জেলা এলাকায় প্রতিটি প্রধান ফসল। ফসল সমূহের জন্যে আলাদা আলাদা তালিকায় নির্ধারণ মূল্য নিরূপণ করার অসুবিধা। অসম্ভাব্যতা, (২) প্রতি বছর নির্ধারণ মূল্যের তালিকার পরিবর্তন সাধন করা (৩) উৎপাদনের ভিত্তিতে বাৎসরিক নির্ধারণ মূল্যহার পরিবর্তন করা এবং (৪) কার্যকর ভিত্তিতে পারিবারিক হোল্ডিংগুলিকে একত্রিত করা।

[3-35–3-45 P.M.]

ফলত, যদিও রাজকমিটি ভূমি রাজস্বের ক্ষেত্রে পথ প্রদর্শক ছিলেন, প্রায় কোনও রাজ্যই এই কমিটির সুপারিশগুলি গ্রহণ করেননি বা তার ভিত্তিতে রাজস্ব ব্যবস্থায় পরিবর্তন আনেননি।

আমরা ক্ষমতায় আসার পরেই বিশেষভাবে চিন্তা করতে থাকি কিভাবে রাজ কমিটির প্রস্তাবগুলির পরিপ্রেক্ষিতে রাজস্ব ব্যবস্থার মৌল পরিবর্তন সাধন করা যায়। এই বিষয়ের ওপর অনেক চিন্তা-ভাবনার পর আমরা একটি বাস্তবানুগ এবং যুক্তিযুক্ত পন্থা উদ্ভাবন করি এবং ১লা ডিসেম্বর ১৯৭৮ তারিখে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড (ফার্ম হোল্ডিং) রেভেনিউ বিল ১৯৭৮ উত্থাপন করি। আমি সভাকে অনুরোধ করেছিলাম। একটি সিলেক্ট কমিটি গঠন করার জন্য যারা সব দিক খতিয়ে দেখবেন কারণ আমরা প্রচলিত ব্যবস্থায় একটি মৌল পরিবর্তন আনতে যাচ্ছি।

প্রথমে আমাদের পরিকল্পনার প্রধান বিষয় ছিল, ভূমির উৎপাদনশক্তি ও তার সঙ্গে সংশ্লিষ্ট ও সংযুক্ত বিষয়গুলির পরিপ্রেক্ষিতে নির্ধারণ মূল্য জড়িত করা যার ভিত্তিতে ভূমি রাজস্ব ঠিক হবে। আমরা এ ছাড়াও পরিকল্পনাটিকে শুধু কৃষি জমির মধ্যে সীমাবদ্ধ করি। সিলেক্ট কমিটি অবশ্য বলেন এই পরিকল্পনা শুধুমাত্র কৃষি জমির জন্য সঙ্কুচিত রাখা উচিত হবে না, কারণ প্রচলিত ভূমি রাজস্ব ব্যবস্থা যার স্থলে এই পরিকল্পনা আসছে তার মধ্যে কৃষি ও অকৃষি জমি উভয়েই ছিল।

দ্বিতীয়ত সিলেক্ট কমিটি ভেবেছিলেন যে, প্রথম বিলটিতে নির্ধারিত মূল্য নিরূপণের যে পদ্ধতি দেওয়া হয়েছে তা কার্যকর করা কঠিন হবে এবং অসংখ্য কর্মচারীর হাতে অতিরিক্ত ক্ষমতা দিতে হবে যার ফল হবে করদাতার সম্ভাব্য হয়রানি। সুতরাং তাঁরা পরামর্শ দেন, বিভিন্ন অঞ্চলের জমির বাজার দামের শতকরা দশ টাকা নির্ধারণ মূল্যের (রেটেবল্ ভ্যালু) ভিত্তিতে রাজস্ব নিরূপণ করা। সিলেক্ট কমিটি আরও বলেন যে, জমির মোট নির্ধারণ মূল্যের প্রথম পাঁচ হাজার টাকা ছাড় দেওয়া হবে এবং তার পরে ক্রমপ্রগতিমূলক হারে পাঁচ হাজার টাকার উপরে বিভিন্ন স্তরের জন্য রাজস্ব নিরূপিত হবে। ক্ষুদ্র কৃষকেরা যাদের জমির পরিমাণ

চার একরের কম তাদের রিটার্ন দাখিল করা থেকেও রেহাই দেওয়া হয়েছে যাতে তারা অহেতুক হয়রানি থেকে অব্যাহতি পান।

পূর্বতন বিলটির মতোই আঞ্চলিক এবং বাজিক রেটিং বোর্ড থাকছে। মোটামুটি আদি বিলটিতে প্রশাসনিক কাঠামো যা রাখা হয়েছিল, সিলেক্ট কমিটিও তা রেখেছেন।

এই বিলটির প্রণয়নের সঙ্গে সঙ্গে আমরা সম্পূর্ণভাবে বেরিয়ে আসছি সামন্ততান্ত্রিক রাজস্ব ব্যবস্থার আওতা থেকে এবং ভূমি রাজস্ব ব্যবস্থায় একটি প্রগতিমূলক উপাদান আনায়ন করছি যার ফলে রাজস্ব নির্দিষ্ট হচ্ছে পাঁচ বৎসরের জন্যে, যেটা দশ বৎসর পর্যন্ত বর্ধিত করা যাবে।

আশা করা যায় যে, ক্ষুদ্র ও মাঝারি কৃষক সমাজ খাজনার দায় থেকে মুক্ত হওয়ায় এবং উচ্চবিত্ত কৃষকদের ক্ষেত্রে প্রগতিমূলক হারে রাজস্ব নিরূপিত হওয়ায় কৃষি উৎপাদন বর্দ্ধিত হবে, সামাজিক ও অর্থনৈতিক মঙ্গল আসবে সম্পদ সুষ্ঠুভাবে বন্টিত হয়ে এবং এই রাজ্যের সার্বিক ভূমি সংস্কার ব্যবস্থা কার্যকর করাও সহজতর হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এটা সার্কুলেট করলে ভাল হয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** পয়েন্ট অফ অর্ডার স্যার, মন্ত্রী মহাশয়ের বক্তৃতা আমাদের ভাল লাগল। উনি যা বললেন সেটা আমরা পেলে আমাদের ডিসকাশন করতে সুবিধা হবে কারণ এই থেকে অনেক সাবজেক্ট ম্যাটার পাওয়া যাবে।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** যাঁরা সিলেক্ট কমিটিতে ছিলেন তাঁরা সমস্ত জিনিসটাই জানেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বক্তৃতাটা যদি আমাদের সার্কুলেট করা হয় তা হলে আমাদের সুবিধা হয় কারণ বিলের সঙ্গে সঙ্গতি নিশ্চয়ই থাকবে কিন্তু নূতনত্ব কিছু থাকলে সেটা আমরা জানতে পারলে খুব ভাল হয়। সুতরাং আজকে আলোচনা মুলতুবি রেখে কাল থেকে আলোচনা করা হোক।

**মিঃ স্পিকার ঃ** যখনই স্টেটমেন্ট দেন তখনই বিলি করা হয় এটাই নিয়ম, এটা এখনই বিলি করা হচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ভূমি সংক্রান্ত ব্যাপার পশ্চিমবাংলার একটা বার্নিং প্রবলেম সুতরাং আলোচনাটা আজ স্থগিত রেখে কালকে করা হোক।

**মিঃ স্পিকার ঃ** আমি এ বিষয়ে কোনও প্রিসিডেন্ট করতে চাই না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি সভার শুধু অধ্যক্ষ নন একজন অভিজ্ঞ পার্লামেন্টারিয়ান। সিলেক্ট কমিটির রিপোর্টের পর এর গুণগত অনেক পরিবর্তন করা হয়েছে। সুতরাং বিরোধী পক্ষের সদস্যরা যদি দাবি করেন যে ডিসকাশন আজকে স্থগিত রেখে আগামীকাল রিজিউম করা হবে তাহলে আপনি সেটা গ্রহণ করতে পারেন। মন্ত্রী মহাশয় সিলেক্ট কমিটি পরিচালনা করার সময় যেভাবে তিনি আমাদের বক্তব্য শুনেছেন ও গ্রহণ করেছেন এবং এতে অনেক মৌলিক পরিবর্তন হয়েছে তাতে নিশ্চয়ই তিনি একমত হবেন যে এর তাৎপর্য অনুধাবন করার জন্য সময় দেবেন। এতে প্রিসিডেন্টের কোনও প্রশ্ন নেই।

আপনিই সোল অথরিটি। আপনার কাছে আবেদন যে বিরোধী পক্ষের এই আবেদন আপনি গ্রহণ করবেন এবং মন্ত্রী মহাশয়ও নিশ্চয়ই একমত হবেন যে এতবড় একটা গুরুত্বপূর্ণ লেজিসলেসান যেটার আলোচনা কালকে করলে এমন কোনও ক্ষতি হবে না। সেই জন্য সিলেক্ট কমিটির সদস্য হিসাবে মন্ত্রী মহাশয় ও আপনার কাছে আবেদন করব মাননীয় সদস্যদের এই সুযোগ আপনারা দেবেন।

[3-45–3-55 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রীতি হচ্ছে বিলের ইংরাজি কপির সঙ্গে বাংলা ট্রান্সলেশন দেওয়া হবে। আমরা বাংলা ট্রান্সলেশন এখনও পাইনি, আমরা অনেকে ভাল ইংরাজি বুঝি না। বাংলা ট্রান্সলেশন পেলে আমাদের পক্ষে আলোচনা করতে সুবিধা হবে। বিজনেস অ্যাডভাইসরি কমিটি দয়া করে আগামীকাল ১১টা পর্যন্ত অ্যামেন্ডমেন্ট দেওয়ার সময় দিয়েছেন। আমরা আগামীকাল আরও ২ ঘন্টা বেশি সময় আলোচনা করব, ৮টা পর্যন্ত দরকার হলে থাকব, আজকে ছুটি দিন। এই বিলটা খুব গুরুত্বপূর্ণ বিল, গ্রামীণ বাংলার সাথে এর সম্পর্ক আছে, এই বিলের গুণগত পরিবর্তন হয়েছে, বাংলা কপি আমরা পাইনি, সেজন্য আজকে আলোচনা স্থগিত রেখে ছুটি দিন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি যে সিলেক্ট কমিটির দ্বারা অ্যামেন্ডেড কিনা এটা সদস্যদের হাতে অনেক আগে এসে পৌঁছেছে। সুতরাং পড়বার সুযোগ তাঁরা পেয়েছেন। আপনারা ভেবে দেখুন, একদিকে বলছেন বিলটা খুব গুরুত্বপূর্ণ, সুতরাং মোট সময়টা তাহলে কমানো উচিত নয়, মোট সময়টা ঠিক রাখতে হবে। সেজন্য আমার মনে হয় যাঁরা যাঁরা পারবেন তাঁরা আজকে আরম্ভ করুন সময়টা নষ্ট না করে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণত একটা নিয়ম আছে আগে বিরোধী দল থেকে সমালোচনা শোনা হয়। আমরা বিরোধী দল, আমরা সকলেই বলছি যে আজকে এটা লক্ষ রাখুন। অ্যাজ স্পিকার, অ্যাজ আওয়ার কাস্টোডিয়ান, আপনার উপর আমরা এটা ছেড়ে দিচ্ছি, আপনি এটা নিয়ে চিন্তা করুন।

**শ্রী সুহৃদ মল্লিক চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যেভাবে বলা হচ্ছে এটা কিন্তু অন্য কোথাও হয় না। আমি অন্তত কিছুদিন রাজ্য সভায় ছিলাম, সেখানে দেখেছি মিনিস্টার তাঁর স্টেটমেন্ট দেন....

(হট্টগোল)

যে পার্লামেন্টারি প্রথা রয়েছে সেটা জানুন। যখন একজন কথা কন তখন এই রকম ডিস্টার্ব করা পার্লামেন্টারি রীতি নয়।

স্যার, আমি বিরোধীপক্ষের কাছে অনুরোধ রাখছি তাঁরা প্রথমে আমার বক্তব্য শুনুন, তারপর তাঁরা বলবেন। হাউসের ক্ষেত্রে আমার ১০ বছরের যে অভিজ্ঞতা আছে তাতে আমি দেখছি আপনি ঠিকভাবেই হাউস পরিচালনা করছেন। যাহোক, আমার বক্তব্য হচ্ছে আমরা দেখেছি মিনিস্টার স্টেটমেন্ট করার পরই আলোচনা আরম্ভ হয় অথবা কখনও কখনও হয়ত

কিছু সময় দেওয়া হয়। কিন্তু এরকম কখনও দেখিনি যে দু'দিন বাদে বা ১ দিন বাদে আলোচনা হবে। জয়েন্ট সিলেক্ট কমিটির রিপোর্ট অনেকদিন পূর্বে দেওয়া হয়েছে এবং সেই রিপোর্টের পর এই স্টেটমেন্ট মিনিস্টার করেছেন এবং তারও কপি আমাদের দেওয়া হয়েছে। কাজেই আমরা এখন আলোচনা করতে বাধ্য এবং আপনিও সেইভাবে নির্দেশ দিন যে আলোচনা হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি** ঃ স্যার, আমি দেখেছি মাননীয় সদস্য একটুতেই রেগে যান। উনি বললেন তাঁর ভাষণের মধ্যে যে তিনি অনেক জায়গায় ছিলেন। আমি জিজ্ঞাসা করছি, উনি বিহারে ছিলেন কি?

**মিঃ স্পিকার** ঃ আপনারা আজকেই আলোচনা শুরু করুন। আপনারা যদি ১৫ মিনিট বেশি সময় চান তাহলে আমি আপনাদের সেই সময় দেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি** ঃ মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্য বলবার সময় বিরোধীপক্ষের প্রতি কটাক্ষ করেছেন। তিনি তো আর মন্ত্রী নন, কাজেই এরকম কটাক্ষ আমাদের প্রতি কেন করছেন? বিনয়বাবু খুব সংযতভাবেই বললেন তাঁর বক্তৃতার সময়, কিন্তু ওই মাননীয় সদস্য অনেক কটাক্ষপাত করলেন। আপনি জীবনে কোনওদিন মন্ত্রী হতে পারবেন না, রামবাবুই মন্ত্রী হবেন।

**শ্রী সুহৃদ মল্লিক চৌধুরি** ঃ মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় বললেন, আমি বিরোধীপক্ষের প্রতি কটাক্ষ করেছি। স্যার, আমি তাদের প্রতি কোনও রকম কটাক্ষপাত করিনি। যাহোক, যদি আমি তাঁদের প্রতি কোনও কটাক্ষ করে থাকি তাহলে আমি তা উইথড্র করে নিচ্ছি।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ স্যার, সুহৃদবাবুর আচরণে আমরা মুগ্ধ হলাম।

**শ্রী দীপক সেনগুপ্ত** ঃ স্যার, আজকে বিরতির পর যখন হাউস শুরু হল তখন মাউন্টব্যাটেনের উদ্দেশ্যে শোক প্রস্তাব আনার জন্য এবং হাউস অ্যাডজোর্ন করার জন্য একটি পক্ষ থেকে প্রস্তাব এল। ভূমি রাজস্ব মন্ত্রী তারপরে যখন তাঁর বক্তব্য রাখলেন তখন বিরোধীপক্ষ থেকে বলা হল যে, এই বক্তব্য অত্যন্ত সুন্দর। এটা আমরা লিখিত আকারে এখনও পর্যন্ত না পেলেও আমরা জানতে পেরেছি যে এটার সাইক্লোস্টাইল্ড কপি হয়ে গেছে অত্যন্ত দ্রুতভাবে। কাজেই একথা বললে কোনও লাভ হবে না যে আমরা বিল পাইনি। আপনার অফিস থেকে ৭/৮ দিন আগে বিলের কপি পাঠানো হয়েছে এবং সেই বিল আমরা পেয়েছি। কিন্তু বিরোধীপক্ষ বলছেন আমরা বিল পাইনি—অর্থাৎ এঁরা বোধহয় একটা কৌশল নিয়েছেন যেভাবেই হোক আজকে মাউন্টব্যাটেনের জন্য হাউস অ্যাডজোর্ন করাতে হবে।

[3-55–4-05 P.M.]

**ডাঃ শাশ্বতী বাগ** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী এই বিলের দ্বারা মৌলিক পরিবর্তন আনতে চেয়েছেন। পশ্চিমবাংলার অ্যাগ্রিয়ান স্ট্রাকচারে নতুন রূপ দেবার চেষ্টা করছেন। কলকাতায় আমার ঠিকানায় মাত্র ২৫ তারিখে রাত্রিবেলা আমি এই বিল পেয়েছি। সরকার পক্ষ থেকে বলা হয়েছে ৭ দিন আগে পৌঁছে দেওয়া হয়েছে, কিন্তু অনেক

মাননীয় সদস্য ২৭ তারিখ পর্যন্ত এই বিল পাননি। সুতরাং আমি বলব যে, এটা নিয়ে আগামীকাল আলোচনা করা হোক।

**শ্রী লুৎফুল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ল্যান্ড রেভিনিউর যে বিল এখানে এসেছে, তাতে একটা নতুন সিস্টেম ইন্ট্রোডিউস হতে যাচ্ছে। এর দ্বারা ওল্ড সিসটেমকে অ্যাবলিশ করা হচ্ছে এবং পুরানো সিস্টেম ক্ষতম হয়ে যাচ্ছে। সেই বৃটিশ পিরিওড থেকে এত দিন পর্যন্ত যা চলছিল, যাতে আমরা অভ্যস্ত হয়ে গিয়েছিলাম সেই সিস্টেম পরিবর্তিত হচ্ছে। কাজেই এটা একটা গুরুত্বপূর্ণ বিল এবং এই বিল সিলেক্ট কমিটিতে প্লেস করা হয়েছিল। সেই কমিটির রিপোর্টও তৈরি হয়ে গিয়েছে। সুতরাং সবই ঠিক আছে। প্রাথমিক পর্যায় এই বিলটি সিলেক্ট কমিটিতে আলোচিত হবার পর মন্ত্রী মহাশয় এখানে এনেছেন। এই গুরুত্বপূর্ণ বিল মাননীয় মন্ত্রী মহাশয় এখানে ইন্ট্রোডিউস করেছেন এবং মাননীয় মন্ত্রী মহাশয় যে সম্বন্ধে আলোচনাও করেছেন। সুতরাং মাননীয় সদস্যরা যদি এটাকে এক দিন ডেফার করতে বলেন এবং তা যদি করা হয়, তাহলে কালকে সেকেন্ড ডে তে আমরা এটা আলোচনা করতে পারি এবং কালকে একটু সময় নিয়ে আমরা এটা শেষ করতে পারি। এখন আপনি যদি এটাকে কাল পর্যন্ত ডেফার করেন তাহলে সেটা অযৌক্তিক হবে বলে আমি মনে করি না।

**মিঃ স্পিকার :** এই বিল ২১ তারিখে আমার অফিস থেকে ডেসপাচ্ করা হয়েছে। আশা করি সকলেই বিল পেয়েছেন এবং আগামীকাল পর্যন্ত অ্যামেন্ডমেন্ট দেবার সময় আছে। আজকে আমরা ১ ঘন্টা আলোচনা করে তার পর না হয় ছেড়ে দেব। মাননীয় সদস্য জন্মেজয়বাবু এবং বিশ্বনাথবাবু জনমত সংগ্রামের জন্য প্রস্তাব এনেছেন, সুতরাং এর উপর এখানে এখন আলোচনা হতে পারে। এখন কিছু সময় আলোচনা হোক, কালকে আবার আলোচনা হবে।

**শ্রী বিশ্বনাথ মুখার্জি :** স্যার, আমি সার্কুলেশন চাইনি।

**মিঃ স্পিকার :** সার্কুলেশন মোশনের উপর জেনারেল ডিসকাশন হতে পারে।

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1979.

স্যার, আপনি বলছেন এখনি সার্কুলারের উপর আলোচনা হবে। আপনি কাল ১১টা পর্যন্ত সময় দিয়েছেন অ্যামেন্ডমেন্ট দেবার এই কারণে যে অনেক সদস্য যথা সময়ে বিলের কপি পাননি। কাজেই কাল ১১টা পর্যন্ত অ্যামেন্ডমেন্ট দিতে পারে এবং যাঁরা বিলের কপি পাননি তাঁরাও সার্কুলেশন মোশনের উপরও নোটিশ দিতে পারে।

**মিঃ স্পিকার :** তখন ক্লজের উপর অ্যামেন্ডমেন্ট দিতে পারে।

**শ্রী শশবিন্দু বেরা :** না না, এইরকম কি হয়ছে যে সার্কুলেশন বা জেনারেল ডিসকাশনের উপর অ্যামেন্ডমেন্ট দিতে পারবে না? এই রকম হয়নি। স্যার, কাল ১১টা পর্যন্ত টাইম দিয়েছেন অ্যামেন্ডমেন্ট দেবার জন্য সেখানে স্কোপ আছে সার্কুলেশন মোশনের উপর অ্যামেন্ডমেন্ট দেবার। কাজেই কাল ১১টার পরই আলোচনা করুন। আমি যা বুঝেছিলাম এই দু'পক্ষ থেকে

আলোচনার পর বিনয়বাবু যেন খানিকটা অনুকূল মনোভাব নিয়েছিলেন যে সময়ের প্রশ্নটাই বিচার করতে হবে, হঠাৎ সুহৃদবাবু ওখান থেকে উঠে পড়ে গোলমাল সৃষ্টি করলেন। কাজেই আপনি যখন সহানুভূতির সঙ্গে এই জিনিসটা বিচার করেছেন, আমাদের মন্ত্রী মহাশয়ও যখন সহানুভূতিশীল, আজকে আলোচনা করা আরম্ভ করা হয়ে গিয়েছে তার উপর অ্যামেন্ডমেন্ট দেবার সুযোগ দেন এবং কাল থেকে আলোচনা করুন।

**মিঃ স্পিকার ঃ** জেনারেল ডিসকাশন আজকে হোক। কালকে সার্কুলার মোশন মুভ করুন। আমি তো আপনাদের কথামত আওয়ার্স এক্সটেন্ড করব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, যদি কাল ১১টা পর্যন্ত আমার অ্যামেন্ডমেন্ট দেবার সুযোগ থাকে তাহলে how shall I take part earlier in the discussion.

**মিঃ স্পিকার ঃ** অ্যামেন্ডমেন্ট দেবার পর আপনার বলবার অধিকারটা থাকলেই তো হল। যদি এমন কোনও অ্যামেন্ডমেন্ট থাকে এবং যদি তার উপর বলতে না দিয়ে বলাটা সাট আউট করি তাহলে আপনি প্রিভিলেজ মোশন আনতে পারেন .. To speak on your amendment will be there.

সেটা যদি কার্টেল করি তাহলে প্রিভিলেজ মোশন আনতে পারেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এটাই বলতে চেয়েছিলাম যে আপনি যখন বললেন যে কাল ১১টা পর্যন্ত অ্যামেন্ডমেন্ট দেবার সুযোগ রয়েছে। আমি অ্যামেন্ডমেন্ট দেবার পর আমার অ্যামেন্ডমেন্ট সার্কুলেট করবেন, অ্যামেন্ডমেন্ট সার্কুলেট হলে সমস্ত মেম্বাররা দেখবেন তারপর অ্যামেন্ডমেন্ট আনবেন এবং আমার বলার ইচ্ছা আছে, প্রত্যেকেরই বলার ইচ্ছা আছে, অ্যামেন্ডমেন্ট আনা হলে, স্যার, আপনি কি তখন দু'বার তিনবার করে বলার সুযোগ দেবেন?

**মিঃ স্পিকার ঃ** দেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এটা কি হয়, আজ পর্যন্ত হয়েছে? একটা বিলের উপর দু'বার তিনবার করে বলার সুযোগ দেবেন?

**মিঃ স্পিকার ঃ** আপনারা যদি ডিফারেন্ট অ্যামেন্ডমেন্ট দেন তাহলেই হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনাকে অনুরোধ করব বিলটা যতক্ষণ না শেষ হচ্ছে ততক্ষণ ডিবেট ওপেন করার কোনও স্কোপ নেই, স্কোপ হবে তখন যখন একটা বিল পূর্ণ রূপে নেবে, সেই রূপ দেবার পর আপনি ডিসকাশন করার জন্য দেবেন।

**শ্রী আব্দুস সাত্তার ঃ** স্যার, রুল ৩২২তে আছে—Notice of an amendment to a motion shall be given one day before the day on which the motion is to be considered, unless the Speaker allows the amendment to be moved without such notice.

আপনি তো কাল পর্যন্ত সময় দিয়েছেন, এখানে কোয়েশ্চেন অব মুভিং দি অ্যামেন্ডমেন্ট। আমাদের অ্যামেন্ডমেন্ট তো আসেনি, কি করে হবে। সুতরাং আপনার ৩২২ ইজ নট কমপ্লায়েড উইথ।

**মিঃ স্পিকার ঃ** এখানে রুল ৩২২ ডাজ নট অ্যাপ্লাই ইন দিস কেস।

[4-05–4-15 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পিকার স্যার, ছোটবেলায় আমার এক কাকা ছিলেন জানি, তিনি স্যার, প্রায়ই বোঝাবার চেষ্টা করতেন যে দুয়ে দুয়ে যোগ করলে পাঁচ হয়। স্যার, আমি বুঝব না, উনি আমাকে বোঝাবেনই। ব্যাপারটা ঠিক এখানে এই রকম দাঁড়িয়েছে। আমরা বোঝাতে চাইছি, অ্যামেন্ডমেন্টের স্কোপ আমাদের কালকে পর্যন্ত আছে, বিলটা স্যার কালকে ডিসকাশন করুন। কিন্তু স্যার, হাউসে বার বার বোঝাবার চেষ্টা করা হয়েছে, দুই আর দুয়ে পাঁচ হয়, তাহলে স্যার কি করে বুঝব। আপনাকে অনুরোধ করছি, ডিসকাশন আজকে বন্ধ রাখুন, অ্যামেন্ডমেন্টের পুরো সুযোগ দিয়ে আইনসঙ্গত ব্যবস্থা করুন। আমি যে কথাটা বলছিলাম, ৩২২-এর যেকথা উঠেছে সেইটা বলছিলাম। রুল ২৮০টা দেখে নেবেন। আপনি যদি বলেন দুই আর দুয়ে পাঁচ হয়, আপনি স্যার কাস্টোডিয়ান অফ দি হাউস, তাহলে বুঝবো। কিন্তু আমি বলব, আমাদের প্রিভিলেজ আছে। যেমন অ্যামেন্ডমেন্টের স্কোপ দিয়েছেন, আপনাকে অনুরোধ করছি আপনার পাওয়ারকে প্রপারলি ইউটিলাইসড করে আমাদের জাস্টিস দেওয়ার জন্য ডিসকাশন আজকে বন্ধ রাখুন, আগামীকাল যেন ডিসকাশন হয়, আমরা যেন প্রিভিলেজ পাই। আপনি বলছেন অ্যামেন্ডমেন্ট অ্যালাউ করলাম, আবার ডিসকাশনও করতে দিচ্ছেন। স্যার, মনে হচ্ছে যেন ঘোড়ার আগে গাড়ি লাগানো হচ্ছে। স্যার, চলবে না। বিলটা পরে চলতে পারে, কিন্তু ঘোড়ার আগে গাড়ি চলে না। Let all the amendment come first and then the discussion should be started. This is the procedure, this is my submission. এই আমার সাজেশনস।

**মিঃ স্পিকার ঃ** আপনাদের জেনারেল অ্যামেন্ডমেন্টের সার্কুলেশান উনি মুভ করেছেন তার উপরে যা বলবার বলুন।

**শ্রী আব্দুস সাত্তার ঃ** আপনি যখন টাইম দিয়েছেন অ্যামেন্ডমেন্ট দেওয়ার, আপনি কি করে আলোচনা আরম্ভ করতে দিতে পারেন? আপনি রুল ৮০টা দেখুন, আমি অ্যামেন্ডমেন্ট না দেখে কি করে আলোচনা আরম্ভ করতে পারি?

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আপনার হাতে পাওয়ার আছে জাসটিস চাইছি।

**মিঃ স্পিকার ঃ** আপনি বলতে চান তো বলতে পারেন। I was given to understand..... যে আপনি বলবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বলার আইনসঙ্গত সুযোগ আমাদের দিন। আমরা কমপ্লিট অ্যামেন্ড মেন্ট জমা দিই কালকে ১১টার মধ্যে, তারপর কালকে ডিসকাশন স্টার্ট হোক।

**মিঃ স্পিকার ঃ** আপনি সুযোগ চেয়েছেন, সুযোগ দিচ্ছি, আবার কালকে সুযোগ চান, কালকে পাবেন আপনি যদি বলতে চান বিলের উপরে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** তাহলে কালকে হবে স্যার?

**মিঃ স্পিকার ঃ** শ্রী জয়কেশ মুখার্জি বলুন।

**শ্রী আব্দুস সাত্তার ঃ** আপনি যদি বলেন এটা আমি করব, সেটা আলাদা কথা। কিন্তু এইটা তো হয় না, কখনও হয়নি, অতীতে হয়নি। ওই যাঁর ১০ বছরের অভিজ্ঞতা আছে বিভিন্ন দেশের অ্যাসেম্বলিতে তিনিও বোধ হয় বলতে পারবেন না যে এইটা হয়।

**শ্রী সুহৃদ মল্লিক চৌধুরি ঃ** স্যার, আমার একটু পার্সোনাল এক্সপ্ল্যানেশন আছে, বলতে চাই। এখানে যে প্রশ্ন তোলা হয়েছে অ্যামেন্ডমেন্টে বলা যায় কিনা এই সম্পর্কে বিরোধীপক্ষ চিন্তা করতে পারেন। আপনারা জানেন, এটা সিলেক্ট কমিটিতে গিয়েছে এবং সিলেক্ট কমিটিতে প্রত্যেক পার্টির সদস্য ছিলেন এবং প্রত্যেক পার্টি তাদের মতামত এই বিলের উপর দিয়েছেন, দেবার পরে সেই সিলেক্ট কমিটির রিপোর্টের ভিত্তিতে আমাদের মন্ত্রী আপনাদের সামনে এটা এনে এখানে উপস্থিত করেছেন।

এখানে তাঁর স্টেটমেন্ট রয়েছে দেখবেন যে, প্রথম আলোচনার স্তর একটা থাকে, তারপর অ্যামেন্ডমেন্ট নিয়ে আলোচনা হয় এবং তারপর আর একটা আলোচনা হয়। সুতরাং এখানে প্রথম স্তরের ব্যাপারে আমি আমার বিরোধীপক্ষের বন্ধুদের বলব।

(ভয়েস ঃ এটা কি হনুলুলুর আইন?)

না, এটা এখানকারই আইন। স্যার, আমরা স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলেও এখানে কাজ করেছি। আমি মাননীয় বন্ধুদের বলব, আপনাদের স্কোপ থাকছে, আপনারা কালকে অ্যামেন্ডমেন্ট নিয়ে আলোচনা করতে পারেন।

(গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি উল্টো কথা বলছেন। আপনি বলছেন, অ্যামেন্ডমেন্ট না নিয়েও ডিসকাশন হবে।

**শ্রী সুহৃদ মল্লিক চৌধুরী ঃ** আমি যেটা বলেছি সেটা হচ্ছে এই যে, এই বিলটি সিলেক্ট কমিটিতে আলোচিত হয়েছে এবং সেখানে সব পার্টির রিপ্রেজেন্টেশন ছিল। সেখানে আলোচনার পর যখন এটা এখানে উত্থাপিত হয়েছে তখন আপনারা প্রথম আলোচনা করে নিতে পারেন, অ্যামেন্ডমেন্ট নিয়ে কালকে আলোচনা হবে, এটাই আমি বলেছিলাম।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, এই বিলের উপর ফার্স্ট রিডিং-এ সার্কুলেশনের জন্য দু'জনের—শ্রীজন্মেজয় ওঝা এবং আমার, শশবিন্দু বেরার অ্যামেন্ডমেন্ট আছে। আপনি অনুগ্রহ করে পারমিশন দিয়েছেন যে আমরা আজকে না বলে কালকে বলব। আমার পয়েন্ট অব অর্ডার হল এই যে, এঁরা সার্কুলেশন মোশন মুভ করে বক্তব্য রাখার আগে এই মোশনের উপর আর কেউ বক্তব্য রাখতে পারেন কিনা সে ব্যাপারেই আপনার রুলিং চাইছি।

**মিঃ স্পিকার ঃ** এর উপর তাঁরা যদি বলতে রাজি না হন তাহলে ধরে নেওয়া হবে সার্কুলেশন মোশন মুভড হয়নি।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** আমরা মুভ করেছি। ইউ হ্যাভ কাইন্ডলি পার্মিটেড মি টু মুভ ইট। আমার কথা হচ্ছে এই যে আমি এই মোশানের উপর না বললে বা জন্মেজয় ওঝা মহাশয়ের এই মোশনের উপর বলবার আগে অন্য কেউ বলতে পারেন কিনা এই ব্যাপারেই রুলিং চাইছি।

**মিঃ স্পিকার ঃ** আপনি যদি না বলেন তাহলে আমি কি করব? এখন শ্রী জয়কেশ মুখার্জি বলুন।

**শ্রী জয়কেশ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সমর্থন করে আমি কিছু বলতে চাই। স্যার, এই বিল দীর্ঘদিন আগে এই বিধানসভায় পেশ করা হয়েছিল এবং তারপর সিলেক্ট কমিটি করে এবং তাতে সমস্ত পার্টির প্রতিনিধি নিয়ে সেখানে এই বিল আলোচিত হয়েছে।

(গোলমাল)

স্যার, সিলেক্ট কমিটিতে এই বিলের প্রতিটি ধারা নিয়ে, প্রতিটি কথা নিয়ে আলোচনা হয়েছে। এ থেকে জেড পর্যন্ত আলোচনা হয়েছে। সেখানে বিরোধী পক্ষের সদস্যরাও ছিলেন এবং তাঁরা সমস্ত কিছুই জানেন। কাজেই যদি তাঁরা বলেন কিছুই জানেন না তাহলে সেটা লজ্জার কথা হবে। সেখানে যাঁরা প্রতিনিধিত্ব করেছিলেন তাঁদের কর্তব্য ছিল নিজ নিজ পার্টিকে সমস্ত কিছু জানিয়ে দেওয়া। তাঁরা যদি সেটা জানিয়ে না থাকেন তাহলে সেটা তাঁদেরই অপরাধ। স্যার, এঁরা আজকে যেভাবে চিৎকার করছেন এই চিৎকারের কোনও কারণ নেই, কিন্তু এঁরা যে চিৎকার করবেনই সেটা আমরা আগে থেকেই জানতাম।

(গোলমাল)

[4-15–4-25 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট হচ্ছে আপনি অ্যামেন্ডমেন্ট দিতে অ্যালাউ করেছেন। কিন্তু এখন রিকমিট্যাল মোশনও আসতে পারে সেটা আপনি চিন্তা করেছেন কি?

**মিঃ স্পিকার ঃ** আমি বলছি আপনার প্রিভিলেজ তখনই খর্ব হবে যদি আপনাকে আপনার মোশনের উপর বলতে না দেওয়া হয়।

**শ্রী আব্দুস সাত্তার ঃ** এখানে প্রশ্ন হচ্ছে আপনি সার্কুলেশন মোশনের উপর আলোচনা করতে দিয়েছেন। কিন্তু ভোটে সেটা মুভ করতে হবে।

**মিঃ স্পিকার ঃ** এখন উনি যদি ওনার সার্কুলেশন মোশনের উপর না বলেন দ্যাট কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ।

**শ্রী আব্দুস সাত্তার ঃ** কিন্তু রুলে তা বলে না।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** উনি যদি ওনার ক্ষমতা ব্যবহার না করেন আমি কি করব। আমি তো বলছি উনি ওনার সার্কুলেশন মোশনের উপর বলুন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্যার, আমারও সার্কুলেশন মোশন দেওয়া আছে আপনি আমাকে ডাকেননি আপনি শশবিন্দু বেরা মহাশয়কে ডেকেছেন।

**মিঃ স্পিকার ঃ** বেশ তো আপনাকে ডাকছি আপনি বলুন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্যার, আমার পয়েন্ট অব প্রিভিলেজ আছে। স্যার, আমি যে সার্কুলেশন মোশন দিয়েছি আমাকে আপনি ডাকলেন না। তারপর আপনি আর একজন মেম্বারকে ডাকলেন। আবার আপনি একথাও বলেছেন যে আজকেও বলতে পারি আবার কালকেও বলতে পারি। কিন্তু আমি বলব কিনা আমাকে জিজ্ঞাসা করলেন না।

**মিঃ স্পিকার ঃ** যারা যারা বলতে চান বলুন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** কিন্তু আমাদের প্রিভিলেজ ভঙ্গ হয়েছে এই কারণে আমাদের না ডেকে আপনি সরকার পক্ষকে বক্তৃতা করতে বললেন এবং তিনি বক্তৃতা আরম্ভ করে দিলেন। এইখানেই আমাদের প্রিভিলেজ ভঙ্গ হয়ে যায়। আমরা আপনাকে অনুরোধ করছি, মন্ত্রী মহাশয়কেও অনুরোধ করা হচ্ছে। উনি আমাদের সাথে বসে একটা আলোচনা করতে পারেন। তারপর একটা যা হয় ব্যবস্থা হতে পারে। কিন্তু তা না করে আপনি যদি এই করেন তাহলে কি করে চলবে?

**মিঃ স্পিকার ঃ** আমি তো বলছি আপনি যদি আপনার সার্কুলেশন মোশনে বলতে চান তো বলুন তাতে মন্ত্রী মহাশয়ের যাই মত হোক না কেন আপনার প্রিভিলেজ যদি খর্ব হয়ে থাকে তাহলে আপনি বলুন।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের সদস্যরা বলছেন যে তাঁরা সাত দিন আগে বিল পেয়েছেন। আমি গতকাল মাত্র এই বিল পেয়েছি। আপনি রুলস ৭৮ দেখুন। রুলস ৭৮ সেজ ঃ "After the presentation of the final report of a Select Committee of the House on a Bill, the member-in-charge may move(s) that the Bill as reported by the Select Committee of the House be taken into consideration .

Provived that any member may object to the report being so taken into consideration if a copy of the report has not been made available for the use for members for five days before the day on which the motion is made and such objection shall prevail."...

আমি গতকাল মাত্র এই বিল পেয়েছি। পাঁচদিন আগে বিল পেলাম না কি করে ডিসকাশন হয়!

(গোলমাল)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আপনি জানেন আমাদের কতকগুলো রুলস ও নর্মস আছে—

**মিঃ স্পিকার ঃ** আপনি লাস্ট সেন্টেন্সটা পড়ুন। সেখানে আছে "unless the Speaker

allows the motion to be made."

(গোলমাল)

**শ্রী কিরণময় নন্দ :** গতকাল আমি বিল পেয়েছি, আজকে এটা কি করে হতে পারে?

**শ্রী সুনীতি চট্টরাজ :** স্যার, এইভাবে চললে আমাদের প্রিভিলেজ কার্টেল হচ্ছে।

**মিঃ স্পিকার :** আমি আবার বলছি, আপনারা কে কে সার্কুলেশনে বলতে চান বলুন। আমি কারও প্রিভিলেজ কাটতে চাই না। আমার ক্ষমতা আইনেই আছে। সুতরাং আমি দিয়েছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আপনার ক্ষমতাকে আমরা চ্যালেঞ্জ করছি না। কিন্তু যেন বিল নেওয়ার আগে অ্যাকর্ডিং টু রুলস, সার্কুলেশন মোশনে আমাদের বলতে দেওয়া উচিত।

**মিঃ স্পিকার :** আপনি কোনও রুলসে বলছেন সেটা দেখান। শুধু শুধু পয়েন্ট অব অর্ডার তুলবেন না।

(বিরোধী পক্ষ থেকে গোলমাল।)

[4-25–4-35 P.M.]

**শ্রী জয়কেশ মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি কতকগুলি কথা বলতে চাই। তার আগে আমি আবার বলছি যে এই বিল দীর্ঘকাল আগে—গত ডিসেম্বর মাসে এই হাউসে এসেছিল, তারপর এটা সিলেক্ট কমিটিতে গিয়েছিল। সেই কমিটির কয়েকটি অধিবেশনে আলোচিত হয়েছে—পুঙ্খানুপুঙ্খভাবে সমস্ত ব্যাপারে আলোচনা করা হয়েছে, একটি কথাও সেখানে বাদ যায়নি। তারপর মোটামুটি সকলের পারস্পরিক আদান-প্রদানের মধ্যে দিয়ে এই বিল গৃহীত হয়েছে। সুতরাং এই বিল সম্পর্কে এঁরা যে চিৎকার করছেন তার কোনও মূল্য নেই। মাননীয় ডাঃ জয়নাল আবেদিন সাহেব এখানে উপস্থিত আছেন, তিনি একথা বলতে পারেন।

(গোলমাল)

আমরা দীর্ঘকাল ধরে—স্বাধীনতার পরেও দেশকে এগিয়ে নিয়ে যেতে পারিনি। এই যে সামন্ততান্ত্রিক একটা প্রথা আমাদের দেশে চালু ছিল, এই বিল আনার ফলে, খাজনা যেটা উঠিয়ে দিতে চাওয়া হয়েছে, তার ফলে এঁদের এত চিৎকার। এটা তো জানা কথা ওঁরা চিৎকার করবেন। কারণ ওঁরা পুরানো সবকিছুকে দেশে জিইয়ে রাখতে চাইছেন, এই জন্যই ওঁদের প্রতিক্রিয়াশীল বলা হয়েছে। ঐ কংগ্রেস এবং জনতা দলকে। আজকে ঐ জনতা এবং কংগ্রেসরা চান আমাদের দেশে সামন্ততান্ত্রিক প্রথা চলুক। আমাদের দেশে সামন্ততন্ত্রের অবশেষ বজায় রয়েছে—ভাগচাষ প্রথা—দুঃস্থ ক্ষেতমজুর এবং মহাজনী ব্যবস্থার মধ্যে এবং খাজনা ব্যবস্থার মধ্যে। এই সামন্ততান্ত্রিক ব্যবস্থা দেশের সমস্ত জনজীবনে জড়িয়ে রয়েছে। তার একটি মাত্র আজকে শেষ করে দিতে চাওয়া হয়েছে। আমাদের দেশের বর্তমান যে অর্থনৈতিক অবস্থা — জমিদারদের সমস্ত জমি কৃষকদের মধ্যে বিলি না করলে এবং তাদের ক্রয় ক্ষমতা না বাড়াতে পারলে এর সমাধান নেই। কিন্তু এখন আমরা দাবি করছি ভাগচাষী হিসাবে তাদের

রেকর্ড করা হোক, তাদের স্বীকৃতি দেওয়া হোক এবং ভাগচাষী হিসাবে স্বীকৃতি দেওয়ার পরে ব্যাঙ্ক লোন ইত্যাদি যাতে তারা পেতে পারে, তার ব্যবস্থা করা হোক, তা নাহলে কৃষি কাজে উন্নতি হতে পারে না। তার জন্য আমরা অপারেশন বর্গা চালু করেছি। মহাজনদের ব্যাপারে আমরা দেখেছি, মহাজনরা সমস্ত কৃষকগোষ্ঠীকে রুদ্ধ করে দেয়, সেই মহাজনী ব্যবস্থার হাত থেকে কি করে তাদের রক্ষা করা যায়—সেইজন্য ভাগচাষী হিসাবে নাম রেকর্ড করানো হচ্ছে এবং আমরা চেষ্টা করছি ব্যাঙ্ক থেকে যাতে এইসব ভাগচাষীরা কৃষির জন্য ঋণ পেতে পারে। এই ব্যাপারে আমরা কিছুটা অগ্রসরও হতে পেরেছি। কিন্তু এই ব্যাপারে নানা বাধা থাকার ফলে সমাজজীবনে সম্পূর্ণ পরিবর্তন এখনও নিয়ে আসতে পারা যায়নি। আমাদের দেশে খাজনা যেভাবে আছে তা মন্ত্রী মহাশয়ের বক্তব্য থেকে সকলেই উপলব্ধি করতে পেরেছেন, কিভাবে খাজনা ব্যবস্থা চালু ছিল। এক সময় ছিল যখন বাংলা, বিহার, উড়িষ্যাতে মাত্র ৪০ থেকে ৫০ লক্ষ টাকা রাজস্ব আদায় হত। তারপর ইংরাজরা এসেছে। ইংরাজরা এসে রাজস্ব আদায় করার ব্যবস্থা নিজেরা করেনি, তারা জমিদারদের মাধ্যমে ব্যবস্থা করেছে। জমিদারদের বলেছে, তোমরা আমাদের বছর শালিয়ানায় রাজস্ব দেবে। তোমরা পারো লুঠ করো এবং কৃষক সমাজের উপর লুঠ হয়েছে। লুঠ করে খাজনা আদায় করা হয়েছে। এখানে নানারকম খাজনা ব্যবস্থা রয়েছে। শুধু খাজনা বাড়ানো নয়, খাজনার উপরও নানারকম আরও ধার্য করা হয়েছে, যেমন হিসেবানা, পাব্বুনি, আমরা বঙ্কিমচন্দ্রের লেখা থেকে পাই জমিদারের অত্যাচারের একটা ছবি। জমিদার বলছে আমরা স্কুল করব, সুতরাং কৃষককে ইস্কুলী দিতে হবে। এইভাবে পাব্বুনি কর আদায় করা হত কৃষকদের উপর অত্যাচার করে।

তিনি বললেন হাসপাতাল করব, অমনি সেরকমভাবে হাসপাতালী চেপে গেল। তারপর ম্যাজিস্ট্রেট সাহেব, দারগা সাহেব বলল, জমিদার সাহেব আপনার রাস্তাটা খারাপ হয়ে গেছে। সুতরাং সঙ্গে সঙ্গে পথ-কর চেপে গেল। এই রকম বহু কর চাপানো হত। এসব করের তো হিসাব পাওয়া যেত। কিন্তু এ ছাড়া পুণ্যাহর নামে ঘড়া ঘড়া দুধ, বস্তা বস্তা চাল, মন মন মাছ এনে জমিদারকে দিতে হত। সেগুলির কোনও হিসাব থাকত না, লেখাপড়া থাকত না। খাজনা ছাড়াও নানারকমভাবে কৃষকদের লুঠ করা হত। আমরা জানি যে, এই লুঠের পরিমাণ এত বেড়ে গিয়েছিল যে, ফ্ল্যাউট কমিশন যখন আসে এবং আমাদের দেশের জমিদারদের সম্পর্কে বক্তব্য রাখে, তখন আমরা কি দেখেছিলাম; আমরা দেখেছিলাম যে, জমিদাররা সরকারকে মাত্র ৩ কোটি টাকা দেয়, আর জমিদাররা নিজেরা ১৬ কোটি টাকা নেয়। অবশ্য তখন আমরা কৃষক সমিতি থেকে সেখানে আপত্তি দিয়েছিলাম এবং আমরা যে হিসাব দিয়েছিলাম তাতে প্রমাণ হয়ে গিয়েছিল যে, ৩২ কোটি টাকা কৃষকদের ঘাড় থেকে আদায় করা হয়। স্কুল, হাসপাতাল, রাস্তা ইত্যাদির নাম করে বিভিন্ন রকমভাবে কৃষকদের ওপর জুলুম করে আদায় করা হয়। তারপর আমরা দেখেছি যে, যেখানে পেয়ারের লোক আছে সেখানে খাজনা কম করে ধরা হয়েছে, যেখানে পেয়ারের লোক নেই সেখানে তাদের জবাই করতে হবে, শায়েস্তা করতে হবে, তাদের খাজনা বেড়ে গেছে। আবার শুধু জমিদারকে নয়, গোমস্তাকে, নায়েবকে, তহশিলদারকে, পাইককে বিভিন্ন রকম ভাবে যারা তোয়াজ করতে পারত তাদের খাজনা কম হত, আর যারা তোয়াজ করত না তাদের খাজনা বেশি হত। ইংরাজ আসার পর আমাদের দেশের কুটির শিল্প ধংস হয়ে গেল। সেই কুটির শিল্পীরা

জমিতে গিয়েছে, সেই কুটির শিল্পীরা কৃষকে পরিণত হয়েছে। আর তাদের উপর এইরকম ভাবে জুলুম হয়েছে। এদের ওপর বেশি খাজনা ধার্য করা হয়েছে। আশা করা গিয়েছিল যে, দেশ স্বাধীন হলে এই সবের পরিবর্তন হবে। কিন্তু পরিবর্তন কি হল? ওঁরা জমিদারি উচ্ছেদ আইন করেছিলেন। জমিদারি উঠে গেল। কিন্তু জমি জমিদারের রয়েগেল, জমি কৃষকদের হাতে এল না। নামে বেনামে জমি জমিদারের হাতেই রয়ে গেল। আরও লজ্জার কথা হচ্ছে কংগ্রেস গভর্নমেন্ট জমিদারি উঠিয়ে দিয়ে নিজে জমিদার হয়ে বসেছে। পূর্বের সমস্ত রকম পাওনা সরকার থেকে নির্মমভাবে আদায় করা হল। শুধু তাই নয়, যেখানে নিষ্কর জমি ছিল সেখানেও তার ওপর খাজনা চাপিয়ে দেওয়া হল এবং সামন্ততান্ত্রিক সমস্ত ব্যবস্থাই তারা জিইয়ে রেখেছিলেন। তাতে তাঁদের মত হল, এ না হলে তাঁদের চলবে না। তাঁরা একথাও বলেছিলেন যে, খাজনা বাড়িয়ে দিতে হবে। কিন্তু কাদের খাজনা বাড়িয়ে দিতে হবে এবং কাদের খাজনা কমাতে হবে, একথা তাঁরা কিছুই বলেননি। শুধু বলেছিলেন খাজনা বাড়িয়ে দিতে হবে, তা না-হলে চলবে না, জমির উন্নতি হবে না। সুতরাং জমির উন্নতি করতে হবে, সেই জন্য খাজনা বাড়িয়ে দিতে হবে। এই সমস্ত কথা এই বিধানসভায় কংগ্রেসিরা এক সময় বলতেন। এবং দেখা যাচ্ছে সেই অবস্থা এখনো রয়ে গেছে। আমরা যখন যুক্তফ্রন্ট সরকার করেছিলাম তখন আমরা ৩ একর পর্যন্ত খাজনা রেহাই করে দিয়েছিলাম। কিন্তু সেটাও সঠিক ছিল না। কারণ আমরা বলেছি যে, যে জমি পাচ্ছে সেই জমি ৩ একর, আর যে জমি সেচ পাচ্ছে না সেই জমির ৩ একর এক নয়। সুতরাং এটা সঠিক নয়। কিন্তু তবু আমরা কৃষকদের একটা রিলিফ্ দেবার চেষ্টা করেছিলাম।

[4-35–4-45 P.M.]

তারপর এই বামফ্রন্ট সরকার বলেছেন যে, যেখানে সেচের ব্যবস্থা আছে সেখানে ৪ একর পর্যন্ত জমির খাজনা থাকবে না আর যেখানে সেচের ব্যবস্থা নেই সেখানে ৬ একর পর্যন্ত জমির খাজনা থাকবে না। আজকে আমরা দেখছি যে কোথাও সুবিচার করা হয়নি। ভাল জমি, খারাপ জমি এই সমস্ত নানা রকম জমি আছে, বিভিন্ন জমি বিভিন্ন দামে আছে। যার জন্য আমরা মনে করেছি এইসব পরিবর্তন করা দরকার। নিশ্চয়ই যারা গরিব, সমাজের দরিদ্রতম মানুষ যারা প্রান্তিক কৃষক তাদের রেহাই দিতে হবে। কিন্তু যাদের বেশি বেশি জমি আছে কেন তাদের রেহাই দেবে? তাদের জন্য ব্যবস্থা অবলম্বন করতেই হবে। এইসব আমরা দেখেছি যে, কি ধরনের ব্যবস্থা করতে পারি—একটা নীতির উপর ভিত্তি করে কিভাবে আমরা ব্যবস্থা নিতে পারি এবং তাই আমরা বলেছি রেটেবল ভ্যালু—সেখানে ৫ হাজার টাকা পর্যন্ত যাদের জমির রেটেবল ভ্যালু তাদের রেহাই দেবার কথা বলা হয়েছে—জমির যে মূল্য তার শতকরা ১০ ভাগ। যদি জমির ৫০ হাজার টাকা মূল্য হয় তাহলে ৫ হাজার টাকা রেটেবল ভ্যালু—সে বড় লোক নয় কিন্তু গরিব লোকও নয়—আমরা বলেছি তাদেরও পর্যন্ত ছেড়ে দেব। যার জমির যে রকম দাম সেই অনুপাতে রাজস্ব ধার্য করার ব্যবস্থা করা হয়েছে। ওনারা চাচ্ছেন যে আমরা সব জমির খাজনা ছেড়ে দিই এবং তা দিলে ওনারা সন্তুষ্ট হতে পারতেন কিন্তু তা হবে না। তারা মেরে খাবে আর সরকার কিছুই পাবে না এটা হতে পারে না। জমির দাম নির্ভর করে তারই উপর যেখানে বাজার আছে, বড় রাস্তা আছে স্কুল আছে, হাসপাতাল আছে, নির্ভর করে যেখানে পোস্ট অফিস আছে, রেজিস্ট্রি অফিস আছে।

তাছাড়া উৎপাদন ক্ষমতা নিশ্চয়ই বিবেচ্য বিষয়। আর এইসমস্ত রাস্তা-ঘাট, হাসপাতাল, স্কুল কারা করে দেয়? জমিদাররা করে না, করে সরকার। সরকার ইরিগেশনের ব্যবস্থা করে দেয়, সরকার ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল বসিয়ে দেয় এবং এইসব করলে জমির দাম বাড়ে। সুতরাং এর থেকে সরকার বঞ্চিত হোক আর ওরা সরকার থেকে ফায়দা লুটবে তা হতে পারে না। যার জমির দাম বেশি তার উপর রাজস্ব ধার্য করা হয়েছে, আর সরকার এর চেয়ে বেশি টাকা খরচ করে। যে জমি হয়ত কোনও এক সময়ে ৫০ টাকায় কিনেছিল সেই জমি এখন ৩/৪/৫ হাজার টাকা দামে বিক্রি করেন। সুতরাং এই অবস্থা আমরা সম্পূর্ণভাবে বিবেচনা করেছি এবং বিবেচনা করে ভূমি রাজস্ব নির্ধারণ করার জন্য আমরা সিলেক্ট কমিটিতে পাঠিয়েছিলাম এবং ওনাদেরও অমত ছিল না—টুকিটাকি কিছু দ্বিমত থাকতে পারে কিন্তু সেটা আমরা বর্জন করেছি এবং একমতে এসেছি এবং এসে সিলেক্ট কমিটি থেকে পাশ করেছি। ২ জন নোট অফ ডিসেন্ট দিয়েছেন—নিশ্চয়ই তারা সেই কথা বলতে পারেন কিন্তু তারা বিভিন্ন ধারায় একমত ছিলেন এবং একমত হয়ে এই প্রস্তাব এই বিল সিলেক্ট কমিটিতে গ্রহণ করেছেন। এখন এই বিল যখন এখানে এসেছে তখন ওনারা বলছেন নানা কথা—নানা চিৎকার, নানা আপত্তি। শুনিনি, জানি না—আমি অবাক হয়ে যাচ্ছি—শশবিন্দু বেরা মহাশয় একটার পর একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছেন কিন্তু তিনি বলছেন যে পড়ার সুযোগ হয়নি। জন্মেজয় ওঝা মহাশয় তিনিও অ্যামেন্ডমেন্ট দিয়েছেন। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে তিনি কি না পড়ে দিয়েছেন? নিশ্চয়ই তাঁরা পড়েছেন।

ওঁদের কর্তব্য ছিল। ওঁদের দলীয় লোক, ওঁদের দলীয় সদস্য যাঁরা বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে এসেছেন, শুধু একটা জায়গায় নয়, একটা কনস্টিটিউয়েন্সির নয় তাঁদের উচিত ছিল তাঁদের সবাইকে জানিয়ে দেওয়া। সিলেক্ট কমিটির ভাল বা মন্দ তাঁরা এসে একরকম মত দিয়েছেন, হয়ত ভুল হতে পারে, তিনি কেন যাচাই করেননি, সকলের সঙ্গে কেন আলোচনা করে আসেননি? এটা করা উচিত ছিল। সুতরাং এটা করলে সকলেই জানতে পারত। তাঁরা কিছু করবেন না, দিল্লিতে, পশ্চিমবঙ্গে দলাদলী করবেন, ভাঙাভাঙি করবেন এদিকে ওদিকে ছুটবেন, এইরকমভাবে লোকের চোখে ধরবেন, তাহলে কি করে হবে? দেশের ভাল-মন্দ বলে তাঁদের কাছে কিছু নেই, তাঁদের কাছে শুধু দল, ব্যক্তিস্বার্থ এইসমস্তই বড়, সেইজন্যই তাঁরা পড়ার সময় পাননি, তাঁরা চিৎকার করছেন এখানে এসে। যেহেতু এখানে বেশি সময় পেয়েছেন, তাও সবাই আসেননি, এলে ভাল হত। এগুলো একটু বোঝার চেষ্টা করুন নইলে বেশিদিন টিকবেন না, এমনি করতে করতে তো সবই গেছে, সুতরাং কোথাও আপনারা থাকতে পারবেন না। এই অবস্থায় আমি তাঁদের কাছে আপিল করব যে একটু বোঝার চেষ্টা করুন, দুনিয়া এগিয়ে চলেছে। আমাদের দেশও এগিয়ে চলেছে। আমাদেরই পরে দুঃখ হবে, কয়েক বছর পরে আপনারা কেউ থাকবেন না। সুতরাং আমাদের সেই দুঃখ থেকে বাঁচাবার চেষ্টা করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার আমি আপনার কাছে কৃতজ্ঞ, আমাদের একাধিক বক্তব্য আপনি শুনেছেন। আমার মনে যেটুকু প্রশ্ন দেখা দিয়েছে আপনার দৃষ্টি সেদিকে নিয়ে আসছি under rule 78. Sir, after the presentation of the final report of a Select Committee the Bill has been presented. স্যার, দুটো মোশন একসঙ্গে আসতে

পারে না। The motion for consideration by the member is a substantive one. Next, the amendment also is a motion. You are liberal enough to extend the time upto 11 O'clock, tomorrow, the 29th..

বিল— সঙ্গে সঙ্গে দুটো মোশন আসতে পারে। One for Circulation and the next for recommital.

আপনি যখন এই লিবার্টি দিয়েছেন—To the opposition party to move an amendment and that amendment may come in the form of a recommital or in the form of a circulation.

এটা আলোচনার ফলে জেনারেল ডিসকাশন চলতে পারে, ডিভিসন আসতে পারে। স্যার, আমার মনে হয়েছে, তাই আমি আপনার কাছে আপীল রাখছি।

**মিঃ স্পিকার ঃ** ডিভিসন ডাকলে আলোচনা করে ডিভিসন করব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, যখন আপনি সুযোগ দিয়েছেন। আপনার কাছে আদৌ হয় না, We do not know any member may move a recommital motion under rule 78(c)..

মোশন আসবে না, এ মোশন যদি এসে থাকে তখন আপনার অ্যাটিচিউড কি হবে গভর্নমেন্টের অ্যাটিচিউড কি হবে? এটা জানা দরকার—সেকেন্ড রিডিং এখন বাকি।

After the substantive motion is moved the next motion to be moved by the Hon'ble Minister. All are ancilliary motions–second reading and third reading of the Bill–to the substantive motion of the Bill under rule 78.

[4-45—4-55 P.M.]

এ ক্ষেত্রে আমি আপীল করব একটা কন্ট্রাডিকশন হয়ে যাচ্ছে। এটা আপনি যদি রি-কন্সিডার করেন তাহলে ভাল হয়। একটা প্রাইমারি ডিসকাশন আপনি চেয়েছিলেন কিন্তু আপনি দেখবেন দু'একটি পয়েন্ট ছাড়া আমাদের মধ্যে কোনও ডিফারেন্স নেই। আমি কোনও নোট অফ ডিসেন্টও দিইনি এবং গভঃ-এর মতই অ্যাকসেপ্ট করেছি। আমি আপীল করব এটা বিরোধী পক্ষের প্রাপ্য এবং আপনি সেটা দিন। আপনি কোনও দিনই রিগ্রেট করেননি, এই কন্ট্রাডিকশনের দিক থেকে আপনি বাঁচাবেন।

**মিঃ স্পিকার ঃ** এই দিকে দৃষ্টি রেখেই বিরোধী পক্ষের কোনও অসুবিধা যাতে না হয়, কোনও প্রিভিলেজের ক্ষতি না হয় তারজন্য ১১টা পর্যন্ত অ্যামেন্ডমেন্ট দেবার সুযোগ দিয়েছি। যখনই সুযোগ দিয়েছি যখনই বলছেন যে আলোচনা স্থগিত রাখতে হবে—তাহলে কি আমার উচিত ছিল সুযোগ না দেওয়া? সুযোগ যখন দিয়েছি আলোচনা কাল পর্যন্ত এক্সটেন্ডেড হবে, তারপর ডিভিসন ডাকা হবে এবং আপনারা তখন আপনাদের ফাইনাল ওপিনিয়ান দেবেন। সুতরাং আমি মনে করছি না এতে বিরোধীদের সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে।

**শ্রী আব্দুস সাত্তার ঃ** বিষয়টা কন্ট্রাডিক্টারি হয়ে যাচ্ছে। আপনি আগামীকাল পর্যন্ত

অ্যামেন্ডমেন্ট দেবার সুযোগ দিয়েছেন কিন্তু আপনি কোনও নজির দেখাতে পারেন যে, অ্যামেন্ডমেন্টের আগে বিলটা কন্সিডারেশনে এসেছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** ঃ এটা চিরকালই হয়ে আসছে যে ফার্স্ট রিডিং অফ দি বিলে জেনারেল ডিসকাশন হয়।

**মিঃ স্পিকার** ঃ যে কোনও বিলেতেই গভর্নমেন্ট লাস্ট পর্যন্ত অ্যামেন্ডমেন্ট আনতে পারেন ফার্স্ট রিডিং-এর পরও অ্যামেন্ডমেন্ট আনতে পারেন। তাহলে বলতে হয় যে সমস্ত অ্যামেন্ডমেন্ট এসে যাক তারপর আলোচনা হবে। সুযোগ যাতে নষ্ট না হয় তারজন্য স্পিকারকে ক্ষমতা দেওয়া আছে। আমি অ্যাসিওর করছি। অ্যামেন্ডমেন্ট আপনারা দেবেন ও কালও এর আলোচনা হবে।

**শ্রী আব্দুস সাত্তার** ঃ স্পিকারের ওভার রাইডিং পাওয়ার আছে। আর একটা জিনিস হচ্ছে সার্কুলেশন সম্বন্ধে বললেন দ্যাট উইল বি টেকিন অ্যাজ মুভ। কিন্তু এটা নিয়ম হচ্ছে ভোটে পুট করা। ভোটে যদি দেখা যায় ক্যারেড আউট হয়ে গেল তাহলে এটা সার্কুলেশন যাবে। কিন্তু আপনি যেটা করলেন এটা নিয়মের বিরুদ্ধে।

**মিঃ স্পিকার** ঃ এত বড় বিল যখন মন্ত্রী মহাশয় এনেছেন তখন এটা সিলেক্ট কমিটির মধ্যে দিয়েই এসেছে তাহলে আবার সার্কুলেশন কেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** ঃ আমি স্মরণ করিয়ে দিচ্ছি '৭৮ সালের ১লা ডিসেম্বর তারিখে এই বিলটা যখন এসেছিল তখন সার্কুলেশনের মোশন ডিফিটেড হয়েছিল।

**শ্রী দীপক সেনগুপ্ত** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে এই কথা প্রথমেই বলতে হয় যে ১৯৭৮ সালে যে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড ফার্ম হোল্ডিং নামে যে বিল এসেছিল সেই বিলের মূল টাইটেল থেকে শুরু করে এর অনেক কিছু পরিবর্তন করা হয়েছে এবং সিলেক্ট কমিটিতে গেছে ও সেখানে মাননীয় সদস্যরা এই বিল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেছেন। প্রত্যেকের আলোচনা অত্যন্ত সহানুভূতির সঙ্গে শোনা হয়েছে। ফলে এই বিল-এর গুণগত মূল যে বিল আনা হয়েছিল তার পরিবর্তন সাধিত হয়েছে। এই কথা বলতে গিয়ে আমায় এই কথা বলতে হয় মানুষ সমাজবদ্ধ হবার পর যে সময় তার মধ্যে ব্যক্তিগত মালিকানার চিন্তা এসেছে সেখানে ভূমি ও জমি মূল কথা ছিল। জমির মালিকানা বংশ পরম্পরায় হয়ে এসেছে। আর এই জমি ভিত্তি করেই সেই কোনও আদ্দিকাল থেকে সরকার চলেছে এবং সরকারের মূল আদায়ের ক্ষেত্রও জমি। সরকারের কাছে জমি অত্যন্ত প্রিয় এবং যারা জমির মালিক সে ছোট হোক আর বড় হোক যারা নাকি জমি ভোগ করে আসছেন তাদের কাছেও জমি অত্যন্ত প্রিয় বস্তু। এই প্রিয় বস্তু এক দিকে জমি ভিত্তি করে ট্যাক্স আদায় করে, অন্যদিকে ট্যাক্সের যে বোঝা সাধারণ মানুষের উপর আসে এর মধ্যে সামঞ্জস্য ঘটাতে গিয়ে আমাদের নিশ্চয়ই অনেক কষ্ট ভোগ করতে হয়েছে। এই কথা বলতে গিয়ে আমার একটা ছোট গল্পের কথা মনে পড়ল। একজন বুড়ো ঠাকুরদা তাঁর ছোট নাতিকে একটা হারমোনিয়াম দিয়েছিল যে নাতি খুব ভাল করে গান করবে। সেই নাতি বড় হয়ে দেখল যে হারমোনিয়ামটি নষ্ট হয়ে গিয়েছে, তখন এক

দোকানদারের কাছে নিয়ে গিয়ে মেরামত করবার জন্য দিয়ে বলল যে এই হারমোনিয়ামটি আমার কাছে অত্যন্ত প্রিয়। এর পুরানো জিনিসগুলি যা যা আছে কাজে লাগিয়ে এই হারমোনিয়ামকে সারাবার ব্যবস্থা করুন। হারমোনিয়ামের মেরামতকারক সে হারমোনিয়ামটি দেখে বলেছিল যে এর একমাত্র ভেতরে যে বাতাস আছে সেটাই রাখা যাবে আর কিছু রাখা যাবে না।....রিড সব খারাপ হয়ে গিয়েছে। এই বিলের সম্পর্কে বলতে গিয়ে এই কথা বলতে হয় যে মন্ত্রী মহাশয় তথা সরকার পক্ষ এই বিল সম্বন্ধে অত্যন্ত সহানুভূতিশীল এবং যার উপর সিলেক্ট কমিটি আলোচনা করেছেন এবং সংশোধিত আকারে এই বিল আমাদের কাছে এসেছে। আজকে এই কথা বলতে হয় যে বর্তমান পুঁজিবাদী ব্যবস্থায় একটা অবশেষ হিসাবে সেই পুরানো হারমোনিয়ামের ভিতরে বাতাস ছাড়া যেমন কিছুই ছিল না তেমনি এর খোলনলচে এবং এর নাম থেকে বহু জিনিসেরই পরিবর্তন করা হয়েছে। এখানে রাজ কমিটির কথা বলা হয়েছে। মূলত জমির ফসল তার উৎপাদন ও উৎপাদিত ফসলের উপর মূল ভিত্তি করে জমির উপর ট্যাক্স ও খাজনা ধার্য করবার কথা বলা হয়েছে। আমরা যদি শুধু এই ব্যবস্থাই রাখতাম যে জমিতে যে ফসল উৎপাদিত হল তার উপর আমরা ট্যাক্স ধরব তাহলে আমাদের কৃষকদের উপর খুবই অন্যায় করা হত।

[4-55—5-05 P.M.]

এই বিধানসভার সদস্য হিসাবে গতবার আমরা লক্ষ্য করেছি হুগলি জেলার চাষী বর্ধমান জেলার কৃষক বন্যার পরে আলুর মিনি কিট পেয়েছেন, কৃষিমন্ত্রীর কাছে এসে দরবার করছেন আলুর দাম কমে গেল, মন ১৩/১৪ টাকা দরে আলু বিক্রি হল। আজকে সেই আলু ১.৫০, ২ টাকা কেজিতে উঠে গেছে। একই আলু এক সময় ১৩/১৪ টাকা মন, এক সময় ২ টাকা কেজি। এই দর নিয়ন্ত্রণ করার প্রশ্নে যখন একটা কৃষি পণ্যের মূল্য ধরা হবে তখন জানি না যাঁরা এই মূল্য ধরবেন তাঁরা এই ১৩/১৪ টাকা দর ধরে সাধারণ কৃষকের ভাল করবেন কিংবা বৃহৎ কৃষকের উপকার করবেন এই অনিশ্চয়তার মধ্যে আমরা ছিলাম। আমরা লক্ষ্য করেছি এবছরেও সুন্দর বনের চাষী মন্ত্রীর কাছে দরবার করেছে যে তরমুজ যেমন খুশি দরে বিক্রি হয়ে যাচ্ছে, শিয়ালদহে রাখবার জায়গা নেই। কাজেই সম্পত্তির ফসলের উপর খাজনা নির্ধারণ করতে যাইনি। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ১৯৬৯ সালে যখন যুক্তফ্রন্ট সরকার এসেছিল তখন এমন কোনও বড় পরিবর্তন করবার সুযোগ সেই সরকারের আমলে ছিল না, তবুও সেই সরকারের আমলে ৯ বিঘা জমির খাজনা মকুব করে দেওয়া হয়েছিল, ভেবেছিলাম গরিব কৃষকের বোঝা খানিকটা লাঘব হবে। কিন্তু তা হয়নি। সেই সময় কংগ্রেসিরা গ্রামে গ্রামে ঘুরে বলে বেড়িয়ে ছিলেন যে জমির খাজনা মকুব নিও না, জমির খাজনা যদি না থাকে তাহলে সমস্ত জমির মালিকানা চলে যাবে, যুক্তফ্রন্ট সমস্ত জমি খাস করে নেবে। কাজেই জমির রিটার্ন দিও না। পরবর্তীকালে সিদ্ধার্থবাবুর সরকারের আমলে সেই ৯ বিঘা জমির খাজনা মকুব দূরের কথা সাধারণ চাষীর উপর ৩/৪ গুণ জমির খাজনা বাড়িয়ে দেওয়া হল। সেই সময় এখনকার বিধানসভার অনেক সদস্য ছিলেন, তাঁরা এর প্রতিবাদ করেননি। আজকে যখন সকলকে নিয়ে সকলের সঙ্গে আলোচনা করে একটা অত্যন্ত গণতান্ত্রিক পরিবেশের মধ্যে দিয়ে ভূমির ক্ষেত্রে একটা বিজ্ঞান ভিত্তিক আইন আমরা আনতে যাচ্ছি, আমি একথা বলব প্রত্যেকে সহযোগিতা করেছেন, তখন

আজকে কেন যেন হঠাৎ হাউস অ্যাডজোর্ন করতে চেয়েছেন, আলোচনায় বিঘ্ন ঘটাতে চেষ্টা করছেন। আমরা এবারে সরকারে আসার আগে সাধারণ মানুষের কাছে বলেছি যে ১৫ বিঘা জমির খাজনা মকুব করে দেব। ক্ষমতায় আসার পর মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী ঘোষণা করেছেন যে ১৮ বিঘা জমির খাজনা লাগবে না। কেন বলেছিলেন, না, আমরা ক্ষেত-মজুর, ছোট চাষী, বর্গাদারের কথা বেশি চিন্তা করেছিলাম। সরকার কেন সেকথা বলেছিলেন সেটা বুঝতে হবে। আমরা একথা বুঝি আজকে যারা ১৮ বিঘা জমির মালিক যদি তাদের চরিত্রে ক্ষেত-মজুরকে ঠকাবার চিন্তা না থাকে, যদি বর্গাদারদের উচ্ছেদ করার উদ্দেশ্য না থাকে তাহলে ১৮ বিঘা জমি একজন কৃষক চাষ করে তিনি তাঁর সংসারকে যেভাবে প্রতিপালন করেন, যেভাবে তাঁর ছেলেমেয়ের অসুখে ওষুধের ব্যবস্থা করেন, তাদের পড়াশুনার ব্যবস্থা করেন তাতে তাঁর সেই আয়কে আমরা বৃহৎ চাষীর আয় বলে মনে করি না, তাঁকে আমরা গরিব চাষী বলে মনে করি। সেজন্য বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে ১৮ বিঘা জমির খাজনা মকুব করেছিলেন। *সুতরাং আজকে যে আইনটা এসেছে সেই আইনের ক্ষেত্রে প্রথমে বিলটা যেভাবে এসেছিল তাতে ফার্ম হোল্ডিং-এর ক্ষেত্রে বলা হয়েছিল* "farm holding" means total land (including any land which may be lying fallow or unutilised for the time being) held by a raiyat and ordinarily used for the purpose of agriculture or horticulture and treated as a unit for assessment of revenue under this Act, but does not include homestead or tank.

এটাকে বদল করে সিলেক্ট কমিটির মাধ্যমে যে সংশোধন এসেছে সেই সংশোধনীতে ফার্ম হোল্ডিং-এর জায়গায় এসেছে ল্যান্ড হোল্ডিং। "Land holding" means total land of every description held by a raiyat.

আমরা গোটা জমির মূল্য ধরতে গিয়ে মোট জমির যে মূল্য তার ১০ শতাংশ রেটেবল ভ্যালুর মধ্যে এনেছি এবং তার উপর ট্যাক্স করতে যাচ্ছি। মাননীয় সদস্য বিশ্বনাথবাবু, জয়নাল আবেদিন সিলেক্ট কমিটির মেম্বার ছিলেন। বিশ্বনাথবাবু নোট অব ডিসেন্ট দিয়েছেন, জয়নাল আবেদিন দেননি—ভাল কথা তিনি নোট অব ডিসেন্ট দেননি। তাঁরা যে নোট অব ডিসেন্ট দিয়েছেন তাতে তাঁরা বলেছেন মূল উদ্দেশ্য নষ্ট হয়ে গেছে। একথা ঠিক নয় যে, জমিতে ফসল বেশি ফললেই জমির মূল্য বেড়ে যায়। দেখতে হবে ওই জমির আশেপাশে গ্রামগঞ্জ কতদূরে রয়েছে, অন্যান্য সুযোগ-সুবিধা কি কি রয়েছে এবং তার উপরেই কৃষি পণ্যের দাম নির্ভর করে। স্যার, আমরা এটুকু বুঝেছি যে, জমির মূল্যকে ভিত্তি ধরলে কৃষকের উপর অন্যায় করা হবে না এবং তার থেকে যে সিদ্ধান্ত আমরা নিয়েছি সেটা সঠিক হয়েছে। রেটেবল ল্যান্ড যেটা টেন পারসেন্ট এসে দাঁড়াচ্ছে সেখানে খাজনার হার দু'পয়সা ১ হাজার টাকা পর্যন্ত। জমির উপর থেকে সরকার আয় বাড়াবার চেষ্টা করছেন, কিন্তু ভূমি রাজস্বমন্ত্রী ভালভাবেই জানেন যে, এই ট্যাক্স আদায় করতে গিয়ে কি বিপুল পরিমাণ অর্থ ব্যয় হয়ে যাচ্ছে এবং অনেক সময় দেখা যায় তহশীলদাররা তাঁদের বেতন পর্যন্ত পান না। আমি মানি তহশীলদারদের যদি পেট না ভরে তাহলে তারা অন্যভাবে পয়সা আয় করবার চেষ্টা করবে। আমরা এমন কোনও আশ্বাস পাইনি যে, এইভাবে আমাদের আয় কি দাঁড়াবে এবং ছাড় দেবার ফলে কি অবস্থা হবে। আমরা দেখেছি ইতিমধ্যে বহু কৃষক শুধুমাত্র খাজনার দায়ে জমি থেকে উচ্ছেদ হয়ে গেছে, জমির মালিকানা হস্তান্তর হয়ে গেছে। অবশ্য এটা আমরা বন্ধ

করতে পেরেছি। আমরা শুনেছি আগামীকাল বেলা ১১টা পর্যন্ত অ্যামেন্ডমেন্ট দেওয়া যাবে। এখনও পর্যন্ত কোনও অ্যামেন্ডমেন্ট নাকি আসেনি, অ্যামেন্ডমেন্ট এলে এ সম্পর্কে আলোচনা হবে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে বক্তব্য রাখছি এবং সিলেক্ট কমিটিতেও একথা বলেছিলাম যে, ৪ একর পর্যন্ত জমির যারা মালিক তাদের কোনও রিটার্ন দিতে হবে না। একথা মূল বিলে ছিল যখন কিনা জমির উৎপাদনের উপর মূল আইন করবার কথা ছিল। এখানে একটা জিনিস আমাদের লক্ষ্য করতে হবে গোটা পশ্চিমবাংলায় এই ৪ একর কিন্তু এক রকম নয়। পুরুলিয়ার ৪ একর, দার্জিলিংয়ের ৪ একর এবং জলপাইগুড়ি জেলার ৪ একর কিন্তু এক জিনিস নয় এবং জমির দামও এক নয়। নতুনভাবে যে বিল এসেছে তাতে আমি আপনাদের কাছে আবেদন করব এই বিলের ১১ ধারায় যে কথা বলা হয়েছে তাতে রিটার্ন দেবার প্রশ্ন এসেছে এবং সেখানে বলা হয়েছে, "Where no return has been filed by a raiyat and in the opinion of the assessing authority the extent of the land holding is four acres or more".

আমি এই জায়গায় ভূমি রাজস্বমন্ত্রীকে অনুরোধ করব আপনি একটা কথা জুড়ে দিন। আমরা জানি সব জায়গায় জমির দাম এক নয় এবং বিশেষ করে শহর এলাকায়, গঞ্জ এলাকায় এবং ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টের বাইরে যে সমস্ত জমি রয়েছে সেই জমির দাম বেশি। ৪ একরে নাহলেও ২/৩ একরে ৫০/৬০ হাজার টাকা দাম হতে পারে। সেইজন্য আমি বলব ১০ ধারাতে আপনি অ্যামেন্ডমেন্ট আনার চেষ্টা করুন।

In every case where the extent of the land holding of a raiyat is four acres or more and the value of his land holding is Rs. 50,000 or more, it may require the raiyat, by giving notice in the prescribed form, to file a return of his land holding within a period of sixty days from the date of receipt of such notice.

[5-05—5-17 P.M.]

নোটিশ যেভাবে আছে। এটা আনতে চাইছি এই কারণে কোনও সময়ে অ্যাসেসিং অথারেটি যদি মনে করেন যে চার একর একটি লোকের জমিতে রেটিং দেননি সে আর এই আইনের আওতায় আসবে না। যদিও জমির মূল্য তার অনেক বেশি—সে এলাকাতে জমির খাজনা ধরা দরকার, শুধুমাত্র সমতা আনবার জন্য খাজনা আদায়ের কথা বলছি না—এই আইনে পরিষ্কার বলে দিয়েছে যে পশ্চিমবাংলায় এই সরকার শুধুমাত্র কৃষকদের কাছ থেকে খাজনা নেবার জন্য এই আইন আনেনি। আইনটা এনেছেন পুঁজিবাদের যেটুকু অবশেষ আছে আর এই পুঁজিবাদি সংবিধানের মধ্যে থেকে আমাদের যেভাবে কাজ করতে হয় সে কথাটা মনে রেখে এই আইনটি আনতে হয়েছে, অনেক দিক লক্ষ্য রেখে অনেক কিছু করতে না পারার কথাটা চিন্তা করে। সেদিক থেকে আমি একথা বলব যে গ্রামের একজন সাধারণ কৃষক সে কথা মনে করতে না পারে যে আমার অল্পকিছু জমির মালিকানা যার মূল্য সে রকম নয়—এর চাইতে কুচবিহার শহরে কিংবা জলপাইগুড়ি শহরে কিংবা একটা গঞ্জে কিংবা হাওড়ার মতো এলাকাতে, হাওড়া শহর এলাকাতে এই সমস্ত জায়গাতে সরকার ভূমিরাজস্ব দপ্তর জমির বাবদ কোনও খাজনা দিচ্ছেন না। এই একটি মনোভাব গ্রামাঞ্চলে

লোকের মনে না হয় সেই জন্য আমি বলব এই রকম একটা কথা—এই রকম একটা আইনের সুযোগ এই আইনের ভিতর রাখা উচিত এবং সেটাকে রাখা যায় যদি মাননীয় মন্ত্রী মহাশয় একটু বিচার করেন। আর একটি সাজেশন, রুলস তৈরি হবে, রুলস তৈরি হবার পূর্বে আমাদের লক্ষ্য রাখতে হবে যে এই আইন যেন সাধারণভাবে কৃষকের উপর যেন অত্যাচারের ভূমিকা না নেয়, এবং সেক্ষেত্রে সেচ এলাকায় চার একরের ভূমির মালিক আর অসেচ এলাকায় ছয় একরের জমির মালিক এই কথাটাকে আমার মনে হয়—আমাদের মনে রাখা দরকার বিশেষ করে বামফ্রন্ট সরকার তার নির্বাচনের আগে ৩৬ দফা কর্মসূচির মধ্যে দিয়ে ৫ একর পর্যন্ত জমির খাজনা মকুবের কথা বলেছিলেন। সরকার পরবর্তীকালে ১৮ বিঘা পর্যন্ত জমির মালিকদের খাজনা মকুব করে দিয়েছেন। সেই অংশের কৃষকদের মধ্যে বিরাট আশা, প্রত্যাশা সৃষ্টি হয়েছিল তা যেন অব্যাহত রাখতে পারি। তারজন্য সামান্যতম কিছু কিছু সংশোধন, কিছু কিছু সংশোধনের আবেদন রেখে এই বিলকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Statement under Rule 346

**মিঃ স্পিকার ঃ** আজকে এই পর্যন্ত আলোচনা স্থগিত থাকল। এখন খরার উপরে কৃষির দিক থেকে যে অবস্থা তার উপরে মাননীয় মন্ত্রী শ্রী কমলকান্তি গুহ মহাশয় একটি বিবৃতি দেবেন।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার খরার যে অবস্থা হয়েছে তাতে ৫০ ভাগ আমনের চাষ এ পযন্ত হয়েছে বলে আমাদের কাছে খবর এসে পৌঁছেছে। কিন্তু বৃষ্টির এমন স্বল্পতা যে চারা রোপন করা হয়েছে সে চারাও শেষ পর্যন্ত টিকে থাকবে কিনা সে সন্দেহ আমাদের মধ্যে দেখা দিয়েছে। খরার অবস্থা লক্ষ্য করে আমরা কয়েকটি ব্যবস্থা গ্রহণ করেছি, স্বল্প মেয়াদী ব্যবস্থা ৩ কোটি ৮ লক্ষ টাকার বিভিন্ন বীজ সার প্রভৃতি মিনিকিট-এর ব্যবস্থা হয়েছে। কমিউনিটি নার্সারি ৩০ লক্ষ টাকা বা বীজতলা তৈরি করে চাষীদের মধ্যে বিতরণের ব্যবস্থা হয়েছে। এ টাকায় মোট ৭ হাজার ৫০০ একর জমিতে বীজতলা প্রস্তুত করা হয়েছে। পাটের চারা উন্নতির জন্য মোট ৩৫ লক্ষ টাকা ইউরিয়া সার বিনা মূল্যে কৃষকদের মধ্যে বিলি করা হয়েছে।

[5-17—5-25 P.M.]

এখন পর্যন্ত ৭ কোটি টাকার উপকরণ বিতরণ করার ব্যবস্থা করা হয়েছে, এবং সরকারের যে আগের নিয়ম ছিল যে যারা ডিফল্টার তারা লোন পাবে না সেই অবস্থা আমরা শিথিল করে দিয়েছি। খরার অবস্থা লক্ষ্য করে যারা ডিফল্টার তারাও এবার লোন পাবে। গম ও অন্যান্য ভাল তৈলজাত বীজ যাতে পর্যাপ্ত পরিমাণে পাওয়া যায় তার ব্যবস্থা নেওয়া হয়েছে। কারণ আমন চাষ যদি নষ্ট হয়ে যায় তাহলে কৃষককে তার বিকল্প চাষে যেতে পারে এবং সেইজন্য গম, ডাল, শস্য ও তৈলজাত বীজের উপর আমরা জোর দিয়েছি। এই সঙ্গে ব্যাপকভাবে মিনি কিট দেওয়া হবে, লোন দেওয়া হবে। দীর্ঘমেয়াদীতে, আমরা দেখেছি আবহাওয়া পরিবর্তন হয়ে যাচ্ছে, খরা প্রকল্পে আমরা আশা করছি শুধু এই বৎসরই নয় সামনের কয়েক বৎসর এই অবস্থা থাকতে পারে সেই জন্য ক্ষুদ্র সেচের উপর আমরা

খুব জোর দিয়েছি। জলপাইগুড়ি, কুচবিহার জেলার যারা গরিব কৃষক যাদের ৮ শতটি নলকূপ বিনা পয়সায় দেওয়া হবে। এক একটার খরচা পড়বে ৫ শত টাকা। এর সঙ্গে সঙ্গে মেদিনীপুর, ঝাড়গ্রাম অঞ্চলে, তারপর পুরুলিয়া এবং ব্যাপক অঞ্চলে ব্যাপকভাবে বিনা মূল্যে অর্থাৎ সরকার থেকে খরচ করে কৃষকদের কুয়া করে দেওয়া হবে যাতে ব্যাপকভাবে সেচের ব্যবস্থা করা যায় এবং পুষ্করিণী, ট্যাঙ্ক ইরিগেশনের যে আইন আছে সেই আইনকে শিথিল করে, পরিবর্তন করে আমরা ভূমি সংস্কার দপ্তরের সাথে এই নিয়ে অফিসার পর্যায়ে আলোচনা শুরু হয়েছে, মন্ত্রী পর্যায়ে আলোচনা করে ট্যাঙ্ক ইরিগেশনের যে আইন আছে জমির উপর সেটা পরিবর্তন করব। আমরা পশ্চিমবঙ্গে ব্যাপকভাবে ট্যাঙ্ক ইরিগেশনের মাধ্যমে, ট্যাঙ্ক ইম্প্রুভমেন্টের মাধ্যমে যাতে আমরা কৃষককে জল দিতে পারি সেই দিকে আমরা লক্ষ্য রেখে কাজ শুরু করেছি। এতদিন ক্ষুদ্র সেচ নিগমের মাধ্যমে, মাইনর ইরিগেশন কর্পোরেশনের মাধ্যমে গভীর নলকূপ এবং রিভার লিফ্‌ট দেরি হত, খরা অবস্থা রক্ষা করে আমরা সরকারি মাইনর ইরিগেশনের দপ্তর থেকে ৫ কোটি টাকার গভীর নলকূপ এবং রিভার লিফ্‌ট তৈরি করছি। এই দুটি মিলিয়ে প্রায় ৮ শতটি গভীর নলকূপ এবং রিভার লিফ্‌ট আমরা পুজার পর থেকে শুরু করতে পারব বলে আশা করছি। এছাড়া কতকগুলি অঞ্চলের বিশেষ করে পার্বত্য অঞ্চলে, তরাই অঞ্চলে, উত্তরবঙ্গের কয়েকটি অঞ্চলে যেমন মালদহ, পশ্চিমদিনাজপুর, শিলিগুড়ি, জলপাইগুড়ি, কুচবিহার, বীরভূমের কিছু অংশ, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, এইসব অঞ্চলে যাতে ব্যাপকভাবে মাইনর ইরিগেশনের সুযোগ কৃষকরা পায় সেই জন্য আমরা ঠিক করেছি আগে যে নিয়ম ছিল যে দুই হেক্টর পর্যন্ত যাদের জমি আছে তাদের সাবসিডি দেওয়া হত আমরা সেই আইনটাকে শিথিল চার হেক্টর পর্যন্ত যাদের জমি আছে তাদের আমরা সাবসিডি দেব যাতে প্রত্যেকটি কৃষকই, ছোট, ক্ষুদ্র ও মাঝারি ধরনের কৃষক এই সুযোগ গ্রহণ করতে পারে। স্যার, এই অবস্থা দাঁড়িয়েছে, তাছাড়া কৃষি দপ্তর থেকে বড় বড় পাম্প মেশিন দিয়ে, ২৪ হর্স পাওয়ার, ২৫ হর্স পাওয়ার, ২০ হর্স পাওয়ার, ৫ হর্স পাওয়ার, পাম্প মেশিন দিয়ে আমরা কয়েকটি জায়গায় জল উত্তোলন করে কৃষককে আমন চাষের জন্য সুযোগ-সুবিধা করে দেবার ব্যবস্থা করেছি এবং এর জন্য কৃষককে কোনও পয়সা খরচ করতে হবে না, রাজ্য সরকার সমস্ত খরচ বহন করবে। যেমন দক্ষিণ ২৪ পরগনা, বর্ধমানের কয়েকটি এলাকায় এবং মেদিনীপুরের কয়েকটি এলাকায় এই কাজ আমাদের শুরু হয়েছে বা কয়েকটি জায়গায় শুরু হবে।

মোটমুটি এই ব্যবস্থা আমরা গ্রহণ করেছি। আরও আমরা চিন্তা করছি বিকল্প চাষ হিসাবে কৃষককে যে সুযোগ-সুবিধাগুলি দেওয়া হবে তার বাজার যাতে পাওয়া যায়। যেটুকু ফসল হবে তার যেন ন্যায্য দাম কৃষকরা পান। এই ব্যবস্থার কথা চিন্তা করে ঠিক করেছি। রাজ্য সরকারের তরফ থেকে তৈলবীজ, ডাল, গম ২৫ পারসেন্ট সাপোর্ট প্রাইসে কিনব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আর পাটের কি হল?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** পাটের কথা এখনও ভাবিনি। কারণ সময় চলে গিয়েছে। আগামী বছর যাতে তা করা যায় তার চেষ্টা করব।

## Adjournment

The House was then adjourned at 5.17 P.M. till 1 P.M. on Wednesday, the 29th August, 1979 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 29th August, 1979 at 1.00 p.m.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair. 18 Ministers, 5 Ministers of State, and 196 Members.

[1-00 – 1-10 P.M.]

### Starred Questions
### (to which oral answers were given)

**পশ্চিম দিনাজপুরে হস্তচালিত শিল্প**

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিম দিনাজপুর জেলার পল্লী অঞ্চলের অনেক লোক নিজস্ব হস্তচালিত শিল্পের মাধ্যমে পাটের "ধোক্‌রা, ব্যাগ, বস্তা" প্রভৃতি তৈরি করে সংসারের কিছু পরিমাণ ব্যয় নির্বাহ করেন; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত হস্তচালিত শিল্পের সংখ্যা কত?

**শ্রী চিত্তব্রত মজুমদার :**

(ক) হ্যাঁ, অবগত আছেন।

(খ) কুটীর ও ক্ষুদ্র শিল্প অধিকারের সহিত নিবন্ধযুক্ত শিল্পের সংখ্যা ১৪৩।

(At this stage Shri Deo Prakash Rai rose in his seat and began shouting)

**Mr. Speaker :** Shri Rai, please take your seat allow the business of the House to proceed.

**শ্রী সরল দেব :** স্যার, রোজই কি একই জিনিস ঘটবে? হাউসে ডেকোরামের একটা প্রশ্ন তো আছে।

**Shri Deo Prakash Rai :** Before the House proceeds I wish to raise some parliamentary questions.

**শ্রী হাসিম আব্দুল হালিম :** স্যার, আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, এই হাউসের একটা ডেকোরাম আছে, রুলস আছে সেটা আমরা সকলেই জানি। মিঃ রাই কি

অবস্থায় আছেন আমি জানিনা কিন্তু কালকে থেকে যা দেখছি তাতে আপনাকে অনুরোধ করব, আপনি একটা ব্যবস্থা করুন যাতে হাউস চালাতে পারা যায়। উনি হয় সেটা মানবেন, না হয় মানবেন না কিন্তু এ জিনিস তো চলতে পারে না।

**Mr. Speaker :** Mr. Rai, if you do not sit down I shall have to call the Marshal.

**Shri Deo Prakash Rai :** You call the Marshal and drive me out.

**Mr. Speaker :** Marshal, you go and take him out.

(Accordingly the Marshal proceded towards the seat of Shri Deo Prakash Rai. Meanwhile several other honourable members persuaded Shri Rai to sit and keep silence and they also requested the Hon'ble Speaker not to press for taking Shri Rai out.)

**মিঃ স্পিকার ঃ** এখন ধীরেনবাবু আপনার সাপলিমেন্টারি করুন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, উক্ত হস্তচালিত শিল্পের মালিকগণ কোনও সরকারি সাহায্য পান কিনা?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** সরকারি সাহায্য পান কুটির ও ক্ষুদ্রশিল্প দপ্তর থেকে। এ পর্যন্ত এঁরা ২৭ হাজার ৬২৫ টাকা অনুদান হিসাবে পেয়েছেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই সরকারি সাহায্য পাবার নিয়মটা কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আর্টিজেন হিসাবে সরকারি সাহায্য তাঁরা পেতে পারেন। লোন বা আর্টিজেন গ্র্যান্ট হিসাবেও তাঁরা পান। এ ছাড়া একটা ট্রেনিং সেন্টার আমরা চালিয়েছি, সেই ট্রেনিং সেন্টার থেকে যারা ট্রেনিং নিয়ে বেরিয়ে এসেছেন তাদের নিয়ে সমবায় সমিতি গড়ে তোলা হয়েছে। এই সমবায় সমিতির ব্যাপারেও সাহায্য দিচ্ছি। এখন বর্তমানে আমাদের দপ্তর ছাড়াও আদিবাসী উন্নয়ন দপ্তর, তারাও কিছু কাজ করছেন, খাদি ও গ্রামীণ শিল্প দপ্তরও বুনিয়াদপুরে একটি সংস্থাকে আর্থিক সাহায্য দিচ্ছেন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কুটির ও ক্ষুদ্র শিল্প অধিকারের সহিত নিবন্ধযুক্ত শিল্পের সংখ্যা কি ভবিষ্যতে বাড়াবার পরিকল্পনা আছে?

[1-10 – 1-20 P.M.]

**শ্রী আবদুল হাসিম হালিম ঃ** মিঃ স্পিকার স্যার, হাউসের তো একটা ডেকোরাম আছে, এবং তাকে রক্ষা করার জন্য রুলসও আছে। আপনাকে হাউসের সেই ডেকোরাম রক্ষা করতেই হবে।

**Mr. Speaker :** I am acting according to the rules but the other friends are trying to intervene.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি বিরোধী পক্ষের সদস্য, আমরা

সকলে মিলে ওঁকে পারসুয়েট করার চেষ্টা করছি। আপনি দয়া করে আর মারশ্যাল ডাকার দিকে যাবেন না এই অনুরোধ আপনাকে জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** না ডেকে তো উপায় নেই। আপনারা তো চেষ্টা করছেন। কিন্তু দেখছেন তো কি অবস্থা।

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমাদের মোট কর্মী সংখ্যা হচ্ছে ৫০৪ জন যা আমাদের দপ্তরে নিবন্ধযুক্ত এবং ১৪৩টি সংস্থায় নিযুক্ত রয়েছেন ৪২৯ জন। এখনও পর্যন্ত অল্প সংখ্যক বাইরে আছেন। নিশ্চিতভাবে আমরা এই সমস্ত কর্মীদের সংস্থার ভিতর যুক্ত করে সাহায্য দেবার চেষ্টা করব।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে তারা যে সমস্ত জিনিস তৈরি করে সরকারি ভাবে সেগুলি ক্রয়ের কোনও ব্যবস্থা আছে কিনা?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** কিছু কিছু ব্যবস্থা আছে এবং এগুলি ক্রয় করে থাকেন হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট করপোরেশন। অবশ্য সমস্তটা এখনও কেনা সম্ভব হচ্ছে না।

### কুশমণ্ডী থানায় "মহাটোর বিল" এলাকায় ফসল নষ্ট

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, প্রতি বছর পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডী থানার ''মহাটোর বিল''-এর ফসল বর্ষার সময় অত্যধিক জলস্ফীতির ফলে নষ্ট হয়ে যায়; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত জলস্ফীতি কবলিত জমির মোট পরিমাণ কত?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) সাধারণ জলস্ফীতির ফলে প্রতি বছর উক্ত বিলের ফসল নষ্ট হয় না। শুধুমাত্র যে বছর বন্যার প্রকোপ খুবই বেশি হয় সে বছর বিলের ফসল নষ্ট হয়।

(খ) যে বছর বন্যার প্রকোপ খুবই বেশি হয় সে বছর জলস্ফীতি কবলিত ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ আনুমানিক তিন বর্গ মাইল।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে যে বছর বন্যায় প্লাবিত হয় সেই বছরে সেই জল বের করে দেবার কোনও ব্যবস্থা সেচ দপ্তরের আছে কিনা বা সেই ধরনের কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এই ব্যাপারের কথা আমরা জানি। অনেক সময় ক্ষতিগ্রস্ত হয়। তবে আমরা এ ব্যাপারে এখনও পর্যন্ত কোনও পরিকল্পনা গ্রহণ করতে পারি নি। তবে শীঘ্রই পরিকল্পনা গ্রহণ করা হবে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** এই ক্ষতির পরিমাণ আর্থিকভাবে কত?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এর পরিমাণ হচ্ছে ১৬ লক্ষ টাকা।

**কুশমণ্ডী প্রাইমারি হেলথ সেন্টারের জন্য জমি অধিগ্রহণ**

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** ভূমি সদ্ব্যবহার এবং সংস্কার এবং ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডী থানার কুশমণ্ডী প্রাইমারি হেলথ সেন্টার-এর জন্য মোট কত পরিমাণ জমি কবে অধিগ্রহণ করা হইয়াছিল; এবং

(খ) এই অধিগৃহীত জমির জন্য কোনও ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে কিনা; এবং

(গ) উত্তর 'হ্যাঁ' হইলে, কত টাকা দেওয়া হইয়াছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) মোট ৫.৬০ একর জমি ২৩/১১/১৯৬৬ তারিখে অধিগ্রহণ করা হয়েছিল

(খ) না।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি প্রথমেই এই প্রশ্ন দেবার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। ১৩ বছর আগে অধিগ্রহণ করা হয়েছে তার পর ১১ বছর কি হল জানি না। আমরা এই ২ বছর এর জন্য দায়ী। প্রশ্নটি যদি আগে দিতেন তাহলে আরও ভাল হত। যা হোক এ ব্যাপারে আমরা ব্যবস্থা নিচ্ছি। স্বাস্থ্য দপ্তরকে আমি ব্যবস্থা নেবার জন্য জানিয়েছি।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার নজরে আনছি। আপনার দপ্তর থেকে গভর্নমেন্টের বিভিন্ন দপ্তরে সদস্যদের প্রশ্নগুলো যায়, কিন্তু কোনও উত্তর পাওয়া যায় না। এই জিনিস প্রত্যেকবারেই দেখা যায়, গুরুত্বপূর্ণ বিষয় যেগুলোর উত্তর আমরা পাই না, হাউস শেষ হয়ে যায়। তারপরে হয়ত লিখিত জবাব আসে। তাতে স্যাটিসফ্যাক্টরি উত্তর থাকে না, আমরাও সাপ্লিমেন্টারি করে কিছু জানতে পারি না, মন্ত্রী মহাশয়ের কাছ থেকে। সুতরাং আপনি বিভিন্ন দপ্তরে অনুগ্রহ করে চিঠি দিয়ে জানান যাতে উত্তরগুলো তাড়াতাড়ি আসে। আজকে মাত্র তিনটি প্রশ্নের উত্তর এসেছে। কালকেও মাত্র কয়েকটি ছিল।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মিঃ স্পিকার স্যার, যে সব গুরুত্বপূর্ণ প্রশ্ন আমরা দিই, সেই সব প্রশ্নের উত্তর আমরা হাউসে পাইনা ওরাল অ্যানসার হিসাবে। সুতরাং আপনি ব্যবস্থা করুন যাতে সেইগুলো পরের বারে আসে। কারণ এইগুলো ডেলিবারেটলি গভর্নমেন্টের তরফ থেকে করা হচ্ছে, কারণ সাপ্লিমেন্টারি করলে গভর্নমেন্টের অনেক খারাপ জিনিস বেরিয়ে পড়বে। এটা ডেলিবারেটলি হচ্ছে, আপনার মাধ্যমে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার ঃ** আমার দপ্তরের কাজ হচ্ছে প্রশ্নগুলো দপ্তরে দপ্তরে পাঠিয়ে দেওয়া, উত্তর না এলে আমি কি করতে পারি। তবে আপনারা যখন বলছেন তখন এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করতে পারি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে নিবেদন করতে চাই, আপনি যা বললেন তাতে সবটার মীমাংসা হয় না। রুলসে স্পেসিফিক ভাবে আছে ১২ দিনের মধ্যে গভর্নমেন্ট উত্তর দিতে বাধ্য যদি সঙ্গত কারণ না থাকে। আপনি যদি এই প্ল্যান নেন যে আপনার করণীয় কিছু নেই তাহলে বিরোধী পক্ষ অসহায়। সেই জন্য আপনি আপনার দায়িত্ব এড়াতে পারেন না। গভর্নমেন্টের রিজিনেব্‌ল গ্রাউণ্ডস অ্যাকসেপ্টেব্‌ল টু দি হাউস, এই কারণে উত্তর দেওয়া সম্ভব হয়নি, তা না হলে গভর্নমেন্ট উত্তর দিতে বাধ্য। এটাই হচ্ছে কনভেনশন, ট্রাডিশন। দিস ইজ মাই সাবমিশন।

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী কিরণময় নন্দ ও অপর সাতজন সদস্য, রজনীকান্ত দোলুই ও শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয়ের কাছ থেকে তিনটে মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী নন্দ ও অপর সাতজন সদস্য পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার অবনতির বিষয়ে আলোচনা করতে চেয়েছেন। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। কাজেই এ বিষয়ে কোনও মুলতুবি প্রস্তাব আনা যায় না।

দ্বিতীয় প্রস্তাবে শ্রী দোলুই পশ্চিমবঙ্গে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধির কথা আলোচনা করতে চেয়েছেন। আগামী ৩১শে আগস্ট এ বিষয়ে আলোচনার জন্য ১৮৫ নং নিয়মানুযায়ী একটি প্রস্তাব অনুমোদিত হয়েছে। ঐ প্রস্তাবে আলোচনাকালে সদস্য মহাশয় তাঁর মুলতুবি প্রস্তাবের উল্লিখিত বিষয়ের অবতারণা করতে পারেন।

তৃতীয় প্রস্তাবে শ্রী মৈত্র উত্তরবঙ্গে খরা এবং বন্যা পরিস্থিতির কথা আলোচনা করতে চেয়েছেন।

এই বিষয়ে মন্ত্রী গতকাল একটি বিবৃতি দিয়াছেন। উপরন্তু প্রাকৃতিক দুর্যোগ হইতে উদ্ভুত পরিস্থিতি কোনও মুলতুবি প্রস্তাবের বিষয়বস্তু হতে পারে না।

তাই আমি তিনটি মুলতুবি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। '

তবে সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত অংশগুলো পড়তে পারেন।

[1-20 – 1-30 P.M.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—

পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক, বিভিন্ন কার্যকলাপের মাধ্যমে জনমনে বিভীষিকা গড়ে তোলা হচ্ছে। গত ৫, ৬ ও ৭ই জুলাই তিন দিন ধরে কাঁথি থানার ভাজাচাউনী অঞ্চলে একটি রাজনৈতিক দলের কর্মীরা বাড়ি বাড়ি লুঠতরাজ চালায় এবং কয়েকটি পরিবারের সর্বস্ব লুণ্ঠন করে। গত দু মাসে শুধু কলকাতা শহরেই ১৬টি ডাকাতি

হয়েছে। গ্রামবাংলায় ঘটছে অসংখ্য ডাকাতি ও নির্যাতনের ঘটনা। পশ্চিম বাংলায় শান্তিকামী নাগরিকদের মনে নিরাপত্তার প্রশ্ন দেখা দিয়েছে। এই পরিস্থিতিতে ডিসেম্বরের অন্তবর্তীকালীন নির্বাচন পশ্চিমবাংলায় অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে হবে কিনা সে বিষয়ে যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সম্পর্কে আলোচনার জন্য আজকের বিধান সভার অধিবেশন সাময়িক মুলতুবি রাখা হোক।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—

পশ্চিমবঙ্গে নিত্যব্যবহার্য জিনিসপত্রের মূল্য বৃদ্ধির জন্য প্রতিটি জিনিস সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। সম্প্রতি পি. টি. আই-এর এক সমীক্ষায় জানা যায় পাইকারি দর ১০% বেড়েছে যা কিনা ৭৩ সালের পর এত অল্প সময়ে বাড়েনি। গ্রামাঞ্চলে কেরোসিন তেল ৩ টাকা লিটার। লবণের দাম ১ টাকায় গিয়ে পৌঁছেছে। সব্জীর বাজারে আগুন। চালের দামও বিভিন্ন জায়গায় ৩$\frac{১}{২}$ টাকায় উঠেছে। কালোবাজারির ও মুনাফাখোরদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। তাই অবিলম্বে বিধানসভার যাবতীয় কাজ বন্ধ রেখে অত্যাবশ্যকীয় পণ্যের মূল্য বৃদ্ধিজনিত পরিস্থিতি নিয়ে আজ বিধানসভায় আলোচনা হোক। নির্বাচনের আগে এই মূল্যবৃদ্ধিতে আশংকা হচ্ছে যে, ব্যবসায়ীদের এই বাড়তি মুনাফার একটা অংশ আগামী নির্বাচনে রাজনৈতিক দলগুলোর তহবিলে যাবে।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—

সমগ্র উত্তরবঙ্গে ক্রমাগত অভূতপূর্ব খরা চলিতে থাকায় এবং মহানন্দা মাস্টার প্ল্যানের বাইরের অসংরক্ষিত বন্যা দেখা দেওয়ায় সমগ্র গ্রামীণ অর্থনীতি ভাঙ্গিয়া পড়িয়াছে। বহুলোক অনাহারে দিন কাটাইতেছে। অন্তত একজনের মৃত্যু সংবাদ পাওয়া গিয়াছে—অনেকে মৃত্যুর সহিত লড়াই করিয়া কোনও প্রকারে এখনও বাঁচিয়া আছে। ইহা স্বাধীনোত্তর পশ্চিমবঙ্গের অভূতপূর্ব খরা। কাজেই ইহা আজই বিধানসভায় আলোচনা বিশেষ প্রয়োজন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্যার, আমি আপনাকে অনুরোধ করব যে, 'ল অ্যাণ্ড অর্ডারের পরিস্থিতি নিয়ে আলোচনা করার সুযোগ আমাদের এবারের অধিবেশনে নেই, সেই জন্য এই বিষয়টির উপর যে প্রস্তাব আজকে এখানে দেওয়া হয়েছে সেটি আমাদের আলোচনা করবার সুযোগ দিন।

**অধ্যক্ষ মহোদয় ঃ** আপনারা প্রস্তাব দিন, শুক্রবারে প্রাইভেট মেম্বারস ডে আছে, সে দিন আলোচনা করতে পারবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে অর্ডার পেপার সার্কুলেট করেছেন তাতে দেখছি আপনি ১৮৫ মোশান অ্যাকসেপ্ট করেছেন শুক্রবার আলোচনার জন্য। সরকারের পক্ষে এই জাতীয় গুরুত্বপূর্ণ প্রস্তাব পেশ করা উচিত হয়নি। বামফ্রন্ট

সরকার বিরোধী দলের সঙ্গে কোনও বিষয়ে কখনও কোনও আলোচনা করেনি এবং না করে এই জাতীয় প্রস্তাব বিধানসভায় উত্থাপিত করা হয়েছে। এই জাতীয় প্রস্তাব আমাদের সাথে পরামর্শ না করে এই হাউসে উত্থাপিত করার এক্তিয়ার আপনার আছে। আমি সরকার পক্ষের কাছে অনুরোধ করতে পারি এই জাতীয় প্রস্তাব বিরোধী পক্ষের সাথে পরামর্শ করা উচিত। এখানে এই মোশানে অনেক লম্বা চওড়া প্রস্তাব আনা হয়েছে। কিন্তু আমার কথা হচ্ছে আমাদের সুযোগ কোথায়? আমরা অতীতে দেখেছি ১৮৫ মোশান দিয়েছি কিন্তু অ্যাকসেপ্ট হয়নি। সরকার পক্ষ বিধানসভা বসার সঙ্গে সঙ্গেই ১৮৫ মোশান এমন একটা ইস্যু এমন একটা ন্যাশনাল ইস্যু নিয়ে এসেছেন যেটা আমাদের বক্তব্য সরকারপক্ষের শোনার প্রয়োজন আছে বলে মনে করি। মোশান এবং রেজুলিউশনের মধ্যে তফাৎ আছে। মোশান ইজ অবলিগেটরি ফর গভর্নমেন্ট অ্যাণ্ড রেজলিউশন ইজ অপশন্যাল ফর দি গভর্নমেন্ট। আমরা এটা আশা করিনি। আপনি স্পিকার হিসাবে দেখবেন যে, কোনও বিরোধী পক্ষের সঙ্গে পরামর্শ করা হবে না? সুতরাং আমার অনুরোধ এটা প্রত্যাহার করে নিন।

**মিঃ স্পিকার ঃ** হঠাৎ করে যদি উত্থাপন করেন তাহলে কি হবে?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** পরশুদিন বিধানসভার অধিবেশন বসেছে, আর আজকে আমরা এই জাতীয় ১৮৫ মোশান পেয়েছি। আমরা সৌজন্য এবং নিরপেক্ষ রুলিং আপনার কাছ থেকে আশা করি এবং বিরোধী পক্ষের সাথে কনসালটেড হবে এইটাই ট্রাডিশন এবং কনভেনসন্স, সরকার পক্ষকে অনুরোধ করব এই প্রস্তাব পেশ না করে বিরোধী দলের সঙ্গে আলোচনা করে সর্বসম্মত প্রস্তাব নিয়ে আসা হোক।

**মিঃ স্পিকার ঃ** বিরোধী পক্ষকে বলা হচ্ছে আপনারাও প্রস্তাব দেবেন।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব সম্পর্কে যদি ওনাদের মানে বিরোধী পক্ষদের কিছু সংশোধনী থাকে তাহলে তা দিতে পারেন। সেই সংশোধনী নিয়ে আমরা একসঙ্গে বসে বিচার করে দেখব, যদি কিছু অদল-বদল করতে হয় তাহলে নিশ্চয়ই করব কারণ এটা তো ঠিক যে জিনিসপত্রের দাম বেড়েছে। সরকারপক্ষ থেকে যতটুকু করণীয় তা আমরা করবার চেষ্টা করছি এবং আপনাদের সহযোগিতা নিশ্চয়ই পাব এটা আমরা আশা করতে পারি। একটি কথা বলে রেখে দিই, সব কিছু আমাদের হাতে নেই। কেন্দ্রীয় সরকারের দায়িত্ব অনেকখানি রয়েছে। যাইহোক আপনারা সংশোধনী দিন আমরা একসঙ্গে বসে বিচার-বিবেচনা করে দেখব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বিজনেস অ্যাডভাইসারিতে যখন আলোচনা হয় এই ১৮৫ মোশানের ব্যাপারে তখন ওনাদের যিনি প্রতিনিধি আছেন তিনি বলতে পারবেন যে এখানে ২টি মোশান রাখা আছে শুক্রবার প্রোগ্রামের ভিতরে। একটা মোশান তাদের তরফ থেকে দেবার কথা আছে এবং সেটা সেখানে আলোচনা করে ঠিক হয়ে গেছে এবং সেইজন্য টাইম ২ ঘন্টা ২ ঘন্টা করে ৪ ঘন্টা টাইম অ্যালট করা আছে। সুতরাং এই প্রশ্ন উঠছে কেন? ১৮৫ মোশান আনতে দেওয়া হয়নি কেন, এই কথাটা আমি মনে করি যুক্তিসঙ্গত কথা নয়।

[1-30 – 1-40 P.M.]

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার :** আচ্ছা, এখন আজকের প্রোগ্রাম চলুক। আমরা দেখব। এখন দৃষ্টি আকর্ষণী প্রস্তাব পেয়েছি ১৪টি। প্রথম হচ্ছে—

| | | |
|---|---|---|
| ১। | বাঁকুড়া জেলার সিমলাপাল থানা এলাকায় হিমঘরে বীজ আলু নষ্ট করে দেওয়ায় চাষীদের মধ্যে বিক্ষোভ ও উত্তেজনা | — শ্রী মোহিনীমোহন পাণ্ডা। |
| ২। | বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটী মেজিয়া, শালতোড়া ব্লকে জমা বৃষ্টি হেতু চাষীদের দুরবস্থা | — শ্রী নবনী বাউরী। |
| ৩। | কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার মার্কশীটে ভুল ও কারচুপি | — শ্রী রজনীকান্ত দোলুই। |
| ৪। | গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিগুলিতে ত্রাণ ও উন্নয়ন কাজে দলবাজি | — শ্রী রজনীকান্ত দোলুই। |
| ৫। | হাওড়া ও শালিমার রেলগুদামে নিত্য-প্রয়োজনীয় দ্রব্য জমে থাকা | — শ্রী রজনীকান্ত দোলুই। |
| ৬। | আসন্ন লোকসভার মধ্যবর্তী নির্বাচনে সম্ভাব্য রিগিং | — শ্রী রজনীকান্ত দোলুই। |
| ৭। | মেদিনীপুর জেলার ভাঙ্গাচাউনি অঞ্চলে ব্যাপক লুঠপাট | — শ্রী কিরণময় নন্দ। |
| ৮। | মেদিনীপুর জেলার নাড়ুয়া থেকে মুগবেড়িয়া ব্যাঙ্ক রাস্তার কাজে কারচুপি | — শ্রী কিরণময় নন্দ। |
| ৯। | জগদ্দল থানা এলাকায় জুট মিলের সামনে জনৈক জনতা পার্টির শ্রমিক নেতা আক্রান্ত ও নিহত হওয়ার ঘটনা | — শ্রী কিরণময় নন্দ ও — জন্মেজয় ওঝা |
| ১০। | মালদহ জেলা স্কুল বোর্ড কর্তৃক হাইকোর্টের রায় অমান্য | — শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র |
| 11. | Alleged murder of two R.S.P. Supporters by fishery owners in Harekrishnapur Mouza under Basanti P.S. | — Shri Kalipada Barma and Shri Kironmoy Nanda. |
| 12. | Lock out in Hind Motor Ltd. | — Shri Saral Deb. |
| 13. | Closure of Prem Chand Jute Mills, Howrah | — Shri Saral Deb. |
| ১৪। | শ্রমিক শ্রেণীর বোনাস | — শ্রী সন্দীপ দাস। |

আমি শ্রমিক শ্রেণীর বোনাস বিষয়ের উপর শ্রী সন্দীপ দাস কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখোপাধ্যায় :** ৬ই সেপ্টেম্বর।

## MENTION CASES

**শ্রী কালীপদ বর্মণ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গত ২৬শে আগস্ট ১৯৭৯ তারিখে বাসন্তী থানার অন্তর্গত হরেকৃষ্ণপুর মৌজায় কংগ্রেস(ই) সমর্থক জোতদার ও কিছু ভেড়ীর মালিক এবং সমাজবিরোধীদের মিলিত বন্দুকের আক্রমণে আর. এস. পি.র ২জন মিছিলকারী সমর্থকের মর্মান্তিক মৃত্যু ঘটেছে। এই ঘটনা মুখ্যমন্ত্রী তথা গোটা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটা এই যে হরেকৃষ্ণপুর মৌজার এই চরগুলিকে কিছু লোক ফিশারী বানায় কিন্তু উপযুক্ত উপকরণের অভাবে কিছু হওয়া সম্ভব হয়নি। গত ৮/৯ তারিখে যে সাইক্লোন হয়েছে প্রায় আড়াই মাইল বেগে, তাতে প্রায় ২৯০০ বিঘা জমির ফসল সমস্ত লোনা জলে নষ্ট হয়ে যায়। গত ২৬শে আগস্ট আর. এস. পি. সমর্থকরা যখন ঐ ভেড়ীতে পাম্প দিতে যায় তখন ভেড়ীর মালিক কিছু কুখ্যাত সমাজবিরোধীদের সহযোগিতায় ১০/১২টি বন্দুক দিয়ে আক্রমণ করে ২জনকে খুন করে। এই দুষ্কৃতকারীদের তালিকা মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে গত ২৭শে আগস্ট দেওয়া হয়েছে। ক্যানিংয়ের পুলিশের সি. আই. ঘটনাটিকে বিকৃত করে মেছোভেড়ীর মালিকের পক্ষ নিচ্ছেন। যাতে দুষ্কৃতকারীরা গ্রেপ্তার হয় এবং বে-আইনি মেছোভেড়ীর উচ্ছেদ হয় আমি হাউসের কাছে সেই দাবি জানাচ্ছি।

**শ্রী নীরোদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে হাবড়া এলাকার কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ইতি মধ্যে অন্যান্য জায়গার মতো হাবড়া, অশোকনগর ইত্যাদি এলাকায় দ্রব্যমূল্য বিশেষ করে জ্বালানি কয়লা, কাগজের দাম প্রচুর বৃদ্ধি পেয়েছে। ছাত্রদের সামনে পরীক্ষা আসছে অথচ এই সময়ে কাগজ পাওয়া যাচ্ছে না। ঠিক সেই রকম ভাবে কয়লা ও কেরোসিন পাওয়া যাচ্ছে না। ৩ টাকা লিটারে কেরোসিন বিক্রি হচ্ছে। মাছ বাজারে নেই। এই অবস্থার পরিত্রাণের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা দরকার। বিশেষ করে ছাত্রদের প্রি-টেস্ট পরীক্ষা যখন সামনে তখন ছাত্রদের জন্য কাগজ ও কেরোসিন তেলের ব্যবস্থা করা দরকার। বিভিন্ন স্কুল কলেজ পরীক্ষার জন্য কাগজ পাচ্ছে না। সুতরাং স্কুল কলেজে যে সমস্ত কো-অপারেটিভ আছে তাদের মাধ্যমে যাতে কাগজ সরবরাহ করা যায় তার ব্যবস্থা করা দরকার।

**মিঃ স্পিকার :** নীরোদ বাবু যে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলেন সেটা এডুকেশন মিনিস্টারকে দিয়ে নোট করাবেন।

**শ্রী নির্মলকুমার বসু :** স্যার, আমি একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলিকাতার টেলিফোন ব্যবস্থা প্রায় ভেঙ্গে পড়েছে। সামান্য একটু বৃষ্টি হলেই টেলিফোন বন্ধ হয়ে যায়। নূতন নম্বর পাবার কোনও সম্ভাবনা নেই। সম্প্রতি

কলিকাতা টেলিফোনের জেনারেল ম্যানেজার সাংবাদিক সম্মেলনে যে বিবরণ পেশ করেছেন তা খুবই ভয়াবহ যে, অদূর ভবিষ্যতে অবস্থার উন্নতির কোনও সম্ভাবনা নেই এবং নূতন নম্বর পেতে গেলে ১০ বছর অপেক্ষা করতে হবে। টেলিফোন একটা বিলাসিতার ব্যাপার নয়। এটা অত্যন্ত প্রয়োজনীয় ব্যাপার। বাড়িতে অসুখ করলে ডাক্তার অ্যাম্বুলেন্স ইত্যাদি খবর দেওয়া খুবই প্রয়োজন। দিল্লি, বোম্বে এই ব্যাপারে যে ভাবে উন্নতি হয়েছে তার তুলনায় কলকাতা পিছিয়ে আছে। এখানে ঠিক মতন কাজ হয় না। চুরি হয়, ইত্যাদি নানা কথা শোনা যায় সুতরাং এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে যাতে কলকাতার টেলিফোনের উন্নতি হয় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী নবকুমার রায় ঃ** স্যার, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন ধরে আমরা দেখছি যে গ্রামে সি. পি. এম. এর অত্যাচারে সাধারণ চাষীরা কাজ করতে পাচ্ছে না। এ বিষয়ে মুখ্যমন্ত্রীর কাছে এভিডেন্ট সহ দরখাস্ত দিয়েছিলাম। হাড়োয়া থানার উচিংদহ গ্রামে অজিত সিংহ ও প্রফুল্ল সিংহের কিছু জমি আছে। কিন্তু তাদের সমস্ত জমি সি. পি. এম.-এর ক্যাডাররা দখল করে নিয়েছে। যারা এই ব্যাপারে নেতৃত্ব দিয়েছেন তারা হচ্ছেন শ্রী গোবিন্দ দাস ও মানিক দাস। এঁদের কথা হল যে মালিক যদি কিছু জমি তাদের ছেড়ে দেয় তাহলে মালিককে তারা ঐ জমি চাষ করতে দেবেন। এই রকম ভাবে অনেক জমি সি. পি. এম. ক্যাডাররা দখল করে রাখার ফলে চাষী চাষ করতে পাচ্ছে না। মুখ্যমন্ত্রী যদি এ বিষয়ে দৃষ্টি দেন এবং অন্যায় ভাবে যারা জমি দখল করে রেখেছেন সে বিষয়ে যদি একটা প্রতিকার করেন তাহলে ভাল হয়।

[1-40 – 1-50 P.M.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই সরকার কথায় কথায় বলেন তাঁরা নাকি বর্গাদারদের স্বার্থ রক্ষা করতে চান। কিন্তু যে বর্গাদার সি. পি. এম. এর দলভুক্ত নন তাদের উপর অত্যাচার করা হচ্ছে আমার এলাকায় আঁচ গোয়ালা অঞ্চলে কাকৃতি খাল গ্রামে বিপিন শীল ও হেমন্ত শীল পুরুষাণুক্রমে বর্গাদার। তাদের পিতার নামও বর্গা রেকর্ড করা ছিল। তারা যখন জমি চাষ করছিল তখন সি. পি. এম এর নেতৃত্বে একদল লোক তাদের জমি দখল করতে গিয়ে তাদের উপর আক্রমণ করে এবং হাত বোমাও ছোঁড়ে—যার ফলে বিপিন শীল আহত হয়। ঐ বাড়ি ঘেরাও করে মেয়েদের উপর আক্রমণ করা হয় এবং তারা যাতে চিকিৎসার কোনও সুযোগ না পায় তার ব্যবস্থা করা হয়। পুলিশকে জানানো সত্ত্বেও কোনও ব্যবস্থা হয় নি। মুখ্যমন্ত্রীকে বলতে চাই এই ভাবে গ্রামের ক্ষুদ্র চাষী বর্গাদারদের উপর সি. পি. এম. এর সদস্য নয় বলে যে ভাবে অত্যাচার করা হচ্ছে সেটা যেন বন্ধ করা হয় এবং তারা যে দরখাস্ত দিয়েছে সেটা আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীকে দিচ্ছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমি বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করেও কোনও রেজাল্ট এ পর্যন্ত পাইনি। আমি তবুও বলতে বাধ্য হচ্ছি গ্রাম বাংলার ছোট ছোট চাষীরা ঠিক ভাবে নিজেদের জমিতে চাষ করতে পাচ্ছে না। বর্গিদের অত্যাচার এবং প্রশাসন নীরব থাকার জন্য ছোট ছোট চাষীরা অনশনে মারা যাচ্ছে। হাইকোর্ট থেকে অর্ডার ইনজাংশান

দেওয়া হয়েছে, কিন্তু জ্যোতি বাবুর প্রশাসন হাইকোর্টকে বৃদ্ধাংগুষ্টি দেখাচ্ছেন। আমি এ বিষয়ে হাজার হাজার কপি মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছি যে হাইকোর্ট থেকে অর্ডার থাকা সত্ত্বেও জাল বর্গাদার বসানো হচ্ছে। অর্থাৎ পুলিশ ও প্রশাসন এর কাছে হাইকোর্ট হচ্ছে প্রমোদ দাশগুপ্ত। আমি জানতে চাই চাষীদের বাঁচবার অধিকার আছে কি নেই? আপনি যদি বলেন আমার স্পিকার হিসাবে কিছু করার নেই জ্যোতি বাবু আমার কথা শুনছেন না তাহলে আমরাও হাউসে কিছু বলব না। গ্রাম বাংলার মানুষের চোখের জল বৃথা যাবে না। তারা আইনের দ্বারাই বাঁচতে চায় কিন্তু ঐ সি. পি. এম বর্গীদের হাত থেকে তাদের যদি না বাঁচান তাহলে গ্রাম বাংলার মানুষ মারা যাবে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে বর্তমান আইন অনুসারে গ্রাম বাংলায় রিলিফ এবং বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে বিলি করা হয়। আমাদের রঘুনাথগঞ্জ ১নং ব্লকের পঞ্চায়েত সমিতি কিরকম বেআইনি কাজ করছে তার নজীর তুলে ধরছি। এই ব্লকে ৬টি গ্রাম পঞ্চায়েত আছে, তার মধ্যে ৩টি গ্রাম পঞ্চায়েতের প্রধান সি. পি. এম., ১জন আর. এস. পি., ১ জন ফরওয়ার্ড ব্লক, ১জন কংগ্রেস। পঞ্চায়েত সমিতির সভাপতি হচ্ছে সি. পি. এম.। এর আগে যে সমস্ত রিলিফ মেটিরিয়াল গিয়েছে, এগ্রিকালচারের যে সমস্ত মিনি কিট গিয়েছে সেগুলি যেখানে গ্রাম পঞ্চায়েতের প্রধান সি. পি. এম. তাদের মাধ্যমে বিলি করা হয়েছে, কিন্তু যেখানে গ্রাম পঞ্চায়েতের প্রধান আর. এস. পি., ফরওয়ার্ড ব্লক, কংগ্রেস সেখানে সেই গ্রাম সভা থেকে ১জন সি. পি. এম. কর্মীকে বেছে নিয়ে পঞ্চায়েত সমিতির যে স্থায়ী কমিটি আছে তাদের মাধ্যমে রেজলিউশন করে বলছেন যে ঐ সি. পি. এম. কর্মীর মাধ্যমে সমস্ত রিলিফ মেটিরিয়াল বিলি বণ্টন হবে। আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী এবং রিলিফ মন্ত্রীর কাছে জানতে চাই সি. পি. এম. ছাড়া অন্য প্রধান হলে তাঁরা রিলিফ বণ্টন করতে পারবে কিনা। মাননীয় মন্ত্রী মহাশয় যেন এই ব্যাপারে খোঁজ খবর নিয়ে এর প্রতিকারের ব্যবস্থা করেন এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুর জেলার পিংলা ব্লকের গ্রাম সভার প্রধান রিলিফ নিয়ে যে ছিনিমিনি খেলছেন সে সম্পর্কে আপনার মাধ্যমে আমি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এর প্রতিকার প্রার্থনা করছি। প্রসঙ্গক্রমে বলি ৫নং অঞ্চলের দেবেন মিশ্র এই ভদ্রলোক অঞ্চল প্রধান। তিনি গৃহভাঙ্গা অনুদান দান করে যে মাস্টার রোল দিয়েছেন তার ৩ ভাগ মিথ্যা, তারা হয় নেই, কিংবা তার আগে তারা মারা গেছে। সেখানে কংগ্রেস পঞ্চায়েত সদস্য রবি ঘোষ, প্রদীপ চক্রবর্তী এর প্রতিবাদ করলে তাঁদের উপর মারধোর করা হয়েছে এবং আরও যারা এর প্রতিবাদ করতে গিয়েছে তাদের উপরও নানাভাবে অত্যাচার করা হয়েছে। এই সম্পর্কে পিংলা থানায় একটা ডায়েরি করা হয়েছে, ডায়েরি নাম্বার ৫৫৯, তারিখ হচ্ছে ১০.৮.৭৯। থানায় ডায়েরি নেওয়ার পর ও.সি বলছেন আবার যদি ডায়েরি কর তাহলে তোমাদের হাজতে ঢোকাব। এই সম্পর্কে অনুসন্ধান করার জন্য আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আতাহার রহমান ঃ** মিঃ স্পিকার, স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ

বিষয়ে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান বছরে কৃষকদের চাষের ক্ষেত্রে আবহাওয়া অনুকূল নয়, কোথাও খরা, কোথাও বন্যা, তার ফলে কৃষকরা বর্তমান বছরে যে পরিমাণ পাট ছড়াত সেই পরিমাণ পাট ছড়াতে পারেনি। বৃষ্টি ভাল না হওয়ার ফলে বছরে যে ধরনের পাট হয় এই বছরে সেই ধরনের পাট হচ্ছে না। এই অবস্থায় যেটুকু পাট হয়েছে সেই পাট পচানোর জন্য যে জলের দরকার সেই জলের সঙ্কট দেখা দিয়েছে। তারপর পাট পচে যখন উঠল তখন তার দাম পড়তে শুরু করেছে। ১ মাস আগে যে পাটের দাম ছিল ২৫০ টাকা কুইন্টাল এখন তার দাম ১৬০ থেকে ১৮০ টাকায় ওঠানামা করছে। এই অবস্থায় পাটের যদি সর্ব নিম্ন দাম পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বেঁধে না দেওয়া যায় এবং পাট কেনার ব্যবস্থা না করা হয় তাহলে পশ্চিমবঙ্গের যে অর্থকরী ফসল পাট সেই পাট অত্যন্ত মার খাবে। এই বিষয়ে আমি মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-50 – 2-00 P.M.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবাংলায় এবারে ব্যাপক খরা দেখা দিয়েছে এবং তাছাড়া কৃষকরা অভাবে পড়ে হাটে বাজারে পাট বিক্রি করতে বাধ্য হচ্ছে এবং সেই পাট তারা ৬৫/৭০ টাকা দরে বিক্রি করছে। আমার অনুরোধ হচ্ছে পাটের ক্ষেত্রে কৃষকরা ন্যায্য দাম পাচ্ছেনা, কাজেই অবিলম্বে তারা যাতে পাটে ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করুন।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি উচ্চতর মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে এক অচল অবস্থার সৃষ্টি হয়েছে এবং তার ফলে ছাত্র ও শিক্ষকদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে এবং কার্য নির্বাহক কমিটিও অসহায় বোধ করছে। আমরা দেখছি গত অক্টোবর মাস থেকে পার্ট-টাইম শিক্ষকদের দিয়ে একাদশ দ্বাদশ শ্রেণীর শিক্ষা চালানো হচ্ছে, ফলে সেকেণ্ডারি সেকশনের শিক্ষকরা অনেক ক্ষেত্রেই অসহযোগিতা করছেন। কাজেই অনুরোধ করছি শিক্ষা ক্ষেত্রে যাতে সুষ্ঠু পরিবেশ গড়ে ওঠে, ছাত্রছাত্রীদের পড়াশুনার সুব্যবস্থা হয় তার দিকে অবিলম্বে দৃষ্টি দিন।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিম বাংলার শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি হিন্দ মোটর কারখানার বর্তমান অচল অবস্থার দিকে। গত ২৪শে জুন থেকে সেখানকার মালিকপক্ষ অটো-ডিভিসনে লকআউট ঘোষণা করেছে এবং তারপর সিটু পরিচালিত ওখানকার ইউনিয়ন আবার স্ট্রাইক ঘোষণা করেছে। অর্থাৎ সেখানে স্ট্রাইক এবং লকআউট যুগপত চলছে। এর ফলে কারখানায় এক অচল অবস্থার সৃষ্টি হয়েছে এবং এই অচল অবস্থার ফলে উৎপাদনের দিক থেকে এবং সার্বিক অর্থনৈতিক ক্ষেত্রে এর প্রতিক্রিয়া কি হবে সেকথা নাই বললাম, সেই কারখানার কর্মরত ১৬ হাজার শ্রমিক আজ অনাহারে দিন কাটাচ্ছে। আসন্ন পূজা উপলক্ষে যখন তারা তাদের কিছু বাড়তি রোজগারের কথা ভাবছিলেন তখন এই পরিস্থিতিতে পড়ে ওই ১৬ হাজার শ্রমিক এবং তাদের পরিবারস্থ লোক নিয়ে প্রায় ১ লক্ষ মানুষ আজ নানা রকম চিন্তা ভাবনা করছে। কাজেই আমি

শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন তাড়াতাড়ি এই ব্যাপারে একটা সামঞ্জস্য বিধান করেন এবং কারখানাটি চালু করে শ্রমিকদের বাঁচান।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাগর এলাকায় গত ২৬.৮.৭৯ তারিখে সাগর গণতান্ত্রিক মহিলা সমিতি সহ—সম্পাদিকা সুভাষিণী মণ্ডলকে কংগ্রেস(আই) এবং গুণ্ডারা আক্রমণ করে এবং তার ফলে তিনি এখনও রুদ্রনগর প্রাথমিক হাসপাতালে চিকিৎসাধীন আছেন। তাঁর ঘাড়ের হাড় ভেঙ্গে গেছে এবং এক্স'রে রিপোর্ট এখনও আসেনি বলে আনা যাচ্ছে না কি অবস্থা হয়েছে। কাজেই এই সমস্ত দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হোক এই আবেদন আমি মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী নানুরাম রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র হচ্ছে বর্ধমান, মেদিনীপুর এবং বাঁকুড়ার পাশাপাশি। বাঁকুড়া এবং মেদিনীপুরে অবশ্য খরা হয়েছে, কিন্তু বিশেষ করে গোহাট ব্লকের অর্ধাংশ দারুণ খরার কবলে পড়েছে। গতকাল কৃষিমন্ত্রী বলেছেন খরা এলাকার বহু ব্লকে পাম্পসেট দিয়ে জলসেচের ব্যবস্থা করেছেন এবং সেটা হয়েছে সরকারি খরচে। কিন্তু আমি যখন তাঁকে গোহাটের কথা বললাম তখন তিনি আমাকে বললেন, ওখানকার জন্য কিছু করা যাচ্ছেনা। আমি এই ব্যাপারে কৃষি এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওখানে জলসেচের ব্যবস্থা হয়।

**শ্রী অজয়কুমার দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের আরামবাগ মহকুমা পুরসুরা ব্লকের হরিণখোলা অঞ্চলে যে সমস্ত ক্ষুদ্র এবং মধ্যবিত্ত আলুচাষী আছে তারা গভীর সঙ্কটের সম্মুখীন হয়েছে। ওখানে যে এম. পি. কোল্ড স্টোরেজ আছে সেই স্টোরেজের দুই নাম্বার চেম্বারে যে সমস্ত আলুবীজ এবং খাবার আলু রাখা হয়েছে, সে সমস্ত আলু পচে গেছে। বারবার সেখানে আবেদন করা সত্ত্বেও সেই মালিক কোনও কর্ণপাত করছেন না। তারা তাদের আলু বের করে নিতে গেলেও তাদের বলা হচ্ছে যে তোমাদের ইনসিওরেন্স এবং কোল্ড স্টোরেজের টাকা দিতে হবে। এই অবস্থায় মহকুমা শাসকের সঙ্গে মালিকের একটা চুক্তি হয়েছিল যে কমপেনসেশন দেওয়া হবে। সেই চুক্তিও তিনি মানেননি এবং মহকুমা শাসক ডিস্ট্রিক্ট এগ্রিকালচারাল মারকেটিং অফিসারকে চিঠিও দিয়েছিলেন—গভীর পরিতাপের বিষয় বামফ্রন্ট সরকারকেও বলি তারা সর্বহারাদের কথা বলেন—তারা আলুচাষীদের উপর দরদ দেখান কিন্তু ৬ই জুলাই-এর চিঠির উত্তর আজ পর্যন্ত তাদের কাছে পৌছায়নি। মালিককে ওরা বুর্জোয়া বলেন, সেই মালিক—আমার যতদূর ধারণা এই বন্যার সময় মালিক ১০ হাজার টাকা বন্যা ফাণ্ডে জমা দিয়েছিলেন বলেই সেই মালিকের বিরুদ্ধে এখন পর্যন্ত কোনও রকম বাধ্যবাধকতা করা হচ্ছে না, যাতে করে এই সমস্ত চাষীদের ক্ষয়ক্ষতির হাত থেকে উদ্ধার করা যায়। এই ব্যাপারে আমি বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন তার দৃষ্টি আকর্ষণ করছি যে এই ব্যাপারে আমার যে বক্তব্য এবং সেখানকার চাষীদের যে আবেদন সেই আবেদনের কপি আপনার মাধ্যমে তাঁর কাছে পেশ করছি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার চোরের মার বড় গলা। এই ইন্দিরা কংগ্রেসিরা এবং কংগ্রেসিরা ইতিপূর্বে অনেক জোর গলায় বলেছে যে সি. পি. এম. সন্ত্রাস সৃষ্টি করছে। আমি স্যার, একাধিক ঘটনার কথা উল্লেখ করে বলতে পারি যে কংগ্রেস(আই) এবং কংগ্রেসিরা নূতন করে বিধবার সম্পত্তি দখল অত্যাচার করা শুরু করেছে। স্যার এন্টালি থানায় ৭/বি হরিমোহন রায় লেনের এক বিধবার বাড়ি—তারা দখল করেছে গত ২২ তারিখে উক্ত বিধবার নাম শ্রীমতী সাধনা নাথ। তিনি বহু কষ্টে বস্তীতে উক্ত বাড়িটি কিনেছিলেন। দখল করে কংগ্রেসিরা সেখানে কংগ্রেসি অফিস করেছে। ইন্দিরা কংগ্রেসিরা ৭২ সাল থেকে যে কাজ করে যাচ্ছে সেই কাজ বন্ধ করা দরকার। আমি সরকারের কাছে অনুরোধ করব যে এই ঘটনার প্রতি তারা যেন অবিলম্বে দৃষ্টি দেন। কংগ্রেস(আই)দের হাত থেকে উক্ত সম্পত্তি উদ্ধার করে বিধবার হাতে ফিরিয়ে দেওয়া হোক।

**শ্রী শামসুদ্দীন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা আজব কথা আপনার সামনে তুলে ধরছি। আজব বলছি এই জন্য এতদিন ধরে বীরেন বাবুর লোকেরা মানুষ পিটিয়ে মারছিল, কিন্তু পুলিশ পিটিয়ে মানুষ মেরেছে আমাদের মালদহ জেলায়। চাচল থানায় ধানগরা বিশেনপুর নামে একটা অঞ্চল আছে শৌলমারি গ্রামে, সেখানে আবদুস সাত্তার নামে একজন নিরীহ ব্যক্তির বাড়িতে রাত্রি ১২টার সময় চাচল থানার পুলিশ একেবারে সৈন্য সামন্ত নিয়ে সেখানে উপস্থিত হয়। তারা তখন ঘুমোচ্ছিল কিন্তু ঘুম থেকে তুলে তারা সকলকে বেঁধে নিয়ে যায়। এর ফলে গ্রামে সন্ত্রাস সৃষ্টি হল এবং তার ভাই হুমায়ুন বলে একজন যুবক, তাকে মারতে মারতে একেবারে মেরে ফেলা হয়েছে। পুলিশ তাকে একেবারে মেরে ফেলেছে। এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন কাজেই আমি আপনার মাধ্যমে তাদের কাগজপত্র আপনাকে দিচ্ছি। জেলার পুলিশ সুপার সেই মৃতদেহকে তার আত্মীয়স্বজনের কাছে ফিরিয়ে দেয়নি। এই যে মারাত্মক ঘটনা, মাননীয় স্পিকার মহাশয়, আপনি শুনুন, পুলিশ পিটিয়ে মেরে ফেলল অথচ তার মৃতদেহ আত্মীয়স্বজনকে দিলনা। এরকম ঘটনা চাচল থানায় হয়েছে। সেখানে তারা ভয়ে, ভক্তিতে কোনও রকমে একটা আবেদন পত্র এখানে পাঠিয়েছে। আমি এই ব্যাপারে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করছি, পুলিশ পিটিয়ে মেরে ফেলল, তার মৃতদেহ তার আত্মীয় স্বজনকে দিলনা। এই আজব ঘটনা আপনার মাধ্যমে জানালাম।

[2-00 – 2-10 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গে যে আইনশৃঙ্খলার অবনতি ঘটেছে এবং আইনশৃঙ্খলা যে আর নেই দেশে এই সম্বন্ধে গতকাল আপনার মাধ্যমে অনেক সদস্যই এই সভায় আলোচনা করেছেন। আমি, স্যার, একটি স্পেসিফিক ঘটনা দিয়ে সেটা প্রমাণ করতে চাই যে পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা কোথায় গিয়েছে। স্যার, জলপাইগুড়ি জেলায় হায়দারপাড়ায় ৩০/৫/৭৯ তারিখে যে ঘটনা ঘটেছে সেই ঘটনাটি পৈশাচিকতার দিক থেকে স্মরণকালের মধ্যে নূতন অধ্যায়ের সৃষ্টি করেছে। স্যার, সেখানে জীবন রায়, কংগ্রেস(আই) থেকে নির্বাচিত গ্রাম পঞ্চায়েতের সদস্য, তাকে সি. পি. এম. এর সন্ত্রাস বাহিনী হত্যা করতে গিয়েছিল এবং তার পরিবারের ৪০টি ঘর পুড়িয়ে দিয়েছে এবং জীবন রায়ের বৃদ্ধা কাকিমা তাকে ছুরি দিয়ে হত্যা করার চেষ্টা করা হয়, পরে রক্তাক্ত অবস্থায় তাকে হাসপাতালে

পাঠিয়ে দেওয়া হয়। সেখানে ১৮৩ জন গৃহহারা হয়ে শিলিগুড়ি ধর্মশালায় আশ্রয় নেয়। সেখানে তাদেরকে ৩০/৬/৭৯ থেকে ১৩/৭/৭৯ তারিখ পর্যন্ত রিলিফ দেওয়া হয়েছিল। তারপরে রিলিফ বন্ধ করে দেওয়া হয়েছে। জীবন রায় এখন নিরাপত্তার অভাব বোধ করছে। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে অবিলম্বে তাদের রিলিফ দিয়ে বাঁচিয়ে রাখা হোক এবং এই ২১টি পরিবারের ১৮৩ জন লোকের নিরাপত্তার ব্যবস্থা করা হোক এবং পশ্চিমবঙ্গে এইভাবে যেসব ঘটনা ঘটছে সে সম্পর্কে মুখ্যমন্ত্রী মহাশয় অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন। নইলে পশ্চিমবঙ্গে যে জঙ্গলের রাজত্ব ওঁরা কায়েম করতে চাচ্ছেন সেই জঙ্গলের রাজত্বই কায়েম হবে। তাই এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন এই গুণ্ডা বাহিনীকে শান্ত করেন এবং তিনি যেভাবে পারেন এই সমস্যার সমাধান করবেন।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মারফত মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং খাদ্যমন্ত্রীরও। যদিও কেন্দ্রের কেয়ারটেকার চরণ সিং তবুও তার কোনও নৈতিক অধিকার নেই মূল্যবৃদ্ধি করার। পেট্রোল, কেরোসিন এবং ডিজেলের দাম বৃদ্ধি করার ফলে পরিবহনের খরচ বেড়েছে এবং যার ফলে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে। গ্রামাঞ্চলের মানুষ তারা ২।।—৩ টাকা কেরোসিন কিনছে। এটা শুধু আমার কেন্দ্র বারাসাতের ঘটনা নয় সারা পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের এই চিত্র। অবিলম্বে এর প্রতিকার করবার জন্য যেমন কেন্দ্রের কেয়ারটেকার সরকারের উপর চাপ সৃষ্টি করতে হবে সাথে সাথে গ্রামাঞ্চলে বড় বড় চোরাকারবারি যারা এই ধরনের ঘটনা ঘটাচ্ছেন তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বারেবারে বলছি যে পশ্চিমবঙ্গের সর্বত্র বিশেষ করে গ্রামাঞ্চলে আইন শৃঙ্খলা বলতে কিছু নেই এবং আইন শৃঙ্খলার ভার তুলে দিয়েছেন সি. পি. এম. লোকদের উপরে। গত ২১শে আগস্ট আমার কেন্দ্র পটাশপুর কাটনাদীঘির নিতাই পাল বলে একজন লোকের কিছু সংখ্যক শ্রমিক জমিতে কাজ করছিল তখন কয়েকশত লোক তারা কয়েকজন সি. পি. এম কর্মীর নেতৃত্বে এসে তার এবং তার শ্রমিকদের উপর মারধর করে এবং বেপরোয়া আক্রমণ চালায়। এইজন্য সেই ঘটনাস্থলে প্রায় ২২ জন আহত হয় এবং তার মধ্যে ৩ জন শয্যাশায়ী হয়ে আছে হাসপাতালে। এই আহত শ্রমিকদের মধ্যে কংগ্রেস দলের আছে, জনতা দলের আছে এবং সি. পি. এম দলেরও আছে। অবস্থাটা কতদূর দাঁড়িয়েছে, আপনাদের কর্মীরা কিভাবে আইন শৃঙ্খলা হাতে নিয়ে কি কাণ্ড করছে তা আপনাদের দেখা উচিত এবং জানা উচিত। স্বরাষ্ট্র মন্ত্রীরূপে মুখ্যমন্ত্রীর দায়িত্ব খুব বেশি অতএব তাঁর এদিকে দৃষ্টি দিতে হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর প্রতি একটা বিশেষ দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি জানেন, মালদহ জেলায় ভীষণ খরা হয়েছে। সেখানে ভূমিহীন মজুরের কোনও কাজ নেই, ক্ষুদ্র চাষীর ক্রয় ক্ষমতা নেই। সেখানে মডিফায়েড রেশনে চাল এবং গম দেওয়ার ব্যবস্থা হয়েছে। কিন্তু তারা সাত দিনের মাল একসঙ্গে তুলতে পারছে না এই অজুহাতে তাদের রেশন কার্ডে খরচ দেখিয়ে

এই মাল কালোবাজারে বিহারে এবং বাংলাদেশে পাচার করা হয়েছে। আমি দাবি করছি যে ১৫ই আগস্ট পর্যন্ত যে মাল ইস্যু করা হয়েছে তা প্রকৃত লোক পেয়েছে কিনা সেটা তদন্ত করে দেখা হোক এবং খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি, সপ্তাহের মাল তারা যেন তিন দিনে তুলতে পারে। এক সপ্তাহের মাল তারা যেন তিন বারে অর্থাৎ দু দিন অন্তর তুলতে পারে সেই রকম ব্যবস্থা করুন।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রাম বাংলার রাজনৈতিক কর্মীদের নিরাপত্তার কথা অনেক বন্ধু বলেছেন। এই শহর কলকাতাতেও ইতস্তত বিক্ষিপ্ত ঘটনা ঘটছে। গত ২৬/৮/৭৯ তারিখে উত্তর কলকাতার শান্তি ঘোষ স্ট্রিটে যুব জনতার উত্তর কলকাতার সম্পাদক ভাস্কর ঘোষ যখন রাস্তা দিয়ে আসছিলেন তখন কিছু সমাজ বিরোধী গোষ্ঠী যার নেতৃত্ব দিচ্ছিলেন মঙ্গল নামে জনৈক ব্যক্তি যিনি ওই এলাকায় বামফ্রন্টের সমর্থক বলে পরিচিত অতর্কিতে ভোজালি এবং লাঠি দিয়ে তাকে আক্রমণ করে। অত্যন্ত মারাত্মক অসুস্থ অবস্থায় তাকে আর. জি. কর মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে। শ্যামপুকুর থানায় একটা ডায়রিও করা হয়েছে। কিন্তু প্রতিবিধান হয় নি। আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, এই ব্যাপারে একটা প্রতিবিধান করুন।

**মিঃ স্পিকার ঃ** এখন বিধি প্রণয়ন। মাননীয় সদস্যগণ আপনাদের কাছে........

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমি ২২৬ এ একটা প্রিভিলেজ দিয়েছি। কালকের আনন্দবাজারে শ্রী প্রমোদ দাশগুপ্তের একটা ভাষণ বেরিয়েছে। আপনি স্মরণ রাখতে পারেন গত সোমবার দিন যখন শোক প্রস্তাব হচ্ছিল, আমি তার আগেই আপনাকে জানিয়ে রেখেছিলাম এবং বলেছিলাম, নদীয়ায় সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামায় যারা প্রাণ হারিয়েছেন এবং এই ৫ মাসে ৩৮২ জন যে লোক নিহত হয়েছে সি. পি. এমের হাতে এইসবগুলোকেও শোক প্রস্তাবের অন্তর্ভুক্ত করা হোক। আমি সংবাদপত্র আনন্দবাজার দেখলাম এবং আপনার সেক্রেটারির কাছে ২২৬ এর একটা নোটিশ দিয়েছি। কাগজও দিয়েছি ডকুমেন্ট হিসাবে। তাতে প্রমোদ দাশগুপ্ত তিনি অত্যন্ত অশালীন ভাষায়, কুৎসিত ভাষায়, যা তার এক্তিয়ারের বাইরে, কয়েকটি মন্তব্য করেছেন যে যাদের এই রকম অসভ্য আচরণ তাদের সঙ্গে তিনি কি করে কথা বলবেন। আমি বিধানসভার সদস্য, আপনি আমাদের কাসটোডিয়ান। আমরা হাউসে বলি, আমাদের বক্তব্য রাখি। কিন্তু তিনি বিধানসভার সদস্য নন। একজন বিধানসভা সদস্য হাউসে কি বক্তব্য রেখেছেন, সেই বক্তব্য তিনি অন্য ভাষায় বলেছেন। তাতে তিনি ডিফামেটরি ওয়ারড হাউস করেছেন এবং এইভাবে তিনি আমার সম্মান লাঘব করেছেন। এই রকম করে তিনি যে বক্তব্য রেখেছেন সে সম্পর্কে আমি আপনার কাছে অনুরোধ করব, আপনি মার্শালকে পাঠিয়ে তাকে ধরে আনুন এবং ধরে তাকে ২৪ ঘন্টার মধ্যে হাউসে হাজির করুন। কারণ তিনি হাউসের সভ্য নন। তার যদি ক্ষমতা থাকে লড়তে পারেন আমাদের সাথে। তিনি কি করে একজন বিধানসভার সদস্য সম্পর্কে এই রকম কথা বলতে পারেন?

(গোলমাল)

আমি যদি বাইরে গিয়ে হাউসের সদস্য সম্বন্ধে কুৎসিত উক্তি করি তাহলে কি হয়? সেইজন্য আপনাকে ২২৬ ধরিয়ে দিয়েছি। আপনাকে অনুরোধ করি আপনি ২৪ ঘন্টার মধ্যে

প্রমোদ দাশগুপ্তকে মার্শাল দিয়ে ধরে নিয়ে আসুন এবং ধরে এনে বিচার করুন। আমার প্রিভিলেজ রয়েছে।

**মিঃ স্পিকার ঃ** আমি কি করব তার ডাইরেকশন আপনি দেবেন না। আপনার বক্তব্য আপনি প্রিভিলেজে দিয়েছেন, সেটা আমি দেখব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিধানসভার সদস্য এবং সেই হিসাবে আমার অধিকার আছে আপনাকে সাজেশন দেওয়া। আমি বলছি আপনার ক্ষমতা আছে আপনি তাকে ধরে নিয়ে আসুন।

[2-10 – 2-20 P.M.]

(নয়েজ)

এটা আমাদের প্রিভিলেজ, তিনি অন্যায়ভাবে একজন সদস্য সম্বন্ধে বলেছেন, এটা তাঁর এক্তিয়ারের বাইরে। আমি আপনাকে অনুরোধ করতে পারি যে মার্শাল দিয়ে তাঁকে ধরে নিয়ে আসবেন, আমি এই হাউসের মেম্বার, আমার প্রিভিলেজের ক্ষতি করা হয়েছে। তাই আজকে বিধান সভার মধ্যে এ বিষয়ে আলোচনা করার ব্যবস্থা করুন।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলী মহাশয় যে বক্তব্য রাখলেন, সে সম্বন্ধে আপনি কি সিদ্ধান্ত নেবেন, আপনি বিচার করবেন। আমি এই প্রসঙ্গে বলতে চাই, শুধুমাত্র একটা ঘটনাই নয়, এমন বহু ঘটনা সংবাদপত্রে বেরোয় যেখানে প্রমোদ দাশগুপ্ত মহাশয় বিধান সভার সদস্যদের বক্তব্য নিয়ে, তাঁদের আচরণ নিয়ে মন্তব্য করেন।

(গোলমাল)

আমাকে আমার বক্তব্য বলতে দেবেন।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন আমি কখনও সভাতে কারও বক্তব্যে বাধা দিইনা। আমি আশা করব অন্যান্য মাননীয় সদস্যরা অন্তত এ বিষয়ে আমার দৃষ্টান্ত অনুসরণ করবেন। আমি বাইরে মন্তব্য করিনা, কারও সম্বন্ধে অশালীন বক্তব্য রাখিনা। আমার বক্তব্য অত্যন্ত স্পষ্ট। এই বিধানসভার একজন সদস্যরূপে আমার আচরণ সঙ্গত কি অসঙ্গত এটা বলবার অধিকার আপনার আছে কিন্তু বাইরের কোনও নেতার নেই—এই কথাটাই আমি বলতে চাই। এবং এইভাবে যদি বক্তব্য রাখা চলে তাহলে এর শেষ নেই।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** তাঁকে কোমরে দড়ি বেঁধে আনা হোক। (নয়েজ) কোমরে দড়ি বেঁধে এবং হাতে হ্যাণ্ড-কাপ দিয়ে নিয়ে আসুন। (এখানে মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন বলতে উঠলেন।)

**Mr. Speaker :** I will not allow any discussion on this point.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এত বড় গুরুতর বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি......

..............(নয়েজ)..............

Sir, I draw your attention to May's Parliamentary Practice, pages 144 and 145 and page 152. Here it says, "The House of Commons resolved that to print of publish any books or libels reflecting on the proceedings of the House is a high violation of the rights and privileges of the House". Again it says, "Reflecting upon members, the particular individuals not being named or otherwise indicated, are equivalent to reflection on the House". Again, "Analogous to molestation of members on account of their behaviour in Parliament and speeches and writings reflecting upon their conduct as members".

স্যার, আপনি নীরব হয়ে থাকবেন এই জিনিস হতে পারেনা।

**মিঃ স্পিকার ঃ** আপনি যখন তখন আলোচনা করতে চাইলেই তা হতে পারে না। প্রিভিলেজ মোশন আনতে হয়।

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ** এই ডিসকাশন অ্যালাউ করতে গেলে রুলস বিজনেস ফলো করতে হবে, না কি গায়ের জোরে হবে?

....... (নয়েজ .......

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই হাউসের অবমাননা সেটা আপনার এক্তিয়ারে আছে, তারই ডিসকাশন চাইছি।

**মিঃ স্পিকার ঃ** কিন্তু তা তো যে কোনও সময় হতে পারবে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনার এদিকে নজর দেওয়া উচিত, আপনাকে অ্যাকশন নিতে হবে এই চেয়ারে বসে।

(নয়েজ)

স্যার, আপনাকে অনুরোধ করব, এই বিষয়টি প্রিভিলেজ কমিটিতে দেবেন। বিষয়টি উপেক্ষা করার নয়, অবহেলার বিষয়ও নয়।

(**শ্রী নির্মল বসু ঃ** স্যার, আমার একটি বৈধতার প্রশ্ন আছে।)

নির্মলবাবুর গায়ের জ্বালা হওয়া স্বাভাবিক। কিন্তু আমি বলব, বাইরে থেকে এরকম কটাক্ষ করা চলবে না।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** আমি আপনাদের বক্তব্য শুনেছি, এখন বলাইবাবু বলুন।

(গোলমাল)

**শ্রী নির্মল বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই কক্ষের কয়েকজন মাননীয় সদস্য প্রশ্ন তুলেছেন যে বিধানসভায় যে মন্তব্য করা হয়েছে সে সম্পর্কে প্রমোদ দাশগুপ্ত মহাশয়—যিনি এই বিধানসভার সদস্য নন—তিনি কিছু কথা বলেছেন এবং সেটাতে এই পরিষদের ঐ সদস্যের সম্মান হানি করা হয়েছে এবং পরিষদের অধিকার ভঙ্গ করা হয়েছে—এইসব কথা বলবার চেষ্টা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা ঠিক যে, বিধানসভার ভেতরে যে আচরণ করা হয় সেই আচরণ সম্পর্কে কোনওরূপ বিরূপ মন্তব্য করলে সেটা নিশ্চয় আলোচনায় আসবে। কিন্তু আমার বৈধতার প্রশ্ন হচ্ছে এই যে এই বিষয়টি নিয়ে আমাদের এই বিধানসভায় পূর্বেও আলোচনা হয়েছে, রুলিংও আছে, লোকসভারও রুলিং আছে, কমনস সভারও রুলিং আছে যে বিধানসভায় বা কোনও আইনসভায় যে আলোচনা হবে সেই আলোচনার কথা কোনও সংবাদপত্রে লেখা চলবে না, সম্পাদকীয়তে উল্লেখ করা চলবে না, বাইরের কোনও জনসভায় বলা চলবে না কেউ কিছু বলতে পারবেন না তা তো নয়। যদি ঠিক ভাবে বলা না হয়, কোনও কটু সমালোচনা করা হয় তাহলে অবশ্য সেটা আলাদা কথা। আমরা কোনও সতী এখানে বসে আছি যে আমাদের সম্বন্ধে কোনও কথা বললে সতীত্ব ভঙ্গ হয়?

(গোলমাল)

প্রমোদ দাশগুপ্ত মহাশয় যে মন্তব্য করেছেন সেটা আমি কাগজে পড়েছি।

(গোলমাল)

তাতে কোনও বিধানসভার সদস্যকে অপমান করা হয়নি।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** এসব আমি আর চলতে দিতে রাজি নই। আপনারা যদি এই ভাবে বলতে থাকেন তাহলে হোল হাউসকেই এ বিষয়ে আমাকে বলতে দিতে হবে। আপনারা বসুন, আমি এখন বলাইবাবুকে বলছি, তিনি বলুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। আমি ২২৬এ নোটিশ দিয়েছি। স্যার, আমি বলতে চাই যে, যিনি এই সভার সদস্য নন তিনি যদি এই হাউসের বিষয়বস্তু নিয়ে কটাক্ষ করেন তাহলে সেটা নিশ্চয় আলোচনায় আসবে।

**মিঃ স্পিকার ঃ** আপনার পয়েন্ট অব অর্ডারটা কি বলুন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** আমি সেটাই বলছি, আপনি একটু স্যার, শুনুন। এখানে মাননীয় সদস্য মহাশয় যে বক্তব্য রাখলেন তিনি কিছুই জানেন না, তিনি সংবাদপত্রও পড়েন নি। কটুক্তিটা আমি দাগ দিয়ে দিয়েছি। তিনি না পড়ে শুধু প্রমোদ দাশগুপ্তকে সন্তুষ্ট করার জন্যই এইসব বাজে কথা বলছেন। আমি সেইজন্য স্যার, বলছি, ওঁর বক্তব্যটা এক্সপাঞ্জ করা হোক।

**মিঃ স্পিকার ঃ** আপনারা বসুন, আমি আর এই বিষয় নিয়ে আলোচনা চালাতে দেব না। এখন বলাইবাবু, আপনি বলুন।

[2-20 – 2-30 P.M.]

**শ্রী গোপাল বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অল্প কথা আছে। এখানে সমস্ত সদস্যদের জানা উচিত যে আমরা এখানে কেউ পাবলিক ক্রিটিসিজম থেকে ইম্মিউন নই। এখানে সে রকম কিছু হলে বাইরে তার সমালোচনা হবে।

**মিঃ স্পিকার :** you please sit diwn. এখন এখানে এই সব আলোচনা না হওয়াই ভাল। আপনি বসুন। আমি এখন শ্রী বলাইলাল দাস মহাপাত্র মহাশয়কে তাঁর বক্তব্য রাখতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে আমি শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষক সমাজের ন্যায়সঙ্গত দাবিগুলি দীর্ঘ দিন উপেক্ষিত হবার ফলে আজ সহস্র সহস্র প্রাথমিক শিক্ষক তাঁদের দাবির প্রতি বিধানসভার মাননীয় সদস্যবর্গের দৃষ্টি আকর্ষণের জন্য এবং শেষ অস্ত্ররূপে বিধানসভা অভিযানের এবং শেষে আইন অমান্যের পথে অগ্রসর হয়েছেন। তাদের এই সমস্ত ন্যায়সঙ্গত দাবিগুলির কথা তাঁরা জেলা স্কুল বোর্ডে এবং আরও অন্যান্য জায়গায় জানিয়েছেন। কিন্তু তার কোনও ফল হয়নি। যার জন্য আজকে তাঁরা এই পথে নেমেছেন। তাঁদের দাবিগুলি ন্যায়সঙ্গত এবং এই দাবিগুলিকে শিক্ষক ও শিক্ষার স্বার্থে গভীর সহানুভূতির সহিত বিবেচনা করে অবিলম্বে কার্যকর রূপ দেওয়ার জন্য প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি। তাদের দাবিগুলি হল (১) দ্রব্যমূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে বেতন বৃদ্ধি করা, (২) শিক্ষক নিয়োগ ব্যাপারে দলবাজি বন্ধ করা, (৩) সারা রাজ্যে প্রায় এক হাজার অস্থায়ী শিক্ষককে বেকার রাখা হয়েছে তার ব্যবস্থা করা, (৪) অকালে মৃত শিক্ষকদের সন্তানদের চাকুরি প্রদানে বিলম্ব করা হচ্ছে তার ব্যবস্থা করা, (৫) বন্যা বিধ্বস্ত বিদ্যালয় ভবন মেরামত ব্যাপারে পক্ষপাতিত্ব করা হচ্ছে। এগুলি বন্ধ করতে হবে। (৬) ছাত্রদের দুপুরে আহার প্রদান ব্যাপারে খুব নিম্ন মানের রুটি দেওয়া হচ্ছে তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৭) নূতন বিদ্যালয় স্থাপন ব্যাপারে দলীয় স্বার্থকে গুরুত্ব দেওয়া হচ্ছে, এখনই এইসব বন্ধ করতে হবে (৮) তিন সহস্রাধিক নূতন বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা থাকলেও অনেক জেলায় এখনও শিক্ষকদের প্যানেল ঠিক করা হয় নাই। এর জন্য ব্যবস্থা নিতে হবে। (৯) অনেক জায়গায় শিক্ষকদের মাসিক বেতন নির্দিষ্ট তারিখে দেওয়া হয় না অনেক সময় মাসের মাঝখানে কখনও বা মাসের শেষে বেতন দেওয়া হয়। এদিকে লক্ষ্য দিতে হবে। (১০) কর্মকাল শেষে সহস্রাধিক শিক্ষক পেনশনের টাকা পাচ্ছে না। এ সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। (১১) শিক্ষকদের প্রভিডেন্ট ফাণ্ডের টাকা যথা সময়ে জমা না দিয়ে শিক্ষকদের ক্ষতিগ্রস্ত করা হচ্ছে। এই সমস্ত শিক্ষকদের এই সব দাবি ন্যায় সঙ্গত বলে মনে করি। আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীকে তাঁদের সঙ্গে সাক্ষাত করে আলোচনা করে তাদের দাবিগুলি শিক্ষার স্বার্থে এবং শিক্ষকদের স্বার্থে যাতে অবিলম্বে পূরণ হয় তার জন্য আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য হরিপদ ভারতী মহাশয়

সঠিকভাবেই বলেছেন। হিন্দুস্থান মোটর-এর প্রায় ১৪ হাজার শ্রমিক কর্মচারী আজকে উচ্ছেদ হয়েছে। এ বিষয়ে আমাদের সরকার হস্তক্ষেপ করেছেন। এবং নিশ্চিতভাবে আশা করতে পারি এর একটা ব্যবস্থা হবে। ইতিমধ্যে আমাদের সরকারের হস্তক্ষেপ সত্ত্বেও বিড়লা মালিক গোষ্ঠীর অনমনীয় মনোভাবের জন্য মীমাংসার সূত্র সহজ হয়ে উঠছে না। তাই এর প্রতিবাদে উত্তরপাড়া থানা এলাকায় সমস্ত হাট বাজার স্কুল কলেজ সিনেমায় বন্ধ ডাকা হয়েছে। জনগণ আশা করেন বামফ্রন্ট সরকার ও জনগণের প্রচেষ্টায় শ্রমিকদের একটা সুরাহা হবে।

## Legislation

**The West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978, as reported by the Select Committee.**

(Consideration motion moved on 28.8.79)

**মিঃ স্পিকার ঃ** মোশন ফর কনসিডারেশন সেটা মুভড হয়েছে এবং সারকুলেশন মোশন বি টেকন অ্যাজ মুভড। এখন জেনারেল ডিসকাশন। কালকে কিছু হয়েছে। আজকে দুটিই একত্রে আলোচনা করা হবে। এর পর যা অ্যামেণ্ডমেন্ট এসেছে তার উপরও আলোচনা হবে। আগে অ্যামেণ্ডমেন্টের মোশন আলোচনা হবে তার পর কনসিডারেশনের মোশন ভোটে দেব। এখন আমি শ্রী শশবিন্দু বেরা মহাশয়কে তাঁর পক্ষে আলোচনা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড (ফার্ম হোল্ডিং) রেভিনিউ বিলটা সিলেক্ট কমিটি থেকে ফিরে এসেছে। তার নামের পরিবর্তন ঘটেছে এবং বিলের কিছু মৌলিক পরিবর্তন ঘটেছে। এই অবস্থায় আমরা সেই বিলটা সম্বন্ধে আলোচনা করছি। আমি জনমত সংগ্রহ করবার জন্য যে মোশনটা দিয়েছি তার উপর ভিত্তি করে আলোচনা করছি। এটা অনস্বীকার্য আমাদের দেশে ভূমি রাজস্ব যে ভাবে নির্ধারিত আছে সেটা অত্যন্ত অসঙ্গত, ন্যায় নীতি বহির্ভূত এবং সেটা আদৌ সুষম নয় এবং নিঃসন্দেহে তার পরিবর্তন ঘটিয়ে একটা সুষম, সুসঙ্গত রাজস্ব নির্ধারণের ব্যবস্থা করা উচিত। এই বিষয়ে দ্বিমত পোষণ করার কোনও কারণ নেই। কিন্তু আসলে যখন আমরা রাজস্ব নির্ধারণ করছি, সেই রাজস্ব নির্ধারণের কি উদ্দেশ্য সেটা বিচার করে দেখতে গেলে আমাকে বলতে হয় যে, প্রিঅ্যাম্বলে যে লক্ষ্যের কথা বলা হয়েছে জমির রাজস্ব নির্ধারণের ক্ষেত্রে সেটা কিন্তু আসল লক্ষ্য নয়, আসল লক্ষ্য রাজস্ব সংগ্রহ করা। এখানে রয়েছে "Whereas it is expedient to rationalise and improve the system of revenue on land holdings in the interest of proper implementation of comprehensive measures for land reform in the State with a view to providing incentives for increased production and ensuring proper distribution of material resources for social and economic welfare." রাজস্ব আদায় ব্যবস্থা ন্যাশনালাইজ করার প্রয়োজন আছে। ল্যাণ্ড রেভিনিউ যাতে সম ভাবে আদায় হয় এবং যারা রাজস্ব আদায় দেন তাদের প্রতি যাতে বিচার হয় এদিকে লক্ষ্য রেখে খাজনা আদায় করা—এর সঙ্গে সরাসরি ল্যাণ্ড রিফর্মস বলে যা প্রিঅ্যাম্বলে বলা আছে তার ক্ষেত্রে বা ল্যাণ্ড রিফর্মস এর মধ্য দিয়ে চাষীর ইনসেনটিভ বাড়িয়ে তোলার ক্ষেত্রে, মেটিরিয়াল রিসোর্সেস বাড়িয়ে তোলার ক্ষেত্রে, বিলি বন্টনের ক্ষেত্রে এ বিলের কোনও প্রয়োগ আছে বলে আমি মনে করি না। আমি মনে করি, নূতন করে নিশ্চয়ই রাজস্ব নির্ধারণ করা উচিত কিন্তু নীতিগত ভাবে এই ক্ষেত্রে যেভাবে পরিবর্তনের

ব্যবস্থা হয়েছে সেটা অত্যন্ত আপত্তিজনক বলে মনে করি। এটা নিঃসন্দেহে স্বীকার করি আমাদের দেশের বিভিন্ন অঞ্চলে ভূমির প্রকৃতি অনুসারে যে পার্থক্য রয়েছে, তাতে সুষম রাজস্ব নির্ধারণ করা খুবই কষ্টসাধ্য ব্যাপার। কিন্তু যে নীতিতে আজকে রাজস্ব নির্ধারণ করবার চেষ্টা করা হয়েছে সেটা অত্যন্ত আপত্তিজনক। আমি একটা কথা বলব, যেখানে সঙ্কট এই রকম, সমস্যা এত তীব্র—খাজনা বরং তুলে দিন জমির। কারণ বিগত বিধান সভায় বাজেট অধিবেশনে আলোচনা প্রসঙ্গে আমি এই কথা বলেছিলাম—আমি হিসাব নিকাশ করে দেখিয়েছিলাম যে আমাদের ভূমি রাজস্ব খাতে যে আয় হয়, সেটা আদায় করতে অ্যাডমিনিস্ট্রেশনে যে ব্যয় হয়, তার অনুপাতে অতি নগন্য। রাজ্যের মোট ভূমি রাজস্ব আয় থেকে মাইন্স, মিনারেলস, গভর্নমেন্ট ম্যানেজড এস্টেটস থেকে যে আয় আসে সেইগুলো বাদ দিলে আমাদের লাভের অঙ্কে কিছু থাকে না। আরও একটা কথা আছে, ভূমির একটা সিলিং বাঁধা হয়ে গেছে। তার ফলে যে কোনও পরিবারের সিলিং-এর জমি ভেঙ্গে যাবে, মোট জমির ফ্রাগমেন্টেশন হয়ে বিভক্ত পরিবারগুলির জমি অনেক কমে যাবে কয়েক পুরুষ বাদে। চার একর জমি রেহাই দিতে চান। একটা সময় আসবে যখন আপনি দেখবেন এই ফ্রাগমেন্টেশনের ফলে চার একরের মালিক প্রায় থাকবে না, ভূমি রাজস্ব হিসাবে কিছুই পাবেন না। অথচ এদিকে অ্যাডমিনিস্ট্রেশনের জন্য ব্যয় বেশি হবে। কাজেই এটুকুও তুলে দিন, তাহলে সমস্ত সমস্যাটাই মিটে যাবে।

[2-30 – 2-40 P.M.]

তা না করে আবার নতুন করে এই বিল ইমপ্লিমেন্ট করতে গিয়ে কেন রেটিং বোর্ড, অ্যাসেসিং অথরিটি ইত্যাদি নিয়োগ করে রাজস্ব ব্যয় বাড়াবেন? এসব কথা বাদ দিলেও যেটা বলছেন, যে নীতি নেওয়া হয়েছে যে, জমির ভ্যালুয়েশন অনুযায়ী রেন্ট বা খাজনা নির্ধারিত হবে এটা ঠিক নয়। এখন এই যে রেভিনিউর কথা বলা হচ্ছে, এটাকে আমরা ট্যাক্স বলে মনে করি এবং এটা নিঃসন্দেহে ট্যাক্স, সুতরাং এটা ইনকামের ওপর হওয়া উচিত। জমি থেকে কি রিটার্ন পাওয়া যায়, কি প্রডাকশন পাওয়া যায়, কি ইনকাম পাওয়া যায়, তার ভিত্তিতে জমির খাজনা নির্ধারিত হওয়া উচিত। প্রথমে মন্ত্রী মহোদয় যে বিল এনেছিলেন, তাতে খাজনা নির্ধারণের নীতির ক্ষেত্রে সব সময় এই বিষয়ে চিন্তা করা হয়েছিল। গতকাল মন্ত্রী মহোদয় যে বক্তব্য রেখেছেন, তাতে বলা হয়েছে "রাজ-কমিটি" এ বিষয়ে আলোচনা করেছে। জমির উৎপাদন মূল্যের অনুপাতে নতুন করে একটা র‍্যাশনাল ওয়েতে ভূমিরাজস্ব নির্ধারণ করার প্রস্তাব রাজ কমিটির রিপোর্টে করা হয়েছে।

জমির উৎপাদিকা শক্তির ওপর আয় কত হবে, তা নির্ভর করে এবং সেই অনুযায়ী রেভিনিউ নির্ধারিত হওয়া উচিত। অর্থনীতির নিয়ম অনুযায়ী নিঃসন্দেহে কর নির্ধারণ করার জন্য সেটা দেখতে হবে। এটা দেখতে হবে, যে, যে কর নির্ধারণ করা হচ্ছে তার পরিবর্তে করদাতা কতখানি আয় পাচ্ছেন। সেটাই আসল দৃষ্টিভঙ্গি হওয়া উচিত। জমি থেকে উৎপাদন কি হয়, জমি থেকে আয় কত হয়, সেসব প্রশ্ন বাতিল করে দিয়ে আপনি কি করেছেন, জমির ভ্যালুয়েশনের ওপর, জমির বাজার মূল্যের ওপর জমির কর ধার্যের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই যে বাজার মূল্যের কথা বলেছেন, এই বাজার মূল্য কখনই জমির আয়ের অনুপাতে হয় না। জমির বাজার মূল্য নানারকম বিষয়ের ওপর নির্ভর করে। সুতরাং আপনি

যদি রেভিনিউ বা খাজনা জমির বাজার মূল্য অনুযায়ী নির্ধারণ করেন তাহলে সেটা জমির আয়ের সঙ্গে আনুপাতিক হবে না। সেদিক থেকে নীতিগত প্রশ্নে এই বিল আপত্তিজনক। আমি প্রথমেই যেকথা বলেছি সেকথা আবার বলছি যে, মন্ত্রী মহাশয় এটা নিয়ে পুনরায় বিবেচনা করুন। আজকে এই বিল ফিরিয়ে নিয়ে আরও ভাল করে বিচার বিবেচনা করে, ল্যাণ্ড রেভিনিউ সিস্টেম যদি রাখতেই হয়, তাহলে সেই অনুযায়ী একটা নতুন বিল নিয়ে আসুন। সিলেক্ট কমিটির মাননীয় সদস্য শ্রী প্রবোধচন্দ্র সিনহা এবং শ্রী বিশ্বনাথ মুখার্জি তাঁদের নোট অব ডিসেন্টে একথা বলেছেন। নীতির ওপর ভিত্তি করে তাঁরা বলেছেন রেভিনিউ নির্ধারিত হওয়া উচিত জমির প্রডাকশনের ভিত্তিতে, অর্থাৎ জমি থেকে যে আয় আসবে তার ওপর নির্ভর করে। তা যদি না করা হয় তাহলে এই বিলের মধ্যে অসঙ্গতি থেকে যাবে এবং আয় ভিত্তিক র‍্যাশনালাইজড রেভিনিউ সিস্টেমের প্রবর্তনের ক্ষেত্রে যে অসুবিধা ছিল এক্ষেত্রে তার থেকে আরও বেশি অসুবিধার সৃষ্টি হবে। কারণ ভ্যালুয়েশন ঠিক করার ক্ষেত্রেই অনেক সমস্যা দেখা দেবে এবং এ বিষয়ে আমাদের প্রত্যেকের অভিজ্ঞতা আছে। যাঁদের জমির সঙ্গে সম্পর্ক আছে তাঁরা প্রত্যেকেই এটা জানেন যে, একই এলাকার মধ্যে অত্যন্ত কাছাকাছি যে সমস্ত জমি রয়েছে সেই জমিগুলির মধ্যে বাজার মূল্যের পার্থক্য আছে এবং শুধু তাই নয়; জমির বাজার মূল্যের নিত্য পরিবর্তন ঘটে এবং অনেক সময় অত্যন্ত দ্রুত পরিবর্তন ঘটে। যদি বাজার মূল্যের ওপর দাঁড়িয়ে শতকরা হিসাবে জমির রেভিনিউ নির্ধারিত হয় তাহলে সেটা কোনও নীতির ওপর হবে? এটা আমরা ঠিক করতে পারছি না। আমরা জানি জমি বিভিন্ন প্রকারে ব্যবহার হয় এবং একই এলাকায় যখন দেখা যাচ্ছে এক খণ্ড জমির মূল্য বিঘা প্রতি ৫০০০ টাকা, তখন একই সময় তার পাশেই এক বিঘা ১৫,০০০ টাকায় বিক্রি হচ্ছে। কাজেই জমির ভ্যালুয়েশন আরও বেশি অনিশ্চিত ও পরিবর্তনশীল। সুতরাং জমির যে বাজার মূল্য, সেই বাজার মূল্যের উপর নির্ভর করে কখনই রেভিনিউ নির্ধারিত হতে পারে না এবং এটা বাস্তবসম্মতও নয় এবং এর দ্বারা র‍্যাশনালাইজেশন অফ রেভিনিউ সিস্টেম, যেটা আমরা চাইছি, সেটা করা সম্ভব হবে না। কাজেই আমি বলি যে এই বিলটা পুনর্বিবেচনা করা দরকার। তাছাড়া আমার মনে হয় যদিও এই বিলটা সিলেক্ট কমিটির মধ্য দিয়ে এসেছে এবং মূল বিলের গৌন ও মৌলিক পরিবর্তন করা হয়েছে, দেখা যাচ্ছে যে, মূল বিলের বহু বিষয়ের উপর আলোচনা কেন্দ্রীভূত হয়নি এবং তারফলে বহু ক্ষেত্রে অস্পষ্টতা থেকে গেছে এবং সেই অস্পষ্টতাগুলি রাখা উচিত হয়নি। এই প্রসঙ্গে আলোচনা করতে পারি এরিয়া সম্পর্কে। এরিয়ার একটা ডেফিনেশন্স দিয়েছেন এরিয়া means a tract comprising a district or any part thereof or any special class of lands within the district which may not be contiguous as may be determined by the prescribed authority. এই এরিয়া জেলা ভিত্তিক পৃথক পৃথকভাবে করবেন, না ডিস্ট্রিক্টের মধ্যে বিভিন্ন এরিয়া করতে চান—সেই এরিয়া কনটিনুয়াস হোক বা না হোক সেটা কথা নয়— এই এরিয়া কোনও নীতিতে ঠিক করবেন এইটা বিলের মধ্যে অস্পষ্ট থেকে যাচ্ছে। এনি স্পেশ্যাল ক্লাস অফ ল্যাণ্ড বা এনি ট্রাক্ট অফ ল্যাণ্ড থেকে আপনি কিরকমের স্পেশ্যাল ক্লাস বা ট্রাক্ট বোঝাতে চাইছেন বা কিভাবে তা ঠিক করবেন তা বুঝতে পারা যাচ্ছে না এবং এগুলি অস্পষ্ট থেকে যাচ্ছে। এই অস্পষ্টতা এই বিলের মধ্যে থাকা উচিত নয়। ক্লজ ১০-এ দেখা গেছে ল্যাণ্ড হোল্ডিং-এর পরিবর্তন হচ্ছে। যেখানে ৪ একরের

কম আছে সেটা যদি বেড়ে গিয়ে ৪ একর বা তার বেশি হয় তাহলে রিটার্ন সাবমিট করতে হবে কিন্তু যার ৪ একরের সমান বা ৪ একরের কম হবে, তাকে কি রিটার্ন সাবমিট করতে হবে না? ক্লজ ১০(৭) অনুসারে ৪ একরের কমের মধ্যেও জমির পরিমাণ কমলে বা বাড়লে কি রিটার্ন দিতে হবে? এসব বোঝা যাচ্ছে না। ক্লজ ১০(১) তে বলেছেন যার ৪ একর আছে তাকে রিটার্ন সাবমিট করতে হবে? রেটেবল ভ্যালু অফ ল্যাণ্ড—সেটা কি করেছেন? মার্কেট ভ্যালুর ১০ পারসেন্ট। মার্কেট ভ্যালু নির্ধারণের ক্ষেত্রে যে অসুবিধা আছে সেই কথা উল্লেখ করছি। ৫০ হাজার টাকার মূল্য পর্যন্ত যাদের জমির দাম তাদেরকে আপনি খাজনা থেকে রেহাই দেবার ব্যবস্থা করেছেন আবার করেছেন ৪ একর পর্যন্ত যাদের জমি আছে তাদের রাজস্ব দেওয়ার প্রয়োজন হবে না। তাহলে কি মন্ত্রী মহাশয় ধরে নিয়েছেন যে ৪ একর জমির ভ্যালু ৫ হাজার টাকা হবে? আমার জানা আছে এমন জায়গা আছে যেখানে এক বিঘা জমির দাম ৭/৮ হাজার টাকা। যদি ধরে নিই ৫ হাজার টাকা বিঘা তাহলে ৪ একরের মূল্য হবে ৬০ হাজার টাকা এবং এক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ৬০ হাজার টাকা মূল্যের জমি খাজনা থেকে রেহাই পেয়ে যাচ্ছে অর্থাৎ রায়ত বা মালিককে রাজস্ব দিতে হচ্ছে না। কারণ আপনি সিলিং করে দিয়েছেন যে ৫০ হাজার টাকার সম্পত্তি রেহাই হবে। কারণ ৫০ হাজার টাকার ১০ পারসেন্ট টাকা অর্থাৎ ৫ হাজার টাকা সেখানে রেটেবল ভ্যালু এবং সেটা রাজস্ব থেকে রেহাই পেয়ে যাচ্ছে। এইভাবে ৭০ হাজার কিম্বা ৮০ হাজার টাকা মূল্যের জমির যিনি মালিক তিনি খাজনা থেকে রেহাই পাবেন—এটা কি আপনি চান? আপনি কি ৪ একর পর্যন্ত জমির খাজনা রেহাই দিতে চান, না ৫০ হাজার টাকা মূল্যের যিনি মালিক তাকে খাজনা থেকে রেহাই দিতে চান—সেটা কি করে ঠিক করবেন এবং এক সঙ্গে দুই নীতির প্রয়োগের সমস্যার সমাধান কোথা থেকে হবে—এটা আমি বুঝতে পারছি না।

[2-40 – 2-50 P.M.]

এই রকম বহু অসঙ্গতি আছে এই বিলটির মধ্যে, কাজেই আমার মনে হয় ল্যাণ্ড রেভিনিউ সিসটেম যদি রাখতে হয় তাহলে আমার মনে হয় নিঃসন্দেহে আবার এই বিলটির সম্বন্ধে নতুন ক'রে বিচার বিবেচনা করা উচিত। যে বিল আসবে আগে সেই বিলটাই র‍্যাশনালাইজড হওয়া উচিত। আমরা দেখছি এই সমস্ত বিল নিয়ে আসবার সময় বহু বিষয় অস্পষ্ট রেখে গভর্নমেন্ট রুল মেকিং পাওয়ার-এর মাধ্যমে প্রচুর ক্ষমতা হাতে রাখেন এবং বিল পাশ করানো হয়, কিন্তু এই রুল মেকিং পাওয়ার থাকার ফলে সেই ক্ষমতা নিয়ে আমলাদের মধ্যে দুর্নীতির সুযোগ গড়ে ওঠে। এটা গণতন্ত্র সম্মত রীতির বিরোধী বলে আমরা মনে করি। যতদুর সম্ভব এসব বিল সুস্পষ্ট হওয়া উচিত। এই বিলটি নিঃসন্দেহে একটি গুরুত্বপূর্ণ বিল। সেদিক দিয়ে বিচার করেও বিলটিকে ফিরিয়ে নিয়ে আবার পুনরায় বিবেচনা করা উচিত বলে মনে করি। অনেকগুলি ভুল ত্রুটি বিলটির মধ্যে দেখেছি, তাই কতকগুলি সংশোধনী প্রস্তাব দিয়েছি। মাননীয় সদস্য এক বন্ধু অত্যন্ত ক্ষোভ প্রকাশ করেছেন আমি অনেকগুলি ছোট ছোট সংশোধনী প্রস্তাব দিয়েছি বলে। এই সংশোধনীগুলি বিচার করে দেখতে হবে এবং আমার মনে হচ্ছে এই সংশোধনীগুলির অনেকগুলি মন্ত্রী মহাশয়কে গ্রহণ করতে হবে, না হলে এগুলির উপর ভিত্তি করে সরকার পক্ষের মাননীয় মন্ত্রী মহাশয়কেও সংশোধনী প্রস্তাব আনতে হবে। কারণ বিরোধীপক্ষ থেকে যে সমস্ত সংশোধনী প্রস্তাব যায়

সেগুলি সম্বন্ধে সরকার পক্ষের একটু উন্নাষিকতা থাকে, তারা চান না সেগুলিকে গ্রহণ করতে। তা না করে, আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, বিলটিকে ফিরিয়ে নিন, এবং এ সম্বন্ধে বিচার বিবেচনা করে ভাল একটি বিল নিয়ে আসুন। তা না হ'লে বিলটি জনমত সংগ্রহের জন্য প্রচার করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ** ঃ মিঃ স্পিকার স্যার, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড (ফার্ম হোল্ডিং) বিল, ১৯৭৮ যেটা এনেছেন আমি গোটা বিলটা পড়তে গিয়ে একটা কথা মনে হল যাঁরা আইন মানেন না, যাঁরা শৃঙ্খলা মানেন না, যাঁরা পদ্ধতি মানেন না, যাঁরা নিজেরা শুধু নিজের স্বার্থ ছাড়া অপরের স্বার্থ সম্বন্ধে কোনও চিন্তা করেন না সেই সমস্ত মানুষের পক্ষে এই পদ্ধতিগত ভুলে ভরা এই রকম একটা বিল আনা সম্ভব। আমি পদ্ধতি গত কেন বলছি সেটাও শুনুন। প্রথম থেকে দেখছি পশ্চিমবঙ্গে এই সি. পি. এম. সরকার প্রতিষ্ঠিত হবার পর কি গ্রামে, কি শহরে মুষ্টিমেয় মানুষ যখন সুযোগ সুবিধা পায় তখন বেশিরভাগ মানুষ এই সি. পি. এম সরকারের কাছ থেকে প্রত্যাখ্যাত হচ্ছে, অবহেলিত হচ্ছে। সেই কথার একটা রিফ্লেকশন আমরা পাচ্ছি পক্ষপাত দুষ্টে। প্রথমেই ক্লজ ১ সাব ক্লজ ৩টা একটু দেখবেন। অ্যাপ্লিকেশন অফ দি সিসটেম এখানে বলছেন in such district as the State Government may, by notification in the Official Gazette, appoint and different dates may be appointed for defferent districts. ইন সাচ ডিস্ট্রিক্ট এই আইনটা অ্যাপ্লিকেবল হবে। এখানেই আমরা আশঙ্কা করছি কেননা অপারেশন বর্গার নামে আসল বর্গাকে হটিয়ে দিয়ে সি. পি. এম জাল বর্গা সৃষ্টি করেছেন। প্রথমেই ক্লজ ১ এ বলেছেন সাচ ডিস্ট্রিক্ট মানে ওরা মিন করেছেন যেখানে সি. পি. এম এর সাপোর্টার কম হবে অর্থাৎ সেখানেই অ্যাপ্লিকেবল করবেন। কেন বলছেন না ইন অল ডিস্ট্রিক্ট এটা অ্যাপ্লিকেবল হবে। তাই বলছি এটা পক্ষপাতদুষ্ট কোনও কোনও মন্ত্রী বলেন আমি কমিউনিস্ট—অভদ্র। কিন্তু আপনি যখন তা বলেন নি তখন কেন এই আচরণ এই বিলের মধ্যে রেখেছেন? সেইজন্য আপনাকে অনুরোধ করছি ক্লজ ১ অ্যামেণ্ড করে এক সঙ্গে সব জেলা করুন। তারপর আমি সিস্টেমগত ভাবে কতগুলি কথা বলছি। এই চিন্তা ধারা আমাদের ছিল এবং এই চিন্তা ধারা নিয়েই আমরা ভাগচাষি করেছিলাম। ওরা অপরেশন বর্গার নামে অত্যাচার আরম্ভ করলেন। মন্ত্রী মহাশয় ক্লজ—২ সাব ক্লজ ১ (ও) একবার দেখুন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** ঃ ক্লজ বাই ক্লজ পরে আলোচনা করবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ** ঃ জেনারেল অবজারভেশন বলছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** ঃ বলুন। কিন্তু ক্লজ বাই ক্লজ পরে আলোচনা হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ** ঃ পরে ডিসকাশনের স্কোপ পাব না বলেই এখন বলছি। এখানে আপনি বলছেন revenue means whatever is lawfully payable. এটা খুব ভেগ্, স্পেসিফিক কিছু নেই। আপনি যদি এটা স্পেসিফিক করে দেন তাহলে সুবিধা হবে। কিন্তু আপনি এটা সম্পূর্ণ ভেগ রেখেছেন। you fix it daily or monthly or annually.আপনার মতো একজন বুদ্ধিমান মানুষের কাছে এরূপ ভেগ বিল আমরা আশা করি নি। আপনি যদি

বলেন এটা ভেগ লেগেছে এই কারণে যে অ্যাডমিনিস্ট্রেশন আমাকে সাহায্য করছে না বলে। এটা অ্যানুয়ালি করবেন না ডেলি করবেন সেটা ঠিক করতে পারেন নি। আবার ক্লজ—৭ রেটেবল ভ্যালুটা একবার চিন্তা করে দেখুন। আশা করি আপনি আবার এটা রিভিউ করে দেখবেন। এ বিষয়ে আপনার উপর কোনও প্রেসার আছে কিনা জানি না। ১৯৭৫ এ জমির মূল্য যা ছিল ১৯৭৬ এ সে জমির মূল্য কোনও কোনও জায়গায় বেড়ে গেছে। কিন্তু আপনি বলেছেন ৫ বছরের জন্য রেটেবল ভ্যালু ফিক্সড থাকবে। আমি বলছি এটা অবাস্তব কারণ ৫ বছরের জন্য জমির মূল্য কোথাও ফিক্সড থাকতে পারে না। সি. পি. এম এর লোকেরাই এটা চিন্তা করতে পারে। তাই আশা করছি এটা ২/৩ বছরের জন্য ফিক্সড করা হোক—অর্থাৎ প্রত্যেক ২/৩ বছর অন্তর রেটেবল ভ্যালু ফিক্সড করা হবে।

[2-50 – 3-00 P.M.]

এখানে একটা অরগানাইজেশনের কথা বলেছেন। গোটা বিলটাই দেখছি আপনারা একটা মাথাভারি অরগানাইজেশন করেছেন—অর্থাৎ রাজস্ব আদায়ের যে পরিকল্পনা করেছেন সেখানে আপনাদের দূরদৃষ্টিতার অভাব আছে। আপনাদের দূরদৃষ্টিতার যে অভাব তার প্রমাণ আমরা অপারেশন বর্গায় দেখছি। অরগানাইজেশন সিস্টেমের অভাব আছে। সেইজন্য আমরা আশঙ্কা করছি যে, যে টুকুন আদায় হবে তার ৪ গুন ব্যয় হবে—অর্থাৎ অরগানাইজেশন খরচা মেনটেণ্ড করতে গিয়ে আপনাকে এ খরচা করতে হবে। তাই বলছি ৪ গুন ব্যয় করে যে অরগানাইজেশন করছেন তাদের কিছু কাজ করতে দেন। আপনি যদি বলেন তাদের বসিয়ে কাজ করাবেন—ইলেকশনের সময় রিগিং করাবেন তাহলে কিছু বলার নেই। কিন্তু তাদের মাইনে দিয়ে যদি জনসাধারণের উপকার করাতে চান তাহলে ২/৩ বছর অন্তর এটা করুন। এটাই আমার অনুরোধ। তারপর ক্লজ-১৪ দেখুন। এখানে কেমন স্কোপ দিচ্ছেন। ব্রিটিশ আমল থেকে শুনে আসছি, কংগ্রেস আমল সম্বন্ধেও শুনেছি যদি কেউ পুকুর চুরি করে আপনারা বলেন নদী সমুদ্র চুরি করছে। সেই স্কোপ আপনারাও এখানে দিয়েছেন। ক্লজ ১৪ এ ৪ নম্বর লাইনে আছে হ্যাজ বিন মেড উইদাউট রিজিনেবল কজ, এটা ক্লিয়ার হচ্ছে কি? রিজিনেবল কজ মানে কি? এর মানে যারা এসে পার্টি আপনাদের করবে—আপনাদের ভোট দেবে সেটাই রিজিনেবল কজ্—না, যারা উপযুক্ত ভাবে প্রমাণ করবে আসেসমেট রং সেটাই রিজিনেবল কজ্ হবে? সি. পি. এম এর লাল পতাকা নিয়ে কংগ্রেসের বুকে যারা ছুরি মারবে সেটাই হবে রিজিনেবল কজ্? সেইজন্য বলছি এই বিষয়ে স্পেসিফিক বলা দরকার। সুতরাং গোটা বিলটাই ভেগে ভরা। আপনি একজন ক্লিয়ার ম্যান হিসাবে কিভাবে এটা করলেন জানি না। কিন্তু সেই বৃটিশ সিস্টেমে অফিসাররা যা করে দেন তাই মন্ত্রীরা সই করে খালাস। আপনারা বলেন বুরোক্র্যাসি সিস্টেমে বিশ্বাস করেন না, তাহলে কেন একথা বলে বেড়ান We Ministers are morely head clerks. We have nothing to do. What the officers submit we morely sign as headclerks. সেই ওল্ড সিস্টেম, একই জিনিস, পুরানো বোতলে নতুন মদ। আপনি ক্লজ ২৪, ক্লজ ১৮ দেখুন—নো সুট শ্যাল লাই। বৃটিশ সিস্টেম চেঞ্জ হয়নি। আপনি বলবেন ইনডেমনিটি বণ্ড এগুলি বিলে থাকার প্রয়োজন আছে। কেন ইনডেমনিটি ক্লজ উঠিয়ে দেবেন না? কেন সিভিল লাই করবে না। স্যার, একটা কথা মনে পড়ে গেল, সেদিন রাস্তা দিয়ে হাঁটছিলাম, আমাকে হঠাৎ এক ভদ্রলোক বললেন

সুনীতি বাবু, ওদের মার্কসিস্ট, কমিউনিস্ট, লেনিনিস্ট অনেক কিছু আছে, কিন্তু ওরা যখন গাড়ি চড়ে বেড়ায় তখন দেখি সামনে তেরঙ্গা পতাকা পত্‌ পত্‌ করে ওড়ে। আমি বললাম ফেডারাল স্ট্রাকচার মেনটেন করতে হয়। ভদ্রলোক বললেন সুনীতি বাবু তা নয়, সেই পুরানো সিস্টেম ফলো করছে। মন্ত্রীরা যখন গাড়িতে যান তখন পাশে শালিরা থাকে, বৃটিশ সিস্টেমে যদি ফাঁকা গাড়ি যায় তাহলে কনস্টেবল স্যালুট করবে না, সেজন্য কনস্টেবলদের স্যালুট পাবার জন্য সামনে তেরঙ্গা পতাকা উড়িয়ে যায় এবং কনস্টেবলরা স্যালুট করলে শালিদের বলে দেখ, দেখ, কিরম স্যালুট করল। সুতরাং ওল্ড সিস্টেম চেঞ্জ করতে পারেননি। আমি কেন একথা বললাম জানেন মন্ত্রী মহাশয়, আপনারা কমিউনিস্ট নন। মার্কস যদি আজকে বেঁচে ফিরে আসতেন তাহলে আপনাদের এই বিল দেখে এই বৃটিশ পলিসি দেখে এই বুরোক্র্যাটিক মেন্টালিটি দেখে হেসে উঠতেন এবং বলতেন ওরে কুলাঙ্গার, তোরা কমিউনিস্ট নয়। যদিও মুখে আপনারা কমিউনিস্ট, কিন্তু ভেতরে ভেতরে কি সেটা আমি জানি। সেটা এখনই আমি প্রকাশ করব না, ঠিক টাইমে প্রকাশ করব। আমি যেকথা বলছিলাম সেটা হচ্ছে আজকে গ্রাম বাংলার উপর নির্ভর করে গোটা শহর গোটা পশ্চিমবাংলা বেঁচে আছে, গ্রাম বাংলার চাষের উপর নির্ভর করে সমস্ত মানুষ বেঁচে আছে, এই চাষীর উপর আপনারা পুরাপুরি আঘাত হানবার চেষ্টা করছেন, মানুষের মধ্যে ভীতি এনে দিচ্ছেন, মাঠের জমিতে ধান হচ্ছে না, যে জমিতে ধান হচ্ছে লুটেরা লুঠ করে নিয়ে যাচ্ছে। তারপর এক একটা ভেগ বিল উইদাউট সিস্টেম, উইদাউট এ প্রপার প্রোসিডিওর নিয়ে আসছেন মেজরিটিকে ডিপ্রাইভ করে। মাননীয় মন্ত্রী মহাশয় গ্রাম বাংলার লোক, শহর কলকাতার লোক নন, সেই গ্রাম বাংলার শতকরা ৭০ ভাগ লোক আপনাদের ভোট দেয়নি বলে শুধু ৩০ পারসেন্ট লোকেরা উপকারের জন্য এই বিল এনেছেন। এই ৭০ পারসেন্ট লোক কি সরকারের কাছে উপকার পেতে পারে না? মেজরিটি মানুষ কি ডিপ্রাইভড হবে মুষ্টিমেয় মানুষের জন্য? আপনারা প্রপার সিস্টেমে করুন। আপনারা ডিস্ট্রিক্ট ওয়াইজ অ্যামেণ্ডমেন্ট এনে সাব-ডিস্ট্রিক্ট ক্লজ এনেছেন। মুষ্টিমেয় কিছু মানুষ যারা কেবল সি. পি. এম কালার্ড তারাই ২।। বছর ধরে আপনাদের কাছ থেকে শুধু উপকার পেয়েছে। নন-সি. পি. এম জাতিয়তাবাদী মানুষ যারা পশ্চিমবঙ্গকে মা বলে তারা তো আপনাদের কাছ থেকে উপকার আশা করে।

[3-00 – 3-30 P.M.] (including adjournment)

আমি বলছি এই বিলের দ্বারা তারা এতটুকু উপকার পাবেনা, বরং তারা আবার জরাগ্রস্ত হবে, দ্বিধাগ্রস্ত হবে এবং ক্ষতিগ্রস্ত হবে। কাজেই মন্ত্রী মহাশয়কে বলছি, আমি এটাকে উঠিয়ে নিন এবং প্রোপার্লি একটা বিল আনুন। আপনি এই বিল উইথড্র করে নিন এবং ক্লজগুলি ঠিক করে নিন এবং বিরোধীপক্ষের তরফ থেকে যে সমস্ত অ্যামেণ্ডমেন্ট এসেছে তাকে মূল্য দিন। আমি আপনাকে বলছি ইউ অ্যাকসেপ্ট দিস্ অ্যামেণ্ডমেন্টস্, ইউ অ্যাকসেপ্ট অল অ্যামেণ্ডমেন্টস ব্রট বাই দি অপজিশন বেঞ্চ। আমি দেখেছি আপনারা বিরোধীপক্ষকে কোনও মূল্য দেননা। কিন্তু একটা জিনিস মনে রাখবেন আবার আপনারা যখন একদিন এই বিরোধীপক্ষের আসনে বসবেন তখন যন্ত্রনায় ছটফট করবেন এবং সেদিন বুঝবেন কি যন্ত্রণা বিরোধীপক্ষের হয়। মনে রাখবেন চিরদিন আপনারা গদিতে থাকবেন না। আমাদের এই অ্যামেণ্ডমেন্টগুলো ডাস্টবিনে ছুড়ে ফেলে দেবার জিনিস নয়। আপনি হোল সিস্টেম, হোল

প্রসিডিওর চেঞ্জ করুন এবং সমস্ত জিনিসটাকে নূতন করে আনুন। আপনি ভেগ সিস্টেম উঠিয়ে দিয়ে নূতন করে বিল আনুন।

জয়হিন্দ, বন্দেমাতরম্।

(At this stage the House was adjourned up to 3-30 p.m.)

(After recess)

[3-30—3-40 P.M.]

**শ্রী সুধীর দাসগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই বিল সম্বন্ধে আমাদের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি কয়েকটি বিষয়ের প্রতি আকর্ষণ করে সেগুলি বিবেচনা করার জন্য অনুরোধ করছি। অবশ্য আমি এই বিলে কোনও কোনও দিস অব দ্যাট প্রভিসন ঠিক আছে কি না সে নিয়ে বলছি না। আমি যে কয়েকটি কথা বলতে চাই সেগুলি হচ্ছে লিগ্যাল কনসিকোয়েন্স সম্বন্ধে। এই বিল যদি অ্যাজ ইট ইজ পাস হয় তাহলে কতকগুলি লিগ্যাল কনসিকোয়েন্স এমন হয়ে দাঁড়াবে যেগুলিতে একটা অ্যানোম্যালাস পজিশন অ্যারাইজ করবে—এই কথাটাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই। এই বিলটার স্কীম হচ্ছে হোল্ডিং এর ডেফিনেশন। ল্যাণ্ড হোল্ডিং মিন্স টোটাল ল্যাণ্ড অব এভরি ডেসক্রিপশন হেল্ড বাই এ রায়ত। *Raiyat* means a person or an institution holding land for any purpose including non-agricultural land. তাহলে রায়ত হচ্ছে একজন হোল্ডিং বোথ এগ্রিকালচারাল অ্যাণ্ড নন-এগ্রিকালচারাল ল্যাণ্ড। Any land held by a person is a raiyat. Any person who holds any land be if agricultural or non-agricultural is a raiyat. এইবারে ফার্ম ল্যাণ্ড হোল্ডিং হয় এবং assessment is made on that basis. That assessment is on the total land held by a raiyat both agricultural and a non-agricultural. এর রেজাল্ট হচ্ছে কি? এবারে হোল্ডিং কি হবে? আদার অ্যাক্টস আর দেয়ার, ল্যাণ্ড রিফরম অ্যাক্ট আছে। তার হোল স্কীম অব দি অ্যাক্ট হচ্ছে অন দি বেসিস অব হোল্ডিং অ্যাজ ডিফাইণ্ড ইন দি ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট। তারপর নন-এগ্রিকালচারল টেনেন্সি অ্যাক্ট আছে। তার হোল স্কীম অব দি অ্যাক্ট হচ্ছে যেটা ইউনিট ধরা হচ্ছে নন-এগ্রিকালচারাল টেনেন্সি অ্যাক্টে। সেখানে যে লিগ্যাল ইনসিডেন্সগুলি আছে যেমন incidence of non-agricultural tenants and incidence of raiyats as defined in the land reforms act. এগুলি সবই কিন্তু অন দি বেসিস অব এ রায়ত অ্যাজ ডিফাইণ্ড এট দ্যাট অ্যাক্ট। এখন কোয়েশ্চেন হচ্ছে ঐ অ্যাক্টের টেনেন্ট এবং নন-এগ্রিকালচারাল টেনেন্সি সেটা কিন্তু সংযুক্ত—একেবারে inseparably connected with the rent payable by the non-agricultural tenants. এবং যেটা ডেফিনেশন অব হোল্ডিং, তাতে রয়েছে ল্যাণ্ড হোল্ডিং বাই এ রায়ত অ্যাণ্ড ট্রিটিং ইট অ্যাজ দি ইউনিট ফর অ্যাসেসমেন্ট অব রেভিনিউ। তাহলে পোজিশনটা দাঁড়াচ্ছে কি, পোজিশনটা দাঁড়াচ্ছে যে ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট অনুসারে কিন্তু এই যে হোল্ডিংগুলি হয়ে দাঁড়াবে এর একটাও কিন্তু As soon as this Act will come into force all holdings under the Land Reforms will cease to exist .... all non-agricultural tenancy within the

meaning of the non-agricultural tenancy Act will cease to exit. তখনি These holdings will be composite holdings including both agricultural and non-agricultural lands. অথচ এই রকম কমপোজিট হোল্ডিংএর ইনসিডেন্স কি হবে সেই টেনান্টের তার সম্বন্ধে কিন্তু আইনে কিছু নেই। অথচ ল্যাণ্ড রিফর্ম অ্যাক্টের হোল অ্যাক্টটা derogatory to non-agricultural tenancy Act. ডেরিগেটোরি হয়ে পড়বে। এই হচ্ছে একটা প্রচণ্ড সমস্যা। এটা আপনি কাইন্ডলি কনসিডার করে দেখবেন। এই হচ্ছে অসুবিধা। কারণ The policy is quite alright একটা কম্প্রিহেনসিভ ল্যাণ্ড রিফর্ম সিস্টেম ফর অল ল্যাণ্ডস থাকা দরকার সে বিষয়ে কোনও সন্দেহের কারণ নেই, অবকাশ নেই। কিন্তু এইগুলি করার সময় একটু সিরিয়াসলি কনসিডার করে দেখবেন। অন্যান্য অ্যালায়েড অ্যাক্টস আছে এর এফেক্ট পড়বে তাতে কি রিপারকেশন হবে, কি অসঙ্গতি হয়ে যাবে সেই জিনিসটা আমি কনসিডার করতে বলছি যে তাতে ভয়ঙ্কর ডিফিকাল্ট সিচুয়েশন অ্যারাইস করতে পারে। মনে করুন ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টের একটা প্রিএমশনের প্রশ্ন কালকে একটা সেল হল যেই প্রিএমশনের কোয়েশ্চেন আসবে Immediately it is not the holding within the meaning of Land reforms Act. কোথায় holding-এর revenue assessed হচ্ছে comparing both the agricultural and non-agricultural land whereas the Land Reforms Act এর holding হচ্ছে land held by a *raiyat.* এবং that land means agricultural land including homestead held by raiyat and member as a unit of assessment কাজেই এই difficulties arise করবে, যত জায়গায় land Reforms Act এর holding আছে one basis. The whole Act or the whole incidence of the Land Revenue Act holdings. কাজেই এই ইনসিডেন্সগুলি সমস্তই অকেজো হয়ে পড়বে। কারণ হোল্ডিং টা নূতন টাইপ অব হোল্ডিং হয়ে যাবে এবং কমপোজিট হোল্ডিং অবশ্য এই অ্যাক্টে করা যেতে পারে যেটা আমি কনসিডার করার জন্য বলছি। এই অ্যাক্টে বেসিস ফর অ্যাসেসমেন্ট এ রেট একটা ঠিক হয়ে গেল। একটা রায়ত উইদিন দি মিনিং অব দি অ্যাক্ট হয়ে তার সমস্ত ল্যাণ্ডের ভিত্তিতে তার রেট অব রেভিনিউ কোনও বেসিসে হবে দ্যাট মে বি ডিটারমিণ্ড আণ্ডার দিস অ্যাক্ট। তারপর actual assessment may be left to the Revenue Officer যেটা ঐ অ্যাক্ট অনুসারে যে বিধান আছে সেই অ্যাক্টে assessment of the revenue for each holding কিন্তু as per grade as determined under the Act. তাহলে এই অসঙ্গতিগুলি আসবেনা। হোল্ডিংগুলি ধীরে ধীরে অ্যাসেসমেন্ট হবে কিন্তু রেটটা সেই অনুযায়ী একটা ব্রড প্রিনসিপলে হয়ে যাচ্ছে। এই লাইনে এটা কাইণ্ডলি কনসিডার করবেন। দু'এক জায়গায় যেমন কয়েকটি জিনিস আছে পেনালটি প্রভিসন। আমি কোনও ক্লজ ওয়াইজ ডিসকাশনএ যাচ্ছি না, ক্লজ ১৪ দেখুন যেটা পেনাল্টির ব্যাপার Penalty in the case of any land holding of any raiyat হলে সেখানে তো দিতেই হচ্ছে না। রেট যেটা তার টোটাল ল্যাণ্ডের উপর হচ্ছে কাজেই বলা হচ্ছে rateable value up to Rs. 5000/- কাজেই Rs. 1000/- rateable value. যতক্ষণ তাহলে পেনালটি এই হবে, ৫ হাজার পর্যন্ত এইভাবে দাঁড়াচ্ছে। তাহলে দাঁড়াচ্ছে পোজিশনটা গিয়ে দাঁড়াচ্ছে থার্ডটায়। অর্থাৎ ফাইভ থাউজ্যাণ্ড অ্যাসেস হলে তারই উপর ম্যাক্সিমাম চাপবে। অথচ এই জায়গায় কথা হচ্ছে in the case of any land holding

of any raiyat total rateable value above the exempted limit. এই হলে তাহলে আর কোনও ডিফিকাল্টি হয় না।

[3-40 – 3-50 P.M.]

One thousand rupees above exempted limit. কিন্তু তা না হলে একটা ডিফিক্যালটি, একটা কনট্রাডিকশন হয়ে পড়ে। আমি ব্রড অ্যাসপেক্ট নিয়ে বলছি যে একটু কনসিডার করে দেখুন, ওভার অল অ্যাসপেক্ট কনসিডার করে দেখুন in relation to other allied Acts. এইটা সম্বন্ধে কনসিডার করে ওভার অল বিল আপনি কনসিডার করে দেখবেন এইটা হচ্ছে অনুরোধ। তা না হলে লিগ্যাল ডিফিকালটিস অ্যারাইস করতে পারে। ইনকনসিসটেনন্সি আসতে পারে। যখন কেউ ল্যাণ্ড রিফরমস অ্যাক্টে রিলিফ চাইতে আসবেন, তখন এইগুলো অ্যারাইস করবে। নন-এগ্রিকালচারাল টেনেন্সি অ্যাক্ট অনুসারে অলরেডি একটা অবজারভেশন রয়েছে, কেসটা, আই ডু নট রিমেম্বার ৬৩ সি, (CWN) ডবলিউ এন এতে অলরেডি রিপোর্টেড। একটা কম্পোজিট হোল্ডিং যদি হয় তাহলে প্রি-এমসান অ্যাপ্লাই করছে না। তার কারণ হচ্ছে যে এটা নন-এগ্রিকালচারাল টেনেন্সি অ্যাক্ট অনুসারে neither non-agricultural tenancy nor agricultural tenancy. It is a composite both agricultural and non-agricultural. এই অসুবিধাগুলো হয়ে পড়বে। কাজেই এই জিনিসগুলো কনসিডার করে যদি ওভারঅল বিলটাকে সেই দিকে নিয়ে যান ওই অ্যাক্টগুলোকে কনসিডারেশনে রেখে তাহলে ভাল হয়। আমি ব্রড আসপেক্ট নিয়ে বলতে চাই। কারণ অনেক সদস্য নানা রকম কথা বলছেন। ওইসব জিনিসগুলো সম্বন্ধে আমি বলতে চাই না। আমি এই ব্রড অ্যাসপেক্টগুলো সম্বন্ধে বললাম, this is my appeal to you যে আমি যেটা বলেছি সেটা আপনি ডিসপ্যাসোনেটলি দেখবেন। কারণ আমি অত্যন্ত ডিসপ্যাসোনেটলি বলছি। আমি দলীয় ব্যাপারে বলছি না, অ্যাকচুয়ালি যে ডিফিকালটি হতে পারে বলে রিয়ালাইজ করছি সেইটাই প্লেস করছি। রেটেবল ভ্যালুটা একটু কনসিডার করে দেখবেন। রেটেবল ভ্যালুর এরিয়া একটা ডিস্ট্রিক্ট বা একটা ইউনিট হিসাবে যদি ধরা হয়, জানি না কি হবে, হয়ত রেটেবল ভ্যালুর এরিয়া ইউনিফরম হতে পারে। কিন্তু এটা তো ইউনিফরম হবে না যে সব জমি সমান। অবশ্য ওভারঅল বেসিস ধরে নেওয়া যায়। এটা হতে পারে যে অ্যাকচুয়াল ল্যাণ্ড হোল্ড বাই অ্যারায়ত এইভাবে। কিন্তু অ্যাকচুয়াল বেসিসটা কি হবে, কি হওয়া প্রয়োজন। ধরুন, একটা এরিয়াতে ক্লাস ওয়ান ল্যাণ্ড আছে, ক্লাস টু ল্যাণ্ড আছে, আবার লোয়েস্ট গ্রেড থার্ড ক্লাস ল্যাণ্ড আছে। অ্যাভারেজ ভ্যালু যদি ধরা হয়, তাহলে কি হবে। যার ক্লাস ওয়ান ল্যাণ্ড আছে তার সেন্ট পারসেন্ট হোল্ডিংয়ের ক্ষেত্রে তার কিন্তু ভ্যালু কমে যাচ্ছে। আবার যে একেবারে লোয়েস্ট গ্রেড ল্যাণ্ড তার কিন্তু অ্যাকচুয়াল ভ্যালুয়েশন বেড়ে যাচ্ছে। যে অ্যাসেসমেন্ট হচ্ছে তার ভিত্তি এমন যে তার ঘাড়ের উপর চাপছে লায়াবিলিটি। কাজেই এইগুলোর মধ্যে একটু স্কোপ রাখা দরকার যে এরিয়ার একটা মোটামুটি রিঅ্যাসেস করা। তারপর অ্যাকুচুয়াল হোল্ডিং যেগুলো তার অ্যাকচুয়াল ভ্যালু অ্যাসেস করা প্রয়োজন। তারজন্য একটা স্কীম রাখা দরকার। কারণ তা না হলে অনেক সময় অনেক ইনজাসটিস হবে এবং সেটা গিয়ে লোকের উপরে পড়তে পারে আননেসেসারিলি। কেউ রেহাইও পেতে পারে, কারও উপরে ইনজাসটিস হতে পারে। এই জিনিসগুলো কাইণ্ডলি কনসিডার করে দেখবেন।

আমি প্রলংড করতে চাই না। কারণ অনেক মাননীয় সদস্য বলতে চান। আমি টাইমও চেয়েছিলাম কম। কারণ আমি খালি লিগ্যাল অ্যাসপেক্ট বলতে চাই। কাজেই এই পর্যন্ত বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। again I appeal to you consider this aspect.

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় যে বিল আলোচনা হচ্ছে, সেই বিল সম্পর্কে আমি কিছু বলতে চাই। বিধানসভার সদস্যাদের প্রত্যেকে জানেন যে ১৯৭৮ সালের ১লা ডিসেম্বর তারিখে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিল এনেছিলেন এবং তিনি নিজে থেকে সেটা সিলেক্ট কমিটিতে দিয়েছিলেন এবং সিলেক্ট কমিটিতে ৬টি মিটিং করে বিশদ আলোচনা করে, তিনি রিভাইজড আকারে এই বিল এনেছেন। সিলেক্ট কমিটির যে রেকমেণ্ডেশন তাও দিয়েছি। তবুও আমি বলব এই বিল যে আকারে এসেছে, তাতে এই বিলের যে প্রকৃত উদ্দেশ্য তা তাতে প্রতিফলিত হয়নি। কাজেই যে মূল নীতিতে এই বিল রচনা করেছেন, সেই নীতিই ঠিক নয় বলে আমি মনে করি। কেননা তিনি বলেছেন জমির বাজারে মূল্য হিসাবের উপর খাজনা নির্ধারিত হবে। বাজার দর একটা এরিয়াতে একই রকম বাজার দর হবে তিনি বলেছেন। এখন সেই এরিয়াটা কি? একটা থানা, না কি জেলা না কি মৌজা তা স্পষ্ট করে বলেননি। সেখানে আবার বলেছেন রেটিং বোর্ড থাকবে যারা জমির মূল্য ঠিক করে দেবে, রিজিওনাল রেটিং বোর্ড এবং তার উপর সুপার রেটিং বোর্ড। জমির দাম সেখানে পুনর্বিবেচনা হবে। যদি মনে করেন যে তাদের যেটা পাঠাবে সেটাই গ্রহণযোগ্য তবে তাহলে আরও কিছু ইনফরমেশনের প্রয়োজন আছে, রিজিওনাল রেটিং বোর্ড পাঠাবে, সেখান থেকে নিয়ে ফাইনাল করবে। কিন্তু এখানে একটা ক্লু রেখে দিচ্ছেন। যদি কেউ ইন রাইটিং রিপ্রেজেন্টেশন দিতে পারে তবে সেটা স্টেট ট্রেডিং বোর্ড বিবেচনা করতে পারে। কাজেই মনে হচ্ছে এখানে একটা লুপ হোল বা ক্লু রেখে দিচ্ছে। যদি ইনফ্লুয়েন্সিয়েল লোক ইনফ্লুয়েন্স করতে পারে রেটিং বোর্ডকে তাহলে রেট কম বেশি হতে পারে। এই সুযোগ রেখে দিচ্ছেন। কাজেই এর আমি প্রতিবাদ করি। তার যেকথা আমি বলেছি, মূল যে নীতি বাজার মূল্য অনুসারে খাজনা হবে, এটা আমি মেনে নিতে পারছি না। কেননা আমি মনে করি জমির যে ইনকাম, তাতে উৎপাদিত দ্রব্যের যে মূল্য তার উপর নির্ভর করেই খাজনা ধার্য হওয়া উচিত। এই ব্যাপারে পূর্ববর্তী কয়েকজন বক্তা বলে গেছেন, তাঁর পল্লীগ্রামে বাস করেন, তাঁরা জানেন যে একই মাঠে বিভিন্ন রকম জমি আছে। আপনি স্যার, আশ্চর্য হবেন পাশাপাশি জমি—মুর্শিদাবাদ অঞ্চলে এমন আছে, যেখানে জমির দাম ১৫ থেকে ২০ হাজার টাকা, আর ফসল তার ৪/৫ হাজার টাকা পর্যন্ত হতে পারে। সেখানে পাশাপাশি একটা জমিতে ভাল কপি হয়, তার দাম অনেক বেশি এবং তা বিক্রি করে এই বিঘাতেই ৪/৫ হাজার টাকা লাভ হয়ে গেল। এখন সেই জমিতে উৎপন্ন দ্রব্য যদি ২০ হাজার টাকার মূল্যে বিক্রি হয় আর তারই পাশের জমিতে ফসলের মূল্য হয় ৩ হাজার টাকা, তাহলে সেখানে খাজনা তো একই হবে, এটা কি ঠিক হবে? একই এলাকায় অবস্থিত হয়েও এক এক জমির উৎপাদন কম বেশি হয় এবং পাশাপাশি জমিতেও এই জিনিস ঘটে। সেজন্য বলছি জমির খাজনা বেশি হবে এবং তারই জন্য জমির দামের উপর নির্ভর না করে জমির ইনকামের উপর নির্ভর করে খাজনা ধার্য করা উচিত। যেভাবে মানুষের ইনকামের উপর ইনকাম ট্যাক্স ধার্য

হয়, সেইভাবেই জমির উৎপাদন মূল্যের উপর খাজনা ধার্য হওয়া উচিত। বীরেনবাবু সে ওখান থেকে বলছেন, কিন্তু তিনি পাড়া গাঁয়ে থাকেননা বুঝবেননা। কিন্তু তিনিতো এটা বুঝবেন যে বীরেনবাবুর লাখ টাকা ইনকাম আর আমার মাসে ৫০০ টাকাও হয়না। পাড়া গাঁয়ে আমি থাকি তাই ভাল করে এটা বুঝতে পারি।

[3-50 – 4-00 P.M.]

একই এলাকায় পাশাপাশি দুটি জমির ক্ষেত্রে হয়ত দেখা যায় যে একটি জমি প্রতি বছর সামান্যতম বন্যাতেই ডুবে যায় আবার তার পাশেই হয়ত আর একটি জমি ১।। ফুট উঁচুতে সেই জমিটা ডুবে যায়না, তাতে ভাল ফসল হয়, ভাল ধান হয়। কাজেই সেই উঁচু জমিটার যে উৎপাদন তার সঙ্গে যে জমিটা ডুবে যায় তার উৎপাদন নিশ্চয় এক হতে পারে না। কিন্তু এলাকা হিসাবে বাজার মূল্য ধরলে একই হয়ে যাবে। দুটি জমি কি একই? তা তো নয়। এই নীতিটা পরিহার করা দরকার। মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয়, তাঁর গোটা পশ্চিমবাংলায় একটা সুনাম আছে যে তিনি নাকি জমি সংক্রান্ত ব্যাপারে অভিজ্ঞ এবং কৃষক সমাজের দুর্দশার কথা তিনি ভাল ভাবেই জানেন। কাজেই তাঁকে আমি অনুরোধ করব, এই বিষয়টা একটু বিবেচনা করার জন্য। সেখানে জমির বাজার মূল্যহিসাবে তিনি যে রেভিনিউ ধার্য করবেন এটা ঠিক নয়, জমির উৎপাদিত ফসলের উপর এটা করা উচিত। তারপর স্যার, আমি আপনাদের কাছে আর একটি কথা বলব। আপনারা দেখবেন, এই বিল যেদিন থেকে কার্যকর হবে সেই দিন থেকেই পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার অবনতি ঘটাবে—গ্রামে গঞ্জে মারামারি, কাটাকাটি হবে। আপনারা বলেছেন, জমির খাজনা দিতে হবে জমির মালিক যারা তাদের। আপনারা জানেন, আপনারা আইন করেছেন অপারেশন বর্গার। স্যার, সেখানে আমরা দেখেছি, ২/৪ বিঘা জমির মালিক কোনও বিধবা যে সেই জমি থেকে সংসার প্রতিপালন করে সেখানে যে বর্গাদার রয়েছে তারই হয়ত ৭/৮ বিঘা জমি আছে, অথচ সে সেই বিধবার জমিতে বর্গা চাষ করে। এখন আপনাদের আশীর্বাদে সে সেই জমির মালিক, পুরো না হলেও আংশিক। অথচ আসল মালিককে সেখানে খাজনা দিতে হবে, বর্গাদারকে দিতে হবে না। সেই আসল মালিককে ফসল দিলেও হবে, না দিলেও হবে বর্গাদার এইরকম মনে করবে। সেখানে বর্গাদারের নাম যখন রেকর্ড হয়ে যাচ্ছে তখন তাদের উপরও কিছু খাজনা ধার্য হওয়া উচিত। কিন্তু তা না করে আপনারা সেখানে দলবাজি করার সুযোগ করে রেখেছেন। আপনারা বললেন, জমির আসল মালিককে খাজনা দিতে হবে, বর্গাদারকে কিছু দিতে হবেনা আর তাদের গিয়ে বলছেন, জমির সব ফসল তোমরা নিয়ে যাবে, মালিককে দিলেও হবে না দিলেও হবে। এই ভাবে আপনারা দলবাজি করার সুযোগ করে রেখেছেন। তারপর রিটার্ন দেওয়া সম্পর্কে আপনারা বলেছেন, ৪ একর পর্যন্ত রিটার্ন দিতে হবে না, তার উর্দ্ধে হলে দিতে হবে। আগে আমরা দেখেছি ৪৫/৪০ বিঘার উপরে জমি থাকলে সেটা ভেস্ট হয়ে যেত। কংগ্রেস আমলে আমরা চেষ্টা করেছি, আপনারাও করেছেন কিন্তু এখন আপনাদের আইনে ফাঁক থেকে যাচ্ছে। সেখানে ৪ একর পর্যন্ত রিটার্ন দিতে হবে না বলে যা বলছেন তাতে দেখবেন্ অনেকে বেনামে জমি রাখবে। কাজেই দেখতে পাচ্ছি যে ৪ একর পর্যন্ত জমির রিটার্ন দিতে হবে না। এই ফাঁক দিয়ে নানাভাবে তাদের কাছে ২০ একর পর্যন্ত জমি থেকে যাবে এবং তার জন্য তারা রিটার্ন দেবে না। আমার মতে

এটা কিন্তু ঠিক হচ্ছে না। আপনি বলেছেন কালটিভেবল ল্যাণ্ডের জন্য রিটার্ন দিতে হবে আর নন-এগ্রিকালচারাল ল্যাণ্ডের রিটার্ন দিতে হবে না। আমি মনে করি যেমন এগ্রিকালচারাল ল্যাণ্ডের জন্য রিটার্ন দিতে হবে সেই রকম নন এগ্রিকালচারাল ল্যাণ্ডের জন্যও রিটার্ন দিতে হবে এই রকম প্রভিসন থাকা উচিত ছিল। কংগ্রেস আমলে এই আইন ছিল আপনারা সেটা একটু শক্ত করার চেষ্টা করেছেন। আপনি বলছেন নন এগ্রিকালচারাল ল্যাণ্ডের উপর খাজনা হবে রেটেবল ভ্যালু ঠিক করা হবে। অথচ আবার বলছেন হোমস্টিড অ্যাণ্ড ট্যাঙ্ক এগুলি বাদ যাবে। আপনি জানেন স্যার একটা ট্যাঙ্কের কত ভ্যালু। আমাদের ওখানে জানেন স্যার একটা ট্যাঙ্কের কত ভ্যালু। আমাদের ওখানে একটা বিরাট দিঘি ৫০ হাজার টাকায় বিক্রি হয়েছে। কেন আপনি হোমস্টিড এবং ট্যাঙ্ক বাদ দিলেন। যখন শক্তই করলেন তখন আর একটু শক্ত করলেন না কেন? এই বিধানসভায় ও পার্লামেন্টে যেসব আইন হয় সেই আইনের ফল গ্রামের মানুষকে ভোগ করতে হয়। মন্ত্রীরা যখন আইন করেন তখন লিগ্যাল অ্যাডভাইসার ও লিগ্যাল প্র্যাক্টিশনারদের সঙ্গে যোগসাজস থাকে। এটা কিন্তু নিশ্চয় ভাল নয়, তাই দেখছি এখানে ফাঁক রেখে দেওয়া হল। তা না হলে কোর্ট-কাছারী চলবে কি করে? আপনাদের পুষ্ট যে সমস্ত বোর্ড রয়েছে তাদের তো বাঁচাতে হবে এবং তাদের বাঁচাবার জন্য আপনারা এই ফাঁক রেখেছেন। হোমস্টিড বা ট্যাঙ্ক এমন হতে পারে যেটা ২ একর ৩ একর ৪ একর হতে পারে। তার গোয়াল বাড়ি, তার বৈঠকখানা আবার তিন তলা বাড়ি। তাই আপনি এ সম্বন্ধে কিছু করলেন না কেন? কেন বল্লেন না যে হোমস্টিড-এর জন্য দেড় বা দু বিঘার বেশি জমি রাখতে পারবে না। আইন হল অথচ আইনের ফাঁক রেখে দিলেন। এই যে এতো ফাঁক রেখে দিলেন এতে দেখতে পাচ্ছি আপনাদের পার্টিবাজি করার একটা মতলব আছে। তাই এটা ভাল হলেও একে সমর্থন করতে পারছি না। এক একটা ট্যাঙ্ক পুষ্করিণী কত ইনকাম জানেন? এই সেদিন কথা হচ্ছিল আমাদের ওখানে কালীবাবু নামে এক ব্যক্তি একটা দীঘির দাম ৮০ হাজার টাকায় উঠেছে। তিনি নাকি বলেছেন এক লক্ষ টাকা না হলে দেবেন না। শুনেছি সেই দিঘি থেকে বছরে ১২ থেকে ১৫ হাজার টাকার মাছ হয়। কাজেই এই যে করলেন এতে ফাঁক রাখা উচিত হয় নি হোমস্টিড ট্যাঙ্ক বাদ দেওয়া উচিত হয় নি এটা ধরা উচিত ছিল।

[4-00 – 4-10 P.M.]

এখানে সিভিল কোর্টের ব্যাপারে রেস্ট্রিকশন করে দিচ্ছেন। স্টেট রেটিং বোর্ড যেখানে আছে, সেখানে বলছেন একজন চেয়ারম্যান থাকবে এবং নূন্যতম চার জন সদস্য থাকবে। তাদের কোয়ালিফিকেশন কি হবে, যোগ্যতা কি হবে ওখানে সরকারি লোক থাকবে না, কিছু বেসরকারি লোক থাকবে সেই বিষয়ে স্পষ্ট করে কিছু বলেননি। আবার রিজিওনাল রেটিং বোর্ড করার কথা বলছেন। সেখানে সরকারি সমস্ত লোক থাকবে, না বেসরকারি প্রতিনিধি থাকবে, তাও কিছু বললেন না। এখানে ল্যাণ্ড হোল্ডারদের প্রতিনিধিত্ব থাকার প্রয়োজন আছে বলে আমি মনে করি। যাই হোক, এখানে আপনি বলে দিলেন যে একজন চেয়ারম্যান এবং চার জন সদস্য থাকবে এই রিজিওনাল রেটিং বোর্ডে এবং স্টেট রেটিং বোর্ডে, কিন্তু এরা সরকারি লোক হবে, না, বেসরকারি লোক হবে, এই সম্বন্ধে আপনি কিছু বলেন নি। মন্ত্রী মহাশয় যখন তাঁর বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যটি একটি সুপ্রবন্ধ বলা যেতে পারে, এটা

পরীক্ষায় লিখলে ভাল নম্বর পাওয়া যেত। তিনি ইতিহাসের বর্ণনা করলেন, ব্রিটিশ আমল থেকে কংগ্রেসি আমল পর্যন্ত এবং তার পরবর্তী বছর এবং আপনাদের এই দু বছরে আপনারা কি কি করার চেষ্টা করেছেন সমস্ত কিছু বলেছেন, যাই হোক তার জন্য ধন্যবাদ—পড়তে বেশ ভাল লাগে। এই বিল সম্পর্কে আর কি বলব—এই বিল যখন কার্যকর হবে তখন জনগণ তার প্রত্যুত্তর দেবে। কাজেই আজকে যে বিল মন্ত্রী মহাশয় এনেছেন, তাকে আমি সমর্থন করতে পারলাম না। এই বিলের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ন্যাথেনিয়্যাল মুর্মু ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে বিলটা আমাদের সামনে এনেছেন এবং যেটা সিলেক্ট কমিটির সুপারিশ হিসাবে এখানে এসেছে, এই বিল সম্পর্কে আমার বক্তব্য আপনার মাধ্যমে এই হাউসে রাখতে চাই। গতকাল ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে বক্তব্য রেখেছেন তাতে একটা কথা তিনি সুন্দর ভাবে বলেছেন, এই বিলটা আইনে পরিণত হলে, এই বিল কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গে আমাদের ভূমি ব্যবস্থার ক্ষেত্রে যে সামন্ততান্ত্রিক রাজস্ব ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা শেষ হয়ে যাবে। এই কথাটা তিনি ঠিকই বলেছেন। কিন্তু ভূমি রাজস্ব যে কথা, এই কথাটাই সামন্ততান্ত্রিক। সুতরাং এই গন্ধ থেকে যাচ্ছে বলে আমার মনে হয়। আমাদের ভারতবর্ষের ভূমি ব্যবস্থায়, বিশেষ করে পশ্চিম বাংলার ভূমি ব্যবস্থায় আমরা দেখছি আস্তে আস্তে সামন্ততন্ত্রের যে অবশিষ্টাংশ তাও শেষ হয়ে যাচ্ছে। ধনবাদী কৃষি নীতির প্রবর্তন হয়েছে যেমন, ঠিক তেমনি ভূমি ব্যবস্থার ক্ষেত্রে একটা কিছু পরিবর্তন হওয়ার যে দরকার ছিল, ভূমি রাজস্বমন্ত্রী সেই পরিবর্তনটা আনার জন্য আপ্রান চেষ্টা করেছিলেন এবং তার জন্যই তিনি একটা বিল এনেছেন। আমরা যখন এপারে ছিলাম, ভূমি রাজস্ব মন্ত্রী তিনিও এপারে ছিলেন, স্পিকার মহাশয় আপনিও এপারে ছিলেন, তখন একটা কথা উনি এবং আমরা চিৎকার করে বলেছিলাম যে ভূমি রাজস্ব তুলে দাও, সেখানে কৃষি উৎপাদনের উপর আয়কর বসাও। আপনি নিশ্চয়ই জানেন, ফ্লাউট কমিশনের যে রেকমেন্ডশন এবং রাজ কমিটি যে সুপারিশ করেছেন, সামন্ততান্ত্রিক যে কৃষি ব্যবস্থা, এটা পাল্টানোর দরকার আছে এবং তা করতে গেলে ভূমি রাজস্ব তুলে দিতে হবে। এটা আপনি করার চেষ্টা করেছেন, আমরাও চেষ্টা করেছি, কিন্তু অনেকগুলি অসুবিধা আছে এবং সেই অসুবিধার কথা আপনি বলেছেন। সেটা হচ্ছে এই যে কৃষি অর্থনীতি আমাদের দেশে এমন ভাবে চলছে তাতে কৃষি আয়ের মূল্যায়ন করতে গেলে যে পরিমাণ মেশিনারি লাগে সেই মেশিনারি কোনও সরকারের পক্ষে এই অল্প সময়ের মধ্যে করা সম্ভব নয়। আপনিও এটা অস্বীকার করেননি এবং এটা ভবিষ্যতে করা হবে বলে আপনি স্বীকার করেছেন। কিন্তু সঙ্গে সঙ্গে আপনি যে আইন করতে যাচ্ছেন সেই আইনের ক্ষেত্রে কিছু কিছু অসুবিধা রয়েছে। গতকাল এবং আজকে ঐ পক্ষ এবং এ পক্ষের সদস্যারা যেটা বলেছেন সেটা আপনি বুঝতে পেরেছেন, বিশেষ করে মাননীয় সদস্য দীপক সেনগুপ্ত যেকথা কালকে বলেছেন আমাদের কাছে তা যুক্তিযুক্ত বলে মনে হয়েছে। সেটা আমি আপনার কাছে পুনরাবৃত্তি করব না। সেই ক্ষেত্রে যদি আপনি একটা সিদ্ধান্ত নিতে পারেন তাহলে ঐ যেটুকু লুপহোলস আছে, যে খুঁত আছে সেটা দূর হত এবং নিখুঁত হত। এ সম্পর্কে আমার আর একটা বক্তব্য হচ্ছে রিজিওনাল বোর্ড এবং স্টেট বোর্ড আপনি গঠন করছেন এবং তার জন্য যে প্রভিসন

রেখেছেন এই আইনের মধ্যে তাতে রুলস যাঁরা তৈরি করবেন তাঁরা এটা করবেন। কিন্তু এখানে সেটা শুধু আমলা দিয়ে আপনি করবেন, কি করবেন না সেটা আমি ঠিক বুঝতে পারছি না। অথচ আমাদের বামফ্রন্ট সরকারের একটা নীতি আছে এবং আমরা নির্বাচনের আগে যে ইস্তাহার প্রকাশ করেছিলাম তাতে আমরা বলেছি যে, পঞ্চায়েতের নির্বাচনের পর এই ভূমিরাজস্বের কিছু ব্যাপার পঞ্চায়েতের হাতে থাকবে ওঁরা এই রেট ঠিক করবেন, রেটেবল ভ্যালু ঠিক করবেন। আর যেখানে রিজিওনাল বোর্ড আপিলের নিষ্পত্তি করবে। সেখানে আপনি যে প্রেস্ক্রাইবড অথরিটি করবেন সেখানে আমি অনুরোধ করব যে, সেখানে অন্তত পঞ্চায়েতের একটা প্রতিনিধিত্ব থাক। এটা আপনি পঞ্চায়েত সমিতি থেকে করতে পারেন, একটা ব্লক লেভেলে করতে পারেন এবং একটা জেলা লেভেলে করতে পারেন, এবং জেলা পরিষদ থেকেও রাখতে পারেন। কিন্তু আমাদের তিক্ত অভিজ্ঞতা থেকে বলছি যে, শুধু মাত্র আমলাদের ওপর বিশ্বাস আমরা রাখতে পারছি না। আমাদের সাধারণ মানুষের যাঁরা নির্বাচিত প্রতিনিধি হিসাবে বিভিন্ন জায়গায় প্রতিষ্ঠিত হয়েছেন পঞ্চায়েতের মাধ্যমে তাঁদের প্রতিনিধিত্ব যাতে থাকে এটা দেখবেন। ভূমি বন্টনের ক্ষেত্রে এবং বেনামি জমি ভেস্টেড করার ক্ষেত্রে যেরকম পঞ্চায়েতকে ডেকে এনে কিছু ক্ষমতা দিয়েছেন সেই রকম এই ক্ষেত্রে প্রেস্ক্রায়েবড অথরিটির মধ্যে পঞ্চায়েতের প্রতিনিধিরা কিভাবে থাকবে সেটা আপনি বিবেচনা করে দেখবেন আমার সময় কম, সেই হিসাবে যে কথা আমি ইতিপূর্বে অনেকবার বলেছি সেই কথা আবার বলে আমার বক্তব্য শেষ করব। এখন যে ভূমিরাজস্ব ব্যবস্থা আছে এবং যেভাবে আপনি তা আদায় করছেন, তার পরিবর্তে এখন নতুন যে ব্যবস্থা আপনি প্রচলন করতে যাচ্ছেন তাতে এখনকার যে মেশিনারি বা প্যারফার্নেলিয়া আছে তার চেয়ে অনেক বেশি শক্তিশালী মেশিনারি আপনার দরকার, অনেক বেশি কর্মচারী দরকার। তাহলে আমরা বিশ্বাস করি আগের চেয়ে অনেক বেশি আয় আপনি নিশ্চয়ই করতে পারবেন। কিন্তু এখন যে মেশিনারি আছে এই মেশিনারি দিয়ে হবে না। সেই মেশিনারি যদি আপনাকে ঠিক মতো তৈরি করতে হয় তাহলে আমি গতবার এবং তার আগের বার বাজেট বক্তৃতায় যেকথা বলেছিলাম সেটাই আবার বলি—আপনাকে ল্যাণ্ড রেভিনিউ সার্ভিস করতে হবে। ল্যাণ্ড রেভিনিউর একটা বিভাগ সেখানে উপর থেকে নিচ পর্যন্ত একটা সার্ভিসে থাকবে এবং তারা এইসব কাজকর্মের অভিজ্ঞতা অর্জন করে আসবে। এবং এটা যদি করতে পারেন তাহলে এত দিন ধরে ভূমিরাজস্বের ক্ষেত্রে যা আয় হত তাই খরচ হত, তা আর হবে না এবং পশ্চিমবঙ্গ সরকারের ক্ষেত্রে এটা লাভজনক হবে। আর একটা কথা হচ্ছে আপনি ''ফ্ল্যাউট'' কমিশনের কথা উল্লেখ করেননি। কিন্তু ''ফ্ল্যাউট'' কমিশন এবং অপরাপর যতগুলি কমিশন হয়েছে তারা একটা কথা বলেছে।

[4-10 – 4-20 P.M.]

ফ্ল্যাউট কমিশন বলেছেন গোটা ভারতবর্ষে তথা পশ্চিমবঙ্গের কৃষি ব্যবস্থায় যান্ত্রিক পদ্ধতিতে করা অনেকদিন লাগবে। বিশেষ করে আমাদের দেশে বর্গাদারদের চাষ করার কথা রয়েছে, ক্ষেত-মজুরদের কথা রয়েছে গরু লাঙ্গল বাদ দিয়ে নতুনভাবে কৃষি-ব্যবস্থা আনতে সময় লাগবে। সুতরাং সেই হালের বলদ এবং সেই মোষ এদের উপর নির্ভর করতে হবে। এইজন্য ফ্ল্যাউট কমিশন বলেছিলেন ভূমি সংস্কার করতে গিয়ে একটি কথা খেয়াল রাখা

উচিত সেটা হচ্ছে প্রতি মৌজায় গোচারণের মাঠ যেন থাকে এবং এই গোচারণের মাঠ সরকারি নিয়ন্ত্রণাধীনে থাকবে নিষ্করভাবে। সেই এলাকায় কৃষকেরা তাদের গবাদি পশু চরাতে পারেন। কিন্তু দুঃখের বিষয় সেই ফ্ল্যাউট কমিশনের কথা ভুলে যাওয়া হয়েছে। কংগ্রেস আমলেও আমরা ভূমি সংস্কার দেখেছি যে গোচারণ ভূমি ফরেস্ট ডিপার্টমেন্ট নিয়েছে এবং এর ফলে পশুরা খাদ্যের অভাবে হাড় জির-জিরে হয়ে পড়েছে। সুতরাং এই আইনে যদি প্রভাইসো আনতে পারতেন বা সংশোধন করতে পারতেন তাহলে খুব ভাল হত এবং গোচারণের জন্য যে জমি নির্ধারণ করবেন সেই জমির ক্ষেত্রে খাজনা কমাতে হবে কারণ গোচারণ ভূমি ৪ একরও হতে পারে অথবা তার চেয়েও বেশি হতে পারে। আপনি যদি এই আইনে প্রাভাইসো করে ঐ ব্যবস্থা করতে পারেন তাহলে ভবিষ্যতে আমরা থাকি বা না থাকি, যারা আসবে তাদের এইটুকু ইমপ্রেশন থাকবে যে বামফ্রন্ট সরকার ফ্ল্যাউট কমিশনের সেই নির্দেশ তারা মানার চেষ্টা করেছেন এবং গ্রামাঞ্চলে গোচারণ ভূমির ব্যবস্থা করবার চেষ্টা করেছেন। এ ছাড়া আর একটি জিনিস দেখছি আপনি ফার্ম হোল্ডিং কথাটা পাল্টে দিয়ে ল্যাণ্ড হোল্ডিং করলেন। কিন্তু ভবিষ্যতে ফার্ম হোল্ডিং হবে না এই কথা কেউই বলতে পারেন না। আমাদের দেশে যে কৃষি ব্যবস্থা সেটা দেখে আমার এই প্রশ্নই মনে জাগে—কি ধনবাদী কৃষি ব্যবস্থাই বলুন বা সমাজতান্ত্রিক কৃষি ব্যবস্থাই বলুন সেটা যে ছোট ছোট ল্যাণ্ড ফার্ম হোল্ডিং হবে না এ কথা কেউই বলতে পারেন না। কাজেই ফার্ম হোল্ডিং কথাটা ঠিকই ছিল। আজকে ভূমি ব্যবস্থার যে পরিবর্তন হচ্ছে তাতে করে ঐ গরিব কৃষক, ক্ষেতমজুর তারা অল্প জমি পাবে। ওরা এই সমস্ত জমিগুলিকে ফার্ম হোল্ডিং করে বাড়াতে পারে এবং তার দ্বারা তারা বিরাট কৃষি ক্ষেত্র গড়ে তুলতে পারে। যেমন আছে হরিয়ানায়, যেমন আছে পাঞ্জাবে। সিলেক্ট কমিটি কেন এটা পাল্টালেন তা আমি বুঝতে পারছি না। আপনি যখন উত্তর দেবেন তখন বলবেন সিলেক্ট কমিটি কেন ফার্ম হোল্ডিং চেঞ্জ করে ল্যাণ্ড হোল্ডিং করবেন? এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী যে বিলটি এনেছেন এটাকে আমি সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি এবং সেই বক্তব্য রাখতে গিয়ে দু-একটি কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে নিবেদন করতে চাই। এই বিলটি যখন এই হাউসে আসে তখন বলা হয়েছিল যে এটা সিলেক্ট কমিটিতে যাবে এবং প্রত্যেক রাজনৈতিক দলের সদস্যরা সেই সিলেক্ট কমিটিতে ছিলেন এবং তাঁরা তাঁদের নিজেদের বক্তব্য সেখানে রাখার যথেষ্ট সুযোগ পেয়েছেন এবং আমার মনে হয় যে—নূতন যদি কোনও বক্তব্য থাকে বা থাকত তাহলে তা সেই সিলেক্ট কমিটির মাধ্যমে বলা উচিত ছিল। সিলেক্ট কমিটির সদস্যদের আজকে এটা হাউসে আসার পর এখন আবার এর উপর বলে বিলটাকে ডিলে বা দেরি করা উচিত নয় এবং এটা গণতন্ত্র রীতি বিরোধী আবার বলছি। গতকাল এবং আজ আমি বিরোধীদের বক্তব্য খুব মনোযোগ দিয়ে শুনলাম, আমি ভেবেছিলাম যে বিরোধী দলের বন্ধুরা কিছু নূতন তথ্য বা কথা বলবেন কিন্তু তাঁরা তা কিছু বললেন না, যেন বিরোধিতা করার জন্য বিরোধিতা করছেন। কোনও নূতন তথ্য দেননি, এটা একটা যে নূতন পদক্ষেপ নূতন করে এই রাজ্য সম্পর্কে চিন্তা করা হচ্ছে সেটাও তাঁরা বললেন না। মাননীয় সদস্যদের বোধ হয় স্মরণ আছে

যে ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে ইনহেনসমেন্ট অফ রেন্ট ঐ কংগ্রেসিরা করেছিলেন—যে রেন্ট ছিল তার ডবল করেছিলেন উইদাউট অ্যাসাইনিং এনি রিজন অ্যাণ্ড কজ কোনও কারণ না জানিয়ে গরিব কৃষকের উপর বর্ধিত দ্বিগুণ হারে কর চাপিয়েছিলেন এর জন্য বহু মামলা হাইকোর্টে আছে আনরিজেনেবল এনহেন্সমেন্ট অফ রেন্ট এর জন্য এবং অনেক মামলা পেনডিং আছে। অবশ্য বিরোধী সদস্যরা তখন ক্ষমতায় ছিলেন। সুনীতি বাবু বলেছেন, বিরোধীদের যন্ত্রণায় অস্থির হয়ে গেছেন এবং জ্যোতিবাবুর বিরোধিতার কথা বলেছেন। ওনারা এই প্রথম এসেছেন জ্যোতিবাবু বহুদিন বিরোধিতা করেছেন। তিনি জানেন কর আরোপ করার এই যে পদ্ধতি এটা একটা বৈজ্ঞানিক পদ্ধতি, এই রাজ্যে প্রথম হতে চলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ভূমি বা ভূমি রাজস্ব বিষয়টা অত্যন্ত জটিল এবং আমরা দেখছি মধ্যযুগ থেকে শুরু করে হিন্দু যুগ, মুসলমান যুগ এবং বৃটিশ যুগে এই ভারতবর্ষের ইতিহাসে প্রতি বার একের ছয় অংশ, এক তৃতীয়াংশ, এক চতুর্থাংশ এই ভাবে কর আদায় করার পদ্ধতি ছিল। যখন বৃটিশরা এই দেশে প্রতিষ্ঠিত হলেন তাঁরা এই দেশের ভূমি রাজস্ব আদায় করতে শুরু করলেন গ্রামে। ১৭৫৬ সালে গ্র্যান্ট অফ দেওয়ানি হয়েছিল। কিন্তু তখন এর কোনও বৈজ্ঞানিক পদ্ধতি ছিল না অবৈজ্ঞানিক পদ্ধতিতে তাদের রাজস্ব আদায় করা হত। সেই ১৭৬৫ সালে শুরু করে লর্ড কর্ণওয়ালিশের সময়ে পার্মানেন্ট সেটলমেন্ট এবং তারপর টেনেন্সি অ্যাক্ট, বেঙ্গল টেনেন্সি অ্যাক্ট হয়। আমরা দেখেছি এবং সেদিনও ১৯৩৭ সালে আমরা লক্ষ্য করেছি যে এইসব ব্যাপার নিয়ে অনেক আলোচনা অনেক পরিবর্তন করার চেষ্টা হয়েছে এবং আরও লক্ষ্য করেছি কিভাবে পার্মানেন্ট সেটলমেন্ট তৈরি হয়েছিল। ল্যাণ্ড রেভিনিউ জমিদারি, ইন্টার মিডিয়ারি, রায়ত, আণ্ডার রায়ত, জমিদারি স্টেট অ্যাকুইজিশন হয়ে গেল, ইন্টারমিডিয়ারি স্টেট চলে গেল, রায়ত, আণ্ডার রায়ত তাদের ব্যবস্থা হয়েছিল কংগ্রেস আমলে। ৩০ বছর ধরে রায়ত, আণ্ডার রায়ত, রেন্ট, ফিকসেশন অফ রেন্ট একটা সায়েনটিফিক ব্যবস্থায় তাঁরা করেন নি।

[4-20 – 4-30 P.M.]

পশ্চিমবঙ্গ সরকার সোজাসুজি ভাবে যে সব কর জমি থেকে আদায় করতে পারেন তাহল এক ভূমি রাজস্ব, আর কতকগুলি সেস তারা আদায় করেন। যেমন পি. ডাব্লু. ডি. এডুকেশন সেস আদায় করেন এবং এগ্রিকালচার ইনকাম ট্যাক্স। ল্যাণ্ড রেভিনিউ যে ব্যবস্থা পশ্চিম বাংলায় আছে সেটা সাধারণ ভাবে বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত নয়। সেস এবং ল্যাণ্ড রেভিনিউ বাদ দিয়ে এগ্রিকালচার ইনকাম ট্যাক্স ল্যাণ্ডের উপর থেকে কমে আসছে। ফ্রাগমেনটেশন অফ হোল্ডিং বর্গা সিস্টেম যে ভাবে চালু হচ্ছে তাতে জমির মালিক আস্তে আস্তে কমে আসছে। এর ফলে দেখা যাচ্ছে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বিশেষ করে উত্তর বঙ্গে কমে যাচ্ছে। সুতরাং একমাত্র ল্যাণ্ড এবং এডুকেশন সেস ছাড়া অন্য সব কিছুতেই ক্রমশ কমে আসছে। অন্য দিকে আমরা দেখছি যে ফিকসেশন অফ রেন্টের ব্যাপারে বৈজ্ঞানিক নীতি ব্যবহার করা হয় না। পশ্চিম বাংলার বিভিন্ন জেলায় বিভিন্ন উৎপাদন শক্তি আছে। যেমন বাঁকুড়া জেলার উৎপাদন শক্তি অনেক কম। মেদিনীপুর জেলার খানিকটা অঞ্চল কাঁকর, খানিকটা অঞ্চল জঙ্গল যার জন্য সেখানেও অনেকটা জায়গায় উৎপাদন শক্তি কম। বীরভূম জেলাও ক্যানেল সিস্টেম এমন নয় যে সব জায়গায় ঠিক মতন চাষ হবে। আজকে তাই

আমাদের সরকার ঠিক করছেন যে জমির মূল্য উৎপাদনের উপর বা জমির উদ্ধারের উপর নিরূপিত করতে হবে। বর্ধমানে ১ বিঘা জমির যে দাম সেই দামে বাঁকুড়ায় ১০ বিঘা জমি পাওয়া যায়। মেদিনীপুরে এক একটা অঞ্চলে এমন জমি আছে যাতে সেখানে এক বিঘা জমির যা মূল্য গড়বেতায় সেই দামে ৫ বিঘা জমি পাওয়া যেতে পারে। সেইজন্য এই সরকার এই বিষয়ে একটা বৈজ্ঞানিক পদ্ধতি ঠিক করছেন। এঁরা আইন না পড়েই অশ্ব থামা হতঃ ইতি এখানেই এসে গজেতে আর থামলেন না। এরিয়ার ডেফিনেশন নিয়ে বিরোধী পক্ষ অনেক কথা বলেছেন এবং রিটার্ন সাবমিট করার ব্যাপারে অনেক কথা বলেছেন। ভূমি রাজস্বর মতো জটিল সমস্যার সমাধান করতে গেলে সুবিধা অসুবিধা অনেক দেখা দেবে। ট্যাকসেশন ফিকসড করার একটা ব্যবস্থা এই সরকারই প্রথম গ্রহণ করছেন। বৈজ্ঞানিক ভিত্তিতে জমির মূল্যের উপর কর আরোপ করার একটা ব্যবস্থা এই সরকার ছাড়া ভারতের আর কোনও সরকার করেন নি। নিশ্চয়ই এ ব্যাপারে সমস্ত জিনিসই পারফেক্ট হবে এটা বলা যায় না। কাজ করতে গেলে অনেক বাধা তখন আসবে তখন অ্যাক্টের অ্যামেডমেন্ট নিশ্চই হবে। আইন কোনও কালেই রিজিট নয়—ফ্লেকসেবল এবং জনসাধারণের স্বার্থের দিকে চেয়েই আইন করা হবে। আইন কার্যকর করতে গিয়ে যদি দেখা যায় যে জনস্বার্থ বিরোধী কাজ হচ্ছে তাহলে তখনই আইন সংশোধনী করা হবে। বিনয় বাবু এখানে বিপ্লব করে আইন সংশোধন করছেন না। কংগ্রেস আমলে তৈরি রাজ কমিটির রিপোর্টের উপর ভিত্তি করেই তিনি আইন করার চেষ্টা করছেন। এই কমিটির রিপোর্টের পরিপ্রেক্ষিতে এবং যতটা সম্ভব সংবিধানের আওতার মধ্যে থেকে তিনি ভূমি রাজস্ব নিরূপণ করবার চেষ্টা করেছেন। এই বিল সম্বন্ধে আলোচনা কালে একজন বন্ধু বলেছেন যে এটা সার্কুলেশন করা দরকার। আমি জানি না যে আইনটা সিলেক্ট কমিটি হয়ে আসছে সেটা আবার কেন সার্কুলেশনে যাবে? সিলেক্ট কমিটিতে জন প্রতিনিধি হিসাবে তাঁরা যখন ছিলেন তখন জনমত নিয়ে গিয়ে সিলেক্ট কমিটির মাধ্যমে এই কথা বলতে পারতেন। কিন্তু বিরোধিতা করার জন্যই এই হাউসে তারা বক্তৃতা করলেন। আবার ইন্দিরা (কং) এর বন্ধুরা বললেন যে এই খাজনা আমরা মানতে পারি না কারণ স্ল্যাব যার যত উপরে উঠবে তাকেই বেশি কর দিতে হবে অর্থাৎ বড় বড় জোতদারদেরই বেশি টাকা দিতে হবে। স্বাভাবিকভাবেই তারা এর বিরোধিতা করবেন কারণ বড় লোকের উপর কর চাপাতে গেলেই সেই জায়গায় তারা বিরোধিতা করবেন—অর্থাৎ বড় লোকের স্বার্থ রক্ষা তারা করবেন। কিন্তু এখানে একটা প্রগতিশীল ট্যাকসেশান সিস্টেম ইমপোজিশন করা হয়েছে সেইজন্য তাদের যন্ত্রণা হচ্ছে। সেইজন্য বলছি এটা ঠিকই আছে কারণ বড় লোকের উপর বেশি কর চাপানো হয়েছে। ওরা বিরোধিতা করছেন বলেই আমরা বুঝতে পাচ্ছি যে এটা ঠিকই আছে। আর একজন বন্ধু আইনের ব্যাখ্যা করতে গিয়ে রেটেবল ভ্যালু ইত্যাদির কথা বলে লিগ্যাল ওপিনিয়ন দেবার জন্য হাউসে বললেন। জনসাধারণের স্বার্থ দেখা নয় আইনের ব্যাখ্যা করার জন্যই তিনি এখানে এসেছেন। আমরা জানি বহু প্রগতিশীল আইনের ত্রুটি থাকতে পারে এবং তারজন্য হাইকোর্টে মামলা হতে পারে।

[4-30 – 4-40 P.M.]

সব যে পূর্ণাঙ্গ আইন হয়ে যায় এটা হতে পারে না, কিছু ত্রুটি-বিচ্যুতি থাকা সম্ভব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনে রেটেবল ভ্যালু ইন অ্যান এরিয়া—এই এরিয়ার ডেফিনেশন

দেওয়া আছে, রেটেবল ভ্যালু এই জিনিসটা কে করবে তারজন্য বোর্ড তৈরি করার ব্যবস্থা হয়েছে, রিজিওনাল বোর্ড আছে, স্টেট বোর্ড আছে, এগুলি অ্যাসেসমেন্ট করবার একটা সত্যিকারের বৈজ্ঞানিক পদ্ধতি আছে। এটা নয় যে রাইটার্স বিল্ডিংসে বসে, শীততাপ নিয়ন্ত্রিত বাড়িতে বসে ট্যাক্স অ্যাসেসমেন্ট হবে. তারজন্য আঞ্চলিক অ্যাসেসমেন্ট বোর্ড করা হয়েছে। এখানে একটা জায়গায় আমার মনে হয়েছে সেটা মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু ভাল করে দেখতে বলব, এই যে সেকশন ১৬এ যে অ্যাপিলের প্রভিসন আছে সেখানে দেখা যাচ্ছে অ্যাপিলেট অথরিটি হল একজন সাব-ডিভিশন্যাল অফিসার অর্থাৎ একজন এগজিকিউটিভের হাতে অ্যাপিলের ভার দেওয়া হয়েছে। ঐ রিজিওনাল কমিটি একটা ইনডিপেণ্ডেন্ট ইমপার্সিয়াল অথরিটি—সাম শর্ট অব অ্যান এগজিসটিং জাজ, সাম শর্ট অব এ সাব জাজ এই রকম দিয়ে একটা কনসিলিয়েশন বোর্ড হবে। সেটা উনি যখন ডিটেলস রুলস তৈরি করবেন তখন দেখবেন। এখানে আছে রিজিওনাল রেটিং বোর্ড The State Government shall, by notification, constitute a Regional Rating Board for a region. Each Regional Board shall consist of a chairman and other members not exceeding four. Therefore may I request the Hon'ble minister. চেয়ারম্যানের কোয়িলিফিকেশন যে ধরনের হবে বা অন্যান্য মেম্বার যাঁরা হবেন তাঁরা যাতে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি হন, যাঁদের আইন ল্যাণ্ড রেভেনিউ সম্বন্ধে অভিজ্ঞতা আছে সেই রকম ব্যক্তিরা যাতে হন সেটা যখন রুলস ফ্রেমড আণ্ডার দিস অ্যাক্ট করবেন, প্রোসিডিওর, ওয়ারকিং অ্যাণ্ড ফাংশন এগুলি ডিটেলস যখন করবেন তখন যেন এগুলি খেয়াল রাখেন এটা অনুরোধ করছি। অ্যাসেসমেন্ট করার রেটেবল ভ্যালু ডিসাইড করার যে রিজিওনাল অথরিটি হল তারা যাতে যোগ্যতা সম্পন্ন ব্যক্তি হন সেটা যেন মন্ত্রী মহাশয় দেখেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেকশন ৫এ'র মধ্যে কমপ্লিট কণ্ডিশন বলে দেওয়া আছে যে এর বেসিস হচ্ছে ন্যাশনাল বেসিস এবং সেগুলি বলছে অ্যাট দি টাইম অব অ্যাসেসমেন্ট, যখন রেটেবল অ্যাসেসমেন্ট হবে। A Regional Board shall assess the rateable value or values for the area or areas comprising the region on the basis of soil, climatic conditions, irrigation and marketing facilities, average yield of land, prices of main crops or any other major produce and such other factors which may be considered relevant and necessary. So, certain conditions were imposed upon the Board. Board cannot alter the rules or conditions imposed by this Assembly and these conditions must be fulfilled in taking into consideration the fixation of rateable value সুতরাং কিভাবে রাজস্ব নির্ধারিত হবে, কি ভাবে সেখানে বৈজ্ঞানিক পদ্ধতিতে বিভিন্ন ধরনের সেখানে জলবায়ু, সেখানের আবহাওয়া, সেখানের উৎপাদন শক্তি, সেখানের ভৌগলিক অবস্থা অর্থাৎ ধরুন খরা, কোনও জায়গায় খরা হয়, কোনও জায়গায় বৃষ্টিপাত কিরকম হয় ঐ সমস্ত বিষয়গুলি সেখানে গ্রহণ করে এবং তার যে মার্কেট ভ্যালু—মার্কেট ভ্যালু সম্পর্কে বিরোধীদের কিছু কিছু দ্বিধা আছে তারা ঠিক বুঝতে পারেন নি। মার্কেট ভ্যালু কিভাবে হয়, মার্কেট ভ্যালু যেভাবে এসেসমেন্ট হয় আইন সঙ্গতভাবেই হবে এবং তা সত্ত্বেও ঐ সব কণ্ডিশনগুলিকে যারা অ্যাসেস করবেন সেই অ্যাসেসমেন্ট করতে গিয়ে তাদের সব দেখতে হবে। যদি তারা সেগুলি ওভারলুক করেন তাহলে সেটা বেআইনি হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বিল

এই বিলটা একটা প্রগতিশীল বিল। এই বিল হচ্ছে যুগান্তকারী বিল এবং এই বিলটি হচ্ছে একটি নতুন পদক্ষেপ। আমি মাননীয় বিরোধী সদস্যদের বলব যে আপনারা উদার মন নিয়ে, খোলা মন নিয়ে এই বিলকে দেখুন। কোনও জায়গায় কিছু কিছু সামান্য ভুল থাকতে পারে। কিন্তু যখন ওয়ার্কিং হবে, যখন যা অসুবিধা দেখা দেবে অ্যামেণ্ডমেন্ট করে, সংশোধন করে—আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যদি বোঝেন যে অসুবিধা হচ্ছে, এটা জনস্বার্থ বিরোধী হচ্ছে, গরিব সাধারণ মানুষের বিপক্ষে যাচ্ছে তখন নিশ্চয় সেটা তিনি সংশোধন করবেন। কিন্তু আপনারা উদার মন নিয়ে, খোলা মন নিয়ে আপনারা অন্তত এই দৃষ্টিভঙ্গি নিয়ে দেখুন যে এটি একটি নতুন পদক্ষেপ এবং যুগান্তকারী বিল। আপনারা যখন গত দু-তিন-চার বছর আগে এনহ্যান্সমেন্ট অফ রেণ্ট ডাবল করে দিলেন তখন তার কোনও বেসিস ছিল না। হঠাৎ সরকারি ফতওয়া ইমার্জেন্সি-এর সময় জরুরি অবস্থার সময়ে সেই সময় ঘোষণা করলেন ডাবল রেণ্ট। সাধারণ মানুষকে সময় দিলেন না। সাধারণ মানুষ দৌড়াতে দৌড়াতে হাইকোর্টে এসে ইনজাংশন নিয়ে প্রাণে বেঁচেছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এরা সেদিন কোনও বিচার বুদ্ধি নিয়ে এটা করেন নি। সাধারণ মানুষের উপর জোর-জুলুম করেছিলেন সে কথা আজ ভুলে গেছেন। সেই জন্যই আজকে দেশে এই অবস্থা। এই কয়েকটি কথা বলে আমি এই বিলকে পরিপূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন তাকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে এই বিলের উপরে যেসব সংশোধন আনা হয়েছে আমি তার বিরোধিতা করছি। এই বিল সম্পর্কে আলোচনা করতে গিয়ে কয়েকটি কথা আমি বলতে চাই। আমাদের অভিজ্ঞতা আমরা দেখেছি বিগত স্বাধীনতা আন্দোলনের সময় থেকে জমির সম্পর্কে যে আন্দোলন আমরা করেছিলাম সেই সময় আমরা বলেছিলাম যে খাজনা ব্যবস্থার পরিবর্তন করতে হবে। কিন্তু যখন জমিদার দখল আইন হল তখন দেখেছিলাম খাজনার আইন পরিবর্তন হয়নি। সেই পুরানো পদ্ধতিতে খাজনা চলে আসছিল। আমাদের অভিজ্ঞতা হচ্ছে এই জমিদাররা যে খাজনা ঠিক করেছেন, আমি অভিজ্ঞতায় আমার জেলায় জানি যত খারাপ জমি, জলা জমি, শুখা জমি তার খাজনার হার বেশি। যত ভাল জমি, যে জমিগুলি জমিদারদের হাতে ছিল সেই জমিগুলির খাজনার হার কম। এমন কি জমিদারি দখল আইন পাশ হল জমিদারি ব্যবস্থা চলে গিয়ে কৃষকদের কিছু কিছু অধিকার দেওয়া হল তখনও যে জমিগুলি তাদের ছিল সেগুলি নিষ্কর হয়েছিল। প্রথম যুক্তফ্রন্ট আসার সময়ে এরা চালু করেছিল এই প্রথা যে কৃষকের খাজনা দিতে হবে, খাজনা দিলে জমি দখল করা যাবে না, ভোগ করা যাবে না প্রথম যুক্তফ্রন্ট প্রথমে খাজনার হার কমাবার চেষ্টা করলেও যে তিন একর জমির খাজনার হার মকুব হল কিন্তু এই আইনটিকে তারা চালু করতে পারেন নি। এর পরবর্তীকালে যখন কংগ্রেসিরা এলো এবং যখন কৃষকদের মধ্যে চেতনা আস্তে শুরু করল—

[4-40 – 4-50 P.M.]

কিন্তু পরবর্তীকালে কৃষকেরা খাজনা লাগবেনা এই চেতনা যখন কৃষকদের মধ্যে এলো তখনই কংগ্রেসি সামন্তপ্রভুরা চিৎকার শুরু করল, কৃষক খাজনা না দিলে জমির মূল্য থাকে না। তাই তারা চেষ্টা করল নানাভাবে ১৯৬৭ সালে যে খাজনা নেওয়া হয়েছিল সেটা বন্ধ

করবার জন্য। অবশ্য পরবর্তীকালে তারা সেটা পারেনি। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমাদের এই অভিজ্ঞতা হয়েছিল যে, কংগ্রেস গ্রামে গ্রামে পুঁজিবাদী অনুপ্রবেশ ঘটাবার চেষ্টা করেছিল। তবে তা সত্ত্বেও কিন্তু খাজনার হার পরিবর্তন হয়নি—বরং দ্বিগুণ/তিনগুণ হয়েছে। আমরা দেখছি যে জমি গরিব কৃষকের জমি, মাঝারি কৃষকের জমি তার খাজনার হার দ্বিগুণ/তিনগুণ হয়েছে এবং তারা তা দিতে পারেনি। স্যার, খাজনার হার এমনভাবে বাড়তে শুরু করল যে গ্রামে, গঞ্জে মানুষেরা উত্তেজিত হয়ে উঠল। কিন্তু পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার এসে শুধু সেই দ্বিগুণ/তিনগুণ খাজনার হারই বন্ধ করেনি, আরও বহু খাজনার হার কমাবার চেষ্টা করেছে। আজকে ৪ একর এবং ৬ একর করা হয়েছে এবং খাজনার যে হার হল সেটা বিজ্ঞানভিত্তিক। জমির খাজনা কৃষককে দিতে হবে এটা ঠিক কথা। তবে এটাও বলে রাখি জমির খাজনা দিতে হবে না এই চেতনায় কৃষককে উদ্বুদ্ধ করতে হবে। খাজনার হার দ্বিগুণ/তিনগুণ করা হল এবং জিনিসপত্রের দাম যেভাবে বেড়েছিল তাতে কৃষকের মাথা ভেঙ্গে গিয়েছিল। তাই বামফ্রন্ট সরকার তাদের কথা চিন্তা করে ওই দ্বিগুণ/তিনগুণ খাজনার হার বন্ধ করল এবং বলা হয়েছে পরবর্তীকালে এমন একটা আইন আমরা আনব যাতে বিজ্ঞানভিত্তিক খাজনা হতে পারে। স্যার, নিচের দিকের গরিব কৃষক, মাঝারি কৃষকদের খাজনার হারে ছাড় দিতে হবে এবং যারা নিজেরা চাষ করেনা তাদের উপর খাজনা ধার্য করতে হবে একথা বললেই সামন্ত প্রভুদের গায়ে লাগে। তারা বলে আমরা কেন খাজনা দেব বর্গাদার কেন খাজনা দেবেনা? আজকে সামন্ততান্ত্রিক ব্যবস্থার কোনও পরিবর্তন হয়নি, শুধু খাজনার হারের ক্ষেত্রে একটা পরিবর্তন হয়েছে। কিন্তু এতেই দেখছি সামন্ত প্রভুদের গায়ে ঘা লাগছে। সমস্ত জমির খাজনা হবে অর্থাৎ টোটাল ল্যাণ্ডের উপর খাজনা হবে এবং কি হারে সেটা হবে সেটাও ঠিক করা হয়েছে। আগে সিলেক্ট কমিটিতে বলা হয়েছিল শুধু প্রোডাকশনের উপর খাজনা হতে পারে না, এর সঙ্গে দেখতে হবে জমির অবস্থান, তার বাজারের কি সুবিধা বা অসুবিধা হবে, তার সেচের কি অসুবিধা হবে সেটাও দেখতে হবে। বাজার কোথায় কি রকম সেটা একটা জটিল জিনিস। আমরা সেচ ব্যবস্থা বলতে বুঝি ডিপ টিউবওয়েল এবং শ্যালো টিউবওয়েল। কিন্তু আমরা দেখেছি যেখানে নদী, নালা আছে সেখানে আখ হয়, পাট হয়, বছরে ২/৩টি ফসল হয়। দেখবেন সেখানে হয়ত সরকারি সেচ ব্যবস্থা নেই। আমরা দেখেছি অনেক জায়গায় সেচ এলাকা থেকে অসেচ এলাকায় চাষ বেশি হয়। তাহলে জিনিসটা কি হবে? শুধু মাত্র সেচের উপরে হবে, প্রোডাকশনের উপরে হবে? না, তা নয়—সমস্ত জমির উপরে হবে। তাহলে কিভাবে হবে, হবে কি? শুধু মাত্র সেচের উপর হবে? তা তো নয়, শুধু কি প্রডাকশনের উপর হবে? তা তো নয়। জমির মূল্যটা নির্ভর করবে জমির সমস্ত কিছু দায় দায়িত্ব যা আছে তার উপরে। ঠিকই হয়েছে যে জমির খাজনাটা ভাবতে হবে যে জমির শুধু প্রডাকশন ও তার সঙ্গে অন্যান্য জিনিস। কিন্তু এইগুলি নির্ধারণ করতে গেলে পর কোথায় কি হবে তা নির্ভর করছে সেখানকার জমির দামটা কি হবে। কেন? জমির দাম নির্ভর করে শুধু মাত্র প্রডাকশনের উপর নয়, শুধু মাত্র বাজারের উপর নয়, শুধু মাত্র সেচের উপর নয়, শুধু মাত্র তার অবস্থানের উপর নয়, সবগুলি মিলে এক

একটা জমির দাম নির্ভর করে। কারণ আমার একটা জায়গা জানা আছে, আমি জানি বীরভূম জেলার শহরের আশেপাশের জমি তার প্রডাকশন আছে, তার উৎপাদন ভাল হয়, বাজারের সুবিধা আছে, সব আছে। বর্ধমান জেলার শহরের আশেপাশের জমির দামও জানি সেখানে এর চেয়ে জমির দাম অনেক বেশি। এমন কি শহরের আশেপাশের জমির দাম অনেক বেশি। আমরা এখানে সেটা বলেছি। কেননা সেখানে প্রডাকশন নয় প্রডাকশনের সঙ্গে তার বাজারের সুবিধা আছে, তার যোগাযোগের সুবিধা আছে, তার সার সেচের সমস্ত সুবিধা আছে। আমরা সেইজন্য ঠিক করেছি, বৈজ্ঞানিক ভিত্তিতে ঠিক করেছি প্রডাকশন নয়, শুধু সেচ সার নয়, একটা জিনিসে এত জটিলতায় না গিয়ে সহজ কিস্তিতে বেরিয়ে আসতে পারি যে সেই জমির দাম কত। জমির দামটা নির্ভর করে সেখানকার এই সমস্ত ফ্যাক্টরের উপর দাঁড়িয়ে জমির দাম নির্ভর করে। সেখানে যাঁরা বলছেন জমির দামটা কেন করছেন, প্রডাকশনের উপর করুন। প্রডাকশনের উপর যদি ধার্য করেন তাহলে অন্য অবস্থার সৃষ্টি হবে, অনেক জটিলতার সৃষ্টি হবে। সুতরাং এই হচ্ছে যুক্তিসঙ্গত ব্যাপার। আমরা এটাকে মনে করি বিজ্ঞান ভিত্তিক এবং বিজ্ঞান ভিত্তিক হওয়ার ফলে আর একটা জিনিস যে আজকে মূল অবস্থার পরিবর্তনের সূচনা হয়েছে। এক্ষুনি যে সমস্ত অবস্থার পরিবর্তন হয়ে যাবে এটা মনে করা ঠিক নয়, তা হয়ত হবে না। এক্ষুনি ওঁরা অনেক কিছু এর মধ্যে খুঁজে পাচ্ছেন, কিন্তু এখনো এটার কাজ শুরু হল না। শুরু হলে হয়ত দেখা যাবে কিছু কিছু অদল বদল করতে হতে পারে। কারণ বিজ্ঞানের উপর দাঁড়িয়ে কথা বলতে হবে। আজকে না দেখে, না শুনে, কোনও কিছু অভিজ্ঞতা সঞ্চয় না করে কখনই এই জিনিস বলা যাবে না যে তোমরা ঐটা যা বলেছিলে তা এক্ষুনি পাল্টে নাও এটা করা যাবে না। কারণ এটা ঠিক যে এটা একটা নূতন সূচনা, এই জিনিস কোথাও হয়নি। এটার সূচনা হয়েছে শুধু মাত্র আমাদের এখানে যে সামন্তবাদী ব্যবস্থার উপর আঘাত হেনে আস্তে আস্তে সামন্ততন্ত্রের অবসান ঘটাবার দিকে নিয়ে যেতে হবে। আমাদের বন্ধুরা কালকে চিৎকার করলেন, এটা আটকে দেবার চেষ্টা করলেন বিভিন্নভাবে পদ্ধতিতে, ভেবেছিলেন যে এটাকে আটকে দিতে পারবেন। কেননা আমি বুঝতে পারলাম না সুনীতিবাবু বলে গেলেন একথা। অথচ সেই সিলেক্ট কমিটিতে ছিলেন জয়নাল আবেদিন সাহেব। তিনি যতখানি বুঝেছেন এবং আমি তাঁর সঙ্গে আলোচনা করে যতটা বুঝেছি তিনি এর উপর কোনও নোট অব ডিসেন্ট দেননি, যে দু'একটি ছোটখাটো মতান্তর ছিল তা আলোচনার মাধ্যমে নিষ্পত্তি করেছি। যেটা সুনীতি বাবু বলেছেন একটার পর একটা কেউ সেদিন তো তা শুনিনি জয়নাল সাহেবের মুখ দিয়ে। প্রবোধ বাবু ছিলেন শুনিনি তো সেদিন সেই কথা যে কথা যে এই এই অবস্থার পরিবর্তন হবে। কারণ একটা জিনিস হচ্ছে যখন তিনি প্রতিনিধি থাকেন তখন যে আলোচনা করেন সেই আলোচনার পরিপ্রেক্ষিতে আমরা অগ্রসর হয়েছি এটাই মনে করে যে আলোচনা সিলেক্ট কমিটি থেকে বেরিয়ে এসেছে সেই আলোচনার ভিত্তিতে আজকে এই জিনিস্ সৃষ্টি হয়েছে। হ্যাঁ, তাতে জয়নাল সাহেব বলেছিলেন এর বিরোধিতা করাও বিপদ, এর পক্ষে থাকাও বিপদ এবং কেন বলেছিলেন তাও বলি সিলেক্ট কমিটিতে যখন আলোচনা হয় তখন তিনি বলেছিলেন যে বিনয় বাবু খুব একটা

সাংঘাতিক বিল এনেছেন ন্যায় নীতিগতভাবে। আমার মনে আছে তাঁর মনে আছে কিনা জানি না, সেখানে তিনি বলেছিলেন রাজনৈতিকভাবে এটার সমর্থন করা যাবে না, বিরুদ্ধে যাওয়াও যাবে না এমন একটা জায়গায় নিয়ে এসে আমাদের হাজির করেছেন। সত্যি কথা জয়নাল সাহেব এটা বুঝেছেন এবং বুঝেছেন বলেই হাত ধরে টানাটানি করেছেন যেও না বাবা। এদিকেও টানাটানি করলেন, ওদিকেও টানাটানি করলেন। আমাদের কথা হল যে আমরা এই জিনিস সমর্থন করি এবং যাতে এটাকে আরও কার্যকর করা যায় আমরা সেই বিষয় সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50 – 5-00 P.M.]

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী The West Bengal Land (Farm Holding) Revenue Bill, 1979. সিলেক্ট কমিটি সংশোধিত আকারে আমাদের সামনে যে পেশ করেছেন সে সম্পর্কে আমি বলতে উঠেছি। এই বিলের উদ্দেশ্য তিনি যেভাবে ব্যাখ্যা করেছেন, আর আমরা যে আকারে বিলটা পেয়েছি—এর মধ্যে বেশ কিছু অসংগতি আছে। তার জন্য বলতে পারি, এই বিলে তিনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন অ্যাগ্রেরেরিয়ান স্ট্রাকচারসকে তিনি একটা রূপ দেবেন এবং পশ্চিমবাংলায় অ্যাগ্রেবেরিয়ান ইকনমির ভবিষ্যৎ বনিয়াদ ভালভাবে গড়ে উঠবে, সেটা তাঁর এই বিলে দেখি নি। তাঁর উদ্দেশ্য যাই থাক না কেন, সেই উদ্দেশ্যে পৌঁছনো যাবে না। অনেক সময় অনেক ভাল বিল হতে পারে, কিন্তু সেই বিলের সঠিক রূপায়ণ সম্ভব হবে না যদি তাতে অসঙ্গতি, অসম্পূর্ণতা বা অস্পষ্টতা থেকে যায়। আমি Effect of land tenure on agricultural Production. ইণ্ডিয়া গভর্নমেন্টের প্ল্যানিং কমিশনের ১৯৬৩ সালের একটা অংশ পড়ে শোনাচ্ছি ঃ— "Many a good piece of agrarian reform legislation has arrived still born in India, but in Uttar Pradesh it went hand-in-hand with enforcement and important attainments. The lesson to be drawn from this is hut one : it can be done when there a will to do it". বিলের মধ্যে ভাল নিশ্চয় কিছু কিছু আছে। কিন্তু agrarian reform প্রচেষ্টার কথা মুখে যা বলেছিলেন সেই প্রচেষ্টা কাজে রূপায়িত করতে পারেন নি। আপনি যদি agrarian economy ভাল করে সাজাতে চান তাহলে সেইটা ভালভাবে সাজানোর উদ্দেশ্যে এই বিলে কিছু কিছু সংশোধন করা দরকার। সেটা যদি করেন তাহলে ভাল হবে। তিনি বিলের উদ্দেশ্য সম্পর্কে এক জায়গায় বলেছিলেন, in the interest of Proper implementation of comprehensive measures for land reforms in the state with a view to providing incentive for increased production and ensure proper distribution of material resources for social and economic welfare. লেভি যেভাবে ঠিক করেছেন তাতে ইনসেনটিভ ফর ইনক্রিসড প্রোডাকশন কিভাবে হবে? সেইটা ঠিক ঠিক আছে কিনা আমরা ঠিক বুঝতে পারছি না। ইনক্রিসড প্রোডাকশনের জন্য তিনটে জিনিসের উপর নির্ভর করতে হয়—ল্যাণ্ড, লেবার অ্যাণ্ড ক্যাপিটাল। ল্যাণ্ডের লিমিটেশন

ফ্যাক্টার আছে। ল্যাণ্ডের সীমা আপনি ইচ্ছা করলেই বাড়াতে পারবেন না। আমাদের ল্যাণ্ড থেকে প্রোডাকশন বাড়াতে গেলে কিভাবে বাড়ানো যাবে সেটা যদি ঠিক ভাবে না হয় তাহলে হবে না। আমাদের দেশে কৃষি শ্রমিকের অভাব নেই। কিন্তু কৃষি শ্রমিকেরা যদি তাদের পুরোপুরি মজুরী না পায়, তাদের শ্রমের মর্য্যাদা যদি না পায় তাহলে কিছু হবে না। যে সমস্ত প্রান্তিক চাষী আছে তার কাছে যদি সারের পয়সা না থাকে, সেচের জল দেবার ব্যবস্থা না থাকে, তাহলে ইন্টিগ্রেটেড প্রোডাকশন লোকে কি করে পাবে? এই তিনটে জিনিস—ল্যাণ্ড লেবার অ্যাণ্ড ক্যাপিটাল ইনন্টিগেটেড ওয়েতে কাজে লাগাবার ব্যাপারে ওয়ার্লড ব্যাঙ্কের একটা রিপোর্টে কয়েকটা সাজেশনস ছিল। তার প্রথম সাজেশন-এর কথা হল, First preparation of record tenancy পশ্চিমবঙ্গে বর্গা অপারেশনের নামে যা হচ্ছে এবং ভূমি সদ্ব্যবহার দপ্তরের ক্রটির জন্য প্রপার রেকর্ড হচ্ছে না। টেনেন্সি যদি ঠিক না থাকে, আমি চাইছি না, কেউ বেনামি জমি রাখুক, কিন্তু প্রপার রেকর্ড অফ টেনেন্সি কেন রাখা হবে না। এবার আমি আবার ওই রিপোর্টের প্রসঙ্গে আসছি Report suggested 4 steps to be taken. first, preparation of record of tenancies, second, fixation of cash rents as a multiple of land revenue. third, abolition of right of resumption by land lords for personal cultivation or permitting it only in execptional cases; and 4th, regulation of surrenders by the tenants. এই বিলে এই ব্যবস্থা নেই যে যদি কোনও টেনেন্ট তার জমি রাখতে না চায় সেটা যাতে সে সারেণ্ডার করতে পারে এবং সরকার অ্যাগ্রেরিয়ান ইকনমির জন্য সেটা গ্রহণ করতে পারেন। আপনি সামন্ততান্ত্রিক প্রথা ইত্যাদি অনেক কথা বলেছেন।

কিন্তু অনেক রায়ত আছে, তাদের বঞ্চনাটুকু আছে, কিন্তু জমি থেকে ইনকাম কিছু নাই। তাদের টেনেন্সি রাইট সরকারে ইনভেস্ট করার অধিকার নাই। জমি থেকে টুয়েন্টি ফাইফ পারসেন্ট মাত্র বর্গা পায়, এই রকম অনেক জমি আছে। সেটা পাবার পর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স দেবার পর, খরচ খরচা দেবার পর কিছুই থাকে না। সেই জমি সে ছেড়ে দিতে পারলে বেঁচে যায়, কিন্তু সেক্ষেত্রে টেনেন্সি ফিরিয়ে দেবার কোনও প্রতিবিধান নাই। গভর্নমেন্ট সেই জমি নিয়ে প্রপার ইউটিলাইজেশন করে অ্যাগ্রেরিয়ান ইকনমিকে বাড়াবার পথে নিয়ে যেতে পারেন।

আমি অসম্পূর্ণতার কতকগুলি জায়গা বলব। ডেফিনিশনের কথা বলি যে ডেফিনিশন দিয়েছেন কলকাতা শহরাঞ্চলকে বাদ দিয়ে সমস্ত জেলগুলিকে এরিয়ার আওতার মধ্যে আনা হয়েছে। এরিয়া বলতে বুঝাচ্ছেন— area means a tract comprising a district or any part thereof or any special class of lands within the district which may not be contiguous as may be determined by the prescribed authority. এই যে প্রেসক্রাইবড অথরিটি কে, এটা বুঝাতে পাচ্ছি না। তার পরে যেমন স্টেট রেটিং বোর্ড, regional rating board এর মেম্বার কারা? এটা পরিষ্কার করে বলেননি। যদি বলেন এই রেটিং বোর্ডের মেম্বাররা ব্যুরোক্রেট অফিসার, তাহলে তাঁদের সম্পর্কে বলার

আছে, ব্যুরোক্রাট হলে তাদের বিরুদ্ধে বলার আছে। এর মূল কারণ হচ্ছে এঁরা শহরাঞ্চলে বসে, বিশিষ্ট স্থানে বসে কাজ করতে গিয়ে জমি সংক্রান্ত অনেক সমস্যার সৃষ্টি করেন এবং জেলাগুলির ভিত্তিহীন চিত্র ধরে সেই হিসাবে খসড়া করবেন। এই রেটিং বোর্ডের ফাংশন কি ছিল? assess the rateable value or values for the area or areas compris-ing the region on the basis of soil, climatic conditions, irrigation and marketing facilities, average yield of land, prices of main crops or any other major produce and such other factors which may be considered relevant and necessary bureaucratic officer. এই সমস্ত বাতিল করার একটিমাত্র উদ্দেশ্য হল এই ব্যুরোক্রাট অফিসারদের হাতে প্রকৃত তথ্য নেই। আমাদের কৃষিদপ্তরে যদি এই ধরনের তথ্য থাকত তবে এ থেকে ডেভিয়েট করে সমস্ত ফ্ল্যাট রেটে করার ব্যবস্থা হত না এবং এর কোনও ব্যাখ্যা না রেখে উইদাউট এনি গাইডলাইন কেন বিল আনছেন। এর প্রয়োজনীয় সংশোধনী আনুন এগুলি পরিষ্কার করে বলে দিন কিভাবে হবে। একটা এরিয়ার রেভিনিউ ঠিক করার ব্যাপার যেমন ধরুন হাওড়া জেলার রেটিং ট্যাক্স হাওড়া শহরের জমির মূল্য অনুযায়ী পাশাপাশি ল্যাণ্ড কি আছে যা দেখে ঠিক করেন, অথবা উলুবেড়িয়া শহরে বসে যদি ঠিক করেন, তাহলে হাওড়া জেলার ঐ প্রান্তে নদীর ধারে যে জমি আছে, যার খবর কেউ রাখেন না তার রেভিনিউ এমন ভাবে হবে হয় সেটা হাই সাইডে যেতে পারে আর নয়ত লো সাইডে হতে পারে। সুতরাং কয়েকজন ব্যক্তির খামখেয়ালীপনায় স্টেট যে তার রেভিনিউ আর্ন করতে চলেছে এই অবস্থায় এর ফল অনেক দূর পর্যন্ত যাবে যদি এই ব্যুরোক্রাট মেশিনারির হাতে দেন। তারপর তার ১০ বছরের জন্য এই রেট ট্যাক্স ঠিক করবেন এবং সেটা স্পেকুলেটিভ হতে পারে। মনে করুন একটা জায়গায় একটা শিল্প গড়ে উঠবে এই আশা করে যদি সেখানকার জমির দাম বেশি করে ধরে নিয়ে রিজিওনাল বোর্ড ঠিক করে দেন, আর সেই শিল্প অনেক দিন পরে স্থাপিত হয়, তাহলে সেখানে যে স্পেকুলেটিভ প্রাইসের উপর ভিত্তি করে দাম ধার্য করা হয়, তার জন্য তাদের সাফার করতে হবে না কি? এই বিলের উদ্দেশ্য যদি হয় রেটপেয়ারসের শাস্তি দেওয়া তাহলে বলার কিছু নাই। এই বিলটাকে বিজ্ঞান ভিত্তিক বলা হচ্ছে। এব মধ্যে বিজ্ঞান ভিত্তিক ব্যবস্থা কোথায় আছে পড়ে যদি বুঝিয়ে দিতে পারেন, নিশ্চয় মেনে নেব। এই উদ্দেশ্যকে কিভাবে কার্যে নিয়োগ করবেন সেটা তো আমাদের বলে দিন।

[5-00 - 5-10 P.M.]

আর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স তো আমাদের এখানকার অনেক বন্ধুকেই দিতে হয় না, তাঁরা জানেন না। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স কিন্তু প্রডাকশনের ভিত্তির উপরই ঠিক হয়ে থাকে। আপনাদের সেই হিসাবই যখন নেই তখন জানি না কি ভাবে বা কি হিসাবের ভিত্তিতে এতদিন ধরে তাঁদের ইনকাম ট্যাক্স অ্যাসেস করেছেন। সে সেন্ট্রাল গভর্নমেন্টই করুক বা আপনারা তার থেকে শেয়ারই পান সেটা কি ভাবে পাচ্ছেন আমরা জানি না অথচ রাজ কমিটির সুপারিশ অনুযায়ী এইভাবে কিছু কিছু দিয়ে রেটিং করার ভার দিয়ে দিচ্ছেন, সেটা

কিন্তু ঠিক হচ্ছে না। আমি আপনাদের বলব, এটা একটু ভেবে দেখুন। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের ব্যাপারে প্রডাকশনের কেন একটা ফিগার সরকারি দপ্তরে থাকবে না সেটা আমরা জানতে চাই। সারা পশ্চিমবাংলায় কি ভাবে এগ্রিকালচারাল প্রডাকশন হচ্ছে, এগ্রিকালচারাল ইনকামের প্রকৃত অবস্থা কি কেন সেটা জানা যাবে না সেটা আমরা জানতে চাই। এখানে একটা ধরে নিয়ে আমরা যদি এই ভাবে রেটিং করি তাহলে সেটা কি বাস্তবানুগ হচ্ছে? আমার সময় বেশি নেই, আমি আর সামান্য কয়েকটি কথা বলেই আমার বক্তব্য ঠিক করব। এখানে অ্যাপিল করার অর্থে অ্যাপিলেট অথরিটি করেছেন। সেখানে নির্দিষ্ট অফিসার কে হবেন, না হবেন সে ব্যাপারে ভেগ থেকে যাচ্ছে। আমার কথা হ'ল, এখানে পরিষ্কার ভাবে বলুন কি ধরনের অফিসার সেখানে নিয়োগ করা হবে এবং সেখানে সেই অফিসারের পদ মর্যাদা অনুযায়ী কি ভাবে কি হতে পারে না পারে সে সম্বন্ধেও আমাদের অনেক কিছু বোঝবার আছে। সেটা যদি পরিষ্কার ভাবে বিলে না থাকে তাহলে এই বিলের উদ্দেশ্য সম্পর্কে অনেক ভুল বোঝাবুঝি হতে পারে। তারপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের অ্যাসেসমেন্টের সময় অ্যাপেলেট অথরিটির পরে যদি কিছু অভিযোগ থাকে তাহলে সেখানে একটা ট্রাইব্যুনালের ব্যবস্থা আছে। আমার মনে হয় অ্যাপিলেট অথরিটির পরে এই বিলে যে বিধান নেই—যদি কোনও রায়ত অ্যাগ্রিভড হন তাহলে সেখানে হাইকোর্টে যেতে গেলে যে পয়সা লাগে তা যাবার আগে ট্রাইব্যুনালের কাছে সে যাতে একটা বিচার পেতে পারে তার ব্যবস্থা করা দরকার। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, প্রয়োজনীয় সংশোধন করে সেই ব্যবস্থাটা অন্তত যদি রাখেন তাহলে আমার মনে হয় রায়তদের কথা আর একটু বেশি করে ভাবা যাবে। পরিশেষে আমি বলব, সিলেক্ট কমিটিতে এটা ১৯৭৮ সালের ডিসেম্বর মাসে দেবার পর এই এত মাসের মধ্যে মাত্র ৬ দিন তাঁরা বসেছিলেন। তাঁরা আরজেন্সি দেখাচ্ছেন। এই সিলেক্ট কমিটিতে সিক্স পারসেন্ট অব দি টোটাল মেম্বারস অব দিস হাউস ছিলেন। মেম্বাররা, যাঁরা এফেক্টিভলি এই বিলের ক্লস বাই ক্লস আলোচনা করে এটাকে স্পষ্ট করার জন্য আপনাকে সাহায্য করতে পারতেন তাঁদের ৫ দিনের বেশি সময় দেওয়া হল না, এটা হচ্ছে আমাদের অভিযোগ। আমরা চেয়েছিলাম এই বিলকে আরও সুস্পষ্টভাবে তুলে ধরতে কারণ, এই বিলের একটি সুদুরপ্রসারী এফেক্ট আছে—পশ্চিমবাংলার কৃষি ভিত্তিক অর্থনীতির উপর এর একটা বিরাট প্রভাব থাকবে এবং ভবিষ্যতে সমাজ ব্যবস্থার উপরও এর একটা প্রভাব থাকবে সেইজন্যই আমরা এটা সুস্পষ্ট করতে চেয়েছিলাম। মাননীয় ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয়কে বলব, আপনার মেশিনারি যদি ঠিক থাকে তাহলে আমার মনে হয় রায়তদের রায় যাচাই করার জন্য এটার যদি সার্কুলেশনের ব্যবস্থা করেন তাহলে সেটা ভাল হবে। এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন—দি ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ বিল, ১৯৭৯—আমি সেই বিলকে সমর্থন করে ২/৪টি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই। স্যার, আমি প্রথমেই বলব, আমরা দেখেছি, যখনই এই ল্যাণ্ড সংক্রান্ত কোনও সংশোধনী বিল এই সভায়

পেশ করা হয় তা সে যতই সামান্যতম হোক তখনই বিরোধীপক্ষ থেকে প্রচণ্ড হৈ চৈ, চিৎকার করা হয়। ইতিপূর্বে আমরা দেখেছি, ভাগচাষীদের স্বার্থ রক্ষার জন্য সামান্যতম পরিবর্তন যখন করা হয়েছিল তখন এই বিধানসভার বিরোধীপক্ষের সদস্যারা বিশেষত কংগ্রেস দলের বন্ধুরা কি প্রচণ্ড হৈ চৈ করেছিলেন। আজকে যে বিল নিয়ে আমরা আলোচনা করছি সেখানেও সে ব্যাপারেও কালকে আমরা দেখলাম এই বিল যাতে উত্থাপন করা না যায় তার জন্য কি চেষ্টা ওঁরা করেছিলেন। উদ্দেশ্যটা কি আসল উদ্দেশ্য হচ্ছে আজকে বিরোধী পক্ষে যাঁরা রয়েছেন আসলে তাঁদের অধিকাংশ বন্ধু ঐ যারা ল্যাণ্ড লর্ড জমিদার জোতদার গোষ্ঠি তারা হচ্ছে ওঁদের বন্ধু, তাদের সঙ্গে ওঁদের যোগসূত্র আছে এবং সেই যোগসূত্র থাকার দরুন যখনই এই রকম বিল উত্থাপন করা হয় তখন ওঁরা এই রকম চিৎকার করেন। আজকে যে বিল উত্থাপন করা হয়েছে সেটা সিলেক্ট কমিটিতে পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা করা হয়েছে এবং তার পর এই সভায় উত্থাপন করা হয়েছে। এ সম্পর্কে সদস্যারা তাঁদের সুচিন্তিত মতামত দিয়েছেন। এই বিলে রাজস্ব আদায়ের একটা নীতি নির্ধারণ করে দেওয়া হয়েছে যা ইতিপূর্বে আর কখনও হয় নি। এটা একটা মৌলিক পরিবর্তন। দীর্ঘ দিন সামন্ততান্ত্রিক ব্যবস্থা বিভিন্ন ভাবে অবিচার চলে আসছে দীর্ঘ দিন ধরে এটার কোনও পরিবর্তন হয় নি। শাশ্বতীবাবু আমূল পরিবর্তনের কথা বলে গেলেন। আমি তাঁকে জানাতে চাই যে বর্তমান রাষ্ট্র ব্যবস্থার মধ্যে ভূমি সংস্কারের ক্ষেত্রে আমূল পরিবর্তন আনা সম্ভব নয়। আমরা কিন্তু সেই আমূল পরিবর্তনের সংগ্রাম চালিয়ে যাচ্ছি। তবে বর্তমান রাষ্ট্র কাঠামোর মধ্যে থেকে যতখানি সম্ভব জমিদার জোতদার শ্রেণীর কতখানি ক্ষমতা খর্ব করা যায় তার চেষ্টা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটা ফিগার দেব আমাদের এই পশ্চিমবাংলায় ৬০ লক্ষ কৃষি পরিবার আছে তাদের মধ্যে ৪৫ লক্ষ কৃষক পরিবার ভূমি রাজস্ব থেকে মুক্তি পাবেন। এটা একটা মৌলিক পরিবর্তন সাধারণ পরিবর্তন নয়। আজকে এই বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার ঐ ৪৫ লক্ষ কৃষি পরিবারের কাছ থেকে আশির্বাদ পাবেন। শাশ্বতীবাবু বুঝতে পারলেন না যে কি করে উৎপাদনের ক্ষেত্রে তারা উৎসাহিত হবে। তাদের যদি খাজনা চলে যায় এবং বামফ্রন্ট সরকার যেভাবে মার্জিনাল ফারমারদের এবং ছোট চাষীদের ব্যাঙ্ক ও অন্যান্য সংস্থার মাধ্যমে তাদের পুঁজি ও অন্যানা কিছু জুগিয়ে দিচ্ছে তাতে তারা নিশ্চয় উৎসাহিত হবে। এই সাধারণ সত্যটা শাশ্বতীবাবুর জানা উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয় যে কথা বলা হল যে উৎপাদনের সঙ্গে নাকি এই বিলের কোনও সম্পর্ক নাই। আমি বলতে পারি এটা ঠিক নয়। রাজ কমিটি যেভাবে সুপারিশ করেছে সেই সুপারিশ কার্যকর বর্তমান অবস্থায় আছে কিনা সেটা এখানে দেখতে হবে। একই একটা সাব-ডিভিসনে থাকায় তিন চার রকম জিনিস প্রোডাকশন হয়। কোথাও পাট হয় কোথাও আলু হয় কোথাও ধান হয় এবং সেটা সেখানকার মেন ক্রপ। একটা সাব ডিভিসনে কেন্দ্র করে বিভিন্ন প্রোডাকশন আলাদা করে তার লিস্ট করে তার পর সেখানে রেভিনিউ রেট ঠিক করতে হবে। কিন্তু এই সব করতে গেলে বিভিন্ন রকম লিটিগেশনের সৃষ্টি হবে এবং এটা করার মতো মেশিনারি নাই এবং সেইভাবে রাজস্ব ঠিক করা সম্ভব নয়। সেইজন্য আমরা যেটা মূল্য ঠিক করেছি যেটা মার্কেট ভ্যালু তার ১০% রেটেবল ভ্যালু হয় না। আমার বন্ধুরা যেটা আগে বলে গেছেন সেখানকার বাজারের সুবিধা

যোগাযোগের সুবিধা সেচের সুবিধা সারের সুবিধা এবং অন্যান্য উৎপাদনের যে ব্যবস্থা আছে সেই সমস্তটার উপর সেখানকার মূল্য নির্ধারিত হয়। শাশ্বতীবাবু বলে গেছেন যে এতে অফিসাররা অন্যায় করার অবিচার করার সুযোগ পাবেন। তিনি বোধ হয় ভাল করে বিলটি দেখেন নি যদি দেখতেন বুঝতে পারতেন যে এতে অফিসাররা অন্যায় করার কোনও সুযোগ পাবেন না। কোনও এলাকা যেমন সেখানকার মার্কেট ভ্যালু কত, তা দলিলে দেখলেই বোঝা যাবে সেই রকম হবে এতে অফিসারদের কোনও কারচুপি করার সুযোগ থাকবে না।

[5-10 – 5-20 P.M.]

নিশ্চয়ই এই সম্পর্কে ভাবনা চিন্তা করা যেতে পারে যখন রুলস ফ্রেম হবে। কিন্তু এতে যে বিরাট ইনজাস্টিস হয়ে যাবে, এই রকম ভাববার কোনও কারণ নেই। এই যে নুতন নীতি প্রয়োগের কথা রয়েছে, সেই ক্ষেত্রে বলতে পারি, পশ্চিমবাংলায় ভূমিহীন পরিবার ৬ লক্ষ ৮৭ হাজার, এক শত থেকে ৫০ শতক পর্যন্ত জমি আছে এই রকম পরিবারের সংখ্যা ২২ লক্ষ ৪১ হাজার, ৫০ শতক থেকে এক একর পর্যন্ত জমি আছে এই রকম পরিবারের সংখ্যা ৬ লক্ষ ১৩ হাজার, এক একর থেকে ১.২৫ শতক জমি আছে তার সংখ্যা হচ্ছে ২ লক্ষ ৬৩ হাজার, ১.২৫ শতক থেকে ২.৫০ শতক জমির মালিক এই রকম পরিবারের সংখ্যা ৯ লক্ষ ৪৭ হাজার, ২.৫০ থেকে ৫.০০ শতক জমির মালিক এই রকম পরিবারের সংখ্যা ৭ লক্ষ ৪০ হাজার, ৫.০০ থেকে ৭.৫০ শতক জমির মালিক এই রকম পরিবারের সংখ্যা ৩ লক্ষ ২৮ হাজার, ৭.৫০ থেকে ১০.০০ শতক জমির মালিক এই রকম পরিবারের সংখ্যা ১ লক্ষ ১৬ হাজার, ১০.০০ থেকে তার উপরে এই রকম জমির মালিক হচ্ছে ১ লক্ষ ৪৭ হাজার। চার একর পর্যন্ত কোনও প্রকার রাজস্ব দিতে হবে না। পাঁচ একর পর্যন্ত মালিককে পূর্বের হার অপেক্ষা কম রাজস্ব দিতে হবে। সাড়ে সাত একর থেকে ১০ একর পর্যন্ত যাদের জমি আছে তাদের কিছু বাড়তি রাজস্ব দিতে হবে। ১০ একরের উর্ধের মালিক যে পরিবার তাদের ক্ষেত্রে কিছুটা চাপ পড়বে এবং এটাই বোধ হয় স্বাভাবিক। নীতি নির্ধারণের নাম করে কংগ্রেসি রাজত্বে জোতদারদের পাম্প সেট দেওয়া হয়েছিল, জোতদাররা বিভিন্ন ক্ষেত্র থেকে লোন পেয়েছিল তার ফলে তার বিভিন্ন কৃষিজ পণ্য উৎপাদন করে তাদের সম্পদ বৃদ্ধি করেছিল। সুতরাং সেই সম্পদ আজকে দেশের প্রয়োজনে লাগবে, রাজস্ব ভাণ্ডার পূর্ণ হবে। সেই ব্যবস্থাই এখানে করা হয়েছে। সেদিক থেকে এই বিল ধন্যবাদ পাবার যোগ্য এবং এটা একটা বিজ্ঞান সম্মত বিল। এই যে নীতি নির্ধারণ করা হয়েছে, এই যে বিল আনা হয়েছে, এই বিল কার্যকর হলে সমাজের চার ভাগের তিন ভাগ মানুষ উপকৃত হবে। এক ভাগ পরিমাণ পরিবারকে কিছু বেশি পরিমাণ রাজস্ব দিতে হবে। সেই জন্যই ঐ কংগ্রেসি এবং জনতা তরফের প্রতিনিধিদের এত চিৎকার এবং তারা এই বিলকে নানা ভাবে বাধা দেবার চেষ্টা করেছেন। বলতে পারা যায় এই বিল যা এখানে আনা হয়েছে, এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বৈপ্লবিক সিদ্ধান্ত। বিশ্বনাথ বাবু এবং প্রবোধ বাবু যে কথা বলেছেন আমি মনে করি সেই কথা ঠিক নয়। সিলেক্ট কমিটিতে আলোচনার সময়ও তাঁরা সেই কথা উল্লেখ করেছিলেন। আজকের দিনে ঐ ভাবে ভূমি রাজস্ব নির্ধারণ করা সম্ভবপর নয়, একটা বাস্তব

সম্মত নীতি গ্রহণের প্রয়োজন আছে। টেন পারসেন্ট রেটেবল ভ্যালু করা হয়েছে। আমার বন্ধু সুনীল বাবু বলে গেছেন সমস্ত রকম ল্যাণ্ড এর দ্বারা কভার করবে। আমরা দেখেছি বেশ কিছু পরিমাণ লোক রয়েছে, যারা তাদের জমি কৃষি কাজে ব্যবহার না করে অন্যান্য কাজে ব্যবহার করেন। যার ফলে তার উপর ট্যাক্স হয় না। সেই সমস্ত ক্ষেত্রে যাতে ভূমি রাজস্ব নির্ধারণ করা যায় এই ল্যাণ্ড হোল্ডিং হিসাবে, আজকে সেই জন্যই এই বিল উত্থাপন করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। যে ব্যাপারটা নিয়ে বিরোধী বন্ধুরা আপত্তি করছেন সেটা সম্বন্ধে আমি মনে করি যে, সিলেক্ট কমিটিতে সেটা আলোচনা করা হয়েছে যে, কৃষকদের ওপর যাতে কোনও রকম অত্যাচার করা না হয়, কৃষকদের যাতে কোনও রকম খারাপ অবস্থায় না পড়তে হয় সে জন্য বিলের মধ্যে বহু ব্যবস্থা করা হয়েছে। যাতে তাদের কোনও রকম অসুবিধায় না পড়তে হয়, তাদের ওপর যাতে কোনও রকম অন্যায় অত্যাচার অবিচার না হয় তার ব্যবস্থা এই বিলের মধ্যে বিস্তারিতভাবে রাখা হয়েছে। সেই জন্য আমি মনে করি একটা মৌলিক পরিবর্তন এই বিল আনছে। সামন্ততান্ত্রিক ব্যবস্থাকে আঘাত করবার জনাই এই বিল আনা হয়েছে, সেই জন্য আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রেণুপদ হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ল্যাণ্ড হোল্ডিং রেভিনিউ বিল মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন সেই বিলেব ওপর অনেকে আলোচনা করেছেন। এর আগে মন্ত্রী মহাশয় যে বিল এনেছিলেন ফার্ম হোল্ডিং-এর সেই বিলের আসল যে চরিত্র সেটা পাল্টে দেওয়া হয়েছে। আগে যেখানে উৎপাদন মূল্যের ওপর যেটা ধরবার কথা হয়েছিল এখন সেটা জমির মূল্যের ওপর ধরবার চেষ্টা করা হচ্ছে। এ বিষয়ে অনেক চিন্তা করা হয়েছে। এর আগে যখন যুক্তফ্রন্ট ছিল তখন যারা ভূমিহীন, যাদের কম জমি আছে, যারা নিম্ন চাষী, গরিব চাষী তাদের যাতে রাজস্বের আওতা থেকে বাদ দেওয়া যায় বা রাজস্ব কমিয়ে দেওয়া যায় তার জন্য চিন্তা ভাবনা হয়েছিল এবং তখন থেকেই চিন্তা ভাবনা করা হচ্ছে যে, কি করে এই গরিব চাষীদের কর মুক্ত করা যায়। তখন ৩ একর পর্যন্ত জমির খাজনা মকুব করা হয়েছিল এবং পরবর্তীকালে বিল করে আরও সুযোগ সুবিধা দেওয়া হয়েছিল। আমরা গত কয়েকটি অধিবেশনে শুনেছিলাম সরকার পক্ষ থেকে অনেকে বলেছিলেন যে, এর পরে আমরা ল্যাণ্ড ট্যাক্স বসাব, জমির উৎপাদনের ওপর একটা কর আমরা বসাব। গতবার যে ল্যাণ্ড হোল্ডিং বিল এনেছিলেন তাতে যে উদ্দেশ্যে সেই বিল রচিত হয়েছিল তাতে বলা হয়েছিল ফসলের মূল্যের উপর একটা কর দিতে হবে। সেই অনুসারে সেই বিল করা হয়েছিল। কিন্তু এখন যেটা করা হচ্ছে তাতে দুটোর মধ্যে পার্থক্য রয়েছে। এক্ষেত্রে আমরা দেখছি যে, একই এলাকার কাছাকাছি জমি হওয়া সত্ত্বেও একটি জমির থেকে আর একটি জমির মূল্য কম। আমি জানি সেখানে সেই জমির নানা কারণে মূল্য কম। একটি শহর এলাকায় বা শহর-সংলগ্ন এলাকায়, সেখানে জমির মূল্য বেশি আবার কোনও রাস্তাঘাট বা বাজার-হাট আছে এই রকম এলাকার জমির মূল্য বেশি, অপর দিকে যেখানে বাজারহাট নেই বা শহর এলাকা থেকে একটু দূরে সেই সমস্ত জায়গার জমির মূল্য অনেক কম।

পাশাপাশি হওয়া সত্ত্বেও এই রকম পার্থক্য রয়েছে। এলাকায় এলাকায়, থানায় থানায়, জেলায় জেলায় জমির মূল্যের পার্থক্য রয়েছে এবং এটা সকলেই আমরা লক্ষ্য করেছি। পার্থক্য প্রতিটি ক্ষেত্রে রয়েছে, পাশাপাশি জমির ক্ষেত্রে রয়েছে। পুরুলিয়ায় একটা উঁচু জমি আর একটা নিচু জমির মূল্য একই রকম নির্ধারণ হতে পারে না। সুন্দরবনের লোনা জমি আর যে জমিতে চাষবাস হচ্ছে দুটো জমির একই মূল্য নয়। সুতরাং নানা রকম জমির নানারকম মূল্য। মূল্যের হিসাবে নির্ধারণ করলে কি করে এটা সর্বক্ষেত্রে সঠিকভাবে হবে এটা বলা যায়? সর্ব্বক্ষেত্রে সঠিকভাবে হবে একথা বলা যায় না।

[5-20 – 5-30 P.M.]

সুতরাং সর্বক্ষেত্রে সঠিক হতে পারে না। আঞ্চলিক এরিয়ায় একটা অ্যাসেস করা হবে এবং অ্যাসেসের জন্য যাদেরকে নিযুক্ত করা হবে তাদেরকে প্রেসক্রাইবড অথরিটি ঠিক করে দেবেন যে কারা হবে। এই সম্পর্কে কিন্তু নির্ধারণ করা হয়নি। আমি মনে করি উৎপাদনের ক্ষেত্রে নানা জায়গায় নানা জেলায় যেখানে জল সেচের ব্যবস্থা আছে যেখানে জল দেওয়া ভালভাবে হয় সেইসব জায়গায় উৎপাদন ভাল হয় এবং যেখানে জমি হয়ত বিরাট কিন্তু সেচের ভাল ব্যবস্থা নেই সেখানে উৎপাদন কম হয়। সেই সমস্ত জায়গায় এবং বেশি বেশি দামের ক্ষেত্রে আমরা পার্থক্য লক্ষ্য করছি। এই পার্থক্য থাকার জন্য এবং একটা জায়গা হয়ত ২ ফসল হচ্ছে আবার কোথাও একটি ফসল হচ্ছে। এই রকম জমি বেশি আছে। যখন এরিয়া ঠিক করা হবে তখন যেন এই জিনিসটা দেখা হয়। এখন যেমন আছে যে রাইটার্স বিল্ডিং ঠিক করে দেয় কোনও মৌজা দেখা হবে, কোনও প্লট দেখা হবে। এই রকম ধরনের জিনিস অফিসে বসে ঠিক হয় এর রেট কত হবে। সেইজন্য এইসব ক্ষেত্রে যে কোনও ব্যবস্থাই করা হোক না কেন এই করাপ্ট মেশিনারি দিয়েই করতে হবে। সুতরাং এর প্রতিটি ক্ষেত্রেই আমার সংশয় আছে যে এই ব্যবস্থা সঠিকভাবে কার্যকর হবে কি না। যেমন এখনও পর্যন্ত মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশন তারা রেট ঠিক করে দেয়। তারা কোথাও কোথাও রেটের ক্ষেত্রে বেশি করে ধার্য করে দেয়। তারপর ধরাধরি করে কিছু টাকা-পয়সা দিলে সংশোধন করে দেয়। সুতরাং এই রকম ধরনের যে ব্যবস্থা রয়েছে, এই করাপ্ট মেশিনারি দিয়ে দূর হবে কি করে? ফলে জনসাধারণের যে অসুবিধা, দুর্ভোগ সেটা থেকে যাবে—হয়ত কতটা থাকবে তা বলা মুশকিল কিন্তু থাকতে বাধ্য এই করাপ্ট মেশিনারি থাকার জন্য এবং যে কমিটি করা হবে সেই কমিটি যদি ঠিক ভাবে না করা হয় তাহলে ত্রুটি-বিচ্যুতি দেখা দেবে। সুতরাং এ বিষয়ে বলে দেওয়া উচিত ছিল। আর একটা বিষয়ে আমি বলতে চাই সেটা হচ্ছে আইন করবার সময়ে আগে কি রকম খাজনা সরকার পেতেন জমি থেকে আর এখন ৪ একর বা ৫ হাজার টাকা খাজনা রেহাই দিয়ে সরকার কতটা রেভিনিউ পাবেন সেটার সম্পর্কে একটা ধারণা মন্ত্রী মহাশয়ের এই হাউসের সামনে রাখা দরকার। আজকে ল্যাণ্ডের ক্ষেত্রে বাস্তব অবস্থা দেখতে পাচ্ছি যে, দুই রকমের জমি আছে, একটা কৃষি এবং আর একটি অকৃষি। এখন কৃষি জমির ক্ষেত্রে তার উৎপাদনের উপর রাজস্ব ধরলে ভাল হয় আর অকৃষি জমির ক্ষেত্রে তার মূল্যের উপর ধরলে ভাল হয়। কারণ এমন

অনেক জায়গা আছে যেটা অকৃষি হওয়া সত্ত্বেও শহরাঞ্চলে কিম্বা বাজারের কাছে অবস্থিত এবং এইসব জায়গার জমি অনেক বেশি দাম। সেইজন্য বড় বড় জমির মালিক তারা যাতে অধিক পরিমাণে রাজস্ব দেয় তার কম জমির মালিক তাদের যাতে রাজস্ব রেহাই হয়ে যায় তার ব্যবস্থা হওয়া দরকার। কিন্তু বাস্তবে আমরা কি দেখব, অনেক ক্ষেত্রে এই রকম কম জমির মালিকের ক্ষেত্রে করের বোঝা চাপবে যদি না এই যে প্রেসক্রাইবড অথরিটি আছে যারা ঠিক করে দেবেন বিভিন্ন আঞ্চলিক ক্ষেত্রে যে রেট কত হবে—এইগুলি সম্পর্কে সুষ্ঠু ব্যবস্থা না হয় তাহলে এই রকম বৈষম্য হতে বাধ্য। তাই আমি বলব এদিকটা বিশেষ করে দেখা দরকার এবং যাতে আমাদের গরিব চাষীরা অধিকতর সুযোগ সুবিধা পায় তার ব্যবস্থা করা দরকার। আমাদের অতীতের আইনগুলো রয়েছে। আপনি বর্গা অপারেশনের কথা বলেছেন অনেক জায়গায় দেখা যায় রাজনৈতিক দলের চাপে পড়ে অফিসাররা যেখানে বর্গা নয় সেখানে বর্গা করাবার চেষ্টা করছেন। এই রকম বহু কেস রয়েছে, আপনার কাছেও কিছু কিছু গেছে যা লক্ষ্য করেছেন। আপনি বলেছেন চাষীদের উপর অত্যাচার হবেনা কিন্তু আপনি কি খবর রেখেছেন অনেক জায়গায় এই রকম ধরনের পুলিশ গিয়ে অত্যাচার করেছে এবং আজও মালিকের বাড়িতে পুলিশের ক্যাম্প হয়, এই রকম ব্যবস্থা রয়েছে? আপনি নিশ্চয় জানেন যে কেন এইগুলো ঘটছে, চাষীদের ভাল করার সদিচ্ছা যাতে কার্যকর হয় তা দেখতে হবে। আপনি বলেছেন যে সাধারণ মানুষ অধিকতর উপকৃত হবে, এই ব্যবস্থায় ফসল বাড়বে এবং সেই বিষয়ে কতকগুলি স্টেটমেন্ট দিয়ে বলেছেন উৎপাদন বাড়বে। উৎপাদন বাড়ার কথা বলেছেন কিন্তু উৎপাদন বাড়ানোর যে সমস্ত ব্যবস্থা করা প্রয়োজন রয়েছে সেগুলোর কথা নেই। নিম্ন চাষী—তাদের হাতে পয়সা নেই। পঞ্চায়েতগুলোর কথা বলে বলা হয়েছে তাদের ব্যাঙ্ক থেকে লোন দেওয়া হবে। তারা যে ব্যাঙ্কে যাচ্ছে লোন পাচ্ছে না, এ ব্যাঙ্ক বলছে ওখানে যাও, ওরা বলছে এখানে যাও, সেগুলোর দিকে দেখতে হবে। সেই সমস্ত সুযোগ সুবিধা দিতে হবে। সেগুলো না দিয়ে শুধু খাজনা নির্ধারণ, খাজনা কমিয়ে দিলে উৎপাদন বৃদ্ধি হবে এ কথা কেউ মনে করে না। উৎপাদন বৃদ্ধি হতে পারে যে সমস্ত কারণে সেই সমস্ত ব্যবস্থা হলে নিশ্চয় উৎপাদন বৃদ্ধি হবে। আমার মনে হয় এই বিষয়গুলি একটু ভেবে দেখবেন। আমি এই বিষয়গুলি আপনার কাছে রাখলাম সেটা ভেবে দেখবেন। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গুণধর চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল ল্যাণ্ড ফার্ম হোল্ডিং রেভিনিউ বিল এনেছেন সেই বিলকে আমি অভিনন্দন জানাচ্ছি—এই জন্য যে এই বিলের দ্বারা পুরাতন খাজনার প্রথার বিলোপ তিনি করলেন। পরাধীন ভারতে জমিদারি ব্যবস্থা কায়েম হওয়ার জন্য সামন্ততান্ত্রিক প্রথা ছিল এই খাজনা প্রথা এবং সেই আইনের ফলে রাজা, মহারাজারা ইচ্ছামতো খাজনা বাড়াতে পারতেন। সেই বাকি খাজনার দায়ে কত গরিব কৃষকের ভিটে, মাটি জমি চলে গিয়েছিল জমিদারদের হাতে। কাজেই এই ভূমি ব্যবস্থায় খাজনার বিলোপ হবে এবং চাষীরা সামন্ততান্ত্রিক শোষণ থেকে মুক্তি পাবে। ৩০/৩২ বছর ধরে কংগ্রেস আমলে আইন করে জমিদারি দখল হল, ভূমি

সংস্কার হল কিন্তু চাষীরা খাজনা প্রথার জুলুম থেকে রেহাই পেলনা। খাজনা প্রথা ঠিক আগের মতই চালু রইল। ঘুচল না। সেইজন্য অযৌক্তিক, অবাস্তব খাজনা প্রথা যা ছিল তা দূর হল। মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যে যা বলেছেন তাতে দেখা গেল খাজনার সঙ্গে সঙ্গে আরও অনেক ব্যবস্থাই চালু ছিল, নজরানা, অর্থাৎ ঘুস যে নিতে পারত তার খাজনা কম হত, আর যে দিতে পারত না সেই কৃষকের খাজনা বাড়ত—একজনের বাড়ত।

[5-30 – 5-40 P.M.]

সেইজন্য এই বিল আনা হয়েছে। একবার যুক্তফ্রন্ট সরকারের সময় খাজনার পরিবর্তন করা হয়েছিল, তখন ৩ একর পর্যন্ত রেহাই দেওয়া হয়েছিল। তারপর খাজনার স্ল্যাব সিস্টেম করা হয়েছিল। কিন্তু কংগ্রেস আমলে ১৯৭২ সালে গরিব কৃষকদের উপর যাদের জন্য তারা এখানে দরদ দেখাচ্ছেন তাদের উপর ২-৩ গুন খাজনা বৃদ্ধি করা হয়েছিল তখন এই সব প্রশ্ন করা হয়নি। আজকে যখন বাস্তব সম্মত ভাবে খাজনা ব্যবস্থা করা হচ্ছে, গরিবদের উপর জুলুম বন্ধ করা হচ্ছে তখন তারা চিৎকার করছেন। রেটেবেল ভ্যালু করে অফিসারদের উপর কোনও ভার দেওয়া হয় নি। বাস্তব সম্মত ভাবে উৎপাদনের ক্ষমতা, উর্ব্বরতা, সেচ ব্যবস্থা, যোগাযোগ ইত্যাদি সমস্ত ব্যবস্থার উপর নির্ভর করে জমির যে মূল্য নির্দ্ধারণ করা হবে তার শতকরা ১০ ভাগ রেটেবেল ভ্যালু হবে তার ৫ হাজার টাকা পর্যন্ত ছাড় দেওয়া হবে—অর্থাৎ ৫০ ভাগ রাজস্ব থেকে রেহাই দেওয়া হবে। এটা কম কথা নয়। কিন্তু ওরা চিৎকার করছেন জমিদার জোতদারদের লোক বলে। সেইজন্য বাস্তব সম্মত ভাবে বৈজ্ঞানিক ভিত্তির উপর নির্ভর করে খাজনা ব্যবস্থা করা হয়েছে এবং এই ব্যবস্থার ফলে গরিব কৃষক মাঝারি কৃষক রেহাই পাবে। বাঁকুড়া জেলার ক্ষেত্রে এমন সমস্ত জমি আছে যেখানে অল্প চাষ হয়। এর আগে বামফ্রন্ট সরকারের আমলে সেচ এলাকায় ৪ একর অসেচ এলাকায় ৬ একর রেহাইয়ের ব্যবস্থা করা হয়েছিল। বাঁকুড়া জেলার ক্ষেত্রে দেখা গেছে ১০ একর পর্যন্ত জমির মালিক এই খাজনা থেকে রেহাই পাবেন আবার ৩০ বিঘা পর্যন্ত এই খাজনা থেকে রেহাই পাবেন। একজন বললেন যে ৬ হাজার টাকা বিঘা। ৬০ হাজার টাকা যদি আয় হয় তাহলে কি হবে? আমি জিজ্ঞাসা করছি ৬ হাজার টাকার বিঘার মালিক কি গরিব কৃষক? তার উপর নিশ্চয়ই খাজনা করা উচিত। এটা আইনের কথা ৪ একর পর্যন্ত যে মূল্য হবে তার খাজনা রেহাই হবে এবং সেই হিসাবেই বিজ্ঞান সম্মত ভাবে বৈজ্ঞানিক ভিত্তিতে গরিব মাঝারি কৃষকের উপর যে শোষণ ব্যবস্থা ছিল তা থেকে কিছুটা রেহাই দেওয়া হয়েছে। বর্তমানে যে শোষণ ব্যবস্থা যে সমাজ ব্যবস্থা আছে তার মধ্যে থেকেই আমূল ভূমিসংস্কার করতে হবে। সেই জন্য গ্রাম অঞ্চলে জোতদার জমিদারি ব্যবস্থার অবসান করে গ্রামের গরিব কৃষককে মুক্ত করা হবে। এইজন্য এই সংবিধানের মধ্যে থেকেই এই বিল এসেছে। এই আইনের ফলে গ্রামের গরিব মাঝারি কৃষক কিছুটা রেহাই পাবে এবং তাদের উপর জুলুম কিছুটা বন্ধ হবে। যার যত বেশি মূল্যের সম্পত্তি থাকবে তাকে তত বেশি খাজনা দিতে হবে এটা ন্যায্য ব্যবস্থা। সেইজন্য এই বিলের দ্বারা গ্রাম অঞ্চলের সাধারণ কৃষকের কল্যাণ হবে।

এই বিলটা যখন সিলেক্ট কমিটিতে দেওয়া হয়েছিল তাতে প্রত্যেক দলের সভ্য ছিল। তারা ৬টা সভা করে পুঙ্খানুপুঙ্খরূপে সব আলোচনা করেছেন। কিন্তু তারা তখন এত বিরোধিতা করেন নি। অথচ এখানে বিরোধিতার নামে বিরোধিতা করেছেন। যা হোক যে বিল এসেছে সে বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল উপস্থাপন করেছেন তাতে তিনি বলেছেন কৃষকদের সুবিধা ও হয়রানি কম করার জন্য একটা বিপ্লবাত্মক প্রচেষ্টা তিনি আরম্ভ করেছেন। তাঁর উদ্দেশ্য সাধু সন্দেহ নেই। কিন্তু আমি মনে করি যে, বামফ্রন্টের মধ্যে আমাদের কাছে তিনি অনেকটা দৈত্য কুলের প্রহ্লাদ এর মতো কারণ অনেকদিন শহরে থেকে থেকে তিনি গ্রামের কথা ভুলে গেছেন। আজকে যে বিল উপস্থিত করেছেন যদি তা এই অবস্থায় পাশ হয় তাহলে তার পরিনাম কি হবে তা সকলেই বুঝতে পারছেন এবং শেষ পর্যন্ত দেখা যাবে এটা আইনে আর টিকলো না এবং সেটা ড্রপ করতে হল। একজন বললেন এই বিল নিয়ে অনেকবার সিলেক্ট কমিটিতে আলোচনা হয়েছে এবং সেখানে আমাদের মাননীয় সদস্য যিনি ছিলেন তিনি সমর্থন করেছেন। তিনি বোধ হয় ভাল করে পড়ে দেখেন নি এর মধ্যে নোট অফ ডিসেন্ট আছে। প্রবোধবাবু ও বিশ্বনাথ বাবু সে সব জিনিস দেখিয়ে দিয়েছেন। এই আইন কার্যকর করার জন্য এবং সমস্ত ট্যাকসেশন ব্যবস্থা কার্যকর করার জন্য বিভিন্ন জেলায় বিভিন্ন সময়ে এই আইন চালু করার চেষ্টা করছেন। এটা থেকে বোঝা যাচ্ছে একই সময় সারা রাজ্যে এটা কার্যকর করবেন না। অর্থাৎ একই সময়ে বিভিন্ন ব্যবস্থা প্রচলিত থাকবে। কিন্তু এই আইন কত দিনে কার্যকর হবে সে বিষয়ে সন্দেহ আছে। কারণ সরকারি কর্মচারিরা যে ভাবে রাজনীতি করছেন তাতে আসল ডিউটি করার সময় তারা পাবেন না। তিনি আর একটা কথা বলেছেন কৃষকদের হয়রানি তিনি কম করবেন। এর আগে ছিল হোল্ডিং রেভিনিউ। সেটাকে এখন তিনি বলছেন ল্যাণ্ড রেভিনিউ এবং কৃষকদের হয়রানি কমাবার জন্য তিনি এই ব্যবস্থা করছেন। এই বিলে যে অরিজিনাল রেটেবল এরিয়া ঠিক কি ভাবে করবেন তা বলেন নি—ডিস্ট্রিক্ট হবে না পার্ট অফ দি ডিস্ট্রিক্ট হবে সেটা বলেন নি। অর্থাৎ আইনের বক্তব্য এখানে অস্পষ্ট। এরিয়া বলতে কি বোঝা যাবে তা তিনি বলেন নি। সেটা ডিস্ট্রিক্ট হতে পারে, পার্ট অব দি ডিস্ট্রিক্ট হতে পারে, সেটা কি হবে বুঝতে পারছি না, স্পষ্ট করে বলে দিন এরিয়া কত হবে। তারপর বলেছেন অ্যাসেসমেন্ট করবেন। রিজিওনাল রেটিং বোর্ড সুপারিশ করে পাঠাবেন স্টেট রেটিং বোর্ডের কাছে, তারা একটা ঠিক করে দিলে সেটা পাবলিশড হবে, সেটা পাবলিশড হলে লোকে আপত্তি জানাতে পারবে। সেই আপত্তি যদি না শুনে তাহলে হায়ার অথরিটির কাছে যাবে। হায়ার অথরিটি কি সেটা ঠিক হয়নি। রেটিং বোর্ড গঠিত হবে, কাকে নিয়ে গঠিত হবে তার কোনও স্পষ্ট নির্দেশ নেই। হতে পারে সরকারি কর্মচারিদের নিয়ে গঠিত হবে, তাই যদি হয় তাহলে এই আইনে সেটা স্পষ্ট করে বলে দেওয়া উচিত ছিল। কিংবা সরকারি কর্মচারিদের যদি না নেওয়া হয় তাহলে কোনও শাসক গোষ্ঠীকে নেওয়া হবে। এমনি করে যেসব রেটিং বোর্ড হবে তার মধ্যে পলিটিক্স ঢুকবে, যারা শাসক দলে যাবে তারা অন্য দলের লোককে হয়রানি করবে। কাজেই

হয়রানি কমাবার জন্য যে আইন এনেছেন দেখা যাচ্ছে এই আইনে ক্রমাগত হয়রানি বাড়বে। তারপর এখানে ঠিক করে দিয়েছেন প্রেস্ক্রাইবড অথরিটির কাছে অ্যাপিল করা যাবে। কিন্তু তাঁরা যদি না শোনেন তাহলে যাদের অসুবিধা হবে, যাদের উপর অবিচার হয়েছে বলে মনে করবেন তারা কোথায় যাবে? আইনে বলে দেওয়া হয়েছে সিভিল কোর্টে যাওয়া যাবে না। তাহলে রাজনৈতিক দলের কথাই চূড়ান্ত হবে, কিংবা আমলাতন্ত্র যাঁরা হবেন তাঁদের কথাই চূড়ান্ত হবে। যে আমলাতন্ত্র বন্ধ করার জন্য আপনারা প্রতিজ্ঞাবদ্ধ ছিলেন সেই আমলাতন্ত্রকে বেশি ক্ষমতা দিয়ে জনগণের প্রভু করতে চেয়েছেন এই আইনের মাধ্যমে। তারপর স্টেবল ভ্যালুয়েশন যেটা বলা হচ্ছে এটা কোনও দেশি ট্যাক্স? ক্যানন্স অব ট্যাক্সেশনের সাথে এর কোনও সঙ্গতি আছে কিনা আমাদের অর্থনীতির পণ্ডিত অর্থমন্ত্রী মহাশয় বলতে পারবেন যদি এখনও পলিটিক্স কিছু তাঁর মাথায় না ঢোকে। আমরা দেখেছি এর মধ্যে কোনও সঙ্গতি নেই। তার কারণ ভ্যালু অব দি ল্যাণ্ড তার উপর নির্ভর করবে তার খাজনা কত হবে। এরিয়ার ক্ষেত্রে বলা হচ্ছে হয়ত একটা ডিস্ট্রিক্ট হতে পারে। এই ডিস্ট্রিক্টের মধ্যে শহর থাকবে, গ্রাম থাকবে। শহর ও গ্রামে অনেক জায়গা আছে যেখানে কোনও কালে চাষ হয় না। এই পশ্চিমবাংলায় এখনও আমরা জল নিকাশের ব্যবস্থা করতে পারিনি, অনেক বেসিন পড়ে আছে যেখানে চাষ হয় না। কিন্তু সেই জমির গড়পড়তা যা দাম দাঁড়াবে তাতে রেটেবল ভ্যালু বেশি পড়বে। শহরের জমি বা বড় রাস্তার পাশে যে জমি আছে সেই জমির উৎপাদন কম হলেও তার দাম বেশি আছে। কিন্তু গরিব লোকের গ্রামের মধ্যে যে জমি থাকবে সেখানে অনেক জমিতে ভাল চাষ হয় না, সেই চাষের জমিতে রেটেবল ভ্যালু বেশি পড়বে। সুতরাং যারা গরিব লোক তাদের উপর ট্যাক্সেশন বেশি হবে। সুতরাং প্রোডিউসের উপর নির্ভর না করে যে খাজনা ধার্য করা হয় সেটা আমরা অর্থনীতি শাস্ত্রের বাইরে বলে মনে করছি। তারপর বামফ্রন্ট ৩৬ দফা কর্মসূচিতে বলেছিলেন ৪ থেকে ৬ একর পর্যন্ত জমির খাজনা বন্ধ থাকবে। তা যদি হয় তাহলে এবারে কেন বলছেন ৪ একর জমি যার থাকবে তাকে রিটার্ন দিতে হবে, রিটার্ন না দিলে ১ হাজার টাকা জরিমানা কিংবা ১ বছরের জেল হতে পারে অথবা জেল এবং জরিমানা দুই-ই হতে পারে। ৪ একর পর্যন্ত যার জমি আছে তাকে কেন রিটার্ন দিতে হবে এর কি কোনও কারণ আছে? বর্ধমানে ৪ একর জমির দাম ৫০ হাজার টাকা হতে পারে, কিন্তু মেদিনীপুর, ২৪-পরগনা, কুচবিহার, বাঁকুড়ায় জমির দাম কত হবে? এর সঙ্গে কোনও সঙ্গতি আছে?

তাহলে ৪ একরে কেন দিতে হবে? ৪ একরের রিটার্ন কেন দিতে হবে? আপনারা এটা কেন ঠিক করেছেন? আপনাদের ৩৪ দফা কর্মসূচি যেটা রয়েছে তার মধ্যে তো এটা নেই। তাহলে এটা কেন আনলেন? কাজেই আমি মনে করি এটা অবিবেচনার কাজ হয়েছে। আমি অনুরোধ করছি আপনি এটা তুলে নিন। কোথাও কোথাও হয়ত হতে পারে, কিন্তু পশ্চিমবাংলার সমস্ত জায়গায় ৪ একর জমির দাম ৫০ হাজার টাকা হবে না। তাহলে কেন তাদের এইভাবে বাধ্য করা হবে রিটার্ন দেবার জন্য? এই রিটার্ন দেবার ব্যাপারে গ্রামের লোকের হয়রানি হবে এবং তার ফলে তাদের কষ্টও হবে। আমি জানি মন্ত্রী মহাশয়ের গ্রামের

লোকের প্রতি দরদ আছে, অতএব আপনি তাদের প্রতি দৃষ্টি দিন। আমি আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জমির দাম ধরতে গিয়ে একটা জায়গায় বলেছেন, অর্থাৎ টু(এ)—তে বলেছেন যেটা পার্সোনাল কাল্টিভেশনে নেই, ভাগে দেওয়া আছে সেখানে মালিক যদি চাষের খরচ দেয় তাহলে আইন অনুসারে ৫০ ভাগ পায়। কিন্তু বলা হচ্ছে এখানে ২৫ ভাগ বাদ যাবে। তাহলে ৫০ ভাগের উপরেই হোক, ৭৫ ভাগে কেন হবে? তারপর বলেছেন, যেখানে জমির মালিক কিছু দেবেনা সেখানে প্রডিউস যেটা হবে তার ২৫ ভাগ মালিক পাবে। কিন্তু ভ্যালুয়েশন কষবার বেলায় দেখছি শতকরা ৫০ ভাগ বাদ যাবে।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আপনাকে জানাচ্ছি ৪ একর পর্যন্ত লাগছেনা, রিটার্ন দিতে হচ্ছে না, হয়রানি হবে বলে দিতে হচ্ছে না। আগেরটা চেঞ্জ হয়ে গেছে।

**শ্রী জন্মেজয় ওঝা :** তাহলে কত একর পর্যন্ত দিতে হবে সেটা ঠিক করে বলুন। ফোর পয়েন্ট ওয়ান হলেই কি সে ৫০ হাজারের মধ্যে পড়ে যাবে? তাহলে কেন অযথা হয়রান করা হবে। আপনি বলছেন ৪ একরের বেশি হলেই তাকে রিটার্ন দিতে হবে, কিন্তু আমার বক্তব্য হচ্ছে ৪ একরের বেশি হলেই কেন তাকে দিতে হবে যদি ৫০ হাজার টাকার বেশি না হয়। আমার বক্তব্য হচ্ছে যে উদ্দেশ্য নিয়ে এই আইন রচিত হয়েছে সেই উদ্দেশ্য সফল হচ্ছে না। এতে জনসাধারণের হয়রানি বাড়বেই সে বিষয় কোনও সন্দেহ নেই। কাজেই আমি অনুরোধ করছি আমাদের প্রস্তাব মতো আপনি এটা জনমত সংগ্রহের জন্য দিন, আর না হয় সকলের সঙ্গে পরামর্শ করে এর সংশোধন করুন।

**Mr. Deputy Speaker :** The House stands adjourned till 1 p.m. on Thursday, the 30th August 1979.

## ADJOURNMENT

The House was accordingly adjourned at 5.50 p.m. till 1 p.m. on Thursday, the 30th August, 1979 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 30th August 1979 at 1.00 p.m.

**P R E S E N T**

Mr Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair 15 Ministers, 5 Ministers of State and 192 Members.

[1-00— 1-10 P.M.]

## Starred Questions
## (to which oral answers were given)

### ট্রলারে মাছ ধরা বাবদ ব্যয়

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) রাজ্য সরকারের উদ্যোগে ১৯৭৭, ১৯৭৮ ও জুলাই ১৯৭৯ পর্যন্ত গভীর সমুদ্রে ট্রলার মারফত মাছ ধরা বাবদ কত ব্যয় হয়, এবং

(খ) উক্ত সময়ে সামুদ্রিক মাছের ব্যবসায়ে রাজ্য সরকারের আয় কত হয়েছিল (পৃথক পৃথকভাবে)?

**শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ**

(ক) মৎস্য বিভাগের অধীনস্থ State Fisheries Development Corporation Limited নামক একটি রাজ্য সরকারি সংস্থা তাহাদের ট্রলারের সাহায্যে মাছ ধরার প্রকল্পে ১৯৭৭, ১৯৭৮ ও জুলাই ১৯৭৯ পর্যন্ত মোট ২৯,৭২,০০০.০০ টাকা (উনত্রিশ লক্ষ বাহাত্তর হাজার টাকা) মাত্র ব্যয় করে।

(খ) উক্ত সময়ে ওই সংস্থার সমুদ্রের মাছের ব্যবসায়ে পৃথক পৃথকভাবে আয়ের পরিমাণ এইরূপ ঃ—

১৯৭৭-৭৮—২,৯০,০০০.০০

১৯৭৮-৭৯—১৯,২৫,০০০.০০

১লা এপ্রিল—

হইতে ৩১শে x

জুলাই, ১৯৭৯

---

মোট — ২২, ১৫,০০০.০০ (বাইশ লক্ষ পনেরো হাজার টাকা মাত্র)

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** অতিরিক্ত প্রশ্ন, এই গভীর সমুদ্রে ট্রলার মারফত যে মাছ ধরা হয় তা দিয়ে পশ্চিমবঙ্গের কি চাহিদা পূরণ হয়?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** কিছুই পূরণ করা যায় না। কারণ তা দিয়ে বেশিরভাগ প্রণ ধরা হয়। এগ্রিমেন্ট আছে যতক্ষণ পর্যন্ত এই টাকা শোধ হবে অর্থাৎ ট্রলারের টাকা, তা দিয়ে যে প্রণ ধরা হবে তা দিয়ে ফরেন এক্সচেঞ্জ আর্ন করে সেই টাকা শোধ করতে হবে। ইন্ডিয়া গভর্নমেন্টের সঙ্গে সেই এগ্রিমেন্ট আছে সেটা আমাদের উপর পড়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই যে ট্রলার মারফত মাছ ধরার প্রকল্প এইগুলি আগে থেকে পশ্চিমবাংলায় প্রচলিত ছিল, না আমাদের বামফ্রন্ট এসে করেছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** আমরা যখন গভর্নমেন্টে এলাম তার আগেই ইন্ডিয়া গভর্নমেন্ট ৪টি ট্রলারের ব্যবস্থা করেছিল সেটাই আমাদের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই দু'বৎসরের মধ্যে বাড়তি কোন ও ট্রলার কেনা হয়েছে কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** না, এই চারটির যেলাই অস্থির।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** এই ট্রলার যখন কেনা হল তখন ট্রলারে যে সমস্ত জিনিস থাকা দরকার সেই জিনিসগুলি সহ কেনা হয়েছিল, না শুধু ট্রলার কেনা হয়েছিল?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** যখন জিনিসগুলি কেনা হয়েছিল তখন তারা ঠিকই দিয়েছিল কিন্তু আমরা যখন অ্যাকচুয়ালি ট্রলার অপারেট করতে গেলাম তখন তাছাড়াও আরও কিছু কাজ করতে হয়েছিল।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই যে আয় ব্যয়ের হিসাব দিয়েছেন তাতে দেখছি কয়েক লক্ষ টাকা ক্ষতি হয়েছে, এই লোকসান হওয়ার কারণ কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** কারণটা হচ্ছে যে যখন ট্রলার কেনা হল তখনকার অবস্থা হচ্ছে অনেকটা এই রকম যে গাড়ি কেনা হল কিন্তু সওয়ার নেই। অর্থাৎ স্পিকারের সবচেয়ে বেশি প্রয়োজন ছিল। কিন্তু ভারতবর্ষে স্পিকার পাওয়া যায় না এবং মাত্র একজন স্পিকার কোন ও রকমে জোগাড় করা হয়েছিল। তিনজন স্পিকার ছিল না এবং স্পিকার না থাকার জন্য এই ভয়েজের কয়েকবার যাওয়া সম্ভব হয় নি এবং আমি অনেক দৌড়াদৌড়ি করে, বারনালা সাহেব তখন ছিলেন, আমি তিনজন-এর অফিসিয়েট হিসাব-এ কাজ করার অনুমতি পেয়েছিলাম, তাও মাত্র কয়েকমাসের জন্য। মাত্র তিনজন পরীক্ষায় পাশ করেছিলেন এবং ভারতবর্ষে স্পিকারের বড়ই অভাব। এখন এখানে যারা ছিলেন তারা স্পিকারের পরীক্ষায় পাশ করেছেন, তাই আর চারজন স্পিকার পেয়েছি। তাছাড়া, প্রথমত বিজনেসের অজ্ঞতা ছিল, সেইজন্য ক্ষতি হয়েছে। মনে হচ্ছে, এই বছর ক্ষতি হবে না।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মন্ত্রী মহাশয় কি বলবেন এই যে ট্রলার মাছ ধরতে যায়, কি কি মাছ সাধারণত ধরে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** সাধারণত প্রণ ধরে। পমফ্রেট মাছও কিছু কিছু ধরে। কিন্তু দামের ক্ষেত্রে প্রণ মাছের দাম এক কে. জি ১১০ টাকা থেকে ১২০ টাকা বিক্রি হয়। আর পমফ্রেট মাছ ৩ টাকা কেজি দরে বিক্রি হয়।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মন্ত্রী মহাশয় বলবেন কি গভীর সমুদ্র বলতে আমরা কি বুঝি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** ২০০ নিউটিক্যাল মাইল।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন, গাড়ি কেনার আগে চাবুক কেনা হয়েছে। এটা কি মনে করা যেতে পারে যে এদের অনভিজ্ঞতার জন্য এটা হয়েছে? অথবা ইচ্ছাকৃতভাবে এটা করেছে? এর মধ্যে আগেকার সরকার কি চক্রান্ত কিছু করেছে বলে মনে হয়?

(নো রিপ্লাই)

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন, গভীর সমুদ্রে মাছ ধরার ক্ষেত্রে লোকসান চলছিল এবং এই যে প্রকল্প ভারত সরকারের সঙ্গে চুক্তি করে চলছে তার দ্বারা পশ্চিমবাংলার মানুষের মাছের চাহিদা পূরণ করা যাচ্ছে না। অতএব চুক্তিটা বাতিল করা যায় কিনা এইটা চিন্তা করছেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এইটা প্রথম আরম্ভ করেছি। এক বা দু'বছর লোকসান হল বলেই বন্ধ করে দিতে হবে তা হয় না। এর প্রসপেক্ট আছে, প্রবাবিলিটি আছে। সেইজন্য কনসালটেন্টদের সাথে কনসালট করছি।

[1-10— 1-20 P.M.]

**শ্রী হাজারী বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে পশ্চিমবঙ্গে ডিম নবার জন্য মৎস্য উৎপাদন ব্যাহত হচ্ছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** নোটিশ লাগবে।

**শ্রী এ এইচ বেস্টারউইচ ঃ** Will the Hon'ble Minister be pleased to state he reasons for loss of fish caught by trowler.

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** আমি এটা আগেই বলেছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে যা দিয়ে ফরেন মানি আর্ন করছেন, এটা ফার্স্ট এই স্কীমটা কোন সালে নেওয়া হয়েছিল?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** আগেকার দিনে নেওয়া হয়েছিল, কোন সালে নেওয়া হয়েছিল বলতে পারছিনা।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এই যে ডিপ সি ফিশিং-এ প্রস্পেক্ট আছে বললেন, যে রেটে ফরেন মানি আর্ন করছেন তাতে এটা যথেষ্ট উপকারজনক বলে কি মনে করছেন?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** I am bound by the agreement.

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই মাত্র বললেন যে এই ট্রলার দিয়ে গভীর সমুদ্রে দু-তিন বছর ধরে মাছ ধরা হচ্ছে অর্থাৎ এই সরকারের সময়ে হচ্ছে, এর আগে প্রচেষ্টা করা হয়নি, যদি করা হয়ে থাকে তখন তাতে লাভ হয়েছে না লোকসান হয়েছে?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** আগেকার দিনে ডাঃ রায়ের সময় তিনি চেষ্টা করেছিলেন তারপরে এটা চলে গেল।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** এই যে গভীর সমুদ্রে মাছ ধরার প্রকল্প এটা আগেও ছিল, ১৯৬২ সালের পর জাহাজ বিক্রি করে দেওয়া হয়। তখন লাভ হয়নি লোকসান হয়েছে এবং সেইজন্যই বিক্রি করে দেওয়া হয়েছে। আপনার এগুলি নেবার পর সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে কি এমন কিছু স্টিপুলেশন করে দেওয়া হয়েছে যে যে সব মাছ ধরা হবে সেই সব মাছ বিক্রি করে [illegible] করবেন যদি আর্ন করা যায়? আমাদের সাধারণ মানুষ [illegible] যে মাছগুলি পেতে পারে সেগুলি ধরা যায়না? আমি জানতে চাইছি দরিদ্র শ্রেণীর মানুষ যাতে [illegible] দরে মাছ পেতে পারে তার জন্য কি চেষ্টা করছেন?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** সেন্ট্রাল গভর্নমেন্টের এমন কোনও স্টিপুলেশন নেই। [illegible] প্রফিটেবল। ত্রিশ পার্সেন্ট আছে, এর মধ্যে আই মান টু [illegible] যদি কোনও [illegible] বেশি প্রণ পাওয়া যায় তাহলে পম্ফ্রেটের পরিবর্তে [illegible] পম্ফ্রেটের জায়গায় যদি ৪ টন প্রণ পাওয়া যায় [illegible] পম্ফ্রেট বিক্রি হয় [illegible] টাকা [illegible] প্রণ বিক্রি হয় ১২০ টাকা [illegible] বিদেশি মুদ্রা [illegible]

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** [illegible] আর্ন করার [illegible] বেশি আকর্ষণীয় কিন্তু জনসাধারণের কাছে পম্ফ্রেট এবং অন্য ধরনের মাছ বেশি আকর্ষণীয়, এই সরকার জনসাধারণের দিকে নজর দিচ্ছেন যখন তখন প্রণ ধরে বিদেশি মুদ্রা অর্জন করার চাইতে অন্য মাছ ধরে বাজারে বেশি মাছ যোগান দিয়ে মাছের দরটা কমাবার জন্য চেষ্টা করাটা কি বেশি প্রয়োজনীয় নয়?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** ঐ ৪টি ট্রলারে যে মাছ আসে তার বাজারে যে সাপ্লাই সেটা খুব বেশি হয়না। তবে প্রথম কারণ হচ্ছে, সিক্সটি টু সেভেনটি পারসেন্ট আগে বলেছিলেন এটা হবে পম্ফ্রেট অ্যান্ড আদার্স আর থার্টি পারসেন্ট প্রণ পাওয়া যাবে। কিন্তু এখন আমরা দেখছি এক একটা সময় আসছে যখন সিক্সটি টু সেভেন্টি পারসেন্ট প্রণ পাওয়া যাচ্ছে আর এটা পেলাম থার্টি পারসেন্ট। এই থার্টি পারসেন্ট টা নিয়ে এসে তিন টাকা এইরকম দরে বিক্রি করি কারণ আমরা পাই না সবটা।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তো চিন ঘুরে এসেছেন, সেখানে মাছ ধরার যে ব্যবস্থা আছে সে ব্যবস্থা এখানে গ্রহণ করা যায় কিনা বলে বলবেন কি?

**মিঃ স্পিকার ঃ** This question does not arise.

* 14- Held Over.

**মেদিনীপুর কর্মসংস্থান বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে বেকার ভাতা প্রাপকের তালিকা**

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩০২।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) মেদিনীপুর জেলার কর্মসংস্থান বিনিয়োগ কেন্দ্র থেকে বেকার ভাতা প্রাপকদের তালিকা "উপদেষ্টা কমিটি"র সদস্যদের দেওয়ার বিধি আছে কি,

(খ) উক্ত জেলায় কতজন বেকার ভাতা পাচ্ছেন , এবং

(গ) সেই প্রাপকরা প্রকৃত বেকার কিনা তা পরীক্ষা ক'রে দেখার কোনও ব্যবস্থা আছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ**

(ক) না

(খ) ৭৯৭৭ জন (৩১শে মার্চ, ১৯৭৯-এর হিসাব মতো)

(গ) হাঁ, আছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, প্রাপকরা প্রকৃত বেকার কিনা তা পরীক্ষা করে দেখার ব্যবস্থা আছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন কি ধরনের ব্যবস্থা আছে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমার কাছে যে খবর আছে সেটা হচ্ছে, প্রথম ব্যবস্থা হচ্ছে, ইনভেস্টিগেটার ইন্সপেক্টার আছেন এগুলি ভেরিফাই করা যাঁদের দায়িত্ব। দ্বিতীয়ত, এলাকার যে পঞ্চায়েত সমিতি আছে তাদের দায়িত্ব দেওয়া হয়েছে। তৃতীয় থানা এবং আবশ্যক মত, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং কর্মনিয়োগ কেন্দ্রের যে আধিকারিক তাদের উপরও এই দায়িত্ব আছে। তাছাড়া প্রসঙ্গত এই বেকারভাতা কার্যকর করার সময় যারা বেকারভাতা পাবেন বলে নিজেদের মনে করছেন তাদেরও একটা এফিডেভিট দাখিল করতে হয়। এই স্টেপসগুলি নেওয়া হয়েছে, এর বেশি বর্তমানে আর কিছু করা হয়নি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** যাদের এ পর্যন্ত এই বেকার ভাতা দেওয়া হয়েছে তাদের মধ্যে এমন কেউ কেউ কি ধরা পড়েছেন যারা এটা পাবার উপযুক্ত নয়?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** কিছু অভিযোগ এসেছে এবং সেগুলি নোট করা হচ্ছে, সেগুলি তদন্ত করা হচ্ছে। তবে এখনও সিদ্ধান্তে আমরা এসে পৌঁছাতে পারি নি।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন উপদেষ্টা সমিতি কেউ বেকারভাতা পান কিনা?

[1-20— 1-30 P.M.]

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আপনার প্রশ্নে আপনি জানতে চেয়েছেন যে বেকার ভাতা যারা পাচ্ছেন তাদের তালিকা দেওয়ার বিধি আছে কিনা। আমি তার উত্তরে বলেছি যে বিধি নাই। কিন্তু তার মানে এই নয় এমন কোনও বিধি নিষেধ নাই যে যদি কেউ চান তাহলে তিনি

পেতে পারবেন না। বেকার ভাতা যারা পাচ্ছেন তাদের তালিকা বাধ্যতামূলকভাবে প্রত্যেক সদস্যদের তার লিস্ট পাঠানোর কোনও নিয়ম নাই। তবে যদি কেউ তালিকা জানতে চান বা দেখতে চান তিনি তা পেতে পারেন।

**শ্রী কমল সরকার :** যারা বেকার ভাতা পান তাদের কাজ করিয়ে নেবার কথা উঠেছিল—আমার প্রশ্ন হচ্ছে এই রকম কোনও পরিকল্পনা নেওয়া হচ্ছে কিনা, শুধু কি ভাতা দেওয়াই হবে?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** যদিও এই প্রশ্নের সঙ্গে এটা আসে না তবুও আমি বলছি যে এ সম্বন্ধে একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** এই মাত্র মাননীয় সদস্য যে অতিরিক্ত প্রশ্ন করলেন এবং আপনি যে উত্তর দিলেন সে সম্বন্ধে আমি একটি প্রশ্ন করছি। আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে যখন ডাঃ মিত্র বেকার ভাতা ঘোষণা করেছিলেন তখন তিনি এই হাউসেও বলেছিলেন এবং তাঁর বাজেট বক্তৃতায়ও ছিল যে অন্তত চার বার মফস্বল থেকে কলকাতায় আসতে হবে এবং সপ্তাহে দু'দিন করে কাজ করতে হবে। এখন আপনার উত্তরে দেখছি যে এখনও পর্যন্ত সেই রকম কোনও পরিকল্পনা রচিত হয়নি। বোঝা যাচ্ছে এখনও পর্যন্ত ভাতা পাওয়া বেকাররা কিছু কাজ করছে এমন কোনও নির্দিষ্ট প্রমাণ তাঁর কাছে নাই। দ্বিতীয় হচ্ছে এই যে বেকারদের জন্য অর্থ বরাদ্দ হয়েছে তা বিপুল অর্থ নয় যে তাতে সব বেকারদের কিছু কিছু দিতে পারবেন। আমি জানতে চাইছি এমন কোনও গাইড লাইন আছে কি নর্মস আছে কি যে এইভাবে নথীভুক্ত যে সমস্ত বেকার ১৯৭২ সাল থেকে বেকার হয়েছে তাদের অগ্রাধিকার দেওয়া হবে বা ১৯৭৮/৭৯ সাল থেকে যারা নথীভুক্ত হয়েছেন তারা পাবেন না?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** বাজেট বক্তৃতায় অর্থ মন্ত্রী একথাগুলি পরিষ্কারভাবে বলে দিয়েছিলেন এবং সেটা হচ্ছে যারা ৫ বছরের বেশি বেকার আছেন তাদের বেকার ভাতা পাবার ব্যাপারে অগ্রাধিকার দেওয়া হবে এবং তারা ভাতা পাচ্ছেন। দ্বিতীয় হচ্ছে টাকার পরিমাণ অত্যন্ত কম আর তৃতীয়ত হচ্ছে কাজ করিয়ে নেবার কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং সেটা কার্যকরি করার চেষ্টা হচ্ছে। তবে কতদিন লাগবে তা এখন বলতে পারছি না। এখন এর বেশি কোনও স্টেটমেন্ট করা সম্ভব নয়।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন অ্যাডভাইসারি কমিটির কোনও সদস্য যদি সেই সব বেকারদের লিস্ট চান তাহলে তারা তা পেতে পারবেন। আমি একজন অ্যাডভাইসারি কমিটি সদস্য আমি দমদম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে এই লিস্ট চেয়েছিলাম। কিন্তু অফিসার রিফিউজ করেছেন—বললেন আইনে এই রকম কোনও বিধি নাই আমি দিতে পারব না।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** দমদমের প্রশ্নটা এই প্রশ্নের সঙ্গে জড়িত নয়। তবুও বলছি দমদম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ সম্পর্কে কোনও অভিযোগ থাকলে আমাকে জানাবেন আমি এনকোয়ারি করব।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্তমানে বেকার ভাতার যে রেট আছে তা বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** যে প্রশ্ন এখানে করা হয়েছে তার দ্বারা এটা কভার করে না।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে দমদমের ব্যাপারটা এখানে রেলেভ্যান্ট নয়। আপনি কি দয়া করে এই রকম নির্দেশ সমস্ত এম্পলয়মেন্ট এক্সচেঞ্জের দপ্তরে দেবেন, যখন কোনও উপদেষ্টা কমিটির সদস্য লিস্ট চাইবেন, তিনি যাতে তা পেতে পারেন।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** উপদেষ্টা কমিটির সদস্যরা লিস্ট দেখতে পারেন, কিন্তু সকলের কাছে দেওয়া সম্ভব কি না বলতে পারছি না। তবে সকলেই দেখতে পারেন।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** ৫০০ টাকার অনুর্ধ যে পরিবারের আয়, তাদের বাড়ির লোককে বেকার ভাতা দেওয়ার রীতি আছে কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** নেই।

**শ্রী সুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বেকার নয়, সাকার, গাড়ি আছে, কিন্তু সে সি.পি.এম. এর ক্যাডার, এই রকম লোক বেকার ভাতা পাচ্ছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** এটা কোনও প্রশ্ন হতে পারে না। প্রশ্ন করা হয় ইনফর্মেশন গ্যাদার করবার জন্য। আপনার ইনফর্মেশন আপনি যদি নিজে আমাকে দেন তাহলে সেটা আর প্রশ্ন থাকে না।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, সুনীতি বাবু এবং রজনী বাবুর মতো কিছু সদস্য বিগত বিধানসভার, সংখ্যায় প্রায় শতাধিক, তাঁরা বেকার হয়ে রয়েছেন, তাঁদের ব্যাপারে বেকার ভাতার কোনও ব্যবস্থা করবেন কি?

(নো রিপ্লাই)

**শ্রী সরল দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার ডেকরেটার শ্রমিক, তারা মিছিল করে এসেছেন বিভিন্ন দাবি দাওয়া নিয়ে, তারা শ্রমমন্ত্রীর সঙ্গে দেখা করতে চান। প্রায় ২৫ হাজার শ্রমিক তারা এখানে মিছিল করে এসেছে। তাদের দাবি হচ্ছে তারা শপ্স অ্যান্ড এসটাবলিশমেন্ট অ্যাক্টের আওতায় নেই, তাদের গ্যারান্টি অব সার্ভিস নেই, স্থায়িত্ব নেই, তারা এই সব দাবি দাওয়া নিয়ে শ্রমমন্ত্রীর সঙ্গে দেখা করতে চান। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীকে তাদের সঙ্গে দেখা করতে অনুরোধ জানাচ্ছি।

## ADJOURNMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী হাসানুজ্জামান ও রজনীকান্ত দোলুই মহাশয়ের কাছ থেকে দুটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। প্রথম প্রস্তাবে শ্রী হাসানুজ্জামান নদীয়ায় সাম্প্রদায়িক দাঙ্গার কথা আলোচনা করতে চেয়েছেন এবং দ্বিতীয় প্রস্তাবে শ্রী দোলুই গ্রামাঞ্চলে ছোট, বড় ও মাঝারি কৃষকদের উপর অত্যাচারের কথা আলোচনা করতে চেয়েছেন। উভয় বিষয়ই আইন শৃঙ্খলা সংক্রান্ত। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। তাছাড়া আগামী শুক্রবার ৩১শে আগস্ট আইন শৃঙ্খলার বিষয়ে একটি প্রস্তাব আলোচনার জন্য নির্ধারিত হয়েছে। তাই আমি উভয় মুলতুবি প্রস্তাবে আমার অসম্মতি জানাচ্ছি। তবে সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত অংশগুলো পড়তে পারেন।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান** ঃ জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল-বিগত জুন মাসের নদীয়ার সাম্প্রদায়িক দাঙ্গায় বহু মানুষ নিহত ও আহত হন। গ্রামের পর গ্রাম পুড়েছে। হাজার হাজার মানুষ গৃহহারা হয়েছেন। এমন কি, গৃহ দাহ, লুঠতরাজ প্রভৃতি মিলিয়ে ক্ষয় ক্ষতির পরিমাণ অবর্ণনীয়। ১৯৬৪ সালের পর পশ্চিমবঙ্গে এতবড় সাম্প্রদায়িক দাঙ্গা বিগত ১৫ বৎসর হয়নি। দাঙ্গায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ দেওয়া হয়নি। রিলিফ যা দেওয়া হয়েছে তা খুবই অপ্রতুল। দাঙ্গা প্রতিরোধে ব্যর্থ দোষী অফিসারদের শাস্তির ব্যবস্থা হয়নি। বিচার বিভাগীয় তদন্তের দাবি করলেও সরকার বিচার বিভাগীয় তদন্তের বা কোনও প্রকার তদন্তের ব্যবস্থা করেননি। ফলে সংখ্যা লঘু সম্প্রদায় তাদের জীবন ও ধন সম্পদের নিরাপত্তা সম্বন্ধে হতাশ হয়েছেন। এই সম্পর্কে সভায় অবিলম্বে আলোচনা হওয়া প্রয়োজন।

[1-30— 1-40 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—

পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে এক রাজনৈতিক দলের সমর্থকগণ নিরীহ, শান্তিপ্রিয়, ছোট, বড় এবং মাঝারি কৃষকদের উপর অনবরত জুলুম চালিয়ে যাচ্ছে। গণ-আদালত, সামাজিক বয়কট, মজুরি বৃদ্ধির নামে মজুরি বন্ধ, জোরপূর্বক বর্গাদার উচ্ছেদ, দীর্ঘদিনের রেকর্ড ভুক্ত নিজ দখলী জমি থেকে বে-আইনিভাবে কৃষকদের উচ্ছেদ এবং গরিব পাট্টাদারদের পাট্টা কেড়ে নেওয়া হচ্ছে। অসহায়, শান্তিপ্রিয়, নিরীহ কৃষকগণ প্রতিবাদ জানাবার কোনও জায়গা পাচ্ছেন না। পুলিশ বাহিনী নিষ্ক্রিয়, শাসনব্যবস্থা অচল। এমনকি মহামান্য আদালতের রায়ও উপেক্ষিত।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**মিঃ স্পিকার** ঃ আমি নিম্নলিখিত বিষয়গুলির ওপর মোট ১০টি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা—

১। বিগত জুন মাসে সাম্প্রদায়িক দাঙ্গা ও দাঙ্গা প্রতিরোধে সরকারি ব্যর্থতা— শ্রী এ কে এম হাসানুজ্জামান।

২। সুন্দরবন এলাকার হরেকৃষ্ণপুর গ্রামে জমির দখল নিয়ে দু'দলে সংঘর্ষ ও দুই ব্যক্তি নিহত — শ্রী মহম্মদ সোহরাব।

৩। গ্রামাঞ্চলে খাদ্যের বিনিময়ে কাজ প্রকল্পের নামে চুরি— শ্রী রজনীকান্ত দোলুই।

৪। কেশপুরে জমিদখল ও বর্গা উচ্ছেদ— শ্রী রজনীকান্ত দোলুই।

৫। পশ্চিমবঙ্গে ভোটার তালিকা সংশোধনে কারচুপি— শ্রী রজনীকান্ত দোলুই।

৬। প্রাথমিক শিক্ষকদের আইন অমান্য ও গ্রেপ্তার বরণ— শ্রী রজনীকান্ত দোলুই, শ্রী শামসুদ্দিন আহমেদ, এবং শ্রী কৃষ্ণদাস রায়।

৭। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কার্যকর সমিতির সভায় গোলমাল— শ্রী অনিল মুখার্জি, শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী শামসুদ্দিন আহমেদ।

৮। Incident of police firing at village Kashinagar under P.S. Murarai — from Shri Rajani Kanta Doloi, Shri Sk. Imajuddin, Shri Kazi Hafijur Rahman, Shri Md. Sohorab.

৯। Alleged agitation and disturbance in the meeting of the Police Association at Diamond Harbour — from Shri Krishnadas Roy and Shri Shamsuddin Ahmed.

১০। হুগলি ও বর্ধমান জেলায় বহু কৃষি জমিতে সেচের জল সরবরাহ না করিয়াও সেচসেবিত এলাকা বলিয়া ঘোষণা করায় বিক্ষোভ — শ্রী অজয়কুমার দে।

আমি হুগলি ও বর্ধমান জেলায় বহু কৃষি জমিতে সেচের জল সরবরাহ না করিয়াও সেচসেবিত এলাকা বলিয়া ঘোষণা করায় বিক্ষোভ বিষয়ের উপর শ্রী অজয়কুমার দে কর্তৃক আনীত নোটিশটি মনোনীত করছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয়, আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আগামী ৫ তারিখে বিবৃতি দেব।

## MENSION CASES

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে সেখানে ডেভেলপমেন্টের ওয়ার্ক খুব বেশি হচ্ছে না। বিদ্যাধরী নদীর সংস্কার এবং ইরিগেশনের জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি কিন্তু এখন পর্যন্ত কোনও ফল পায়নি। গোলাবাড়ি দত্তপুকুর রাস্তা অর্ধেক হয়ে পড়ে আছে। আমি এই সম্পর্কে এই হাউসে কয়েকবার মেনশন করেছি কিন্তু তাতে কোনও ফল হয়নি। অন্যান্য যে সমস্ত মেরামত করা দরকার তারজন্য ডিপার্টমেন্টে বহুবার লেখালেখি করেছি এবং মন্ত্রী মহাশয়ের কাছেও লিখেছি কিন্তু কোনও ফললাভ আদায় করতে পারিনি। জানি না সেখানে ডেভেলপমেন্টের ক্ষেত্রে সরকারপক্ষীয় কনস্টিটুয়েনসি এবং বিরোধীপক্ষীয় কনস্টিটুয়েন্সির মধ্যে ভাগাভাগি হচ্ছে কিনা — সেটা আমি বুঝতে পারছি না। আমি এ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র পুরোকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এমন একটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যে ঘটনা ঘটেছে বামফ্রন্ট সরকারের প্রধান দল মার্কসবাদী কমিউনিস্ট পার্টি, কংগ্রেস (আই) এবং পুলিশের যোগসাজসে। আজ গ্রামাঞ্চলের গরিব ভাগচাষীদের নির্মমভাবে হত্যা করা হচ্ছে গুলি চালিয়ে। গত ২৫শে জুলাই তারিখে ক্যানিং থানার ইটখোলা অঞ্চলের ভেটকা গ্রামে — সেখানে বারীন রায়, কংগ্রেস (আই) থেকে গ্রাম পঞ্চায়েতে নির্বাচিত হয়েছিলেন এবং মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সমর্থনে ইচ্ছায় পঞ্চায়েতে

প্রধান নির্বাচিত হয়েছেন। তিনি কুখ্যাত জোরদার এবং গভর্নমেন্ট কন্ট্রাকটর — তার নেতৃত্বে পুলিশ ক্যাম্পে যে পুলিশ যে ক্যাম্প দীর্ঘদিন ধরে বারীন রায়ের বাড়িতে আছে এবং এ ব্যাপারে হাউসে আমি বারে বারে উল্লেখ করেছি। পুলিশ সি.পি.এম -র লোকজন এবং সমাজবিরোধীরা গত ২৫শে জুন তারিখে ক্যানিং থানার ইটখোলা অঞ্চলে ভাগচাষীরা যখন চাষ করছিল তখন হঠাৎ তাদেরকে আক্রমণ করে এবং গুলি চালায়। এর ফলে সেখানে মারা গেছে আমাদের দল এস.ইউ.সির একজন্য ভাগচাষী ইয়াকুব মোল্লা আর নূর হোসেন গাজী এবং আরও কয়েকজন গুরুতরভাবে আহত হয়েছে। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যেভাবে এই নির্মম হত্যা কান্ড ঘটেছে তার নজির মেলা ভার। দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করা হয়নি এবং এখনো পর্যন্ত প্রকাশ্য দিবালোকে তারা ঘুরে বেড়াচ্ছে এবং সেখানে জুলুম চলছে। আরও আশ্চর্যের ব্যাপার, বারীন রায় ক্যানিং থানায় যারা সেই হত্যা কান্ডের প্রত্যক্ষ দর্শী তাদের বিরুদ্ধে মিথ্যা কেস করেছে। আমি এ ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা হয়।

**শ্রী মোহিনীমোহন পাণ্ডা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার শিমলাপাল থানায় চিত্ত শীঠ এবং মথুরা নাথ শীঠের বিক্রমপুর কোল্ড স্টোরেজ আছে এবং ঐ কোল্ড স্টোরেজে প্রায় ২৬ হাজার কুইন্টাল আলু নষ্ট হয়ে গেছে। এই ব্যাপারে গত ২ তারিখে জেলাশাসক, বি.ডি.ও এবং পঞ্চায়েত সমিতির সভাপতির উপস্থিতিতে একটি চুক্তি হয় এবং এই চুক্তির ফলে স্টোরেজের মালিক ক্ষতিপূরণ স্বীকার করে কিন্তু তারপর কার্যত দেখা যায় ঐ ক্ষতিপূরণ না দিয়ে নানাভাবে উৎপীড়নের চেষ্টা করছে। ঐ থানায় ৫টি ব্লকে আলু চাষের সময় সঙ্কট দেখা দিতে পারে। আমি কৃষি মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে দৃষ্টি দিতে অনুরোধ করছি যাতে ঐ এলাকার আলু চাষীরা ক্ষতিপূরণ পায় এবং আলু বীজ পায় তারজন্য যথাযথ ব্যবস্থা অবলম্বন করতে।

**শ্রী বঙ্কিমবিহারী পাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর বিধানসভা এলাকার মধ্যে গ্রামাঞ্চলে আইন শৃঙ্খলার ক্রমশ অবনতি ঘটছে। একটা ঘটনা জানাচ্ছি মেদিনীপুর কোতোয়ালী থানার অন্তর্গত ৬/১ পাঁচসুরির সি.পি.এম পঞ্চায়েত সদস্য শ্রী নিরঞ্জন পাল এক গরিব চাষী শ্রী সমরেন্দ্রনাথ লাহার নিজ জমিকে অন্যায়ভাবে কেন্দ্র করে গত আদালতে তাকে ডেকে এনে বিচার, পরে এক মিছিলের লোক দিয়ে নির্দ্দয়ভাবে প্রহার করে প্রকাশ্য রাজপথে অজ্ঞান অবস্থায় ফেলে দেন, যাতে করে তাকে হাসপাতালে না পাঠাতে পারে তারজন্য প্রহরী রাখেন। গভীর রাতে প্রহরী চলে গেলে তার বাড়ির লোকেরা একটি গরুর গাড়ি করে মানুষ দিয়ে টেনে হাসপাতালে নিয়ে যায়। থানায় ডায়রি করে, কিন্তু গ্রেপ্তার হয়নি। পশ্চিমবঙ্গ সরকার ব্যক্তি স্বাধীনতা গণতন্ত্র স্বীকার করেন। সেই স্বীকৃত আইন অনুযায়ী যে যার মত ও পথ গ্রহণ করতে পারেন। কিন্তু আমরা বাঙালি দলের সভায় যোগ দিয়েছিল বলে অজুহাত দেখিয়ে মেদিনীপুর কোতোয়ালী থানার অন্তর্গত দু'নম্বর অঞ্চলের এল্লাবলি গ্রামের জনতা সমর্থক বিমলকুমার পালের উপর অত্যাচার হচ্ছে। সি.পি.এম সদস্যরা আদেশ জারি করেছেন ৬ মাসের জন্য মজুর বন্ধ। ফলে তার চাষ হচ্ছে না এবং তার উপর জুলুম হচ্ছে, ভীতি প্রদর্শন করা হচ্ছে। আশা করি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আইন-শৃঙ্খলা রক্ষার জন্য সচেষ্ট হবেন।

[1-40— 1-50 P.M.]

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদহ জেলার কালিয়াচকর্ম এবং ইংলিশবাজার এর সঙ্গম স্থলে গো'ড়। ইতিপূর্বে সেখানে সমাজবিরোধী গোয়ালা সম্প্রদায় বহুদিন ধরে সেখানকার ফসলের ক্ষতি করে আসছে। সেই ফসল ক্ষতির ব্যাপারে বিভিন্ন প্রকারের চিঠির মাধ্যমে আবেদনের মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়কে জানানো হয়েছে, জানিয়েও কিন্তু সে বিষয়ে কোনও ব্যবস্থা হয়নি। আজকে যেটা বলছি সেটা একটা মারাত্মক কথা। গত ২৫শে আগস্ট ঈদের দিন ছিল। মুসলিমরা সবাই সেদিন কাজকর্ম বন্ধ রেখে মাঠে নামাজ পড়তে গিয়েছিল। কদমতলা আমার এলাকা। দুর্ভাগ্যক্রমে সেখানকার প্রায় সবাই মুসলিম চাষী। ঐ সমাজবিরোধী গোয়ালা সম্প্রদায়ের লোকেরা সেদিন চাষীদের মাঠের আউশ ধান, পাট, তুঁতপাতা গরু দিয়ে নষ্ট করে দেয়! তুঁত পাতা হল ওখানকার একমাত্র সম্পদ। এই সময় ওখানকার লোককে মড়া ফেলে রেখেও তুঁতের ব্যবস্থা করতে হয়। তাই মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, তাঁকে জানানো হয়েছে, তিনি অনেক সময় বলেন উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হল, কিন্তু প্রতিকার এখনও কিছু হলনা। এই ব্যাপারটা গুরুতর — আজকের নয় — বহুদিনধরে ক্রনিক ব্যাপার হয়ে গেছে। মহাদেবপুর বাংলাদেশের বর্ডার, সেখানে চাষীদের ফসল দিনের পর দিন নষ্ট করে দিচ্ছে। থানাকে জানালেও ডি.এম বা এস.পি. কোনও কিছুই করেন না। সেইজন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এবং আপনাকেও বলছি যে আপনি নিজে একটু অনুরোধ করুন।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুরের গ্রামাঞ্চলে পূর্ণ অরাজকতা চলছে। এ বিষয়ে মুখ্যমন্ত্রীর অনেক দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু কোন ফল হয় নি। সেখানে মাছ লুঠ করা হচ্ছে ও বাড়ি থেকে চাল নিয়ে যাওয়া হচ্ছে। এর মধ্যে সেখানে ৯টা ডাকাতি হয়েছে। এ বিষয়ে থানায় জানানো হলে তারা বলে লাস না পাওয়া গেলে কিছু করা যাবে না। এ বিষয়ে ব্যবস্থা অবলম্বন করবার জন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলায় বিশেষ করে কুসমন্দি, কালিয়া থানায় ডাঙ্গা জমিগুলিতে লঙ্কার চাষ করে চাষীরা সংসার চালায়। এই লঙ্কা গাছে যখন যৌবন আসে তখন সোরা নামে এক রকম পোকা এদের পতন ঘটায়। এই রোগের যাতে একটা ভাল ঔষধ আবিষ্কার করা যায় তারজন্য অনুরোধ করছি।

**শ্রী কাজি হাফিজুর রহমন ঃ** স্যার, মেদিনীপুর জেলার বেলদা থানায় বেলদা শহরের উপর শ্রী জি. এস, এন, মূর্তি নামক ব্যবসায়ীর অবৈধ ভাবে বৈধ পেট্রোল ট্যাঙ্ক গাড়িকে সি. পি. আই (এম) সমাজ বিরোধীরা প্রকাশ্য রাজপথে আটকাইয়া রাখিয়া জনসাধারণের প্রয়োজনীয় কার্যে ফুয়েল সাপ্লাই বন্ধ রাখিয়া যোগাযোগ ও চাষবাসের ব্যাঘাত সৃষ্টি করিয়া জাতীয় ক্ষতি সাধন করিতেছে। আদালতের নির্দেশ সত্ত্বেও পুলিশ নীরব। এই মর্মে আপনার মাধ্যমে অভিযোগকারীর একখানি দরখাস্ত ও আটকানো গাড়ির একটা ছবি মুখ্যমন্ত্রী মহোদয়ের হস্তক্ষেপের জন্য জমা দিতেছি।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করছি। বর্তমান

বছর আন্তর্জাতিক শিশু বছর। এই বছরে এই সরকারের তত্ত্বাবধানে কিভাবে শিশুর নির্যাতন চলছে তার একটা দৃষ্টান্ত দিচ্ছি। বহরমপুরে ব্রষ্টাল স্কুলে গত ৩রা আগস্ট তারিখে সেখানকার একজন ছাত্রকে মারধোর করার ফলে তার পায়ে হাড় ভেঙ্গে গেছে। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয় এবং তার প্লাস্টার করানো হয়েছে। তাকে অহেতুক ভাবে প্রহার করানো হয়েছে। আশাকরি এ দিকে মন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন। গত ফেব্রুয়ারিতে সেখানকার একজন ছাত্রকে প্রহার করার জন্য সেখানকার প্রধান শিক্ষক প্রতিবাদ করায় সুপারেনটেনডেন্ট এর রিপোর্ট তাকে অন্য জায়গায় বদলী করা হয়েছে। এই ধরনের কাজের জন্য সেখানকার কর্মচারিরা উদ্বিগ্ন এ বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করবার জন্য সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রীকে অনুরোধ করছি।

[1-50— 2-00 P.M.]

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি :** .. স্যার, আপনার মাধ্যমে প্রথমেই জানতে চাই যে আমাদের পূর্ত মন্ত্রী নিদ্রিত না জাগ্রত। মেদিনীপুর জেলার পূর্ব পাঁশকুড়া কেন্দ্রে কোলাঘাট থেকে জসাদ পর্যন্ত একটা রাস্তা আছে যেটা মেরামত করবার জন্য ১৯৭৮ সালে আড়াই লাখ টাকা ধরা হয়েছিল এবং ১৯৭৯ সালে দেড় লাখ টাকা ধরা হয়েছে কিন্তু আজ অবধি সেখানে কোনও প্রকার কাজ হয়নি। অফিসারদের বারবার অনুরোধ করা সত্ত্বেও তাঁরা কোনও কর্ণপাত করছেন না। এই রাস্তার উপর একটা কাঠের ব্রিজ আছে তার উপর দিয়ে যাত্রীবাহি বাস যাতায়াত করে এরজন্য সেটা যে কোনও সময় ভেঙ্গে পড়তে পারে এবং তাতে বহু লোকের প্রাণ বিপন্ন হতে পারে। এর যদি কোনও ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে এরজন্য যে ক্ষতি হবে তারজন্য সরকার দায়ী থাকবে। তারপর সেখান দিয়ে এক থেকে দেড় হাজার রিক্সা যাতায়াত করে। ৭৮ সালের বন্যায় এই রাস্তা সম্পূর্ণ ভেঙ্গে গেছে। এর ফলে তারা রিক্সা না চালাতে পারায় তাদের সংসার চলছে না। এই রাস্তা মেরামত করাবার জন্য অনুরোধ করছি।

**শ্রী মাধবেন্দু মোহান্ত :** .. স্যার, আপনার মাধ্যমে একটি বিষয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার সি. পি. এম -এর বিশিষ্ট নেতা মাধ্যমিক শিক্ষক কৃষক ও ক্ষেত মজুর আন্দোলনের বিশিষ্ট নেতা অশোক ব্যানার্জি গত ২৮শে আগস্ট তারিখে যখন চাপড়া থেকে তাঁর গ্রামের রূপ দত্তের বাড়িতে ফিরছিলেন তখন একদল সশস্ত্র দুর্বৃত্ত তাঁর উপর আক্রমণ করায় তাঁকে গুরুতর ভাবে জখম হতে হয়। সঙ্গে সঙ্গে তাকে চাপড়া হাসপাতালে স্থানান্তরিত করা হয় কিন্তু জীবনের বিপদের কথা আশঙ্কা করে তাকে কৃষ্ণনগর হাসপাতালে পাঠানো হয়েছে। আমরা যতদূর জানতে পেরেছি এই সমস্ত আক্রমণকারীরা কংগ্রেস, জনতা প্রভৃতি প্রতিক্রিয়াশীল শক্তির আশ্রয়পুষ্ট। এই সমস্ত দোষীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই কতকগুলি অসাধু ব্যবসায়ী এই সরকারকে জনসাধারণের সামনে হেয় করবার জন্য কয়লা কেরোসিন, কাপড়, ডিজেল লুকিয়ে রেখেছে। এর বিরুদ্ধে স্থানীয় জনসাধারণ আন্দোলন করার ফলে হুগলি জেলার চন্ডিতলায় ১০ হাজার লিটার কেরোসিন, ৫০ হাজার লিটার ডিজেল উদ্ধার করা

হয়েছে। গতকাল পাণ্ডুয়ায় ৫ হাজার লোক এই চোরাকারবারীদের বিরুদ্ধে একটা মিছিল বার করেছিলেন।

**শ্রী অজয়কুমার দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কুটির শিল্প মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সারা পশ্চিমবঙ্গের তাঁত শিল্পীরা একটা গভীর সংকটের সম্মুখীন। তারা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে তাঁত শিল্পের যে সমস্ত সামগ্রী করেছিল সেই সমস্ত সামগ্রী বিগত বন্যায় ডুবে গিয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন ব্যাঙ্ক সেই লোনের জন্য তাগাদা করছে, সার্টিফিকেট জারি করছে। এই নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে চিঠি লিখেছিলাম যাতে তাদের এই ঋণ মকুব করা হয় এবং পুনরায় যাতে তাদের ঋণ দেওয়া হয়। আজকে সমস্ত তাঁতীরা বেকার। কেননা একমাস আগে যেখানে ৮০নং সুতার এক বাণ্ডিলের দাম ছিল ৮০ টাকা, আজকে আগস্টে তার দাম হয়েছে ১৬০ টাকা। যেখানে ৬০ নং সুতার জুনে দাম ছিল ৬০ টাকা, সেটা আজকে ৯০ টাকায় দাঁড়িয়েছে। বামফ্রন্ট সরকার সর্বহারাদের কথা বলেন, গ্রামীণ কুটির শিল্পের কথা বলেন। সেজন্য তাঁতীদের এই বেকারত্ব দূর করবার জন্য মাননীয় কুটির শিল্প মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ন্যায্য মূল্যে তাঁতীরা যাতে সুতা পায় অবিলম্বে তার ব্যবস্থা করুন এবং ব্যাঙ্ক থেকে দীর্ঘ মেয়াদি ঋণ যাতে স্বল্প সুদে দেওয়া যায় তার যেন তিনি ব্যবস্থা করেন।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতবর্ষের একটা সুনাম ছিল। কিন্তু সম্প্রতি একটা ঘটনা ভারতবর্ষের সেই সুনাম ক্ষুণ্ণ করেছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে উদ্বেগ প্রকাশ করছি, তিনি যেন মাননীয় রাষ্ট্রপতিকে আমাদের এই উদ্বেগের কথা জানান। আগামী ২রা সেপ্টেম্বর হাভানাতে যে জোট নিরপেক্ষ সম্মেলন হতে চলেছে সেই সম্মেলনে ভারতের প্রতিনিধিত্ব করছেন দলছুট রাষ্ট্রমন্ত্রী শ্রী শ্যামানন্দ মিশ্র। এই ভদ্রলোক লুসাকাতে ভারতবর্ষের সমস্ত গরিমাকে ম্লান করে দিয়েছে এবং হাভানাতে যে জোট নিরপেক্ষ সম্মেলন হচ্ছে সেই সম্মেলনে রাশিয়ার চক্রান্তে ইজিপ্টকে বহিষ্কার করার চেষ্টা হচ্ছে এবং আমাদের আশঙ্কা যে শ্যামানন্দন মিশ্র সেখানে রাশিয়ার হয়ে ওকালতি করবেন। আমাদের যিনি ভাবী উপরাষ্ট্রপতি হিদায়েতুল্লা তাকে যেন এই জোট নিরপেক্ষ সম্মেলনে ভারতবর্ষের প্রতিনিধিত্ব করতে দেওয়া হয়, মাননীয় মুখ্যমন্ত্রী যেন আমাদের এই ফিলিংটা মাননীয় রাষ্ট্রপতিকে জানান।

**শ্রী গুণধর মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা মর্মান্তিক ঘটনার কথা উল্লেখ করছি। গত ২৯.৮.৭৯ তারিখে পাথর প্রতিমা থানার অন্তর্গত কয়বাখালি গ্রাম নিবাসী মহম্মদ মতলেব মোল্লা, ডাক নাম ভূতো উক্ত গ্রামে কংগ্রেসি অনুচর দ্বারা নিহত হয়েছেন। আমি আপনার মাধ্যমে এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি। ইতিপূর্বে উক্ত গ্রামে ঐ নিহত ভূতো মোল্লা একজন ক্ষেত মজুর, সে এবং আরও ১৫জন নিজ পরিশ্রমে একটা মেছো ভেরি করেছিল। ওখানকার কংগ্রেসি গ্রাম প্রধান সামসুল মোল্লা বারে বারে মাছ লুঠ করতে ব্যর্থ হয়ে তাকে ঘর থেকে বের করে এনে নৃশংসভাবে হত্যা করেছে। বিধানসভার মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলির অত্যন্ত অনুগত ভক্ত লোক এই সামসুল মোল্লা।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৬ সালে পশ্চিমবঙ্গ শহরের কয়েকটি

এলাকাকে মাস্টার প্ল্যানের আওতায় এনে কন্ট্রোল এলাকা বলে ঘোষণা করা হয়েছে, বিশেষ করে খড়গপুরের ইন্দা অঞ্চলের কিন্তু এখন পর্যন্ত উক্ত আইনকে কার্যকর করা হয়নি, তার ফলে মানুষ, যারা সরকারি কর্মচারী বা ছোট ছোট সওদাগরী অফিসে যারা কাজ করে তারা তাদের অফিস থেকে ঋণ নেওয়ার জন্য যদি দরখাস্ত করে তাহলে তার স্যাংশনড প্ল্যান জমা দিতে হয়, স্যাংশনড প্ল্যান জমা না দেওয়ার জন্য তারা কোনও ঋণ পাচ্ছে না। অথচ যাদের কালো টাকা আছে তারা উইদাউট প্ল্যানে বাড়ি-ঘর করছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে এই সম্বন্ধে সত্বর ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার, স্যার, এই অপদার্থ সি পি এম সরকার শ্রমিকের বিরুদ্ধে কিরকম কাজ করছে তার নজীর তুলে ধরছি। গত ৯/১০ মাস হয়ে গেল কলকাতার কাছে লিপ্টন কোম্পানির এই শ্রমিকের শত্রু সি পি এম সরকারের দয়ায় ১৬ শো কর্মচারী আজকে অনাহারের মুখে। এই লিপ্টন কোম্পানি বন্ধ আছে। কুম্ভকর্ণের মতো নিদ্রায় রত এই সি পি এম সরকার। হাতের কাছে এই লিপ্টন কোম্পানিতে গিয়ে ইচ্ছা হচ্ছে না এই ব্যাপারে হস্তক্ষেপ করে এই ১৬শো কর্মচারীকে বাঁচানোর।

[2-00— 2-10 P.M.]

আপনার মাধ্যমে নিবেদন করতে পারি এইটুকু শুধু আমার ক্ষমতা। আমি দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি, কিন্তু এঁদের দৃষ্টি আছে কিনা জানিনা। এই ১৬০০ কর্মচারী আজ যে পথে বসেছে তারজন্য বামফ্রন্ট সরকারকে জবাব দিতে হবে। আমি দাবি করছি অবিলম্বে লিপ্টন কোম্পানি খোলার চেষ্টা করুন। আমি খবর পেয়েছি ওখানকার ম্যানেজমেন্ট ইলেকশন তহবিল টাকা দেবে বলে সি পি এম সরকার তাদের সাহায্য করছে। আমরা কিন্তু এটা বরদাস্ত করব না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপকভাবে ভাগচাষী উচ্ছেদের ঘটনা আপনার কাছে রাখছি। ভূমি রাজস্বমন্ত্রী এখানে রয়েছেন কাজেই তিনি আমার বক্তব্য শুনুন। দক্ষিণ ২৪ পরগনার মথুরাপুর প্রভৃতি অঞ্চলে ব্যাপকভাবে ভাগচাষী উচ্ছেদ আরম্ভ হয়েছে। মথুরাপুর থেকে আমার কাছে একটা দরখাস্ত এসেছে এবং তাতে দেখছি ১৮ জন ভাগচাষী যারা রেকর্ডেড বর্গাদার তাদের উচ্ছেদ করে দিয়ে সি পি এম ক্যাডারদের সেখানে একটা জায়গায় বসিয়ে দেওয়া হয়েছে। মাননীয় সদস্য গুণধর মাইতি পাথরপ্রতিমার ঘটনা এখানে বলেছেন। কিন্তু আমার কাছে খবর আছে ব্যাপক হারে যারা কংগ্রেস কর্মী, কংগ্রেস সমর্থক সেই রেকর্ডেড বর্গাদারদের উচ্ছেদ করে দিয়ে সেখানে অন্য বর্গাদারদের বসানো হয়েছে এবং জোতদারের কাছ থেকে টাকা নিয়ে যে সমস্ত চাষীদের উচ্ছেদ করা দরকার তাদের উচ্ছেদ করা হয়েছে। আমার কাছে কাগজপত্র যা আছে তাতে দেখবেন চাপলা প্রভৃতি অঞ্চলে এরকম ঘটনা ঘটেছে এবং বহু লোকের নাম আমার কাছে আছে। শুধু তাই নয়, আরও খবর আছে ভাগচাষীরা থানায় গিয়ে জেলে যাচ্ছে। আমার কাছে লিস্ট রয়েছে প্রায় দেড় হাজার ভাগচাষীকে পাথরপ্রতিমা, কুলতলি প্রভৃতি অঞ্চল থেকে উচ্ছেদ করা হয়েছে। আমি ভূমি রাজস্বমন্ত্রীকে বলছি ভাগচাষীরা যাতে বিচার পায় এবং আপনাদের ক্যাডাররা যাতে তাদের উচ্ছেদ না করে এবং উচ্ছেদ করলে যাতে আবার জমিতে যেতে পারে সেই ব্যবস্থা করুন।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা ঘটনার প্রতি স্বরাষ্ট্র বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৩শে আগস্ট বেলা ৩টার সময় প্রকাশ্য দিবালোকে নবদ্বীপ শহরে জনবহুল অঞ্চলে দুই দলে প্রচন্ড সংঘর্ষ হয়, যথেচ্ছভাবে বোমাবাজি হয় এবং পাইপ গান, পিস্তল স্বাধীনভাবে দুই দলে ব্যবহার করে এবং ঘন্টার পর ঘন্টা এই জিনিস চলে। স্কুল থেকে বিভিন্ন জায়গায় জানিয়ে দেওয়া হয় স্কুলের ছেলেরা যেন বাইরে না যায় কারণ শহরে দারুণ বোমাবাজি এবং গুলি চলছে। সেখানকার মানুষ এতে অত্যন্ত সন্ত্রস্ত হয়। সামান্য একটা খেলাকে কেন্দ্র করে এই ঘটনা ঘটে। এই ব্যাপারে থানায় গিয়ে কেউ নালিশ করতে পারেনি। পুলিশ প্রশাসন নীরব ছিল। আমি বুঝতে পারছিনা এত বিপুল সংখ্যক মানুষ এত আগ্নেআস্ত্র নিয়ে যে বোমাবাজি করল তারা সেটা কোথা থেকে পেল? দীপনগর গ্রামে গিয়ে যাদের লাইসেন্সড বন্দুক ছিল সেগুলি সমাজবিরোধীরা ছিনতাই করে নিয়ে এসেছে। পরে তারা সি পি এম-এর লোক বলে নিজেদের দাবি করে। পুলিশকে বলা হয়েছে এই গ্রামে বহু আনলাইসেন্সড বন্দুক রয়েছে এবং অনেকে রিভলবার নিয়ে ঘুরছে। তখন পুলিশ সেখানে গিয়ে রেইড করে সমাজবিরোধীদের ধরেছে। তাদের ধরার পর বিপুল জনতা পুলিশের গাড়ি ঘেরাও করে তারা সি পি এম দলভুক্ত এই অজুহাতে পুলিশের হাত থেকে ছিনিয়ে নিয়ে যায়। আজও তাদের গ্রেপ্তার করা হয়নি। আরও শুনলে অবাক হয়ে যাবেন যে জেলা পুলিশ প্রশাসন স্থানীয় পার্টীকে বলেছেন যে আপনাদের কাছে অনুরোধ আমাদের বেকায়দায় ফেলবেন না— ওকে আপনারা সারেন্ডার করে বেল নিয়ে চলে যান। কয়েকদিন আগে কাগজে দেখেছেন পুলিশ একজন মারা গেল— এইভাবে যদি প্রশাসন চলতে থাকে তাহলে মানুষের মনে দারুণ আতঙ্কের সৃষ্টি হবে। সেজন্য আমার মনে হয় আসন্ন নির্বাচনের পটভূমিকায় অন্তত প্রশাসনকে কড়া ভাবে মাননীয় মুখ্যমন্ত্রী কড়া নির্দেশ দিতে হবে যাতে কোনও রকম বিশৃঙ্খলা যেন বরদাস্ত করা না হয়।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। পঃবাংলায় বাঁকুড়া জেলা চিরখরা পীড়িত অঞ্চল এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বছর সেখানে প্রায় বৃষ্টি হয় নাই বললেই চলে। এবং এই অবস্থায় শতকরা ২৫/৩০ লাখ মাত্র জমিতে সেচের জলে চাষ করা হয়েছিল এবং সেগুলিও প্রায় মরার অবস্থা। সুতরাং এই অবস্থায় বিভিন্ন জায়গায় ফুড ফর ওয়ার্ক চালু করে লোককে যদি কাজ না দেওয়া হয় তাহলে গুরুতর পরিস্থিতির উদ্ভব হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে এই নিবেদন করছি যে ঐ জেলাকে অবিলম্বে খরা পীড়িত অঞ্চল বলে সরকার কর্তৃক ঘোষিত হউক এবং কেন্দ্রের কাছে যাতে সাহায্য পাওয়া যায় সেজন্য মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রের কাছে দাবি করেন। এই দাবি আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

**শ্রী আতাউর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় গত বছরে আপনার মাধ্যমে আমি ত্রাণ এবং পুনর্বাসন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে গত বছরে বিধংসী বন্যার ফলে জলংগী থানায় ৫৩০ টি পরিবারের গৃহ গঙ্গার জলের তলায় চলে গিয়েছিল এদের স্থায়ী পুনর্বাসনের কোনও ব্যবস্থা হয় নাই এবং বর্তমান বছরে বন্যার ফলে পদ্মা নদীতে ১০০ মানুষের বাড়িঘর ইতিমধ্যে বন্যার জলে চলে গেছে। এদের স্থায়ী পুনর্বাসনের এবং ত্রাণের জন্য মাননীয় ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত দুই বছরে পঃবাংলায় অনেকগুলি ব্রিজ নির্মাণ হয়েছে। এই সমস্ত ব্রিজ নির্মাণ উপলক্ষে মাননীয় মন্ত্রী মহাশয়রা উদ্বোধন করতে গিয়েছিলেন, সাংবাদিকরা এবং টি.ভি.র লোকেরাও সঙ্গে গিয়েছিলেন। পরের দিন বামফ্রন্ট সরকারের দুই বছরের কার্যাবলি বিজ্ঞাপন প্রকাশিত হয়েছে। কিন্তু সঙ্গে সঙ্গে ঐ সমস্ত নদীর উপর যে সমস্ত ব্রিজ নির্মাণ হয়েছে তার সঙ্গে সংশ্লিষ্ট ফেরীঘাট যেগুলি ছিল—প্রায় প্রত্যেকটি ফেরীঘাটের অন্তত পক্ষে ২০ জন গরিব মানুষ মাঝিমাল্লা তারা আজ বেকার হয়ে পড়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে আবেদন করব যে এদের বিকল্প কর্মসংস্থান-এর ব্যবস্থা করুন। তা যদি না হয় তাহলে দুই বছরের বামফ্রন্ট সরকারের যে পূর্তি উৎসব হচ্ছে সেগুলি এই সমস্ত কর্মচ্যুত দরিদ্র মানুষের কাছে পূর্তি উৎসব গুলি ফূর্তি উৎসব বলে মনে হবে।

[2-10— 2-20 P.M.]

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা এই সভাতে প্রায় প্রতিদিন আলোচনা করছি এবং বলছি যে গ্রামাঞ্চলে বন্যাত্রাণের সময় যে সমস্ত হাউস বিল্ডিং লোন দেওয়া হয়েছে বা শিল্প অনুদান দেওয়া হয়েছে সেখানে বিরাট কারচুপি হয়েছে, অনেক টাকাই গ্রাম প্রধানরা ভাগ করে দিয়েছে— এই কথা বারবার বলেছি। এখন একটা দৃষ্টান্ত দিয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। পিংলা ব্লকের গ্রাম প্রধান শ্রী দেবেন মিশ্র তিনি যে লিস্টগুলি প্রেস করেছেন তাতে অনেক ভুয়া নাম রয়েছে, যেমন নিতাই ভট্ট, যমুনা জানা, ওয়াজেদ আলী, সোরাব আলী ইত্যাদি, এই সমস্ত ভুয়া নামের প্রতিবাদে ওখানের প্রদীপ চক্রবর্তী কমপ্লেন করতে গিয়েছিল থানাতে। তখন থানার পুলিশ অফিসার বলেছেন যে তাকে অ্যারেষ্ট করা হবে এবং এর সঙ্গে সঙ্গে অঞ্চল প্রধানকে জানিয়ে দেওয়া হয় এবং পরে ঐ চক্রবর্তীকে সাংঘাতিকভাবে মার ধর করা হয়। পুলিশকে জানানো হয়। পুলিশ কোনও অ্যাকশন না নেওয়ায় এই আচরণের প্রতিবাদে ২৯/৮ তারিখ থেকে পিংলা থানার সামনে গণ অবস্থান চলছে। এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেখানে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার গোঘাট কেন্দ্রের পঞ্চায়েতের সি. পি. এম. সদস্যরা একটা আইন জারি করেছেন আইন জারি করে তারা বলেছে যে সামন্তখণ্ড, আসাই, এবং শালঝড়, এইসব গ্রামে যাদের ধান চাল খড় আছে তাদেরকে তা সি. পি. এম-এর হাতে তুলে দিতে হবে এবং ধারে দিতে হবে, তারা যখন খুশি টাকা দেবে। তারা তা দিতে অসম্মত হলে তাদের বলা হয় যে ঐসব লুঠ করে নেওয়া হবে। এমন কি চাষের সময় চাষীরা যারা লেবার দিয়ে কাজ করতে গেলে বলা হয় যে তাদের প্রথমে সি. পি. এম. পার্টি অফিসে গিয়ে নাম লেখাতে হবে তবে মজুরি পাবে। এইভাবে গ্রামেগঞ্জে চাষের ক্ষতি করছে সি. পি. এম-রা। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে গ্রামের চাষীরা সুষ্ঠুভাবে চাষ আবাদ করতে পারে এবং কৃষির উন্নতি হয় সেদিকে নজর দেবেন।

## LAYING OF REPORT

### The Annual Report of the West Bengal State Leather Industries Development Corporation for the year 1977-78

**Shri Ashok Mitra :** Sir, I beg to lay the Second Annual Report of the West Bengal State Leather Industries Development Corporation Limited for the year 1977-78.

## LEGISLATION

### The West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978, as reported by the Select Committee. (Consideration motion was moved on the 28th August, 1979)

**মিঃ স্পিকার ঃ** এখন বিধি প্রণয়ন। আমার কাছে যে নামের তালিকা দেওয়া হয়েছে যাঁরা আজকে আলোচনা করবেন তাঁরা সাধারণ আলোচনার মধ্যেই যদি তাদের কোনও ক্লজ এর উপর বক্তব্য থাকে তাহলে যেন এখনই বলে দেন নইলে সময়ে কুলাবেনা, শেষে মুশকিল হবে।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটা কথা আপনার মাধ্যমে জানাচ্ছি। কিছুদিন ধরে সংবাদপত্রে দেখছি এমন সমস্ত সংবাদ বিধানসভার সদস্যদের নামে প্রকাশিত হচ্ছে যেগুলি খুবই বিভ্রান্তিমূলক। অমৃতবাজারে গত শনিবারে একটা সংবাদ বেরিয়েছিল, সোমবার দিনও আবার সেই সংবাদ প্রকাশিত হয়েছিল এবং সেই সংবাদের প্রতিবাদও করা হল। কিন্তু সমস্ত সংবাদপত্রে এই যে সংবাদ প্রকাশিত হয়েছিল আমার কংগ্রেস (ই) তে জয়েন করা সম্পর্কে। সরকার পরিচালিত কাগজে বসুমতীতে এই সংবাদ তারা তাদের প্রথম পৃষ্ঠায় দিল, শেষের পৃষ্ঠাতে তারা আবার একটা গল্প জুড়ে দিল আমি নাকি কংগ্রেস(ই) তে যোগদানের জন্য আবেদন করেছিলাম সেই আবেদন নাকি জেলা কমিটি মঞ্জুর করেছে, তবে এটা নাকি বিবেচনাধীন আছে। আমি সঙ্গে সঙ্গে বসুমতীকে আমার তীব্র প্রতিবাদ জানিয়েছি। আমি সুস্পষ্টভাবে আপনার মাধ্যমে জানাতে চাই কংগ্রেস(ই) তে যোগদানের কোনও আবেদন আমি করিনি এবং কংগ্রেস(ই)র সভাপতি তিনি নিজেও অস্বীকার করেছেন অথচ বসুমতীতে প্রতিবাদ পাঠানো সত্ত্বেও সেই প্রতিবাদটা আজ পর্যন্ত ছাপানো হলনা। বসুমতী আবার সরকার পরিচালনাধীন কাগজ। আপনার মাধ্যমে এইটুকু বলতে চাই এই কারণে যে সাংবাদিকরা কোনও সংবাদ যদি বিধানসভার কোনও সদস্যদের নামে প্রকাশ করেন সেই সদস্যদের কাছে যেন জেনে নেওয়া হয়। নতুবা এই সমস্ত বিভ্রান্তিমূলক সংবাদ রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত হয়ে চরিত্র হননের যে প্রচেষ্টা চলছে তা কিছুতেই বন্ধ হবে না।

**Shri Birendra Kumar Maitra :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th September, 1979.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত দু দিন ধরে আমরা এই বিলের উপর আলোচনা শুনছি এবং এই বিলকে অনেকে অনেক রকম বিশেষণে ভূষিত করেছেন। অনিলবাবু তো বললেন

যুগান্তকারী বিল, কিন্তু এর মধ্যে কি প্রগেসিভ আউটলুক দেখতে পেলেন সেটা আমরা বুঝতে অক্ষম। আমার মনে হচ্ছে একটা জিনিস দেখতে পেয়েছেন যাতে উনি আশান্বিত হয়েছেন এবং সেইজন্যই মন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানিয়েছেন সেটা হচ্ছে, অনেক মামলা হবে এবং তাতে ওঁনার উকিল হিসাবে কিছু সুবিধা হবে। আর আমরা যত বক্তৃতা শুনেছি তাতে দেখেছি সবসময় বলা হয় আমরা যেন বড়লোকের দালালি করতে এসেছি। আপনাকে সসম্মানে বলছি, আপনিও মনে করেছিলেন আমরা এই বিলের বিরোধিতা করতে চাই, একে তুলতে দিতে চাই না। কিন্তু তা নয়, আমরা একে সমর্থন করি। কিন্তু বিলের উদ্দেশ্য কি? মন্ত্রী মহাশয় বলেছেন, "ক্ষুদ্র ও মাঝারি কৃষক সমাজ খাজনাদায় থেকে মুক্ত হওয়ায় এবং উচ্চারিত কৃষকদের ক্ষেত্রে প্রগতিমূলক হারে রাজস্ব নিরূপিত হওয়ায় কৃষি উৎপাদন বর্ধিত হবে, সামাজিক ও অর্থনৈতিক মঙ্গল আসবে সম্পদ সুষ্ঠভাবে বন্টিত হয়ে।" এই বিলের মধ্যে এর একটা কথাও কি আছে। সামন্ততন্ত্রের কথা বলেছেন, আগেকার দিনে তার মধ্যে একটা টাচ ছিল। একজন জমিদার নিজে হয়ত সেখানে লোককে দয়া করতেন, বেশি খাজনাও করতে পারতেন। কিন্তু এখন এটা কার হাতে ছেড়ে দিচ্ছেন? আপনারা যাদের ব্যুরোক্রাট বলেন, বুর্জোয়া বলেন সেই আমলাদের হাতে। অর্থাৎ আপনারা সামন্ততান্ত্রিক ব্যবস্থা থেকে আমলাতান্ত্রিক ব্যবস্থায় ঠেলে দিচ্ছেন। এতে জনসাধারণ বিপদে পড়বে। কেন করছেন এইটা, এতে কনফিডসন কনফাউনডেড হবে। আপনি জানেন, বামফ্রন্ট মন্ত্রিসভা জানেন, বিনয়বাবু জানেন, তাঁরা কিছুই করতে পারছেন না। কংগ্রেসের আমলে বা তারও আগে যে সমস্ত জমি বিলি হয়েছিল, হয়ে স্টপ হয়ে গিয়েছে, সেখানে আগে যারা জমি পেয়েছিল, তাদের জমি কেড়ে নিয়ে আপনারা দিচ্ছেন। তারা ছিল কার্যত বর্গাদার, তাদের জমি কাড়ছেন। কিন্তু বড়লোকের কাছ থেকে জমি নিয়ে বিলি হচ্ছে না। আমরা গ্রামে গিয়ে এই তো দেখছি। আমাদের বলা হয়, আমরা নাকি বড়লোকদের, জোতদারদের দালালি করি। আমি ১০টা দরখাস্ত পাঠিয়েছি সি, পি, এমের সেক্রেটারি এবং জেলা পরিষদের কাছে যেখানে সি, পি, এম বড়লোক-মাড়োয়াড়ীর হয়ে বর্গাদারদের বিরোধিতা করছে। তার কোনও ব্যবস্থা হয় নি। আপনারা জোর করে বলুন আমরা অন্যায়ভাবে বর্গাদারদের বিরুদ্ধে গিয়েছি এবং এটা যদি প্রমাণ করতে পারেন, তাহলে আমরা মেম্বারশিপ ছেড়ে দেব। কিন্তু আজকে দেখছি, পুঁজিপতি, উচ্চবিত্তের লোক, বড়লোকেরা সি, পি, এমের পিছনে ঘুরছে। আমরা চেয়েছিলাম এবং আশা করেছিলাম যে বিনয়বাবুর মতো ভূমিরাজস্ব মন্ত্রীর কাছ থেকে সত্যিকারের একটা ভাল বিল পাব। কিন্তু কি এসেছে? এই বিলে কি আছে? আগেকার প্রথম বিলটায় তবু কিছু দিয়েছিলেন, কিন্তু এর মধ্যে কিছুই নেই। এতে কি হবে। "Radical Change in the existing Law by relating assessment and levy of land revenue to the situation of land in different agroclimatic area এর মধ্যে তার কোনও ব্যবস্থা আছে কি? বললেন গোটা জেলার এক রেট ফিক্স হবে। একটা জেলার মধ্যে বিভিন্ন জায়গা আছে— ডাঙ্গা আছে, জলা জমি আছে, উঁচু জমি আছে, নিচু জমি আছে— এই রকম বহু প্রকারের জমি আছে। কেমনভাবে ফিক্স করবেন? কে ফিক্স করবে? রাজ কমিটির কথা বারবার বলা হয়েছে। রাজ কমিটি যা বলেছেন তার থেকে অনেক ডিভিয়েট করে গিয়েছেন। সরকারের কত ইনকাম বাড়বে, আর খরচ বাড়বে তা বলতে পারেন?

[2-20— 2-30 P.M.]

একটা প্রেসক্রাইবড অথরিটির কথা আছে, এর মানে কি, এর স্টেটাস কি হবে? একটা আইন পাশ করতে যাচ্ছেন স্টেট বোর্ড কাকে দিয়ে হবে, রিজওনাল বোর্ড কাকে দিয়ে গঠিত হবে এটা মেনশন করেননি। সমস্ত সরকার পক্ষ দিয়ে হবে আর আমাদের সমর্থন করতে হবে? কাজ কারও করবেন? জে এল আর ও অফিস, সেখানে যে স্ট্রাকচার ছিল তাইতো আছে, সেখানে কি একটা লোক বেড়েছে, একটা টাইপ মেশিন বেড়েছে? ভিত রেখেছেন সেই মান্ধাতা আমলের, লোক যা ছিল প্রায় সেই রকমই আছে, তারা কাজ করতে পারেন না। এত যে তহশিলদার আছে, ৮০০ এর মতো হবে, তাদের ভাগ্য অনিশ্চিত, অতীতে কি কাজ হয়েছে, পাঁচ কোটি প্লট আছে, সব লোক যদি নাও যায়, পশ্চিম বাংলার ৫ কোটি লোকের অ্যাসেসমেন্ট করতে হবে, এই ক্ষমতা কি আপনার আছে? ১০ বছরেও তো এটা ইম্পলিমেন্ট করতে পারবেন না। আপনি ভাববেন না যে সি পি এম ক্ষমতায় এসেছে, ২০ বছর থাকবে, থাকতে পারেনা, সম্ভব নয়। ইতিহাস তাই বলে। আসবে অন্য দল। সেই দল এসে যখন দেখবে আজকে বুদ্ধি করে রেখে ঢেকে জিনিস আপনি করে যাচ্ছেন, সেগুলিই আপনাদের উপর বুমেরাং হয়ে এসে আপনাদের উপর পড়বে। এই বিলের মধ্যে আমরা দেখছি জমি দিতে পারবেন না, জমি আনতে পারবেন না। মনে পড়ে দিলীপ রায়ের গান, নতুন কিছু করবে ভাই, নতুন কিছু কর, নতুন কিছু করার নামে এই বিল করছেন। কিন্তু এটাতো ১০ বছরেও ইমপ্লিমেন্ট হবেনা। আপনি পেরেছেন? ভূমি সংস্কার সম্বন্ধে আপনি একজন বিচক্ষণ ব্যক্তি, আপনার ধৈর্য আছে, আপনি পন্ডিত ব্যক্তি— আমরা জানি কমপেনসেশন রোল গভর্নমেন্ট শেষ করতে যাচ্ছিলেন, আপনি শেষ করতে পেরেছেন? আপনিতো দু'তিন বছর ধরে বলছেন ৬ মাসের মধ্যে শেষ করব, এক বছরে শেষ করতে পেরেছেন কি? অ্যাডমিনিস্ট্রেটিভ কস্ট প্রায় দু কোটি টাকা, শুনেছি ২৪ পরগনা জেলায় এক পয়সাও কম্পেনসেশন দিতে পারেননি। যে কাজ সমাপ্ত প্রায়, সেই কাজই শেষ করতে পারলেন না। সেটলমেন্ট হল নাইনটিন ফিফটি ফোরে, কাজটি শেষ হল কবে? এই যে কাজটি করছেন এটা ১০ বছরের জন্য করে গেলেন যা ১০ বছরেও ইমপ্লিমেন্ট হবেনা, এটা আপনি জেনেশুনেই করছেন। আপনার কি ইনফ্রাস্ট্রাকচার আছে? নেই, করতে পারেননি, অথচ আইন করছেন। এতে কনফিউসন হবে, কিছু লোককে হয়রানির মধ্যে ফেলবেন। মোহম্মদ তুঘলকের গল্প অনেকেই জানেন, আজকে এখানে রাজধানী, কালকে সেখানে রাজধানী, তার মধ্যে ছিল ম্যাডনেস, এতে ম্যাডনেস নেই কিন্তু কোনও মেথড দেখতে পাচ্ছিনা। রাজ কমিটির রেকমেন্ডেশন আপনারা জানেন। ইম্পিলিমেন্টেড হয়নি প্রত্যেক ব্লকে ব্লকে পাইলট প্রোজেক্ট হবে, আড়াই বছরের মধ্যে রিপোর্ট আনতে পারেননি। কি হয়েছে? তাদের সার্ভে করতে বলা হয়েছে, একজিস্টিং স্ট্রাকচার করতে পেরেছেন? করতে পারেননি। তাই ৫ কোটি ব্লক হিসাব করে খতিয়ান করে, তার ভ্যালুয়েশন করে, রেটিং করা কি সম্ভব? আপনি এখানে বলছেন প্রডাকশনের কথা। প্রডাকশন বাড়ার—ইন্সেনটিভ কোথায়। আমরা দেখলাম লেভির ব্যাপারে জমি ডিসট্রিবিউট হয়ে যাবে, এতে করে ফ্রেসমেন্টেশন বাড়বে, গ্রামে জয়েন্ট ফ্যামিলি ভাঙবে। আপনি যেটা বলছেন বড় বড় লোকদের কাছ থেকে বেশি করে ট্যাক্স নেবেন, তা নিতে পারবেন না।

৫০ হাজার টাকা যদি রেটেবল হয় তো ৫০ বিঘা জমির দাম গ্রামাঞ্চলে ৫০ হাজার টাকা। ৫০ হাজার টাকা ৫০ বিঘা জমিতে ছাড় পেয়ে যাবে। তাহলে আপনারা তাদের কাছে কি বেশি নেবেন? আসল কথা আপনাদের ক্ষমতা নেই বলবার যে আমরা জমির খাজনা বাড়ালাম। কংগ্রেস তো বলেছিল যে আমরা জমির খাজনা বাড়ালাম— ডবল করলাম—সাহস ছিল তাই বলেছিল এবং হেরেও গিয়েছে। তার রিঅ্যাকশনও হয়েছিল—মন্ত্রীদের মধ্যে কেউ কেউ বলেছিলেন এটা বলা ভুল হয়েছে। আর আপনারা কি করছেন? আপনারা সুকৌশলে এগুলি করছেন। আপনারা বলছেন, আমলাতান্ত্রিক ব্যবস্থা দূর করছি। কিন্তু সেখানে আপনারা কি করছেন? সেখানে আপনারা বড়লোকদের সুবিধা করে দিচ্ছেন এবং কিছু দালাল সৃষ্টি করছেন। আপনারা বলছেন, রিটার্ন দিতে হবে। আপনারা এর আগে বলেছেন ৪ একর থেকে ৬ একর পর্যন্ত জমির খাজনা আমরা নেব না— সেচ এলাকায় ৪ একর আর অসেচ এলাকায় ৬ একর কিন্তু আবার বলছেন রিটার্ন দিতে হবে ৪ একরের লোককে। কেন দিতে হবে? গ্রামে ৪ একর জমির দাম কি ৫০ হাজার টাকা? তাছাড়া আমরা জানি সি.পি.এম'এর বাছা বাছা লোকরা জে.এল.আর.ও অফিসে বসে থাকবে এবং তারাই রিটার্ন লেখার ব্যবস্থা করবে। এই যে ভোটার লিস্ট সংশোধন হবে সে ব্যাপারে আমি কালকে মেনশন করব যে সমস্ত ব্লকে সি.পি.এম ক্যাডারদের ডেকে এনে বলা হচ্ছে যে তোমরা ভোটার লিস্টের ব্যাপারে কাজ কর আর কেউ এ কাজ পাবে না। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে, আর অনেক বেকার লোক আছে তাদের কাউকে ডাকা হচ্ছে না এখানে কেবল সি.পি.এম-এর লোকদের ডাকা হচ্ছে। এখানে দরখাস্ত লিখবে ঐ সি.পি.এম-এর লোক এবং এইভাবে তাদের একটা সুরাহা করে দিচ্ছেন। যাদের চাকরি দিতে পারছেন না তাদের এইভাবে ব্যবস্থা করে দিচ্ছেন—তারা দু টাকা করে পাবে। এর আগে আমরা দেখেছিলাম ফর্ম ৭ হয়েছিল এবং সেই ফর্ম পূরণ করতে লোকের মাথা খারাপ হয়ে গিয়েছিল, তারপর ৫ টাকা/৭টাকা/১০ টাকা করে নিতে আরম্ভ করল। এখানেও আপনারা সেই ব্যবস্থাই করছেন। আপনারা ভাল ভাবেই জানেন যে ৪ একর জমির দাম কখনই ৫০ হাজার টাকা হবে না কিন্তু তা জেনেও আপনারা এটা করছেন। তারপর কালকে বললেন, সিলেক্ট কমিটিতে যাঁরা থাকেন তাঁরা এখানে বক্তৃতা করেন না। অথচ কালকেই দেখলাম শাসক দলের দুজন মাননীয় সদস্য যাঁরা সিলেক্ট কমিটিতে ছিলেন তাঁরা বক্তৃতা দিলেন। এখানে বলা হল, আপনাদের দলের লোক তো সিলেক্ট কমিটিতে ছিলেন তাহলে আর বলছেন কেন? স্যার, শাসক দলের লোক হলে তিনি সিলেক্ট কমিটিতে থাকলেও বক্তৃতা এখানে দিতে পারবেন কিন্তু আমরা পারব না। আর বলি, সিলেক্ট কমিটিতে কি আমাদের মেম্বাররা মেজরিটি ছিলেন? আমাদের দলের লোকরা সেখানে কি সব কথা বলতে পেরেছেন? যাই হোক, আমি বলব, এই বিলের দ্বারা সরকারের লাভ হবে না, জনসাধারণের তো হবেই না। একটা ক্যামোফ্লেজ তৈরি করে আপনারা বলছেন, খুব প্রগেসিভ একটি বিল এনেছি। এই বিলের মানেও কেউ বুঝবে না এবং এইভাবে একটা পরিবেশ সৃষ্টি করে খবরের কাগজে আপনারা পাবলিসিটি দেবার চেষ্টা করছেন এবং পক্ষান্তরে বড়লোকদের আপনারা সুবিধা দিচ্ছেন। তারপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের মেশিনারিটা তো স্ট্রেনদেন করতে পারলেন না। আপনারা তো এ ক্ষেত্রে একটা রেভলিউশন এনে দিতে পারতেন, আপনারা তো বলে দিতে পারতেন যে সমস্ত খাজনা মাফ করে দিলাম আর অন্য দিকে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের যে মেশিনার তার সঙ্গে

আপনাদের লোকদের যুক্ত করে বড় লোকদের ধরতে পারতেন। তা যদি করতেন তাহলে বুঝতাম যে আপনারা কিছু করতে চান কিন্তু তা তো আপনারা করবেন না কারণ ভোটের ভয় আপনাদের পুরো আছে। আপনারা বলেছেন, সামন্ততান্ত্রিক ব্যবস্থা উচ্ছেদ করে একটা রেভোলিউশনারি বিল আনছি কিন্তু এটা কি রেভলিউশনারি বিল? মন্ত্রী মহাশয়, আপনি মনে মনে খুব হাসছেন এই ভেবে যে মেম্বারদের খুব বোকা বানিয়েছি কিন্তু আপনাকে আমি বলি, আমরা অত বোকা নই। সেদিন ডাঃ আবেদিন ঠিকই বলছিলেন যে, বিনয়বাবু যে সব বিল আনেন তাকে সাপোর্ট করাও মুশকিল আবার না করাও মুশকিল। আমরা সাপোর্ট করতে চাই কিন্তু এর ব্যবস্থাকে আমরা একেবারেই সাপোর্ট করতে পারি না। এই যে এখানে রিটার্নের ব্যবস্থা, লোককে হয়রানি করার ব্যবস্থা একে আমরা কিছুতেই সাপোর্ট করতে পারি না। তারপর আপনারা বলেছেন, তিন একর পর্যন্ত খাজনা আপনারা মাফ করে দিয়েছেন কিন্তু সত্যই কি মাফ পাচ্ছে? সেখানে অর্ডার আসে নি, দরখাস্ত মঞ্জুর হয়নি ইত্যাদি ইত্যাদি বলা হয় এবং অধিকাংশ লোকই সেখানে মাফ পায় না।

[2-30— 2-40 P.M.]

তারপর আপনি ইতিহাসের কথা বললেন। কিন্তু এটা কি হল? এই রাজ্যেই আগে যখন শ্যামদাস ভট্টাচার্য রাজস্ব মন্ত্রী ছিলেন তখন তিনি বাস্তু জমির খাজনা মকুব করে দিয়েছিলেন। আজকে এগুলি বলবার প্রয়োজন আছে। এটা আপনি গোপন করছেন। কিন্তু এ জিনিস আমি আপনার কাছে আশা করি নি। সেই কংগ্রেস আমলে আপনারা যার জন্য আন্দোলন করেছিলেন সেটা এখানে থাকলে আমরা খুশি হতাম। তারপর একটা জিনিস আমরা শুনেছি আপনারা বলেন আমরা গণতন্ত্রে বিশ্বাস করি না, ভোটে বিশ্বাস করি না এখানে এসেছেন সীমিত ক্ষমতা নিয়ে। কিন্তু এটা তো ঠিক যে সেই সংবিধান মেনেই এসেছেন এবং সেই গণতন্ত্রের জোরে ভোটের মাধ্যমেই এখানে ক্ষমতা দখল করেছেন। কিন্তু সেই সংবিধানের যে প্রতিশ্রুতি সেটা আপনারা আজকে মানছেন না। আজকে সব আইনের দেখছি যে কোর্টে যাওয়া চলবে না। কিন্তু কোর্ট কার ক্ষমতা রক্ষা করে? কোর্ট কি সংবিধানের মধ্যে না বাইরে? তাহলে আপনি বলে দিন যখন কোনও লিটিগেশন সৃষ্টি হবে সেটলমেন্টের ফর্ম রিটার্ন ইত্যাদি নিয়ে তখন কে তার বিচার করবে? এ জিনিস চিনে চলে, রাশিয়ায় চলে এদেশে চলে না। সব আইনেই যদি এই রকম বলেন তাহলে কোর্ট তুলে দিন। আজকে তো গ্রামবাংলায় ফৌজদারি কোর্ট প্রায় উঠে যাবার মুখে সব সি.পি.এম. ক্যাডাররা বিচার করছে। কিন্তু বড় লোকদের কিছুতেই ঠেকাতে পারবেন না। তারা ঠিকই হাইকোর্টে যাবে এবং ২২৬ করে পিটিশন ইত্যাদি করে এই সমস্ত রুখছে এবং রুখবে। কিন্তু গরিব লোক যাদের হাইকোর্টে যাবার ক্ষমতা নেই তাদের কি অবস্থা হবে? আজকে আপনারা যে রকমভাবে ব্যাখ্যা লিখেছেন তাতে দেখছি আপনারা সংবিধানের কথা মানছেন না। আজকে কোর্টে যাবার ব্যবস্থা রাখছেন না এবং সব আইনই এই রকম করছেন। এস্টিমেট বোর্ড রেট ফিক্স করবে। কিন্তু তার বিরুদ্ধে আপীল করবার কোনও ব্যবস্থা নেই এবং আপনার অ্যাপীল করবার কোনও ব্যবস্থা নেই। তাহলে যদি কোনও হেরফের হয়ে যায় গরিব লোকরা কি করবে। ঐ আপনাদের ক্যাডারদের কাছে গিয়ে ধরণা দেবে? আমি জানি আপনাদের ল্যান্ড অ্যাকুইজিশন ডিপার্টমেন্টের অফিসাররা কিভাবে কমপেনসেশন ফিক্স করেন। যে ঐ সমস্ত অফিসারদের

পকেটে টাকা দিতে পারবে তার বেশি টাকা ফিক্স হবে আগেভাগে টাকা পেয়ে যাবে। আমি উদাহরণ দিতে পারি আমাদের মালদা জেলায় একজন রিটায়ার্ড অফিসার যার বড় ছেলে আপনাদের একজন বড় কর্তা, তিনি এক্সটেনশনের পর এক্সটেনশন পেয়ে যাচ্ছেন আর কি রকম দুর্নীতিগ্রস্ত। আর আপনারা এ দিকে বলছেন রিটায়ার্ড লোককে এক্সটেনশন দেওয়া হবে না। লোক কোর্টে যেতে পারবে না তাহলে সে রিলিফ পাবে কোথায়? তার পর পূর্বে যে কথা বলা ছিল সেটা একটু বিবেচনা করে দেখবেন। আমি জানি আপনি ভাল লোক কিছু বলতে হচ্ছে তার জন্য আপনি কিছু দুঃখ করবেন না। আপনি বলেছেন যারা বর্গা চাষী তাদের কোনও ট্যাক্স দিতে হবে না। ভাল কথা। যে জমির মালিক সে তো পাবে মাত্র ২৫% তাকেই সমস্ত ট্যাক্সটা দিতে হবে সেটাই অ্যাসেসমেন্টের মধ্যে পড়বে। যে ৭৫% পেল তাকে সমস্ত ট্যাক্সের বোঝা বইতে হবে তার উপরই সব ট্যাক্সের অ্যাসেসমেন্ট হবে এটা কি রকম কথা। এটা কি ঠিক হয়েছে? এটাকে আমি একটু বিবেচনা করতে বলছি। এটা আপনি কেন করেছেন সেটা আপনি একটু বলবেন। আজকে পারসোনাল কালটিভেশন-এ রেমিশনের ব্যবস্থা করেছেন। আমি জানি না সিলেক্ট কমিটির সদস্যরা কেন তুলে দিয়েছেন। এটা আমি বিবেচনা করতে অনুরোধ করছি। এটা আপনি চিন্তা করবেন কিনা যে যারা ২৫% ফসল পাবে তাদের ফুল ট্যাক্স দিতে হবে কিনা। আর একটা জিনিস করেছেন, সেটা হচ্ছে, ইন্সটিটিউশনকে এর মধ্যে ঢুকিয়ে দিয়েছেন। ইন্সটিটিউশন সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, মুসলমানদের মধ্যে কিছু কিছু জমি, মসজিদ, অনেক জায়গা থেকে অনেক লোক সেই ইন্সটিটিউশনে দান করেছে, বিভিন্ন প্রান্তে হয়ত সেই সব জমি ছড়িয়ে আছে। এইগুলো অ্যাসেসমেন্ট করবার ব্যবস্থা, রেকর্ড করবার ব্যবস্থা, এই বিলের মধ্যে কোথাও আলাদা ভাবে নেই। ইন্সটিটিউশনের মানুষকেও একসঙ্গে ধরে দিয়েছেন। এর জন্য একটা আলাদা ব্যবস্থা থাকা উচিত। রিটার্ন দেওয়াও ব্যাপারে করেছেন, রিটার্ন না দিলে জেল, জরিমানা ইত্যাদির ব্যবস্থা করেছেন। গ্রামের মানুষ হয়ত কোনও বিধবা তাকেও রিটার্ন দিতে হবে। কখন দিতে হবে, কোথায় দিতে হবে, সে তো কিছুই জানে না। এইগুলো একটু বিচার বিবেচনা করে দেখবেন। লোককে শুধু শুধু হয়রানি করে কোনও লাভ নেই। যার জমি আছে সে যেন পাপ করেছে, অপরাধ করেছে। কিন্তু যাদের আজকে মাল্টিস্টোরিড বিল্ডিং আছে তাদের সম্বন্ধে তো কিছু বলছেন না? আপনারা চান গ্রামাঞ্চলে অশান্তি সৃষ্টি করতে, এটাই আপনাদের উদ্দেশ্য, আপনারা এটা করবেন। আমার বক্তব্য হচ্ছে গ্রামে আমরা শান্তি চাই, ট্যাক্স বাড়াতে হবে, এটাও আমরা চাই। কিন্তু এই যে বিলটা মন্ত্রী মহাশয় এনেছেন এর দ্বারা গ্রামে অশান্তি সৃষ্টি করা ছাড়া আর কিছুই হবে না। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই বিলটা তুলে নিয়ে স্ল্যাব সিস্টেমে খাজনা বাড়ান, এতে সুফল পাবেন।

**শ্রী শামসুদ্দিন আহমেদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামের একটা প্রবাদ আছে বুক ফাটে তো মুখ ফোটে না। বিনয় বাবু যে বিল এনেছেন বিলটা পড়ে মনে হচ্ছে, এখন কায়দা করে জায়গায় জায়গায় ব্যবস্থা রেখেছেন যাতে বুক ফাটবে তবু মুখ ফুটবে না। প্রথমে এই বিলের দফাওয়ারী আলোচনায় আসছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন, কনস্টিটিউশন অব দি রেটিং বোর্ড কথাটা বলেই, এখানে শেষ করা হয়েছে। চমৎকার ভাবে কায়দা করে শেষ করে দিয়েছেন। তিন নং -এ The State Government shall, by notification, constitute a Board to be called the State Rating Board consisting of a

Chairman and other members not exceeding four. কারা থাকবেন, কি রকম লোক থাকবেন, এটা উহ্য রেখে দিলেন। আমরা কি জানতে পারিনা, যারা এই রেটিং বোর্ডে থাকবেন রিজিওন্যাল অ্যান্ড স্টেট লেভেলে, তারা কি প্রকৃতির হবে, তা আমরা জানতে পারব না?

[2-40— 2-50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জনসাধারণের প্রতিনিধিরা এই বিল সম্বন্ধে এর আগে অনেক কথা বলেছিলাম, জনসাধারণকে বিশেষভাবে জানাবার জন্য সার্কুলেশন ইত্যাদিতে দেবার জন্য, কিন্তু আমাদের সেসব কথা টেকেনি, আপনি সিলেক্ট কমিটি করেছিলেন। সিলেক্ট কমিটিও এমন কতগুলি জিনিস বাদ দিয়েছে এবং এমন কতগুলি জিনিস যোগ করেছে যে, সেগুলিও আমাদের কাছে ভেগ মনে হয়েছে। আমরা জানি এই বিল আজকে নিশ্চিতভাবে ভোটের জোরে পাশ হয়ে যাবে। কিন্তু স্যার, আপনার মাধ্যমে আমি বিনয়বাবুকে প্রশ্ন করছি যে, তিনি অনেক লেখা লিখেছেন, তাঁর অনেক আর্টিকেল আমরা পড়েছি। কিন্তু আজকে তাঁর বক্তব্য শুনে আমরা গোলমালে পড়ে যাচ্ছি, একটা ক্লিয়ার কনক্লুশনে পৌঁছাতে পারছি না। তিনি যে স্টেটমেন্ট করেছেন তাতে ঐতিহাসিক কিছু কথা তিনি উচ্চারণ করবার পর সমাধানের কথা আনেননি। তিনি বলেছেন এবং সিলেক্ট কমিটির বিভিন্ন সদস্য বলেছেন যে, ভ্যালুয়েশন ধরে হবে, দামের উপর হবে, অমুক হবে, তমুক হবে, নানা কথা বলেছেন। কিন্তু ক্লিয়ার কিছু নেই। বিলের ৩নং ধারায় রেটিং বোর্ড শুনানী করবে এবং ফাইনাল করবে, কিন্তু সেখানে কারা থাকবে সেটা স্পষ্ট নয়। তারপর ৪নং ধারায় ঐ রিজিওনাল সম্বন্ধে একই কথা প্রযোজ্য। সেখানে শুধু বলা হচ্ছে একজন চেয়ারম্যান থাকবে এবং ৪ জন মেম্বার হবে। এ বিষয়ে আমি দারুণ আপত্তি-সহ বলতে চাইছি যে, আমরা আশা করব মন্ত্রী মহাশয় তাঁর জবাবি ভাষণের সময় এটা একটু ক্লিয়ার করে বলবেন। এক্ষেত্রে আমরা সমস্ত কিছু সম্পূর্ণভাবে সরকারের হাতে তুলে দিচ্ছি এই বিলের দ্বারা। বীরেনবাবু একটু আগে বললেন যে, বিধবা থেকে আরম্ভ করে ছোট ছোট জমির মালিক যারা আছে তারা সাধারণ মানুষ তারা আইনের এই কচকচি, রিটার্ন ইত্যাদি বোঝে না, সেক্ষেত্রে তাদের পিছনে দালাল লেগে যাবে এবং দালালরা তাদের এক্সপ্লয়েট করবে এবং মাঝের থেকে সামারি অ্যাসেসমেন্ট হয়ে যাবে এবং তারা ক্ষতিগ্রস্ত হবে। সুতরাং এই রেটিং বোর্ড কাদের নিয়ে হবে, এটা জানা দরকার। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫নং সম্বন্ধে যেটা বলা হয়েছে, সেটা হচ্ছে রিজিওনাল রেটিং বোর্ড এবং স্টেট রেটিং বোর্ড সম্বন্ধে। এ সম্বন্ধে আমি একটু বলতে চাই। রিজিওনাল রেটিং বোর্ড রিজিওনে কাজ করবে এবং সেটা ফাইনাল করে তারা পাঠিয়ে দেবে স্টেট বোর্ডের কাছে এবং স্টেট বোর্ড আবার সেটাকে তাদের কাছে পুনর্বিবেচনা করতে পাঠিয়ে দেবে ইত্যাদি অমুক তমুক করবে। কিন্তু সেখানে জনসাধারণের পক্ষ থেকে সেই রেটিং বোর্ডের সামনে বক্তব্য রাখা বা শুনানীর কোনও ব্যবস্থা আমরা এর ভেতর দেখতে পাচ্ছি না। যার যা আপত্তি আছে সেটা যদি রিজিওনাল বোর্ডের কাছে জানাতে পারত এবং সেখানে যদি বোর্ডের কাছে দেওয়া হয় তাহলে কেউ আসতে পারবে না। তাই আমি এটাতে বার বার আপত্তি করছি। তারপর এটা কাদের নিয়ে হবে এবং কি রকম হবে সেটা জানা দরকার। তারপর যেটা আছে ৬নং-এ সেটা ঐ একই রকম, সুতরাং সেটা মিলিয়েই বলে দিয়েছি। আবার ৮নং

দেখছি, সেখানে ৮(১) বলা আছে, Save as otherwise provided in this Act, there shall be levied and collected for every agricultural year an amount of revenue calculated on the total rateable value of every land holding of a raiyat at the rate or rates specified in the Schedule.... মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মন্ত্রী মহাশয় কি বোঝাতে চেয়েছেন? এটা আমরা বুঝতে পারছি না। একজন ল্যান্ড ওনার বর্গাদার দিয়ে যদি চাষ করেন তাহলে তিনি ২৫% প্রডিউস পাবেন। তিনি যা উৎপাদন হবে তার ২৫% পাবেন বটে, কিন্তু এখানে ট্যাক্স বসছে সম্পূর্ণ তার ঘাড়ে। সুতরাং ৩/৪ যারা ভোগ করবেন তাদের উপর কিছুই চাপল না। ১/৪ যারা নেবেন তাদের উপরই সম্পূর্ণ বেশি এসেছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে —তিনি এ বিষয়ে অনেক গবেষণা করেছেন—এই পয়েন্টার উপর চিন্তা করতে বলছি। আমার প্রস্তাব হচ্ছে প্রোপরশনেটলি যেটা আছে সেটা ৩/৪ করা হোক এবং ১/৪ করা হোক—এই অ্যামেন্ডমেন্ট দিয়েছি। ২ (জি)তে আছে ল্যান্ড হোল্ডিং মিন্স টোটাল ল্যান্ড অফ এভরি ডেসক্রিপশন হেল্ড বাই এ রায়ট। এই এভরি ডেসক্রিপসন্স হেল্ড বাই রায়ট —মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব— আমার আম বাগান আছে এবং এমন অনেক পরিবার আছেন যারা এই আম বাগানের উপর নির্ভরশীল। —আপনি জানেন নিশ্চয়ই আম প্রতি বছর হয়না যেমন এ বছরে হয়নি মালদা জেলায়। ফলে যারা নির্ভরশীল আম বাগানের উপর তারা মারা যাবে। তারপর বসতবাটি সম্পর্কে। বসতবাটিতে পাঁচ রকমের গাছ থাকে যেমন কলাগাছ ইত্যাদি। এই বসতবাটিতে কোনও উৎপাদন হয়না। সেই বসতবাটি এর ভিতর পড়ে যাচ্ছে। আম বাগান পড়ে যাচ্ছে, পুকুর পড়ে যাচ্ছে—পুকুর অনেক সময়ে বন্যায় ভেসে যায়— কখনও মাছ হল, কখনও নষ্ট হয়ে গেল বা বন্যায় ভেসে গেল— বিশেষ করে আমরা যারা গঙ্গার ধারে থাকি —প্রতি বছরেই ফ্লাড হয় এবং তার ফলে পুকুরের সব মাছ ভেসে যায়। তাই আমি আপনাকে বলছি এই আম বাগান, বা ফলের বাগান, বসতবাটি এবং পুকুর এই তিনটিকে আলাদা করে প্রভিসন করে করতে পারেন কিনা ভেবে দেখবেন। ল্যান্ড হোল্ডিং মিন্স টোটাল ল্যান্ড অফ এভরি ডেসক্রিপশন এটা অত্যন্ত মারাত্মক কথা। এই কথাটার ব্যাখা করে আপনি বলবেন। আমি যেটা বুঝেছি সেটা আপনাকে বললাম। ৯তে দেখছি অ্যাসেসিং অথরিটি। ৯তে বলা হচ্ছে The State Govt. shall, for the purposes of this Act, by notification appoint assessing authority of authorities consisting of such officer or officers as the State Government may think fit... ফিট—এটা খুব ভাল কথা। কিন্তু অ্যাসেসিং অথরিটির তাদের কি রকম র‍্যাঙ্ক কি রকম হবে না হবে সেটা কিন্তু জানার দরকার ছিল। আর একটা দেখছি, খুবই বিদঘুটে ব্যাপার, ১০ রিটার্নে পাচ্ছি —সেখানে বলা হচ্ছে একসপ্লানেশনের কথা, সেখানে বলা হচ্ছে "personal cultivation" means cultivation by a person of his own land on his own account by his own labour, or by the labour of any member of his family, or by servants or labourers on wages payable in cash or in kind or both... বোথ —এইটা ধারায় বলা আছে। আবার বলা হচ্ছে বাই দি লেবার অফ এনি পে-এবল ইন ক্যাস অর ইন কাইন্ড— এই যে কথা এবং প্রভাইডেড কথাটা আছে— এটা অত্যন্ত মারাত্মক কথা যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে যে Provided that such person or members of his family reside for the greater part of the year in the

locality where the land is situated and the principal source of his income is produce of such land...। গ্রেটার পার্ট অফ দি ইয়ার এই শর্ত কেন হল তা আমি বুঝতে পারছি না। আমি চাষ-বাস করব— আমাকে বাধ্য করা হবে ঐ এরিয়ায় থাকতে। আমার তো সম্পর্কে চাষ-বাস, সুতরাং আমি অন্যত্র থাকতে কিন্তু বলা হচ্ছে Provided that such persons or members of his family reside for the greater part of the year in the locality where the land is situated and the principal source of his income is produce of such land.

[2-50— 3-30 P.M.] (Including Adjourment)

আমি জমিতে কাজকর্ম করি, কিন্তু আমি কি কোথাও যেতে পাব না? আমাকে জমির সাথে বেঁধে রাখা হবে? এটা কোন ধরনের শর্ত হল আমি বুঝতে পারছি না। তারপর আমার আরও ব্যাপার আছে, রিটার্নের ব্যাপারে সেই রিটার্নের ব্যাপারে যেভাবে পেনালটির কথা আছে, নানারকম কথা আছে আপনি বলেছেন সে সম্বন্ধে এগুলো একটু সরল করে, পাবলিসিটি করে এবং প্রেসক্রাইব করে বিভিন্ন রকমের লোককে জানিয়ে দিয়ে গ্রামে গ্রামে সমস্ত রকম ব্যবস্থা যদি না করেন—আমি আগেই বলেছি এত গন্ডোগোল এর ভিতর আছে যে পরে মুশকিল হতে পারে। তারা অশিক্ষিত, এত ব্যাপার তারা নিজেরা বুঝতে পারবে না, তাহলেই আবার হবে কি, ঐ দালাল পিছনে লাগবে, বিশেষ করে কতকগুলো এক্সপ্লয়টার আছে, এক্সপ্লয়টাররা তাদের কে আদৌ আপনি যে রেট, যে পয়সাটা পাবেন তার চেয়ে বেশি টাকা খরচা করিয়ে দেবে এবং শেষ পর্যন্ত দেউলিয়া হবে। দশ নম্বর সম্বন্ধে সবচেয়ে বড় কথা আর একটি জিনিস আমি কোথাও পেলাম না, এটা একটা সমস্যা আপনার কাছে সেটা হচ্ছে আমরা গঙ্গার ধারে যারা থাকি তাদের আপনি জানেন যে এমন জমি আছে যেখানে ভাল ফসল হচ্ছে, হতে হতে দেখা গেল যে ওভার ফ্লাডেড হয়ে জমিগুলো সীকোস্ট হয়ে গেল, জলমগ্ন হয়ে গেল, আপনি এটা করছেন ৫ বছর ১০ বছরের জন্য, হবে কিন্তু আমার প্রশ্ন আপনি করার সঙ্গে সঙ্গে ফ্লাড হল আসার পরে। সেই জমিটা কি হল, সীকোস্ট হয়ে গেল, সীকোস্ট যদি হয়ে যায় তাহলে কোথাও প্রভিসন পাচ্ছি না, সীকোস্ট যদি হয়ে যায় তার সম্বন্ধে চিন্তা ভাবনা করার কোনও ব্যবস্থা আছে কিনা? দ্বিতীয় কথা হচ্ছে যে যদি জলে ডুবেও না যায় অনেক জমি আছে সেখানে বর্ষার দাপটে প্রচুর বালি ওঠে, সেখানে ফার্টাইল ল্যান্ড, বালিটা এমন অবস্থায় এবং আমার মনে হয় নদীর ধারে যাঁরা আছেন তাঁদের এসব সমস্যা অনেক আছে। এখানে হয়ত ফ্লাড এলাকা নেই, তাহলে এই যে যেখানে বালি ঢুকে গেছে সেই বালি ঢাকা জমিগুলির কি অবস্থা হবে? এটা আমি খুঁজে পাইনি কোথাও। ১৬ নম্বর দেখছি অ্যাপীল, অ্যাপীল সম্বন্ধে যেটা বলা হয়েছে সে অ্যাপীল টাকার কাছে হবে? নট বিলো দি র‍্যাঙ্ক অফ ডেপুটি কালেক্টার। কিন্তু আমার কথা হচ্ছে ডেপুটি কালেক্টাররা আমি সন্দেহ করছি না যদিও, তবুও অনেক সময় ইনফ্লুয়েনসড হয়ে যায়, আমার প্রস্তাব হচ্ছে এ বিষয়ে যদি আপনি চিন্তা করে দেখেন এখানে কোনও জুডিসিয়াল ট্রাইবুনাল রাখা যায় কিনা? আপীল শোনবার জন্য আমার মনে হয় জুডিসিয়াল কাঠামোকে মানুষ একটু বিশ্বাস করে—মানুষের বিশ্বাস আছে, সুতরাং জুডিসিয়াল ট্রাইবুনাল আকারে সেই আপীল শোনবার জন্য আপনি রাখতে পারেন কিনা? সুতরাং এখানে আমার সন্দেহ হচ্ছে ঐ রকম র‍্যাঙ্কের অফিসার ইনফ্লুয়েনসড হতে পারে। সবচেয়ে মারাত্মক যেটা হচ্ছে—১৮। যারা ল

ইয়ার আছেন তাঁরা ডিপ্রাইভ হবেন। এই জন্য বলছি বার অফ সুট ইন সিভিল কোর্ট যখনই আমাদের কোনও রেট বা ট্যাক্স বা খাজনা যা কিছু হোক না কেন আমরা কোর্টে যাই, সরকারের বা কোনও ব্যক্তির বিরুদ্ধে যাই আমরা কোর্টে। কিন্তু এখানে এমন কি হয়ে গেল যে দরজাটা বন্ধ হয়ে গেল? এখানে বলা আছে Except as otherwise provided in this Act, the decision of any authority appointed under this Act shall be final and no Court shall have jurisdiction to decide or deal with any question which by or under this Act has been decided or may be required to be decided or dealt with by the authorities or officers appointed under this Act... চার দিক থেকে একেবারে একাকার করে দেওয়া হল যাতে চোর ঢুকতে না পারে। অর্থাৎ কোর্টে যাবার রাস্তাটা সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হল। এখানে যারা ল ইয়ার আছেন তারা বুঝবেন যে কতটা তারা ক্ষতিগ্রস্থ হচ্ছেন। কোর্ট হচ্ছে আমাদের শেষ রেজর্ট। সুতরাং সে কোর্টে যাবার অধিকারটা রাখুন। তিনি অনেক দিন থেকেই বলছেন একটা কমপ্রিহেনসিভ বিল আনবেন। অথচ এমন বিল আনলেন যাতে ছোট ছোট চাষীদের গলা টিপে দেওয়া হচ্ছে। আমার প্রস্তাব হল, সমস্ত জমিগুলিকে ন্যাশনালাইজ করে আমাদের শিক্ষা চিকিৎসা ইত্যাদির ব্যবস্থা গ্রহণ করুন। আপনি হিসটোরিক বিল্ডিং সব পড়ে আছে তা সব বাদ দিলেন। মিউনিসিপ্যালিটিকে বাদ দিলেন। কলকাতার জমিগুলিকে বাদ দিলেন। সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে সমস্ত জমিকে জাতীয়করণ করে নিয়ে উৎপাদন কিভাবে করবেন সেটা ঠিক করুন এবং আমাদের শিক্ষা, চিকিৎসা ইত্যাদি সমস্ত দায়িত্ব আপনারা নিয়ে নিন এবং তখন আর জোতদার বর্গাদার কেউ থাকবে না। সেইজন্য বলছি এই বিল সমর্থন করা সম্ভব নয় এবং যে সমস্ত কথা বললাম সে সমস্ত কথা আপনি বিবেচনা করবেন।

(At this stage the house was adjourned upto 3.30 P.M.)

After Adjournment

[3-30— 3-40 P.M.]

**শ্রী নবকুমার রায় ঃ** আজকে আমাদের সামনে ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী যে বিল এনেছেন দি ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড (ফার্ম হোল্ডিং) রেভিনিউ বিল, ১৯৭৮ এ বিল এনে তিনি পশ্চিম বাংলার মানুষের মধ্যে একটা বৈষম্য সৃষ্টি করেছেন। তিনি একটা চক্রের হাতে-সরকারি কর্মচারিদের হাতে পশ্চিম বাংলার মানুষের জমির খাজনা নির্ধারিন করবার ভার দিচ্ছেন। তাঁর সম্বন্ধে আমার যথেষ্ট শ্রদ্ধা আছে। তাঁর পক্ষে এরূপ ধরনের একটা অস্পষ্ট বিল কিভাবে তিনি উত্থাপন করলেন সেটা কি চিন্তা করার বিষয়। প্রথমেই উল্লেখ করছি যে জমির খাজনা কোথা থেকে আসবে। এখানে তিনি বলেছেন যে জমির খাজনা সাধারণ ভাবে ভ্যালুর উপর হবে। প্রোডাকশন বা মূল্যের উপর নয়। তিনি জানেন পশ্চিম বাংলার এক জেলা থেকে অন্য জেলার তফাৎ অনেক আছে কারণ বর্ধমান জেলার এক বিঘা জমির দাম যা হবে উত্তরবঙ্গে সে টাকা দিয়ে ১০ বিঘা পাওয়া যাবে। অথচ তার কোয়ালিটি ও প্রোডাকশন সমপরিমাণে হবে না। আর একটা কথা হচ্ছে যে সব শহরে আশে পাশে এগ্রিকালচারাল ল্যান্ড আছে তার দাম বেশি কারণ শহরের মানুষ সেখানে সহজে যাতায়াত করতে পারে। অর্থাৎ নির্ধারণের একটা স্পষ্ট নীতি তিনি ঘোষণা করেন নি। এক জনের

জমির সঙ্গে আর একজনের জমি ট্যালি করে না। গ্রাম বাংলায় দেখা যায় বাড়ির পাশে জমির যা দাম হয় দূরের জমি তার চেয়ে কম। জমির প্রোডাকশন যাই হোক না কেন তার রেভিনিউ সম পরিমাণে দিতে হবে অর্থাৎ জমি আমার কম থাকলেও প্রোডাকশন ইকুইপমেন্ট চিন্তা করা হবে না, চিন্তা করা হবে জমির ভ্যালু কত। এই রকম অনেকগুলি জিনিস তিনি বলেছেন যার কোনও মাথামুণ্ডু নেই। খাজনা নির্ধারণ করবে একটা বোর্ড তার চেয়ারম্যানের কথা বলেছেন কিন্তু তার মেম্বার বি. ডি. ও না জে. এল. আর ও কে হবেন সে সব কিছুই বলেন নি। সেই ব্যাপারে স্বাভাবিকভাবে আমাদের মনে চিন্তা রয়েছে, সেখানে সরকারি কর্মচারী আসবেন কিম্বা বেসরকারি লোক থাকবে সেটাও আজকে এখানে স্পষ্ট নেই। মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন তার মধ্যে একটা জায়গায় রয়েছে— যেমন এর আগে যুক্তফ্রন্ট সরকার আসার পরে জমির খাজনার ক্ষেত্রে একটা কোয়ালিফিকেশন করেছেন, সেচ এলাকায় ৪ একর পর্যন্ত জমির খাজনা মাফ এবং অসেচ এলাকায় ৬ একর পর্যন্ত মাফ এবং বিলো ৪ একরস কোনও রিটার্ন সাবমিট করতে হবে না, কিন্তু মোর দ্যান ফোর একরস যাদের তাদের রিটার্ন সাবমিট করতে হবে এবং ৫০ হাজার ভ্যালুয়েশনের উপর যদি একসিড করে তা হলে তার খাজনা নির্ধারিণ হবে। এখানে প্রশ্ন হল ৪ একরের ঊর্ধে সেটা সেচ না অসেচ সেটা উল্লেখ করেননি। এখানে কোনও উল্লেখ করেননি যে সেচ এলাকায় ৪ একর কিংবা অসেচ এলাকায় ৬ একর। বর্ধমানে সেচ এলাকায় ৪ একরের যে প্রোডাকশন, তার যে ইনকাম উত্তরবঙ্গে যেখানে সেচের সুযোগ সুবিধা আছে সেখানে সেম প্রোডাকশন সেম রিটার্ন নিশ্চয়ই দেবে না। অসেচ এলাকার কি ফেসিলিটি রয়েছে তার কোনও উল্লেখ করেননি, এখানে বৈষম্য সৃষ্টি হয়েছে। তারপর একটা অ্যাপিলেট অথরিটি করেছেন। অ্যাপিলেট অথরিটি বলতে সাধারণত তিনি এস ডি ও-কে বুঝিয়েছেন বা ডেপুটি কালেক্টরকে বুঝিয়েছেন যাঁরা অ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট। স্যার, এস ডি ও সম্বন্ধে আমার একটা অভিযোগ রয়েছে। একজন সাব-ডিভিসনাল অফিসারকে নানারকম কাজ করতে হয়, তাঁকে চণ্ডী পাঠ থেকে আরম্ভ করে জুতো সেলাই পর্যন্ত করতে হয়, এ মিটিং সে মিটিং কোথায় মারামারি হল পুলিশ পাঠাতে হবে সব এস ডি ও কে করতে হয়। এটা আমার নিজস্ব অভিজ্ঞতা। রেসটোরেশন অ্যাপিলেট অথরিটি এস ডি ও, ভাগচাষ অ্যাপিলেট অথরিটি এস ডি ও, যে দিন হিয়ারিং ডেট থাকে সেদিনে তিনি অন্য কাজে বেরিয়ে যান। সেজন্য অ্যাপিলেট অথরিটি জুডিসিয়ারির মানুষকে নিশ্চয়ই দেওয়ার কথা আপনি ভাবতে পারতেন। আর একটা কথা অ্যাপিলেট অথরিটির উপর জুডিসিয়ারির হস্তক্ষেপের প্রশ্ন রাখেননি। আমার অভিযোগ এগজিকিউটিভ অফিসার সাধারণত গভর্নমেন্ট ইন্সট্রাক্টেড হয়ে থাকে এবং গভর্নমেন্ট একটা দল পরিচালনা করেন। আপনারা রয়েছেন, আপনাদের কথায় দেশ চলছে, অতএব এস ডি ও আপনাদের কথায় চলে, কারণ, আগে তাকে চাকরি বাঁচাতে হবে, অন্য কোনও প্রশ্ন তার কাছে নেই। আমি আপনার কাছে অভিযোগ করেছি, অনেক জমির মালিকের নাম দিয়েছি, তারা জমি চাষ করতে পারছে না। কেন পারছে না, কারণ, ওখানে সি পি এম'র ক্যাডার যারা রয়েছে তাদের কিছু জমির দান দিতে হবে, না দিলে চাষ করতে দেওয়া হবে না। আমি রিটেন কমপ্লেন্ট চিফ মিনিস্টারকে দিয়েছি, তার কোনও প্রতিকার 'পাইনি। তারপর কৃষকরা এখনও বাড়ি ছাড়া, তাদের জমিতে কোনও চাষ হয় না। আমি জমির দাগ নাম্বার, খতিয়ান নাম্বার, কোন সি পি এম ক্যাডার, কমরেড, কোন এগজিকিউটিভ সমস্ত উল্লেখ করে দিয়েছি,

কিন্তু তার বিচার পাইনি। কাজেই যে দল সরকারে আছে সেই দলের নীতি অনুসারে, ক্যাডার কমরেডদের নির্দেশ অনুযায়ী সেখানকার এগজিকিউটিভ অফিসাররা সাধারণত চলে।

[3-40— 3-50 P.M.]

বোর্ড যদি আমার প্রতি অবিচার করে খাজনা নির্ধারণের ক্ষেত্রে আমি তাহলে জুডিসিয়ারির কাছে যেতে পারিনা। আমার তখন একমাত্র পথ হচ্ছে টু টুয়ান্টি সিক্স—এ হাইকোর্টে আসা। কিন্তু গ্রামের গরিব মানুষ কি হাইকোর্টে আসতে পারে, তার পক্ষে হাইকোর্টে আসা কি সম্ভব? যে মানুষ খেতে পায় না সে কি করে হাইকোর্টে আসবে? তাহলে কোথায় সে ন্যায্য বিচার পাবে? কাজেই বলছিলাম যে, তাদের একটু সুযোগ দিন, মানুষ একটু সুযোগ পাক। সাধারণ মানুষের একটা চিন্তাধারা রয়েছে যে, জুডিসিয়ারি এখনও ইমপার্সিয়াল আছে এবং তাঁরা দলের লোকের দ্বারা কলুষিত হয়নি। ডি. এম., এস্.ডি.ও., বি.ডি.ও-র কাছে মানুষ কোনও বিচার পায়না এটা সকলেই জানে। অনেকে আছে এগেনস্ট সি পি এম, অনেকে আছেন এগেনস্ট ফরওয়ার্ড ব্লক, অনেকে আছেন এগেনস্ট আর এস্ পি। কাজেই তাঁদের দ্বারা সুবিচার পাওয়া যাবে একথা বলা যায় না। এবারে আমি শেয়ার সম্পর্কে কিছু বলি। অনেক বিধবা ভদ্রমহিলা আছেন বা অনেক পঙ্গু লোক আছেন যাঁরা নিজেরা চাষ করে না, অপরের দ্বারা চাষ করে বা বর্গাদারদের দিয়ে চাষ করান, যারা বর্গাদার হিসেবে রেকর্ডেড হয়ে রয়েছে, আমরা দেখেছি সেখানে ৭৫ পারসেন্ট বর্গাদার পাবে এবং ২৫ পারসেন্ট মালিক পাবে। কিন্তু আমরা বারে বারে অভিযোগ করেছি ২৫ পারসেন্ট কিন্তু মালিক পায়না। আমরা স্পেসিফিক অ্যালিগেশন দিয়েছি বি ডি ও-র কাছে, এস্ ডি ও-র কাছে, কিন্তু কোনও সুষ্ঠু বিচার পাওয়া যায়নি। এমনিতেই তো ৭৫ পারসেন্ট বর্গাদার নেবে, তারপর জোতদারকে দিতে হবে, তারপর পার্টিফাণ্ডে দিতে হবে—এরকম সব জিনিস রয়েছে। আমরা জমির মালিকের উপর সব জিনিস ফেলি, বর্গাদারদের উপর কিছু ফেলিনা। কাজেই আমি দেখছি এতে মালিকদের অসুবিধা হবে। অনেকে বর্গাদারদের দিয়ে জমি কাল্টিভেশন করান, কাজেই যে অবস্থা দেখছি তাতে অনেক মালিকেরই অসুবিধা হবে। তারপর, অ্যাসেসিং সম্পর্কে আপনি যা বলেছেন তাতে আমার বক্তব্য হচ্ছে এ সম্পর্কে একটা সুষ্ঠু ব্যবস্থা করুন। এটা সাবডিভিসন স্তরে থাকবে, না জেলা স্তরে থাকবে সে সম্বন্ধে বলুন এবং জুডিসিয়ারির ব্যাপারে কিছু উদার হন। পরিশেষে, আমি এই বিলের বিরোধিতা করছি এবং আমাদের অ্যামেন্ডমেন্ট সমর্থন করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, অন এ পয়েন্ট অব পার্সোনাল এক্সপ্লানেশন স্যার। মাননীয় সদস্য গুণধর মাইতি মহাশয় তাঁর বক্তব্য রাখার সময় আমার নাম উল্লেখ করে বলেছেন কে একজন নাকি খুন হয়েছে এবং সেই খুনের সঙ্গে যে জড়িত সে নাকি আমার একজন ভক্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যাপারে পার্সোনাল এক্সপ্লানেশন দিয়ে ব্যাপারটা ক্লিয়ার করবার চেষ্টা করছি। পাথর প্রতিমার বিধানসভার মাননীয় সদস্য শ্রী গুণধর মাইতি বক্তব্য রাখবার সময়ে আমার নাম উল্লেখ করেছেন এবং বলেছেন কে না কি একজন খুন হয়েছে তার সঙ্গে জড়িত যে লোক সে নাকি আমার দলের লোক। এই বলে আমার নাম করেছেন। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার অবগতির জন্য আমার পারসোনাল এক্সপ্লানেশন দেওয়ার দরকার আছে। গুণধর বাবু ঐ চোরডাকাত নিয়ে একটি দল করেছেন।

সেই দল ডাকাতি করতে গিয়ে এক জায়গায় একজন মারা যায়। সামসুল আলম যিনি তিনি অঞ্চল প্রধান, ইলেকটেড মেম্বার। সেখানে ১৬ জনই কংগ্রেস জিতেছে যেখানে তিনি প্রধান এবং তার সঙ্গে আমার সম্বন্ধে, আমার আগে কন্সটিটিউয়েন্সি ছিল সেখানে আমার কর্মী ছিলেন, তার সঙ্গে আমার এই খুনের ব্যাপারে কিছু নেই। সেই খুনের সঙ্গে গুণধর বা বুরগুন্ডা, ডাকাতদের দল জড়িত আছে।

**শ্রী বিনয় কোনার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে বিল পেশ করেছেন আমি সেটা সমর্থন করছি।

**Shri Satya Ranjan Bapuli :** I rise on a point of order. Shri Konar was a member of the Select Committee As a member of the Select Committee he got the opportunity to speak on this Bill there

**Mr. Deputy Speaker :** That is no point of order. He is a member of this House and has got every right to speak. Shri Konar may please continue.

**শ্রী বিনয় কোনার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল পেশ করেছেন আমি তা সমর্থন করছি। সিলেক্ট কমিটির মেম্বার হিসাবে আমার এখানে বলার অধিকার সম্পর্কে মাননীয় সদস্য প্রশ্ন তুলেছেন। আমরা দেখছি এখন অনেক জিনিসের ট্র্যাডিশন ভঙ্গ হচ্ছে, আমরা জানতাম মানুষ যাদের ভোট দেয় তাঁরা সেই ভোটের মর্যাদা রাখবে, এটাই জানতাম। তবে আজকাল ট্র্যাডিশন হচ্ছে এ দল ও দল করা, নৈতিক অধপতন এই সব চলছে। সুতরাং ট্র্যাডিশন যদি কেউ ভঙ্গ করে থাকে তাতে এমন কিছু এসে যাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়, তিনি বিলের উদ্দেশ্য সম্বন্ধে রেখেছেন যে সামন্ততন্ত্রের মর্জি মতন যে ভূমি রাজস্বের কাঠামো আছে তাকে ভেঙ্গে দিয়ে একটা বিজ্ঞান সম্মত ভিত্তির উপর দাঁড় করানো। এটাই হচ্ছে বিলের উদ্দেশ্য। কেউ কেউ বলেছেন যে এটি তুলে দেওয়া উচিত, এবং আমরা জানি অনেক সমাজবাদী দেশে এবং উন্নত পুঁজিবাদী দেশেও এটা নাই, তুলে দিতে পারলেই ভাল হত। কিন্তু অনেক ব্যবস্থাই থাকে —যেমন অতি প্রাচীন বাড়ির মতো, যে বাড়ি অতীতে তৈরি হয়েছিল, অতীতে স্বার্থ রক্ষার জন্য যে বাড়ি আজকে আমাদের পারপার্স সার্ভ করছে না কিন্তু গৃহস্থের যদি ক্ষমতা না থাকে সে বাড়িকে ভেঙ্গে ধূলিসাত করে নিজের মনমত তৈরি করার, তখন যেমন হয় সেই পুরানো বাড়িকে যথাসম্ভব এখানে ওখানে কিছুটা মেরামত করে নিয়ে আপাতত কাজের উপযোগী করে চালিয়ে নেওয়া ঠিক সেই জিনিসই হচ্ছে বর্তমান বিলেতে। যে সমস্ত প্রশ্নগুলি উঠেছে, আমি তার সব বিষয়ে যবনা, আমি মূল বিষয়গুলির উপর বলব। কেউ কেউ যেমন বীরেনবাবু বলেছেন জমির পরিমাণ চাই ভিত্তি হিসাবে ধার্য হওয়া উচিত ছিল, এবং কেউ কেউ বলেছেন বৈষম্য বিলে বৈষম্য আসবে তা নয় বরং গ্রামাঞ্চলে যে বৈষম্য ছিল সেই বৈষম্য দূর করার চেষ্টা এই বিলে করা হয়েছে। কেউ কেউ প্রডাকশনের কথা বলেছেন কিন্তু আমরা শুধু প্রডাকশন না করে জমির মূল্যটাকে ভিত্তি হিসাবে ধরেছি। কারণ গ্রামের দিকে জমির মূল্যটা নির্ভর করে অনেকগুলি ফ্যাক্টরের উপরে। শুধু প্রডাকশন নয়, জমি থেকে কতখানি আমি বেনিফিট পাচ্ছি সেই অনুযায়ী জমির দাম নির্ধারিত হয়। স্বভাবতই যদি কারও জমি হয় এমন একটি জায়গায় যা বাজার থেকে

দূরে, আর একটা যদি হয় বাজারের কাছে। তাহলে দুটি জমির বেনিফিট এক হবে না। যদি আমরা জমির পরিমাণ ধরলাম তাহলে বাঁকুড়ার যে জমি, আর বর্ধমানের যে জমি এই দুটি জমির একই প্রডাকশন নয়। স্বভাবতই সেখানে হয় বর্ধমান বিশেষ সুবিধা পেত অথবা বাঁকুড়ার প্রতি অবিচার করা হত। সেখানে জমির প্রডাকশন নিয়ে জমির মূল্যটাকে নিয়ে আসা এবং এই মূল্যটা যেহেতু প্রডাকশন, মার্কেটিং ফেসিলিটিস এবং অন্যান্য ইনফ্রাস্ট্রাকচারাল যে সমস্ত ডেভেলপমেন্ট তার সমস্ত প্রতিফলন এর ভিতর হয়, স্বভাবতই জমির মূল্যটাকে নিয়ে আসাতে এটা অত্যন্ত বিজ্ঞান সম্মত করা হয়েছে এবং বৈষম্যকে দূর করার চেষ্টা করা হয়েছে। ২নং, কেউ কেউ বলেছেন কৃষি জমি বাদ দেবার জন্য। প্রথমত ৪ একর পর্যন্ত যাদের জমি তাদের কোনও রিটার্ন দিতে হবেনা এবং আমরা দেখেছি যে যদি সেচ জমি না হয় তাহলে ৬ একর এই আইনের আওতায় পড়েনা, তাদের কোনও খাজনা দিতে হবেনা। যদি কোনও অকৃষি জমি এই সীমারও বাইরে থাকে সেই অকৃষি জমির খাজনা দেওয়ার ব্যাপারে প্রশ্ন এসে যাচ্ছে। প্রথমত এর উপরেও যদি অকৃষি জমি থাকে তাহলে তিনি অকৃষিটা রাখলেন কেন। হয় সেটাকে কৃষিতে পরিণত করার আগ্রহ নেই, অন্য আয় আছে অথবা কৃষিতে পরিণত করার উপায় নেই। কিন্তু তা সত্ত্বেও জমিটা রেখেছেন কেন? তার জমিটা রেখেছেন নিশ্চয়ই অন্য কোনও পোটেনশিয়াল বেনিফিটের জন্য। ধরুন বর্ধমানের গুসকরা গ্রামের জমি, কি বর্ধমানের মেমারীর কাছে জমি, যে জমি কিছুদিন আগে ছিল ৪ হাজার বিঘে, এখন এক লক্ষ টাকা বিঘে হয়েছে। কোনও কিছু না করে সরকারের উন্নয়ন পরিকল্পনা, অর্থনীতির প্রসার ইত্যাদির ফলে এই সুযোগটা একজন পেয়ে যাচ্ছে। ঐ জমির দাম বাড়ার ফলে একজন ভাগচাষী সে হয়ত ৩ বিঘা জমি করছে তাকে জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে, এমনি নয়, তিন বিঘা অন্য জায়গায় ভাল জমি কিনে দিয়ে সেখানে এই জমিটাকে সে ছাড়িয়ে নিয়ে বিক্রয় করছে অতিরিক্ত টাকার জন্য। তাহলে হয় এই রকম কোনও ভবিষ্যত বেনিফিট আছে সেইজন্য তিনি জমিটা রেখেছেন, আর যদি কোনও প্রডাকশন বা ভবিষ্যত বেনিফিট না থাকে এবং যদি এখন তাকে চাযের জমিতে পরিণত না করা যায় তাহলে তিনি এক কাজ করতে পারেন সে জমির খাজনা না দিয়ে সরকারকে দিয়ে দিতে পারেন। সরকার তা নিয়ে নেবে এবং সরকার নিজের আইনমতো তার ব্যবস্থা করবে, খাজনা থেকে অব্যাহতি দেবে।

**শ্রী মনোরঞ্জন রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটা এখানে উপস্থাপিত করা হয়েছে সেই বিলটায় পূর্বে যেভাবে খাজনার হার থাকত একই হারে, জমির তারতম্য অনুসারে বা উৎপাদনের ক্ষমতা অনুসারে জমির যে মূল্য বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম হতনা, সেইরকম না করে সমস্ত জমিকে একই আওতায় নিয়ে এসে যে খাজনা ব্যবস্থা চালু ছিল সেই ব্যবস্থা থেকে এই বিলটার মাধ্যমে আর একটা নূতন ব্যবস্থার মধ্যে কৃষকদের যে নিয়ে আসা হচ্ছে যার মধ্যে আমরা দেখতে পাচ্ছি ৫০ হাজার টাকার সম্পত্তির মালিক পর্যন্ত যেসব কৃষক আছে তারা এই খাজনার আওতা থেকে মুক্ত হয়ে যাচ্ছে। সেদিক থেকে বিলটা নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। কিন্তু যে প্রতিশ্রুতি সরকার জনসাধারণের সামনে রেখেছিল যে কৃষির আয়কর চালু করার যে ব্যবস্থা হবে সেখানে যে কথা বলা হচ্ছে যে কৃষি উৎপাদনের মূল্য নির্ধারণ করতে গিয়ে রাজ কমিটির যে প্রস্তাব সেই প্রস্তাবকে কার্যকর করতে গিয়ে যে সমস্ত বাধা আসবার কথা এখানে উল্লিখিত আছে সেই বাধাগুলির দিক থেকে এর যে মূল্য

নির্ধারণ করার সম্ভাব্যতা, জমির উৎপাদন, জমির যে বাজার মূল্য সেই বাজার মূল্য নির্ধারণ করতে গিয়ে সেই অসুবিধার মধ্যে পড়তে হতে পারে।

সুতরাং সেখানে কৃষির যে উৎপাদন মূল্য সে উৎপাদন মূল্য নির্ধারণ করা অসম্ভবতার কথা রেখে কৃষি উৎপাদনের মূল্য, কৃষি আয়কর চালু করা যে ব্যবস্থা সেই ব্যবস্থার দিকে গেলে পরে আমাদের যে ৩৬ দফা কর্মসূচর মধ্যে অন্যতম প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তার মধ্যে যাওয়া হত। এটা যেন সেখান থেকে সরে আসা হয়েছে বলে মনে হচ্ছে। সেদিক থেকে যদি সেভাবে করা সম্ভব হত তাহলে ভাল হত। একথা জোরের সঙ্গেই বলা যায় যে যে বিলটা এখানে উপস্থাপিত করা হয়েছে মোটামুটি ভাল সেটা আগেকার দিনে সামন্ততান্ত্রিক ব্যবস্থার মধ্য দিয়ে খাজনা ব্যবস্থার মধ্যে ধনিক শ্রেণীর সুবিধা করে দেওয়া হত। বড়লোকেরা যে হারে খাজনা দিত, গরিবদেরও সেই হারে খাজনা দিতে হত। সেদিক থেকে নিসন্দেহে গরিব শ্রেণীর মানুষকে বাঁচাবার জন্য এবং যে সমস্ত লোকের হাতে বেশি জমির হোলডিং আছে যারা উৎপাদনের বেশি মালিকানা ভোগ করে তাদের কাছে বেশি হারে বর্তাবে। সেদিক থেকে এটা একটা ধাপ নিশ্চয় এগিয়ে গিয়েছে সেদিক থেকে এই বিল কৃষকের কাছে একটা নূতন ব্যবস্থা নিয়ে আসবে যদিও অন্য ব্যবস্থা করতে পারলে ভাল হত। কিন্তু এই সরকারের যে সীমিত ক্ষমতা সংবিধানের কাঠামোর মধ্যে রয়েছে সেই কাঠামোর মধ্যে দাঁড়িয়ে থেকে এই যে বিলটা এসেছে তার মাধ্যমে মৌলিক পরিবর্তন করা সম্ভব নয়। তাহলেও বলব ৩৬ দফা কর্মসূচিতে যেটা উল্লিখিত ছিল সেই দিকে জিনিসটা পরিচালিত করতে পারলে আরও ভাল হত বলে মনে হচ্ছে। এই সঙ্গে অনেক বন্ধু বলেছেন যারা নিজের হাতে চাষ করবে তাদের সেখানে বসবাস করতে হবে গ্রেটার পার্ট। সেটাও এখানে উল্লিখিত আছে। গ্রেটার পার্ট বছরের অধিকাংশ সময় যদি সেখানে উপস্থিত না থাকে তাহলে নিজে হাতে চাষ করবে কি করে? এইজন্য এই সমস্ত বিষয়ে উল্লিখিত আছে। এইটা বোঝার কোনও অসুবিধা নেই। এই বিলটা অধিকাংশ প্রান্তিক চাষীর অন্তত আমরা হিসাব করে দেখেছি দু হেক্টর পর্যন্ত জমির মালিককে রেহাই দেওয়ার ব্যবস্থা হয়েছে। সেদিক থেকে বিলটা সমর্থনযোগ্য। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, অন্য বক্তারা যাঁরা আছেন তাঁদেরকে আমি চান্স দেব মন্ত্রীর রিপ্লাইয়ের পরে যখন ক্লজ বাই ক্লজ আলোচনা হবে সেই সময়ে কিংবা থার্ড রিডিংয়ে। এখন আমি মাননীয় মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরিকে বলছি তিনি ইচ্ছা করলে জবাবি ভাষণ দিতে পারেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি এই বিলটা সারকুলেশনে দেওয়ার বিরোধিতা করছি। কারণ কোনও প্রয়োজন আমি অনুভব করছি না। কারণ এই বিলটা ১৯৭৮ সালের ১লা ডিসেম্বর এসেছিল, ৯ মাস হয়ে গিয়েছে। আমি নিজে থেকে বিলটার গুরুত্ব অনুভব করে সিলেক্ট কমিটিতে পাঠাবার প্রস্তাব করি। সিলেক্ট কমিটির প্রত্যেক সদস্য দল থেকে নির্বাচিত হয়ে যান। যিনি যান তিনি ব্যক্তিগতভাবে যান না। সব সময় সুযোগ আছে দলের সঙ্গে পরামর্শ করার। এমনও মনে আছে, সেই সময়ে সারকুলেশনের কথা উঠেছিল। এখনও প্রস্তাব আসছে জনমত সংগ্রহ করার। এটার বিরোধিতা করছি এই কারণে যে, আমাদের দেশে যেখানে ৭৭/৭৮ ভাগ লোকেরই অক্ষরজ্ঞান নেই, সেখানে এই

জটিল বিল ছড়িয়ে দিলেই হয়না। সেখানে জনপ্রতিনিধিদের বিলটির বিষয়বস্তু বুঝিয়ে জনসাধারণকে তার উপর প্রিতিক্রিয়া জনসাধারণের কি হচ্ছে সেটা সমীক্ষা করতে হয় এবং এই ব্যাপারে ব্যাপকভাবে তাদের সঙ্গে আলোচনার সুযোগ ছিল। গত ৯মাস ধরে এই কাজের সময় ছিল।

[4-00— 4-10 P.M.]

দ্বিতীয় যে যুক্তি তা হচ্ছে বিলের মৌলিক পরিবর্তন হয়নি। দুটি বিষয়ে পরিবর্তন হয়েছে। অনেকে নাম নিয়ে বলেছেন। বিলের উদ্দেশ্য কি? যে খাজনা প্রথা, রয়েছে, তা তুলে দিয়ে একটা বিজ্ঞান সম্মত বিকল্প ব্যবস্থা করা। বর্তমানে যে খাজনা রয়েছে, সেই খাজনার আওতায় এগ্রিকালচারাল এবং নন-এগ্রিকালচারাল এই উভয় দিকের জমি রয়েছে। এখন শুধু এগ্রিকালচারাল ল্যান্ডকে যদি বিলের মধ্যে ধরতাম তাহলে নন-এগ্রিকালচারাল ল্যান্ডের জন্য আর একটা বিল আনতে হত, সেজন্য একসঙ্গে করা হয়েছে। উভয় জমির ব্যাপারই যদি বিলের ভিতর থাকে তাহলে মৌলিক পার্থক্য থাকেনা। আর দ্বিতীয় যে মৌলিক পার্থক্য সেটা হচ্ছে -ভ্যালু অব প্রডিউসের জায়গায় ভ্যালু অব ল্যান্ড। এটা মৌলিক পার্থক্য, ভ্যালুল্যান্ড এজন্য করা হয়েছে যে ল্যান্ডের মধ্যে উর্বরা শক্তি আছে এমন জমি আছে, অবস্থানগত সুযোগ সুবিধা আছে এমন জমি আছে মার্কেট প্লেসের কাছাকাছি এমন জমি আছে, শহরাঞ্চলের কাছে আছে, এমন জমি আছে, তাতে কয়টি ফসল হয়, কি জাতীয় ফসল হয়—এই সমস্তই টেলিস্কোপে পাওয়া যায় মূল্যের ভিতর দিয়ে। অন্য একটা দিক আছে সেটা হচ্ছে সঙ্গতভাবেই আমরা জানি যে পুরুলিয়াতে যে সমস্ত ডাঙা অঞ্চল আছে, মেদিনীপুরে ঝাড়গ্রামে, বাঁকুড়ার রানিগঞ্জে এমন বহু ডাঙা জমি আছে যেখানে কোনও কিছু উৎপন্ন হয়না। মূল্য কম তাই সেই জায়গার। একটা কিছু পরিমাপ ভিত্তিক যদি করা হত তাহলে তার ভিতর অসামঞ্জস্য হত। সেই জায়গার মূল্য এত কম যে ৫০ হাজার টাকার মূল্য পূরণ করতে সেই ডাঙা জমির ১০০ বিঘাতেও পূরণ হবেনা। যা হচ্ছে তাতে বরং তাদের সুবিধাই হবে। সেজন্য প্রত্যেক দিকেই ঠিক হয়েছে। দ্বিতীয় নম্বর কথা হচ্ছে এই যে ফসল-এর মূল্য আলোচনা করেছেন তাতে বিভিন্ন জমিতে বিভিন্ন ধরনের ফসল হয়—ধান হয়, পাট হয়, আলু হয়, পান হয়, আনারস হয়, বহু জাতীয় জিনিস হয়, এইসব জিনিসের মূল্য নিয়ে যদি করি, তাহলে কি হয়? একটা উদাহরণ দিই। ধান হয় এক বিঘাতে ১০ মন, দাম যদি ৪০ টাকা করে ধরেন তার দাম হয় ৪০০ টাকা। আর এক বিঘা আলুর ফলন হয় ৮০ মন, দাম যদি ১০ টাকা করে ধরি তাহলে তার মূল্য হয় ৮০০ টাকা, কস্ট অব প্রডাকশন যদি না থাকে তাহলে পানের ক্ষেত্রে হয় আরও মুশকিল কস্ট অব প্রডাকশন বাদ দিয়ে যদি নেট ইনকামের দিকে যাই তাহলে কনস্টিটিউশনের এন্ট্রি নং ফোর্টি ফাইভ তাতে আটকায়, যে মূহূর্তে নেট ইনকাম ধরে করি তখনি সেটা স্টেট লিস্টের বাইরে চলে যাবে। সেজন্য এই নিয়ে একটা ভুল ধারণা আছে। আইনের বেড়াজালের ভিতর কিভাবে কতটা কল্যাণ করা যায় সেটা ভাবুন। এখন আপনারা আপনাদের বক্তব্য বললেন, কিন্তু বাড়িতে গিয়ে ভাবুন, এই অবস্থার মধ্যে কি কল্যাণ করা যায়। কোন জায়গায় কোন ফসল হয় এটা অ্যাসেস করার জন্য অফিসারের উপর দেবার জন্য অনেকে বলছেন, সেটা হবে এক্সেসিভ ডেলিগেশন অব পাওয়ার। তারপরে কোন জায়গায় বলে দিলেন একটা ফসল হয়, তখন সেটাও অসম্ভব

হত অ্যাডমিনিষ্ট্রেশনের দিক থেকে। আমি সবাইকার বক্তব্য শুনেছি, শ্রদ্ধেয় সদস্য শশবিন্দু বেরা অনেক খুঁটিয়ে বিলটা পড়েছেন, বিভিন্ন বিষয় তিনি পড়েছেন, ওঁর কিছু কিছু জিনিস আমি গ্রহণ করব। আরও ইমপ্রুভমেন্ট করা যায় কিন্তু অ্যাডমিনিষ্ট্রেটিভলি নেক্সট টু ইম্পসিবল, প্রত্যেক ল্যান্ডে ভেরিয়াস টাইপ অব প্রডিউস হয় সেগুলির ভ্যালু ধরে বলতে সহজ, কিন্তু এটা হয়না। তার অনেকগুলি ফ্যাক্টার আছে। ১৮৯৮ সালে ল্যান্ড একুইজিশন অ্যাক্ট নং ওয়ান, বিভিন্ন যে সমস্ত ডেভেলপমেন্টাল ওয়ারর্ক আছে তার জন্য জমি নেওয়া হয়, দীর্ঘদিন ধরে চলেছে, এটা স্বীকৃত হয়ে রয়েছে, সেজন্য বরং ভ্যালু অব ল্যান্ডের উপর যদি হয় তাহলে রেটিং বোর্ডের মেম্বারদের এক্সেসিভ ডেলিগেশন অব পাওয়ার বোর্ডের থাকত, সেখানে যদি রিজওনাল বোর্ড-এর মেম্বারদের উপর সমস্ত জিনিসের দায়িত্ব থাকত তাহলে এক্সেসিভ পাওয়ার দেওয়া হত।

আমাদের পরিষ্কারভাবে এটা মনে রাখতে হবে যে একটা বিশেষ অবস্থার ভেতরে দাঁড়িয়ে যতটা সম্ভব ততটা করতে হবে। সে দিক থেকে আমরা দেখেছি যত ধরনের ব্যবস্থা হতে পারে সে সব দিকে বহু চিন্তা ভাবনা করে যে এটাই হচ্ছে সিম্পলিফায়েড ব্যবস্থা। এখানে ঐ রেটিং বোর্ডের মেম্বারদের অযথা ক্ষমতা নেই। তারপর ক্লাসেস অব ল্যান্ড সম্পর্কে বলেছেন। একই গ্রামে তিন রকমের জমি আছে সেটা আমি জানি। সেইজন্য শুধু টেরিটোরিয়াল লেভেল ধরলে হবে না ক্লাসেস অব ল্যান্ড ধরতে হবে। এখানে তফাত রয়েছে সেইজন্য সমস্ত দিক থেকে বিবেচনা করে এমন একটা ব্যবস্থা রাখা হয়েছে যাতে যতখানি হিউম্যানলি পসিবল ততখানি করা যায়। কারণ কতকগুলি জায়গায় অ্যাবসোলিউটলি করা সম্ভব নয়। কিন্তু অন্য যে কোনও মেথডের চেয়ে এই মেথডে একটা ইকুইটেবল ব্যবস্থা হওয়ার এবং প্রত্যেকটি সেকশনকে জাস্টিস দেওয়ার সম্ভবনা আছে। তারপর বিলের উদ্দেশ্য নিয়ে বলা হয়েছে। আমি বিলের উদ্দেশ্য পরিষ্কারভাবে বলেছি। এখানে এক নং কথা হচ্ছে, মার্জিনাল অ্যান্ড স্মল ফার্মার তাদের আমরা ট্যাক্সের বার্ডেন থেকে সম্পূর্ণ অব্যাহতি দিতে চাই। আমরা বলেছি যে ৪ একর পর্যন্ত তাদের রিটার্ন দিতে হবে না—দে আর নট ট্যাক্সেবল। সেখানে ইরিগেটেড, নন-ইরিগেটেড বলি নি কারণ তাতে জটিলতা হবে যে কে ইরিগেশন পায় কে পায়না ইত্যাদিতে। এখন ১৯৭৬/৭৭ সালে যে এগ্রিকালচারাল সেনসাস হয়েছে তার ভিত্তিতে আমরা বলেছি হোলডিং-তে ফ্যামিলি অব হোলডিং-এর তফাত। হোলডিং হচ্ছে, ৫২ লক্ষের কিছু বেশি। তার ভেতরে প্রান্তিক চাষী মার্জিন্যাল ফারমার—এক হেক্টরের নিচে ৩৫ লক্ষের কিছু বেশি। তারা বাদ যাচ্ছে। আর ১০ লক্ষ ৮২ হাজার-এর মতন হচ্ছে এক হেক্টর থেকে দু হেক্টর—৭।। বিঘা থেকে ১৫ বিঘা—এরাও বাদ যাচ্ছে। তাহলে ৫২ ভেতরে ৪৫/৪৬ লক্ষ হোল্ডিং অ্যাবসোলিউটলি তারা কোনও রকমে ট্যাক্সেবল নয়, কোনওভাবে হচ্ছে না। তাদের রিটার্নও দিতে হচ্ছে না। সকলের কাছ থেকে রিটার্ন নিতে গেলে খুবই হয়রানি হয় সেটা আমি জানি। তারপর অনেক অসঙ্গতির কথা বলেছেন। আমি বলছি, একটা হচ্ছে, আদৌ রিটার্ন দিতে হবে না, তারা ট্যাক্সেবল নয় এবং আর একটা হচ্ছে, রিটার্ন দিলেও যে সে ট্যাক্সেবল হবে তা নয়। সেখানে রিটার্ন দিয়েও বহু লোক ট্যাক্সের আওতা থেকে বাদ যাবে।

**শ্রী শশবিন্দু বেরা :** অন এ পয়েন্ট অব ক্লারিফিকেশন, স্যার, আমার এখানে যেটা

সন্দেহ থাকছে সেটা হচ্ছে, অনেক নন-এগ্রিকালচারাল ল্যান্ড থেকে এগ্রিকালচারাল ল্যান্ডের চেয়ে বেশি ইনকাম হয় এবং এমন নন এগ্রিকালচারাল ল্যান্ড পাবেন যার ভ্যালু এবং কনসিকোয়েনটলি রেটেবল ভ্যালু এগ্রিকালচারাল ল্যান্ড থেকে অনেক বেশি হয়ে যাবে। ৪ একর জমি যেটা ছাড় দিচ্ছেন সেখানে সেই ৪ একরের মূল্য ৫০ হাজার টাকার বেশি হয়ে যেতে পারে। এই স্টেজে আমি যেটা জানতে চাই সেটা হচ্ছে এই যে, সে ক্ষেত্রে যেখানে ৪ একরের মূল্য ৫০ হাজার টাকার বেশি হয়ে যাবে সেখানে সেটা এক্সজেম্পটেড ফর্ম রেভিনিউ হবে কিনা সেটা ক্লিয়ার করুন।

[4-10— 4-20 P.M.]

একটা হচ্ছে ধরুন আরব্যান ল্যান্ডের ক্ষেত্রে এই টেরিটি বাজারে ১ কাঠা জমি এক লক্ষ টাকায় বিক্রি হয়েছে।

(এ ভয়েস ঃ— আপনি রুর‍্যালের কথা বলুন)

রুর‍্যালের ক্ষেত্রে যেখানে যেমন বেশি হবে সেখানে সেই রকম ধরতে হবে। প্রথম কথা হচ্ছে হ্যারাসমেন্ট বন্ধ করার জন্য আমরা এটা চাইছি না। কারণ আমরা দেখেছি বহু হ্যারাসমেন্ট হয়েছে। তাই গভর্নমেন্ট ছেড়ে দিয়েছেন। কিন্তু দেখতে হবে যার ইনকাম ৫০ হাজার টাকা হবে সেখানে নিশ্চয় গভর্নমেন্টের কিছু করবার থাকবে। সে সম্বন্ধে ব্যবস্থার কথা পরে আনতে হবে। কিন্তু মূলত প্রধান লক্ষ্য হচ্ছে যে লোকের হার্ডসিপ না হয়। তারপর এখানে যেসব ফাঁক যাচ্ছে সেগুলি বন্ধ করার জন্য ব্যবস্থা নেওয়া হবে। এখন কিন্তু স্মল অ্যান্ড মারজিন্যালদের ট্যাক্স বার্ডেন থেকে ছাড় দেওয়া হচ্ছে।

(গোলমাল)

**Shri Satya Ranjan Bapuli :** On a point of clarification, Sir...

(noise)

**Mr. Deputy Speaker :** Let the Minister finish his speech first. Please take your seat.

**Shri Satya Ranjan Bapuli :** I rise on a point of order.

**Mr. Deputy Speaker :** I am not allowing you to raise your point of order.

(noise)

**Shri Satya Ranjan Bapuli :** There is specific provision for raising a point of order.

(noise)

**Mr. Deputy Speaker :** I know the provision but so far as your point of order is concerned the fate of it is entirely under the discretion of the Chair. I will not allow you to raise the point of order.

(noise)

**Shri Suniti Chattaraj :** তাহলে কি স্যার, ডেপুটি স্পিকারের ডিসক্রিশন হবে...always against the opposition...এটা কি রকম?

(noise)

**Mr. Deputy Speaker :** That is for me to judge and not for you. Please take your seat. The House cannot continue in this way.

(Several members rose to speak)

Please take your seat Mr. Bapuli. I know my business.

(noise)

**Shri Satya Ranjan Bapuli :** Kindly hear me first.

**Mr. Deputy Speaker :** This is my discretion. When a member will be on his legs I will not allow any point of order. In this case I will hear you after the Minister finishes his speech.

**Shri Satya Ranjan Bapuli :** এটা কি করে হয়। আমার পয়েন্ট অব অর্ডার ওনার ঐ বক্তৃতার উপরই।

**Mr. Deputy Speaker :** I know what I am to do. I am within my jurisdiction and I will not allow your point of order at this stage. After the Minister's speech is finished I will allow you. You go through the parliamentary procedures.

(noise)

**Shri Suniti Chattaraj :** কি আশ্চর্য আপনার ইচ্ছায় কি হাউস চলবে? এই হাউস চলার জন্য যে সব রুলস্ রয়েছে সেগুলি কি পালিত হবেনা।

**Mr. Deputy Speaker :** If you speak of rules then you must take your seat when I am on my legs.

**Shri Satya Ranjan Bapuli :** On a point of order, Sir...

**Mr. Deputy Speaker :** No. I will not allow point of order.

**Shri Satya Ranjan Bapuli :** Then throw this rule book in to the waste paper basket.

**Mr. Deputy Speaker :** মিঃ বাপুলি আপনি একজন সিনিয়ার মেম্বার, আপনি এটা জানেন যে আমি গত ২।। বছর যাবৎ এই হাউসের প্রিসাইড করে এসেছি, যখন কোনও মন্ত্রী তাঁর বক্তব্য রাখবেন, সেই সময় কোনও পয়েন্ট অব অর্ডার শুনবনা মন্ত্রী মহাশয়ের বক্তব্য শেষ হয়ে যাবার পর আমি পয়েন্ট অফ অর্ডার অ্যালাও করব।

(noise)

**Shri Suniti Chattaraj** : Sir, this is rule. You must abide by the rules.

**Mr. Deputy Speaker** : I will not allow it. I know what are the rules.

**শ্রী সুনীতি চট্টরাজ** : এটা ইংরেজীতে লেখা আছে, বাংলায় লেখা নেই, সুতরাং আপনি এটা দেখুন।

**Mr. Deputy Speaker** : No point of order will be allowed at this stage. Mr. Bapuli you are a senior member of this House. মিঃ বাপুলি আপনি একজন সিনিয়ার মেম্বার। আপনার অ্যাটলিস্ট হাউসের ডেকোরাম মেন্টেন করা উচিত। আমি যা কিছু বলেছি, হাউস অব কমন্সে এটাই প্রিসিডেন্স আছে।

**Shri Suniti Chattaraj** : Then you are destroying the rules as also the Rule Book.

(Several members from the Congress benches rose to speak)

(Noise and Interruptions)

**Mr. Deputy Speaker** : Please sit down. I will not allow any point of order.

(Noise)

**Shri Benoy Krishna Chowdhury** : আমি আর কিছু বলতে চাই না। যেহেতু আমাকে বলতে দেওয়া হচ্ছে না বাধা দেওয়া হচ্ছে। আমি সার্কুলেশন মোশনের বিরোধিতা করছি।

**Mr. Deputy Speaker** : Mr. Bapuli, you may now raise your point of order.

**Shri Satya Ranjan Bapuli** : Sir, I only to support the Minister but you did not allow me to speak. আপনি ব্যাপারটা শুনলেন না, আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে একমত হয়েই বলতে চেয়েছিলাম, মন্ত্রী মহাশয় বলেছিলেন যে ক্লজটা ঢুকিয়ে দেবেন। আমি বলতে চেয়েছিলাম, যদি তিনি তা করেন তাহলে ভাল হয়।

**Mr. Deputy Speaker** : This is no point of order.

[4-20— 4-30 P.M.]

**Mr. Deputy Speaker** : আমি অনারেবল মেম্বারদের একটা কথা বলে দিতে চাই পয়েন্ট অব অর্ডার সম্বন্ধে যে, যখন আমি লন্ডনে গিয়েছিলাম কমনওয়েলথ্ পার্লামেন্টারি কনফারেন্সে তখন সেখানে আমি এই স্পেসিফিক কোয়েশ্চেনটি তুলেছিলাম হাউস অব কমন্সে স্পিকারের কাছে, তিনি তখন বলেছিলেন —শুধু বলেন নি লিখিতভাবে দিয়েছিলেন যে, যখন কোনও মেম্বার বক্তৃতা করবেন তখন অন্য মেম্বার যদি পয়েন্ট অব অর্ডার তোলেন তাহলে স্পিকারের সেখানে এন্টায়ার ডিসক্রিয়েশন আছে যে তিনি তখনই শুনতে পারেন,

অথবা বক্তৃতার পর শুনতে পারেন। তখনই তিনি শুনতে বাধ্য নন। সুতরাং আমি হাউস অব কমন্স-এর প্রসিডিওর ফলো করেছি। I am only justifined in this line of yours point of order.

**Shri Ashoke Kumar Bose :** It has now become a practice that before a member is permitted to raise a point of order, he is required to quote the particular Article of the Constitution, Rule, Direction or ruling or practice which was being infringed or violated. Members who fail to quote the rule, etc. are not allowed to raise a point of order. মিঃ ডেপুটি স্পিকার যে কথা বলেছেন, তার সমর্থনে এখানে একথা পরিষ্কারভাবে লেখা আছে এবং রুলিং এর উপর অবজেক্শন দেবার কোনও প্রসিডিয়ার কোথাও লেখা আছে বলে আমার জানা নেই।

**Dr. Zainal Abedin :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি যা বললেন এই হাউসের কাস্টমও তাই। রুল ৩৫০ বলছে যে, আপনার ডিসক্রিয়েশন পুরো আছে। আপনি পয়েন্ট অব অর্ডার আফ্টার টারমিনেশন অফ্ দি স্পিচ বাই দি অনারেবল মিনিস্টার তুলতে দিতে পারেন, আপনি অ্যালাউ করতে পারেন এবং ডিউরিং দি স্পিচও আপনি অ্যালাউ করতে পারেন, ইট ডিপেন্ডস আপঅন ইয়োর ডিসক্রিয়েশন। কিন্তু স্যার, আপনার কাছে আমার একটা সাবমিশন আছে।

**Mr. Deputy Speaker :** ডাঃ জয়নাল আবেদিন, আপনার কি পয়েন্ট অব অর্ডার আছে, আপনি বলুন তা না হলে। I am sorry I cannot allow you to speak...

**Dr. Zainal Abedin :** Please hear me Sir.

**Mr. Deputy Speaker :** Please be specific.

**Dr. Zainal Abedin :** স্যার, আমি একটা সিরিয়াস ব্যাপার নিয়ে বলতে চাই যে, উনি একজন সিনিয়র মিনিস্টার।

**Mr. Deputy Speaker :** I now put the Circulation motion to vote.

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and a division taken with the following result :

**NOES :**

Abdul Bari, Shri Md.
Abdur Razzak Molla, Shri
Abul Hasan, Shri
Anisur Rahman, Shri
Bandyopadhya, Shri Gopal
Bandyopadhyay, Shri Balai

Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bhattacharjee, Dr. Kanailal
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bose, Shri Ashoke Kumar
Bose, Shri Nirmal Kumar
Chakraborti, Shri Subhas
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee, Shri Bhabani Prosad
Chatterjee, Shrimati Nirupama
Chattapadhyay, Shri Sailendra Nath
Chhobhan Gazi, Shri
Choudhuri, Shri Biswanath
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Santosh Kumar
De, Shri Partha
Ghosal, Shri Aurobindo
Goswami, Shri Subhas
Habib Mustafa, Shri
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Khan, Shri Sukhendu
Konar, Shri Benoy
Let (Bara), Shri Panchanan
Mahata, Shri Satya Ranjan
Mahato, Shri Nakul Chandra
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumdar, Shri Sunil Kumar
Mandal, Shri Bhakti Bhusan

Mandal, Shri Gopal
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Sukumar
Mazumder, Shri Dinesh
Ming, Shri Patras
Mir Fakir Mohammad, Shri
Mitra, Dr. Ashok
Mitra, Shri Parimal
Mitra, Shri Ranjit
Mohammad Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Jamini Kisore
Mondal, Shri Ganesh Chandra
Mandal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sahabuddin
Mondal, Shri Shashanka Sekhar
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Mullick Chowdhury, Shri Suhrid
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar
Neogy, Shri Brajo Gopal
Oraon, Shri Mohan Lal
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Raj, Shri Aswini Kumar
Ramjan Ali, Shri
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Tarak Bandhu
Roy, Barmon, Shri Khitibhusan

Roy Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Samanta, Shri Gouranga
Santra, Shri Sunil
Satpathy, Shri Ramchandra
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Lakshmi Charan
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Tarun
Sing, Shri Buddhadeb
Singh, Shri Chhedilal
Singh, Shri Khudiram
Singh Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Khagendra Nath
Sinha, Roy, Shri Guru Prasad
Sk. Siraj Ali, Shri
Tah, Shri Dwarka Nath
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

**AYES :**

Abedin, Dr. Zainal
Banerjee, Shri Binoy
Bapuli, Shri Satya Ranjan
Bera, Shri Sasabindu
Chattaraj, Shri Suniti
Das Mahapatra, Shri Balai Lal
Das Sharma, Shri Sudhir Chandra
Digpati, Shri Panchanan
Golam Yazdani, Dr.
Jana, Shri Hari Pada (Pingla)
Jana, Shri Prabir
Lutfal Haque, Shri
Mahato, Shri Shantiram
Maitra, Shri Birendra Kumar
Motahar Hossain, Dr.
Narbu La, Shri Dawa
Pal, Shri Bankim Behari
Ray, Shri Naba Kumar
Roy, Shri Krishnadas

Roy, Shri Nanuram
Sen, Shri Bholanath
Shaikh Imajuddin, Shri
Shamsuddin Ahmad, Shri
Sinha, Shri Prabodh Chandra
Soren, Shri Suchand

**ABSTS :**

Bauri, Shri Bijoy
Kazi Hafizur Rahaman, Shri
Parkait, Shri Prabodh
Sarkar, Shri Debaprasad

The Ayes being 25, Noes—112 and Abstentions —4 the motion was lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Land (Farm-Hodling) Revenue Bill, 1978, as reported by the select Committee, be taken into consideration, was then put and a division taken with the following results :-

**AYES :**

Abdul Bari, Shri Md.
Abul Hasan, Shri
Bandyopadhyay, Shri Gopal
Bandyopadhyay, Shri Balai
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Basu, Shri Debi Prosad
Basu, Shri Jyoti
Basu, Shri Nihar Kumar
Bauri, Shri Gobinda
Bhattacharya, Dr. Kanailal
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kanti Chandra
Biswas, Shri Kumud Ranjan
Bora, Shri Badan
Bose, Shri Ashoke Kumar
Bose, Shri Biren
Bose, Shri Nirmal Kumar
Chakrabarty, Shri Jatin
Chakraborti, Shri Subhas
Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Bhabani Prosad
Chatterjee, Shrimati Nirupama
Chattopadhyay, Shri Santasri
Chhobhan Gazi, Shri
Chowdhury, Shri Benoy Krishna
Chowdhury, Shri Sibendranarayan
Chowdhury, Shri Subhendu Kumar
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Santosh Kumar
De, Shri Partha
Ghosal, Shri Aurobindo
Goswami, Shri Subhas
Habib Mustafa, Shri
Hashim Abdul Halim, Shri
Hazra, Shri Haran
Hazra, Shri Sundar
Khan, Shri Sukhendu
Konar, Shri Benoy
Let (Bara), Shri Panchanan
M. Ansar-Uddin, Shri
Mahata, Shri Satya Ranjan
Mahato, Shri Nakul Chandra
Maity, Shri Gunadhar
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Raicharan
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumdar, Shri Sunil Kumar
Mal, Shri Trilochan
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Shri Sudhangshu
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mazumder, Shri Dinesh
Mir Abdus Sayeed, Shri
Mir Fakir Mohammad, Shri
Mitra, Dr. Ashok
Mitra, Shri Parimal
Mitra, Shri Ranjit

Mohammad Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Mojumdar, Shri Jamini Kisore
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Kshiti Ranjan
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Mahadeb
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Mullick Chowdhury, Shri Suhrid
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar
Neogy, Shri Brajo Gopal
Oraon, Shri Mohan Lal
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Sudhir
Raj, Shri Aswini Kumar
Ramjan Ali, Shri
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Tarak Bandhu
Roy Barman, Shri Khitibhusan
Roy Chowdhury, Shri Nirode
Saha; Shri Kripa Sindhu
Saha, Shri Lakshi Narayan
Samanta, Shri Gouranga
Santra, Shri Sunil
Satpathy, Shri Ramchandra
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Lakshmi Charan
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Tarun
Sing, Shri Buddhadeb
Singh, Shri Chhedilal

Singh, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Khagendra Nath
Sinha Roy, Shri Guru Prasad
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Suchand
Sur, Shri Prasanta Kumar
Tah, Shri Dwarka Nath
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

**NOES :**

Abedin, Dr. Zainal
Banerjee, Shri Binoy
Bapuli, Shri Satya Ranjan
Bera, Shri Sasabindu
Chattaraj, Shri Suniti
Das Mahapatra, Shri Balai Lal
Digpati, Shri Panchanan
Golam Yazdani, Dr.
Jana, Shri Hari Pada (Pingla)
Jana, Shri Prabir
Kazi Hafizur Rahaman, Shri
Lutfal Haque, Shri
Maitra, Shri Birendra Kumar
Motahar Hossain, Dr.
Narbu La, Shri Dawa
Ray, Shri Naba Kumar
Roy, Shri Krishnadas
Roy, Shri Nanuram
Sen, Shri Bholanath
Sen, Shri Deb Ranjan
Shaikh Imajuddin, Shri
Shamsuddin Ahmad, Shri

**ABSTS :**

Bauri, Shri Bijoy
Das Sarma, Shri Sudhir Chandra
Mukherjee, Shri Biswanath
Murmu, Shri Sarkar
Purkait, Shri Prabodh
Sarkar, Shri Deba Prasad

The Ayes being 119, the Noes 22, and Abstentions 5 the motion was carried.

**Clause -1**

**Shri Janmejoy Ojha :** Sir, I beg to move that in clause 1(1), for the word "Land" the word "Farm" be substituted.

[4-30— 4-40 P.M.]

মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আমাদের এই অ্যামেনডমেন্টগুলো আপনি মেনে নিন। কারণ যে কারণগুলো দেখিয়ে এই যে বিলটি আনা হয়েছে এর একটা বৈশিষ্ট্য আছে। আপনাদের সকলকে স্বীকার করতে হবে যে সমস্ত বিলে একটা ফাইনান্সিয়াল অর্ডার থাকে— কত টাকা কড়ি থাকবে সেইরকম একটা থাকে কিন্তু এখানে সেরকম কিছুই নেই। মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন এটা কার্যকর করা যাবে কি যাবেনা। কত খরচ হবে কত আয় হবে তিনি সেটা বুঝাতে পারলে বিলে সুনির্দিষ্ট করতে পারতেন, তিনি তা করেন নি, কত টাকা আয় হবে, কত টাকা ব্যয় হবে এটা তিনি বুঝাতে পারেন নি। সেইজন্য আমার মনে হয় এটা কিছুদিন পরে সম্পূর্ণরূপে অচল হয়ে দেখা যাবে যেটা আয় হবে ব্যয় তার চেয়ে আরও বেশি হয়ে যাবে, সরকারের লাভের চেয়ে ক্ষতি বেশি হবে আর মাঝখান থেকে গরিব জনসাধারণের দুঃখের সীমা থাকবে না। আমরা তখন বলেছি, এখন বলছি, উনি অনেকবার করে রাজ কমিটির কথা বলেছেন রাজকমিটির প্রধান কথা কি? রাজকমিটির প্রধান কথা হল প্রোডিউসের উপর খাজনা ধার্য করতে হবে। তিনি রাজকমিটির প্রধান বক্তব্য স্বীকার করে নেননি। তাতেই মনে হয় তিনি নিজেও সব কিছু সুস্পষ্ট ভাবে বুঝতে পারেন নি। তাই বলছি যে এই ঝামেলা না এনে— একেই তো জমি নিয়ে মারামারি, হানাহানি, কাটাকাটি গ্রামাঞ্চলে চলছে, তারপর এই একটা বাড়তি ঝামেলা কৃষকের উপর পড়বে। আপনি একটা কথা স্বীকার করেছেন যে ৪ একরের বেশি যার জমি তার ৫০,০০০ টাকা আয় না হলেও তাকে কিছু কিছু সংখ্যক রিটার্ন দিতে হবে এর সাথে সাথে স্বীকার করেছেন যে রিটার্ন দিতে গিয়ে কিছু লোকের হায়রানি হবে। তাহলে আপনি কেন বাধ্য করছেন সেইসব লোককে রিটার্ন দাখিল করতে? রিটার্ন দাখিলের জন্য কত লোক যে ঝামেলায় পড়বে সীমা নেই, তাই আমি অনুরোধ করছি আমাদের অ্যামেনডমেন্টগুলো মেনে নিন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করতে পারছি না কারণ উনি যা বলছেন তাতে এই রকম কোনও অ্যাসেসমেন্ট করে আপনি দেখবেন আগে থেকে বলা যায় না, হিসাব করে। মোটামুটি আমার ফিগার আছে, আমি বলতে চাইছিলাম কিন্তু আপনারা হৈ হৈ করে তা বলতে দিলেন না। মানে ৫২ লক্ষ পরিবারের ভিতর ৪৬ লক্ষ হরিজনকে আদৌ কোনও হাঙ্গামায় পড়তে হবেনা, আর আমরা যা ব্যবস্থা করেছি তাতে পরে যে রিটার্ন তাদের দিতে হবে তাঁরা বর্তমানে যে রেন্ট দেন সেই রেন্টের কম কিম্বা একটু বেশি এই রকম পড়বে। যেমন রেটেবল ভ্যালু যাদের ৬ হাজার তাদের ২০ বিঘায় ১.২৫ পয়সা। সেটা বর্তমান থেকে কম। যাদের ৬০ হাজার টাকার উপর ভ্যালু তাদের ২ হাজার টাকা বাৎসরিক ২০, সেকেন্ড থাউজেন্ডের জন্য ৩০— দুইটা মিলিয়ে ৫০, তার উপর এটা প্রায় ৬ একরে

হয় ৮.৫। তারপর ১০ হাজার যদি হয় অর্থাৎ ৫ হাজারের মতো তার টোটাল রেন্ট হবে ১৭০-পার একর ১৭ টাকা। এর উপরে হলে ৩২০ টাকা— পার একর ১৯ থেকে ২০ টাকা।

The motion of Shri Janmejay Ojha that in clause 1 (1), for the word "Land" the word "Farm" be substituted was then put and lost.

The question that Clause 1 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 2

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that in Clause 2(c), in line 2, after the words "class of lands" the words "ascertained on the basis of how such lands are normally utilised", be inserted.

I beg to move that in clause 2(g), line 1, for the words "total land of every description" the words "the sum total of lands of all descriptions" be inserted.

I beg to move that in clause 2(1), in line 1, after the words "rateabel value" the words "per acre" be inserted.

I beg to move that in clause 2(o), in line 1, after the word "payable" the word "annually" be inserted.

I beg to move that in clause 2(p), in line 2, after the words "amount of" the word "annual" be inserted.

**Shri Birendra Kumar Maitra :** Sir, I beg to move that in clause 2(g), in line 2, after the word "held by a raiyat" the words "excluding home stead lands measuring upto .50 acres" be inserted.

**Shri Krishnadas Roy :** Sir, I beg to move that in clause 2(g); in line 2, after the words "held by a raiyat"the words "excluding homestead land" be inserted.

**শ্রী শশবিন্দু বেরা ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে অ্যামেন্ডমেন্টগুলি তিনি পড়েছেন। তাহলেও অ্যামেন্ডমেন্টগুলি সম্পর্কে খুব সংক্ষেপে কিছু বলবার চেষ্টা করব। আমার ৪নং অ্যামেন্ডমেন্টে যেখানে এরিয়ার ডেফিনিশন সেখানে ফার্স্ট রিডিং এ আলোচনা করবার সময় বলেছিলাম area' means a tract comprising a district or any part thereof or any special class of lands —এখানে স্পেশ্যাল ক্লাস অফ ল্যান্ড সম্বন্ধে কনফিউশন থেকে গেছে যে স্পেশ্যাল ক্লাস অফ্ ল্যান্ড কি ভাবে ঠিক করা হবে। সেজন্য আমি এর পর কিছু যোগ করতে চেয়েছি special class of lands এরপর "ascertained on the basis of how such lands are normally utilised." এইটি যোগ করতে চেয়েছি।

[4-40— 4-50 P.M.]

এরপর আমার ৫নং অমন্ডেমেন্ট। ক্লজ ২(জি) তে আছে "land holding " means total land of every description held be a raiyat. অবশ্য এই বিলের মধ্যে ল্যান্ড হোল্ডিং এর আর অনেক জায়গায় ব্যবহার হয়েছে। বিলটি পড়লে বোঝা যায় ল্যান্ড হোল্ডিং বলে বোঝাচ্ছে all land held by a raiyat এখানে 'every' থাকায় একই রায়তের একাধিক হোল্ডিং বোঝাতে পারে 'every' means each according to the dictionary. It also means all' at times. 'Every' is generally used as 'each' as. for example. he made every attempt —all attempts but separate by each. এভরি যা তাতে রুলসে মনে হচ্ছে ইচ্ —এবং অল অর্থেও এভরি ব্যবহৃত হয়। এখানে এই কনফিউশন থেকে যাচ্ছে। total land of every description. এর অর্থ one particular raiyat may hold more than one land holding এটা বোঝাতে পারে। এখানে এই কনফিউশন থাকতে পারে। ল্যান্ড হোল্ডিং এর এই ডেফিনিশনে —কি মিন করতে চাচ্ছেন সেটা পরিষ্কার বললে ভাল হয়। তাই সংজ্ঞাটি বদলে sum total of lands of all descriptions করতে বলেছি। এটা একটু চিন্তা করবেন।

এরপর অ্যামেন্ডমেন্ট ৬, যেখানে rateabel value of an area means the rateable value as determined according to the provisions of this Act. আছে। এইটা একটু আপনাকে চিন্তা করতে বলব। রেটেবল ভ্যালু কি এনটায়ার ট্রাকটের বা গোটা জেলার ঠিক করবেন অথবা পার একর ঠিক করবেন? You will have to put it here. Rateable value of an area means the rateable value per acre. এরিয়ার একটা ইউনিট চাই। আপনি যদি মিন করেন হাওড়া ডিসট্রিক্ট এর, সারা ডিসট্রিক্ট এর, একটা রেটেবল ভ্যালু হবে, the entire district may be taken as an area as a whole. You may do that. It is entirely in your hands if you do not do that. that will create confusion. অথবা গোটা মেদিনীপুর ডিসট্রিক্ট এর একটা রেটেবল ভ্যালু হবে you may do that. কিন্তু সেটা অর্থহীন হবে। Value per area হওয়া উচিত। এখানে তা নেই। এই বিলের মধ্যে রেটেবল ভ্যালু বলতে রেটেবল ভ্যালু পার একর মিন করবে এটা থাকা দরকার। আমার সেজন্য মনে হয় বিলটাকে নির্ভুল করার স্বার্থে এইটা করা প্রয়োজন যে, Rateable value means rateable value per acre as determined in accordance with the provisions of this Act. এটা বিবেচনা করে দেখবেন।

৭৩৮ নং সংশোধনী —রেভিনিউ এর ক্লজ ২(৩) তে আছে Revenue means whatever is lawfully payable by a raiyat. রেভিনিউ বলতে আমরা বাংলায় খাজনা বলি, ইংরাজীতে রেভেনিউ বলি, তাতে বুঝি রেভিনিউ পেয়েবল অন ল্যান্ড বাই এ পার্টিকুলার রায়ত ফর ওয়ান ইয়ার, রেভেনিউ মিনস আনুয়াল রেভেনিউ ফিক্সড বাই পার্টিকুলার অ্যাসেসিং অথরিটি, দ্যাট মাস্ট বি অ্যানুয়াল রেভেনিউ, ২/৩ বছর মিলে দেয় খাজনা বা পার্ট, পার্ট, করে দেয় তা নয়, রেভেনিউ মিনস হোয়াটএভার ইজ লফুলি payable by a raiyat under this provisions of this Act in respect of his land holding এর সঙ্গে অ্যানুয়াল কথাটা রাখা দরকার। আমি খুব জোরের সঙ্গে বলতে পারি আপনি বিচার

করে দেখুন রেটেবল ভ্যালু পার একর করা উচিত এবং রেভেনিউ অ্যানুয়ালি পেয়েবল হওয়া উচিত।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আমি এগুলি গ্রহণ করতে পারছি না। আমি খুব মাইনিউটলি প্রত্যেকটি জিনিস ভাল করে বিবেচনা করেছি। আপনি নিজেই ভেবে দেখুন ল্যান্ড হোল্ডিং বলতে টোটাল ল্যান্ডকে বোঝায়, সাম টোটাল বলতে হয় না, সেটা রিডানড্যান্ট হয়ে যায়। তারপর আর এক জায়গায় বলেছেন পার একর, এটার দরকার হয় না। রেভেনিউ কনসেপ্টের মধ্যে অ্যানুয়াল এসে যায়। আপনি ক্লজ ৮(১) দেখুন— এখানে বলা হচ্ছে ইট হ্যাজ বিন specifically stated that revenue shall be levied and collected for every agricultural year.

সুতরাং রেভেনিউ কনসেপ্টের মধ্যে অ্যানুয়াল কথাটা এসে যাচ্ছে।

The motions of Shri Sasabindu Bera that — in clause 2(c), in line 2, after the words "class of lands" the words ascertained on the basic of how such lands are normally utilised", be inserted.;

in clause 2(g), line 1, for the words "total land of every description" the words "the sum total of lands of all decriptions" be substituted.

in clause 2(1), in line 1, after the words "rateable value" the words "per acre" be inserted.

in clause 2(o), in line 1, after the word "payable" the word "annually" be inserted.; and

in clause 2(p), in line 2, after the words "amount of" the word "annual" be inserted., were then put and lost.

The motion of Shri Birendra Kumar Maitra that in clause 2(g), in line 2, after the word held by a raiyat "the words" excluding homes tead lands increasing up to .50 acres be inserted was then put and lost The motion of Shri Krishna Das Roy that in clause 2 (g), in line 2, after the words "held by raiyat" the words "excluding homestead land be incerted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

## Clause 3

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that in clause 3(1), line 2, for the words "a board to be called the State Rating Board" the words. "A State Rating Board called that Board be substituted.

এই ক্লজ টিতে ভাষাগত গোলমাল আছে, সেটা একটু ভেবে দেখবেন। দি স্টেট গভর্নমেন্ট শ্যাল বাই নোটিফিকেশান constitute the Board to be called the State Rating Board. আমি এটা বলছি এ বোর্ড টু বি কল্ড দি স্টেট রেটিং বোর্ড এটা হবে না, এটা হবে এ স্টেট রেটিং বোর্ড কল্ড দি বোর্ড। আপনি ডেফিনিশানটা দেখুন, ডেফিনিশানে

আপনি বোর্ডকে ডিফাইন করেছেন )The Board means the State Rating Board constituted under section 3.

আর ক্লজ থ্রিতে কনস্টিটিউশন অব দি বোর্ড এই দুটোকে যদি এক করেন তাহলে ক্লজ ৩(১) মাস্ট টেক দিস ফর্ম "দি স্টেট গভর্নমেন্ট shall by a notification constitute a State Rating Board just in consonance with 2(c), i. e. "A State Rating Board called the Board." That is my amendment.

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** ঃ না, আমি এই সংশোধনী গ্রহণ করতে পারছিনা।

The motion of Shri Sasabindu Bera that in clause 3(1), line 2, for the words "a Board to be called that State Rating Board" the words "a state Rating Board called the Board" be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 4**

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 5**

**Mr. Deputy Speaker :** There are amendments to clause 5 by Shri Sasabindu Bera viz., amendment Nos. 10 and 11.

**Shri Sasabindu Bera :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that in clasue 5(a), lines 2 to 4, for the words beginning with "on the basis of" and ending with "as may be prescribed" the words "which shall be determined in such manner as may be prescribed and which shall be as far as practicable the approximate average income per year per acre of land from the principal crop or crops in case of areas comprising agricultural lands and such income from the principal source or sources in case of areas comprising land of other classes" be substituted.

Sir, I also beg to move that in clause 5(c), lines 4 and 5, for the words "the same for consideration of the State Rating Board" the words"to the Board for its consideration a report of such rateable value for the area" be substituted.

[4-50— 5-00 P.M.]

ক্লজ ৫ এতে আমার দুটো অ্যামেন্ডমেন্ট আছে, অ্যামেন্ডমেন্ট নম্বার টেন এবং অ্যামেন্ডমেন্ট নম্বর ইলেভেন, অ্যামেন্ডমেন্ট টেনে আমি অ্যাসেসমেন্ট এর প্রিন্সিপল ব্যাপারে বলেছি সাবক্লজ (a) তে আছে assess the rateable value or values for the area or areas within the region — এই রেটেবল ভ্যালু অ্যাসেস করবে টেন পারসেন্ট অব মার্কেট ভ্যালুর উপর, এখানে আমরা এতক্ষণ যে নীতির জন্য লড়াই করছি, সেই নীতির উপর

ভিত্তি করে অ্যাসেসমেন্ট করা উচিত বলে মনে করি। এই বেসিস হবে which shall be determined in such manner as may be prescribed and which shall be as far as practicable the approximate average income per year per acre of land from the principal crop or crops in case of areas comprising agricultural lands and such income from the principal source or sources in case of areas comprising land of other classes যে নীতির কথা বললাম গ্রহণ করবেন না সে সম্বন্ধে প্রশ্ন নাই, কিন্তু পরের যে অ্যামেন্ডমেন্ট নম্বর ইলেভেন, সেই অ্যামেন্ডমেন্ট নম্বরেতে ক্লজ ৫(সি) এর শেষ অংশে the same for consideration of the State Rating Board. এর পরিবর্তে to the Board for its consideration a report of such rateabel value for the area. এটা করতে চাই, এটার বোধ হয় গুরুত্ব আছে, এটা আপনি ভেবে দেখেছেন কিনা জানিনা। এখানে রিজিওনাল বোর্ডের কাজ হচ্ছে to consider the objections received by it and after causing such enquiry as may be necessary, determine the rateable value which may be fixed for each area and submit the same—submit the same means what ? For consideration of the State Rating Board ? এখানে সেম দিচ্ছেন কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় আপনি পরের ক্লজটা দেখুন ক্লজ ৫(সি) এর সঙ্গে মিলিয়ে পরের ক্লজ ৬ বলছে The Board on receipt of the report of the rateable value of an area. কোথায়? এই রিপোর্টের কথা উল্লেখ আছে নাকি আগে? এটা ৫(সি) তে থাকা উচিত ছিল এটার সঙ্গতি রাখবার জন্যই, এতে কোনও অর্থগত পরিবর্তন হচ্ছেনা, ৫(সি) আমাদের সংশোধন করা দরকার। দাঁড়াবে তাহলে 'A Regional Board, shall consider the objections received by it and after causing such enquiry as may be necessary, determine the rateable value which may be fixed for each area and submit to the Board for its consideration the report of the rateable value for the area. দি সেম্ বলতে রেটেবল ভ্যালু বোঝাচ্ছে কোথাও কি এর পূর্বে রিপোর্ট কথাটার উল্লেখ করেছেন? কোনও রিপোর্টের কথা আছে নাকি এখানে? —আপনারা কোথাও তা দেননি। সেজন্য ক্লজ ৬ এর সঙ্গে সঙ্গতি রাখার জন্য আমার অ্যামেন্ডমেন্ট, সো দ্যাট দি ওয়ার্ড রিপোর্ট কামস্ ইন ক্লজ ফাইভ, এটা সংশোধন করা দরকার। এই রিপোর্ট কথাটা যদি উল্লেখ করেন তবে ক্লজ সিক্স-এর রিপোর্ট কথাটির সঙ্গে সঙ্গতি থাকে, তা নাহলে ক্লজ সিক্স-এর রিপোর্ট এর যে কথা বলেছেন এখানে কোনও সঙ্গতি থাকে না। এই জন্য আমার এই অ্যামেন্ডমেন্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ। খাজনা যখন রেশানালাইজ করতে যাচ্ছেন বিলটা রেশন্যালাইজ করুন। আশা করি এই অ্যামেন্ডমেন্ট টা গ্রহণ করবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এটা গ্রহণ করতে পারছি না।

The motions of Shri Sasabindu Bera that -

in clause 5(a), lines 2 to 4, for the words beginning with "on the basis of" and ending with "as may be prescribed" the words "which shall be determined in such manner as may be prescribed and which

shall be as far as practicable the approximate average income per year per acre of land from the prinicpal crop or crops in case of areas comprising agricultural lands and such income from the principal source or sources in case of areas comprising land of other clauses" be substituted, and in clause 5(c), lines 4 to 5, for the words "the same for consideration of the State Rating Board" the words " to the Board for its consideration as report of such rateable value for the area" be substituted, were then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 6

**শ্রী শশবিন্দু বেরা :** Sir, I beg to move that in clause 6, line 10, for the words "such findings" the words "decision on any report submitted by a Regional Rating Board" be substituted. Sir, I also beg to move that in clause 6, in line 11, after the words "to do so," the words" hold enquires, and shall" be inserted. এখানে স্যার, আমার একই কথা যেটা আমি আগেই বলেছি। ক্লজ সিক্স এ রিসিভিং রিপোর্ট প্রসঙ্গে বলেছি—আগে কোনও রিপোর্ট এর কথা নেই। এখানে ক্লজ সিক্স এর ইন লাইন টেন, পরের পৃষ্ঠায় দ্বিতীয় লাইন দেখুন বিফোর অ্যারাইভিং এট এ্যনি সাচ ফাইনডিং আছে। কিন্তু হোয়ার ইজ দি ফাইনডি? কোথায় ফাইনডিং আছে? কোনও ফাইনডিং বলে কথা নাই। ভাল করে পড়ে দেখবেন ফাইনডিং বলে কিছু নাই। এই ফাইনডিং আসলে ডিসিসন অন এ্যনি রিপোর্ট সাবমিটেড বাই এ রিজিওন্যাল রেটিং বোর্ড এই সামঞ্জস্য রাখবার জন্য আমার সংশোধনীতে আমি বলেছি 'সাচ ফাইনডিং' এর পরিবর্তে এই কথাটা বসান 'ডিসিশান অন এ্যনি রিপোর্ট সাবমিটেড বাই এ রিজিওন্যাল রেটিং বোর্ড'। তাহলে সেনটেন্সটা অর্থবহ হবে। তাহলে দাঁড়াবে বিফোর এ্যরাইভিং এট এ্যনি ডিসিসন অন এ্যনি রিপোর্ট সাবমিটেড বাই এ রিজিওনাল রেটিং বোর্ড। প্র্যাকটিকালি ইউ উইল সি ফাইনডিং এর পরিবর্তে ডিসিশন। এই ওয়ার্ড হওয়া উচিত বিফোর অ্যারাইভিং এট এ্যনি সাচ ডিসিসন দি স্টেট রেটিং বোর্ড মে ইফ ইট থিংক নেসেসারী টু ডু সো, এই টি হবে। এর পরেই আমি যোগ করতে চাই টু হোল্ড এনকোয়ারি —এখানে টু ডু সো হোল্ড এনকোয়ারি অ্যান্ড শ্যাল— এই কথাগুলি যোগ করবার কথা বলেছি। আমার বক্তব্য যদি প্রয়োজন মনে করেন তাহলে তারা এনকোয়ারি করবেন। এবং যদি কোনও রিপ্রেজন্টটেশন ইন রাইটিং হয়, তাহলে শ্যাল কনসিডার দি রিপ্রেজেন্টেশন ইন রাইটিং। কোনও রিটিন রিপ্রেজেন্টেশন যদি আসে সেটাকে অবশ্যই তাদের কনসিডার করতে হবে। এনকোয়ারিতে তাদের অপশন থাকবে। কিন্তু যদি রিটিন রিপ্রেজেন্টেশন আসে তাহলে সেই রিটিন রিপ্রেজেন্টেশন তাদের নেসেসারিলি কনসিডার করতে হবে। এটাই এখানে আমার বক্তব্য। এই হচ্ছে আমার ১২/১৩ নম্বর অ্যামেন্ডমেন্ট। এই অ্যামেন্ডমেন্ট আশাকরি বিচার করবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আপনি খুব অভিজ্ঞ লোক। আপনি জানেন যে কোন শব্দ ব্যবহার করতে হবে তার প্রত্যেকটির ডেফিনেশন থাকবে। আর কিছু শব্দ আবার সেটা

রুলসে হবে। আবার রুলস যখন হবে তখন আবার প্লেস করতে হবে। যেমন ফাইনডিং কথা রিপোর্ট কথার যদি আগে না থাকে তাহলে পরে আসবে না।

The motions of Shri Sasabindu Bera that —

in clause 6, line 10, for the words "such finding", the words"decision on any report submitted by a Regional Rating Board" be substitute.

in Clause 6, in line 11, after the words "to do so", the words "hold enquires, and shall" be inserted, were then put and lost.

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 7

The question that clause 7 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 8

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that in clasue 8(1), line 3, for the word "every" the word "the" be substituted.

**Shri Benoy Krishna Chowdhury :** I accept the amendment.

[5-00— 5-10 P.M.]

**শ্রী শশবিন্দু বেরা :** Sir, I beg to move that in clause 8(2), lines 2 to 6 the item (a) with the dash (-)preceding it and the bracketed letter (b) following clause ber omitted. অ্যামেন্ডমেন্ট ১৪ টি অ্যাকসেপ্ট করেছেন। মন্ত্রী মহাশয় আগেই বলেছেন আমার ক্লজ ৮ এর ১৪নং অ্যামেন্ডমেন্ট উনি গ্রহণ করলেন সেজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। ধন্যবাদ দিচ্ছি আমার নিজের জন্য নয়, বিলের জন্য, বিলের ভাগ্য ভাল বলতে হবে। এবার আমার অ্যামেন্ডমেন্ট নম্বর ১৫, এখানে ক্লজ ৮(২)তে দেখছি Notwithstanding anything contained in sub-section (1) the revenue shall not be levied or collected —in a case where the total rateable value of a land holding of a raiyat does not exceed five thousand rupees. এটা এখানে কেন রেখেছেন আমাকে বলতে পারেন? আপনার শিডিউলে ইট ইজ স্পেসিফিকেলি মেনসেন্ড যে রেটেবেল ভ্যালু ৫ হাজার টাকা পর্যন্ত যেখানে land is being exempted from any kind of revenue. তাহলে আপনি কেন এই দুই নম্বর সাব্ ক্লজে এই 'এ' অংশটা রেখেছেন? revenue shall not be levied in a case where the total rateable value of a land holding does not exceed Rs. 5,000/- এটা রিডান্ডান্ট, ইউসলেস। আপনারা যেটা বললেন জানিনা রুলে এটা সংশোধন করবেন কিনা, না করলেও অবশ্য ক্ষতি নেই। নিন বা নিন এটা আমার নজরে এসেছে, আমি রাখলাম এটাকে বাদ দিয়ে দেওয়া উচিত ইট ইজ অ্যাবসুলুইটলি রিডান্ডান্ট। সেইজন্য আমার প্রপোজল কালেকটেডেট-এর পর ড্যাস থেকে (এ) গোটা বাদ দিয়ে (বি)টা বাদে (বি) আইটেমের বাক্বি সবটা বিলের সাব ক্লজ টুর সঙ্গে অ্যাড হয়ে যাবে।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** : আপনার এই ১৪টি নেওয়ার পর আবার ১৭টা নেব। Shri Shamsuddin Ahomad : Sir, I beg to move that in clause 8(1), in line 4, after the words " Land holding of Raiyat" the words "excluding the share possessed by a Bargadar" be inserted এইজন্য বলছি যে আমি ল্যান্ড ওনার, ২৫ পারসেন্ট প্রডিউসের মালিক হচ্ছি, থ্রি-ফোর্থ হচ্ছে বর্গাদারের। সুতরাং এখানে বর্গাদার সহ হিসাব করতে হবে। এটাই হচ্ছে আমার কথা।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** : এটা একটু ভাল করে বুঝুন। এর ইমপ্লিকেশনটা যদি না বোঝেন তাহলে আপনাদের জানাশুনা খুব ভাল আইনজ্ঞের কাছে যান। আপনারা যেটা সাবস্টিটিউট করছেন তাতে কোনও কিছুর উপর ল্যান্ড ওনারশিপ কি দেবেন? বলুন যদি রাজি হন তাহলে ওনারশিপ করে দিই, রাজি আছেন? কথাটা বুঝে বলুন। সেইজন্য ওটা হয়না। কি কৈফিয়ত আছে, কোনওদিন যেখানে বর্গাদারদের উপর খাজনা ছিলনা সেই জায়গায় বামফ্রন্ট সরকার এসে নূতন করে বর্গাদারদের উপর খাজনা বসাবে? রেকর্ড মানে বুঝে নিন রেকর্ড অব রাইট অব কালটিভেশন। এটা বুঝে বলুন। সেইজন্য অনেক সময় হয় কি, না বুঝেই বলেন। আপনারা দেখুন বাপুলি মহাশয় বুঝতে পেরেছেন বলেই হাসছেন।

The motion of Shri Sasabindu Bera that in clause 8(1), line 3, for the word "every" the word "the" be substituted, was then put and agreed to.

The motion of Shri Sasabindu Bera that in clause 8(2), lines 2 to 6 the item (a) with the dash (-) preceding it and the bracketed letter (b) following clause be omitted, was then put and lost.

The motion of Shri Shamsuddin Ahamad that in clause 8(1), in line 4, after the words "Land holding of a raiyat" the words "excluding the share possessed by a Bargadar" be inserted, was then put and lost.

The question that clause 8, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

## Clause 9

The question that clause 9, do stand part of the Bill, was then put and agreed to.

## Clause 10

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that -in clause 10(1), lines 5 and 6 the words "stating the total land" be omitted,

in clause 10(3) lines 2 to 4 the words beginning with "determined in accordance" and ending with "sub-section (1)" be omitted,

in clause 10(4), line 2, for the word "date" the word "time" be substituted,

in clause 10(5). in line 3. after the word "return" the words". if he is required to do so in accordance with the provisions contained in sub-section (1). " be inserted.

in clause 10(5). line 3. for the word "with" the word "to" be substituted,

in clause 10(6). in line 4. after the words "other assessing" the words "authority or" be inserted.

in clause 10(7). line 2. for the word "every" the words "comprising an area of four acres or more, and the area of his land holding has been reduced to less than four acres by such charge." be substituted.

in clause 10(10). line 2 after the words "assessing authority" the word "concerned" be substituted. in clsuse 10(10). line 3 for the words "it may require the" the words "or where a return has been filed by a raiyat. but the concerned authority has reason to believe that such return is incorrect or incomplete. such assessing authority shall require such" be substituted.

in clause 10(10). in line 4. after the word "return" the words "or a revised and corrected and completed return. as the case may be." be inserted.

মিঃ ডেপুটি স্পিকার স্যার, ক্লজ নং ১০এ আমার অনেকগুলো অ্যামেন্ডমেন্ট আছে, ক্রম নাম্বার ১৬ টু নাম্বার ২৫। এর মধ্যে নাম্বার ১৭ মাননীয় মন্ত্রী মহাশয় অ্যাকসেপ্ট করেছেন— একথা জানিয়েছেন। আমি অন্যগুলো সম্বন্ধে আমার বক্তব্য রাখব। আমার অ্যামেন্ডমেন্ট নাম্বার ১৬তে আমি বলেছি, clause 10(1). lines 5 and 6 the words "stating the total land" be omitted. এখানে কি আছে? এখানে আছে, In every case where the extent of the land holding of a raiyat is 4 acres or more such raiyat shall. within sixty days from the appointed day furnish to the assessing authority a return of his land holding stating the total land. Why total land ? ল্যান্ড হোলডিং বলতেই টোটাল ল্যান্ড বোঝায়। তাই তো এটা সুপারফ্লুয়াস হয়। This is absolutely redundant and useless —"stating the total land". এটা রাখবার প্রয়োজন নেই। বরাবর এই বিলের মধ্যে একজন রায়তের ল্যান্ড হোলডিং বলতে তার টোটাল ল্যান্ডকেই মিন করেছে। আমি ডেফিনেশন সংশোধন করতে চেয়েছিলাম, কিন্তু সেটা গ্রহণ করেন নি। কিন্তু অন্যত্র পরিষ্কার বলেছেন। আবার এখানে এটা বলার দরকার কি? ল্যান্ড হোলডিং বলতে টোটাল ল্যান্ডকেই বোঝাবে। কাজেই এইটুকু বাতিল করতে বলেছিল। এটা সুপারফ্লুয়াস। অলঙ্কার হিসাবে যদি রাখতে চান মন্ত্রী মহাশয় রাখুন, আপত্তি করবার কিছু নেই। তাতে জনসাধারণের খুব বেশি যাবে আসবে না।

ধন্যবাদ মন্ত্রী মহাশয় যে তিনি আমার ১৭ নম্বর অ্যামেন্ডমেন্ট বিলের স্বার্থে জনসাধারণের স্বার্থে গ্রহণ করেছেন।

[5-10— 5-20 P.M.]

আমার ১৮নং অ্যামেন্ডমেন্টে আমি ডেট -এর বদলে টাইম করতে বলেছি বিলটাকে র‍্যাশনালাইজ করবার জন্য। কারণ sub section (1) এ 'sixty days' টা 'date' নয় 'time'.

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** টাইম, পিরিয়ড এগুলি ইনডেফিনিট শব্দ—ডেট বললে স্পেসিফিক বোঝায়।

**শ্রী শশবিন্দু বেরা :** এবারে হচ্ছে অ্যামেন্ডমেন্ট নাম্বার নাইনটিন। এখানে রয়েছে, where the land holding of a raiyat is located within the jurisdiction of two or more assessing authorities, he shall furnish the return. আমার অ্যামেন্ডমেন্টে এর সঙ্গে কিছুটা যোগ করে বলেছি—he shall furnish the return if he is required to do so in accordance with the provisions contained in sub-section(I), i.e. if he has four acres or more of land in total. এ না হ'লে কম জমির জন্যও রিটার্ন দিতে হয়। এরকম থাকলে জিনিসটা ক্লিয়ার হত।

তারপর, অ্যামেন্ডমেন্ট নাম্বার টুয়েনটি। এখানে আমি বলছি উইথ-এর পরিবর্তে টু বসাতে। ফার্নিশ- এর পরে এক্ষেত্রে উইথ হয় ব'লে আমি জানিনা, টু-টাই সঠিক হয় এবং সেইজন্যই আমি বলেছি ফার্নিশ টু সাচ অথরিটি করতে।

তারপর , অ্যামেন্ডমেন্ট নাম্বার টুয়েন্টি ওয়ান। আমি এখানে যা বলেছি, সেটা নাথিং হার্মফুল। আপনি বলেছেন অ্যাসেসিং অথরিটিস্। আমার মনে হয় আপনি সাব ক্লজ ৫এ যা করেছেন, তা ক'রতে এখানে ওভারলুক করেছেন। আমি বলেছি এখানে আপনি অ্যাসেসিং অথরিটি অর অথরিটিস্ করুন। where the extent of the land holding of a raiyat within the jurisdiction of each assessing authority is the same এই যে, assessing authority —how many'.

দেখুন সাব-ক্লজ ফাইভে বলেছেন, two or more assessing authorities — under two or more assessing authorities—it has been accepted by you. Where the extent of land holding of such raiyat within the jurisdiction of each authority is the same. কিন্তু There may be two, three, four or five authorities. এবং যদি সেম এরিয়া অব ল্যান্ড হয় দি রায়ট শ্যাল ফার্নিশ টু এনি ওয়ান অফ দি অথরিটিস্—আপ টু দ্যাট ইট ইজ অলরাইট—এরপর আছে উইথ ইন্টিমেশন টু আদার অথরিটিস্, বাট দেয়ার মে বি ওনলি ওয়ান আদার অথরিটি লেফট, ইফ দি ল্যান্ড ইজ উইদিন দি জুরিসডিকশন অব টু অথরিটিস্। আমি এই কারণেই এখানে অথরিটি অর অথরিটিস্ করতে বলেছি। এবারে হচ্ছে অ্যামেন্ডমেন্ট নাম্বার টুয়ান্টিটু। ক্লজ ১০(৭) এ রয়েছে Whenever there has been any change in the land holding of any raiyat every such raiyat shall, within sixty days from the commencement of the agricultural year following the year in which such change has taken place, furnish a fresh return in the prescribed form...এখানে ল্যান্ড হোল্ডিং —এ চেঞ্জ হচ্ছে সেটা বিলো ফোর একরস, অর অ্যাবাভ ফোর একরস্, অর ইকোয়াল টু ফোর একরস্ সেটা জানা দরকার।

আর একটা কথা এই প্রসঙ্গে বলতে চাই যে এর আগে সাবক্লজ থ্রিতে আপনি বলেছেন, যেখানে ল্যান্ড হোলডিংটা বেড়ে যাচ্ছে সেখানে রিটার্ন তাকে দিতে হবে। আমি এখানে বলছি, land holding of any raiyat comprising an area of 4 acres or more তাতে যখন চেঞ্জ হচ্ছে, আমি গোটাটা পড়ে যা করা দরকার বলছি— whenever there has been any change in the land holding of a raiyat comprising an area of four acres or more, and the area of his land holding has been reduced to less than four acres by such change, he will also have to submit a return. যেমন ল্যান্ড হোল্ডিং বেড়ে গেলে তাকে রিটার্ন দিতে হবে—সেখানে যার ৪ একরের বেশি ল্যান্ড হোল্ডিং ছিল তার তো আপনাদের খাতায় নামই আছে। সেখানে ৪ একর থেকে যদি কমে যায় তাহলে তার একটা রিটার্ন সাবমিট করা উচিত্‌ যাতে অ্যাসেসিং অথরিটি অথবা রেভিনিউ কালেকটিং অথরিটি সেটা জানতে পারেন। এটা করা উচিত সকলেরই স্বার্থে এবং সেই হিসাবে এই ২২ টা প্রয়োজনীয়।

তারপর ২৩নং সংশোধনী এই ক্লস ১০(১০), আপনার সাবক্লজের সিরিয়াল নাম্বারগুলি চেঞ্জ করে নেবেন, সেগুলি ঠিক নেই। where no return has been filed by a raiyat and in the opinion of the assessing authority আমি এখানে এই অ্যাসেসিং অথরিটির পর একটা 'কনসার্নড' কথা দেবার দরকার আছে বলে মনে করি। এত খুঁতখুঁতে আপনারা নন, এখানে আপনারা যাবেন না সেজন্য ভাবছি না কিন্তু পরের অ্যামেন্ডমেন্ট ২৪ এ ক্লস ১০(১০)এ থার্ড লাইনে it may require the " এই কথাগুলিব পরিবর্তে এইকথাগুলি আমি দিতে চাই or where a return has been filed by a raiyat but the concerned authority has reason to believe that such return is incorrect or incomplete such assessing authority shall require such. আপনি ক্লস ১১(২) লক্ষ্য করবেন। সেখানে প্রভিসন রেখেছেন যে যখন রিটার্ন পাচ্ছেন না তখন অ্যাসেসিং অথরিটিকে পাওয়ার দেওয়া হয়েছে—I don't know whether it will be excessive power or not যে তিনি তাঁর বিচার মতো অ্যাসেসমেন্ট করবেন। ক্লস টেন-এ প্রভিসন রেখেছেন যে যেখানে রিটার্ন দেওয়া হচ্ছে না সেখানে অ্যাসেসিং অথরিটি রিটার্ন কল করবেন। it is very kind of the Government যে রিটার্ন দেয় নি বা দিতে পারছে না তার কাছে আবার চাইবেন উইদাউট পেনালাইজিং হিম। it is a very good provision. কিন্তু যে রিটার্নে ভুল থেকে যাচ্ছে— যেমন তিনি মনে করছেন রিটার্ন যে দেয়নি তার রিটার্ন দেওয়া উচিত, একইভাবে তিনি যদি মনে করেন এটা ভুল হয়েছে সংশোধিত রিটার্ন দেওয়া উচিত —ক্লস ১১তে প্রভিসন রেখেছেন যে রিটার্ন যদি না দেয় বা কোথাও যদি ভুল থাকে তাহলে অ্যাসেসমেন্ট তিনি করবেন— assessment on his own discretion or judgement, whatever it may be আমার কথা হচ্ছে, আপনি রিটার্ন কল করার প্রভিসন রেখেছেন অ্যাসেসিং অথরিটির মাধ্যমে। ক্লস ১১ মিন করছে ইভেন আফটার দ্যাট রিটার্ন না এলে তখন তিনি বাধ্য হয়ে আউট অব ওন জাজমেন্ট আসেসমেন্ট করবেন।

[5-20— 5-30 P.M.]

আমার মনে হয় একই রূপ ব্যবস্থা থাকা উচিত ক্লজ ১০(১০) এতে। এখানে প্রভিসন রেখেছেন অ্যাসেসিং অথরিটি যিনি রিটার্ন দেন নি রিটার্ন দেওয়ার জন্য তাকে কল করবেন। যদি ভুল রিটার্ন কেউ দেন, তাঁকেও কারেক্ট করবার জন্য কল করবার স্কোপটা অথরিটিকে দেওয়া উচিত। অ্যাসেসিং অথরিটি সেই ভুলটার সংশোধিত সঠিক রিটার্ন গ্রহণ করবেন। ক্লজ ১০-তে ঐ ফাঁকটা থেকে যাচ্ছে। যিনি রিটার্ন দেন নি তার কাছে রিটার্ন কল করবেন, ভুল রিটার্ন দিলে তা কারেক্ট করবার জন্য ব্যবস্থা থাকা প্রয়োজন। সেইজন্য আমার এই সংশোধনী। এই বিধান থাকা দরকার। তা না হলে হবে না। এই সংশোধন না করে যদি বিলটি সেটল করেন তাহলে আবার অ্যামেন্ডমেন্ট আনতে হবে।

আমার ২৫নং অ্যামেন্ডমেন্ট আছে। সেটা কিছুটা টেকনিক্যাল ব্যাপার। ক্লজ ১১(১) এ আছে—where a return is furnished under section 10, the assessing authority shall examine the return and make such enquiry as it considers necessary, and if it is satisfied that the particulars mentioned therein are correct and complete it shall, by order, in writing, make the assessment and determine the amount of revenue payable by the raiyat, রিটার্ন ফাইল করতে বলবেন। এখানে রিটার্নের ক্ষেত্রে আমি আগে বলেছি or where a return has been filed by a raiyat which is incorrect or incomplete সেখানেও নোটিশের বিধান থাকবে। তাহলেই রিটার্নের সব প্রভিসন থেকে যাবে। সেইজন্য আমি আমার ২৫নং অ্যামেন্ডমেন্টে এই কথা বলছি যে or revised and corrected return as the case may be. আমার ২৪নং অ্যামেন্ডমেন্টের সঙ্গে সামঞ্জস্য রেখেই এটা করেছি। এর পর আমার ২৬নং অ্যামেন্ডমেন্ট আছে। এখানে মেনশন্ড দেয়ার ইন এর পরিবর্তে ইন দি রিটার্ন বসাতে বলছি। এটা রাখলে ভাল হয়। তবে মেনশন দেয়ার ইন রাখলেও চলে যাবে। আমি পরে বলব। আগে অ্যামেন্ডমেন্টটা মুভ করি।

**Shri Birendra Kumar Moitra :** Sir, I beg to move that in Clause 10, line 2, for the words "Four Acres or more" The words" more than five acres," be substituted. মাননীয় মন্ত্রী মহাশয়কে আমরা ধন্যবাদ দিচ্ছি যে তিনি আমাদের কিছু কিছু অ্যামেন্ডমেন্ট গ্রহণ করেছেন। অবশ্য ওনার কাছ থেকে এটা আমরা আশা করি। ওনারা ঠিক বুঝতে পারছেন না যে এই বিলের বিরোধিতা করার ইচ্ছা আমাদের নেই। আমরা চাই না বড় লোকরা ফাঁক পড়ুক । আমরা চেয়েছিলাম ন্যায্য জিনিসটা হোক। আমার একটা অ্যামেন্ডমেন্ট আছে। আমি ঐ চার একরের জায়গায় ৫ একর করতে বলেছিলাম। ৫ একরের থেকে রিটার্ন দেবে। আমার যে এলাকা সেখানে কোনও জায়গার দাম তিন হাজার টাকার বেশি নয়। আপনাদের অফিসাররা বললেন যে ১২ হাজার টাকারও নাকি জমি আছে। আমি বিঘার কথা বলছি। যদি থাকে আমার কোনও আপত্তি নেই। কিন্তু আপনাকে চিন্তা করতে বলছি, আজকে যদি না হয় এর পরে চিন্তা করে দেখবেন। আমি গাজোল এলাকার কথা বলছি, যদি ৫ একর জমি কারোর থাকে —তাদের ১৫ বিঘা জমির দাম ৭।। হাজার, ১০ হাজার টাকা তারা যেন পায়, সেখানে লোকগুলোর যেন হয়রানি না হয়। এখানে কাকে কতখানি রিটার্ন দিতে হবে, সেই ব্যাপারে সুবিচার পাওয়ার উপায় নেই কারণ আপনাদের দপ্তরে কাগজ পত্র সব স্তুপাকার হয়ে পড়ে রয়েছে, জে.এল.আর.ও অফিস থেকেও এত ডিল

করার সময় ভেবে দেখবেন, যে এলাকার রেটটা বেশি হবে না, সেখানে রিটার্ন দাখিল যাতে না করতে হয়, এই রকম একটা কিছু করা যায় কিনা দেখবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় সদস্য শশবিন্দু বেরা মহাশয় যা বললেন, সেটার প্রভিসন আছে ১১(২)তে -" if no return is furnished by any raiyat liable to furnish such return or if the assessing authority has reason to believe that the return furnished by a raiyat is incorrect or incomplete, the assessting authority shall make the assesment to the best of its judgment. এটা বলা আছে।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** আমি এটার রেফারেন্সে বলেছিলাম, ইনকরেক্ট রিটার্ন হলে, রিটার্ন কারেক্ট করে দেওয়ার জন্য কল করা ভাল। নোটিশ দিয়ে আর্বিট্রারিলি অ্যান্ড জুডিশিয়ালি অ্যাসেসমেন্ট করে দেওয়া উচিত। আশা করি এটা পরে সংশোধিত আকারে আনবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** অক্সফোর্ড ডিকশনারীতে দেখলাম শশবিন্দু বাবু যে ব্যাপারটা বলেছেন,—ডিকশনারীতে ফার্নিশ উইথ আছে, এখানে ফার্নিশ টু হবে না।

The motion of Shri Sasabindu Bera that in clause 10(3), lines 2 to 4 the words beginning with "determined in accordance" and ending with sub-section (1)" be omitted, was then put and agreed to.

The motion of Shri Sasabindu Bera that—

in clause 10(1), lines 5 and 6 the words "stating the total land" be omitted.

in clause 10(5), in line 3, after the word "return" the words", if he is required to do so in accordance with the provisions contained in sub-section(1)," be inserted.

in clause 10(5), line 3, for the word "with" the "to" be substituted.

in clause 10(6), in line 4, after the words "other assessing" the words "authority or" be inserted.

in clause 10(7), line 2, for the word "every" the words "comprising an area of four acres or more, and the area of his land holding has been reduced to less than four acres by such charge," be substituted.

in clause 10(10), in line 2, after the words "assessing authority the word "concerned"be inserted.

in clause 10(10), line 3, for the words "it may require the" the words "or where a return has been filed by a raiyat, but the concerned authority has reason to believe that such return is incorrect or incomplete, such assessing authority shall require such" be substituted.

in clause 10(10), in line 4, after the word "return" the words "or a revised and corrected and completed return, as the case may," be inserted, were then put and lost.

The motion of Shri Birendra Kumar Maitra that in clause 10, line 2, for the words "Four Acres or more" the words "More than five acres" be substituted, was then put and lost.

The question that clause 10, as a mended, do stand part of the Bill was then put and agreed to.

## Clause 11

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that in clause 11(1), line 4, for the words "mentioned therein" the words "furnished in the return" be substituted.

I also beg to move that in clause 11(1), line 6, the words "and determine the amount" be omitted.

I also beg to move that in clause 11(2), lines 4 to 7, for the words begninning with "the assessment" and ending with "such raiyat" the words and commas", to the best of its judgement in such manner as may be prescribed, the assessment of revenue, payable by such raiyat" be substituted.

মন্ত্রী মহাশয় পূর্বে যে কথা বললেন, সেটির সম্বন্ধে আমার একটুখানি বক্তব্য আছে। কোথা থেকে ডিকশনারী নিয়ে এসে মন্ত্রী মহাশয় ফার্নিশ উইথ আছে বললেন জানি না, সো ফার অ্যাজ মাই নলেজ গোজ যদিও আমার জ্ঞান খুবই কম, আমি যে টুকু জানি, তা হচ্ছে ফার্নিশ এরপর কোথাও টু এবং কোথাও উইথ হয়। পার্সন উইথ সামথিং, ফার্নিশ সামথিং টু এ পার্সন হয়। বিলের মধ্যে ব্যবহার ফার্নিশ সামথিং টু এ পার্সন দ্যাট 'টু' হ্যাজ বিন ইউজ্‌ড এভরি হোয়ার এল্‌শ্‌ ইন্‌ দিস্‌ বিল। ইন দিস পারটিকুলার কেস, ইউ ক্যান্ট ডিভিয়েট। ইট ইজ টু বি ফার্নিশ টু এ পার্সন, এখানে ফার্নিশ উইথ হবে না। ইফ আই অ্যাম রং ট্রাই টু গেট মি করেক্টেড। এই 'উইথ' আপনাকে কে দেখিয়ে দিয়েছেন ডিকশনারীর পাতা খুলে আপনার হাতে দিয়ে?

[5-30— 5-40 P.M.]

in clause 11(1), line 4, অ্যামেন্ডমেন্ট নং ২৬ এর for the words, "mentioned therein" the words furnished in the return" be substituted. পশ্চাৎ সম্পর্ক রক্ষা করবার জন্য ওটা দিয়েছিলাম। বেশি বক্তৃতা রাখতে চাই না। তারপর আমার অ্যামেন্ডমেন্ট নং ২৭ in clause 11(1) line 6, the words "and determine the amount". এইকথাগুলি বাদ দিতে বলেছি, একথাগুলি রিডানডেন্ট নিষ্প্রয়োজন, অর্থহীন

এবং থাকা উচিত নয়। এখন এখানে কি আছে, where a return is furnished under section 10, the assessing authority shall examine the return and make such enquiry as it considers necessary, and if it is satisfied that the particulars mentioned therein are correct and complete, it shall, by order in writing , make the assessment and determine the amount of revenue payable by the raiyat. আছে। আপনার যে, অ্যাসেসিং অথরিটি তার যে ডিউটি তাতে, ক্লজ ৯ এ আছে he shall make the assessment of revenue. Making the assessment is the complete part of the business. After this business is done assessment is done. Assessment of revenue means determining the amount of revenue. এটা বাদ দেওয়া উচিত। আমি তাই বলেছিলাম একটা অর্থ গত বৈষম্য থেকে যাবে যেন দুটো আলাদা কাজ বোঝাবে। মেক্ দি অ্যাসেসমেন্ট অফ্ রেভিনিউ কাজটা অ্যাসেসিং অথরিটি করতে পারে। এটা করলেই, ডিটারমিনিং দি এমাউন্ট অব রেভিনিউ হ'য়ে গেল। অ্যান্ড ডিটারমিন দি অ্যামাউন্ট, এটা থাকবার দরকার নেই, এটা থাকলে বিলের অঙ্গহানী কিছুটা ঘটবে। বেশি কিছু না হলেও। কাজেই আমি ২৭নং অ্যামেন্ডমেন্ট দিয়েছি। সুতরাং ইট স্যুড বি, " মেক্ দি অ্যাসেসমেন্ট অফ্ রেভিনিউ"।

এরপর ২৮নং অ্যামেন্ডমেন্টের ক্লজ ১১(২)-এর লাইন ৪ টু ৭ for the words begining with "the assessment"and ending with "such raiyat" the words and commas", to the best of its judgement in such manner as may be prescribed, the assessment of revenue payable by such raiyat" be substituted. কথাটা বুঝতে বলছি। এখানে কি আছে? ১১(২), এতে আছে if no return is furnished by any raiyat liable to furnish such return or if the assessing authority has reason to believe that the return furnished by a raiyat is incorrect or incomplete, the assessing authority shall make the assessment to the best of its judgement in such manner as may be prescribed and determine the amount of revenue payable by such raiyat.

শেষ অংশটুকুর পরিবর্তন করে এর বদলে যা দিতে বলছি তাতে দাঁড়াবে— The assessing authority shall make to the best of its judgement in such a manner or any be prescribed the assessment of revenue payable by such raiyat... এখানেও এই অ্যাসেসমেন্ট অফ্ রেভিনিউ অন্ড ডিটারমিনেশন অফ্ অ্যামাউন্ট অব রেভিনিউ এগুলিতে কনফিউশন থেকে যাচ্ছে। আমি আগেই এপ্রসঙ্গে বলেছি অ্যাসেসমেন্ট অব রেভিনিউ থাকলেই যথেষ্ট। ডিটারমিনেশন অফ রেভিনিউ রাখার দরকার নেই। এবং সেইজন্য আমি এই অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আমি অ্যামেন্ডমেন্ট নং ২৬, ২৭ এবং ২৮ সম্পর্কে বক্তৃতা শেষ করেছি এবং মন্ত্রী মহাশয়কে এগুলি বিবেচনা করতে বলছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনার ঐগুলি আমি শুনেছি, কিন্তু নেওয়া যাচ্ছে না।

The motions of Shri Sasabindu Bera that in clause 11(1), line 4, for the words "mentioned therein" the words "furnished in the return", be substituted,

that in clause 11(1), line 6, the words "and determine the amount" be omitted,

that in clause 11(2), lines 4 to 7, for the words beginning with "the assessment" and ending with "such raiyat" the words and commas", to the best of its judgement in such manner as may be prescribed, the assessment of revenue payable by such raiyat", be substituted, were then put and lost.

The question that clause 11 do stand part of the Bill, was then put and agreed to.

**Clauses 12 and 13**

The question that clauses 12 and 13 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 14**

**Shri Ashoke Bose :** Sir, I beg to move that in clause 14,—

(1) in line 6-7, for the words "rateable value", the word "revenue"be substituted;

(2) in line 12, the word "is" be omitted;

(3) in the table, in column (1),—

(a) for item (a), the following item be substituted :-

"(a) exceeds rupees five thousand, but does not exceed rupees six thousand",

(b) for item (b), the following item be substituted :-

"(b) exceeds rupees six thousand, but does not exceed rupees ten thousand",

(c) for item (c), the following item be substituted :-

"(c) exceeds rupees ten thousand".

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that in clause 14, in the underlined lines 1 and 2, for words "the rateable value" the words "the amount of revenue in arrear" be substituted.

Sir, I also beg to move that in clause 14, in the underlined line 5, the words "or any part thereof" be omitted.

Sir, I also beg to move that in clause 14, in item (a) of the table, for the amount "1,000" the amounts and words "Rs. 10,000 but exceeding Rs. 5,000" be substituted.

Sir, I also beg to move that in clause 14, in item (b) of the table

for the amounts and words "up to Rs. 5,000 but exceeding Rs. 1,000" the amounts and words "exceeding Rs. 10,000" be substituted.

Sir, I also beg to move that in clause 14, item (c) of the table be omitted.

মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, সরকার পক্ষ যতটা যত্ন করে বিলটি পড়েছেন বলেছেন আমার মনে হয় ঠিক ততটা যত্ন করে পড়েন না। আমি বলেছিলাম যে আগামীকাল অর্থাৎ আজ আমি কিছু সংশোধন আনব এবং আমি যে সংশোধন আনব তাতে সরকার পক্ষের উন্নাসিকতা থাকবে এবং তাঁরাই আমার সংশোধনী কে নিয়ে সংশোধন আনবেন। আমি এই ক্লজ ১৪তে দেখছি সরকার পক্ষ সেইরকম কিছু অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন কিন্তু তারা যেভাবে সংশোধন নিয়ে এসেছেন সেটাও সম্পূর্ণ গ্রহণযোগ্য নয়। আমার ২৯ নাম্বার অ্যামেন্ডমেন্ট দেখে বিল যে ভুল আছে সেটা সরকারপক্ষ বুঝতে পেরেছেন। তাঁরা বুঝতে পেরেছেন পেনালটি ইমপোস করার ব্যাপারে কি ভুল থেকে গেছে। ক্লজ ১৪টা পাতা উল্টে দেখুন, তাতে আছে, এ সাম কালকুলেটেড অন দি বেসিস অফ সাচ পারসেন্ট অব দি রেটেবেল ভ্যালু এটা সিলেক্ট কমিটিতে যাওয়ার আগে বিলে ছিল, সেটাই থেকে গিয়েছে— এটা আমি সংশোধন করতে বলেছি -রেটেবেল ভ্যালু নয়, এর পরিবর্তে অ্যামাউন্ট অফ রেভেনিউ ইন এরিয়ারস— আমার এই সংশোধনী গ্রহণ করতে মন্ত্রী মহাশয় রাজি হননি। কাজেই সরকার পক্ষ থেকে সংশোধনী নিয়ে এসেছেন শ্রী আশোক বোস মহাশয়, আমি যেটা বলেছি অ্যান অ্যামাউন্ট অফ রেভেনিউ ইন এরিয়ারস— করতে হবে কারণ এটা না হলে পার্থক্য এসে যাবে, পেনালটি, রেটে। এ সাম কালকুলেটেড on the basis of such percent, on the rateable value. as may be determined "by the Assessing authority...। ইন অ্যাকোর্ডেন্স উইথ দি ফলোইং টেবল সেই টেবিলে দেখা যাচ্ছে যে সাচ পারসেন্ট অফ হোয়াট? নট এনি রেটেবল ভ্যালু বাট রেভেনিউ ইন এরিয়ার। আমি সেইজন্য রেটেবল ভ্যালুর পরিবর্তে অ্যান অ্যামাউন্ট অফ রেভেনিউ ইন এরিয়ার এই কথাটা বসাতে বলেছিলাম। সরকার পক্ষ থেকে অ্যামাউন্ট অফ রেভেনিউ দিয়েছেন। কাজেই বিরোধী পক্ষের এই সংশোধনী প্রস্তাব বাতিল করে তার পরিবর্তে আর একটি সংশোধনী সরকারের নেওয়ার ফলটা কি হচ্ছে? আমার আপত্তি নেই, আমার সংশোধনীর পরিবর্তে যদি সরকার পক্ষের সংশোধনী নিয়ে এসে গ্রহণ করা হয়, এতে আমাদের কোনও ক্ষোভ নেই। কিন্তু আমি যে সংশোধনী রেখেছিলাম দ্যাট ওয়াজ কারেক্ট। কারণ আপনি যদি দেখেন পরের পৃষ্ঠায় সেখানে ক্লজ ১৪তে যেখানে পেনালটি কিভাবে ডিটারমাইন করার ব্যবস্থা আছে? a sum calculated on the basis of such per cent of the rateable value as may be determined by the assessing authority in accordance with the following table. আগের বিলের টেবলে এটা ছিল। কিন্তু দেখুন, সাচ পারসেন্ট অফ দি রেভিনিউ এটা সরকারপক্ষ থেকে দিয়েছেন। কিন্তু আমার যেটা সাচ পার সেন্ট অফ দি অ্যামাউন্ট অফ রেভিনিউ ইন এরিয়ার— এটা সরকারপক্ষ রাখতে চান না তার পরিবর্তে পার সেন্ট অফ দি রেভিনিউ করছেন নট পার সেন্ট অফ দি রেভিনিউ ইন এরিয়ার। আপনি যদি মনে করেন তাহলে সরকার পক্ষের প্রস্তাব গ্রহণ করুন। কিন্তু তাতে ভুল থেকে যাবে।

[5-40— 5-50 P.M.]

সুতরাং দেখুন সাচ পারসেন্ট অফ রেভিনিউ আপনাদের সরকার পক্ষ দিয়েছেন সাচ পারসেন্ট অফ দি রেভিনিউ, আমি বলছি যে 'রেভিনিউ' নয়, রেভিনিউ ইন এরিয়ার হবে। রেভিনিউ বলছে না। নেকস্ট (এ)টা দেখুন লেস দ্যান ফাইভ পারসেন্ট অ্যান্ড নট মোর দ্যান টেন পার সেন্ট অফ দি অ্যামাউন্ট অব রেভিনিউ ইন এরিয়াও আছে কাজেই আপনি যদি টেবিলের সঙ্গে সামঞ্জস্য রাখতে চান আপনি সরকারি আইন সংশোধন করে সরকারি প্রস্তাবটা গ্রহণ করুন। এটা করুন রেটেবল ভ্যালুর পরিবর্তে রেভিনিউ নয়, রেভিনিউ ইন এরিয়ার কথাটা জুড়তে হবে। না হলে ভুল হবে, কারণ টেবিলে যে পারসেন্টেজের কথা বলা আছে not less than five per cent and not more than 10 per cent of the amount of revenue in arrear. it will be the per centage of the revenue in arrear but not the per centage of the amount of the revenue. অ্যামেন্ডমেন্ট অফ গভর্নমেন্ট তার অ্যামেন্ডমেন্ট দরকার। স্যার, তা না হলে টেবিলের সঙ্গে সংগতি থাকবে না।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** দেখেছি, অশোকবাবুরটা নিলেই হবে। আপনি যেটা বলতে চেয়েছেন সেটা যদি অশোকবাবুর যে অ্যামেন্ডমেন্টটা নেওয়া হচ্ছে সেটাতেই হবে, অথচ আপনি বলছেন যে ইনকমপ্লিট থাকছে, তা হচ্ছে না।

**শ্রী শশবিন্দু বেরা :** রেভিনিউ ইন এরিয়ার করে দেন। না রেভিনিউ ইন এরিয়ার করছেন কিনা এটাই জানতে চাচ্ছি। করছেন না, অথচ আপনার টেবিলের সঙ্গে ইন অ্যাকরডেনস উইথ দি টেবিল হচ্ছে? টেবিলে বলছে রেভিনিউ ইন এরিয়ার অথচ অ্যামাউন্ট অফ দি রেভিনিউ ইন এরিয়ার করছে না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আমি এরিয়ার নিচ্ছি।

**শ্রী শশবিন্দু বেরা :** আমার টা নিতে হবে না, অশোকবাবুর টা সংশোধন করে গ্রহণ করুন। আই শ্যাল বি স্যাটিসফায়েড। while rationalising the vent system, please rationalise the bill itself. এরপরে আমার অ্যামেন্ডমেন্ট নং ৩২, ৩৩ প্র্যাকটিকালী এই অ্যামেন্ডমেন্ট আসলে দেখিয়ে দেওয়া যে বিলটি সিলেক্ট কমিটিতে আপনারা যখন রিড্রাফট করেছেন তাতে কি মারাত্মক ভুল করেছেন এবং সরকার পক্ষ এর জন্য পরিপূর্ণভাবে দায়ী। এই বিলের মধ্যে কত ভুল থেকে গেছে আপনারা বা আপনাদের ডিপার্টমেন্ট সেদিকে দৃষ্টি দেননি। চূড়ান্ত ভুল নিয়ে এসেছিলেন। তখন এই বিলে কি ছিল? আপনাদের ৫০০০ টাকা সীমা করে দিচ্ছেন তার নিচে যাদের রেটেবল ভ্যালু হবে তাদের রেন্ট দিতে হবেনা করে দিচ্ছেন, শিডিউল ইন দি বিল, তাতে। এখানে যখন পেনালটির ব্যবস্থা করছেন আনরিকভারড্ রেভিনিউ এর ক্ষেত্রে, সেখানে ৫০০০ টাকা পর্যন্ত যার রেটেবল ভ্যালু হবে তাকে পেনালটি দিতে হবে করেছেন। যেখানে রেন্ট চার্জ হবেনা, পেনালটি চার্জ হবে। অদ্ভুত ব্যাপার ছিল, এটা ছিল বলেই আমি সাহস করে বলেছিলাম যে আপনারা বিল পড়েন নি। জোর ক'রে বলেছিলাম আপনাদের সংশোধনী প্রস্তাব আনতে হবে। আমাদের সংশোধনী প্রস্তাব নেবেন না? তাতে কিছু যায় আসেনা। আমি আশা করব সরকারপক্ষ এটা নিজেই সংশোধন করে নেবেন। বিল আনার সময় এরকম গুরুত্বপূর্ণ ভুলের কথা ভাবেন না। আমি আশা করব

তাঁদের ডিপার্টমেন্ট, পিছন থেকে যাঁরা ডিকশনারী দেখাচ্ছেন তাঁরা যত্ন করে বিলগুলি নির্ভুলভাবে নিয়ে আসবার চেষ্টা করবেন। তবে আরও একটি কথা আছে অনেকবার এদের সঙ্গে আলোচনা করে মন্ত্রী মহাশয় এরিয়ার রেভিনিউ কথা রাখলেন, রেভিনিউ ইন এরিয়ার রাখলেন না, কিন্তু আমার আর একটা কথা আপনি নিজে বলুন ঐ টেবিলে in the case of any land holding of a raiyat total rateable value of which is. হঠাৎ সরকার পক্ষ থেকে এই ইজ টা ওমিট করার জন্য কেন অ্যামেন্ডমেন্ট এলো বলুন তো ইজ টা বাদ দেবেন ইজ বাদ গেলে অর্থ হয়না, আপনি কাইন্ডলি পড়ে দেখুন সরকার পক্ষ থেকে একটা অ্যামেন্ডমেন্ড এসেছে, এই যে হুইচ ইজ in the case of any land holding of a raiyat total rateable value of which is এই ইজ ছিল, সেই ইজ টাকে ওমিট করে দিয়ে কি অবস্থায় নিয়ে এলেন? ইজ ছিল ঠিকই ছিল এই ইজ ওমিট করে দিয়ে আপনারা ভুল করলেন. In the case of any land holding of a raiyat total rateable value is ইজ টা ছিল এবং দ্যাট ওয়াজ কারেক্ট। কেন ওমিট করছেন তাও বলছি। শিডিউলে কি আছে। সেখানে প্রেজেন্টেশনটা অন্য রকম। সেখানে ইজ নেই। না থাকাই ঠিক সেখানে আছে of revenue on land holding সে ক্ষেত্রে বলেছেন in the case of any land holding etc. সেখানে ইজ নেই। কাজেই এখান থেকে ইজ তুলে দিয়েছেন, এটা ঠিক নয়। অ্যামেন্ডমেন্ট না মুভ করতে পারেন কিন্তু এখানে ইজটা বিলের মধ্যে থাকা উচিত। ক্লজ ১৪ সরকার পক্ষের অন্য অ্যামেন্ডমেন্টগুলি গৃহিত হচ্ছে বলে আমার পারপাস ফুলফিলড হয়েছে। কিন্তু এই ইজ্ বাদ দেওয়ায় ভুল থেকে গেল।

**Mr. Deputy Speaker :** I now put the amendments to vote.

The motion of Shri Ashoke Bose that in clause 14,—

(1) in line 6-7, for the words "rateabel value", the words "arrear revenue" be substituted ;

(2) in line 12, the word "is" be omitted ;

(3) in the table, in column (1), —

(a) for item (a), the following item be substituted :—

"(a) exceeds rupees five thousand, but does not exceed rupees six thousand",

(b) for item (b), the following item be substituted :—

"(b) exceeds rupees six thousand, but does not exceed rupees ten thousand",

and

(c) for item (c), the following item be substituted :—

"(c) exceeds rupees ten thousand", was then put and agreed to.

The motions of Shri Sasabindu Bera that —

in clause 14, in the underlined lines 1 and 2, for the words "the rateable value" the words "the amount of revenue in arrear" be substituted,

in clause 14, in the underlined line 5, the words "or and part thereof" be omitted,

in clause 14, in item (a) of the table, for the amount "Rs. 1,000" the amounts and words "Rs. 10,000 but exceeding Rs. 5,000" be substituted,

in clause 14, in item (b) of the table for the amounts and words "up to Rs. 5,000 but exceeding Rs. 10,000" the amounts and words "exceeding Rs. 10,000" be substituted,

in clause 14, item (c) of the table be omitted, were then put and lost.

The question that clause 14, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 15

The question that clause 15 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 16

**Shri Sasabindu Bera** : Sir, I beg to move that—

after sub-clause (2) of clause 16 the following new sub-clause be inserted—

"(2A) An appeal against the decision in an appeal under sub-section (1) shall lie with the District Judge of the district concerned.",

in clause 16(4) (a), line 1, the word, "enhance" be omitted,

in clause 16(6), in line 3, after the words "assessing authority" the words "in such manner as may be prescribed" be inserted.

**Shri Birendra Kumar Moitra** : Sir, I beg to move that proviso to clause 16 be omitted.

**শ্রী শশবিন্দু বেরা** : ক্লজ ১৬, আমার ৩৪, ৩৫, ৩৬ এই ৩টি অ্যামেডমেন্ট আছে। ৩৪ নং এ সাবক্লজ ২ এর পর একটা নিউ সাব ক্লজ ইনসার্ট করবার কথা বলছি। ক্লজ ১৬এ অ্যাপিলের প্রভিসন আছে। রায়ত অ্যাগ্রিভড হলে অ্যাপেলেট অথরিটির কাছে অ্যাপিল করতে পারবে। মূল বিলে এস, ডি, ও ইত্যাদি ছিল। এস, ডি, ও অর to any officer

not below the rank of a deputy collector — এরা এ্যাপেলেট অথরিটি ছিলেন। এখানে অ্যাপেলেট অথরিটি কে হবে সেটা বলে দিচ্ছেন সাব ক্লজ ২তে (2) An appeal shall lie to any officer superior in rank to the assessing authority এখানেই অ্যাপিল খতম হয়ে যাচ্ছে কারণ এর পর আর কোনও অ্যাপিলের প্রভিসন থাকছে না। এই ব্যবস্থা রয়েছে এই বিলে। এটা অত্যন্ত অন্যায়। রেভিনিউ সংক্রান্ত ব্যাপারে উপরিতম শিডিউলে অ্যাপিলের ব্যবস্থা থাকা উচিত। স্টেট গভঃ এর অ্যাডমিনিস্ট্রেশন বা জুরিসডিকশনের উপর ক্ষমতা বেশি দেওয়া থাকলে দুর্নীতি হয় এবং ন্যায় বিচার হয় না। এই কারণে বলছি অ্যাপিলের প্রভিসন থাকা উচিত এবং সেই হিসাবে সাব ক্লজ ২(এ) এই নূতন সাব ক্লজ দিতে চাইছি —যাতে বলেছি An appeal against the decision in an appeal under subsection (2) shall lie with the District Judge of the district concerned.

[5-50— 6-00 P.M.]

অর্থাৎ ডিসট্রিকট জজ পর্যন্ত অ্যাপিল করা যাবে এ প্রভিসন থাকা উচিত। সিভিল ম্যাটারে একটা সুপিরিয়ার জুডিসিয়াল অথরিটির জুরিসডিকশন থাকা উচিত অ্যাপিল করবার ব্যাপারে এরপর আমার অ্যামেন্ডমেন্ট নং ৩৫। সাবক্লজ (4)(a)তে in disposing of any appeal the appellate authority may confirm. reduce. enhance or annual assessment of revenue or penality. কি বিধান আছে? in disposing of any appeal may reduce or enhance. কি করতে পারেন—এনহান্স করতে পারেন. রিডিউস করতে পারেন , আমার সংশোধনী in disposing of any appeal may confirm the penality or reduce it — enhance টা বাদ দিতে হবে। এটা কি ভাবে এসেছে জানিনা। ক্রিমিনাল জুরিসডিকশন যদি হয় তা হলে ক্রিমিনাল কোর্টে ফাইন বা জরিমানার পরিমাণ ইত্যাদি উপরে গিয়ে বেড়ে যেতে পারে। কিন্তু সিভিলে যে অ্যাপেলেন্ট তার যে প্রেয়ার তার বাইরে কোনও রিলিফ সিভিল কোর্ট দিতে পারে বলে জানি না। কাজেই সেখানে কোনও রায়ত তার রেভিনিউ বেশি হয়ে গেছে ইত্যাদি অভিযোগ নিয়ে. যে প্রভিসন আছে তিনি অ্যাপিল করবেন। যে নেসেসারিলি তাঁর অ্যাপিলে প্রেয়ার হবে টোটাল অ্যামাউন্ট অফ রেভিনিউ পেনালটি বেশি হয়ে গেছে. এটা কমাতে হবে এই যে তার প্রেয়ার এই প্রেয়ারের বাইরে এটাকে বাড়াবার কোর্টের কোনও ক্ষমতা আছে কিনা জানিনা। কাজেই এখানে আমি বলছি এনহান্স কথাটা বাদ দিন। এনহান্স করার স্কোপ অ্যাপেলেন্ট অথরিটির নেই। ৩৫ অ্যামেডমেন্ট রিডিউস করতে পারেন এনহান্স করতে পারেন যে বিধান রেখেছেন সেখানে এনহান্স কথাটা বাতিল করে দেওয়া উচিত।

এরপর আমার অ্যামেন্ডমেন্ট ৩৬ ক্লজ ১৬(৬) এ আছে An appellate authority shall. on an appeal being disposed of. send a copy of its order to the appellant and the assessing authority. অ্যাপেলেট অথরিটি ঠিক করলেন কোর্টে ডিসপোজাল হয়ে গেল send a copy of the order to the appellant and the assessing authority my amendment is just to help the Government here Please add "in such manner as may be prescribed." There is nothing

harmful in it. এবার তিন কপি পাঠাবেন এর সঙ্গে আমি বলছি in such manner as may be prescribed. এটা যোগ করুন। এটা না থাকলে কিভাবে পাঠাবেন সেটা প্রেসক্রাইব করে দেবেন, আপত্তির কিছু নেই- এটা থাকলে ভাল হত । এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আপনি বিচক্ষণ ব্যক্তি, প্রিন্সিপল এর দিকটা আপনি বুঝবার চেষ্টা করুন। প্রথম হচ্ছে এই যে জাস্টিসের নাম করে কোর্টে আপিলের প্রভিসন রাখার কথা বলা হচ্ছে এটা সমস্ত জায়গায় বিশেষ করে ল্যান্ড ম্যাটারের ক্ষেত্রে নাইন্থ শিডিউলের কথা কেন উঠেছে? সেটা আমরা আনিনি, ১৯৬৯ সালে চিফ মিনিস্টারদের যে কনফারেন্স হয় সেই কনফারেন্সে আলোচনা করে, প্ল্যানিং কমিশন তাঁরা এথেকে এটা ঠিক করেন যে ল্যান্ড ম্যাটারের প্রতিটি ক্ষেত্রে, প্রোগ্রেসিভ লেজিসলেশনের ক্ষেত্রে যদি কোর্ট দিয়ে বাধা সৃষ্টি করা হয় তাহলে মুশকিল হবে। সেজন্য ১৯৭২ সালের এগজিসটিং ল্যান্ড রিফর্মস অ্যাক্টএর ১৪(এক্স) দেখুন, এটা যখন করেন তখন সেন্টারে কারা ছিলেন, এখানে কারা ছিলেন সব বুঝে দেখুন। পরবর্তীকালে দেখবেন প্রফেসর রাজকৃষ্ণ, প্ল্যানিং কমিশন তাঁরা সারা ভারতবর্ষে ল্যান্ড রিফর্মস ইম্পলিমেন্টেড হচ্ছে না, বাধা কোথায় সে সম্বন্ধে আলোচনা করতে গিয়ে দেখেছেন প্রত্যেকটা কোর্টে হাজার হাজার কেস পড়ে আছে। এই সমস্ত দেখে ল্যান্ডের ব্যাপারে, প্রোগ্রেসিভ লেজিসলেশনের ব্যাপারে অ্যাপিলের প্রভিসনে বলেছি সুপিরিয়র ইন অথরিটি যা করছি তার চেয়ে হায়ার অথরিটি যেন না হয়, তাহলে সেটা বাধার সৃষ্টি করবে এটা একটা প্রিন্সিপলের ব্যাপার, আপনি এটা চিন্তা করে দেখবেন। সেন্ট্রাল গভর্নমেন্ট, প্ল্যানিং কমিশন এবং দীর্ঘ ৩২ বছরের ল্যান্ড ম্যাটারে সমস্ত অভিজ্ঞতার ভিত্তিতে এই জিনিসটা এসেছে। সেজন্য এই কথাটা বলেছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** কোর্টে সামারি ট্রায়ালের ব্যবস্থা করা যাবে কিনা বলুন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** আপনি অনেক দিন আছেন, আপনি জানেন সিভিল ল-তে কতদিন লাগে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ১৬নং আপনি বললেন ওটা অ্যাকসেপ্ট করবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** ভাল করে চিন্তা করে দেখলাম ডিফিকাল্টি আছে অ্যাকসেপ্ট করার পক্ষে ।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** রেটেবল ভ্যালু ফিক্স করবেন অথচ অ্যাপিলের প্রভিসন কোথাও থাকছে না। রেটেবল ভ্যালু এ্যাকসেপ্ট করার প্রভিসন থাকল, অ্যাপিলের প্রভিসন যদি না থাকে তাহলে সে কোথায় যাবে? আপনি তারজন্য একটা ট্রাইবুনাল করতে পারতেন। দ্বিতীয় কথা হচ্ছে বড়লোক যারা আছে তারা হাইকোর্টে ২২৬ করে যাবে, কিন্তু গরীব লোকের পক্ষে সেটা সম্ভব হবে না। এরিয়াটা যদি একটা হোল ডিস্ট্রিক্ট হয়ে যায় তাহলে হোল ডিস্ট্রিক্টের মধ্যে ইনজাসটিস হতে পারে। তার যদি বিচার করার ব্যবস্থা না থাকে তাহলে অবিচার হবে।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরী ঃ** এরিয়া রেটিং বোর্ডের এগেনস্টে অ্যাপিলের প্রভিসন আছে স্টেট রেটিং বোর্ডে। ইনডিভিজুয়াল যদি অ্যাগ্রিভড ফিল করে তারজন্যও প্রভিসন আছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** স্টেট রেটিং বোর্ডে অ্যাপিল করার প্রভিসন আছে কিন্তু স্টেট রেটিং বোর্ডের ডিসিসন যদি রং হয় তা হলে সেটা ক্যানসেল করার কোনও প্রভিসন নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** প্রিন্সিপ্যালি আপনি আমার সঙ্গে এগ্রি করবেন যে যখন অ্যাসেসমেন্ট করছে এগজিকিউটিভ অফিসার তখন অ্যাপিলেট অফিসারস যদি এগজিকিউটিভ অফিসার থেকে হয় তাহলে ঠিক জাসটিস পাওয়া যায় না। ঠিক জাসটিস পেতে গেলে জুডিসিয়্যাল মাইনডেড লোককে অ্যাপিলেট অথরিটি না করলে অ্যাসেসমেন্টের এগেনস্টে অ্যাপিলটা পারফেক্ট হবে না। যে রিলিফ লোকে চাচ্ছে, আপনি ভেবে দেখুন, সিভিল প্রোসিডিওরের কথা বলছেন, সিভিল প্রোসিডিওর কোডএর কয়েকটি ধারা অ্যাপ্লিকেবল হবে, কয়েকটি ধারা অ্যাপলিকেবল হবে না, সেটা ঠিক করে দেবেন অ্যাট দি টাইম অব মেকিং রুলস, প্রোসিডিওর উইল বি দেয়ার।

[6-00— 6-10 P.M.]

প্রসিডিওর কি হবে দ্যাট ইজ ইন দি বিল অ্যান্ড ইন দি রুলস দ্যাট ক্যান বি ডান। কিন্তু অ্যাপিলেট অথরিটি যদি সিভিল -কে দেন অর্থাৎ মুনসিফ—কে দেন তাহলে জাসটিস্ হয়। আমি আশা করি আপনি এটা একবার ভেবে দেখবেন।

**Shri Benoykrishna Chowdhuru :** It is stated here that "Before arriving at any such finding, the State Rating Board may, if it thinks necessary to do so, consider any representation in writing that may be made to it, and may give any interested raiyat an opportunity of being heard on the correctness or otherwise of the rateable value for any area determined by a Regional Board."

**শ্রী শশবিন্দু বেরা :** সেক্সন ইলভেন-এর পর তো অ্যাপিলের প্রশ্ন আসছে।

The motions of Shri Sasabindu Bera that after sub-clause (2) of clause 16 the following new sub-clause be inserted —"(2A) An appeal against the decision in an appeal under sub-section (1) shall lie with the District Judge of the district concerned". and

that in clause 16(4)(a), line 1, the word, "enhance" be omitted, and

that in clause 16(6), in line 3, after the words "assessing authority" the words "in such manner as may be prescribed" be inserted, were then put and lost.

The motion of Shri Birendra Kumar Moitra that provise to in clause 16, be omitted, was then put and lost.

The question that clause 16 do stand part of the Bill was then put and agreed to.

## Clause - 17

**শ্রী শশবিন্দু বেরা :** স্যার, I beg to move that in clause 17, line 1, the words "or an appellate authority" be omitted. অ্যাসেসমেন্টের ক্ষেত্রে কোনও বোনাফাইড মিস্টেক করেকশন করবার ব্যাপারটা এখানে রয়েছে। এখানে রয়েছে অ্যান অ্যাসেসিং

অথরিটি অর অ্যান অ্যাপিলিয়েট অথরিটি অন ইটস্ ওন মোশন মে, অ্যাট এনি টাইম, করেক্ট এনি বোনাফাইডি মিসটেক ইন দি এ্যাসেসমেন্ট। আমার বক্তব্য হচ্ছে অ্যাপিলিয়েট অথরিটির অন ইটস্ ওন মোশন কোনও মিস্টেক করেক্ট করবার কোনও স্কোপ নেই। ক্লজ সিক্সটিন - এ অ্যাপিলিয়েট অথরিটি কে হবেন একথা বলবার সময় বলা হয়েছে, যে, অ্যাপিলিয়েট অথরিটি উইল বি সাম অফিসার সুপিরিয়র ইন দি র‍্যাঙ্ক টু দি অ্যাসেসিং অথরিটি। অফিসার ইন সুপিরিয়র র‍্যাঙ্ক টু দি অ্যাসেসিং অথরিটি, এনি পার্সন মে বি দি অ্যাপিলিয়েট অথরিটি অ্যাজ এ সুপিরিয়র অফিসার অব দি ডিপার্টমেন্ট, সুপিরিয়র ইন দি র‍্যাঙ্ক টু দি অ্যাসেসিং অথরিটি। অ্যাসেসিং অথরিটির অন হিজ ওন মোশন করেকশন করবার স্কোপ থাকলেও when any afficer is the appellate authority he has no scope of making correction on his own motion. তার স্কোপ অব জাজমেন্ট কতটুকু, না ইফ অ্যান অ্যাপিল কেস ইজ বিফোর হিম on the basis of the appeal case he can take some decision. He can make some revision or correction on the basis of the application before him কিন্তু অ্যাজ অ্যান অ্যাপিলিয়েট অথরিটি কোনও বোনাফাইডি মিস্টেক করেক্ট করবার কোনও স্কোপ তার নেই। অ্যাপিল কেস ডিল করার বাইরে তার অন্য কিছু করণীয় নেই।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এটা নেওয়া গেল না।

The motion of Shri Sasabindu Bera that in Clause 17, line 1, the words "or an appellate authority" be omitted was then put and lost.

The question that clause 17 do stand part of the Bill was then put and agreed to.

**The Clauses 18 to 27 :**

The question that clauses 18 to 27 do stand part of the Bill was than put and agreed to.

**Shri Dinesh Majumder :** Sir, I beg to move that provise to the schedule be omitted.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** স্যার, দীনেশ বাবু খুব নিঃশব্দে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন। এখানে কি অসুবিধা ছিল তিনি বললেন না।

**মিঃ ডেপুটি স্পিকার :** উনি যদি কিছু না বলেন তা হলে আমি কি করতে পারি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** স্যার, আমি যেটা দিয়েছি সেটা উনি অ্যাকসেপ্ট করছেন না। যেখানে আমি বলেছি "Provided that the revenue payable shall in no case exceed half the amount by which the total rateable value exceeds Rs. 5,000 and shall be subject to sub-section(2) of section 8".

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** এটা হিসাব করে দেখা গেছে সেটা হতে পারে না। যে জিনিসের আদৌ হওয়ার সম্ভাবনা নেই সে জিনিস হতে পারে না।

The motion of Shri Dinesh Mazumdar that Provise to the schedule be omitted, was then put and agreed to.

The question that the schedule, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to move that the West Bengal Land (Farm Holding) Revenue Bill, 1978, as settled in the Assembly, be passed.

[6-10 — 6-20 P.M]

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি আমাকে এই বিলটি সম্পর্কে আমার মন্তব্য রাখবার জন্য আমাকে সুযোগ দিয়েছেন, আমি সত্যিই একজন কৃষক এবং কৃষকের রক্তেই আমার জন্মভূমি সম্পর্কে যে সমস্ত কথা এই বিলের মধ্যে আছে, ইংরাজ আমলের কথা তুলতে গেলে, মোঘল আমলের কথা তুলতে গেলে আর এই নূতন জমিদার আমাদের কংগ্রেস ২২ বৎসর ছিল তারা কোনওদিন একটা কম্প্রিহেনসিভ বিল মোটামুটি ল্যান্ড রেভিনিউ এর উপর আনতে পারেনি। একটা জিনিস তারা এনেছিলেন যে একগুন, দু'গুন, তিনগুন খাজনা বাড়িয়েছেন, ঐ নামে মাত্র এনেছিলেন তার কোনও রকম ব্যবস্থা করেননি। এই বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের কাজের জন্য এখানে এসেছেন, আমাদের ভূমিপ্রাণ, ভূমি দরদী, মানুষের উপর যার দরদ আছে এমন একজন রাজস্বমন্ত্রী যে অত্যন্ত সীমাবদ্ধ অবস্থার মধ্যে একটা নূতন ল্যান্ড রেভিনিউ করার জন্য চেষ্টা করছেন। আমি একজন প্রবীণ কৃষককর্মী হিসাবে এখন পর্যন্ত বুঝতে পারলাম না যে আমার দীর্ঘদিনের সাথী ও বন্ধু , সহকর্মী হিসাবে আমরা ছিলাম, শশবিন্দু বেরা মহাশয়, তাঁকে আমি নিশ্চয়ই তাঁর পান্ডিত্যের জন্য, তিনি যে সমস্ত কথা বললেন আমি তার প্রশংসা করি, কিন্তু একটা কথা জিজ্ঞাসা করি তিনি যে সাধারণ মানুষের হাতে ক্ষমতা দেবার জন্য শপথ গ্রহণ করে এতক্ষণ ধরে যাদের স্বার্থ রক্ষা করার জন্য ইন, বাট, টু, ইট, ইত্যাদি কেটে কেটে লালে লাল করে দিয়েছেন, আমি জানতে চাই, অত্যন্ত বিনয়ের সঙ্গে জানতে চাই, আমি তাঁকে কোনও রকম ছোট করতে চাইনা, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি একজন আইনজ্ঞ, এতক্ষণ আইনের কচকচানি হয়েছে, আমি সামান্য এক জন সাধারণ কৃষক, কৃষিজীবী কর্মী হিসাবে ভূমির সমস্যার সঙ্গে যুক্ত, আমি একটা কথা জিজ্ঞাসা করছি, আচ্ছা কত পারসেন্ট লোকের উপকারের জন্য কথা বলছেন, কি করে বললেন যে গরিবরা হাইকোর্টে যাবে কি করে। হিন্দিতে একটা কথা আছে যে গেহু কা সাত্ তিসি পেষাই হোতাই হ্যায়, অনেক গেহু যখন পেষাই করা হয় তখন তার মধ্যে দু'একটি তিসি থাকতে পারে। সেইজন্য এই সমস্ত বড় বড় জোতদার জমিদাররা যখন হাইকোর্টে যাবে তখন তাদের সঙ্গে দু'এক জন গরিব লোকও যেতে পারে একথা চিন্তা করেই বামফ্রন্ট সরকার এটা গ্রহণ করেছেন। বীরেনবাবু বললেন যে গরীবরা হাইকোর্টে যাবে কি করে। কোন শ্রেণীর গরিব তারা? এখানে ভূমিহীন আছে,

ক্ষেত মজুর আছে, প্রান্তিক চাষী আছে, অত্যন্ত দরিদ্র আছে, এরা আমাদেব জনসংখ্যার প্রায় ৮০ ভাগ। এই ৮০ ভাগ যদি চলে যায় তাহলে আর থাকছে ২০ পারসেন্ট। এবারে ঐ যে ১০ পারসেন্ট যাদের কথা আমি বলছি, যাদের ঐ ৫ হাজার, ১০ হাজাব এর উপর হলে রেটেবেল ভাল্ হবে তাহলে আরও ১০ পারসেন্ট লোক বেরিয়ে যাচ্ছে। বাকি থাকছে ঐ বিগ জমিদার্স অ্যান্ড জোতদার্স ১০ পারসেন্ট তাহলে আমি মনে করি বামফ্রন্ট সরকারের এই আইন ৯০ পারসেন্ট লোকেব কোনও রকম ক্ষতি হবেনা। যদি হয় তাহেল এই ১০ পারসেন্টের হবে। তাহলে এই সাড়ে ছয় ঘন্টা ধরে এই গরিব কৃষক সমাজের আপনারা কি উপকার করলেন?

আপনারা কি উপকার করেছেন বুকে হাত দিয়ে বলুন। সবচেয়ে বেশি সময় নিয়েছেন আমাদের বন্ধু শ্রী শশবিন্দু বেরা মহাশয়। উনি কি মনে করেন গরিবদের স্বার্থরক্ষার কথা উনি বোঝেন? আমি তো মনে করি, আমি দীর্ঘদিন সেকথা বুঝি। সেইজন্য আমি এই বিলটাকে সম্পূর্ণ সমর্থন করি।

(গোলমাল)

জানি আমার কথা আপনাদের গায়ে লাগবে। আমার মনে হয় আপনারা যেভাবে কাজ করছেন তাতে বলা যায় আপনারা যদি সাধারণ মানুষের ভোট নিয়ে আসতেন এভাবে কাজ করতে পারতেন। আমার মনে হয় আপনারা ১০ পারসেন্ট সাধারণ মানুষের ভোট পান নি, সাত, আট পারসেন্টও পান নি। তা পেলে আজকে এইভাবে বিলটাকে সর্বান্তকরণে সমর্থন না করে এত সময় নানা রকম কচকচানিতে সময় কাটাতেন না। অত্যন্ত ভদ্র অত্যন্ত নিষ্ঠাবান, অত্যন্ত বিনয়ী, বিনয় চৌধুরী মহাশয়, আপনাদের প্রত্যেক শব্দের বিনয়ের সঙ্গে উত্তর দিয়েছেন—এটা আপনারা অস্বীকার করতে পারেন না। আপনারা প্রত্যেকেই তাঁকে বলেছেন।

(ভয়েস ঃ—এইসব কথা কি থারড রিডিংয়ে চলে?)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সেকেন্ড রিডিংয়ে যেসব বক্তার নাম ছিল যাদেরকে আমি বলতে দিই নি, তাদেরকে বলেছিলাম থারড রিডিংয়ে বলতে দেব—সেইজন্য আমি অ্যালাও করেছি।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** আমি এই বিলটাকে সমর্থন করে বলছি। এই বিল সাধারণ মানুষ, গরিব মানুষের জন্য আনা হয়েছে। ভ্যালুয়েশন কিভাবে বাড়ে, তার সমস্ত উৎপাদনী শক্তিকে কিভাবে কাজে লাগানো যায় সেটা নানাভাবে চিন্তা করে—সে সমস্ত সামনে রেখে এই বিলকে একজন সাধারণ মানুষের কর্মী হিসাবে, গরিব-সাধারণ কৃষককে ক্ষমতায় আনার জন্য যে শপথ গ্রহণ করেছি, সেই পরিপ্রেক্ষিতে বিলটাকে সর্বান্তকরণে সমর্থন করি। সমস্ত অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী শশবিন্দু বেরা ঃ** ...On a point of orders, Sir, Is there any scope for opposing any amendment at this stage?

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ সময় ধরে এই গুরুত্বপূর্ণ

বিলটার উপর যে আলোচনা হয়েছে এবং সমস্ত বক্তারাই অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এই বিলটার প্রসঙ্গে যে আলোচনা করেছেন, এর ত্রুটি বিচ্যুতি এবং ভাল দিক নিয়ে আলোচনা করেছেন, তা আমি শুনেছি। এই বিলের মূল উদ্দেশ্য মন্ত্রী মহোদয় বলেছেন যে আমাদের দেশে যে ভূমি ব্যবস্থা এই ভূমি ব্যবস্থা এমন যে এতে সামন্ততান্ত্রিকতার জের আছে। তার থেকে উত্তীর্ণ হয়ে একটা প্রগতিশীল ট্যাক্স ব্যবস্থা প্রবর্তন করা। ভারতবর্ষের কৃষি অর্থনীতি ধনতান্ত্রিক, ভারতবর্ষও ধনতান্ত্রিক দেশ এবং আজেকের পৃথিবীব্যাপি ধনতন্ত্রের সঙ্কটকালে ভারতবর্ষে ক্ষয়িষ্ণু ধনতন্ত্রের উপর নির্ভরশীল যে কৃষি ব্যবস্থা তা স্বভাবতই একটা সমাজব্যবস্থার মধ্যে কোনও প্রগতিবাদী ভূমিকা গ্রহণ করতে পারে না। যেমন করে একসময় পুঁজিবাদী রূপান্তরের ফলে ইউরোপের বিভিন্ন দেশে সমোন্নতি ঘটেছিল। আজকে ভারতবর্ষে তা আসবে না। মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী অবশ্যই সেই ধরনের একটা ব্যাপক আমূল পরিবর্তনের কথা বলতেও চান নি। বর্তমান ব্যবস্থার মধ্যে যেটুকু প্রগতিমূলক কাজ করা যায় সেই দিকে দৃষ্টি রেখে তিনি এই বিল এনেছেন। আমার যতদূর মনে পড়ছে, মাননীয় অর্থমন্ত্রী বলেছিলেন বাজেট অধ্যায়ে যে এই বিলটি যদি পাশ হয়ে যায় তাহলে ১২ কোটি টাকা রাজস্ব বাড়বে এবং গ্রামাঞ্চলে ৭০ ভাগ মানুষকে রাজস্ব দিতে হবে না।

[6-20— 6-30 P.M.]

এই গরিব মানুষ যারা ক্ষুদ্র জমির মালিক তাদের উপর ভূমি রাজস্বের পীড়ন আরও অনেক বাড়বে, তা থেকে অব্যাহতি দেবার জন্য বামফ্রন্ট-এর ৩৬ দফা কর্মসূচিতে এ সম্বন্ধে উল্লেখ ছিল। সেদিকে লক্ষ্য রেখে এই যে বিল আনা হয়েছে, নিঃসন্দেহে গ্রামের মানুষের কল্যাণ করা যে বড় উদ্দেশ্য সেটা পূরণ করবে, বামফ্রন্টের প্রতিশ্রুতি পূরণ করবে। কিন্তু দূর ভবিষ্যতে যারা প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী তাদের এটা কতখানি কল্যাণ করছে সেই প্রশ্ন থেকে যায়। যতদূর এ পর্যন্ত দেখা গেছে ধনতান্ত্রিক আর্থিক সঙ্কটে মুদ্রাস্ফীতি বার বার ঘটেছে এবং সেই লক্ষণ আবার দেখা দিয়েছে, এর ফলে আবার জমির দাম বাড়বে, পশ্চিমবঙ্গের কৃষিতে যারা নিযুক্ত, যারা কৃষির উপর নির্ভরশীল সেই সমস্ত মানুষের উপর চাপ পড়বে এবং যতই চাপ বাড়বে ততই জমির দামও বাড়বে, ফলে ক্ষুদ্র চাষী প্রান্তিক চাষীর উপর পুরো পীড়ন পড়তে বাধ্য হবে। সাধারণভাবে লক্ষ্য যদি করি দেখা যাবে পশ্চিমবাংলার নিম্ন মধ্যবিত্ত মানুষ বামফ্রন্টের ঘনিষ্ঠ সমর্থক হলেও আজকের অবস্থার মধ্যে তারা যেভাবে পর্যুদস্ত হচ্ছে তাতে এবং অন্য ক্ষেত্রেও দেখছি বামফ্রন্টের শিক্ষিত ছেলেরা, বেকার যুবকেরা দেখছে যে তাদের চাকুরির ক্ষেত্রে সীমাবদ্ধ, এর ফলে গ্রামের মধ্যবিত্ত প্রান্তিক চাষী যারা জমির উপর নির্ভরশীল তারা ক্রমশ বামফন্টের সমর্থন থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। স্বভাবতই রাজনীতিগতভাবে আমরা যাদের মিত্রপক্ষ বলে মনে করি তারা দূরে সরে যাবে, এই অবস্থা সকলে অনুধাবন এখন করতে পারছেন না। কিন্তু গ্রামে মেন অবস্থা যে মধ্যবিত্ত মানুষ যা৷ তাদের ছেলেদের চাকুরির সুযোগ নাই, সঙ্গে জমির উপর নির্ভুল করে যে প্রান্তিক চাষী এবং চাষের উপরই যারা জীবনযাপন করে, সেই জমির উপর চাপ বাড়ার ফলে তাদের উপরও চাপ বাড়বে, তার ফলে আমরা এই মিত্র পক্ষকেও ভবিষ্যতে হারাতে পারি। এবং আজকে যে কথা বলা হচ্ছে যে ধনতান্ত্রিক অর্থনীতিতে দীর্ঘ ৩০ বৎসর ধরে যে সমস্ত সম্পন্ন চাষী ফুলে ফেঁপে উঠেছে তাদের কাছ থেকে বাড়তি টাকা নেবার জন্য ট্যাক্সের ব্যবস্থা হবে, তাতে

আমরা কতখানি সফল হব তাতে আমার যথেষ্ট সন্দেহ আছে। যে মেশিনারি তার জন্য পতন করা দরকার তা নেই সেটা করতে হবে এবং যে ভিত্তির উপর আমলাতন্ত্র গড়ে উঠেছে, তাতে প্রশ্ন হচ্ছে আইনের ফাঁক দিয়ে ধনী চাষীরা ছাড় পাবে কিনা। যদি মাননীয় মন্ত্রী সুনির্দিষ্টভাবে বলতেন যে সমস্ত রেটিং বোর্ড হবে, স্টেট অথবা রিজওনাল বোর্ড হবে তাতে গণতান্ত্রিকভাবে নির্বাচিত প্রতিনিধিদের অবশ্য কিভাবে থাকবে, তাহলে বোঝা যেত। কিন্তু যে সমস্ত আমলাদের উপর ভিত্তি করে এই সমস্ত গড়ে উঠবে তাতে কতখানি সততা থাকবে তাতে সন্দেহ প্রকাশ করার কারণ আছে। আমরা জানি বড় বড় আমলার অফিসার যারা তারা যে সমস্ত পরিবার থেকে এসেছে তারা হচ্ছে বেশিরভাগ ধনী পরিবার। কিন্তু এই সমস্ত যারা অর্থনীতিক দিক থেকে দরিদ্র, আর্থিক সঙ্কটগ্রস্ত, নিচের মানুষ তাদের প্রতি এদের কতখানি সমর্থন থাকবে? স্বভাবতই ধনী কৃষকদের এরা মিত্র এবং তাদের প্রতি এদের সমর্থন থাকবে, এটাই ধরে নেওয়া যায়। সেদিকে দৃষ্টি রেখে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে কৃষক আন্দোলনের যারা নেতা, গ্রামে যারা চাষ করছে, দরিদ্র কৃষকদের হয়ে যারা দীর্ঘদিন ধরে সংগ্রাম করছে সেই সমস্ত সংগ্রামী মানুষের, কৃষক আন্দোলন সম্বন্ধে যাদের অভিজ্ঞতা আছে, তাদের প্রতিনিধিত্ব এই স্টেট বোর্ডে এবং রিজিওনাল বোর্ডে বেশি করে দিতে হবে।

আজকে রাজ কমিটির সুপারিশ ভারতবর্ষের কোথাও গ্রহণ করা হয়নি এবং আমাদের এখানেও যে ভাবে গ্রহণ করা হচ্ছে সেই উৎপাদনের উপর নির্ভর করে ট্যাক্স ধার্য করার যে নীতি সেই নীতি থেকে সরে এসে আজকে যে ভাবে সিলেক্ট কমিটি এই বিলটিকে রচনা করলেন সেটা কতদূর সফল হবে সে ব্যাপারে সন্দেহের অবকাশ আছে। আমি একথা বলছি এইজন্য যে আমরা মনে করি—কৃষক আন্দোলনের সঙ্গে যারা উৎপাদনের উপর নির্ভর করে ট্যাক্স ধার্য করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়, তিনি বিলটি যখন প্রথম এনেছিলেন তখন খুব সঙ্গতভাবেই কয়েকটি কথা বলেছিলেন। তিনি যে মূল বিলটি উত্থাপন করেছিলেন তারমধ্যে অনেক প্রগতিমূলক কথাবার্তা ছিল, অনেক যুক্তিগ্রাহ্য, বাস্তবগ্রাহ্য কথাবার্তা ছিল কিন্তু সিলেক্ট কমিটিতে যাবার পর সেটাকে এমন পরিবর্তন করা হল—উনি একটা যুক্তি আজকে সভায় দেবার চেষ্টা করেছেন যে আসলে উৎপাদনের উপর জমির দাম নির্ভর করে যে কোন জমির কি দাম হবে। আপাততভাবে কথাটা ঠিক হলেও ন্যায্যতার ভিত্তিতে, বৈজ্ঞানিক ভাবে যদি এই বিলটি তৈরি করা হত তাহলে ভাল হত। আমাদের বিবেচনায় তিনি প্রথম যে বিলটি উত্থাপন করেছিলেন সেটাই ভাল ছিল। সিলেক্ট কমিটিতে অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট হয়েছে। সেখানে যে উদ্দেশ্যে বিলটি রচনা করা হল তারমধ্যে মন্ত্রী মহাশয়ের স্বদিচ্ছা থাকলেও, আন্তরিকতা থাকলেও সেটা পরবর্তীকালে কতখানি সফল হবে বাস্তবের নিরিখে সেটা বিচার হয়ে যাবে। সঙ্গে সঙ্গে আর একটি কথা বলব যে, গ্রামাঞ্চলে সম্পন্ন চাষীদের উপর আক্রমণ হোক সেটা আমরা চাই। আমরা, যারা সমাজতান্ত্রিক বিপ্লবে বিশ্বাস করি আমরা মনে করি গ্রামের ধনী কৃষকরাই আমাদের শত্রু। আজকে তারা যে উদ্বৃত্ত টাকায় ফুলে ফেঁপে উঠেছে আমরা চাই তাদের কাছ থেকে সেই টাকা আদায় করে নেওয়া হোক। এর সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, গ্রামের লোকেদের কাছে আমাদের প্রায়ই শুনতে হয় শহরের সম্পত্তির উপর ধার্যের ব্যাপারে নানান কথা। আমি বামফ্রন্ট সরকারের মন্ত্রীদের অনুরোধ করব যে এই ব্যাপারে বিল আনবেন যাতে করে যারা অট্টালিকা

করেছেন, বিলাস ব্যাসনে জীবনযাত্রা করছেন, সমাজব্যবস্থার সমস্ত দিক যারা উপভোগ করছেন সেই সমস্ত মানুষদের বিরুদ্ধে যদি বামফ্রন্ট একটা বিল যদি নিয়ে আসতে পারেন তাহলে গ্রামের মানুষ আর্শীবাদ জানাবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী বিনয় কোনার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটি সিলেক্ট কমিটিতে যাবার পর এবং এখানে কয়েকটি সংশোধনী গৃহীত হবার পর যেভাবে দাঁড়িয়েছে সেটাকে আমি সমর্থন করছি। স্যার, এখানে কেউ কেউ বলেছেন, জমির প্রডাকশন এটাকেই ভিত্তি করা উচিত এবং সেই ব্যাপারে তাঁরা জোর দিয়েছেন। কিন্তু কথা হচ্ছে সমস্ত জমিতে তো প্রডাকশন হয়না—নানান কারণে জমি পড়ে থাকে। সেখানে একটা জমিতে পরবর্তীকালে পোটেনশিয়াল বেনিফিট পাবার জন্য যা পড়ে রয়েছে এবং সেই জমির উপর এখন যে কর আছে তাহলে সেগুলিকে অব্যাহতি দিতে হয়। দ্বিতীয়ত অর্থনীতি সম্বন্ধে যতটুকু জ্ঞান আছে তাতে বলতে পারি জমি থেকে যে উৎপাদন পাওয়া যায়, তার থেকে যে বেনিফিট পাওয়া যায় তার বিভিন্ন যে ফ্যাক্টর থাকে—তার রেজালটান্ট তারই প্লাস মাইনাস করে যে মূল বেনিফিটটা দাঁড়ায় সেটাই জমির দামের ভেতরে দিয়ে প্রকাশ পায়। রাজ কমিটির সুপারিশে প্রডাকশনটা থাকলেই আমাদের মনে করতে হবে সেটাই সবচেয়ে বৈজ্ঞানিক এরকম মনে করার কোনও কারণ পাচ্ছি না।

[6-30— 6-40 P.M.]

দ্বিতীয়ত প্রোডাকশন ইরিগেশন মার্কেটিং ফেসিলিটি ইত্যাদির উপর ভিত্তি করে রেটেবল ভ্যালু তৈরি হবে। কিন্তু এই সব তো হল সাবজেকটিভ ফ্যাক্টর। তাকে অঙ্কে কি করে আনব। আমি জানি না এই রকম কোনও ক্ষমতা সম্পন্ন ব্যক্তি কেউ আছেন কিনা। যদি কেউ বলেন কারও পাঁচ একর জমির রেটেবল ভ্যালু হচ্ছে ৯ লক্ষ টাকা। তিনি তা কি করে প্রমাণ করবেন? যদি বলেন রেটেবল ভ্যালু হচ্ছে এক লক্ষ টাকা তাহলেও তিনি কিভাবে প্রমাণ করবেন? আর যিনি এটা নাকচ করবেন তিনিই বা কি ভিত্তির উপর নাকচ করবেন? আমাকে টাকাতে বলতে হবে। জমির ঐ সমস্ত গুণাবলি অর্থনৈতিক নিয়মে জমির দামের মধ্যেই প্রকাশ পায়। অতএব জমির দাম ভিত্তি হিসাবে গ্রহণ করাটাই সেন্ট পারসেন্ট অ্যাকুউরেট। বিকাশমান সমাজে নানা ফ্যাক্টরের পরিবর্তন হচ্ছে এবং দামের পরিবর্তন হবে। কিন্তু কোনও নির্দিষ্ট সময়ে দামটাই অন্য সমস্ত বিষয়ের মূর্তরূপ। মাননীয় মন্ত্রী মহাশয় যে কথাটা ব্যবহার করেছেন—"টেলিস্কোপড্ ইন দি প্রাইস অব ল্যান্ড" এটা আমাদের মনে হয় খুব বিজ্ঞানসম্মত কেউ কেউ বলেছেন যে এতে সমতা নষ্ট হবে। এমন কি মাননীয় সদস্য তাঁর নোট অব ডিসেন্ট বলেছেন, মাননীয় বিশ্বনাথবাবু বলেছেন যে এটা ক্ষতিকর এবং এটা লোকের মধ্যে বৈষম্য আনবে। কারণ নাকি জনসংখ্যার জন্যও দাম বাড়ে। এটা ঠিক নয়, বরং যেখানে বেনিফিট বেশি পাওয়া যায় সেখানে জনসংখ্যাটা বাড়ে। বাঁকুড়ায় জনসংখ্যার ঘনত্ব কম বর্ধমানে বেশি। বাঁকুড়ায় জমির দাম কম বর্ধমানে জমির দাম বেশি। তাহলে কোনটা মূল কারণ? যেহেতু বাঁকুড়ায় সেচ নাই বর্ধমানে সেচ আছে, জীবিকার সন্ধানে অনেকে সেখানকার বেশি জমি বিক্রি করে অল্প জমি বর্ধমানে যদি পায় তাহলে সে আসবে। প্রশ্নটা লোকসংখ্যা বাড়লে নয়। জীবিকার সুযোগ যেখানে বেশি সেখানে বসতিও বাড়ে, দামও

বাড়ে। এটা ঠিক অকৃষি জমি শহরের বসত জমি এগুলির ব্যাপার অন্য। হাওড়ায় বসতের বর্ধমান জেলার চেয়ে ঘনত্ব বেশি। সেই হিসাবে আমতার জমির দাম বর্ধমানের জমির দামের চেয়ে বেশি হওয়া উচিত ছিল। কিন্তু তা নয়। হাওড়া জমির দাম নিশ্চিতভাবে বেশি। এখানে শিল্পের জন্য, জীবিকার সুবিধার জন্য জমির দাম বাড়ে, লোকসংখ্যার জন্য দর বেড়ে যায় না। আজকে শহর এলাকায় জমির দাম ক্রমশ বেড়ে যাচ্ছে। বেড়ে যাচ্ছে কেন? বেনিফিট বাড়ছে বলেই এই রকম হচ্ছে। ২ লক্ষ টাকা দিয়ে জমি কিনে নিলাম। একটা বাড়ি করলে তা থেকে যে সেলামী পাব তাতে আমার ঘরের দাম তুলে দিতে পারব। তার পর মোটা ভাড়া দিয়ে মোটা আয়ের রাস্তা করতে পারব। এতে জমিটার পোটেন্শিয়াল বেনিফিট কি প্রকাশ পাচ্ছে না জমির দামের ক্ষেত্রে? কেন জমিটার দামকেই ভিত্তি হিসাবে বিচার বিবেচনা করব না এবং ঐ উল্টো যুক্তিতে কেন কাজ করব তা বুঝতে পারছি না। বরং সমতাটা এতে আরও এসে যাচ্ছে। বিশ্বনাথবাবু আরও বলেছেন কম দামের বেশি জমির মালিককে বেশি দামের কম জমির মালিকের থেকে কম খাজনা দিতে হতে পারে। হ্যাঁ হতে পারে। কিন্তু এতে অসমতা আসবে কেন? পুরুলিয়ায় vast tract of land যেখানে জমিতে ফসল হয় না। বর্ধমান বীরভূম এবং হুগলির পার্ট—যেখানে আলু চাষ হয়, যেখানে ক্যাস ক্রপ হয়, যেখানে ফসল দুটি তিনটি হয় এবং আকাশমুখী জমির পরিমাণ কম। তাহলে সেই জায়গায় আমি জিজ্ঞাসা করি পুরুলিয়ায় ২০ বিঘা জমির মালিক এবং বর্ধমান জেলার ২০ বিঘা জমির মালিক কি সমান? বরং এটাই সমতা হচ্ছে যেখানে পুরুলিয়ার ৯/১০ একর জমির মালিক খাজনা রেহাই পাবে সেখানে হয়ত বর্ধমানের সাড়ে চার কি পাচ একর জমির মালিকের জমি খাজনার আওতায় এসে যাবে। আমি মনে করি এটা সমতা। বৈষম্য দূর করা, যেটা মন্ত্রী মহাশয় বলেছেন, বর্তমান কাঠামোর ভিতর ল্যান্ড রেভিনিউ ক্ষেত্রে কিছুটা পরিমাণ সুষম বন্টনের যে কথা বলেছেন—গোটা স্ট্রাকচার চেঞ্জের ব্যাপার নয় —সেখানে জমির দামের ব্যাপারটা হচ্ছে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ। এটাকে ভিত্তি করাতেই সবচেয়ে সঠিক কাজ করা হয়েছে। এটা আগেই আমি জবাব দিয়েছি যে এই রকম অকৃষি জমির কেন খাজনা থাকবে, এখনও তো আছে। প্রশ্ন উঠবে—কোনও ইনকাম হয় না এমন জমির জন্য আমি খাজনা দেব কেন? আমার প্রশ্ন হচ্ছে, কোনও ইনকাম হয় না সেই রকম জমি রাখবেন কেন? সরকারকে দিয়ে দেবেন। বর্ধমানে আমাদের নানা গঞ্জটগঞ্জগুলো রয়েছে, সেখানে অনেকে জায়গা কিনে ফেলে রেখেছে, কোনও ফসল হয় না। ফসল যেহেতু হয় না সুতরাং অকৃষি জমি বাদ যাবে? তাহলে বক্তব্য হচ্ছে, জমিটা ছেড়ে দাও। প্রথমত ৪ একর পর্যন্ত আমরা রিটার্ন দিতে বলছি তার উপর যদি কার শহরে জমি থাকে তবেই খাজনা দিতে হবে—কালকে একজন মাননীয় সদস্য বলছিলেন, শহরের এই রকম অল্প জমি, কিন্তু প্রচুর ভ্যালুয়েশন, সেইগুলোকেও আনা যায় কি না। সিলেক্ট কমিটি এই বিলেতে এখনও সেই সব জানেননি। কিন্তু তিনি যা বলেছেন সেদিকটা বিবেচনা করে ভবিষ্যতে হয়ত দরকার হতে পারে যে এই রকম যারা প্রচুর বিত্তশালী লোক, অথচ শহরেও চার একরের কম জমির মালিক আছেন তাদেরকে আইনের আওতার মধ্যে আনব। এটা কন্সট্রাকটিভ সাজেশন, যেটা পরবর্তীকালে আমরা বিবেচনা করতে পারি। কেউ কেউ বলছেন যে ৬ একর পর্যন্ত আমরা অসেচ জমি ছাড় দিয়েছিলাম, তাহলে তাদের এখন রিটার্ন দিতে বলা হল কেন? ছাড়টা ৬ একর পর্যন্ত করে দিলেই ভাল হত। অথবা ঐ অসেচ জমির জন্য আমরা ৬ একর জমিকে ছাড় রাখাতে

পারতাম। আমি জানিনা এটা সততার সঙ্গে বলা হচ্ছে কিনা, বোধ হয় জিনিসটাকে গোল পাকানোর চেষ্টা হচ্ছে। কারণ কোনটা সেচ, কোনটা অসেচ, এটা যেই করতে যাব, একটা বিরাট ব্যাপার দাঁড়িয়ে যাবে। যদি আমরা এটা করতে চাই যে সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর, তাহলে এই সেচ কি অসেচ এই ডিটারমিনেশনের ব্যাপার নিয়ে রিটার্ন দেওয়ার কাজটা ঝুলে পড়ে যাবে। অথচ যদি আমরা কম পক্ষে চার একর করে দিই তাহলে বেশিরভাগ চাষী রেহাই পাবে। আমরা বলেছি পাঁচ হাজার রেটেব্‌ল ভ্যালু পর্যন্ত আমরা ছাড় দেব, খাজনা লাগবে না। তাতে আমরা দেখছি, অসেচ এলাকায় যেখানে জমির দাম কম, সেই সব জায়গাতে সাত একর জমির মালিক, আট একর জমির মালিকও জমির খাজনা থেকে রেহাই পেতে পারেন। আবার বর্ধমানের মতো জায়গায় যেখানে পাঁচ হাজার টাকা বিঘা জমি আছে, চার হাজার টাকা বিঘা দামের জমি আছে, ১২ হাজার, ১৫ হাজার টাকা একর এই রকম জমি আছে, সেই সব ক্ষেত্রে আমরা দেখছি ৪ একর বা তার উর্ধ্বের যে জমি আমাদের যে রেট তার ভিতর পড়ে যাবে। কেউ কেউ বলার চেষ্টা করেছেন, কোর্টের অধিকার ইত্যাদি। প্রশান্ত বাবু সঠিক ভাবে বলেছেন, বোঝা যাচ্ছে না দরদটা কোন দিকে। আমরা দেখছি, যদি বর্ধমানের মতো ভাল জমি হয়, যদি ১২ হাজার টাকা একর ধরে নিই তাহলেও পাঁচ একর পর্যন্ত জমি থাকলে মাত্র ২০ টাকা তাকে খাজনা দিতে হবে।

[6-40— 6-50 P.M.]

৫ একর জমির একর প্রতি ১২ হাজার টাকা করে দাম হলে ৬০,০০০ টাকা হয়, তার ১০% অর্থাৎ ৬ হাজার টাকা হয়।

**মিঃ ডিপুটি স্পিকার ঃ** বিনয়বাবু, আপনি একটু বসুন। এই বিজনেসের ওপর হাউসের টাইম নির্দিষ্ট ছিল ৬ টা ৪৫ মিনিট পর্যন্ত। কিন্তু আমি দেখছি যে, আরও কিছু বক্তা আছেন, তার জন্য আন্ডার রুল ২৯০ আমি ১ ঘন্টা হাউস এক্সটেন্ড করতে চাইছি। আমি আশা করব আপনাদের সকলের মত আছে।

The House is extended by one hour.

**শ্রী বিনয় কোঙার ঃ** সুতরাং ৫ একর জমি থাকলে তার ১,০০০ টাকা মিনিমাম রেটেবল ভ্যালু হল। আর ১,০০০ টাকা ১% হলে ২০ টাকা ট্যাক্স হয়। অঙ্কে কোনও ভুল নেই। অবশ্য আপনারা বাইরে গিয়ে লোককে ভুল বোঝাতে পারেন এবং সেটা আলাদা কথা। যদি ১২,০০০ টাকা একর হয় এবং ৬ একর জমি থাকে তাহলে ৭,২০০ টাকা রেটেবল ভ্যালু হয় এবং তাতে ট্যাক্স দাঁড়াবে ৫৮ টাকা। তাহলে মোট ৬ একরে ৫৮ টাকা ট্যাক্স হবে বর্ধমানের মতো জায়গায়। দুর্বল এলাকা পুরুলিয়া, বাঁকুড়ার কথা বলছি না। সুতরাং এতে কোর্টে যাবার কথা আসছে কেন? যেখানে বর্ধমানের মতো জায়গা, যে জায়গাকে আপনারা সকলে বলেন এবং আমরাও এগ্রি করি যে, সেচ ভাল পায়, ফসল ভাল হয়, ক্যাস ক্রপ ভাল হয়—যদিও গত বছর আলু মার খেয়েছে, তা সত্ত্বেও ভালই হয়, সেখানকার জন্য বলা হচ্ছে ৫৮ টাকা ৬ একর জমির মালিককে ট্যাক্স দিতে হবে। তাহলে কোর্টে মামলা হবে কেন? ১ একর জমির দাম ১২ হাজার টাকা ধরা হয়েছে। তেমনি ৭ একর হলে এটা

দাঁড়াবে ১০৬ টাকা। সুতরাং তার ওপরের জমির মালিককে বাঁচাবার জন্য, ট্যাক্স না দেবার জন্য যদি কেউ ২২৬ ধারায় কোর্টে যায়, তাহলে আমরা আছি, আপনারা আছেন, মানুষ রয়েছে, সেগুলি সম্বন্ধে কি করা যাবে তা আমরা দেখব। ওঁরা জানেন যে কোর্টে যেতে হবে না, আসল উদ্দেশ্য ওঁদেব অন্য জায়গায়। N.P. সিলেক্ট কমিটিতে আমাদের মনে হয়েছিল যে, এই বিলে আপনাদের মোটেই আপত্তি হবে না. এমন কি জয়নাল সাহেব পর্যন্ত নানারকম কথা বলেছিলেন। তাঁর কথার মধ্যেও অনেক যুক্তি ছিল, পয়েন্ট ছিল, সাজেশন ছিল. আমরা কিছু কিছু গ্রহণ করেছিলাম। কিন্তু কখনই মনে হয়নি যে, একটা বিশেষ শ্রেণীর প্রতি চোখ রেখে কি করে তাদের কাছে গিয়ে নিজেদের ভালমানুষ প্রমাণ করা যায় সে চেষ্টা করেছেন। এই দৃষ্টিভঙ্গি নিয়ে অন্তত সিলেক্ট কমিটিতে বিরোধী পক্ষের বন্ধুরা সেরকম ভাবে বক্তব্য রাখেননি, এখন যেভাবে রাখবার চেষ্টা করছেন। N.P. তারপর ভবিষ্যত, বুরোক্রাসি ইত্যাদির কথা বলা হচ্ছে। এখন মুশকিল হচ্ছে আমরা যখন এই গোলঘরটার ভেতরে থাকব তখন কেমন করে বুরোক্রাসিকে বাদ দেব; আমাদের মনে বাসনা অনেক কিছু থাকতে পারে, কিন্তু এটা হয় না। রাইটার্স —এও থাকব, আবার এই গোলঘরেও থাকব আবার বুরোক্রাসীকে ডান অ্যাওয়ে উইথ্ করব, এটা হয় না। সুতরাং বুরোক্রাসীকে যথাসম্ভব কাজে লাগাতে হবে। যদি জনগণের চাপ থাকে তাহলে এর মধ্যে থেকেও কাজ করা যাবে। বুরোক্রাসী একটা সিস্টেমের অংশ এবং যতক্ষণ পর্যন্ত এই রকম সিস্টেম থাকবে ততক্ষণ পর্যন্ত আমরা জানি না এমন কোনও ব্যবস্থা আছে কিনা, যার দ্বারা বুরোক্রাসী রোধ-করতে পারব। কিন্তু এইটা আমি বলতে চাইনি যে এই বুরোক্রাসির জন্য কিছুই করা যায় না এটা ঠিক নয়। কারণ আমরা দেখছি গত ২ বছর আড়াই বছর ধরে আমরা গ্রামাঞ্চলে অনেক সাফল্য অর্জন করেছি এবং এটা আজকে প্রত্যেকটি বামপন্থী দল অনুভব করছে। আমাদের বিরোধী যারা তাদের মাটি পায়ের তলা থেকে সরে যাচ্ছে। গ্রামের মানুষ আমাদের কাজকর্ম দেখে বুঝতে পারছে যে আমরা কতদূর চেষ্টা করছি। আমাদের লিমিটেশন, আমাদের সীমাবদ্ধতা সত্ত্বেও আগেকার এস.ডি.ও. বি.ডি.ও এবং আগেকার দিনের অফিসাররা যেভাবে আগে আচরণ করতেন আজকে কি সেই ভাবে করেন? আমার মনে হয় না। যাই হোক , এই সিস্টেমের ভিতর এবং এই সীমাবদ্ধতার মধ্যে বসে আমাদের আজকে আলোচনা করতে হবে এবং এই বর্তমান বিলে সমাজতান্ত্রিক দেশে নয়, ভারতের মতো একটি পুঁজিবাদী দেশের একটি রাজ্যে যেটুকু পরিবর্তন সম্ভব তাই আনবার চেষ্টা করা হয়েছে এই সীমাবদ্ধতার ভিতর দিয়ে। N.P. আমাদের সরকার পক্ষের ভিতর এই নিয়ে আলোচনা হবে এবং আলোচনা হয়েই ঠিক হবে। এই বিলে পুরানো ধ্যান-ধারণার পরিবর্তন করে একটা প্রগ্রেসিভ ট্যাক্স কাঠামো এবং বিজ্ঞান সম্মত যতটুকু সম্ভব তা করা হয়েছে। এইজন্য আমি এই বিলটিকে আন্তরিক সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ত্রিলোচন মাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় আজকে যে বিলটি আনোয়ন করেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। কারণ স্বাধীনতার ৩২ বছর পরে একটা নতুন বিল এই অ্যাসেম্বলিতে এসেছে আর আমাদের মন্ত্রী মহাশয় বলেছেন এই বিলের মধ্যে গরিব লোকের খাজনা ছাড় দেওয়ার ফলে জমির উৎপাদন বাড়বে, বণ্টন ব্যবস্থা সুষ্ঠু হবে এবং জমি থেকে সামন্ত প্রথা দূরীভূত হয়ে জমির

মালিকের পরিবর্তন ঘটবে। এই বিল আমি আশা করেছিলাম ১৯৫৩ সালে, যখন ভূমি অধিগ্রহণ আইন পাশ হয়। আমি আশা করেছিলাম যে জমিদারি প্রথা উচ্ছেদ হচ্ছে তার সঙ্গে সঙ্গে জমি রাখার খাজনা দিতে হবে কিন্তু তৎকালীন সরকার করেন নি। আমি আশা করেছিলাম স্বাধীনোত্তর যুগে বাংলাদেশের জমিদারগণ ইংরাজ গভর্নমেন্টকে যে কমপেনসেশন্স দিত সেই কমপেনসেশন্স-এর টাকা যদি খাজনা হিসাবে ধার্য করা হত অন্তত ৪ আনা হিসাবে যদি দিত ভাল হত কিন্তু কংগ্রেস গভর্নমেন্ট ১৯৫৩ সালে জমিদারি অধিগ্রহণ আইন পাশ যখন করেন তাতে খাজনা প্রবর্তন করেন নি কারণ তারা ছিল জমিদারদের প্রতিভূ জমিদারদের স্বার্থে হানি যাতে হয় তারজন্য তারা খাজনা করেন নি। কারণ খাজনা কমালে হয়ত জমিদারি উচ্ছেদের যে টাকা পয়সা দেওয়া হত তা কমে যাবে—এ কারণে খাজনা কমেনি।

এইজন্য উনি খাজনা করেন নি। আজকে আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী যে খাজনা ধার্যের ব্যবস্থার জন্য আইন করেছেন এটা অযৌক্তিক নয়। যদি আমাদের পিছনের দিকে তাকানো যায় ১৯২১ সালে অথবা ১৯২৬ সালের সেটেলমেন্ট রেকর্ডগুলো দেখা যায়—দেখা যাবে কি ১ থেকে ২ টাকা খাজনা ছিল, আর জমির দাম কত ছিল? ৫/৬ টাকা বিঘা। তখন সরষের দাম কত ছিল, ঘোড়ার পিঠে সরষের বস্তা চাপিয়ে চাষীকে ভাবতে ভাবতে হাটে যেতে হত যে একটাকা হবে কিনা? তা সেই জমির খাজনা দিতেও প্রজারা সব হিমসিম খেয়ে যেত এবং যে কোনও সময় বাকি খাজনার দায়ে জোর করে জমিদাররা জমি কেড়ে নিয়ে অন্য জনাকে বেশি খাজনায় বিলি বণ্টন করত। এই করণে দেখা যায়—১৯৩৪ এবং ৫০ সালে দুটো দুর্ভিক্ষ হয়, দুর্ভিক্ষের জন্য প্রজারা ২/৩ বছর খাজনা দিতে পারে নি, এবং সেজন্য অনেক মহাজনের কাছে দেনাগ্রস্ত হতে হয় সেই সময় সেইজন্য মহাজন এবং জমিদাররা জোর করে জমি কেড়ে নেয় ঐ আইনের মাধ্যমে ঐ ব্যবস্থায়। কিন্তু আজকে যে আমাদের গভর্নমেন্ট গরিব মানুষকে খাজনার হাত থেকে রেহাই দিয়েছেন এটা প্রশংসনীয়। সেইজন্য আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-50— 7-00 P.M.]

**শ্রী শশবিন্দু বেরা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি বেশি সময় নেব না। দ্বিতীয় পর্যায়ের আলোচনায় বিলটির অপলিকেবিলিটি বা প্রযোজ্যতা সম্বন্ধে আলোচনায় আমাদের সীমাবদ্ধ থাকবার কথা। আমার পূর্বে সরকার পক্ষ থেকে কেউ কেউ বক্তব্য রেখেছেন, তাতে এই থেকে সরে গিয়ে এতক্ষণ ধরে দরিদ্র সাধারণের জন্য কিছু আইন করলে কিছু হয় কিনা সেই ভাবনায় ভাবিত হয়ে পড়েছেন এবং সেই মনোভাব প্রকাশ করেছেন। কথাটা এই যে আমরা চেয়েছিলাম সত্যিকারের একটা ন্যাশনাল, রেভিনিউ সিস্টেম বর্তমানে আমাদের দেশের দরিদ্র কৃষক সম্প্রদায় এই রেভিনিউর হাত থেকে বাদ যান এটা চাই। কিন্তু সবচেয়ে মুশকিল হয়েছে এই যে, বিলটি যেভাবে এল, তাতে এই বিলটি কিভাবে অ্যাপলিকেবল হবে, কিভাবে কার্যকরী করা যাবে? সে প্রশ্ন সরকার পক্ষ থেকে অনেক আগে অনেকে সুস্পষ্টভাবে অনেক কথা বলেছেন। প্রডাকশন অথবা ইনকাম যার উপর রেভিনিউ নির্ধারণ করা উচিত যেটা আগের বিলে রাজ কমিটির সুপারিশের ভিত্তিতে তাকেই স্মরণ করে

প্রোডাকটিভিটি বা ইনকামের উপর ভিত্তি করে রেভিনিউ সিস্টেম প্রবর্তন করার ব্যবস্থা ছিল, সেটা করলে ভাল হত । এই মত সরকার পক্ষের কোনও শরিক সুস্পষ্ট ভাবে প্রকাশ করেছেন। কাজটা অত্যন্ত কঠিন সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু জমির দাম বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন জমি থেকে জমির পার্থক্য জমির ক্লাসেস অ্যান্ড ক্যাটিগরিজ এবং সেই থেকে মূল্যের পার্থক্য পশ্চিমবঙ্গে রয়েছে। এই আইনটাকে প্রয়োগ করার ক্ষেত্রে সেইসব প্রকারের জমির রেভিনিউ নির্ধারণ করার ব্যাপারে অনেক অসুবিধা দেখা দেবে। একহাজার টাকা যদি বিঘা হয়, তিন হাজার টাকা একর, ৪ একরের ঢের বেশি এমন কি সিলিং জমির মালিক ছাড় পেয়ে যাবেন খাজনা থেকে। ছাড় পান আমাদের আপত্তি নাই কিন্তু অসঙ্গত হবে। শহর থেকে দূরে যাঁরা থাকেন সমস্ত কৃষি নির্ভর এলাকার চাষীরা। সেখানে বহু জায়গায় জমির ৭ হাজার টাকা বিঘা, ২০ হাজার টাকা করে একর আজকের মার্কেট ভ্যালু আছে। সেখানে ৪ একর জমির মূল্য হবে ৮০ হাজার টাকা। সেখানে ৪ একরের যিনি মালিক তাকে রেভিনিউ দিতে হবে না। তাহলে দেখা যাচ্ছে এই আইনের আওতায় ৫০ হাজার টাকার বেশি মূল্যের ভূসম্পত্তির উপর রেভিনিউ নির্ধারণ করা হবে বলা হচ্ছে কিন্তু ৮০ হাজার টাকা মূল্যের জমির মালিকেরা খাজনা থেকে রেহাই পাবেন। জমি এককাঠা বেশি হ'লেই তাকে মোটা অঙ্কের খাজনা দিতে হবে। বাজার মূল্যের পার্থক্যে কোথাও সিলিং জমির মালিকের ছাড়, কোথাও অল্প জমির মালিকের চড়া খাজনা হবে। তা হলে এখন সঙ্গতি কোথায়—কোনটা অ্যাপ্লিকেবল হবে? সব চেয়ে বড় কথা হল মার্কেট ভ্যালু কি ভাবে নির্ধারণ করবেন? বিশ্বনাথবাবু বলেছেন চা বাগান, ফিশারি, মাইনস এলাকার জমি কেনা বেচা হয় না। কাজেই মার্কেট যদি না থাকে তা হলে মার্কেট ভ্যালু কি করে পাবেন? আরও কথা মার্কেট ভ্যালু ফ্লাকচুয়েট করে। পাশাপাশি জমির মূল্যের মধ্যে অনেক পার্থক্য থাকে । মূল্য কি ভাবে নির্ধারণ করবেন, এই সমস্ত কথা কিছুই বলেন নি। সেইজন্য জমি থেকে মালিক রিটার্ন পান তার ভিত্তিতে খাজনা হ'লে ক্রমশ বেশি পরিমান জমির মালিকরা বেশি খাজনা দিতেন; সিলিং সেখানে আমাদের দেশে দরিদ্র কৃষক সম্প্রদায় আরও রেহাই পেতেন। ঠিক হবার পর বিত্তশালী কজন কৃষক আছেন তাদের উপর বেশি খাজনা হবে? বিত্তশালীদের উপর খাজনা হোক আপত্তি নেই কিন্তু বিল কিভাবে অ্যাপ্লিকেবল করা যাবে। আমলাতন্ত্রের উপর আপনাদের নির্ভর করতে হবে এবং এর জন্য অনেক সমস্যা দেখা দেবে। রেটিং বোর্ড কিভাবে তৈরি হবে, কিভাবে কাজ করবে এর কোনও ইঙ্গিত বিলে নেই। এসব প্রশ্ন থেকেই যাচ্ছে। কাজেই এই বিলের অ্যাপ্লিকেশন করতে গিয়ে বহু সমস্যা আসবে। আমাদের দলের বলাইবাবু অনেক কথা বলেছেন, ৫ বছরের মধ্যে এটা কার্যকর করতে গিয়ে রেট যথাযথ নির্ধারণ হবে কিনা সে বিষয়ে সন্দেহ থাকছে। কাজেই বহু বিষয় এই বিলের মধ্যে অসঙ্গতি থাকার ফলে এটা কার্যকর করার পক্ষে খুবই অসুবিধা হবে। যদিও এটা একটা নূতন পদক্ষেপ সেইজন্য এর প্রতিবাদ করছি না। আমরা চাই একটা সুষ্ঠু রেভিনিউ সিস্টেম প্রবর্তন করা হোক । এটা খুব কঠিন কাজ। সেইজন্য বলছি, গভীর ভাবে চিন্তা করে এই বিল আরও ভালভাবে আনলে ভাল হত এবং যে উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে তা সফল হত। সে দিক থেকে মনে করি এই বিলকে প্রয়োগের ক্ষেত্রে বহু সমস্যার সম্মুখীন হতে হবে এবং তা থেকে শিক্ষা লাভ করে বিলের সম্পূর্ণ নূতন রূপান্তর হবে। এই আশা নিয়ে আমি শেষ করছি।

[7-00— 7-10 P.M.]

**শ্রী শুভেন্দু মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত কয়েকদিন ধরে ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় ভূমি খাজনা সংক্রান্ত যে বিল এনেছেন তার উপর আলোচনা আমি শুনেছি। পশ্চিমবাংলার মানুষ জানেন এই যুক্তফ্রন্ট সরকারই কৃষকদের উন্নতির জন্য কি করেছেন। পশ্চিমবাংলার কৃষকরা জানেন যে, পশ্চিমবঙ্গ সরকার ২ বছর চলার পর সেই কৃষকদের উপর শত শত বর্ষ ব্যাপী যে বোঝা চলে আসছিল তা অপসারণ করবার জন্য কি আইন করেছেন। যে দিন তারা বুঝবেন যে পশ্চিমবঙ্গ সরকার ১৯৭৭ সালে যে আইন করেছিল সেটা অত্যন্ত ভাল আইন তখনই তারা প্রকৃত উপলব্ধি করতে পারবেন। আমরা মোগল আমলের কথা ইতিহাসে পড়েছি। ইংরাজ আমলের কিছু কিছু জিনিস আমরা জানি যে, জমিদার কিভাবে খাজনা নিয়ে কোটি কোটি টাকা ক্ষেতমজুর ভাগচাষী ইত্যাদির কাছ থেকে নিয়ে কিভাবে তাদের দুর্ভিক্ষের মধ্যে ঐ লক্ষ লক্ষ কৃষককে মৃত্যুর পথে ঠেলে দেওয়া হয়েছিল। স্বাধীনতা আন্দোলনের নেতৃত্বের কথা আমরা জানি। আমরা জানি ১৯৪৭ সালের পর ক্ষমতায় যারা এসেছিলেন তারা কৃষকদের জন্য কি করেছিলেন। ১৯৭৭ সাল পর্যন্ত কি হয়েছে তাও আমরা জানি অর্থাৎ খাজনার বোঝা তাদের কাঁধ থেকে তুলে নেওয়া হয়নি। বৈজ্ঞানিক ভিত্তিতে খাজনা নির্ধারণ করা হয় নি বরং কৃষক আন্দোলন এবং এই সব প্রশ্নে ইংরাজ আমলে যখন কৃষকরা বিদ্রোহ করেছে এবং স্বাধীনতার পরে যখন এই সব ব্যাপারে ব্যাপক গণআন্দোলন হয়েছিল তার কোনও মূল্য কংগ্রেস সরকার দেন নি। যার জন্য জমির প্রশ্নে, খাজনার প্রশ্নে হাজার হাজর কৃষককে প্রাণ দিতে হয়েছে। ১৯৬৭ সালে একটা সরকার হয়েছিল অল্প দিনের জন্য যারা কৃষকদের জন্য ৩ একর পর্যন্ত খাজনা ছাড়া দিয়েছিলেন। এটা কংগ্রেস সরকার করেন নি। অথচ তারা আজকে কতই দুঃখপ্রকাশ করছেন কতই না সমালোচনা করলেন। বললেন নাবালক, বিধবা, পঙ্গু ইত্যাদির কথা। কিন্তু ৩ একর পর্যন্ত জমির যে ছাড় সেটা তারা করেন নি। এরজন্য গ্রাম বাংলার কৃষক উত্তেজিত হয়েছিল। ১৯৬৭ সালে সূর্যের একটা রশ্মি পূর্ব দিগন্তে দেখা দিয়েছিল। তারপর কৃষক শোষণকারী দলনকারি সরকার এল যারা সেচ অসেচ এলাকার নাম করে ২-৩ গুণ খাজনা বাড়ালেন। তখন কিন্তু তাদের এই বিধবা, নাবালক পঙ্গুর কথা বলা হয়নি। একটা টেম্পুরারি মেজার নেওয়া হয়েছিল ফসল ফলাতে যাতে সে উৎসাহিত হয় তারজন্য। চাষী কোথা থেকে টাকা পাবে, কোন মহাজন টাকা ধার দেবে, কিভাবে সার কিনবে এই সব প্রশ্নে বামফ্রন্ট সরকার কৃষকদের স্বার্থ রক্ষা করবার জন্য ও উৎপাদন ব্যবস্থা বৃদ্ধির জন্য ৪ একর এবং ৬ একর পর্যন্ত জমি ছাড় করেছিলেন। আজকে যে বিল এসেছে—যার উপর আমরা আলোচনা করছি এটা সিলেক্ট কমিটির সুপারিশের পর এসেছে। আমরা এখনই বলতে পারছি না যে কতদিন পরে চালু হবে কারণ এটা একটা কঠিন কাজ। স্যার, ১৯৬৭ সালের প্রয়াস, ১৯৬৯ সালের প্রয়াস, ১৯৭৭ সালের প্রয়াস আজ আমাদের এই জায়গায় এনেছে, শত শত বছরের পর এই প্রথম পশ্চিমবাংলায় একটা নীতির ভিত্তিতে খাজনা ধার্য হতে যাচ্ছে। কারোর খেয়াল খুশির উপর এটা হবে না, অফিসারদের খেয়াল খুশির উপর হবে না। কেউ কেউ বলেছেন আমলাতন্ত্র যা খুশি তাই করবে, তা নয়, বিধানের মধ্যে খুঁজলে পাওয়া যাবে তারা যা খুশি করতে পারবে না। বরং আগেকার বিলটা যা ছিল তাতে ঐসব ছিল। জমিতে পাট চাষ হয়, চাষী বলল না হয় না অমনি অফিসার বলল না হয় না, আলু চাষ হয় না তো হয় না,

ফসল হয় না তো হয় না। এখন ঐসব হবে না। আগেকার বিলে হাকিম সাহেব কি করবেন, না করবেন, কি হবে, না হবে এইসব প্রশ্ন ছিল। কাজেই এই যে জিনিসটা হচ্ছে এটা প্রগতিমূলক ব্যবস্থা। এখানে অফিসারের হাত বিশেষ থাকবে না। সরকার নানা কারণে খাজনা ছাড়ের ব্যবস্থা করতে পারেন। রেটিং যদি ভুল হয় তাহলে রি-অ্যাসেসমেন্ট করতে পারবেন। কাজেই এটা প্রগতিশীল ব্যবস্থা। এই আইন আগে কার্যকর হোক, পরে দরকার হলে অ্যামেন্ডমেন্ট হবে। এই যে পদক্ষেপ নেওয়া হয়েছে এই পদক্ষেপের জন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, থার্ড রিডিংএ আমার বেশি কিছু বলার ইচ্ছা ছিল না, কিন্তু এমন কতকগুলি কথা এসেছে যারজন্য আমাকে বলতে হচ্ছে। এই বিলটা ইন্ট্রোডিউসড হওয়ার পর থেকে এমন একটা ভাব দেখানো হচ্ছে যে আমরা যেন এই বিলের বিরোধিতা করছি। তা মোটেই নয়, আমরা এই বিলের বিরোধিতা করছি না। যাঁরা গরিব দরদী দেখাচ্ছেন তাঁদের জানিয়ে রাখি জনতা পার্টি যে যে রাজ্যে আছে সেখানে ৬ একর পর্যন্ত জমির খাজনা মাফ হয়ে গেছে। জমির খাজনা মাফ করা বড় কথা নয়, আমরা একথা পরিষ্কারভাবে বলতে চাই, জয়ন্ত বাবু বললেন গ্রামের বড় চাষী আমাদের শত্রু, আমরা কাউকে শত্রু মনে করি না, ভারতবর্ষের সকলেই আমাদের বন্ধু, সকলের বাঁচার অধিকার আছে। বিনয়বাবু বললেন ব্যুরোক্রাসিকে ঘৃণা করি, আমরা ব্যুরোক্রাসিকে ঘৃণা করি না, ব্যুরোক্রাসি যাতে ঠিক পথে চলে সেটা আমরা চাই। কিন্তু সেইভাবে তাঁরা চলছেন না। জেলা ম্যাজিস্ট্রেটকে হুকুম দেওয়া হয়েছে কো-অর্ডিনেশন কমিটির নির্দেশমতো চলতে হবে। বিনয়বাবুরা ২ বছর এসেছেন, কি করেছেন? কোর্টে ঘুস বন্ধ করতে পেরেছেন? জে.এল.আর.ও অফিসে ঘুষ বন্ধ করতে পেরেছেন? সেটেলমেন্ট অফিসে ঘুস বন্ধ করতে পেরেছেন? আপনার চোখের সামনে ১১এ ফ্রি স্কুল স্ট্রিটে ঘুস দিয়ে সিমেন্টের লাইসেন্স বের করে নিয়ে যাচ্ছে, আপনি বন্ধ করতে পেরেছেন? আমাদের ভয় ব্যুরোক্রাসিকে নয়, আমাদের ভয় আই এ এস অফিসারকে নয়, আমাদের ভয় এটা কেমন করে ইম্পলিমেন্টেড হবে। আমরা একথা বলতে চাই এই দেশে সি পি এম সামন্ততন্ত্রকে খতম করেনি, জমিদারি প্রথাকে সি পি এম উচ্ছেদ করেনি, জমিদারি প্রথা উচ্ছেদ হয়েছে অহিংস পন্থায়। জোতদারি খতম করেছে সি পি এম পার্টি নয়, জোতদারি খতম করেছে অন্য পার্টি। কাজেই আজকে ২ বিঘা জমির বর্গাদার কে হবে সেটা রেকর্ড করতে মাঠ লাল করে দিচ্ছে। আমি আরেকটা কথা বলতে চাই, ক্লজ টু যখন আলোচনা হচ্ছিল তাতে আমার একটা অ্যামেন্ডমেন্ট ছিল কিন্তু মন্ত্রী মহাশয় সেটা গ্রহণ করেন নি। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি সেটা একটু চিন্তা করে দেখুন। যুক্তফ্রন্ট মন্ত্রিসভা যখন ছিল তখন হোম স্টেড ল্যান্ড ৫০ শতক ছাড় দেবেন বলেছিলেন, ইনকাম ট্যাক্স এ যেমন হয়, সুতরাং মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যেন তিনি এই বিষয়ে একটু বিশেষ ভাবে চিন্তা করেন। আর আমার দ্বিতীয় কথা হচ্ছে যে আমাদের ওখানে অনেক আম গাছ আছে এবং একটা লোকের হয়ত অনেক গাছ আছে তার জমির দাম অনেক বেশি। এই সমস্ত খুঁটিনাটি যখন ইমপ্লিমেন্ট করবেন তখন বিশেষ ভাবে চিন্তা করার দরকার আছে। শুধু জে.এল.আর.ও এবং সেটলমেন্ট অফিসের উপর দায়িত্ব দিলেই সুবিচার হবেনা। সুতরাং ইম্পলিমেন্টেশনের সময় মন্ত্রী মহাশয়ের বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। এই কয়টি কথা

বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপে দুই একটা কথা শুধু বলতে চাই, মাননীয় সদস্যরা সেটা মন দিয়ে শুনবেন এবং বোঝবার চেষ্টা করবেন। আমি প্রথমেই বলবার চেষ্টা করেছিলাম, এখন প্রথম জিনিস যেটা সবাই জোর দেবার চেষ্টা করছেন, কিন্তু বাস্তবে ভেবে দেখুন কারণ অনেক চিন্তা করেই আমরা এটা করেছি। ১ কোটি ৩৭ লক্ষ একর জমি আছে, ৫২ লক্ষের কিছু কিছু বেশি হোল্ডিং আছে। যদি উৎপাদন ভিত্তিতে করতে হয় তাহলে অনেক অসুবিধা আছে, কারণ এক জমিতে ফসল দুটো হয় তিনটা হয় ইত্যাদি এবং বিভিন্ন ফসলের উৎপাদন খরচ বিভিন্ন রকমের। এটা সবাই একটু চিন্তা করে দেখবেন। ১ কোটি ৩৭ লক্ষ একর জমিতে হাজার রকমের ফসল হয়— কোথাও আলু কোথাও আঁখ, কোথাও ধান, কোথাও পাট বা অন্য রকমের জিনিস, আবার কোথাও তরকারী এবং প্রত্যেকটি আলাদা আলাদা হয় এবং একই ব্যক্তি হয়ত বিভিন্ন রকমের করে। আবার একই ব্যক্তি একই জমিতে এবছর একটা ফসল তুলল আবার অন্য বছর অন্য ফসল তুললেন। এগুলি যদি রেটিং বোর্ড বা যাকেই ভার দিতেন তাহলে এলিমেন্ট অফ ডেলিগেশন অফ পাওয়ার তার উপর দেওয়া হত, তার চেয়ে অনেক ভাল Repeat all the factions, not only productivity, approximity of the market.

এর একটা ভিত্তি আছে। আমি আপনাদের বলেছিলাম ১৮৯১ সালের ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট নাম্বার ওয়ান অনুসারে এই ৮৮ বছর ধরে বিভিন্ন কাজে জমি নেওয়া হয়েছে তার ভ্যালুয়েশন এবং প্রিন্সিপল ঠিক করবার জন্য। এটা রেজিস্ট্রি অফিস থেকে নেওয়া হয় ৩/৪ বছরের অ্যাভারেজ করে। এটা মাঝে উঠে গিয়েছিল, আমরা আবার ইনট্রোডিউস করেছি যে ফিফটিন পারসেন্ট সোলেসিয়াম দেওয়া হবে। রেটিং বোর্ডের হার বাঁধা সেখানে ডিসক্রিশন বেশি কিছু করতে পারেনা। আপনি যেকথা বলেছেন এক্সেসিভ ডেলিগেশন অব পাওয়ার টু দি অফিসিয়ালস একথা উঠেছিল বলেই এই ব্যবস্থা করতে হয়েছে। আমি আগেই বলেছি আলু ১ বিঘাতে কাঠায় ৪ মন ধরে ৮০১ মন হলে ১০ টাকা দর ৮০০ টাকা। ধান হয়ত ১০ মন ৪০ টাকা দরে ৪০০ টাকা। আলু এবং ধানে তফাৎ আছে। আপনি হাওড়া জেলার লোক, কাজেই আপনি ভালই জানেন পান যদি করেন তাহলে আরও বেশি হবে। কাজেই দেখতে পাচ্ছেন কস্ট অব প্রডাকশনের ব্যাপারটা আরবিট্রেরি। তারপর যে মুহূর্তে ইনকাম ট্যাক্সের কন্সেপ্ট এসে যাবে, সেই মুহূর্তে এটা স্টেট লিস্টে থাকবে। কাজেই আপনাদের আমি বলেছি বর্তমান আইনের বেড়াজাল থেকে যেটুকু কল্যাণ করা যায় সেই চেষ্টাই আমরা করছি। নুতন যখন কিছু করতে চাই তখন ভাল না করতে পারি খারাপ যেন না হয়। কোনও রকমে মানুষের যেন হ্যারাসমেন্ট যেন না হয়, সেটা দেখতে হবে। ৪ একরের বেশি যাদের রয়েছে তাদের ক্ষেত্রে কি হবে সেটা পরে দেখা যাবে। আমাদের মোটামুটি লক্ষ্য হচ্ছে আইনটা ইম্পলিমেন্ট করার ক্ষেত্রে হার্ডশিপ যেন না হয়, হ্যারাসমেন্ট না হয়, পাবলিক ওপিনিয়নের এগেনস্টে যেন না যায়। লুপ হোলস যদি কিছু থাকে, সেটা আমরা চিন্তা করে

দেখব। আমরা শাশ্বত অনন্ত চিরকাল থাকব তা নয়। ধরুণ যদি কনস্টিটিউশন অ্যামেন্ড করতে হয়, তাহলে আমি প্র্যাকটিকাল ম্যান হিসাবে বলছি, আমার অভিজ্ঞতার ভিত্তিতে বলছি যে কোনও জিনিস ইম্পলিমেন্ট করতে গিয়ে অর্থাৎ ইন দি প্রসেস অব ইম্পলিমেন্টেশন বুঝা যায় যে কি রেক্টিফাই করতে হবে। আমরা ক্লোজ মাইন্ড নিয়ে এটা করতে চাই। কাজেই আমি যা বললাম আপনারা ভালভাবে চিন্তা করুন। আপনারা জানেন যে হুগলির প্রত্যেকটি ফসলের ভ্যালুয়েশন দিয়ে আপনি কস্ট অব প্রডাকশন ঠিক করতে পারবেন না। কাজেই ভেবে দেখুন এটা মোর বেনিফিশিয়াল টু দি পাবলিক হবে, না আমরা যেটা করেছি সেটা মোর বেনিফিসিয়েল হবে। ওখানে অফিসারদের বেশি হাত থাকে এবং যেখানে দুটি ফসল হবে সেখানে হয়ত বলবে ৮টি ফসল হয়েছে এবং এইভাবে অর্থকরী ফসলকে বাদ দিয়েও পারে। মনে রাখবেন ৮৮ বছরের একটা আইন চলছে। মূল কথা হচ্ছে ১৯৭৬-৭৭ সালে আমরা একটা এগ্রিকালচারাল সেন্সাস করেছি। কাজেই মোটামুটি এর একটা ভিত্তি আছে, এবং সেই ভিত্তিতেই আমরা যাচ্ছি। আমি প্রথমে বলেছি মার্জিনাল এবং স্মল ফারমারদের কথা। আমরা একটা নতুন রেভিনিউ স্ট্রাকটার করছি। আমাদের প্রান্তিক চাষী, এক হেক্টারের কম আছে ৩৫ লক্ষ এবং এক হেক্টার থেকে দুই হেক্টার অর্থাৎ সাড়ে সাত থেকে ১৫ বিঘা, এই স্মলের সংখ্যা হচ্ছে প্রায় ৫ লক্ষ ৮০ হাজার।

[7-20— 7-28 P.M.]

তাহলে পর ৩৫ আর ৫-৮০, প্রায় ৪১ লক্ষের মতো এরা বাদ পড়ে যাচ্ছে। ফলে তারা একে বারেই কোনও রকমভাবে এর মধ্যে আসেনা এবং সেইজন্য মনে করি এই যে একটা বিরাট সংখ্যক যারা খাজনার হাত থেকে মুক্তি পেতে যাচ্ছে। আমি দেখেছি ৪/৫ একরের উপর অনেক সময় ৭০,৮০,১০০ টাকা করে দিতে হত যখন দ্বিগুণ, তিনগুণ বাড়ানো হয়েছিল, আমরা আসার পর সেটা কমানো হল। কিন্তু এই কথাটা যদি বলত যে তারা সার হিসাবে, অন্য ইমপুট হিসাবে যদি দিতে পারে তাহলে প্রডাকশন বাড়বে কতগুলি লোকের প্রডাকশন বাড়বে? সুতরাং সেদিক থেকে বলা হয়েছে এটায় অনেকখানি উপকৃত হয়েছে। তারা প্রায় ৫ লক্ষ ধরে নিচ্ছি, আর ২ হেক্টর থেকে ৪ হেক্টর পর্যন্ত এদের উপর কর নেই, এরাও প্রায় ৫ লক্ষ। আমি হিসাব করে দেখেছি যে নিচের দিকে বরং আপনাদের এক্সজিসটিং এর চেয়ে একটু কম আছে, আর উপরের দিকে আর একটু বেশি আছে—খুব বেশি না। সেইজন্য প্রথম হচ্ছে মার্জিনাল অ্যান্ড স্মল ফারমার্স তাদের রেভিনিউ থেকে সম্পূর্ণ মুক্তি দেওয়া এবং রেভিনিউএর টাকাটা যাতে তারা পার হেক্টর ইমপুট করতে পারে, যাদের আর্থিক সঙ্গতি কম। সেদিক থেকে অন্য কোনও রিজিয়নের উপর যেন বর্তমানে হাত দিতে না হয় এবং তার উপরে সেটা মাত্র দেড় লক্ষ, তাদের ক্রমবর্ধমানভাবে এবং এটা খুব সুস্পষ্ট যে গত ৩২ বৎসরের মধ্যে এর পারসেন্টেজ হয়ত ভ্যারি করতে পারে, আমি রাফলি বলছি ধরুন ১০ পারসেন্ট যারা লার্জ ল্যান্ড লর্ড এরা ম্যাকসিমাম দরে জমি বিক্রি করতে পেরেছে। তারা অন্য পাঁচ রকমের কাজ করতে পারে। এদের কাছে কিছু সম্পদ আছে যে সম্পদ বহুবার বহু অর্থনীতিবিদ চেষ্টা করেছেন এইভাবে কিছুটা সাইফুন করে বার করে সাধারণ মানুষের কল্যাণে, সোশ্যায়াল ওয়েলফেয়ারের কাজে লাগান যায় কিনা, সেইভাবে

আনা যায় কিনা এবং দেখা গিয়েছে এই সেকশনের কনট্রিবিউশন কিছুটা আছে। সেইজন্য করা হয়েছে ধাপে ধাপে। হিসাব করে দেখুন ৫ হাজার একরের, রেটেবেল ভ্যালু কত, ফাস্ট ওয়ান থাউজান্ডে সেখানে আমরা রেখেছি ২ পারসেন্ট, যেখানে ৬ হাজার একরের রেটেবেল ভ্যালু—এটা খুব সিমপল অঙ্ক এক হাজারে ২ পারসেন্ট করে ২০ টাকা, তারপর নেক্সড যেটা সেটা ৩ পয়সা করে, তারপর নেক্সড থাউজান্ড ৪ পয়সা করে তাহলে প্রতি হাজার ৪০ টাকা, এইভাবে এইগুলি হয়েছে। খুব ক্লিয়ারলি যদি আমি দেখি তাহলে দেখব যে এতগুলি লোকের সুখসুবিধা হচ্ছে। তারপর দেখুন, কিছু শহরের দিক থেকে বলছি যে আমি এখানে আসবার পর থেকেই দু'বৎসর থেকে চেষ্টা করছি, আরবান সিলিং, আমরা আসবার আগে যাঁরা ছিলেন তাঁরা সমস্ত রেজোলিউশন করে সেন্টারকে পাওয়ার দিলেন, একমাত্র তামিলনাড়ু নিজেরা করেছে বলে তারা নিজেরাই তা অ্যামেন্ডমেন্ট করেছে। আমি দেখছি কলকাতার ৮ কিলো মিটার পেরিফেরি এরিয়াতে ১১৩৪টি গ্রাম, একেবারে পাড়া গাঁ আমডাঙ্গার মতো এবং এর পপুলেশন '৭১ সালের সেন্সাস অনুযায়ী ১৭ লক্ষ, তারা যে কোনও সময় জমি বিক্রি করতে গেলে, বাড়িতে কোনও বিয়ে থার ব্যাপারে, হ্যারাসমেন্টের চূড়ান্ত হতে হয়। আমি কয়েকবার গিয়েছিলাম সেন্ট্রাল মিনিস্ট্রির কাছে যে মশায়, এটা বাদ দিয়ে দেন। যখন এইগুলি আরবানাইজ হবে তখন এইগুলি ইনক্লুড করে নেবেন। কবে হবে বলে ১১৩৪টি গ্রাম ও যেখানে ১৭ লক্ষ লোকের বাস সেখানে এইরূপ আনডিউ হ্যারাসমেন্ট হতে হয়। এছাড়া অন্যান্য যেসব লুপহোল আছে সেগুলি আমরা চেষ্টা করছি। সেইজন্য অন্ততপক্ষে আপনারা এখানে যে যাই বলুন যে জোতদারের প্রতিনিধি, আমরা বড়লোকদের জন্য করছি কিন্তু মনে মনে তাঁরা জানেন যে আমরা করছি।

আমি একটা গল্প বলি। আমার একজন অনেক দিনের জানাশোনা লোক আমার বাবার বন্ধু ছিলেন আমার সঙ্গে কথা বলছিলেন। তিনি বড় ল্য-ইয়ার ছিলেন। অনেকক্ষণ ধরে আমার সঙ্গে কথা বললেন। তখন ইংরাজ রাজত্ব ছিল। হঠাৎ কথা বলার পর বললেন, তোমার সঙ্গে কথা বলছি, আবার যদি পুলিশ দেখে। আমি হাসলাম। তিনি বললেন, তুমি হাসলে কেন? আমি বললাম, এদিকে বলছেন ইংরেজের কথা, আবার পুলিশ দেখল কিনা সেজন্য ভয় পাচ্ছেন কেন। তাই আপনাদের বলি, ওটা বলতে হয় তাই বলছেন। কিন্তু মনেপ্রাণে জানেন আমরা কি। আমি বড় কথা বলি না। আমি বলছি না, এটা কম্পপ্রিহেনসিভ ল্যান্ড রিফরম বিল। সেটার ব্যাপারে বলেছি, আস্তে আস্তে আনছি। আমরা তো চেষ্টা করছি। বর্গাদার বলুন আর ক্ষেত মজুর বলুন অ্যালোটিস অফ ল্যান্ড ক্রমশ বাড়িয়ে যাচ্ছি। কিন্তু তাদের ঋণ দেবার ক্ষেত্রে ব্যাঙ্ককে রাজি করাতে পারি নি। আমরা চেষ্টা করব। সেটা একটা আলাদা জিনিস। যেখানে খাজনার বিকল্প হিসাবে আইন এসেছে, সেখানে ঋণের কথা, ওমুকের কথা কেনই বা নেই—এসব কথা বলা অপ্রাসঙ্গিক নয় কি? আমি তো নিজে জানি এটা জটিল ব্যাপার। আগেও বলেছি সোশ্যালিজম জানি, সবই জানি, কাশী মিত্তির ঘাট চিনি, নিমতলা ঘাট চিনি এবং কোথায় আছি তাও জানি। সেইজন্য ধীর ধীরে করছি। কিছু কিছু লোক আছে নকশার আগে তুলি দিয়ে ছবি আঁকে। আর কিছু লোক আছে এখানে একটা টান দেয়, ওখানে একটা টান মারে, যতক্ষণ না পর্যন্ত শেষ টান না মারে ততক্ষণ বোঝা যায় না কি ছবি হচ্ছে। নন্দলালের ছবি যারা দেখেছেন তারা জানেন। এখানে একটা ফুটো, ওখানে

একটা ফুটো শেষ টান মারলে, দেখা গেল পাখী হল। তেমনি আস্তে আস্তে হবে। শেষ টানের জন্য অপেক্ষা করুন। খাজনা হল, বর্গা হল— শেষ খোঁচা যখন মারব তখন বুঝবেন।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Land (Farm-Holding) Revenue Bill, 1978, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** The House Stands adjourned till 1 p.m. on Friday, the 31st August 1979.

## ADJOURNMENT

The House was accordingly adjourned at 7.28 p.m. till 1 p.m. on Friday, the 31st August, 1979 at the Assembly House Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Lagislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 31st August, 1979 at 1.00 p.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Syed Abdul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 5 Ministers of State and 173 Members.

[1-00 — 1-10 P.M.]

### Starred Questions
### (to which oral answers were given)

**পশ্চিমবঙ্গের সীমান্ত এলাকায় বাংলাদেশি সমাজবিরোধীদের অনুপ্রবেশ**

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিককালে পশ্চিমবঙ্গের সীমান্ত এলাকায় বাংলাদেশি সমাজবিরোধীদের ব্যাপক অনুপ্রবেশ ঘটেছে—এই মর্মে কোনও সংবাদ সরকারের নিকট এসেছে কি; এবং

(খ) এসে থাকলে, সরকার এ বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) সীমান্ত এলাকায় বাংলাদেশি সমাজবিরোধীদের ব্যাপক অনুপ্রবেশ ঘটেছে-- একথা ঠিক নয়; তবে বিভিন্ন সময়ে কিছু বাংলাদেশি অনুপ্রবেশকারী কর্তব্যরত পুলিশ ও সীমান্তরক্ষীবাহিনীর হাতে ধরা পড়েছে।

(খ) এই ধরনের অনুপ্রবেশ বন্ধ করার জন্য সীমান্ত এলাকার থানাগুলিতে নজরদারী জোরদার করা হয়েছে, সীমান্ত রক্ষীরা সজাগ দৃষ্টি রেখেছেন এবং এ বিষয়ে বাংলাদেশ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের ব্যবস্থা আছে।

প্রশ্নের উত্তরে উল্লিখিত অনুপ্রবেশকারীদের মধ্যে কিছু লোককে সরাসরি বাংলাদেশে ফেরৎ পাঠানো হয়েছে। বাকি কিছু বাংলাদেশিকে সনাক্ত করা হয়েছে। এবং তাদের ফেরৎ পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এই রকম অনুপ্রবেশ করে কলকাতার আশেপাশে যে সমস্ত অবাঙালি মুসলমান আছে তাদের সাথে অনেকে মিশে গেছে এটা মাননীয় মন্ত্রী মহাশয় জানেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** এইরূপ আমার জানা নাই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে বাংলাদেশ থেকে এই রকম অনুপ্রবেশকারীরা ডাকাতি করে ফিরে চলে গেছে এই রকম কতগুলি ঘটনা তাঁর নজরে এসেছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ দিলে বলতে পারি, তবে এই রকম ঘটনা কিছু কিছু ঘটেছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** বর্ডারে করিমপুর এবং ফুলবাড়িতে দুজন বাংলাদেশি অনুপ্রবেশকারী লোককে গুলি করে মেরেছে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** প্রশ্ন দিলে উত্তর দিতে পারি, এটা থেকে কি করে বলব।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি বাংলাদেশের অনুপ্রবেশকারীদের সঙ্গে পশ্চিমবাংলার সমাজ বিরোধীদের প্রত্যক্ষ যোগাযোগ আছে এই সম্পর্কে কোনও রিপোর্ট আপনার দপ্তরে আছে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই রকম কোনও রিপোর্ট আমার কাছে নাই।

### বিশ্ব ব্যাঙ্ক প্রতিনিধিদের ফারাক্কা পরিদর্শন

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিশ্ব ব্যাঙ্কের প্রতিনিধিরা সম্প্রতি থার্মাল পাওয়ার প্রোজেক্টের ব্যাপারে ফারাক্কা পরিদর্শনে আসিয়াছিলেন কি; এবং

(খ) ফারাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্টের কাজ এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) হ্যাঁ গত ৫ই জুন তারিখে ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনের আমন্ত্রণে বিশ্বব্যাঙ্কের একজন প্রতিনিধি এসেছিলেন।

(খ) এ পর্যন্ত ফারাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্টের কাজ সন্তোষজনকভাবে অগ্রসর হচ্ছে। এ ব্যাপারে Ash disposal, সাময়িক টাউনশিপ প্ল্যান্ট ইত্যাদির জন্য এ পর্যন্ত প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হয়েছে প্রায় ৪০ শতাংশ রোড এর কাজ শেষ হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** রাজমহলের যে কয়লাখনি থেকে কয়লা আসবার কথা আছে সেই কয়লাখনির কাজ হাতে নেওয়া হয়েছে কি বা তার কাজ কতদূর অগ্রসর হয়েছে বা সেটা কি অবস্থায় আছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটার কোনও বিশেষ রিপোর্ট আমার কাছে নেই।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ১৯৮৪ সালের মধ্যে ফার্স্ট ফেজের কাজ অর্থাৎ জেনারেশন ফার্স্ট ফেজের শুরু হবে এই যে প্রোগ্রাম এটা ঠিক ঠিক মতন কার্যকরি হবে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি তো বলেছি যে, যেভাবে অগ্রসর হচ্ছে তাতে এই যে টার্গেট আছে বা দেওয়া হয়েছে সেটা হয়ে যাবার কথা-ফার্স্ট ফেজেই ।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে এই যে,. কোল ফিল্ডের কাজ যদি ঠিক মতন শেষ না হয় এবং অপর দিকে যদি জেনারেশনের কাজটা শেষ হয়ে যায় তাহলে অসুবিধা হবে। সামগ্রিকভাবে সমস্ত কাজটা ঠিক ঠিক মতন হচ্ছে কিনা সেটা আমাদের তরফ থেকে দেখার বা সুপারভিশন করার কোনও নির্দিষ্ট ব্যবস্থা আছে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি তো বললামই যে কয়লার ব্যাপারটা প্রশ্নের মধ্যে ঠিক ঐ ভাবে ছিল না কাজেই এটা আমাদের খবর নিতে হবে। তবে মাননীয় সদস্য যা বলেছেন সেটা একেবারে সঠিক যে যদি আমরা না পাই তাহলে এ দিকে আমাদের কাজ যতই এগিয়ে যাক না কেন সেটা সবটা হবে না কাজেই একসঙ্গে এটা করতে হবে। এটার দিকে আমরা আমাদের সরকারের পক্ষ থেকে নজর রেখেছি। কাজটা যেভাবে এগুচ্ছে পরবর্তীকালে সেটা যাতে আরও নির্দিষ্টভাবে, সংগঠিত ভাবে কাজটা আমরা করতে পারি এবং নজর রাখতে পারি, সুপারভাইজ করতে পারি সে ব্যবস্থা করতে হবে। সেটা এখনও সেইভাবে আমাদের নেই।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, ফরাক্কা সুপার থারমাল প্রোজেক্টে কতটা পরিমাণ বিদ্যুৎ উৎপাদন হবে এবং ফার্স্ট ফেজে কত টাকা খরচ হবে।

**শ্রী জ্যোতি বসু ঃ** ফার্স্ট ফেজে যা অনুমোদিত হয়েছে যে তিনটি হবে ২১০ মেগাওয়াট করে এবং তাতে মোটামুটি খরচের হিসাব যা ধরা হয়েছে কেন্দ্রের পক্ষ থেকে সেটা হচ্ছে ২৯০ কোটি টাকার মতন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, এই কাজ দেখার জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকার কোনও লিয়াঁজো অফিসার নিযুক্ত করেছেন কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** এখন এখানে ডি.এম.কে ভার দিয়েছি যাতে করে প্রাথমিক কাজগুলি করতে পারা যায় এবং এখানে একটি কমিটি এরজন্য আমরা ইতিমধ্যেই করেছি। তার কাজ এখনও শুরু হয়েছে কিনা আমি বলতে পারব না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, এই কমিটি কাদের কাদের নিয়ে করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে তাঁদের নামগুলি নেই আলাদা প্রশ্ন করলে বলতে পারব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে ২৯০ কোটি টাকা খরচ হবে বললেন এটা কি পুরোটাই সেন্ট্রাল অ্যাসিসটেন্স, না, ওয়ার্ল্ড অর্গানাইজেশন থেকেও কিছু পাওয়া যাচ্ছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** কেন্দ্র এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের অ্যাসিসটেন্স আছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** কেন্দ্র কতটা দিচ্ছে এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক কতটা দিচ্ছে জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** সে হিসাব আমার কাছে নেই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে বাংলাদেশ থেকে এই রকম অনুপ্রবেশকারীরা ডাকাতি করে ফিরে চলে গেছে এই রকম কতগুলি ঘটনা তাঁর নজরে এসেছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ দিলে বলতে পারি, তবে এই রকম ঘটনা কিছু কিছু ঘটেছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** বর্ডারে করিমপুর এবং ফুলবাড়িতে দুজন বাংলাদেশি অনুপ্রবেশকারী লোককে গুলি করে মেরেছে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** প্রশ্ন দিলে উত্তর দিতে পারি, এটা থেকে কি করে বলব।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি বাংলাদেশের অনুপ্রবেশকারীদের সঙ্গে পশ্চিমবাংলার সমাজ বিরোধীদের প্রত্যক্ষ যোগাযোগ আছে এই সম্পর্কে কোনও রিপোর্ট আপনার দপ্তরে আছে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই রকম কোনও রিপোর্ট আমার কাছে নাই।

**বিশ্ব ব্যাঙ্ক প্রতিনিধিদের ফারাক্কা পরিদর্শন**

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিশ্ব ব্যাঙ্কের প্রতিনিধিরা সম্প্রতি থার্মাল পাওয়ার প্রোজেক্টের ব্যাপারে ফারাক্কা পরিদর্শনে আসিয়াছিলেন কি; এবং

(খ) ফারাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্টের কাজ এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) হ্যাঁ গত ৫ই জুন তারিখে ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশনের আমন্ত্রণে বিশ্বব্যাঙ্কের একজন প্রতিনিধি এসেছিলেন।

(খ) এ পর্যন্ত ফারাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্টের কাজ সন্তোষজনকভাবে অগ্রসর হচ্ছে। এ ব্যাপারে Ash disposal, সাময়িক টাউনশিপ প্ল্যান্ট ইত্যাদির জন্য এ পর্যন্ত প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হয়েছে প্রায় ৪০ শতাংশ রোড এর কাজ শেষ হয়েছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** রাজমহলের যে কয়লাখনি থেকে কয়লা আসবার কথা আছে সেই কয়লাখনির কাজ হাতে নেওয়া হয়েছে কি বা তার কাজ কতদূর অগ্রসর হয়েছে বা সেটা কি অবস্থায় আছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটার কোনও বিশেষ রিপোর্ট আমার কাছে নেই।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ১৯৮৪ সালের মধ্যে ফার্স্ট ফেজের কাজ অর্থাৎ জেনারেশন ফার্স্ট ফেজের শুরু হবে এই যে প্রোগ্রাম এটা ঠিক ঠিক মতন কার্যকরি হবে কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি তো বলেছি যে, যেভাবে অগ্রসর হচ্ছে তাতে এই যে টার্গেট আছে বা দেওয়া হয়েছে সেটা হয়ে যাবার কথা-ফার্স্ট ফেজেই ।

**শ্রী ধীরেন্দ্রকুমার মৈত্র** : মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে সব রাস্তা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গ্রহণ করা হয়েছিল অর্থাভাবে সেগুলি যে পড়ে আছে সেগুলিতে হাত দেওয়া হবে কিনা?

**মিঃ স্পিকার** : এই প্রশ্নের সঙ্গে এই প্রশ্ন আসে না।

**Shri Deoprakash Rai** : Will the Hon'ble Minister be pleased to state how many district highways are there in the district of Darjeeling and the length of each high-way?

**Shri Jatin Chakrabarty** : I may humbly submit Sir, that the supplementary raised by the honourable member does not arise from this question.

**শ্রী সরল দেব** : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি যে ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটি যে প্রায়রিটি দেবে অ্যাকর্ডিংলি সেগুলি হবে আপনি বলেছেন। কিন্তু এই কো-অর্ডিনেশন কমিটির কনভেনার হচ্ছেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট। এবং আগামী ইলেকশনের জন্য ডিসেম্বর মাস পর্যন্ত কোনও মিটিং হবে না সেই অবস্থায় কি হবে?

**শ্রী যতীন চক্রবর্তী** : অপেক্ষা করা ছাড়া কোনও উপায় নেই।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয় তো জানেন যে সেখানে কোন রাস্তা নাই। এবং বলছেন নূতন রাস্তা হবে না এবং এই রকম এলাকা পশ্চিমবাংলায় অনেক আছে। আজকে তারা হতাশ হয়ে পড়ে। যাতে তারা আশার আলো দেখতে পান সেই রকম কোনও আশার বাণী আপনি শুনাবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী** : যদি কেউ হতাশায় ভোগেন আমি সেই হাতাশা দূর করতে পারি না। কারণ যতক্ষণ পর্যন্ত কো-অর্ডিনেশান কমিটি যেখানে মন্ত্রীরা আছে, প্রায়রিটি না দেন আমার কোন উপায় নেই। ঐ কো-অর্ডিনেশান কমিটি ১।২।৩ করে অগ্রাধিকার করে আমাদের কাছে পাঠিয়ে দেন এবং আমাদের যে আর্থিক সংগতি আছে তার মধ্যে কোন জেলায় কতখানি করা সম্ভব এই সব দেখে বিবেচনা করা হয়।

## সুইমিং পুল

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *২০২।) **শ্রী অনিল মুখার্জী** : শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় কয়টি সরকারি ও কয়টি বেসরকারি সুইমিং পুল আছে;

(খ) যেসব জেলায় অদ্যাবধি কোনও সুইমিং পুল নির্মিত হয় নাই সেইসব জেলায় সরকারি ব্যয়ে অন্তত একটি সুইমিং পুল তৈয়ারি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) বেসরকারি উদ্যোগে নির্মিত সুইমিং পুলকে কোনও সরকারি সাহায্য দেওয়া হয় কি?

[31st August, 1979]

(ক) পশ্চিমবাংলায় কোনও জেলায় সরকারি কোনও সুইমিং পুল নাই। তবে সরকারি উদ্যোগে নির্মিত একটি সুইমিং পুল মালদহে ও নির্মিয়মান একটি সুইমিং পুল মেদিনীপুরে আছে। বেসরকারি সুইমিং পুলের হিসাব সরকারের কাছে নাই।

(খ) সরকারের এইরূপ পরিকল্পনা আছে।

(গ) নির্দিষ্ট প্রস্তাব আসিলে বিবেচিত হইতে পারে।

## Visit of Task Force of the Engineering Association to Santaldih

*22. (Admitted Question No. *315.) **Shri Rajani Kanta Dol :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) if it is a fact that the State Government had prevented the Task Force of the Engineering Association from proceeding to Santaldih;

(b) if so, the reasons therefore: and

(c) whether there is any proposal to send any other similar agency to Santaldih in near future?

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই টাস্ক ফোর্স কার নির্দেশে সাঁওতালদিতে গিয়েছিল এবং কার নির্দেশে সেখান থেকে ফিরে এসেছিল?

**শ্রী জ্যোতি বসু :** এটা আমাদের পাওয়ার ডিপার্টমেন্টের যিনি সেক্রেটারি ছিলেন তাঁর সঙ্গে আলোচনা করে, তিনি ব্যবস্থা করেছিলেন ঐ সাঁওতালদিতে যাবার জন্য। কিন্তু আমাদের অর্থমন্ত্রী যিনি ছিলেন তখন এই বিভাগের চার্জে তিনি এই সব কিছুই জানতেন না। জানবার পর তিনি ওঁরা ওখানে পৌছবার পরে ওঁদের ফিরিয়ে আনেন।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে বিদ্যুৎ কমিশনার মুস্তাক মুর্শেদের সঙ্গে অস্থায়ী বিদ্যুৎ মন্ত্রী ডঃ অশোক মিত্রের যে ঝগড়া কাহিনী বেরিয়েছে সেটা সত্য কি না?

**শ্রী জ্যোতি বসু :** মতপার্থক্য হয়েছিল এটা কাগজে বেরিয়েছে, আমরাও বিবৃতি দিয়েছি এবং আপনারাও বুঝেছেন। এখন এটাকে ঝগড়া বলা যাবে বা অন্য কিছু বলা যাবে সেটা আমি জানি না।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মুস্তাক মুর্শেদকে কি এই কারণে বদলি করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু :** নানা কারণে হয়। তাকে বদলি করা হয়েছে অ্যাডমিনিস্ট্রেটিভ পারপাসে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আপনি কি টাস্ক ফোর্সের কাছে ক্ষমা চেয়েছিলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি বিবৃতি দিয়ে বলেছিলাম যে টাস্ক ফোর্সের যিনি উদ্যোগ নিয়েছিলেন এটাকে সংগঠিত করবার জন্য তিনি বিদেশে আছেন, তিনি ফিরে এলে তাকে আমি বলব। যাঁরা ইঞ্জিনিয়ার গিয়েছিলেন তাঁদের কাছ থেকে যেন ক্ষমা চেয়ে নেওয়া হয় কারণ এটা ঠিক নয়। এর মধ্যে তাঁদের টেনে আনা ঠিক নয়, তাঁদের কোনও অপরাধ নেই যে সমস্ত ইঞ্জিনিয়াররা গিয়েছিলেন। সেই ভদ্রলোক ফিরে এসেছেন। আমি তাঁকে ডেকে এনে বলেছি এবং বিবৃতি দিয়েছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আপনি বিদেশ যাত্রার আগে এই টাস্ক ফোর্স সম্বন্ধে এবং ডঃ অশোক মিত্রের সঙ্গে কোনও আলোচনা করে গিয়েছিলেন কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** না, এটাই হচ্ছে অসুবিধা। যেহেতু এই বিষয়ে নির্দিষ্ট ভাবে কিছু এগোয় নি সে জন্য আমি কোনও আলোচনা করে যেতে পারি নি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই যে টাস্ক ফোর্সের যাঁরা** আসছে, আপনি বিদ্যুৎ মন্ত্রী হিসাবে নিশ্চয়ই জানতেন যে তাঁরা যাবে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি তো বললাম যে কিভাবে অপারেট করবেন, কি কাজ করবে এই বিষয়ে নির্দিষ্ট কোনও আলোচনা হয়নি আমি যতক্ষণ দেশে ছিলাম। আমি চলে যাবার পরে এটা ঐভাবে ঠিক হয়েছিল সেক্রেটারির সঙ্গে যে ওঁরা যাবে। আমি যখন ছিলাম এখানে তখন আমার সঙ্গে কোনও আলোচনা হয়নি।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই রকম কি কোনও সচীবের ক্ষমতা আছে মন্ত্রী মহাশয়ের পরামর্শ না নিয়ে, ক্লিয়ারেন্স না নিয়ে টাস্ক ফোর্স পাঠাবার?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটা ক্ষমতার প্রশ্ন নয়, এখানে ভুল বোঝাবুঝি হয়েছিল সেই জন্য সেক্রেটারি টাস্ক ফোর্স পাঠিয়েছিল।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই টাস্ক ফোর্স কতজন সদস্যকে নিয়ে গঠিত হয়েছিল?

**মিঃ স্পিকার ঃ** দিস কোশ্চন ডাজ নট অ্যারাইজ।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মিঃ মুর্শেদের সঙ্গে ঝগড়াঝাটির সময় মিঃ অশোক মিত্র বলেছিলেন আমি কমিউনিস্ট, ভদ্রলোক নই, এই কথা কি সত্য?

(নো রিপ্লাই)

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মুর্শেদ সাহেব একটা স্টেটমেন্ট করেছিলেন যে এই টাস্ক ফোর্স আপনার জ্ঞাত সারে পাঠানো হয়েছিল, আপনি জানতেন যে টাস্ক ফোর্স পাঠানো হবে, এ কথা কি সত্য?

**শ্রী জ্যোতি বসু ঃ** মিঃ মুর্শেদ এই রকম কোনও স্টেটমেন্ট করেন নি।

**শ্রী অজয়কুমার দে ঃ** এটা কাগজে বেরিয়েছিল, কন্ট্রাভিশনে বেরোয়নি।

**শ্রী জ্যোতি বসু ঃ** না, কাগজে বেরোয়নি।

**Shri Suniti Chatterjee :** Will the Hon'ble Minister be placed to state what is the actual function of the Taskforce?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি বারেবারে একই কথা বলে আসছি। তাঁরা টাস্ক ফোর্স করবার পর আমার সঙ্গে কোনও আলোচনা হয়নি। কথা হয়েছিল যে আমি ওঁদের সঙ্গে কথা বলব যে কি ভাবে ওঁরা আমাদের সাহায্য করতে পারেন আমি তারপর বাইরে চলে গেলাম, সেই জন্য এই ভুল বোঝাবুঝি হল, আমার সঙ্গে আলোচনা না হওয়ার জন্য।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার the answer is not clean with the Ministers be placed to state what it will be done?

**শ্রী জ্যোতি বসু ঃ** তাঁরা কি ভাবে আমাদের সাহায্য করতে পারেন এই বিষয়ে আমরা আলোচনা করব, এখনও আলোচনা হয়নি।

### মুর্শিদাবাদ-নদীয়া জেলার সংযোগস্থলে ব্রিজ

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ-নদীয়া জেলার সংযোগস্থল রাধানগর-পাটিকাবাড়ি ঘাটের উপর (জলঙ্গী নদীর উপর) ব্রিজ নির্মাণের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি; এবং

(খ) সম্প্রতি এ সম্পর্কে কোনও 'সার্ভে' করা হয়েছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) এবং (খ) না, আপাতত কোনও পরিকল্পনা নেই, তবে ভবিষ্যৎ পরিকল্পনার দিকে লক্ষ্য রেখে প্রকল্পটির প্রাথমিক জরিপ কার্য এই বৎসর করা হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে এই রাস্তার বিশেষ পরিস্থিতির কথা বিবেচনা করবেন কি? উত্তর বঙ্গের সঙ্গে ন্যাশনাল হাইওয়ে ছাড়াও আর একটা রাস্তা হতে পারে যদি এই ব্রিজ নির্মাণ করা যায়। কারণ প্রাকৃতিক দুর্যোগের সময় উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা এই দ্বিতীয় রাস্তা দিয়ে হতে পারে?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** আমি আগেই বলেছি অ্যাসিয়োরেন্স কমিটি বলে আপনারা একটা কমিটি করে দিয়েছেন, আমি এখানে বিবেচনা করব বললে সেটা অ্যাসিয়োরেন্স বলে কম্পটিচুয়েড হয়ে যাবে। সুতরাং আমি সেই কথা বলতে পারছি না।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই উত্তরটা কি আপনার সাইক্লোস্টাইল করা আছে, সব ক্ষেত্রেই ব্যবহার হয়?

(নো রিপ্লাই)

**কুশমণ্ডী থানার খুনিয়াডাঙ্গী হইতে বংশীহারী থানার মায়াহার পর্যন্ত রাস্তা**

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডী থানার খুনিয়াডাঙ্গী হ'তে বংশীহারী থানার দৌলতপুরের নিকট মায়াহার পর্যন্ত (ভায়া ভক্তিপুর, বৈরহাট্টা) কাঁচা রাস্তাটি পাকা করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি; এবং

(খ) থাকিলে কবে নাগাত উক্ত পরিকল্পনার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) না, অপাতত নাই;

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মন্ত্রী মহাশয় "ক" প্রশ্নের উত্তরে 'না' বলেছেন। এই না বলার কারণ কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ** সড়ক ও সেতু উন্নয়নের জন্য ষষ্ঠ পরিকল্পনাকালে ৭৫ কোটি টাকার বরাদ্দের প্রতিশ্রুতি পাওয়া গেছে। পূর্ববর্তী পরিকল্পনাকালে গৃহীত সড়ক ও সেতু গুলির নির্মাণ কার্য সম্পন্ন করার জন্য উক্ত অর্থ যথেষ্ট নয়। অর্থাৎ ঐগুলিই সম্পন্ন করতে আরও অর্থের প্রয়োজন। এমতাবস্থায় প্রয়োজন থাকা সত্ত্বেও প্রস্তাবিত রাস্তা উন্নয়নের জন্য গ্রহণ করে তার দায়-দায়িত্ব বহন করা সম্ভব নয়। রাস্তাটি গ্রহণ করলেই অর্থাভাবে তা সম্পন্ন করা যাবে না।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েন্ট অফ্ প্রিভিলেজ, স্যার, আমরা আপনার দপ্তরে যতগুলি প্রশ্ন জমা দিয়েছি তা অত্যন্ত আনন্দের সঙ্গে লক্ষ্য করেছি এবং বিনয়ের সঙ্গে নিবেদন করছি যে, অত্যন্ত টাইমলি সেগুলি চলে গেছে। কিন্তু আমরা মাননীয় মন্ত্রীদের কাছ থেকে উত্তর পাচ্ছি না। আজকে দুটি প্রশ্ন ডাকা হল, দুটিই হেল্ড ওভার হল এর কারণ কি? ওঁরা কি এই সব প্রশ্নের উত্তর দিতে ভয় পাচ্ছেন। আমরা প্রশ্ন রাখছি সি.পি.এম.-এর টর্চার সম্বন্ধে, পাওয়ার ডিপার্টমেন্টের ফেলিওর সম্বন্ধে। মন্ত্রীরা ইনটেনশনালি অ্যাভয়েড করে যাচ্ছেন। আমরা আপনার কাছে প্রটেকশন চাইছি, এই শর্ট-টার্মের অ্যাসেম্বলিতে আপনি মিনিস্টারদের বাধ্য করুন যাতে তাঁরা উত্তর দেন, দে সুড গিভ অ্যানসার।

**অধ্যক্ষ মহোদয় ঃ** আচ্ছা। বাধ্য করব।

**হোমগার্ড**

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১লা আগস্ট, ১৯৭৯ তারিখে পশ্চিমবঙ্গে হোমগার্ডের সংখ্যা কত; এবং

(খ) উপরোক্ত হোমগার্ডরা বছরে গড়পড়তা কতদিন কাজ পান?

**শ্রীরাম চ্যাটার্জি ঃ**

(ক) ৩৯,০০০

(খ) বছরে গড়পড়তা প্রায় তিন মাস কাজ পান।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই ধরনের কোনও অভিযোগ পেয়েছেন কি যে, হোমগার্ড অফিসাররা অধিকাংশই পূর্বতন সরকারের সময়ে নিযুক্ত হয়েছিলেন এবং তারা কংগ্রেস পক্ষের লোক এবং এই হোমগার্ড-এর মধ্যে বামপন্থী ছেলেরা সংখ্যায় অল্প, কিন্তু তারা বিভিন্ন থানায় ডিউটি পাচ্ছে না?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** হোমগার্ডের মধ্যে এমন অনেক লোক আছে, যারা অনেক খারাপ কাজ করেছিল এবং আমাদের বামপন্থীদের বিরোধিতা করেছিল, তা জেনেও তা সত্ত্বেও আমরা তাদের রেখেছি। আমরা এটা ঠিক করেছি যে, বামপন্থী হোক, কংগ্রেসি হোক ৫০ বছরের অধিক বয়সের যারা আছে বা যারা প্যারেড্ করতে পারবে না সেই ধরনের লোকেদের হোমাগার্ডে রাখব না। কারণ আমরা লোকের ভাল করতে চাই। তারপর কংগ্রেসি যে সমস্ত খারাপ মানুষরা আছে, তাদেরও আমরা রেখে দিয়েছি, কারণ ভালর সঙ্গে থাকলে খারাপও ভাল হয়ে যায়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমার প্রশ্নটা হচ্ছে হোমগার্ডের মধ্যের একটা অংশ ডিউটি পাচ্ছে না, কারণ হোমগার্ড অফিসাররা কংগ্রেসি মানুষ এবং সেই কারণে তারা তাদের ইচ্ছা মতো কিছু লোককে ডিপ্রাইভ করছে। এই ধরনের কোনও অভিযোগ আপনি পেয়েছেন কি?

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, গ্রামাঞ্চলে হোমগার্ড অফিসাররা কি হোমগার্ড বিভাগকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করছে?

[1-30 — 1-40 P.M.]

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** এই খবর পেয়েছি যে কিছু কিছু হোম গার্ড অফিসার যখন সাউথ ক্যালকাটায় ইলেকশন হয়েছিল তখন ২ জন অফিসার কংগ্রেসের পক্ষে কাজকর্ম করেছিল। আমি এটা ইগনোর করলাম। কেন কংগ্রেসের হয়ে কাজকর্ম করেছিল তা বুঝতে পারি নি কেননা ওনারা তো আলো-আঁধারী গোলক ধাঁধাঁর মতন হয়ে আছেন। যাই হোক, ঐসব হোম গার্ডদের ওয়াচ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন তিনি উত্তর দিলেন না এবং দিতে পারবেনও না কেননা উনি প্রশ্ন বোঝেন নি এবং বুঝতে পারেন না।

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রী মহাশয় কি পারেন না পারেন সেটা কি আপনার পয়েন্ট অফ অর্ডার? হোয়াট ইজ ইওর পয়েন্ট অফ অর্ডার।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** কোনও বিরোধী দলের নাম করে এবং প্রশ্নের উত্তর না দিয়ে

মন্ত্রী মহাশয় গালিগালাজ দিতে পারেন কিনা—এইটাই আমার পয়েন্ট অফ অর্ডার।

**মিঃ স্পিকার ঃ** দ্যাট ইজ নট এ পয়েন্ট অফ অর্ডার।

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** অসত্য ভাষণে যারা পটু সেই ধরনের লোকেদের কি জবাব দিতে হবে তা আমার ভাল জানা আছে। সত্য বাপুলী মহাশয় যা বলছেন তা অসত্য ভাষণ পরিবেশন করছেন এবং আমার সত্য কথাগুলি ওনার কানে জল ঢালছে।

**Shri Satya Ranjan Bapuli :** On a point of personal explanation. Sir, for this/either Minister should quit or I quit. He must maintain the decency and decorum of the House. The Minister should know how to address the member, how to address the House.

**শ্রী মহঃ সোহরাব ঃ** এইরকমভাবে উত্তর দেওয়া যায় না। দি আনসার মাস্ট বি স্পেসিফিক।

**মিঃ স্পিকার ঃ** এইরকমভাবে পয়েন্ট অফ অর্ডার রেজ করা যায় না।

**শ্রী দেওপ্রকাশ রাই ঃ** আমাদের রাম চ্যাটার্জি মহাশয় হোম গার্ডের মিনিস্টার আমি জানতে চাই হোম গার্ড মিনিস্টারের কোনও ইউনিফর্ম আছে কিনা?

(নো রিপ্লাই)

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** হোম গার্ডের প্রত্যেকদিন কত করে মাহিনা দেওয়া হয়?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** তাদেরকে অ্যালাউন্স দেওয়া হয় ৮ টাকা করে। ১০ টাকা করে দেওয়ার কথা ভাবা হচ্ছে তবে ১ টাকা বাড়িয়েছি এবং তা বাড়িয়ে ৯ করে দেওয়া হবে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে হোমগার্ডরা জামা-কাপড় ছেঁড়া, জুতো ছেঁড়া পড়ে ঘুরছেন?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** মাননীয় সদস্যের আমলে ১টি করে ড্রেস ছিল। আমরা ২টি করে ড্রেস করেছি এবং জুতো-জামা দেওয়া হচ্ছে। তাদের থাকবার জন্য ব্যারাক করা হচ্ছে যাতে ওরা আরও ভালভাবে থাকতে পারে। আমাদের যে ছোট শক্তি সেই শক্তি নিয়ে আমরা যতদূর সম্ভব ভাল করবার চেষ্টা করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** আমার সাপলিমেন্টারি হচ্ছে যে মন্ত্রী মহাশয় কি জানাবেন যে হোমগার্ডদের যেমন স্পেসিফিক ড্রেস আছে, হোমগার্ডের মন্ত্রীর কোনও স্পেসিফিক ড্রেস আছে কিনা?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** না, সে রকম কোনও ড্রেস নেই, আপনাদের সঙ্গে কনসাল্ট করে ড্রেস করব, সেটা ঠিক হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এন.ভি.এফের কিছু অংশকে যেমন পুলিশে চাকরী দেওয়া হয় সেইরকম হোমগার্ডদের পুলিশের চাকরি দেওয়ার কথা মন্ত্রী মহাশয় চিন্তা করছেন কি?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** হোমগার্ডদের আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের কারখানায়, সিকিউরিটিতে, সি.এম.ডি.এ.তে এবং পুলিশের কাজে অ্যাবসর্ব করবার চেষ্টা করছি এবং কিছু অগ্রগতি হয়েছে।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** হোমগার্ডদের বছরে কাজের সময় বাড়াবার পরিকল্পনা আছে কিনা?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** আপাতত আমরা ভাবছি না, কারণ এত বেশি বেকার হয়ে গেছে যে কিছু কিছু করে আনতে হচ্ছে, সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে পরামর্শ করছি বাড়াবার জন্য।

## ADJOURMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** আজ আমি সর্বশ্রী জন্মেজয় ওঝা, ও কিরণময় নন্দ, এবং কৃষ্ণদাস রায় ও অন্যান্য চার জনের কাছ থেকে দুটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী ওঝা এবং শ্রী নন্দ দন্ডক প্রত্যাগত উদ্বাস্তুদের উপর পুলিশি অত্যাচার সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। দ্বিতীয় প্রস্তাবটিতে শ্রী কৃষ্ণদাস ও অন্যান্যরা পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার অবনতি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। প্রথম প্রস্তাবের বিষয়টি সাম্প্রতিক কোনও ঘটনা নয়। তাছাড়া দুটি প্রস্তাবের বিষয়বস্তুই আইন শৃঙ্খলার প্রশ্নের সঙ্গে জড়িত । আজ বিধানসভায় আইন শৃঙ্খলার বিষয়ে ১৮৫ নং নিয়মানুসারে একটি প্রস্তাব আলোচনার জন্য ধার্য আছে, সদস্যরা ঐ সময় ঐ বিষয়ে আলোচনা করতে পারবেন।

তাই আমি উক্ত প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্যরা ইচ্ছা করলে সংশোধিত অংশগুলো পড়তে পারেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল— বামফ্রন্টের একটি মহলের উদ্যোগে দন্ডকারণ্য থেকে প্রায় দেড় লক্ষ উদ্বাস্তু পশ্চিমবঙ্গে এসেছিলেন। তাদের মধ্যে প্রায় ত্রিশ হাজার মরিচঝাঁপিতে বসবাস করছিলেন। এই সরকারের অবহেলা ও পুলিশি অত্যাচারের ফলে এবং অনাহারে, বিনা চিকিৎসায় নারী, শিশু, যুবক, বৃদ্ধ সমেত প্রায় সহস্রাধিক উদ্বাস্তুর মৃত্যু হয়। নির্মমভাবে উচ্ছেদ, গ্রেপ্তার ও বলপূর্বক অপসারণের ফলে প্রায় সহস্রাধিক পরিবার পরস্পর বিচ্ছিন্ন অবস্থায় পশ্চিমবঙ্গের পথে প্রান্তরে ঘুরে বেড়াচ্ছে। এই আলোচনার জন্য আজ বিধানসভার কার্য দুই ঘন্টার জন্য মুলতুবি রাখা হউক ।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন—বিষয়টি হল—পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলার অবনতি হয়েছে। চুরি, ডাকাতি, রাহাজানি, লুঠপাট, খুন জখম সবই পুলিশের চোখের সামনে ঘটছে। রাস্তা ঘাটে নানারূপ অস্ত্র নিয়ে পুলিশের চোখের সামনে সমাজ বিরোধীরা ঘুরে বেড়াচ্ছে। গৃহদাহ, অন্যায়ভাবে জমি দখল, ছোট ছোট বর্গাচাষীর উচ্ছেদ, গণ-আদালতে শারিরীক উৎপীড়ন, আর্থিক দন্ড আদায়, জোর করে জমি রেজেস্ট্রারি করিয়ে নেওয়া, নারী নির্যাতন এর সবগুলিই পুলিশের চোখের সামনে হচ্ছে। হাইকোর্টের রায়, জেলা কোর্টের ইনজাংশন ইত্যাদি অমান্য করা হচ্ছে। দেশে গণতান্ত্রিক অন্দোলনের নামে বিভীষিকার রাজত্ব চলছে। শত শত একর জমি চায অবাদ হচ্ছে না।

এই ধরনের গুরুত্বপূর্ণ পরিস্থিতিতে পুলিশ ও প্রশাসনের ভূমিকা সম্পর্কে বিশদ আলোচনা করা হউক।

[1-40 — 1-50 P.M.]

**Calling attention to matters of urgent public importance**

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথাঃ

১। ব্যান্ডেল থার্মাল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র থেকে শ্রমিক ছাঁটাই—শ্রী সুনীতি চট্টরাজ।

২। আগামী লোকসভার নির্বাচন উপলক্ষে সি.আর.পি. ও মিলিটারি না ডাকার কারণ—শ্রী সুনীতি চট্টরাজ।

৩। সাধারণ মানুষের উপর সি.পি.এম. পার্টির গণ আদালতের অত্যাচার—শ্রী সুনীতি চট্টরাজ।

৪। হাইকোর্টের আদেশ উপেক্ষা করে প্রশাসনিক কর্তৃপক্ষের জমির মালিকদের সাহায্য না করা—শ্রী সুনীতি চট্টরাজ।

৫। জেলা ওয়াডারদের বিক্ষোভ ও আন্দোলন—শ্রী মহঃ সোহরাব।

৬। কলকাতা পুরসভার শ্রমিক কর্মচারিদের কেন্দ্রীয় ভবন চত্বরে গণ অবস্থান—শ্রী মহঃ সোহরাব।

৭। খড়গপুর রেলস্টেশনের নিকট সংঘর্ষ ও পুলিশের গুলি—শ্রী মহঃ সোহরাব ও শ্রী রজনীকান্ত দোলুই।

৮। Crisis in Handloom and Powerloom— by Shri Gour Chandra Kundu.

৯। Alleged torture on the Tea garden laboures under Nagrakata P.S.— by Shri Krishnadas Roy and Shri Shyamshuddin Ahmed.

১০। Alleged lathi charges on Hawkers in Howrah— by Shri Krishnadas Roy, Shamshuddin Ahmed, Shekh Imajuddin and Md Sohorab.

১১। পশ্চিমবঙ্গে জোরপূর্বক বে-আইনিভাবে জমি দখল—শ্রী রজনীকান্ত দোলুই।

১২। বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত গ্রামগুলির পুনর্গঠনের ব্যাপারে স্থানীয় ও বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানগুলির কার্যের হিসাব—শ্রী অভয়কুমার দে।

১৩। ছাত্র-ছাত্রীদের শিক্ষার উপকরণগুলির অগ্নিমূল্য—শ্রী অভয়কুমার দে।

১৪। বিচার বিভাগের শিক্ষার কার্যকারীতা সম্পর্কে বিভ্রান্তি ও অপরাধমূলক কার্যকলাপ বৃদ্ধি—শ্রী অভয়কুমার দে।

১৫। অস্থায়ী বিদ্যুৎ মন্ত্রী ও বিদ্যুৎ সচিবের মধ্যে মত প্রার্থক্য—শ্রী অভয়কুমার দে।

আমি খড়গপুর রেলস্টেশনের নিকট সংঘর্ষ ও পুলিশের গুলি সম্পর্কের উপর—শ্রী মহঃ সোহরাব ও শ্রী রজনীকান্ত দোলুই কর্তৃক আনীত নোটিশ মনোনিত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রীমহোদয়, যদি সম্ভব হয় আজকে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন নিতে পারেন।

**শ্রী জ্যোতি বসু :** ৭ তারিখে।

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার :** আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ৩১শে আগস্ট শহিদ দিবস। অস্বাভাবিক দ্রব্যমূল্য বৃদ্ধি/ ভয়াবহ বিদ্যুৎ সংকট এবং বামফ্রন্ট সরকারের ভ্রান্ত খাদ্য নীতির প্রতিবাদে এস.ইউ.সি-র পক্ষ থেকে জেলায় জেলায় কোর্টে কোর্টে আইন অমান্য করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বহরমপুর থেকে আমার কাছে ট্রাঙ্কলে খবর এসেছে এই আইন অমান্য করার জন্য বহরমপুর শহরের সমস্ত রাস্তা, ফেরিঘাট ইত্যাদি সব জায়গায় স্বশস্ত্র পুলিশ ঘেরাও করে রেখেছে। খাগড়ায় ৫০০ জনকে গ্রেপ্তার করেছে এবং সব সমেত এ পর্যন্ত ২৫০০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বহরমপুরে আমাদের ক্যাম্প ভেঙ্গে দেওয়া হয়েছে। যেখানে এস.ইউ.সি-র ব্যাচ পরা স্বেচ্ছাসেবক দেখা যাচ্ছে সেখান থেকেই তাদের নিয়ে যাওয়া হচ্ছে। এই সরকার আজকের এই শহীদ দিবসে যেখানে তাঁরা শহীদ বেদীতে মালা দিচ্ছেন সেখানে তাঁরা এই রকম পীড়নমূলক কর্মসূচি কেন গ্রহণ করেছেন এ বিষয়ে মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্য রাখবেন আশা করি।

**শ্রী কৃষ্ণদাস রায় :** স্যার, মেদিনীপুরের নারায়ণগড় থানার তিন নং অঞ্চলে চকমাহাটা গ্রামে সি.পি.এম. কর্মীরা সেখানকার গ্রাম ঘেরাও করে আমাদের একজন কর্মী মাখন মাইতিকে মারধোর করে। এ বিষয়ে মীমাংসা করার জন্য যুগল খাটিয়া এলে তাঁর উপরও আক্রমণ করা হয় ও তাঁকে লুকিয়ে রাখা হয়। সেই সময় তাঁর স্ত্রী তাঁকে রক্ষা করতে গেলে তাঁকে নিয়ে যে কোথায় রাখা হয়েছে তার কোনও সংবাদ পাওয়া যাচ্ছে না। থানায় ডায়রি দিয়েও পুলিশ কোনও প্রকার সাহায্য করতে আসছে না। এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুমন্তকুমার হীরা :** স্যার, কয়েকমাস ধরে আমার এলাকায় ছাতুবাবুর বাজারের আশে পাশে একটা পাগলা ষাঁড় ঘুরে বেড়াচ্ছে এবং লোককে গুঁতোচ্ছে। এ বিষয়ে পুলিশ ও কর্পোরেশনকে বলেছি কিন্তু কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় নি। আশা করি সরকার এ বিষয়ে দৃষ্টি দেবেন।

**শ্রী শামসুদ্দিন আহমেদ :** স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় পঞ্চায়েত ও রিলিফ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলায় কালিয়াচকের ৩নং ব্লকে বিগত আগস্ট সেপ্টেম্বরে যে বন্যা হয়েছিল। তাতে ঘর-বাড়ি পড়ে যাবার জন্য যে অনুদান তা বন্টনের কাজ এখনও শেষ হয় নি। আশাকরি আপনারা এ বিষয়ে একটা ব্যবস্থা গ্রহণ করবেন।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কিছুদিন আগে ঈদ্ হয়ে গেছে

এবং ঈদের মেলাও হয়ে গেছে ইসলামপুরের ইসুবগঞ্জে। সেই ইসুবগঞ্জে যে মেলা হয় সেই মেলায় দেখা যাচ্ছে সকালবেলায় একটা অজ্ঞাত মুণ্ডহীন ধড় পড়ে রয়েছে। এটা কি করে পড়ে থাকল তাই নিয়ে যখন স্থানীয় লোকেদের মধ্যে আলোচনা হচ্ছে তার অনেক পরে থানার বড়বাবু সেখানে আসেন। কাছাকাছি পাট ক্ষেত্রে সেই মুণ্ডহীন ধড়টা পাওয়া যায়। স্থানীয় লোকজন যখন সেটাকে সনাক্ত করতে পারছে না তখন স্থানীয় যে রাজনৈতিক দল কংগ্রেস তাদের তরফ থেকে বলা হয় যে এটাকে সনাক্ত করার জন্য আর কিছুক্ষণ সময় দেওয়া হোক। দুর্ভাগ্যক্রমে ও.সি. অপেক্ষা করতে রাজি ছিলেন কিন্তু স্থানীয় সি.পি.এম.'র হুমকীতে তিনি সেটা মর্গে চালান করে দিলেন। এই যে চাঞ্চল্যকর ঘটনা সেখানে ঘটেছে তার যাতে প্রতিকার হয়, মুণ্ডহীন ধড় যাতে সনাক্ত করা হয় এবং সেই এলাকায় যাতে এই ধরনের ঘটনা আর না ঘটে তারজন্য মন্ত্রী মহাশয় যেন দৃষ্টি দেন।

**Shri Dawa Narbu La :** Mr. Speaker, Sir, the recent Government order has stopped the appointment of Secretaries and Job Assistants in the Gram Panchayats. This has caused great inconvenience. In some Blocks only Secretaries have been appointed, and new applications have been invited for the post of Job Assistants. So, the different actions of the different Blocks show that either they did not comply with the order of the Government fully or the Government order itself is confusing. I request the Hon'ble Minister of Pachayat to look into the matter and make necessary arrangements for the appointments immediately.

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় ঃ** মিঃ স্পিকার, স্যার, আমি একটা বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা বিদ্যুৎমন্ত্রী এবং কো-অপারেটিভ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হল কো-অপারেটিভ বেসিসে যাতে ইলেকট্রিসিটি সাপ্লাই হয় তার জন্য একটা স্কীম কেন্দ্রীয় সরকারের আছে। সেই পরিকল্পনাতে গুজরাট এবং অন্যান্য জায়গায় এই রকম কিছু প্রকল্প চলছে। আমাদের পশ্চিমবঙ্গে প্রথম এই ধরনের একটা স্কীম হরিপাল থানা এবং সিঙ্গুর থানাকে নিয়ে নেওয়া হয়। স্কীমটা অ্যাকসেপ্টেড হয়েছে কিন্তু ইলেকট্রিসিটি ডিপার্টমেন্টের বোর্ডের সেক্রেটারী এই স্কীমটাকে আটকে রেখে দিয়েছেন। অথচ বোর্ড এই ব্যাপারে ডিসিসন নিয়েছেন এবং স্কীমটা স্যাংশন করেছেন। অপরদিকে কো-অপারেটিভ ডিপার্টমেন্ট স্কীমটা গ্রহণ করেছেন, কিন্তু কো-অপারেটিভ ডিপার্টমেন্টের যে দায়িত্ব স্টেট পার্টিসিপেশন অর্থাৎ স্টেটের একটা শেয়ার কেনার ব্যাপার আছে ১০ লক্ষ টাকার, সেই ১০ লক্ষ টাকা না দিলে সেন্ট্রাল গভর্নমেন্ট ১ কোটি টাকা দেবে না, সেন্ট্রাল গভর্নমেন্টের ১ কোটি টাকা পেলে কাজ আরম্ভ হবে, কো-অপারেটিভ ডিপার্টমেন্ট স্টেট পার্টিসিপেশনের টাকাটা দিচ্ছে না এবং এই টাকাটা না দিলে বোর্ড কাজ করতে পারছে না। অপরদিকে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কোনও কাজ করছে না। এই রকম অবস্থায় স্কীমটা রয়ে গেছে। এর ফলে মিডিল কনজিউমার্সরা সাফার করছে। সেজন্য কো-অপারেটিভ ডিপার্টমেন্টকে ১০ লক্ষ টাকার স্টেট শেয়ার ব্যবস্থা করতে হবে এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দেখুন যাতে বোর্ড স্যাংশন দেয়।

**শ্রী স্বদেশরঞ্জন মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র পাঁশকুড়াতে বন্যার সময়

সরকারের তরফ থেকে কৃষিঋণ এবং বলদ ঋণ দেওয়া হয়েছিল যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের। কিন্তু এখন সরকারের তরফ থেকে তাদের উপর নোটিশ দেওয়া হয়েছে ওই টাকা সুদসহ ফেরত দেবার জন্য। তারা এই সুদ ছাড় দেবার জন্য আবেদন জানিয়েছি। তারা সরকারের টাকা দেবে, তবে একটু সময় চেয়েছে। আমি এই ব্যাপারে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাদের একটা আবেদনপত্র আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর কাছে পাঠিয়ে দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টিতে আনছি। কলকাতার ট্রাফিক ব্যবস্থা যা রয়েছে তাতে দেখছি রানি রাসমনি রোড দিয়ে শতকরা ৯০ ভাগ গাড়ি ঢোকে এবং তার ফলে সবসময় ওই রাস্তাটি ট্রাফিক জ্যামের মধ্যে থাকে । আমি এই ব্যাপারে পুলিশের এক বড় কর্তার সঙ্গে কথা বলেছিলাম যে, নর্থ বাউন্ড ট্রাফিক, সাউথ বাউন্ড ট্রাফিক, আপ অ্যান্ড ডাউন সবই যদি একই রাস্তায় থাকে তাহলে কি করে চলবে? ডি.সি. ট্রাফিক আমাকে বললেন আমরা ওই রাস্তা দিয়ে চলিই না। তাঁরা ওই বীরেনবাবুর মতো হাজার টাকার গাড়িতে চড়েননা, তাঁরা লক্ষ টাকার গাড়িতে চড়েন। আমাদের বিভিন্ন জায়গায় যাওয়ার সময়, বিধানসভায় আসার সময় ওই রানি রাসমনি রোড দিয়ে যেতে হয়। আমি এই ব্যাপারে অনেকগুলো বিকল্প সাজেশনস দিয়েছিলাম, কিন্তু মনে হয় ওঁরা আমাদের সঙ্গে আলোচনা করতে চাননা। আমাদের পরিবহনমন্ত্রী এখানে রয়েছেন কাজেই তিনি এই ব্যাপারে নজর দিন। ওঁরা বলে এসপ্ল্যানেড ইস্টে সবসময় মিছিল থাকে । মিছিল থাকলে ট্রাফিক ডাইভার্টেড হতে পারে। প্রতিদিন পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণের সমস্ত গাড়ি যদি একটা রাস্তা দিয়ে চলে তাহলে তো ভয়ানক অসুবিধা এবং সেই অসুবিধা হচ্ছে। এটা পরিবহন মন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর এক্তিয়ারভুক্ত কাজেই তারা যদি অগ্রণী হয়ে স্টেট ট্রান্সপোর্ট, আর.টি.এ. এবং পুলিশের সঙ্গে কথা বলে এই ব্যাপারে একটা সুরাহা করেন তাহলে অন্তত কলকাতার মানুষ যারা লক্ষ টাকার গাড়িতে চড়ে তাঁরা আপনাদের কাছে কৃতজ্ঞ থাকবেন।

**শ্রী হাজারি বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটি বিষয়ে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন পশ্চিমবাংলার শতকরা ৮০ ভাগ মানুষ গ্রামাঞ্চলে বাস করে এবং অবশিষ্টাংশ শহরে বাস করে। বিগত সরকারের কল্যাণে বস্তিতে বৈদ্যুতিক আলো যায়নি কাজেই তাদের কেরোসিন তেলের প্রয়োজন হয় গ্রামের লোকেরও কেরোসিন তেলের প্রয়োজন হয়। আমরা জানি কেন্দ্রীয় সরকারের সরবরাহ ব্যবস্থা খুবই অল্প। তবে একটা কথা বলি যে পরিমাণ তেল আসছে তাতে যদি সমবন্টনের ব্যবস্থা হয় তাহলে বোধহয় এর চেয়ে সুবিধা হয়। কাজেই আমি মন্ত্রী মহাশয়কে বলি যে পরিমাণ তেল আসছে সেটা গ্রামে এবং শহরে সমভাবে বন্টন করার ব্যবস্থা করুন। তাছাড়া আর একটি জিনিস আছে এবং সেটা হচ্ছে যে রেশন কার্ডে একজন লোক আছে সে যা পাবে, বেশি লোক থাকলে তারাও সেই পরিমাণ পাবে এই ব্যবস্থার পরিবর্তন করে একজন লোক আছে সেই কার্ডে তেল কম দিয়ে লোক অনুসারে সমভাবে বন্টন করবার ব্যবস্থা করুন।

[2-00 — 2-10 P.M.]

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। মেদিনীপুর জেলায় আমার কেন্দ্রে পটাশপুরে অনেক জায়গায় দীর্ঘদিন ধরে অরাজকতা চলেছে, তার মধ্যে গোপালপুর গ্রামে এবং চকখিদিরপুর গ্রামের বিভিন্ন জায়গায় কয়েকমাস যাবৎ মারামারি চলছে। কিছুদিন আগে একটা পুলিশ ক্যাম্প হয়েছিল—কি কারণে জানিনা পুলিশ ক্যাম্প তুলে নেওয়া হল, তারপর শুরু হল প্রচণ্ড মারামারি এবং শেষ পর্যন্ত এক ভদ্রলোকের বাড়ি আক্রান্ত হয় এবং তারজন্য পুলিশ গুলি চালাতে বাধ্য হয় এবং তারপরে পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। কিন্তু তাহলেও অরাজকতা চলেছে। গৌর হরি সাউ, কৃষ্ণ দলপতি, রাজেন্দ্র সেনাপতি, ক্ষুধিরাম সেনাপতি, শিশুরঞ্জন সেনাপতি প্রভৃতি গরিব চাষীরা তাদের জমিতে যেতে পারছেনা। পুলিশের সামনে তাদের জোর করে জমি দখল করা হচ্ছে, ধান চায নষ্ট করা হচ্ছে এবং এই ভাবে অরাজকতা চলেছে। এমন কি যখন ক্যাম্পের পুলিশরা বাধা দিতে চায় তখন সেই পুলিশ ক্যাম্পের উপর চড়াও করা হচ্ছে। সেজন্য আমি অনুরোধ করছি এই রকম অরাজকতা আর কত দিন চলবে এবং এই অরাজকতা বন্ধ করতে পারবেন কিনা এবং বন্ধ করতে রাজি আছেন কিনা সেটা জানতে চাই।

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই পূজার আগে এবং ঈদের আগে সরকারি কর্মচারী এবং প্রাইমারি শিক্ষকরা এবং কর্মীরা পূজা এবং ঈদের অ্যাডভান্স পায় না। গত পূজা এবং ঈদের আগে এই সমস্ত মাধ্যমিক শিক্ষক এবং কর্মীগণ জেলা পরিদর্শকের কাছে একটা রিপ্রেজেন্টেশন দিয়েছিলেন কিন্তু তারা পাননি। এবারে আমি মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই সমস্ত মাধ্যমিক শিক্ষক এবং কর্মীবৃন্দ পূজার এবং ঈদের আগে অ্যাডভান্স পান সেদিকে দৃষ্টি দেবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রাম বাংলা কাঁদছে, গ্রাম বাংলার মানুষেরা কাঁদছে, সেই কান্না বহন করে নিয়ে এসেছে ছোট্ট একটি বাংলা পোস্ট কার্ড । সেই পোস্টকার্ড আপনার হাতে দেব। এই পোস্ট কার্ডের মধ্যে যে চোখের জল রয়েছে সেই চোখের জল ব্যর্থ হবে না। সাধারণ একজন মানুষ তার নাম বারিখ। কয়েকজন কমিউনিষ্ট স্টুডেন্ট সি.পি.এম.-এর তারা তার বাড়িতে জোর করে ঢুকে অত্যাচার চালাচ্ছে জুলুম চালাচ্ছে এবং তাকে হুমকী দেওয়া হচ্ছে যে সে যদি সি.পি.এম.-এর সদস্যভুক্ত না হয় তাহলে তার জীবনহানির আশঙ্কা হবে। গ্রাম বাংলার ছেলে দুর্গাপুর থানার অন্তর্গত বীরভূম জেলার এটি একটি সত্য ঘটনা। পঃবাংলায় এই ঘটনা নিত্যনৈমিত্তিক ঘটছে। সি.পি.এম.-এর জঘন্য আক্রমণে গ্রাম বাংলা সন্ত্রস্ত, আজকে মানুষ সেখানে নির্যাতিত । আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র বিভাগের সি.পি.এম.-এর মন্ত্রী, পঃবাংলার সি.পি.এম.-এর পার্টীর মুখ্যমন্ত্রী, পঃবাংলার সি.পি.এম.-এর মানুয়ের মুখ্যমন্ত্রী তার কাছে অনুরোধ করছি যে সাধারণ মানুষকে অবহেলা করে এই ভাবে প্রশাসন যেন না চালান।

**শ্রী অজয়কুমার দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বৃত্তি কর সেই বৃত্তি করের রিটার্নটা জমা দেবার আজ শেষ দিন। সেখানে জমা দেবার প্রচণ্ড ভীড় হয়েছে যার ফলে বহু লোকে

তা জমা দিতে পারছেনা। এইজন্য এই রিটার্ন দেওয়ার টাইমটা আরও এক মাস এক্সটেন্ড করে দেওয়ার জন্য অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বনমালি দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলায় বিভিন্ন এলাকায় গত সেপ্টেম্বর মাসে যে প্রচণ্ড বন্যা হয়েছিল সেই বন্যা হওয়ার পর দীর্ঘদিন সেইসব এলাকায় খরার ফলে কোনও ফসল ভাল হয়নি। বিশেষ করে চর এলাকায় ও সেই সব এলাকায় বর্ষা ভাল না হওয়ার ফলে যেসব ধান রোয়া হয়েছিল তা সমস্ত শুকিয়ে গিয়েছে। এমন কি অনেক জায়গায় চাষও হয়নি। ত্রাণমন্ত্রী মহাশয়ের এইদিকে দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে সেই সমস্ত জায়গায় ফুড ফর ওয়ার্ক বা রিলিফের ব্যবস্থা করার জন্য।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৪/৫ মাস ধরে পুরুলিয়া জেলায় প্রচণ্ড খরা চলছে। এই খরার মুকাবিলা করতে রাজ্য সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছিল। চাষের মরশুমে পুরুলিয়া জেলায় এবার ২৫ শতাংশের বেশি চাষ হয়নি। ত্রাণমন্ত্রী মহাশয় ও মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে সেখানে ফুড ফর ওয়ার্কের মাধ্যমে বেশি কাজ দেওয়া হয়। শুধু তাই নয়, জি.আর. যা দুস্থ ও অক্ষম লোকদের দেওয়া হয় তার পারসেন্টেজও সেখানে খুব কমিয়ে নিয়ে আসা হয়েছে। এইদিকে আমি মুখ্যমন্ত্রী ও ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে পুরুলিয়া জেলায় এবার তা উপযুক্তভাবে দেওয়া হয়।

**শ্রী সুহৃদ মল্লিক চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার কেন্দ্রের একটি হাসপাতাল, উপেন্দ্র মেমোরিয়াল হাসপাতাল, যার কথা আগেও উল্লেখ করেছিলাম। এই হাসপাতালটি সরকার অধিগ্রহণ করায় আমি সরকারকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এর মধ্যে তিন বৎসরের অব্যবস্থার ফলে সেখানে অনেকে চাকরি করতেন তারা মাইনে পাচ্ছেনা, রোগীরা অনাহারে, অর্ধাহারে চলছে। সরকার অধিগ্রহণ করছেন ঠিক আছে কিন্তু ১৭/৮/৯৮ তারিখ থেকে সেখানে একেবারে সমস্ত কাজ বন্ধ হয়ে গিয়েছে। রোগীরা না খেতে পেয়ে চলে যাচ্ছে, কর্মীরা দীর্ঘ তিন মাস ধরে মাইনে পাচ্ছে না, সেখানকার ডাক্তার, নার্স থাকছে না, সেখানে যাঁরা কর্তা ব্যক্তি ছিলেন তাঁরা আসা বন্ধ করে দিয়েছেন। আপনার মারফত স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এই অবস্থায় হাসপাতাল চলতে পারে না যেন দু'এক দিনের মধ্যে এই হাসপাতালে সুষ্ঠু ব্যবস্থা করা হয়, এখানকার কর্মীরা যাতে মাইনে পায়। রোগীরা সেখান থেকে চলে যাচ্ছে বা কেউ বাড়ি থেকে খাওয়ার নিয়ে যাচ্ছে, ডাক্তার নেই, এই অসম্ভব অব্যবস্থার মধ্যে হাসপাতাল চলছে। এখন সরকার অধিগ্রহণ করছেন কিন্তু তার পূর্বে যারা কর্তৃত্ব করতেন তারাও আর দেখাশুনা করছেন না। এই অবস্থায় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনি যেন অবিলম্বে এর একটা ব্যবস্থা অবলম্বন করেন।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী নাথনিয়েল মুর্মু ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গের মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি আর্কষণ করছি। এই বছর উপজাতি কল্যাণ দপ্তর থেকে একটা নির্দেশ বিভিন্ন বিদ্যালয়ে গিয়েছে। সেটা হচ্ছে এই যে এই যাবৎ যারা হোস্টেল গ্রান্ট পেতেন, তারা সেই হোস্টেল গ্রান্ট পাওয়ার ক্ষেত্রে একটা নূতন মাপকাঠির

পর্যায়ে পড়বেন। সেটা হচ্ছে মাসিক যে পরিবারের রোজগার তিনশো টাকা বা তার উপরে তারা হোস্টেল গ্র্যান্ট পাবে না। এই নির্দেশ পাওয়ার ফলে বছরের মাঝখানে বিভিন্ন হোস্টেলে যেসব আদিবাসী ছাত্র-ছাত্রী আছেন তারা অসহায় অবস্থায় পড়ছেন। এই ফেব্রুয়ারিতে ট্রাইবস অ্যাডভাইসরি কাউন্সিল যেটা রাজ্য সরকারের উপদেষ্টা কমিটি যাতে বিধানসভার সদস্যরা রয়েছেন, তারা একটা সিদ্ধান্ত নিয়েছিলেন, সে সিদ্ধান্ত হচ্ছে এই, এর আগের বছরগুলিতে নিয়ম ছিল যে পরিবারের মাসিক আয় পাঁচশো টাকা বা তার উপরে তারা হোস্টেল গ্র্যান্ট পাবে না। জিনিসপত্রের দাম যেভাবে বেড়েছে তাতে এই উপদেষ্টা কমিটি স্থির করেছিলেন যে যে পরিবারের মাসিক আয় এক হাজার টাকা বা তার উপরে তারা হোস্টেল গ্র্যান্ট পাবে না। কিন্তু খুবই দুঃখের ব্যাপার যেখানে গত বছর পাঁচশো টাকা ছিল এবং যেখানে উপদেষ্টা কমিটি এক হাজার টাকার সুপারিশ করেছিলেন সেগুলো না মেনে তার অনেক নিচে তিনশো টাকা বেঁধে দেওয়া হল। এটা কি করে রাজ্য সরকারের পক্ষ থেকে করা হল সেটা আমরা বুঝতে পারছি না। যে কোনও প্রাথমিক শিক্ষক তিনশো টাকা রোজগার করেন। একটা পরিবারের তিনশো টাকা রোজগারের উপর সংসার চলে না। আদিবাসী উন্নয়ন পরিকল্পনা আমরা যা নিয়েছি, বিশেষ করে এই বামফ্রন্ট সরকার নিয়েছেন এর ফলে সমগ্র পরিকল্পনা ফ্রাস্টেটেড হবে। আমি রাজ্য সরকারের কাছে, বিশেষ করে অর্থ দপ্তরের মন্ত্রী মহাশয় এখানে আছেন, তাঁর কাছে আবেদন জানাচ্ছি, তিনি যেন এই বিষয়টা একটু দেখেন এবং চেষ্টা করেন এবং উপদেষ্টা কমিটি যে এক হাজার টাকা বা তার উপরে আয়ের লেনদেন ক্ষেত্রে প্রয়োগের কথা বলেছেন সেটা যেন চেষ্টা করেন।

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি একটা বিশিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়ে আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলায় আইন ও শৃঙ্খলার হ্রাস ঘটেছে। বিশেষ করে এটা খড়গপুরে চরমে ঘটছে। গত দুবছরের মধ্যে প্রায় ২৪ জন ওখানে খুন হয়েছিল। ছিনতাই, চুরি, ডাকাতি বেড়েই চলেছে। আর অরোরা সিনেমার সামনে ধানসিং ময়দান, রাজালাইন, গোলবাজার, স্টেশন এলাকায় ইত্যাদি স্থানে প্রকাশ্যে মদ বিক্রি হচ্ছে। এখানে এই দুর্বৃত্তার বিরোধিতা করে ওখানকার হিন্দি পত্রিকা সমাচার প্রান্তিক এবং তারা এইসব কথা ফাঁস করে দিল। তখন ওখানকার ও.সি. শ্রী সন্তোষ সাউ ওই পত্রিকার সম্পাদক শ্রী ইন্দ্রকুমার মিশ্র এবং তার সহকারী শ্রী প্রদীপ পট্টনায়ককে থানায় ডেকে শাসিয়েছে যে এর পরিণতি ভয়াবহ হবে। আমি এর বিরোধিতা করছি। আমি মনে করছি এর দ্বারা সংবাদপত্রের স্বাধীনতা ক্ষুণ্ণ হচ্ছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে ওঁনার কাছে আবেদন করছি যে সমস্ত পুলিশ কর্মচারিরা এবং আধিকারীকরা এই রকম অন্যায় করছে তাদের বিরুদ্ধে তিনি যেন একটা কঠোর ব্যবস্থা অবলম্বন করেন এবং খড়গপুরে আইন-শৃঙ্খলার যে দুরবস্থা ঘটেছে তার যাতে তিনি প্রতিকার করেন।

**শ্রী পতিতপাবন পাঠক** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল কৃষ্ণনগর শহরে গণতান্ত্রিক যুব ফেডারেশনের সম্মেলন ও সমাবেশ ছিল। ব্যারাকপুর অঞ্চল থেকে ওখানে কিছু মিছিল যাচ্ছিল হাওড়া, ২৪ পরগনা মিলিয়ে। কৃষ্ণনগরে জনতা পার্টির লোকজন এবং কংগ্রেস(আই)-য়ের লোকজন হঠাৎ আক্রমণ করে এবং অন্তত ১৮ জন সেখানে আহত হয়েছেন। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে এই সম্পর্কে অনুসন্ধান করে যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করতে অনুরোধ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি গুরুত্বপূর্ণ বিষয়ে। লোকসভার নির্বাচন আসন্ন। এখানে সকলের ধারণা এই নির্বাচন ফ্রি অ্যান্ড ফেয়ার হবে না। মর্ণিং শোজ দা ডে। এটা আমরা প্রথমেই দেখতে পাচ্ছি। ভোটার তালিকা করা থেকেই শুরু হয়েছে। আমাদের জেলাতে ব্লকে সব লোককে ডাকা হয়েছে যে কারা ভোটার তালিকা সংশোধন করবে। সেখানে দেখা গেল পরিষ্কার ভাষায় বি.ডি.ও. সাহেব বললেন যে আপনার দলের লোকদের নাম দিয়ে যান কে কোথায় করবে। সে গ্রামে পূর্বে যাদের অভিজ্ঞতা আছে, যারা ভোটার লিস্ট তৈরি করেছে এবং এইসব ব্যাপারে কাজ করেছে, তাদের বাদ দিয়ে দেওয়া হল। সমস্তই একটা পার্টির লোকদের দেওয়া হয়েছে। আমি জানি না মুখ্যমন্ত্রী চান কিনা যে এইভাবে ভোটের কাজটা প্রথমে আরম্ভ হয়।

আমি বলছি বেকার সব দলেই আছে, আবার অনেক বেকার আছে যারা কোনও দলেই নেই, কোনও দল করেনা, কিন্তু তারা সকলেই যাদের অভিজ্ঞতা আছে, যেন কাজ পায়, ভোটার তালিকা যেন সঠিক হয় এবং তার জন্য যে দলবাজি যেন বন্ধ করা হয়, এটা করার জন্য তাঁকে আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী পঞ্চানন দিক্‌পতি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় আমি এই হাউসের সামনে রাখতে চাই। আমাদের হুগলি জেলার আরামবাগের মতো জায়গায় একটা বড় হাসপাতাল আছে যেখানে ২৫০ টি বেড এবং ৫০০ রোগীর সংখ্যা, সেখানে দুটি অ্যাম্বুলেন্স-এর অর্ডার ছিল, একটি অ্যাম্বুলেন্স আজ পর্যন্ত যায়নি, তার লোক গিয়েছে, বেতনও ভোগ করছে কিন্তু অ্যাম্বুলেন্স যায়নি। আর একটি দুই তিন দিন হল—ভেঙে চুরমার হয়ে গেছে, চাকা খুলে গেছে। ফলে স্থানীয় রুগীদের বাড়ি থেকে আনতে খুব কষ্ট হচ্ছে এবং রুগী আসতে পারছে না। তার জন্য সত্বর যেন সেখানে একটি অ্যাম্বুলেন্স দেওয়া হয়, আর যেটি ভেঙে গিয়েছে সেটি যেন মেরামত করা হয় এবং যেটির অর্ডার হয়েছে সেটিও যেন দেওয়া হয়—তার জন্য আমি মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এবং এ ব্যাপারে তাঁর দৃষ্টি আর্কষণ করছি।

## MOTION UNDER RULE 185

**Shri Lakhsmi Charan Sen :**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে আমি আমার প্রস্তাব উত্থাপন করছি। আমি প্রথমে প্রস্তাবটি পড়ে দিচ্ছি, তারপরে আমার বক্তব্য রাখব। আমার প্রস্তাব হচ্ছে—

"পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ফলে জনজীবন দুর্বিসহ হয়ে উঠেছে।

বিগত ৩২ বছর ধরে কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির অনিবার্য পরিণতি হিসাবেই মূল্যস্তরে এই বিরামহীন ঊর্ধ্বগতি।

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করার জন্য যে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করা

উচিত, সেই সমস্ত পদক্ষেপের একটিও ৩০ বছরের কংগ্রেসি সরকার গ্রহণ করে নি। বাস্তবিকপক্ষে সঙ্কীর্ণ শ্রেণীস্বার্থে রচিত যে নীতিসমূহ বিগত ৩০ বছর ধরে কেন্দ্রের কংগ্রেসি সরকার বাস্তবায়িত করার চেষ্টা করে এসেছে এবং যে নীতিসমূহেরই অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে দ্রব্যমূল্যের বিরামহীন উর্ধ্বগতি, বিগত আড়াই বছর ধরে সেই একই শ্রেণীনীতি কেন্দ্রীয় জনতা সরকার অনুসরণ করে আসছিলেন। বামফ্রন্ট সরকার বারবার দাবি করা সত্ত্বেও জনতা সরকার নিত্যপ্রয়োজনীয় দশটি দ্রব্যসামগ্রী সরকারি ব্যবস্থার মাধ্যমে জনগণের ক্রয়ক্ষমতার মধ্যে মূল্য নির্ধারণ করে বন্টনের কোনও ব্যবস্থাই করেন নি। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিকার করা দূরের কথা বিগত ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেন তার প্রত্যক্ষ ফলে বিবিধ অত্যাবশ্যকীয় দ্রব্যাদির মূল্যমান দ্রুত উর্ধ্বগতি হতে শুরু করে। আরও পরিতাপের কথা শ্রীমোরারজী দেশাই-এর নেতৃত্বে গঠিত সরকার পদত্যাগ করার অব্যবহিত পরেই কয়লার মূল্যবৃদ্ধি করা হয়েছে। এই মূল্যবৃদ্ধির প্রতিবাদে রাজ্যের অর্থমন্ত্রী গত ১৮ই জুলাই রাষ্ট্রপতির কাছে প্রতিবাদপত্র প্রেরণ করেন; কিন্তু কোনও ফল হয় নি। শ্রী চরণ সিং-এর নেতৃত্বে গঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভা পদত্যাগের অব্যবহিত পূর্বে বিপুল পরিমাণ কর ধার্যের মাধ্যমে পেট্রোল, ডিজেল, কেরোসিন, রান্নার গ্যাস ইত্যাদি সমস্ত প্রকার পেট্রোলজাত দ্রব্যাদির মূল্য অন্যায় ও অযৌক্তিকভাবে বৃদ্ধি করেন। রাজ্যের মুখ্যমন্ত্রী এই মূল্যবৃদ্ধির প্রতিবাদে এবং মূল্যবৃদ্ধির উক্ত সিদ্ধান্ত বাতিল করার দাবিতে রাষ্ট্রপতির কাছে জরুরি বার্তা পাঠিয়েছেন। রাজ্য সরকারের তরফ থেকে জিনিসপত্রের দাম কমাবার জন্য তিনি বারবার কেন্দ্রকে বলেছেন, বহু চিঠি দিয়েছেন। কিন্তু আজ পর্যন্ত তারও কোনও প্রতিকার হয় নি।

তাই পশ্চিমবঙ্গ বিধানসভা পেট্রোলজাত দ্রব্যাদি ও কয়লাসহ সমস্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে—

(১) কেরোসিন, পেট্রোলজাত দ্রব্যাদি ও কয়লার সাম্প্রতিক মূল্যবৃদ্ধির সিদ্ধান্ত অবিলম্বে বাতিল করে পূর্বাবস্থা, বজায় রাখা হোক; এবং

(২) নিত্যপ্রয়োজনীয় এবং অত্যাবশ্যকীয় দশটি জিনিসের দাম জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে নির্ধারণ করে এবং প্রতিটি রাজ্যে উক্ত দ্রব্যসামগ্রীর পর্যাপ্ত সরবরাহ সুনিশ্চিত করে সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে জনগণের কাছে সরবরাহ করার ব্যবস্থা করা হোক।"

[2-20 — 2-30 P.M.]

স্পিকার মহাশয়, আমি কয়েকটি বিষয়ের উপর শুধু একটু গুরুত্ব আরোপ করতে চাই। প্রথমেই আমাদের দাবি হিসাবে যেটা আমি বলছি সেটা হচ্ছে, শ্রীমোরারজী দেশাই'এর নেতৃত্বে কেন্দ্রীয় সরকার পদত্যাগ করার অব্যবহিত পরেই—তিনি ১৫ তারিখে পদত্যাগ করেছেন, ১৮ তারিখে কয়লার দাম বাড়ানো হল। যখন এই পদত্যাগ করা হয়ে গিয়েছে এবং তাঁকে কাজ চালিয়ে যেতে বলা হয়েছে অর্থাৎ যখন কোনও আস্থাভাজন সরকার নেই এবং যখন কোনও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া কখনই উচিত নয় তখন এই মূল্য বৃদ্ধি করা

হল এবং সেই হিসাবে দেখা গেল যে কয়লার দাম বেড়েই চলেছে। স্যার, আপনার নিশ্চয় স্মরণ আছে যে ১৯৭৩ সালে এই কয়লাখনি জাতীয়করণ করা হয়। সেই ১৯৭৩ সালে এক মেট্রিক টন কয়লার দাম ছিল ৩৬ টাকা ৪১ পয়সা আর এই সময় বলতে পারেন কয়লার দাম প্রায় তিন গুন বেড়েছে। এখন এই মূল্য বৃদ্ধির পরে যে অবস্থা দাঁড়িয়েছে তাতে প্রতি মেট্রিক টনের দাম দাঁড়িয়েছে ১০১ টাকা ১৮ পয়সা। জাতীয়করণের পর থেকে এইভাবে কয়লার দাম ক্রমশ বাড়ানো হচ্ছে। কোল ইন্ডিয়া, তাদের কাছে যেটার দাম ছিল ৬৪ টাকা ৭১ পয়সা এখন সেটা নিতে হবে ১০১ টাকা ১৮ পয়সায়। সিঙ্গারেনির মাল নিতে হলে আগে যেটা ছিল ৬৭ টাকা ৭৮ পয়সা এখন তারজন্য দিতে হবে ৯৯ টাকা ৯২ পয়সা। অর্থাৎ প্রতি মেট্রিক টনে ২১ থেকে ২৫ টাকা পর্যন্ত বাড়ানো হয়েছে। বলা যায় সেখানে প্রায় ৫০ পারসেন্টের মতন দাম বাড়ানো হয়েছে। তারা দুটি কথা রেখেছেন, সেটা কি? সেন্ট্রাল ট্যাক্স যেটা ছিল কোকিং কোলের উপর ৭ টাকা এবং নন-কোকিং কোলের উপর ৫ টাকা এই টাকা বাদ দিয়েছে। কিন্তু সেখানে যে তারা বহু গুন টাকা বাড়িয়ে দিয়েছেন যে কথাটা লোককে তারা বুঝতে দিতে চান না। লোককে বিভ্রান্ত করার জন্য তারা এইসব প্রচার করছে। স্যার, এই কয়লার মূল্য বৃদ্ধির ফলে সাধারণ মানুষের তো বটেই শিল্পের সমস্ত ক্ষেত্রে প্রচন্ড আঘাত এলো এবং এর ফলে সাধারণ মানুষের জীবনযাত্রা আজকে দুর্বিসহ হয়ে উঠেছে। তারপর আরও যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, চরণ সিং-এর যে সরকার ছিল তারা পদত্যাগ করার অব্যবহিত পূর্বে—ঠিক পরের দিন পদত্যাগ করেছিলেন—অনেকগুলি জিনিসের দাম বাড়িয়ে দিলেন এবং সবই পরোক্ষ কর। তাতে যা অবস্থা দাঁড়িয়েছে ৪৮০ কোটি টাকা আদায় হবে। যেমন কেরোসিন, যা গ্রামের প্রতিটি সাধারণ মানুষ ব্যবহার করেন সেই রকম একটি গুরুত্বপূর্ণ জিনিসের উপর যে কর ধার্য করা হয়েছে তার বাবদ আদায় হবে ৯৮ কোটি টাকা। হাই স্পিড ডিজেল থেকে ১৯৩ কোটি টাকা, লাইট ডিজেল থেকে ৪৯ কোটি টাকা, পেট্রোল থেকে ৭৬ কোটি টাকা, কোকিং গ্যাসের থেকে ১৭ কোটি টাকা এবং আদায় আইটেম—নাম করা হয়নি—তা থেকে ৩৫ কোটি টাকা। কেরোসিন এবং হাইস্পিড ডিজেল-এ লিটার পিছু ১৭ পয়সা বাড়ানো হয়েছে, লাইট ডিজেলে ৩২ পয়সা করে বাড়ানো হয়েছে পেট্রোলে ৩৫ পয়সা বাড়ানো হয়েছে এবং এই ভাবে অনেক কিছু অস্বাভাবিক ভাবে বাড়ানো হয়েছে। একেই ক্রমাগত জিনিসপত্রের দাম বাড়ছিল তার উপর আবার এইভাবে দাম বাড়ানো হল। স্যার, ৩২ বছর এইভাবে জিনিসের দাম বেড়ে চলেছে। সেখানে কেন্দ্রের কংগ্রেসি সরকার যে নীতি অনুসরণ করেছিলেন ২।। বছরে জনতা সরকারও সেই নীতি অনুসরণ করেছেন। আমরা জানি, আউটপুট সেটা যদি একটা সীমায় থাকে এবং সেটা যদি যায় যে ৩।। পারসেন্ট বাড়বে তাহলে মানি সাপ্লাই ৫ পারসেন্টের বেশি হওয়া উচিত নয়। ১৯৭০/৭১ সালে ৬শো কোটি টাকার ডেফিসিট ফাইনান্সিং হয়েছে, ১৯৭২/৭৩ সালে ১৭.৩ পারসেন্ট মুদ্রা সরবরাহ বেড়েছে। ১৯৭৮/৭৯ সালে ১৯ পারসেন্ট বেড়েছে। এইভাবে ঘাটতি বাজেট হচ্ছে এবং মুদ্রাস্ফীতির কারণ ঘটিয়ে তোলা হচ্ছে। তা যদি হয় তাহলে জিনিসপত্রের দাম বাড়বেই। এই যে মুদ্রাস্ফীতি ঘুটে তার অর্থ কি? অথচ টাকার দাম কমে গেল। কি রকমভাবে কমে গেল। ১৯৪৯ সালে যেখানে এক টাকা ছিল ১০০, ১৯৫০ সালে সেটা হোল ৯৯, ১৯৬০ সালে হয়েছে ৮০, ১৯৭০ সালে সেটা হয়েছে ৪৪, ১৯৭৩ সালে হয়েছে ৩৬, ১৯৭৪ সালে সেটা এসে দাঁড়াল ২৮ আর এখন কুড়ির নিচে টাকার দাম কমে গিয়েছে।

মুদ্রাস্ফীতি হলে এ ঘটনা ঘটবে। এবারের বাজেটে ঘোষণা করা হয়েছে যে এক বছরে ডেফিসিট গিয়ে দাঁড়াবে ১৫৯০ কোটি টাকার মতো তারপর জনতা সরকার দৃশকোটি টাকার ট্যাক্স বসিয়ে তারা বললেন ১৩৫০ কোটি টাকার ঘাটতি আছে। মূল্য বৃদ্ধি হয়ে এই কয়েক মাসের মধ্যেই সেটা প্রায় পূর্ণ হয়ে গিয়েছে। এখন তারও বেশি ২৮২ কোটি টাকার মতো ঘাটতি হয়ে যাবে। এবং তার জন্য এই অস্বাভাবিক পথ অবলম্বন করেছেন। ট্যাক্স আজকে কত পরিমাণ বেড়েছে? ট্যাক্স হচ্ছে দুই রকম একটা হচ্ছে প্রত্যক্ষ কর আর একটা অপ্রত্যক্ষ অর্থাৎ পরোক্ষ কর। এবং এই সব কর যে ধার্য হচ্ছে তা ঐ নিত্য ব্যবহার্য জিনিসের উপর যা আমরা সকলেই ব্যবহার করি। ১৯৫০ সালে চিনির উপর ট্যাক্স বাবদ আদায় হত মাত্র ৬ কোটি ৪১ লক্ষ টাকা। সেটা ১৯৭৪-৭৫ সালে হয়েছে ১৯৬ কোটি টাকা। তাহলে চিনির দাম বাড়বে না? ট্যাক্স বাবদ আদায় হত ১৯৫০-৫১ সালে ৩ কোটি ৩৬ লক্ষ টাকা এখন সেখানে আদায় হচ্ছে ৪১ কোটি টাকা। আমাদের ট্যাক্স বাড়াবার ফলে ১৯৫০-৫১ সালে কেরোসিন থেকে পাওয়া যেত ২৮ লক্ষ টাকা এখন দাঁড়িয়েছে ১২৩ লক্ষ টাকা। এখন আবার ১৫০ কোটি টাকার উপর উঠে গিয়েছে। তাই কেরোসিনের দাম বাড়ছে। তামাকের উপর ট্যাক্স আদায় হত ১৯৫০-৫১ সালে ২৩ কোটি ৯৯ লক্ষ টাকা, ১৯৭৪-৭৫ সালে ৪৩ কোটি টাকা তারপর আরও ট্যাক্স বেড়েছে যেভাবে প্রত্যেক নিত্যপ্রয়োজনীয় জিনিসগুলির দাম বেড়েছে সেইভাবে তামাকেরও দাম বেড়ে চলেছে। কাপড়ের উপর ৯ কোটি ২৬ লক্ষ টাকা ছিল সেটা ১৯৭৪-৭৫ সালে ১০৬ কোটি টাকা। মানুষ যেগুলি নিত্য ব্যবহার করে চিনি কেরোসিন, দেশলাই, কাপড় এই সমস্ত জিনিসের উপর কেন্দ্রীয় সরকার অত্যন্ত অধিক হারে কর বাড়িয়েছেন। রাজ্য সরকারের এই কর নয়। প্রতি বছরই কেন্দ্রীয় সরকার কর বাড়ায় এই সব জিনিসের উপর। ১৯৫০-৫১ সালে পেট্রোলের উপর এবং ডিজেলের উপর একসাইজ ডিউটি বাবদ আদায় হত ৬৩ কোটি ৪৩ লক্ষ টাকা। আর ১৯৭৮-৭৯ সালে সেই ট্যাক্স বাড়িয়ে হয়েছে ৫ হাজার ৮ শত ৯৮ কোটি টাকা। কত পরিমাণ ট্যাক্স বাড়ছে? এবং সমস্তটাই চাপ পড়ছে ঐ সাধারণ মানুষের উপর। আমি কয়েকটি অমেন্ডমেন্ট রেখেছি তাতে বলা হয়েছে রাজ্য সরকার এগুলি যদি করত তাহলে বুঝতে পারতাম। কিন্তু এগুলি রাজ্য সরকারের আওতা থেকে বাদ। এবং যেখানে ছিল ৬৩ কোটি টাকা সেখানে হয়েছে ৫ হাজার ১৯৪ কোটি টাকা। সমস্ত ট্যাক্স যদি ধরি তাহলে দেখব ১৯৫০-৫১ সালে ৩৯৪ কোটি টাকা আর ১৯৭৮-৭৯ সালে হয়েছে ১০ হাজার ১৬৩ কোটি টাকা। এই হচ্ছে ট্যাক্সের পরিমাণ এবং এইভাবে দিনের পর দিন বেড়ে চলেছে। ১৯৫০-৫১ সালে ছিল ১৫% , ১৯৬০-৬১ সালে সেটা হয়েছে ৪৬.৪%, ১৯৬৮-৬৯ সালে হয়েছে ৫২%, ১৯৭০-৭১ সালে হয়েছে ৫৬.৯%, এখন মোট ট্যাক্সের পরিমাণ হচ্ছে ৭৯.৩% এসে দাঁড়িয়েছে। পরোক্ষ করের পরিমাণ হচ্ছে ৭৯.৩% । দাম বাড়ানো সম্পর্কে নানা কথা বলা হয়। আমি দুটি উদাহরণ দিতে চাই। পেট্রোল কেরোসিন সম্বন্ধে আমি বলব। পেট্রোল ১৯৭৪-৭৫ সালে দাম ছিল ১.৬৬ পয়সা পার লিটার। তার দর বাড়িয়ে করা হল ২.৭৩ পয়সা। এবং এই ১৬৬ পয়সার মধ্যে একসাইজ ডিউটি ১২০। তাহলে পেট্রোলের দাম হল ৪৬ পয়সা। এবার যখন ২৭৩ পয়সা দাম করা হল তার মধ্যে একসাইজ ডিউটি হল ২২০ পয়সা তাহলে

[31st August, 1979]

পেট্রোলের দাম হল ৫৩। পেট্রোলের দাম ৪৬ থেকে ৫৩ পয়সা হল অর্থাৎ দাম বাড়ল ৭ পয়সা আর সেখানে ডিউটি বেড়ে গেল ১.০০ টাকা। এইভাবে জিনিসের দাম বেড়ে যাচ্ছে আর তার সাথে সাথে কেন্দ্রীয় সরকার কিভাবে ডিউটির অংশ বাড়িয়ে দিচ্ছেন। ১৯৬০-৬১ সালে পরোক্ষ কর ছিল ৭০.২% ১৯৭০-৭১ সালে ৭৮.৮% আর ১৯৭৬-৭৭ সালে ৭৯.৩%, আর এখন হয়েছে ৮২% -এর উপরে উঠে গেছে। পরোক্ষ করের ফলে কেরোসিনের দর কোথায় গিয়ে দাঁড়িয়েছে। যেখানে ৬৫ পয়সা দাম তার মধ্যে একসাইজ ডিউটি হচ্ছে ৩৬ পয়সা, সেই দাম বেড়ে ৯৪ পয়সা করা হল তখন একসাইজ ডিউটি ছিল ৪৬ পয়সা।

[2-30 — 2-40 P.M.]

অর্থাৎ বলা যায় যেখানে ১৯৬০-৬১ সালে ৮ কোটি ২৯ লক্ষ আদায় করা হত সেখানে ১৯৭২-৭৩ সালে আদায় করা হয়েছে ১৪২ কোটি টাকা। আর এবারে আর বাড়িয়ে দেওয়া হল। এখন কেরোসিন তেলের যা অবস্থা হয়েছে সেটা একটা সাংঘাতিক অবস্থায় দাঁড়িয়েছে। আগামীদিনে গ্রামের মানুষের পক্ষে এটা ব্যবহার করা একেবারে অসম্ভব। ১৯৭২-৭৩ সালে যা হয়েছিল এবং এখন পেট্রোল, কেরোসিনের বাবদে যা দাঁড়িয়েছে সেখানে ৭১২ কোটি টাকা নুতন ট্যাক্স ধার্য হল এবং আর দাম বাড়ল। কয়লা, কেরোসিন, দেশলাইয়ের দাম বাড়ছে এই কারণে যে একসাইজ ডিউটি বাড়িয়ে দেওয়া হয়েছে এবং এটা কেন্দ্রীয় সরকার করেছে। তাঁদের এই নীতির ফলে এই অবস্থা হয়েছে। ডাইরেক্ট ট্যাক্সের বেলায় এক নীতি আর সাধারণ মানুষ যারা নিত্য ব্যবহার্য্য জিনিস ব্যবহার করে, যা ব্যবহার করা ছাড়া তাঁদের জীবন ধারণ করা অসম্ভব সেই জিনিসগুলির দাম বাড়ানো হয়েছে এবং এটা হচ্ছে ঐ নীতির ফল। আমি ট্যাক্সেশন কমিটি যে রিপোর্ট আছে সেখান থেকে একটা নীতির কথা উল্লেখ করছি—

It is necessary to emphasise that higher taxation of luxury articles will, by itself, not produce sufficient revenue. For any substantial receipts from commodity taxation and appreciable restraint on consumption in the economy as a whole, it will be necessary to extend excises and sales taxation to the consumption of lower income groups and all goods which are commonly classes as necessaries, including several goods which are included in the Essential Goods Act under article 286 of the Constitution.

এই হচ্ছে তাঁদের ফিসকেল পলিসি। সাধারণ মানুষের জীবন ধারণের জন্য যে জিনিসগুলি দরকার সেই জিনিসগুলির উপর তারা ট্যাক্স বসিয়েছেন। বিলাস সামগ্রীর উপর যদি ট্যাক্স বসা যায় তাহলে সেখানো থেকে বেশি ট্যাক্স আসবে না কারণ সাধারণ মানুষ এগুলি কম ব্যবহার করে। কাজেই সাধারণ মানুষ যা ব্যবহার করে সেই সমস্ত জিনিসের উপর ট্যাক্স বসানো হলে বেশি টাকা আসবে এবং একচেটিয়া, পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করা যাবে। প্রথম থেকে শেষ পর্যন্ত কি কংগ্রেস সরকার, কি জনতা সরকার তাঁরা এই একই নীতি অনুসরণ করে এসেছেন, এই একই স্ট্যাটাস কো মেনটেন করে এসেছেন। আজকে তার পরিণতি হিসাবে জিনিষ পত্রের দাম ক্রমশ বেড়ে যাচ্ছে। আমি এই কথা বলতে চাই যে আজকে

দিল্লির অবস্থা আপনারা সকলেই জানেন। আজকে এই রকম ভাবে অত্যাবশ্যক জিনিসের উপর এত শত কোটি টাকা ট্যাক্স বসানো হল এবং পরোক্ষ ট্যাক্স সম্পর্কে রাজ্য মুখ্যমন্ত্রীদের সঙ্গে আলোচনা করা প্রয়োজন মনে করেন নি। সাধারণ মানুষের স্বার্থের পরিবর্তে আজকে একচেটিয়া, পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করা হয়েছে এই নীতি অবলম্বন করে। আমাদের অর্থমন্ত্রী বলেছেন, মুখ্যমন্ত্রী বলেছেন, তারবার্তা পাঠানো হয়েছে, জরুরি বার্তা পাঠানো হয়েছে। আমরা কি বলেছিলাম আমরা বলেছিলাম যে ক্রয় ক্ষমতার মধ্যে দাম বেঁধে দিন। নিত্য প্রয়োজনীয় ১০টি জিনিসের দাম বেঁধে দিন। এই ১০টা জিনিসের দাম বেঁধে দেবার পরে তার পর্যাপ্ত পরিমাণ সরবরাহ রাজ্যগুলিকে করা হোক এবং সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে যাতে সেগুলি জনসাধারণের মধ্যে বন্টন হতে পারে সেই ব্যবস্থা করা হোক । এই কাজটা ন্যূনপক্ষে করা দরকার ছিল। আমাদের সরকারের পক্ষ থেকে বারবার এই কথা বলা হয়েছে কিন্তু তাঁরা কর্ণপাত করেন নি। আজকে সাধারণ মানুষের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে। কাজেই আজকে এই পরিস্থিতিতে আমরা দাবি করেছি যে মোরারজী দেশাইয়ের পদত্যাগ করার পর এবং চরণ সিং মন্ত্রিসভার পতনের পূর্বে যে ট্যাক্স বসানো হয়েছে পেট্রোলজাত দ্রব্য, কেরোসিন ইত্যাদির উপর সেটা অবিলম্বে প্রত্যাহার করে নিন। আর ১০টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম ক্রয় ক্ষমতার মধ্যে বেঁধে দিন এবং সেই ১০টি জিনিস সরকারি বন্টন ব্যবস্থার মধ্যে বিলি করার ব্যবস্থা করুন। আজকে ন্যূনতম এই দাবি বিধানসভা থেকে উত্থাপন করা উচিত। অতএব এই প্রস্তাব উত্থাপন করছি এবং আশা করি এই বিধানসভা জনসাধারণের স্বার্থের প্রতি নজর রেখে এবং একচেটিয়া, পুঁজিপতি, জোতদার-জমিদারদের স্বার্থে কংগ্রেস সরকার এবং জনতা সরকার বর্তমানে যাঁরা আছেন তাঁরা যে নীতি অনুসরন করছেন তার বিরুদ্ধে এই পশ্চিমবাংলার সংগ্রামী বিধানসভা সোচ্চার হবেন এবং এই প্রস্তাবকে সর্বসম্মত ভাবে গ্রহণ করবেন। এই কথা বলে আমি আমার প্রস্তাব উত্থাপন করছি।

**মিঃ স্পিকার ঃ** এই প্রস্তাবের উপর কয়েকজন সংশোধনী প্রস্তাব দিয়েছেন। আপনারা নিশ্চয়ই দেখেছেন যে সংশোধনী প্রস্তাবগুলি আপনাদের সামনে বিলি করা হয়েছে। এই সংশোধনী প্রস্তাবগুলি সব নিয়মানুগ এবং গৃহীত হল। এখন আমি অনুরোধ করব যে বিভিন্ন বক্তা যাঁরা করবেন তাঁরা তাঁদের অ্যামেন্ডমেন্ট সম্পর্কে যা বক্তব্য সেটাও বক্তব্যের মধ্যে বলে নেবেন। কারণ আলাদা ভাবে সময় দেওয়া সম্ভব হচ্ছে না। তবে দু'একজন যদি বলতে চান সেটা ব্যবস্থা করা যেতে পারে।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারি পক্ষের কতিপয় মাননীয় সদস্য বন্ধু বেসরকারি যে প্রস্তাব পেশ করেছেন, তার মূল উদ্দেশ্য বা লক্ষ্য কিন্তু অসতর্ক পাঠকের দৃষ্টি এড়িয়ে যেতে পারে নি। এই প্রস্তাবের উদ্দেশ্য দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য উদ্বেগ প্রকাশক ততখানি নয়, দ্রব্য মূল্য বৃদ্ধি বন্ধ করবার জন্য চেষ্টাও নয়। এর মূল উদ্দেশ্য, যে উদ্দেশ্য বারবার সরকারি পক্ষের বন্ধুরা এই সভাতে উপস্থিত করেছেন নিজেদের রাজ্যের সংবিধান গত সীমাবদ্ধতার আর কেন্দ্রীয় সরকারের অপদার্থতার সংকীর্তণ করে আসছেন। এই প্রস্তাবের মধ্যেও তাই প্রতিফলিত হয়েছে এবং তাঁরা বলবার চেষ্টা করেছেন এখানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের যে মূল্য বৃদ্ধি হয়েছে, তার দায় দায়িত্ব রাজ্য সরকারের বিন্দু মাত্র নেই। এই সম্বন্ধে যা তাঁদের করণীয় ছিল, তা তাঁরা করেছেন, করছেন এবং আইনের শরণাপন্ন হয়েছেন। কিন্তু

তথাপি কেন্দ্রীয় সরকার তাঁদের কথায় কর্ণপাত করেন নি। তাঁদের নীতির দ্বারা তাঁদের কর বৃদ্ধির দ্বারা দ্রব্যমূল্য বারবার বেড়েছে, বাড়ছে এবং ৩২ বছর ধরে এই অবস্থা চলছে এবং এখানে তিনি কেন্দ্রকে আক্রমণ করবার জন্য এবার এই প্রস্তাবে দ্বিবিধ নীতি গ্রহণ করেছেন। একটা তত্ত্বগত, একটা তথ্যগত দিক তাঁরা রেখেছেন। তত্ত্বগত ভাবে বলেছেন যে ৩২ বছর ধরে কেন্দ্রে যে সরকার চলেছে তাতে অতীতের কংগ্রেসি সরকারই হোক আর দু বছরের জনতা সরকারই হোক তাদের শ্রেণীগত বৈশিষ্টতা এমন যে তাঁরা দ্রব্য মূল্য বৃদ্ধি রোধ করতে চাননি, তাঁরা পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করবার চেষ্টা করেছেন। অতএব কেন্দ্রীয় সরকারের শাসনে যাঁরা থাকবেন, তাঁদের যদি শ্রেণীগত চরিত্রের পরিবর্তন না ঘটানো যায়, অর্থাৎ এই রাজ্যের সরকার যে শ্রেণী চরিত্র বহন করেন, সেই শ্রেণী চরিত্র যদি কেন্দ্রীয় সরকারে না ঘটানো যায়, অর্থাৎ সেই প্রচলিত কথায়, যদি ২০ মন তেল না পোড়ে, রাধা না নাচে তাহলে দ্রব্যমূল্য বৃদ্ধি আর রোধ করা যাবে না। এইটুকু হল তত্ত্বগত কথা এবং সেই তত্ত্বগত কথার সঙ্গে আর একটা তথ্য গত কথা তাঁরা রেখেছেন। সেই তথ্যগত কথাটুকু এই, যদিও ৩০/৩২ বছরের কথা বলেছেন, কিন্তু মাননীয় লক্ষী বাবু, যিনি এই প্রস্তাব উপস্থিত করেছেন, তিনি খুব সংযত ভাবে, সুকৌশলগত ভাবে শুরু করেছেন সেখান থেকে, যেখান থেকে শুরু করাটা তার পক্ষে আপাতঃ দৃষ্টিতে সহজ এবং সেটা হচ্ছে চরণ সিং মহাশয় যখন কেন্দ্রের অর্থমন্ত্রী হলেন, তখন তিনি যে বাজেট পেশ করেছিলেন, আর ঐ মোরারজী দেশাই প্রধানমন্ত্রিত্বত্যাগ করবার পরে কদিনের যে সরকার হল, তাঁরা যে প্রস্তাব পেশ করলেন, যে নুতন ট্যাক্স বাড়ালেন তার কথা উনি ওঁর বক্তব্যের মধ্যে রেখেছেন, অন্য কথাগুলো ইঙ্গিতে বলবার চেষ্টা করেছেন। হ্যাঁ এই কথা সত্য যে পেট্রোলের দাম বেড়েছে, কেরোসিনের দাম বেড়েছে, গ্যাসের দাম বেড়েছে। এই সবগুলো যে বেড়েছে চরণ সিং এর বাজেটের মধ্যে দিয়ে, তার জন্য নিশ্চয়ই আমার সঙ্গে ওঁর কোনও দ্বিমত হবার সম্ভাবনা নেই। আমরা তাঁর সঙ্গে কণ্ঠ মিলিয়ে প্রতিবাদ করতে প্রস্তুত। যদিও চরণ সিং সম্বন্ধে তার বক্তব্যগুলো আমাদের মনে একটা কৌতুক সৃষ্টি করেছিল। আমরা উপভোগ করেছিলাম কারণ এই সরকারকে আপনারা প্রগতিশীল সরকার ভেবে সমর্থনের হাত প্রসারিত করে দিয়েছিলেন। সেই কথা আমরা জানি। কিন্তু এই কেন্দ্রের দিকে আপনাদের দৃষ্টি প্রসারিত এবং সমস্ত আক্রমণের লক্ষ্যটা কেন্দ্রীয় সরকারের দিকে করবেন, যেমন যথারীতি করছেন। সেন্ট্রাল ফেবিয়াত আবার প্রকাশ করবার জন্য বেছে বেছে ঐ কটা জিনিসকে গ্রহণ করেছেন। কিন্তু কৈ, তার সঙ্গে মাননীয় বন্ধু সেই সব দ্রব্যের কথা বললেন না যেগুলো নিত্য প্রয়োজনীয়, কিন্তু তার মূল্য বৃদ্ধি হচ্ছে, আকাশ ছোঁয়া হচ্ছে, সে সম্বন্ধে সরকারের কি কিছু করণীয় নেই?

[2-40 — 2-50 P.M.]

যদিও সেই সমস্ত বস্তু কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন নয়। আমি আলুর কথা বলছি, বেগুনের কথা বলছি, পটলের কথা বলছি, উচ্ছের কথা বলছি, মাছের কথা বলছি। এগুলির কথা আপনারা একটু ভাবুন। নিঃসন্দেহে এগুলি কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ করেন না। অথচ এগুলি নিত্য প্রয়োজনীয় জিনিস। বীরেনবাবুর হয়ত কিছু আটকায় না, কিন্তু যখন মাছ ২৪ টাকা, ২৫ টাকা কিলো দরে বিক্রি হয় তখন অন্য মানুষের আটকায়। এবিষয়ে নিশ্চয়ই

কেন্দ্রীয় সরকারকে দায়িত্ব দিতে পারেন না। গঙ্গার ইলিশ কেনা যায় না, এর জন্য — কলকাতার গঙ্গার ইলিশের জন্য দিল্লির যমুনাকে দায়ী করা যায় না। কারণ গঙ্গার ইলিশ যমুনায় জন্মায় না। অথচ সেকথা আপনাদের বক্তৃতায় আপনারা রাখেননি। আপনারা পাশাপাশি কতগুলি জিনিস রাখার চেষ্টা করেছেন যে জিনিসগুলি কেন্দ্রীয় নিয়ন্ত্রণাধীন। সেগুলির মূল্য বৃদ্ধি ট্যাক্স বৃদ্ধির ব্যাপারে আমরাও আপনাদের সঙ্গে একমত এবং আমরাও ক্ষুব্ধ। কিন্তু নিজেদের দায়িত্ব আপনারা পালন করতে চাননি। অর্থাৎ কেন্দ্রীয় সরকারের সব দায়, রাজ্য সরকারের কোনও দায়িত্ব আছে, সংকট সৃষ্টিতে ভূমিকা আছে, মূল্য বৃদ্ধি সৃষ্টি করেছে, সেকথা কোথাও আমাদের বন্ধুর প্রস্তাবের মধ্যে নেই। তিনি বলেছেন কেন্দ্র কিছু টাকার ট্যাক্স বসিয়েছে এবং তাঁদের বাজেট ঘাটতি বাজেট হওয়ার কারণেই মূল্য বৃদ্ধি ঘটেছে, ইনফ্লেশন ঘটেছে। কিন্তু আপনাদের সরকার, এই পশ্চিমবাংলার বামপন্থী প্রগতিশীল সরকার গত ২ বছরের মধ্যে ১০১ কোটি টাকার ট্যাক্স বসিয়েছে, সেকথা বলেননি এবং আপনারা ট্যাক্স বৃদ্ধি করে করে ইনফ্লেশনে একটা ভূমিকা গ্রহণ করেছেন, প্রতি দিনের প্রাইস ইনডেক্সকে কন্ট্রোল করতে পারেন নি। নিত্য নতুন মাগ্গী ভাতা বাড়িয়েছেন, নানারকম ভাতা বাড়িয়েছেন, সবাইকে খুশী করেছেন, অর্গানাইজড লেবারকে খুশী করেছেন, সরকারি কর্মচারীকে খুশী করেছেন, পুলিশকে খুশী করেছেন। খুশী করে করে ইলেকশন রেজাল্ট যাতে বেশ খুসী খুশী হয় তার জন্য সব ব্যবস্থা গ্রহণ করেছেন। কিন্তু তার জন্য যে ইনফ্লেশন হয়েছে একথা বলবার আপনারা চেষ্টা করেননি, একথা আমি বলতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বন্ধু লক্ষীবাবু আজকে সমস্ত মূল্য বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তাঁর বক্তব্য রেখেছেন। কিন্তু অতীতের কথা একটু ভাবলে দেখা যাবে যখন মাননীয় বন্ধুরা বিরোধী দলে ছিলেন তখন যে কোনও মূল্য বৃদ্ধির জন্য রাজ্য সরকারকে দায়ী করতেন, আন্দোলন করতেন তাঁদের বিরুদ্ধে। তখন কেন্দ্রীয় সরকারের ভূমিকা নিয়ে একটি কথাও এখানে বলতেন না। আমরা সংবাদপত্রে এ জিনিস দেখেছি। আজকে খাদ্য আন্দোলনের শহীদ দিবস, খাদ্য আন্দোলনের শহীদের উদ্দেশ্যে আজ সারা দিন ধরে আপনারা শ্রদ্ধা নিবেদন করছেন। সংগত কাজই করছেন নিঃসন্দেহে। কিন্তু যে আন্দোলনের শহীদের প্রতি আপনারা শ্রদ্ধা জানাচ্ছেন সেই আন্দোলনের পটভূমিকায় আপনাদের অনেক বক্তব্য শুনেছি, বিবৃতি পাঠ করেছি, ইস্তাহার পড়েছি। তখন কিন্তু এই খাদ্য সংকটের জন্য মূল্য বৃদ্ধির জন্য এখানকার সরকারকেই দায়ী করেছিলেন, কেন্দ্রীয় সরকারকে করেন নি। কাজেই আজকে আপনাদের বক্তব্য হচ্ছে যে, এখানে যখন বিরোধী দলে থাকেন এবং যখন খাদ্য সংকট মূল্য বৃদ্ধির কথা বলেন তখন মূলত রাজ্য সরকারের কথা বলেন। আর নিজেরা যখন গদিতে বসেন তখন কেন্দ্রীয় সরকারের ঘাড়ে সমস্ত দায়িত্ব ন্যাস্ত করে নিজেরা নিরঙ্কুশ হবার চেষ্টা করেন। তারপর মাননীয় বন্ধুর প্রস্তাব পড়ে মনে হচ্ছে ঐ কেন্দ্রীয় সরকারের কিছু দূর্নীতি ছাড়া এদেশে দ্রব্য মূল্য বৃদ্ধি পাওয়ার আর কোনও কারণ নেই, যেন মুনাফাখোররা চলে গেছে, কালোবাজারিরা চলে গেছে, হোর্ডারসরা আর এই দেশে নেই। এই দ'বছরে বামপন্থী শাসনে পশ্চিমবাংলায় এমন স্বর্গরাজ্য হয়েছে যে, কার লোভ নেই, কেউ মুনাফা লুঠতে চায় না, কেউ কিছু গুদামজাত করেনা, আমাদের কেউ এক্সপ্লয়েড করেনা এবং এর ভেতর দিয়ে মূল্য বৃদ্ধি হয় না! এই প্রস্তাবের ভেতর দিয়ে কোথাও মুনাফাখোরদের বিরুদ্ধে কিছু বলেননি, কালোবাজারিদের বিরুদ্ধে কিছু বলেন নি। কোনও ব্যবস্থাই সেখানে নিতে পারেন নি, আপনারা

কিছুই করতে পারেন নি। কিন্তু একথা এখন থাক, আমি আপাতত এই পশ্চিমবঙ্গ সরকার যে সমস্ত দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য নিজেরা দায়ী তার কথাই একটু বলি এবং বলে আমার বক্তব্যের উপসংহার করবার চেষ্টা করব। এখানে মাননীয় মন্ত্রী অমৃতেন্দু বাবু আছেন কিনা জানি না—কিন্তু তিনি সরকারি দুধের দাম অনেক বাড়িয়েছেন—হলদে ছিপিতে এক রকম বাড়ানো হয়েছে, সাদা ছিপিতে আর এক রকম বাড়ানো হয়েছে—দুটো লেবেলের যে কি পার্থক্য আমরা যারা দুধ কিনি তা বুঝতে পারি নি—দুটি লেবেলের স্বাদ একই রকম কিন্তু দামের অনেক পার্থক্য—দাম অনেক বেড়ে গেছে। এটা কি কেন্দ্রীয় সরকার করেছেন, না আপনি করেছেন? হঠাৎ দুধের দাম বাড়িয়ে দিলেন। যারা ঐ সরকারি দুধ কম পয়সায় কেনে এবং কিনে শিশু সন্তানদের খাওয়ায় বা বৃদ্ধাদের দেয় বা রোগীদের দেয় তাদের উপর আকস্মিক দ্রব্যমূল্যের বোঝা চাপিয়ে দিলেন। এটার দায়িত্ব কি কেন্দ্রের ঘাড়ে চাপাচ্ছেন? এটা কে করেছেন? নিশ্চয়ই আপনারা করেছেন। তাছাড়া আমি দু—একটি কথা বলব সেটা হচ্ছে—আপনারা চরণ সিং মন্ত্রিসভার বাজেটের কথা বলেছেন, আপনারা কেরোসিন, পেট্রোল এবং কয়লা এইসব জিনিসের দামের কথা বলেছেন কিন্তু কয়েকদিন আগে সংবাদ পত্রে পড়লাম—যদি বুর্জোয়া কাগজগুলিতে মিথ্যা লেখা থাকে সেটা আমি জানি না কিন্তু আমি ঐ কাগজগুলি পড়ি—তাতে লেখা আছে মিঃ বহুগু দমদম এয়ারপোর্ট থেকে টেলিফোন করলেন মাননীয় জ্যোতি বসু মহাশয়কে, তিনি বললেন কেন্দ্র থেকে কেরোসিনের দাম বাড়িয়েছি লিটার প্রতি ১০ পয়সা আর আপনাদের পশ্চিমবঙ্গে ৩৬ পয়সা, ৩৭ পয়সা আবার কোথাও কোথাও ৪০ পয়সা লিটার প্রতি বেশি বিক্রি করছে, এর দায়িত্ব কি আপনারা আমাদের চাপিয়ে দেবেন? আমি জানি না বীরেনবাবু সেই কেরোসিন ব্যবহার করেন কিনা—জানি না সি.পি.এম পার্টির লোকেদের বাড়িতে আলো জ্বলে কিনা কিন্তু আমার বাড়িতে লোডশেডিং হয়, সুতরাং আমি কেরোসিন ব্যবহার করি এবং যারা কেরোসিন কেনেন তারা জানেন যে কেরোসিন বাজারে কত দামে বিক্রি হয়, শুধু তাই নয়, কেরোসিন মাঝে মাঝে উধাও হয়ে যায়, বাজারে পাওয়া যায় না—আবার খিড়কীর দরজা দিয়ে বিশেষ লোক বেশি পয়সা দিয়ে কিনতে পারে। এরজন্য দায়ী বহুগুনার উপর দেবেন, কেন্দ্রীয় সরকারের উপর দেবেন? আপনাদের পুলিশ নেই, মেশিনারি নেই, পার্টি ক্যাডার নেই, আপনারা কোনও রকম প্রতিষ্ঠান করতে পারেন না এই মুনাফাখোরদের শায়েস্তা করবার জন্য? আপনারা কিছুই করতে পারেন নি। কয়লার কথা বলেছেন, কয়লার দাম বেড়েছে, সত্য কথা কিন্তু আমি জিজ্ঞাসা করি মাননীয় লক্ষ্মী সেন মহাশয়কে—উনি বিচক্ষণ ব্যক্তি আমি তাঁর কাছে প্রশ্ন রাখছি—বীরেনবাবুর কাছে নয়—অন্যান্যদের কাছেও নিশ্চয়ই—প্রশ্নটা হচ্ছে কয়লার দাম বেড়েছে। কিন্তু কয়লাখনি থেকে টন প্রতি যে টাকা ধরা হয়েছে অর্থাৎ যে টাকায় কয়লাগুলি পাওয়া যায় আর বাজারে কয়লা টন প্রতি যে দামে বিক্রি হয় এর মধ্যে আকাশ-জমীন পার্থক্য। সুতরাং এই পার্থক্য কেন? আমার কাছে সংবাদ আছে সেখানে মানে কয়লাখনিতে কিছু মানুষ ঘুরছে, সেখানে নানা কার্যকলাপ চলছে—কয়লা যারা কিনছেন তাদের কাছ থেকে এই সমস্ত লোক টাকা নিচ্ছেন এবং নানাভাবে সেই টাকা অন্যত্র যাচ্ছে—পার্টি ফান্ডে যাচ্ছে একথা আমি বলব না কিন্তু টাকা নিচ্ছে—এ সংবাদ আমার কাছে আছে।

[2-50 — 3-30 P.M. (including adjourment)]

তেমনি লরি করে করে যখন কয়লা আসছে সেই লরি পিছু পুলিশ কখন ৪০০ কখন ৫০০ টাকা করে তারা লরি পিছু নিচ্ছে প্রকাশ্য রাজপথে দাঁড়িয়ে নিচ্ছে। সরকার জানেন না, পুলিশ মন্ত্রী খবর রাখেন না, এমন যদি অবস্থা হয় তাহলে আপনাদের প্রশাসনকে ধিক্কার দেব। আপনারা সব জানেন, কিন্তু প্রতিকার করেন না। তারপরে সেদিন শুনলাম রামচন্দ্রপুর থেকে একটি গল্প, গল্পটি করছেন একজন বিশ্বস্ত ব্যক্তি। মিথ্যা হলে আমি খুশি হব। সেখানেও আবার কয়লা সিমেন্টের জন্য পার্টির এম.এল.এদের টাকা দিতে হয়, এম.এল.এ. রিপ্রেজেন্টেটিভদের টাকা দিতে হয় পার্টি ফান্ডে টাকা দিতে হয়, এত টাকা কয়লা বা সিমেন্ট নিয়েছিল তারা, সেগুলো নিয়েছিল তারা নিশ্চয়—শচীন বাবু, উত্তেজিত হবেন না আপনার বয়স হয়েছে অত উত্তেজিত হবেন না, আপনি শুনুন আমি সংবাদের কথা বলেছি, ঐ টাকা দেবার পরে টন প্রতি এতগুলি টাকা দেবার পরে ঐ কয়লা কিংবা সিমেন্টের উপর দেবার পরে আপনারা আশা করেন এই কয়লা ব্যবসায়ীরা সিমেন্ট ব্যবসায়ী বা ডিলার তারা তার সঙ্গে কিছু বেশি টাকা নিয়ে এই সমস্ত ঘাটতি পূরণ করে মুনাফা করবে না? তারা কি নিজ কাজ কর্ম করবার জন্য ব্যবসা খুলেছে? ঐ তো ওখানে কোল ডিলার্সের কর্তা বসে আছেন সুধীন কুমার। আমার কাছে একটি আবেদনপত্র আছে। মিঃ সুধীন কুমার এই চিঠিতে এখানে কিছু মানুষ যারা কোল ডিলার্স অ্যাশোসিয়েশনের অন্তর্গত, তারা মাননীয় মন্ত্রী সুধীন কুমারকে একটি প্রতিবেদন জানিয়েছে তার কপি আমার কাছে। সুধীনবাবু ইচ্ছা করলে পড়তে পারেন, সত্য মিথ্যা প্রমাণ করতে পারে সেই এ্যাসোসিয়েশন লেখা হচ্ছে কোন ডিলার্স অ্যাশোসিয়েশন—তারা লিখছে আমার ন্যায্য পারমিট থাকলেও যদি আমি অ্যাশোসিয়েশনকে টাকা না দিই ঘুস না দিই নানাভাবে কাজ না করি তাহলে আমাদের কোল পারমিট থাকা সত্ত্বেও কয়লা দেওয়া হয়না। যাঁরা কোল ডিলার্স অ্যাশোসিয়েশনকে টাকা দেবেন নানা ফাণ্ডে চাঁদা দেবেন তাঁরা নিঃসন্দেহে লাভ তোলবার জন্য দ্রব্যমূল্য বাড়াবেন। সব দায়িত্ব কেন্দ্রের ঘাড়ে চাপাবেন না। আমি একথাটা আপনাদের কাছে বলতে চাই সব জিনিসের দাম বাড়ছে আর আপনারা ধরতে পারছেন না চোরদের, জানিনা চোরেরা কোথায় গেছে—ঐ যে আজকে যেভাবে অরাজক অবস্থা হয়েছে, চালের দাম বাড়ছে অন্যান্য জিনিষের দাম বাড়ছে এবং আজকে গ্রামে চাষ আবাদের যে অবস্থা, লাঙল দেবার অনেক জায়গায় উপায় নেই, অনেক জায়গাতে অনেক ঘটনা ঘটছে। ঐ সংকটের মুখোমুখি দাঁড়িয়ে কখনও সম্ভব নয়। কি করে আপনারা আশা করতে পারেন যে দ্রব্যমূল্য ঠিক থাকবে? আপনাদের এই প্রস্তাব সর্বপ্রকারে উদ্দেশ্যমূলক, রাজনৈতিক মুনাফা লোটবার—মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আসন গ্রহণ করছি ওঁরা বাধা দিচ্ছেন। আমি আপনাকে বলতে চাইছি আমি আবার বলছি আমি কোনওদিন কারও বক্তব্যে বাধা দিইনি, আপনি দেখেছেন ওঁরা যদি এ কাজ করেন ভবিষ্যতে কি হবে বলতে পারিনা,

(এ ভয়েজ—বাজে কথা)

বাজে কথা, আপনি বিচার করবার কেউ নন, অতবড় পণ্ডিত ব্যক্তি আপনি নন যে আপনি বাজে কথা বিচার করবেন। আমার বক্তব্য এঁদের এই প্রস্তাব সর্বপ্রকারে উদ্দেশ্য মূলক । রাজনৈতিক মুনাফা লোটবার এবং নির্বাচনের পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে জনমানসকে

বিভ্রান্ত করবার জন্য প্রস্তাব এনেছেন। এই প্রস্তাবের মূল লক্ষ্য দ্রব্যমূল্য সম্বন্ধে উদ্বেগ প্রকাশ নয় দ্রব্যমূল্যের গতিরোধ নয় এই উদ্দেশ্য জনমানসকে বিভ্রান্ত করা এবং আসন্ন লোকসভা নির্বাচনের মুখোমুখি দাঁড়িয়ে নিজেদের পার্টিগত প্রচার করা।

**Shri Satya Ranjan Bapuli :** Sir, I beg to move that in the last two lines, after the words "সরবরাহ করার ব্যবস্থা করা হোক", the words "কিন্তু রাজ্য সরকার নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম কমাতে ব্যর্থ হয়েছে ও তার জন্য বামফ্রন্ট সরকার কোনও কার্যকরি ব্যবস্থা করতে পারে নি"। be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে আনা হয়েছে, দেখা গেছে বামফ্রন্ট সরকারের তিন শরিকের তিন জন সদস্য এটা এনেছেন. বহুদিন আগে এইরকম ধরনের আলোচনার সুযোগ সুবিধা আমরা পাইনি, লোকসভা নির্বাচনের ফায়দা লোটবার জন্য রাজনৈতিক হাতিয়ার হিসাবে বা সংবাদপত্রের মাধ্যমে এই বামফ্রন্ট সরকার উদ্বেগ প্রকাশ করেছেন। একটা চাটুকারিতা পূর্ণ আচরণের মাধ্যমে এটা তোলা হয়েছে। বাস্তবতার দিক থেকে দেখতে গেলে এই সরকার সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়েছেন এবং এর ফলে আলু, ডাল, নুন, পুঁইশাক ইত্যাদির দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে। কিন্তু সেখানে ওদের নিজেদের ব্যর্থতার কথা পরিষ্কার করে না বলে সমস্ত জায়গায় বলবার চেষ্টা করছেন যে এটা কেন্দ্রীয় সরকারের দোষ। এক পয়সা ট্রাম ভাড়া যখন বেড়েছিল তখন কতগুলি ট্রাম পোড়ানো হয়েছিল? তা হলে কি ধরে নেব যে ট্রাম ভাড়া পোড়ানোর লোকেরা এই সরকারের মধ্যে আছে? কেরসিন তেলের দাম বাড়ানোর জন্য আমরা সকলেই উদ্বেগ প্রকাশ করছি। কিন্তু এর জন্য একটা ট্রাম বাস পোড়ে নি বা একজন মুনাফাখোর আজ পর্যন্ত গ্রেপ্তার হয় নি। ২৭শের সংবাদপত্রে দেখলাম ২৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বড় বাজারের যারা বড় বড় মুনাফাকোর মজুতদার রয়েছে তাদের গায়ে হাত দেওয়া হয় নি—অর্থাৎ নিজেদের ব্যর্থতা ঢাকার জন্য যে দাম কমাতে পারছেন না তারজন্য সমস্ত দোষ কেন্দ্রীয় সরকারের উপর চাপিয়ে দিচ্ছেন। সেইজন্য আমি আমার সংশোধনী প্রস্তাবে এই কথা বলেছি যে বর্তমানে বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছেন পশ্চিমবঙ্গের নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম রোধ করতে । একটা সমবায়ের মাধ্যমেও জনসাধারণের মধ্যে জিনিসপত্র বিলি করার ব্যবস্থা করা হয় নি। জিনিসপত্রের দাম বৃদ্ধি রোধ করতে গেলে সরকারের একটা দায়িত্ব আছে। সরকার যদি সব সময়ে বলেন আমাদের কোনও দায়িত্ব নেই এবং তাঁরা যদি মূল্য বৃদ্ধি রোধ করতে না পারেন তাহলে এই সরকারের পদত্যাগ করা উচিত এবং বলা উচিত যে আমরা জিনিষপত্রের দাম রোধ করতে না পারেন তাহলে এই সরকারের পদত্যাগ করা উচিত এবং বলা উচিত যে আমরা জিনিসপত্রের দাম রোধ করতে পাচ্ছি না। জিনিসপত্রের দাম যে বাড়ছে এর একটা করানো হচ্ছে এখানে কোনও অ্যাডমিনিস্ট্রেশান নেই। আপনারা রাজনৈতিক দলবাজি করার জন্য, রাজনৈতিক স্বার্থে এই প্রস্তাব নিয়ে এসেছেন যাতে আপনাদের রাজনৈতিক স্বার্থ চরিতার্থ হয়। জিনিসপত্রের দাম যে বাড়ছে তা রোধ করার কোনও কথা চিন্তা না করে রাজনৈতিক স্বার্থে এই প্রস্তাব আনা হয়েছে এবং অপরের ঘাড়ে দোষ চাপানো হচ্ছে। সুতরাং প্রস্তাবকে যদি সাহস থাকে তাহলে আমারটা গ্রহণ করুন যে এই সরকার ব্যর্থ হয়েছেন দ্রব্যমূল্য রোধ করতে। এই কথা বলে আমি শেষ করছি।

(At this stage the House was adjourned till 3.30 P.M.)

## After adjournment

[3-30 — 3-40 P.M.]

**শ্রী মীরআবদুস সৈয়দ ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ। হরিপদবাবুকে আমি শ্রদ্ধা করি। তিনি হাউসে নেই—বাইরে গেছেন কিনা জানিনা। আজকে বক্তৃতা করার সময় তিনি কয়লা, কেরোসিন ডিলারদের ব্যাপারে যখন বলছিলেন তখন বলেছিলেন যে, ডিলারদের মাল পাবার ব্যাপারে এম.এল.এ-দের টাকা দিতে হয়, এম.এল.এ-দের রিপ্রেজেন্টেটিভদের টাকা দিতে হয় এবং পার্টির ক্যাডারদের টাকা দিতে হয়। সেটা আপনাদের কালে ছিল আমাদের সময় নয়। স্যার, আমার পয়েন্ট অফ প্রিভিলেজ হচ্ছে তিনি এম.এল.এ-দের পয়েন্ট আউট করে বলেছেন। হয় তিনি নাম বলবেন—বিশিষ্ট এম.এল.এ যদি কেউ থাকেন—হয় তা বলবেন তা না হলে সমস্ত বিধানসভার সভ্যদের অবমাননা করা হচ্ছে। সেই হিসাবে আমি অনুরোধ করছি যে তিনি নাম করবেন না হলে সোমবার আমি ফরমাল প্রিভিলেজ মোশন উত্থাপন করব। আপনি ওর বক্তৃতাটা ডিলিট বা এক্সপাঞ্জ করবেন আশা করি।

**মিঃ স্পিকার ঃ** সিদ্ধান্তটা আগে হতে পারে না। আপনি যে প্রিভিলেজের কথা বললেন সেটা প্রথমে দেখা দরকার। আপনি সময় মতনই এটা করেছেন কারণ অ্যাট দি ফার্স্ট ইন্সট্যান্স তোলা উচিত। আপনাকে অনুরোধ করছি—ও আমার অফিসকে বলছি—তিনি কি বলেছেন আগে দেখা হোক, তারপর কি করা যাবে দেখা যাবে, আপনাকে জানাব।

শ্রী সুনীতি চট্টরাজ ঃ এম.এল.এ-দের নাম আমরা দিয়ে দেব।

**শ্রী সামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী লক্ষ্মীচরণ সেন, শ্রী অনিল মুখার্জি এবং শ্রী অমলেন্দ্র রায় মহাশয় ১৮৫ ধারার অধীনে যে মোশান এনেছেন বিজনেস অ্যাজেন্ডায় সেই মোশন দেখে খুব খুশি হয়েছিলাম। তাই আলোচনা বহু আগে হওয়া উচিত ছিল, কিন্তু দেরী হলেও মোশনটা যে এসেছে তাই দেখে আমি খুব খুশি হয়েছিলাম। স্যার, রেজলিউশনের প্রথম দিকটায় আমার কোনও আপত্তি ছিল না—"পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ফলে জনজীবন দুর্বিসহ হয়ে উঠেছে, খুব ভাল কথা। কিন্তু তারপর যে কথাটা আরম্ভ করলেন, কি কথাটা—"বিগত ৩২ বছর ধরে কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির অনিবার্য পরিণতি হিসাবেই মূল্যস্তরে এই বিরামহীন উর্ধ্বগতি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করছি যাঁরা এই প্রস্তাবটা এনেছেন তাঁরা দুটো পৃথক করে দেখালেন না কেন যে ৩০ বছর চলে গেল সেই ৩০ বছরে কি ছিল এবং গত ২ বছরে কিভাবে দ্রব্যমূল্য বেড়েছে? ৩০ বছর যেটা বলেছেন হয়ত সেটা এরিথমেটিক্যাল প্রগ্রেশন হতে পারে, কিন্তু গত ২ বছরে যে মূল্যবৃদ্ধি সেটা এরিথমেটিক্যাল প্রগ্রেশন নয়, জিওমেট্রিক্যাল প্রগ্রেশন। তাই আমার আপত্তি হচ্ছে এই দুটোকে আলাদা করে দেখাতে পারতেন। আপনারা কেবল কেন্দ্রের কথাটা বললেন, কিন্তু রাজ্য সরকারের যে দায়-দায়িত্ব সেটাও বীরত্বের সাথে স্বীকার করা দরকার ছিল। এবারে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দেখতে পাচ্ছি ভাষার ছড়াছড়ি অনেক রাখা হয়েছে ভেতরে, তা বুঝতে অসুবিধা হচ্ছে। আর একটা জায়গায় তৃতীয় প্যারায় বলা হচ্ছে বাস্তবিকপক্ষে সংকীর্ণ শ্রেণীস্বার্থে রচিত যে নীতিসমূহ বিগত ৩০ বছর ধরে কেন্দ্রের কংগ্রেসি সরকার

বাস্তবায়িত করার চেষ্টা করে এসেছে এবং যে নীতিসমূহের অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে দ্রব্যমূল্যের বিরমাহীন উর্ধ্বগতি, বিগত আড়াই বছর ধরে সেই একই শ্রেণীনীতি কেন্দ্রীয় জনতা সরকার অনুসরণ করে আসছিলেন। এই কথাটা যেটা বলেছেন সেটা না থাকলে ভাল হত। এখানে জনাব সোহরাব অ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেটাকে আমি সমর্থন করছি এবং এর আর এক জায়গায় দ্বিতীয় প্যারায় আছে এবং আমাদের কংগ্রেস(ই)'র তরফ থেকে সেখ ইমাজুদ্দিন যে অ্যামেন্ডমেন্টে দিয়েছেন সেটাও আমি সমর্থন করছি। সেখ ইমাজুদ্দিন সাহেব তাঁর অ্যামেন্ডমেন্ট বলেছেন—'বিগত ৩২ বছর ধরে কেন্দ্রীয় সরকারের' এই কথার জায়গায় বিগত ২।। বছর ধরে কেন্দ্রীয় সরকারের অনুসৃত এই কথাটা যোগ করার জন্য, এই অ্যামেন্ডমেন্টটা আমি সমর্থন করছি। কারণ, এটাতে নিজেদের কথাও স্বীকার করার স্কোপ আছে। সর্বোপরি আর একটা জায়গায় আমরা দেখতে পাচ্ছি শ্রী মোরারজী দেশাই এর পদত্যাগের পর এলেন চরণ সিং মহাশয়, কিন্তু চরণ সিং মহাশয়কে সমর্থন করব না করব না করতে করতে আপনারা গত ১৮ই জুলাই বললেন যে চরণ সিং সরকারকে সমর্থন করছি। তাহলে ঐ সরকার পদত্যাগ করার আগে যে মূল্যবৃদ্ধিগুলি করে গেলেন বা অন্যান্য ট্যাক্স বসিয়ে গেলেন সেটা সমর্থন করলেন কেন? এখানে লজিক যেটা বলছে সেটা হচ্ছে আপনাদের পলিট ব্যুরোর কথা, চরণ সিং সরকারকে আপনারা সমর্থন করেছিলেন, সেই সমর্থনে এর সরকার হয়েছিল, কিন্তু সেই সরকার থাকল না, থাকল না বলেই কি এই কথা বলছেন? সুতরাং কার প্রধানমন্ত্রী? আপনাদের প্রধানমন্ত্রী। আপনাদের প্রধানমন্ত্রী ট্যাক্স বাড়িয়ে মূল্যবৃদ্ধি করে গেলেন। একথা বলতে বাধ্য হচ্ছি যে এগুলি সমাধান করবার জন্য বোধ হয় আপনারা মনে মনে ভাবছেন ইন্দিরা গান্ধী না এলে বোধ হয় পরিত্রাণ নেই। সুতরাং ইন্দিরা গান্ধী এলে পরিত্রাণ হবে এবং নিজেদের দায়-দায়িত্ব ইন্দিরা গান্ধীর ঘাড়ে চালিয়ে দিতে পারবেন। সবচেয়ে বড় কথা হচ্ছে কেন্দ্রের নিয়ন্ত্রণে যেসব জিনিস আছে তার কথা বললেন, কিন্তু রাজ্য সরকারের নিয়ন্ত্রণে যে সব জিনিসপত্র আছে তার কথা তো বললেন না?

[3-40 — 3-50 P.M.]

আজকে হাটে বাজারে পটল, আলু, উচ্ছের যে দাম বেড়েছে সেটা তো আপনারা বললেন। আপনারা শুধু কেন্দ্রীয় সাপ্লাই অর্থাৎ পেট্রোল, ডিজেল, কেরোসিন তেলের কথাই বললেন যে দ্রব্যমূল্য বৃদ্ধি পেয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে সাপ্লাই যদি কম হয় তাহলে জিনিস পাওয়া যায়না। কিন্তু বিগত বোরো মরশুমে এবং খরার সময় ডিজেলের অভাবে যখন চাষ বাস বন্ধ হয়েছিল তখন কিন্তু আমরা দেখেছি রাস্তাঘাটে পেট্রোল পাম্প থেকে ৩ টাকা লিটার দরে ডিজেল পাওয়া যাচ্ছিল। এটা কি কেন্দ্রীয় সরকার দেখবে, না রাজ্য সরকারের প্রশাসন দেখবে? এক্ষেত্রে দেখা যায় আপনারা ব্যর্থ হয়েছেন। চাষের সময় রাস্তাঘাটে ডিজেল পাওয়া যাবে অথচ চাষের প্রয়োজনে ন্যায্যমূল্যে পাওয়া যাবেনা এটা কি কেন্দ্রীয় সরকারের দায়িত্ব? আপনারা তো তুলসীপাতা হয়ে গেছেন।

**শ্রীমতী রেনুলীনা সুব্বা :** স্যার, অন পয়েন্ট অব প্রিভিলেজ। আমি দেখছি এই রেজলিউশন শুধু বাংলাভাষায় লেখা হয়েছে, নেপালী ভাষায় লেখা হয়নি। কিন্তু আপনি

জানেন ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাংগোয়েজ অ্যাক্ট যেটা পাশ হয়েছে তাতে বাংলা এবং নেপালী দুই ভাষার কথা আছে। তাহলে এখানে সেই নেপালী ভাষা কোথায়? আমি তো এটা কিছুই বুঝতে পারছি না।

**মিঃ স্পিকার :** মাননীয় সদস্যের বক্তৃতা শেষ হবার পর আপনি এই ব্যাপারে বলবেন।

**শ্রী দেওপ্রকাশ রাই :** নো স্যার, আপনি একথা বললে হবেনা, বা চুপ করে বসে থাকলেও হবেনা। ইউ আর দি কাস্টডিয়ান অব দি হাউস এবং উই বিলং টু অপজিশন। আমার পয়েন্ট অব প্রিভিলেজ হচ্ছে হোয়্যার ইজ দি ইংলিশ ভার্সন অর নেপালী ভার্সন? আমি রেজলিউশন কিছুই বুঝতে পারছিনা কাজেই কি করে এর উপরে বলব? সেইজন্যই তো এই পয়েন্ট রেইজ করেছেন মাননীয় সদস্য। আই ক্যান্ট আন্ডারস্ট্যান্ড এনিথিং। ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাংগোয়েজ অ্যাক্ট যেটা পাশ হয়েছে তাতে বাংলা এবং নেপালী দুই ভাষার কথাই আছে। কাজেই এটা ব্রিচ অব প্রিভিলেজ হচ্ছেনা? হোয়্যার ইজ দি ইংলিশ অর নেপালী ট্রানস্লেশন? আমি তো এটা কিছুই বুঝতে পারছিনা। এই ব্যাপারে আমি আপনার রুলিং চাই।

**Mr. Speaker :** The proceedings will be in the House. It does not mean that everything should be translated. Nepali is as much a language as Bengali. You cannot say that it is not an official language.

**Shri Deo Prakash Rai :** Sir, I say that there has been a breach of privilege because I do not know what he is saying, though we belong to the Opposition Group. This is a question of breach of privilege because it has been circulated only in Bengali.

**Shrimati Renu Leena Subba :** ১৯৬৯ সালে অফিসিয়াল ল্যাংগুয়েজ অ্যাক্ট পাশ হবার পর নেপালী ভাষা স্বীকৃতি পেয়েছে বাংলার মতো ।

**Shri Deo Prakash Rai :** Sir, as we belong to one group, we will be voting together, but the question is the breach of privilege because it is only circulated in Bengali. That is my point of privilege. Sir, you are trying to make me deaf and dumb.

**Mr. Speaker :** Mr. Rai, I have asked my office to have an English translation of the resolution. It will be supplied to you as early as possible. I hope you will co-operate with me.

**Shri Deo Prakash Rai :** Sir, I will help you when your leg is broken, but when your brain goes wrong I cannot help you because I am not a doctor.

**Shri Vishnu Kant Shastri :** স্যার, আপানার কাছে নিবেদন আমাদের বন্ধুরা যেন তাকে অপমান না করে—তারা যা করছেন এটা ঠিক নয়।

**Shri Deo Prakash Rai :** Sir, I do not know how many languages they know, but I have command over seven languages. Here it is a

question of establishing one's right. আমি পরিষ্কার বাংলা বলতে পারি বাংলা লিখতে পারি, রবীন্দ্রনাথের শেযের কবিতা আমি ট্রান্সলেশন করেছি।

**Mr. Speaker :** Mr. Rai, on this point I have understood you all right. We are having it translated and it will be supplied to you as quickly as possible.

[3-50 — 4-00 P.M.]

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** যেকথা বলছিলাম আপনার মাধ্যমে যে এখানে লক্ষ্মীবাবু যে ভাষা প্রয়োগ করেছেন অন্যান্য মাননীয় সদস্যরা মিলে তাতে মনে হচ্ছে এই স্টেট গভর্নমেন্ট এবং এই স্টেট গভর্নমেন্ট যাঁরা চালাচ্ছেন তাঁরা যেন ধোয়া তুলসী পাতা। নিজেদের যেটা সাহসের সঙ্গে বলা উচিত ছিল তা বলছেন না। প্রত্যেকটি দেখুন কেন্দ্রের যেগুলি ব্যাপার সেগুলি বলছেন কিন্তু রাজ্য সরকারের যেগুলি সেগুলি বলছেন না। কেন চরণ সিংকে সমর্থন করেছিলেন? আপনাদের সমর্থিত সরকার দর বাড়িয়ে গেল। সুতরাং আমি একথা বলতে চাই যে বিরোধী ও সরকারি দল সকলেরই মূল্য বৃদ্ধি সম্পর্কে উৎকণ্ঠা আছে সেজন্য আসল ঘটনা এখানে সন্নিবেশিত হওয়া উচিত । যেমন কেন্দ্রের ব্যর্থতার কথা বলা হয়েছে তেমনি রাজ্য সরকারের ব্যর্থতার কথা বলা হয়নি। রাজ্য সরকার কালোবাজারি দমনের জন্য কি ব্যবস্থা করেছেন, হোর্ডারদের সম্বন্ধে কি ব্যবস্থা নিয়েছেন বলুন? প্রশাসনের আজকে বিকল্প ব্যবস্থা কি হয়েছে? হরিপদ বাবু কয়লার কথা বলেছেন, কয়লার ব্যাপারে শুধু কেন, বিভিন্ন অ্যাশোসিয়েশন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা সাব ডিভিসনাল কন্ট্রোলার—অন্তত আমার এলাকার কথা বলতে পারি যে লোকে চিঠি নিয়ে গেলে তা অগ্রাহ্য করে ফেলে দেয়, এইজন্য ফেলে দেয় যে সেখানে দালাল জুটে গিয়েছে এবং দালালের মাধ্যমে না গেলে সেই চিঠি সেখানে গিয়ে পৌঁছায়না অর্থাৎ যতক্ষণ না দর্শনী দিচ্ছেন। রাজ্য সরকারের তো প্রশাসন দেখার কথা। সুতরাং আমি বলতে চাই রাজ্য সরকারের যা করণীয় তা রাজ্য সরকার করেছে কিনা, রাজ্য সরকারের ব্যার্থতা সেটাও বলা দরকার ছিল। আমার বক্তব্য হচ্ছে, যেমন বিভিন্ন রকম অ্যামেন্ডমেন্ট এসেছে সেই অ্যামেন্ডমেন্টের ভিতর আমার নিজের ভাল লেগেছে একটা, লক্ষ্মীবাবু যে প্রস্তাব এনেছেন, এর মধ্যে রাজ্যস্তরে যে সমস্ত ব্যাপার, রাজ্যস্তরে যে মূল্যবৃদ্ধি হয়েছে—তিনি অনেক কথাই বলেছেন, আমি অত কথায় যাচ্ছিনা এর মধ্যে রাজ্য স্তরে সব দল মিলে এবং যেখানে ব্যাঙ্ক ইনভলভ তাদের নিয়ে, যারা প্রশাসনিক পদে আছে তাদের নিয়ে আমরা বসে আলোচনা করি। রাজ্যস্তরে যা আছে তা এই রেজোলিউশনে থাকা উচিত ছিল। শুধু কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করছেন আর রাজ্য সরকারের সব দায় দায়িত্ব এড়িয়ে যাচ্ছেন। দুর্ভাগ্যের বিষয় অর্থমন্ত্রী যে তারিখে প্রতিবাদপত্র দিচ্ছেন সেই তারিখে চরণ সিং মন্ত্রিসভাকে আপনারা সমর্থন করছেন। ভাগ্যের কি পরিহাস। সুতরাং এই ক্ষেত্রে আমার তো মনে হয় ওই রকম প্রতিবাদ না করে আপনারা যখন সরকারের অংশ ছিলেন অর্থমন্ত্রী হাজির হয়ে চরণ সিংয়ের সঙ্গে আলোচনা করে বলতে পারতেন। আপনারা কিন্তু শরিফ হয়ে গেলেন। যে রকম আপনারা সব বামফ্রন্টের শরিফ। আমরা প্রথমে সমর্থন করেছিলাম। কিন্তু আমরা সমর্থন করেছি স্বৈরতন্ত্রী শক্তি, তাই যাবেন না, যাবেন না করে চলে গেলেন। আজকে আবার তারা চলে গেল বলো। খারাপ হয়ে গেল

এইটা বলছেন। আমি নিজে একটা প্রস্তাব রেখেছি রাজ্যের তরফ থেকে, বিভিন্ন রাজ্যের প্রতিনিধি নিয়ে, ব্যাঙ্ক ইত্যাদি নিয়ে—ওই রকম একটা আলোচনা করা উচিত । কেন্দ্রীয় সরকার এখনও আছেন,—ছায়াই হোক, আর, কায়াই হোক। সেই মন্ত্রিসভার কাছে একটা প্রস্তাব রাখা হোক । আমরা সর্বদলীয় বিধানসভার সদস্য নিয়ে একটা টিম গঠন করে এই মূল্যের বৃদ্ধি সম্বন্ধে যেগুলো আমরা বলছি সেগুলো আমরা কেন্দ্রীয় মন্ত্রিসভার কাছে রাখা যেতে পারে কেন ১০টা হল, কেন আর বাড়ল না? আমার মনে হচ্ছে, আরও অনেক নিত্য প্রয়োজনীয় জিনিস আছে দশটার উপরে । তার সঙ্গে সর্বদলীয় বিধানসভা সদস্যের টিম রাখা হোক । কেন্দ্রীয় মন্ত্রিসভার কাছে প্রস্তাব রাখা হোক—সে মন্ত্রী সভা ছায়াই হোক, আর কায়াই হোক। সেই মন্ত্রিসভার কাছে গিয়ে বলা হোক এবং এইটা খুব জোরের সঙ্গে বলা হোক । এই প্রস্তাবের মধ্যে আমি মনে করি এই রকম কথা রাখা দরকার। আরও কতকগুলো জিনিস আছে প্রস্তাবে যেগুলো টেকনিক্যাল ব্যাপার। যেমন আমরা বিভিন্ন ব্যাপারে সমবায়ের কথা বলি। সমবায়গুলো মার খাচ্ছে। সমবায়ের কাজটা বৃদ্ধি করে, সমবায় বিক্রেতা সমিতি যেসব আছে, তার মাধ্যমে যদি প্রতিরোধ গড়ে তুলতে চান, তাদের যদি সাহায্য করেন, তাহলে একটা মস্তবড় উপকারে লাগে। এই প্রোপোজাল থাকার দরকার ছিল। আর চোরাবাজারি, মুনাফাখোরির ক্ষেত্রে রাজ্য সরকার যদি সাহস নিয়ে ব্যবস্থা করতেন তাহলে ভাল হত। জানি না কেন তা করছেন না। হোরডিং অর্থাৎ গুদামজাত করা অত্যন্ত বেশি হয়েছে এবং প্রকাশ্যে হচ্ছে। বর্তমান প্রশাসন দেখেও দেখছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী বারবার বলেছেন কঠোর হস্তে দমন করা হবে। কিন্তু কঠোর হস্ত দেখলাম না, কোনও কার্যকরি ব্যবস্থা দেখতে পেলাম না। তাই এই বিষয়ে আলোচনা করবার জন্য সর্বদলীয় প্রতিনিধি গঠনের একটা প্রভিসন এই প্রস্তাবে রাখা হোক। এই সঙ্গে বলব, আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি, ডাঃ জয়নাল আবেদিন সাহেব যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, ইমাজউদ্দিন সাহেব যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন, সোহরাব সাহেব যে এ্যামেন্ডমেন্ট দিয়েছেন—এগুলো বিচার বিবেচনা করে দেখবেন এই প্রস্তাবটা যে আকারে এলো তাতে চমক আছে বটে কিন্তু কেঁচো খুড়তে সাপ বেরোল, আমরা কেঁচোই দেখতে চাই, আসল জিনিসটা দেখতে চাই। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Zainal Abedin :** Sir, I beg to move that—

(i) para 2, be omitted.

(ii) in para 3, lines 1 to 5, the words beginning with "নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য" and ending with "দ্রব্যমূল্যের বিরামহীন ঊর্দ্ধগতি", be omitted,

(iii) in para 3, line 9, after the wrods, "বিগত ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় সরকার", the words "এবং রাজ্য সরকার যে বাজেট পেশ করেন" be inserted,

(iv) after para 3, the following new paras be added, namely :

"যে সমস্ত নিত্যব্যবহার্য দ্রব্যসামগ্রী যেমন শাকসবজি, তরিতরকারি, মাছমাংস প্রভৃতি কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন নয় সে সমস্ত দ্রব্যসামগ্রীর দাম ক্রমশ আকাশ ছোঁয়া হয়ে যাচ্ছে অথচ রাজ্য সরকার বাস্তবসম্মত কার্যকরি কোনও ব্যবস্থা গ্রহণ করেন নি এই সমস্ত দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য কিম্বা উৎপাদন ও সরবরাহ বৃদ্ধির জন্য।

মুনাফাখোর ও কালোবাজারিরা কৃত্রিম উপায়ে অত্যাবশ্যক দ্রব্যসামগ্রীর মূল্যবৃদ্ধি করে প্রচুর মুনাফা লুটে চলেছে অথচ রাজ্য সরকার কার্যকরি কোনও কঠোর ব্যবস্থা গ্রহণ না করে এই অসাধু ব্যবসায়ী এবং মুনাফাখোর মজুতদারদের শায়েস্তা করতে ব্যর্থ হয়েছেন।

এমনকি বহুঘোষিত সরকারি নিয়ন্ত্রণে সিমেন্ট বন্টন ব্যবস্থা সম্পূর্ণ বার্থ হয়েছে।"

(v) at the end of the Motion, the following new items be inserted, namely :

(৩) ক্রেতা সমবায়গুলিকে শক্তিশালী এবং সম্প্রসারিত ক'রে উৎপাদকদের নিকট হতে নির্দিষ্ট পরিমাণ দ্রব্যসামগ্রী নিয়ন্ত্রিত মূল্যে রাজ্যের সর্বত্র বিক্রি এবং বন্টন করার ব্যবস্থা করা হোক।

(৪) বাণিজ্যিক ব্যাঙ্কগুলি হ'তে অল্প সুদে ক্রেতা সমবায়গুলিকে ঋণ দেওয়ার ব্যবস্থা করা হোক।

(৫) রাজ্যসরকারের উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলির সহযোগিতায় শক্তিশালী ক্রেতাসাধারণের প্রতিরোধ আন্দোলন সংগঠিত করা হোক।

(৬) অত্যাবশ্যক দ্রব্যসামগ্রী আইনে অধিকতর সংখ্যায় অত্যাবশ্যক দ্রব্যসামগ্রী সংযোজিত করা হোক।

(৭) চোরাবাজার এবং মুনাফা নিয়ন্ত্রণ সংক্রান্ত আইনসমূহ কঠোরভাবে প্রয়োগ করা হোক।

(৮) রাজ্য স্তরে সর্বদলীয় কমিটি গঠন ক'রে এবং রিজার্ভ ব্যাঙ্কের প্রতিনিধি সহ নিয়মিতভাবে মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ সম্বন্ধে আলোচনা এবং কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের সঙ্গে সমন্বয়সাধন করা হোক।

(৯) আন্তঃরাজ্য আলোচনার মাধ্যমে অন্য রাজ্যে উৎপাদিত দ্রব্যসামগ্রী এই রাজ্যে ন্যায্যমূল্যে সংগ্রহ এবং বন্টনের ব্যবস্থা করা হোক।

(১০) সমাজের দুর্বল শ্রেণীর মানুষদের মধ্যে অত্যাবশ্যক দ্রব্যসামগ্রী সরকারি ভরতুকী দিয়ে সরকারি নিয়ন্ত্রণে বিক্রির ব্যবস্থা করা হোক।

(১১) অত্যাবশ্যক দ্রব্যসামগ্রীর পরিবহনের ক্ষেত্রে রেলওয়ের মাশুল লঘু করা হোক।

(১২) কেন্দ্রীয় সরকারের সঙ্গে অলোচনার জন্য বিধানসভায় সদস্যদের একটি সর্বদলীয় কমিটি গঠন ক'রে দ্রব্যমূল্য বৃদ্ধি সমন্ধে রাজ্যের সুস্পষ্ট বক্তব্য উপস্থাপিত করার ব্যবস্থা হওয়া বাঞ্ছনীয় এবং রাজ্য সরকার যেন এ বিষয়ে উদ্যোগী হ'ন—তজ্জন্য বিধানসভা রাজ্য সরকারকে অনুরোধ জানাচ্ছে।"

[4-00 — 4-10 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সরকার পক্ষের মাননীয় সদস্য শ্রী লক্ষ্মী সেনের নেতৃত্বে যে ওয়ান এইট্টি ফাইভে মোশন উত্থাপন করেছেন, আমার চোখে এই মোশন অনেকাংশে

অসত্যে ভরা, অসংগতিপূর্ণ, অভিসন্ধিমূলক, এবং উদ্দেশ্য প্রণোদিত। আজকে অস্বীকার করার কোনও উপায় নাই গোটা পৃথিবীতে এমন কি আপনারা যার গুণ কীর্তনে সর্বদা ব্যস্ত, আজকে কেন উল্লেখ করলেন না বুঝতে পারিনা সমাজতান্ত্রিক দুনিয়ায় দ্রব্য মুল্যের কষাঘাতে জর্জরিত সেই ওয়ার্ল্ড ইনফ্লেশনের কথা। আজকে জিজ্ঞাসা করতে ইচ্ছা করে শুধু কি কেরোসিন এবং পেট্রোল তেলের দাম বেড়েছে? মানুষের নিত্যব্যবহার্য্য আনাজ তরকারী, খাদ্য সামগ্রী, দুধ দই সব কিছুরই আকাশ ছোঁয়া দাম। আজকে জিজ্ঞাসা করি, আপনার দৃষ্টি আকর্ষণ করি এর প্রতিকারের কি চেষ্টা? মাননীয় মুখ্যমন্ত্রী একটা প্রতিবাদ পাঠিয়েছেন, অর্থমন্ত্রী আর একটা টেলিগ্রাম পাঠিয়েছেন, কিন্তু রাজ্য সরকার এর বেশ কি চেষ্টা করেছেন এর কোনও উল্লেখ এতে নাই, এটা থাকার কথা ছিল, নেই, কেন করেননি? কারণ বামফ্রন্টের রাজত্ব কালোবাজারি মুনাফাখোরি রাজত্বে পরিণত। আমরা তাই দেখছি রাজ্য লুটেরার রাজ্যে পরিণত হয়েছে। জিজ্ঞাসা করতে পারি কি চালের দাম ৪ টাকা, সাড়ে তিন টাকা কেন? খাদ্যমন্ত্রী সুধীন কুমার বসে আছেন, আমি জিজ্ঞাসা করতে পারি কি কিছুদিন আগে দিল্লিতে চালের যারা ব্যবসা করে, তার যারা মজুতদার তাদের সঙ্গে হাত মিলিয়ে, তাদের মুনাফা পাইয়ে দেবার জন্য সাংবাদিক সম্মেলনে এ বিবৃতি দিয়েছিলেন যে রাজ্যে এক মাসের খাদ্য মজুত আছে। এটা যদি রাজ্যের দাবি আদায়ের সুকৌশল হয় তবে আমরা আপনার সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত আছি, কিন্তু তিনি প্রকাশ্যে যে বিবৃতি দিয়েছিলেন সেটা কালোবাজারি এবং মজুতদারদের সহায়তা করতে কি দিয়েছিলেন এবং যাতে খাদ্য সামগ্রীর দাম লাফিয়ে লাফিয়ে বাড়তে পারে তার জন্য কি দিয়েছিলেন? এটা তাঁকে জিজ্ঞাসা করতে পারি কি? দ্রব্যমূল্য বৃদ্ধির সঙ্গে সামগ্রিকভাবে রাজ্যের আইন শৃঙ্খলা এবং বিচার ব্যবস্থা জড়িত। আমি জিজ্ঞাসা করতে পারি কি হালিম সাহেবকে তিনি কয়জন কালোবাজারিকে এবং মুনাফাখোরকে হাতে বেড়ি দিয়ে পথে হাঁটিয়ে নিয়ে গেছেন কোর্টে তাঁদের এই দুবছর থাকা কালে? কজন মজুতদারের গুদাম হ্রাস হয়েছে? কেন্দ্রীয় মন্ত্রী মোহন ধারিয়া পাবলিসিটি দিয়েছিলেন যে কার কত জিনিস আছে এবং তার কি দাম সেগুলি জানিয়ে রাখতে হবে। এই আইন করে এনফোর্সমেন্ট ব্রাঞ্চ স্বরাষ্ট্র মন্ত্রী জবাব দেবেন কি এই আইন ভাওলেশনের জন্য কোন জায়গা তল্লাশী হয়েছে, কয় জনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে? হয়নি, তার কারণ, বামফ্রন্টের সঙ্গে এই কালোবাজারি, চোরাকারবারিদের মিতালী অত্যন্ত বেশি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইনশৃঙ্খলার সঙ্গে মানুষের দৈনন্দিন জীবনযাত্রা ঘনিষ্ঠভাবে জড়িত। সেখানে মাছের ভেড়ী যদি লুঠ করতে সাহায্য করে বামফ্রন্টের মাননীয় সদস্যদের দল—লুঠেরারা যদি ভেড়ী লুঠ করে একটার পর একটা তাহলে মাছের দাম তো বাড়বেই এবং মাছ বাজারে দুষ্প্রাপ্য হয়ে উঠবে। তাই বলছিলাম, খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি একটা বিচ্ছিন্ন কোনও ঘটনা নয়। আমরা বরং বলতে পারি, বামফ্রন্টের এই দু বছরের কার্যকাল সহায়তা করেছে এই দ্রব্যমূল্য বৃদ্ধিতে। এর সঙ্গে আর একটা তুলনামূলক কথা আমি এই প্রসঙ্গে উত্থাপন করতে পারি। ভারতবর্ষের একটা অঙ্গরাজ্য হল এই পশ্চিমবঙ্গ। বিহারে ঔষধ, আনাজ এবং অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিসের যে দাম এখানকার এই রাজ্য সরকারের নিয়ন্ত্রণ নীতির ফলে এবং ব্যর্থতার ফলে আমরা দেখি এখানে তার দাম আর এক রকম। একটা ঔষধ কিনতে যান, বিহারে এক টাকা কম দামে পাবেন আর এখানে সেই ঔষধের জন্যই এক টাকা ৬০ পয়সা বেশি দিতে হবে। রাজ্য সরকারের ব্যর্থতার জন্যই এটা সম্ভব।

নিত্য ব্যবহার্য জিনিস অন্য রাজ্য থেকে এই রাজ্যের মানুষ কিনে আনছে। আমরা শুনেছিলাম এদের এককালের দোসর কেউ কেউ পানীয় ভক্ষণের জন্য ঐ চন্দননগরে যেতেন। আজকে আমরা দেখছি, এই বামফ্রন্টের ব্যর্থতার জন্য এই রাজ্যের মানুষকে তাদের নিত্যব্যবহার্য জিনিস লাইফ সেভিং ড্রাগস অ্যান্ড আদার আর্টিকেলস অ্যান্ড এসেনসিয়াল অব লাইফ—এর জন্য অন্য রাজ্যের দারস্থ হতে হচ্ছে। মাননীয় লক্ষ্মী সেন মহাশয় যে প্রস্তাবের দুটি মাত্র অপারেটিভ পার্ট, শুধু কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানিয়েছেন। স্যার, আমি বৈধতার প্রশ্ন পরে তুলব আপনি এই মোশন অ্যাডমিট করতে পারেন কিনা সে সম্বন্ধে আমার পয়েন্ট অব অর্ডার আছে। কিন্তু তার আগে জিজ্ঞাসা করতে পারি কি, আপনি কি অন্ধ? আপনার সহযোগী মাননীয় সদস্যরা, যাঁরা প্রস্তাব উত্থাপন করেছেন তাঁরা কি অন্ধ? জিজ্ঞাসা করি, দুধের দাম বাড়ল কেন? ডিমের দাম বাড়লো কেন? আলু, কপি, লাউ, বেগুনের দাম বাড়ল কেন? এ রাজ্যে যে জিনিস উৎপন্ন হয়, বাইরে থেকে আসে না সেই জিনিসের দাম এখানে বাড়ল কেন? কৃষিমন্ত্রী মহাশয় খুব দম্ভ ভরে এই বিধানসভায় উল্লেখ করলেন চালের নাকি সর্বকালীন রেকর্ড উৎপাদন হয়েছে—হাইয়েস্ট প্রডাকশন হয়েছে। বিগত বছরের ঘোষণা আজকে জিজ্ঞাসা করি, চালের দাম যখন বাড়ল তখন সরকার নীরব কেন? আজকে এসব প্রশ্নের জবাব আপনাদের দিতে হবে এবং দিতে হবে বলেই আমার অনুরোধ, এই চোরাকারবারি, মুনাফাখোর, মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করুন, মিতালী বর্জন করুন, এটার প্রয়োজন আছে। তারপর মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু আলোচিত সিমেন্ট ব্যাপারে ঘোষণা মাননীয় মন্ত্রী সুধীন কুমার মহাশয়ের একটি কাজ। একটা হোলি চাইল্ড—সিমেন্ট ব্যবস্থায় সরকারি নিয়ন্ত্রণ। কিন্তু স্যার, বাজারে সিমেন্ট পাওয়া যায় না, আর যদিও পাওয়া যায় তার দাম ৪০/৫০ টাকা ব্যাগ। জানিনা এর কত ভাগ বামফ্রন্টের এক্সচেকারে যায় আর কত ভাগ ঐ মুনাফাখোরদের এক্সচেকারে যায়। কিন্তু সিমেন্ট বাজার থেকে উধাও। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেইজন্য আমি আমার অ্যামেন্ডমেন্ট মুভ করছি—দোষারোপ নয়, এদের সম্বন্ধে যদি কার্যকরি ব্যবস্থা করতে হয় তাহলে তার জন্য কয়েকটি ব্যবস্থা করতে হবে। এই প্রসঙ্গে আমি প্রধানত তিনটি সাজেশন রাখব। সেগুলি হচ্ছে এইরকম—রাজ্য সরকার অন্যান্য রাজ্য সরকারগুলির সঙ্গে সহযোগিতা করে এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে যে সমস্ত দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণ করা সম্ভব সেগুলি করার ব্যবস্থা করুন। দ্বিতীয়ত প্ররোচনামূলক কিছু কাজ এদের আছে। আপনি লেটেস্ট এগ্রিমেন্ট দেখেছেন? আমি বিরোধী নই শ্রমিকদের। কয়লাখনির কোনও শ্রমিক ৫শো টাকার কম পাবে না।

[4-10 — 4-20 P.M.]

আজকে কয়লা শ্রমিক জুট শ্রমিক ৫০০ টাকার কম পাবে না। আপনারা কোথায় নিয়ে যাচ্ছেন। কি রকম ডিসপ্রায়রিটি দেখুন। আর এদিকে কৃষি শ্রমিক ৬০/৬২ টাকার বেশি পায় না। আজকে পাটের দাম বেড়ে যাচ্ছে। আপনারা এই রকম ডিসপ্রায়রিটি করে রেখেছেন। ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন-এর অবস্থা দেখুন। কেরোসিনের দাম বেড়ে two and a half times হয়েছে। আর তার সঙ্গে সঙ্গে সেই কেরোসিন যাতে জ্বলে সেই হারিকেনের দাম আড়াই গুণ বেড়ে গেছে। অশোক মিত্র মহাশয় এখানে আছেন তিনি কি এর জবাব দেবেন যে কেন এই জিনিস হচ্ছে? কেন হারিকেনের দাম এই রকম বেড়েছে? আপনারা বিনিয়ন্ত্রণ

কি করায়ত্ব করেছেন? আজকে হারিকেনের তৈরির জন্য যে কাঁচা মাল আসে সেই সব কাঁচামাল চোরাকারবারে বিক্রি হয় তাতে হারিকেন তৈরি হয় না। এই কথা কি আমি অশোক মিত্র মহাশয়কে, স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কেন এই জিনিস হচ্ছে। trading has become more profitable than manufacturing আজকে আমি বলব আইনগুলি কঠোর করুন। আন্তরাজ্য সম্মেলন করে এ বিষয়গুলি উত্থাপন করে পারস্পরিক স্বার্থে দেওয়া নেওয়ার একটা প্রকৃত ভিত্তি গড়ে তুলতে হবে। অন্য দিকে আইনগুলি কঠোর এবং বাস্তব প্রয়োগ করতে হবে। এবং থার্ড হচ্ছে people conscience, education and organisation করতে হবে এবং কনজিউমারস রেসিস্ট্যান্স তৈরি করতে হবে। সেদিক থেকে এই জিনিস করতে গেলে সমবায়ের প্রয়োজন। এই সমবায়ের নির্মল বসু মহশয় চেয়ারম্যান তিনি হাসছেন। কিন্তু ঐ বিষয়ে একটা উল্লেখ পর্যন্ত দেখলাম না। ভোগ্য পণ্যের যারা ব্যবসা করে সেখানে কনজিউমারস কো-অপারেটিভ এক্সপ্যান্ড করতে হবে। এগুলিকে বিনা সুদে কিংবা অল্প সুদে মূলধন যুগিয়ে এগুলিকে রেটিফিকেশন করতে হবে। আপনারা যে ১০টি দ্রব্যের কথা বললেন অবশ্য নাম করেন নি অবশ্য আমাদের সময়ে ৫টি এসেন্সিয়াল কমডিটি আমরা পাঠিয়েছিলাম। নিয়মিতভাবে মানুষের কাছে যেন পৌঁছায়। সে সব কথা এখানে কিন্তু বলা হয় নি। আজকে আপনাদের বলতে হবে কোন দশটি জিনিস এবং কি দামে মানুষ পাবে। কিন্তু সে প্রস্তাব আপনাদের নাই কেন? আমি জিজ্ঞাসা করি আইন যদি না থাকে এবং ভেড়ী লুট করলে মাছ পাওয়া যায় না মাছের দর তো বাড়বেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। আপনি একজন অভিজ্ঞ পার্লামেন্টারিয়ান। এখানে যে প্রস্তাব মাননীয় লক্ষ্মী সেন মহাশয় উত্থাপন করেছেন এই প্রস্তাব হচ্ছে মোশন আন্ডার রুল ১৮৫। আমার কনসেপসন আপনার কনসেপসন এবং আপনি সাকদের অ্যান্ড কাউন পরামর্শ করে দেখতে পারেন। Motion is mandatory and obligatory for the Government স্টেট লেজিলেচারের আর্জি গ্রহণ করতে বাধ্য নন। এটা আসা উচিত ছিল অ্যাজ রেজিলিউশন। যদিও এটা কেন্দ্রীয় সরকারের একতিয়ার নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় ১৮৫ মোশন এই প্রস্তাব আপনি গ্রহণ করতে পারেন না। কারণ যে প্রচলিত নিয়ম আছে তাতে এটা হয় না বলে আমার ধারণা। কালকে আপনার সহকারী ওখানে বলেছিলেন এবং তিনি হাউস অব কমন্স-এর উদ্ধৃতি দিয়েছিলেন। আপনার কাছে আমার এই পয়েন্ট অব অর্ডার তোলা থাকল এটা অ্যাকসেপটেবল হোক আর না হোক আমি বলব ম্যান্ডেটোরী মোশন স্টেট লেজিসলেচার তুলতে পারেন কিনা। আমার কথা হচ্ছে যদি তাই হয় তাহলে এটা রিজলিউশন হিসাবে আনতে পারতেন নট অ্যাজ এ মোশন। ভারতের পার্লামেন্টেও এইভাবে গ্রহণ করা হয়। ওঁরা যতই উপহাস এবং উচ্চ হাস্য করুন না কেন আমার তাতে কিছু যায় আসে না। একটা বিষয়ে আমরা ওঁদের সঙ্গে সহমত পোষণ করি কেরোসিনের দাম ন্যায় সংগত নিয়মিতভাবে বাড়ুক । কিন্তু এইভাবে বাড়লে আমরা ওঁদের সঙ্গে বিরোধিতা করতে একমত । এমন অনেক জিনিস প্রস্তাবের সঙ্গে রয়েছে যার জন্য আমাদের অসুবিধা হচ্ছে। এটা রাজনৈতিক উদ্দেশ্যমূলক বস্তু এর মধ্যে সংযোজিত না করতেন তাহলে ভাল হত । আজকে বিদ্যুৎ সংকট যেখানে হচ্ছে, বিদ্যুৎ সংকটে উৎপাদন যেখানে ব্যাহত হচ্ছে সেখানে আপনাদের ব্যার্থতাগুলি সারানোর প্রয়োজন আছে। একদিকে আইন শৃঙ্খলার উন্নতি অন্যদিকে বিদ্যুৎ সরবরাহ এবং পরিবহনের ব্যবস্থা করা দরকার।

. .

রেলওয়ে ফ্রেট-এর আমার কিছু সাজেশন আছে। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব যে যাঁরা এই প্রস্তাবের উত্থাপক তাঁরা যেন এটা বিবেচনা করে দেখেন। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মলকুমার বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য লক্ষ্মীচরণ সেন এবং আর দুজন সদস্য অনিল মুখার্জি ও অমলেন্দু রায় যে প্রস্তাব উত্থাপন করেছেন এবং লক্ষ্মীবাবু যার উপর বক্তৃতা করেছেন, আমি দুটি প্রস্তাবকেই সমর্থন করছি। এই মাত্র মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন যে বৈধতার প্রশ্ন তুলেছিলেন, আপনি সেই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। আমি এখানে একটি কথা বলে নিই। এখানে রুলস ১৮৫—এর উপর যে প্রস্তাব আনা হয়েছে তাতে আছে ডিসকাশন অন এ ম্যাটার অব পাবলিক ইন্টারেস্ট । ডাঃ আবেদিনের কাছে এটা ম্যাটার অব জেনারেল পাবলিক ইন্টারেস্ট না হতে পারে। কিন্তু এই সভার কাছে ইট ইজ এ ম্যাটার অব জেনারেল পাবলিক ইন্টারেস্ট । সুতরাং এটা সম্পূর্ণ বিধি সম্মত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই প্রস্তাবের উপর বিরোধী পক্ষের প্রথম বক্তব্য অধ্যাপক হরিপদ ভারতী মহাশয় এর বক্তৃতা শুনে আমার একটা গল্পের কথা মনে পড়ছে। এক বুড়োর গরু হারিয়েছে। গরু হারিয়ে বুড়োর মন খুব খারাপ। তার ছেলে এসে তাকে বলছে, বাবা কি হয়েছে? বুড়ো তখন বলছে, দাদারে কি আর বলব। পাশে তার স্ত্রী দাঁড়িয়েছিল। সে বলল, বুড়োর হল কি যে ছেলেকে বলে দাদা? তখন সে তার স্ত্রীকে বলছে যে মারে কি আর বলব। তখন স্ত্রী বলছে, বুড়োর হল কি যে স্ত্রীকে বলছে মা, ছেলেকে বলছে দাদা। গরু হারিয়ে বুড়োর এই দশা। হরিপদবাবু পন্ডিত ব্যক্তি, ভাল বক্তা। তিনি আজকে বক্তৃতা করতে এসে কি বললেন? কয়লার দাম বেড়েছে, বিরোধিতা করবার কথা—কোল ডিলারদের পক্ষে ব্রিফ নিয়ে এলেন, একটা মেমোরান্ডাম হাজির করলেন। চরণ সিং সরকার পেট্রোলজাত দ্রব্যের দাম বাড়িয়েছে তার বিরোধিতা করবার কথা রাজনৈতিক ভাবে সেদিকে গেলেন না, অপর দিকে পশ্চিমবঙ্গ সরকারকে এক হাত নিলেন। জিনিসটা বুড়োর গরু হারিয়ে যে অবস্থা হয়েছিল সেই রকম হয়েছে। কেন্দ্রের মোরারজী সরকার, জনতা সরকার চলে গেছে। সেই সরকারকে হারিয়ে হরিপদ বাবু দিশে হারা হয়ে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে জিনিস পত্রের দাম বেড়েছে। এই দাম যে শুধু চরণ সিং সরকারের আমলে বেড়েছে তা নয়, এটা মোরারজী সরকারের আমলেও হয়েছে এবং প্রস্তাবে সঙ্গত ভাবে বলা হয়েছে যে আগের কংগ্রেস সরকারের দীর্ঘদিনের নীতির ফলে এই অবস্থা হয়েছে। আমি এখানে দু'একটি কথা বলতে চাই। রাজ্যসভায় ২৪শে এপ্রিল তখন মোরারজী মন্ত্রিসভা রয়েছে। অর্থ দপ্তর থেকে যে নোট দেওয়া হয়েছে তাতে পরিষ্কার বলা হয়েছে যে ২৪শে ফেব্রুয়ারি যেদিন বাজেট পেশ করা হয় সেই তারিখ থেকে ৩১শে মার্চের মধ্যে জিনিস পত্রের দাম বেড়েছে শতকরা ৬০ ভাগ এবং পাইকারি সূচক সংখ্যা যেখানে ছিল ১৯৭০-৭১ সালের হিসাবে ১৮৩.৬ সেখানে এক মাসের মধ্যে বেড়ে হল ১৯০.৫। অর্থাৎ মোরারজী যখন প্রধানমন্ত্রী, চরণ সিং যখন সহকারী প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী তখন এই বাজেটের ফলে এইভাবে দাম বেড়েছে। পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান মোরারজীর বিশেষ বন্ধু অধ্যাপক লাকড়াওয়ালা, তিনি গত ৯ই জুন তারিখে গুজরাট মিলস এ্যান্ড ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনের সভায় বলেছেন যে গত ২।। মাস পাইকারি মূল্যের সূচক বেড়েছে শতকরা ৭.৩৫ ভাগ।

[4-20—4-30 P.M.]

এইভাবে জিনিসপত্রের দাম বেড়েছে। পরিকল্পনা কমিশনের সদস্য রাজকৃষ্ণ একই কথা বলেছেন এবং ন্যাশনাল ইন্সটিটিউট অব পাবলিক ফাইন্যান্স অ্যান্ড পলিসি, তারাও এই মন্তব্য প্রকাশ করেছেন যে এই বছরের শেষে পাইকারি মূল্য সূচক বেড়ে শতকরা ১২ ভাগ দাঁড়াবে। তাই অনেক তথ্য না দিয়ে বলতে পারি যে আমাদের জিনিসপত্রের দাম ক্রমাগত বেড়ে চলেছে। ডাঃ জয়নাল আবেদিন সাহেব এই মাত্র বললেন যে সারা পৃথিবী জুড়ে তো ইনফ্রেশন চলছে, এমন কি সমাজতান্ত্রিক দেশেও। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাকে মার্জনা করবেন, গত কয়েক বছর আমার বিভিন্ন দেশ ঘোরবার সুযোগ হয়েছে। আমি পশ্চিমী জগৎ, মার্কিন যুক্তরাষ্ট্র, পশ্চিম জার্মানী, ফ্রান্স, ব্রিটেন এই সব দেশ ঘুরে দেখেছি, সত্য সত্যই ইনফ্রেশন সেখানে বেড়েছে। কিন্তু সমাজতান্ত্রিক দেশে বাড়েনি। গত বছর মার্চ এপ্রিল মাসে আমি সোভিয়েত ইউনিয়ন গিয়েছিলাম এবং এই বছরও গিয়েছিলাম এবং গত সপ্তাহে আমি সেখানে ছিলাম। সেখানে সাধারণ জিনিসের দাম বাড়েনি। ১৫ মাস আগেও সেখানে দুধের দাম যা ছিল এবারেও সেই দাম দেখলাম, মাংসের দাম আগে যা দেখেছি এবছরেও তাই দেখলাম। পোল্যান্ড, যুগোশ্লোভিয়াতেও একই জিনিস দেখেছি। আমি চিনে যাইনি, তবে শুনেছি চিনের গত ১০/১৫ বছরের মধ্যে নিত্য ব্যবহার্য্য দ্রব্যের দাম বাড়েনি। সুতরাং এটা অর্থনীতির ব্যাপার। ধনতান্ত্রিক দেশে পশ্চিম জার্মানীতে অনেক অর্থনৈতিক উন্নতি হওয়া সত্ত্বেও সেখানে ইনফ্রেশন দারুণ বেড়েছে। নিউইয়র্ক, ওয়াশিংটন-এ দারুণ বেড়েছে, কিন্তু সমাজতান্ত্রিক দেশে বাড়েনি। এটা অর্থনীতির উপর নির্ভর করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সময়ে ভারতবর্ষে খাদ্য শস্য মজুতের পরিমাণ দারুণ, ২০ মিলিয়ন টন, যখন বৈদেশিক মুদ্রার পরিমাণ ৫।। হাজার কোটি টাকা সেই সময় এই ভাবে লাফিয়ে লাফিয়ে জিনিসপত্রের দাম বাড়ছে কেন? এবারে যে জিনিসপত্রের দাম বাড়ছে তার কারণ তো ধর্মঘট নয়, এটার কারণ তো আইন শৃঙ্খলার অবনতি নয়, এটার কারণ তো বন্যা, মহামারী, খরা এই জাতীয় বড় রকমের প্রাকৃতিক দুর্যোগ নয়? কারণ পরিষ্কার, সরকারি নীতির ব্যর্থতা। কেন্দ্রীয় সরকার যে অর্থনীতি অনুসরণ করেছেন, মনিটারী এবং ফিজিক্যাল ডিসিপ্লিন বলতে অর্থনীতিতে যা বুঝি তার বিন্দুমাত্র তাঁরা অনুসরণ করেননি। টাকার যোগান ক্রমাগত বেড়ে চলেছে। আমরা কি দেখছি? কি ভাবে টাকার যোগান বেড়ে চলেছে। ১৯৭৭-৭৮ সালে যেখানে ১৪.৬০ বেড়েছিল, ১৯৭০-৭১ সালকে ১ ভাগ ধরে, ১৯৭৮-৭৯ সালে তা বেড়ে ১৮.২ ভাগ শতকরা বেড়েছে। আর জানুয়ারি থেকে মার্চ ১৯৭৯ পর্যন্ত এই তিন মাসে এটা লাফিয়ে ৬.৩ ভাগ বেড়ে চলেছে। বিপরীত দিকে যদি আমরা সঞ্চয়ের পরিমাণ দেখি, ডিপোজিট দারুণ বেড়েছে। আমি এখানে অনেক তথ্য দেখাচ্ছি এই সময় এখানে ব্যাঙ্কের ঋণ দানের পরিমাণ কি ভাবে বেড়েছে, এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার কমার্শিয়াল কনসার্নের কাছে—কিভাবে বেড়েছে, নভেম্বর, ১৯৭৮ থেকে এপ্রিল, ১৯৭৯ এ সময়ের মধ্যে ব্যাঙ্কে ঋণ দানের পরিমাণ ১১.১ ভাগ। গত বছরের হিসাবে বেড়ে গেছে। বিজি সিজন, লিন সিজন যে কোনও সময়েই গত বছরে ঋণ দানের পরিমাণ যে ভাবে বেড়ে গেছে, দেশ স্বাধীন হওয়ার পর দেশে কখনও এই ভাবে বাড়েনি। কেন্দ্রীয় সরকারের ঘাটতি বাজেটের পরিমাণ কি ভাবে বাড়ছে? ১৯৭৫-৭৬ সালে ছিল ৩৪৮ কোটি টাকা, ১৯৭৬-৭৭ সালে হল ১৩৪ কোটি টাকা, ১৯৭৭-৭৮ সালে মোরারজী দেশাই যখন প্রধানমন্ত্রী তখন হল ১১৩৪ কোটি টাকা, ১৯৭৮-৭৯ সালে ১৫৯০ কোটি টাকা আর

১৯৭৯-৮০ সালের বাজেটে ধরা হয়েছে ১৩৫৫ কোটি টাকা। অর্থনীতিবীদরা মনে করছেন এই বছরের শেষে সেটা ২।। কোটি টাকা দাঁড়াবে। এই ভাবে দেশে কালো টাকার পরিমাণ বাড়ছে এবং সঞ্চয়ের প্রবণতা বাড়ছে, ঘাটতি বাজেট বাড়ছে। যখন চরণ সিং অর্থমন্ত্রী হিসাবে বাজেট পেশ করলেন ফেব্রুয়ারি মাসে, তিনি বলেছিলেন যে শতকরা এক ভাগের বেশি জিনিসপত্রের দাম বাড়বে না। কিন্তু পি.টি.আই. অল্প দিনের মধ্যে যে হিসাব দিয়েছে তাতে বলা হয়েছে পেট্রোলজাত দ্রব্যের দাম বেড়েছে ৫৮ পয়সা, কেরোসিনের দাম ১০ থেকে ২০ পয়সা করে ২৫ পয়সা, দেশলাই ৪০ ভাগ, ট্যাক্সি, স্কুটার ৪০ ভাগ। সমস্ত জিনিসের দাম শতকরা ৬ ভাগ বেড়েছে।'একদিকে জিনিসপত্রের দাম বাড়ছে, ঘাটতি বাজেট, ব্যাঙ্কে টাকার পরিমাণ বেশি এবং বাজেট বিভিন্ন জিনিসের উপর এক্সাইজ ডিউটি বাড়বার ফলে এই অবস্থার সৃষ্টি হয়েছে। সরকারের ভ্রান্ত অর্থনীতির ফলে এই জিনিস হয়েছে। আর একদিক থেকে শিল্পপতি, ব্যবসায়ী-গোষ্ঠী, তারা এই মূল্য বৃদ্ধির জন্য দায়ী এবং তাদের নিয়ন্ত্রণ করবার জন্য কেন্দ্রীয় সরকার—কি কংগ্রেসি আমল, কি মোরারজীব আমল, কি চরণ সিং-এর আমল, কেউ কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। আমি বেশি দৃষ্টান্ত দেব না, আমি দুটি দৃষ্টান্ত দেব। আমি চিনি ও কাপড়ের কথা বলব। যখন চিনি ডিকন্ট্রোল করা হল তখন চিনি কলের মালিকরা এই প্রতিশ্রুতি দিয়েছিল যে, প্রচুর উৎপাদন হয়েছে দাম বাড়বে না। তারা অল্প দিনের জন্য শান্ত ছিল, তারপর খোলাবাজারে হুহু করে চিনির দাম বেড়ে গেল। কাপড়ের ব্যাপারে কি হয়েছে? চরণ সিং যখন বাজেট পেশ করেন সেই সময় ইকোনমিক সার্ভে-তে বলা হয়েছে, "The scheme for production and distribution of controlled cloth has been counting difficulty. Despite various concessions given from time to time the response from the private sector has been half-hearted." মিটার প্রতি কাপড়ের দাম ৫ পয়সা থেকে ২০ পয়সা বৃদ্ধি পেয়েছে। অথচ এই সময় আমরা দেখছি তুলোর দাম কমে গেছে। ফেব্রুয়ারি ১৯৭৮ থেকে ফেব্রুয়ারি ১৯৭৯-র মধ্যে শতকরা ৯.৪ ভাগ তুলোর দাম কমে গেছে। অথচ ঐ একই সময়ে ২.৯ ভাগ তৈরি কাপড়ের দাম বেড়ে গেছে। প্ল্যানিং কমিশনের স্ট্যাডি টিম স্টাডি করে বলেছে, এটা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। গরিবদের কন্ট্রোলড ক্লথ দেওয়ার ব্যবস্থা করা যায়নি, এটা করা সম্ভব হয়নি, তারা নন-কন্ট্রোলড ক্লথ কিনেছে। জর্জ ফার্নান্ডেজ চিৎকার করেছেন কিছু হয়নি বলে, তিনি স্বীকার করেছেন যে, কিছু আমরা করতে পারলাম না। এই ভাবে শিল্পপতিরা তাদের জিনিসপত্রের দাম বাড়িয়েছে। কেন্দ্রীয় সরকারের ইস্তাহারে আমরা দেখেছি ব্যবসায়ীরা বাজারে জিনিসপত্রের যোগান কমিয়ে দিয়েছে। ১০ই জুন তারিখে ইকোনমিক টাইমস লিখছে যে, "The recent price rise is partly deliberate reduction in supplies of essential items, such as soaps, detergents, detergent cake and toothpaste." এই ভাবে তারা যোগান কমিয়েছে এবং তার ফলে জিনিস পত্রের দাম বেড়েছে। কি হয়েছে? আমরা এই সময় দেখতে পাচ্ছি যে, কৃষিজাত পণ্য, যেটা কৃষকরা উৎপন্ন করে—ডাঃ আবেদিন কৃষকদের কথা বললেন— এই কৃষিজাত পণ্যের দাম কমেছে, এই সময় কৃষিজাত দ্রব্যের দাম বাড়েনি। কৃষিজাত দ্রব্য মার্চ, ১৯৭৭ সালে ছিল ১৭০% আর ডিসেম্বর ১৯৭৮ সালে কমে সেটা হল ১৬৯%; অর্থাৎ ১% কমে গেল। অপর দিকে শিল্পজাত দ্রব্যের ক্ষেত্রে আমরা দেখছি মার্চ ১৯৭৭ সালে ছিল ১৭৭.৮%, সেটা বেড়ে গিয়ে

ডিসেম্বর ১৯৭৮ সালে হয়েছিল ১৮০.১%। অর্থাৎ শিল্পপতিদের স্বার্থে এটা বেড়ে গেল। তাই গ্রামের প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী, বর্গাদার প্রত্যেকের অবস্থা খারপ হল, নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্তর অবস্থা খারাপ হয়েছে তারা ঋণভারে জর্জরিত হয়ে পড়েছে। অর্থনৈতিক উন্নতি ব্যাহত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষ থেকে দুটো কথা বলা হয়েছে—৩০/৩২ বছর ধরে শ্রেণী স্বার্থ রক্ষায় সরকারি নীতি গৃহীত হয়েছে এবং তার ফলেই এই অর্থনৈতিক সংকট সৃষ্টি হয়েছে। অবশ্য একথা আমাদের প্রস্তাবে বলা হয়েছে। রাজ্য সরকারও একথা বলেছে যে, পটলের দাম উচ্ছের দাম, এগুলির দাম বেড়েছে। কিন্তু এগুলির দাম বাড়ল কেন? এটা কোনও অস্বাভাবিক ব্যাপার নয়। জিনিসের দাম বাড়ে সাপ্লাই অ্যান্ড ডিমান্ডের ওপর নির্ভর করে। পরিবহনের খরচ বেড়েছে, পেট্রোলের দাম বেড়েছে, ট্রাকের ভাড়া বেড়েছে, ট্রেনের ভাড়া বেড়েছে, সুতরাং শাক-সব্জির দাম বাড়বেই। দায়িত্ব কেন্দ্রীয় সরকারের, টাকার বাজারের উপর, উৎপাদন ও বন্টনের উপর নিয়ন্ত্রণ কেন্দ্রীয় সরকারের। আমাদের ইকোনমিক প্যাটার্নে রাজ্য সরকারের কিছু করবার নেই। এখানে প্রায়ই আমরা শুনি যখন জিনিস-পত্রের দামের নিয়ন্ত্রণের কথা ওঠে তখনই মাগ্গী ভাতা বাড়ানো হয় এবং এটা বাড়াবার ফলে নাকি সংকটের সৃষ্টি হয়। কিন্তু আমরা জানি শ্রমিক শ্রেণী বলতে নিম্ন এবং নিম্ন মধ্যবিত্ত-দের কথা বলা হয়। মহার্ঘ ভাতা এই সমস্ত গরিব মানুষদের হাতে তুলে দিলে জিনিসপত্রের উৎপাদন বাড়ে, তারা উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ পায়। তারপর কাপড়ের কলের ক্ষেত্রে যে জিনিস চলছে তাতে এগুলিকে জাতীয়করণ করতে হবে। তারপর জয়নাল আবেদিন বলেছেন ক্রেতা সমবায়কে শক্তিশালী করতে হবে। তিনি সমবায় মন্ত্রী ছিলেন, তিনি সমবায়কে দুর্বল করে গেছেন, আমাদের শক্তিশালী করতে হবে। তাঁর এই প্রস্তাবকে আমি সাধুবাদ জানাই। আজকে সমবায়কে শক্তিশালী করতে হলে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম দরকার। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসব জিনিস দরকার এবং এগুলি করে আমাদের জিনিসপত্রের মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করতে হবে। আজকের প্রস্তাবের মাধ্যমে আমরা বলবার চেষ্টা করছি যে, কেন্দ্রীয় সরকার নৈতিক দিক থেকে অপরাধ করেছে। যে সরকারের পার্লামেন্টে মেজরিটি নেই তাঁদের পক্ষে জনসাধারণের ব্যবহার্য্য এই সমস্ত দ্রব্যের মূল্য বৃদ্ধি করবার অধিকার নেই। সেই কথাই আমরা এই প্রস্তাবের মধ্যে রেখেছি। সেই জন্য এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব আমরা এখানে উত্থাপন করেছি সেই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে মাননীয় সদস্য লক্ষ্মীসেন মহাশয় তথ্য সহযোগে ব্যাখ্যা করেছেন এবং আমাদের পক্ষের অধ্যাপক নির্মল বোস মহাশয় এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে তথ্য সহযোগে তিনি দেখিয়েছেন যে এই প্রস্তাব আনার যৌক্তিকতা কোথায় আছে। কাজেই আমি আর তথ্য সম্বলিত কোনও বক্তব্য রাখার চেষ্টা করব না, ছোট্ট কথায় যাবার চেষ্টা করি। আমি বিরোধী পক্ষের নেতাদের বক্তব্য শুনলাম, অধ্যাপক ভারতী মহাশয়, শামসুদ্দিন আহমেদ্ মহাশয়, কংগ্রেস (আই), জয়নাল আবেদিন সাহেব কংগ্রেস (এস)- এদের বক্তব্য শুনলাম। এদের বক্তব্য শুনে আমি একটি কথা বুঝতে পারলাম না যে তাদের কি গোটা প্রস্তাবেই আপত্তি? প্রস্তাবের দুটি অংশ আছে, প্রস্তাবের প্রথম দিকে যেখানে অপারেটিভ পার্ট আছে তার আগে পর্যন্ত না হয় মেনে নিলাম আপত্তি আছে—আপনারা সেখানে অনেক

কিছু বলতে পারেন, অনেক কিছু বলেছেন কিন্তু সুকৌশলে খুব ডেলিবারেটলি অপারেটিভ পার্টকে এড়িয়ে আপনারা গেলেন লজ্জার কথা—সেই বক্তব্য কি অধ্যাপক ভারতী মহাশয় এবং জয়নাল সাহেব কি গ্রহণ করেন না? (ডাঃ জয়নাল আবেদিন ঃ আমি তো অ্যাকসেপ্ট করেছি)—ভাল কথা, কিন্তু হরিপদ ভারতী মহাশয়-এর কাছ থেকে কিছু শুনতে পেলাম না—যাই হোক, অপারেটিভ পার্ট নিয়ে আসল মামলা কেন এলো? চরণ সিং যখন এই সমস্ত জিনিস-পত্রের দাম বাড়িয়ে দিলেন তখন প্রতিবাদ করা উচিত ছিল এবং আমরা তা তীব্র ভাষায় প্রতিবাদ করেছি এবং তা প্রত্যাহার করতে বলা হয়েছে কিন্তু তারা তা প্রত্যাহার করেন নি—সেইজন্য আজকে এই প্রস্তাব দেখা দিয়েছে। এ ছাড়া কেন্দ্র ফুড ফর ওয়ার্কের টাকা বন্ধ করে দিয়েছে—আজকে ডেভেলপমেন্ট ওয়ার্ক বন্ধ থাকবে কি থাকবে না এইটাই প্রশ্ন সেখানে বিধানসভার মতামত কি এইটাই বড় কথা। কেরোসিন তেলের দাম যারা এইভাবে বাড়িয়ে দেয় এবং যার ফলে আজকে কোটি কোটি মানুষ কেরোসিনের অভাবে হাহাকার করছে—শুধু এখানে নয় সারা ভারতবর্ষে—এর বিরুদ্ধে প্রতিবাদ করা কি অন্যায়? একথা বলা কি অন্যায়? এই আদেশ প্রত্যাহার করে নিতে হবে এবং যে দরে উনি আদেশ দেবার আগে বিক্রি করা হত সেই দরে বিক্রির ব্যবস্থা করে দিতে হবে এবং সঙ্গে সঙ্গে একটা কথা অস্বীকার করতে পারি না সেটা হচ্ছে ওনাদের সাথে আমাদের সম্পর্কটা। এতে বিরোধিতা থাকবে—সেই বিরোধিতা অস্বীকার করার উপায় নেই। আমি বিশ্বাস করি এই চলতি অর্থনৈতিক ব্যবস্থা যতদিন পর্যন্ত টিকে থাকবে ততদিন পর্যন্ত যিনিই প্রধানমন্ত্রী হোন না কেন কিছুই এসে যাবে না—সে ইন্দিরাজীই বলুন, মোরারজীই বলুন, চরণ সিংজিই বলুন, জগজীবন রামজীই বলুন, অটল বিহারী বাজপেয়ীজীই বলুন কিম্বা এই সমস্ত দলের যারা নেতা আছেন—যারা বসুন না কেন তারা নতুন কিছুই করতে পারবেন না—এটা অবধারিত সত্য—একে কন্ট্রোভার্ট করা যায় না। এই অবস্থায় জিনিসপত্রের দাম বাড়বেই বাড়বে এবং বাড়াটাই স্বাভাবিক । এর জবাব, আলুর দাম বাড়বে না নুনের দাম বাড়বে, চালের দাম না গমের না তেলের দাম বাড়বে এটা বুঝতে গেলে সবিনয়ে আমি অধ্যাপক ভারতী মহাশয়কে বলিছ শুধু দার্শনিক দৃষ্টিতে দেখতে হবে এ বিষয়ে কোনও সন্দেহ নাই কিন্তু ইকনমিক এর এ.বি.সি.র মধ্যে যদি না ঢুকি তাহলে এটা বোঝা সম্ভবপর নয় হোয়াট ইজ দ্যাট ফেনোমেনান? একটু সবিনয়ে জিজ্ঞাসা করছি, আমি এতক্ষণ ধরে ওঁদের কথা শুনছিলাম, ওঁরা অনেক কথা বললেন, দ্রব্যমূল্য বৃদ্ধি কেন হচ্ছে, রাজ্য সরকার দায়ী না কে দায়ী এটার কারণটাই বা কি? এ যে গোলমাল করে ফেলেছেন, এই যে গোটা জিনিসটা তাঁরা যাতে গোলমাল করে না ফেলেন সেজন্য অর্থনীতির এই সম্পর্কিত গোড়ার কথাটা একটু বলে দিচ্ছি, দয়া করে একটু শুনুন। কথাটা হচ্ছে এই যে, The general price level of a country is determined by the amount of circulation of currency. If the volume of money supply increases disproportionately, inflation and rising prices are created. শুনুন, অধ্যাপক ভারতী মহাশয় এটা যদি বোঝবার চেষ্টা করেন তাহলে বুঝবেন। এইটে হচ্ছে সূত্র, এটা যদি বোঝবার চেষ্টা করেন তাহলে বুঝবেন আলোচনা কি নিয়ে করেছেন, কাকে দোষারোপ করতে হবে কিভাবে ধরতে হবে, কেন ধরতে হবে এবং ব্যাধিটা কোথায়? ব্যাধি সারাতে গেলে কি করতে হবে। সেজন্য এটা আজকে বলে দেওয়া দরকার The general price level of a country is determined by the amount of circu-

lation of currency. If the volume of many supply increases disproportionately inflation and rising prices are created. এবার আসুন, ওঁরা বলেছেন যে মানি সাপ্লাই, মানি সাপ্লাইয়ের কথা বলেছেন। কথাটা কি কারেন্সী, সারকুলেশন মানেটা কি? কোথা থেকেই বা হয়, ইকনমিক পলিসিস কোথায় ডিটারমাইন্ড হচ্ছে, ফিসাল পলিসিস কোথায় ডিটারমাইন্ড হচ্ছে। এগুলি কি এখানে বলতে হবে বক্তৃতা দিয়ে? দুঃখ হয়। যদি এর গভীরে না যাই এবং যদি ধান ভানতে শিবের গীত আরম্ভ করে দিই তাহলে পরে আসল ব্যাধিটা সারানো যাবেনা। এখানে এটা মেনে নেওয়া ভাল যে আপনাদের সঙ্গে আমাদের দুস্তর ব্যবধান এবং আমরা জানি যে দাম বাড়বে, দাম বাড়ছে এবং আরও বাড়বে। ইন্দিরাজীর পর মোরারজী এলেন, সে সময় কিভাবে দাম বেড়েছে, আমি ওর মধ্যে যাবনা, আমি কোনও তথ্যের মধ্যে যাবনা স্ট্যাটিসটিক্সের মধ্যে যাচ্ছি না আমি শুধু সবিনয়ে জানাতে চেয়েছিলাম যে অপারেটিভ পার্ট সম্বন্ধে আপত্তি আছে কিনা সেটা পরিষ্কার ভাষায় বলুন আর একটা জায়গায় আমাদের তফাত থাক আমরা মনে করি আপনাদের ব্যবস্থায় যিনিই আসুন, ইন্দিরাজী, মোরারজী, চরণসিংজী, চ্যবণ, জগজীবনরামজী, অটলবিহারী বাজপেয়ীজী যিনিই হোন, মেডেলের এ পিঠ আর ও পিঠ। জেনে রাখুন জিনিসের দাম এই যে ইনফ্লেশন এর কোনও উপায় নেই। আপনারা সমাজতান্ত্রিক দেশের কথা বলেন, সমাজতান্ত্রিক দেশের কথা বলবেন না আপনারা। ওসব বলে লাভ নেই। ওসব বোঝেন না আপনারা। কাজে কাজেই আপনাদের টাকা জোগাড় করে আনতে গেলে নোট ছাপাই করতে হবে, নচেত ভিক্ষের ঝুলি নিয়ে কোনও না কোনও দেশের কাছে যেতে হবে, সুতরাং ভিক্ষে পাচ্ছেন না যখন তখন নোট ছাপিয়ে আপনাদের ইনফ্রেশন জেনারেট মতো করে কাজ করা ছাড়া আর কোনও উপায় নেই। সে অবস্থায় যেভাবে ডেফিসিট ফিনান্সিং এর উপর নির্ভর করতে আপনারা যে ইকনমি—পুরোপুরি নির্মল বোস মহাশয় বলে গেলেন কিভাবে ডেফিসিট ফিনান্সিং কিভাবে মারাত্মক জায়গায় সারাদেশে চলে গেছে, ভেঙ্গে যে পড়েনি এটাই আমাদের সকলের ভাগ্য। কিন্তু কিভাবে আজকে চলেছে সারা দেশ, এইভাবে চললে ভেঙ্গে পড়বে, এটা রোধ করা যাবেনা। কিন্তু আপাতত আমরা এই টাকায় কি করতে পারি? এই টাকার ব্যাপারে অন্ততপক্ষে আমরা যেটা বলছি ওখানে উনি বলে গেলেন আমরা ৫টা জিনিস সকলের কাছে পৌঁছে দিতে চেষ্টা করেছিলাম, ডাঃ জয়নাল আবেদিন সাহেব বলেছিলেন উনি পাবলিক অ্যাকাউন্টস কমিটির মেম্বার আছেন আমিও এবারে আছি, ঐ যে ডাইরেক্টর তাঁরা তৈরি। করেছিলেন সেই ডাইরেক্টর যে কথা বললেন তার সঙ্গে কাজের কথায় কতখানি দুস্তর তফাৎ সেটা সেই কমিটিতে এখন আলোচনা হচ্ছে, আলোচনা শেষ হোক, রিপোর্ট আপনাদের কাছে আসবে, আপনারা দেখবেন যে কি করা হয়েছে। ঐ সব কথা বলে লাভ নেই কিছু করা হয়নি। আজকে প্রশ্ন হচ্ছে যে আমরা কি এই ব্যাপারে একমত হতে পারিনা, ১০টা জিনিসের নাম করা হচ্ছে That is the operative part of this resolution আপনারা বলুন যা খুশি, আপনারা টি.ভি'র দাম বাড়ান, ফ্রিজের দাম বাড়ান।

[4-40 — 4-50 P.M.]

আমরা জানি টাটা মোটর কার তৈরি করছে, টেক্সটাইল আছে এবং বিন্ডারও আছে এদের উভয়ের হেভি ইনডাস্ট্রি, মিডিয়াম ও লাইট ইনডাস্ট্রি আছে। এই যে basic neces-

saries of human life. তার মধ্যে থেকে কয়েকটা জিনিস বার করে নিয়ে এসে সেগুলির দাম বেঁধে দেওয়া হোক এবং তার জন্য সরকারকে দায়িত্ব নিতে হবে অর্থাৎ এই সমস্ত জিনিস ন্যায্য দামে আপামর জনসাধারণ এর কাছে পৌঁছে দেবার ব্যবস্থা করা উচিত—এই টুকুন করার জন্য এই প্রস্তাব আনা হয়েছে। অন্য জিনিসের কথা বলে লাভ নেই। জবানা আপনাদের আছে। গদিতে আপনারা আছেন। That is material. সেই শ্রেণী শোষণ এখনও আছে। সেখানে ইন্দিরাজী আছেন, চরণ সিং আছেন ইয়ার্স টুগেদার—সেনচুরি টুগেদার আপনারা থাকুন। কিন্তু দেশ ভেঙ্গে পড়বে এবং এই সমস্ত সমস্যার সমাধান ওপক্ষের যারা আছেন তাঁদের দ্বারা হবে না। সেজন্য রিয়ালিটির উপর দাঁড়িয়ে বলছি অন্তত পক্ষে ১০টা জিনিস যা basic necessary of human life চাল, ডাল, নুন ইত্যাদি সব জিনিস আপনারা অল্প ও নায্য দামে সাধারণ মানুষের মধ্যে বিলি করবার ব্যবস্থা করুন—অর্থাৎ পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের মধ্য দিয়ে করার কথা এই প্রস্তাবে করা হয়েছে। আপনারা নানা রকম থিওরি করে এটা কে বানচাল করতে চান, না এই টুকুন গ্রহণ করবার মতো আপনারা সৎ সাহস দেখাবেন সেটা আমরা দেখতে চাই।

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল্য বৃদ্ধি সম্পর্কে যে প্রস্তাব লক্ষ্মীবাবু এনেছেন সেই প্রস্তাবের একটা দিকে আছে সমস্ত জিনিসের দাম বাড়ছে। দ্বিতীয় দিকে দুটি কথা বলা হয়েছে এখানে কি ব্যবস্থা নেওয়া যায়। কেন বাড়ছে এই কথা বলা হয়েছে। এটা নীতির প্রশ্ন যে কারা বাড়াচ্ছে কোন নীতির ফলে বাড়ছে। আপনারা লক্ষ্য করেছেন এক দিকে উৎপাদন বাড়ানোর কথা আছে। চাল ও খাদ্যশস্যের কথায় দেখুন গত তিন বছরে খাদ্য শস্যের রেকর্ড উৎপাদন হয়েছে। গত বছর এক কোটি ২৪ লক্ষ টন খাদ্য উৎপাদন হয়েছে। অথচ সারা ভারতে খাদ্য শস্যের দাম বেড়ে গেছে—পশ্চিমবঙ্গে সীমাবদ্ধ ছিল বলে বাড়ে নি, এ বছর বেড়েছে। এর কারণ হচ্ছে জোর করে নিয়ন্ত্রণ তুলে নিলেন। কিছু নিয়ন্ত্রণ ব্যবস্থা পশ্চিমবঙ্গ সরকার রেখে ছিলেন যেটা কে বাধ্য হয়ে কেন্দ্রীয় সরকার অনুমতি দিয়েছিলেন। কাডর্নিং ইত্যাদি নিয়ন্ত্রণে থাকলে দাম বৃদ্ধি হত না। চিনির কথা বলা হয়েছে। প্রচুর পরিমাণে উৎপাদন হয়েছে এই যুক্তি দিয়ে নিয়ন্ত্রণ তুলে দেওয়া হল এবং বলা হল যে সস্তা হয়ে যাবে। কিন্তু এর ফলে দেড়গুনের উপর বেড়ে গেল। কাজেই এর সঙ্গে নীতির প্রশ্ন আছে। আমি সমস্ত সামগ্রির কথা না বলে একটা বস্তুর কথা বলছি যে বস্তু সম্পর্কে আমার এলাকার মানুষ খুব উত্তপ্ত কারণ তাদের জীবন ও জীবিকা বিপন্ন হচ্ছে। শুধু পশ্চিমবাংলায় নয় সারা ভারতের সমস্ত এলাকা উত্তপ্ত। এটা হচ্ছে হস্ত চালিত তাঁত শিল্প। এই শিল্প আজ ধংস হতে চলেছে। এটা অনেকের কাছে গুরুত্বপূর্ণ প্রশ্ন নয়। আমরা জানি সুতা হচ্ছে এসেনশিয়াল কমোডিটি বলতে যে সব জিনিস আছে তার মধ্যে একটা। এর দাম বাড়ল দুটো কারণে। বাজেটে উৎপাদন শুল্ক বাড়িয়ে দেওয়া হল। নির্মল বাবু বলেছেন যে তুলার দাম কম হলে সুতা প্রোডাশনের পর সুতার দাম বাড়ল শতকরা ১০ থেকে ১৫ ভাগ। কত বাড়ল সেটা একটা হিসাব থেকে বুঝতে পারবেন। তাঁত শিল্প সম্পর্কে যারা জানেন তাঁরা জনেন যে কোটারী বলে ১০০ কাউন্টের একটা সুতা আছে ৪ মাস ১০ দিন আগে এর দাম ছিল ১০ পাউন্ড বান্ডিলের ২৯০ টাকা আজকে তার দাম হয়েছে ৫১০ টাকা। ১০ থেকে ১৫ পারসেন্ট বাড়ল যা আছে তার সঙ্গে এর ফারাক কত সেটা বুঝে নিন। সুতরাং এই যে বাড়তি দাম হল এর জন্য দায়ী কে তা বুঝুন। সুতা কল যে দামে

বিক্রি করছে সেখান থেকে বড় বড় এজেন্ট ব্যবসায়ীরা সেই সুতা আটকে রেখে বাজারে অভাব সৃষ্টি করে দাম বৃদ্ধি করল। এর ফলে তাঁত শিল্প ধ্বংস হতে যাচ্ছে। এই শিল্প ধ্বংস হবে যদি না একটা ব্যবস্থা হয়। যারা হোর্ড করছেন, ফটকা খেলেছেন তাদের উপর যদি কন্ট্রোল না করা হয়। এটা এসেনশিয়াল কমোডিটি অ্যাক্টে করা যায় এবং তার জন্য অনুমতি কেন্দ্রীয় সরকার এর কাছ থেকে নিতে হয়। সেটা যদি তারা না দেন তাহলে সব শেষ হয়ে যাবে। সুতরাং মূল নীতির প্রশ্ন হচ্ছে এখানে যে আর্থিক নীতির ব্যবস্থা চলছে সেটা হচ্ছে একচেটিয়া পুঁজিবাদ। সেখানে অত্যুচ্চ লাভই হচ্ছে তাদের প্রধান কথা এবং কেন্দ্রেই তাদের সরকার অবস্থান করছেন। এখানে বামফ্রন্ট, সেখানে communist ফ্রন্ট বিশেষ ব্যবস্থায় ব্যক্তিগত মালিকানা, একচেটিয়া লাভ, মূল্যের বৃদ্ধি ইত্যাদি নিয়ন্ত্রণ করা যাবে না। বামফ্রন্ট সরকার কিছুটা প্রচেষ্টা করতে পারেন, কিছুটা আটকে রাখতে পারেন, উৎপাদন বাড়িয়ে কিছু কিছু সমস্যার সমাধান করতে পারবেন, কিন্তু সেটা ব্যাপক হবে না। যেমন যে কথা বললেন আলু, সারের দাম কে বাড়াচ্ছে, কীটনাশক ওষুধের দাম কে বাড়াচ্ছে? সেটা এখান থেকে হয় না, মালিক যারা প্রোডাশন করে প্রফিট করে তাদের নিয়ন্ত্রণ করার দায়িত্ব যাঁদের হাতে সেই কেন্দ্রীয় সরকার এ সবের সঙ্গে জড়িত। আলু বলুন, সব্জি বলুন, যে কোনও জিনিস সমস্তর সঙ্গে জড়িত রয়েছে বিশেষ একটা অর্থনৈতিক ব্যবস্থা, সেই ব্যবস্থাকে যদি নিয়ন্ত্রণ করতে না পারেন, যদি তার পাল্টা ব্যবস্থা করতে না পারেন তাহলে এই মূল্য নিয়ন্ত্রন খুব বেশি করা যাবে না, দাম বাড়বে। কাজেই এর ভেতরে যে দুটো প্রস্তাব এখানে দেওয়া হয়েছে এই প্রস্তাবের শেষ দিকটা যদি কার্যকরি করা যায় তাহলে খানিকটা ব্যবস্থা হতে পারে, খানিকটা সমাধান হতে পারে, এই কথা বলে এ প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**মিঃ স্পিকার ঃ** নির্দিষ্ট সময় উত্তীর্ণ হয়েছে, অন্তত পক্ষে আরও আধঘন্টা সময় দিতে হবে। অতএব বিধানসভা কার্যপ্রণালী ও নিয়মাবলির ১৯০ ধারা অনুযায়ী আরও আধঘন্টা সময় বাড়ানো হল।

**Shri Debaprasad Sarkar :** Sir, I beg to move that—

(i) In para 3, line 8, after the words "বন্টনের কোনও ব্যবস্থাই করেন নি", the word "অবশ্য এ ব্যাপারে রাজ্যের বামফ্রন্ট সরকারও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য চালু করে দ্রব্যমূল্যবৃদ্ধি প্রতিরোধের বাস্তব সম্মত পদক্ষেপ গ্রহণে এগিয়ে আসেন নি।" be inserted

(ii) in para 3, line 9 and 10, after the words "কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেন", the words "এবং এই রাজ্যে বামফ্রন্ট সরকার বিগত দু, বছরে পরপর যে বাজেট পেশ করেন" be inserted

(iii) in para 4, line 2, after the words "এই সভা", the words "মূল্যবৃদ্ধি রোধের উদ্দেশ্যে রাজ্যের বামফ্রন্ট সরকার যাতে অবিলম্বে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করার উদ্যোগ নেয় তার দাবি জানাচ্ছি এবং সাথে সাথে এই সভা" be inserted.

[4-50 — 5-00 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে উদ্দেশ্য যাই থাকুক রাজ্যে মূল্যবৃদ্ধির ক্ষেত্রে উদ্বেগ প্রকাশ করে শেষ পর্যন্ত সরকারি সদস্যদের পক্ষ থেকে যে প্রস্তাব এসেছে আমি সেই প্রস্তাব স্বাভাবিকভাবে সমর্থন করে এর উপর আমার যে সংশোধনী সেই সংশোধনী আপনাদের বিবেচনার জন্য রাখব। এই প্রসঙ্গে আমি একটু স্মরণ করিয়ে দিতে চাই যে এই মূল্যবৃদ্ধির উপর আজ থেকে ঠিক এক বছর আগে ২রা সেপ্টেম্বর আমি একটা মুলতুবি প্রস্তাব রাখতে চেয়েছিলাম যে মুলতুবি প্রস্তাব পড়ারও আমরা সুযোগ পাইনি, যার জন্য আমরা ওয়াক আউট করে চলে গিয়েছিলাম। এই যে মূল্যবৃদ্ধির প্রশ্ন এই মূল্যবৃদ্ধির মূল কারণটাতে গিয়ে তার সমস্যা সমাধানের কথা ভাবতে হবে, মূল কারণটার কথা একটা উল্লেখ করতে হবে। এখানে আমার বক্তব্য আমাদের দেশে দ্রব্যমূল্যবৃদ্ধির সমস্যা কোথায়, এটা কি উৎপাদনের স্বল্পতা হেতু সমস্যা? আমি মনে করি উৎপাদনের স্বল্পতার সমস্যা আমাদের দেশে মূল্যবৃদ্ধির মূল সমস্যা নয়। মূল্যবৃদ্ধির মূল সমস্যা হল নিত্যপ্রয়োজনীয় দ্রব্য নিয়ে ফাটকাবাজি, অস্ত ব্যবসায়ীদের চোরাকারবারি মজুতদারি, একথা সবাই স্বীকার করবেন। সবাই জানেন যে কোটি কোটি কালো টাকা এই প্রাইস ম্যানিপুলেটররা ব্যবসার সমস্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্য গুদামজাত করে বাজারে কৃত্রিম অভাব সৃষ্টি করে জিনিসপত্রের দাম বাড়িয়ে থাকে, ফলে মূল্যবৃদ্ধি ঘটে। এই মূল্যবৃদ্ধিকে যদি রোধ করতে হয় তাহলে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের কি পাইকারি কি খুচরা উভয় ক্ষেত্রেই রাষ্ট্রীয় বাণিজ্য সরকার। এই নীতি গ্রহণ করার মধ্য দিয়ে বর্তমান অবস্থায় মূল্যবৃদ্ধিকে প্রতিরোধ করার সর্বশ্রেষ্ঠ উপায় বলে আমরা মনে করি। এই প্রস্তাব অতীতে কংগ্রেস সরকারের আমলে বার বার প্রত্যাখ্যাত হয়েছে, আজ দেখতে পাচ্ছি বামফ্রন্ট সরকার মূল্যবৃদ্ধির প্রতিরোধে এই প্রস্তাব রাখা সত্ত্বেও তাঁরা অতীতের কংগ্রেস সরকারের মত এই প্রস্তাবকে প্রত্যাহার করেছেন। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে এই বাজেটের মধ্যে স্বীকার করি। আপনারা শুধু কেন্দ্রীয় সরকারের বাজেটের কথা বলছেন কেন? আমি এই জন্য সংশোধনী প্রস্তাবও রেখেছি। রাজ্য সরকার তার তিন তিনটে বাজেটের মধ্য দিয়ে যে করনীতি গ্রহণ করেছেন এই পশ্চিমবাংলায় তাতে দেখছি কেন্দ্রীয় সরকারের সঙ্গে সঙ্গে তাদের বাজেটও এই মূল্য বৃদ্ধির ক্ষেত্রে সাহায্য করেছে। আমি দেখছি শুধু সেলস্ ট্যাক্সে বেড়েছে ফ্রম সিক্স পারসেন্ট টু সেভেন পারসেন্ট এবং তারপর সেভেন পারসেন্ট টু এইট পারসেন্ট এবং এইভাবে সেলস্ ট্যাক্সে ৩৯ কোটি টাকা বেড়েছে। এছাড়া আছে অক্ট্রয় ট্যাক্স, চুঙ্গী কর, এনট্রি ট্যাক্স। এই সমস্ত করার ফলে জিনিসপত্রের দাম বেড়েছে। আপনারা যদি গঙ্গা জলে ধোয়া তুলসী পাতা হতে পারতেন তাহলে আমি খুশি হতাম। কিন্তু কেন্দ্রীয় সরকারের সঙ্গে সঙ্গে আপনারা যে নীতি গ্রহণ করেছেন তাতে দেখছি আপনারাও দোষী। আজকে মূল্য বৃদ্ধি প্রতিরোধের ক্ষেত্রে অল আউট স্টেট ট্রেডিং কোথায়? আমরা দেখছি এই এক্সজিস্টিং সিস্টেম আপনাদের হাতে যে ক্ষমতা রয়েছে সেটাও আপনারা এই প্রাইস ম্যানিপুলেটরদের ক্ষেত্রে কাজে লাগাচ্ছেন না। আজ পশ্চিমবাংলা মজুতদার, কালোবাজারিদের কাছে একটা স্বর্গরাজ্য। তারা এই যে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়াচ্ছে তাতে আপনাদরে প্রশাসন, পুলিশ সব নির্বাক। আমার প্রশ্ন হচ্ছে এই তিন তিনটে বাজেটে আপনারা যে পুলিশের জন্য এই ১৫ কোটি টাকা দিলেন সেটা কিসের জন্য দিলেন? মরিচঝাঁপিতে দন্ডকারণ্যের উদ্বাস্তুদের পিটিয়ে মারবার জন্য দিয়েছেন? সাঁতালদিহিতে কর্মচারিদের দমন করবার জন্য দিয়েছেন? মেডিক্যাল কলেজে

ছাত্রদের লাঠিপেটা করবার জন্য দিয়েছেন? নাকি, এস.ইউ.সি-র নেতৃত্বে এই যে ১৫ দিন ধরে আইন অমান্য আন্দোলন চলছে তাকে প্রতিরোধ করবার জন্য দিয়েছেন? আমাদের খাদ্যমন্ত্রী বলেছেন প্রাইস ম্যানিপুলেটরদের সম্বন্ধে বলেছেন তারা সুসংগঠিত শক্তি, তাদের সঙ্গে পুলিশ দিয়ে পারা যায়না। সরকার যদি এই অসাধু ব্যবসায়ীদের জব্দ করতে না পারেন তাহলে জনসাধারণের সাহায্য নিন। আপনারা এই জনগণ আন্দোলন গড়ে তুলুন, জনমত সংগ্রহ করুন। আপনারা শহিদ বেদীতে মালা দিয়ে আসছেন, কিন্তু এই মূল্য বৃদ্ধির প্রতিবাদে জেলায় জেলায় এস.ইউ.সি-র নেতৃত্বে যে অন্দোলন হচ্ছে সেখানে আপনাদের ভূমিকা কি? আপনারা ল অ্যান্ড অর্ডারের কথা বলছেন, কিন্তু আমরা দেখলাম ডায়মন্ড হারবারে গুরুপদ হালদারকে আপনারা মেরে ফেলেছেন। আপনরা শিউড়িতে আইন অমান্যকারীদের উপর হামলা চালিয়েছেন। আমি ল অ্যান্ড অর্ডারের আলোচনার সময় এসব কথা বলব। আপনারা এই যে প্রস্তাব এনেছেন ইট ইজ এ প্রিলিউড টু অর্গানাইজ মাস্ট মুভমেন্ট এগেনস্ট সোরিং প্রাইস লেভেল, নাকি আগামী নির্বাচনে জনসাধারণের কাছে যেতে হবে বলে জনসাধারণের কাছে কৈফিয়ত হিসেবে এই প্রস্তাব এনেছেন। একথা বলে আমি আমার সংশোধনী মুভ করে বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জিনিসপত্রের দাম বেড়েছে, লোকের অসুবিধা হচ্ছে, নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম হু হু করে বেড়ে চলেছে, প্রত্যেকের পকেটে টান পড়েছে, সরকারি কর্মচারী থেকে আরম্ভ করে গ্রামের ক্যাডারদের পর্যন্ত এই সরকারের অপদার্থতা সম্বন্ধে একেবারে নিঃসন্দেহ। তখন একটা কিছু করার দরকার ছিল এবং সেজন্য আজকে এই প্রস্তাব এসেছে। এই প্রস্তাবে কি বলা আছে—এই যে মূল্য বৃদ্ধি হয়েছে সামনে পার্লামেন্টারি সাধারণ নির্বাচন আসছে তারজন্য লোককে ধোঁকা দিতে হবে, সকলকে বোঝাতে হবে নইলে অসুবিধা হতে পারে, তাই লোককে এই ধোঁকা দেবার জন্য এই প্রস্তাব আনা হয়েছে। প্রস্তাবে কি বলা হচ্ছে—মূল্য বৃদ্ধি হচ্ছে তার জন্য দায়ী কে—না কেন্দ্রীয় সরকার নামে একটা বস্তু, আর কে দায়ী—এখানে যে পার্লামেন্টারি সিস্টেম প্রতিষ্ঠিত আছে সেটা দায়ী। কিন্তু আমাদের অধ্যাপক বসু মহাশয় কিছুক্ষণ আগে বলছিলেন যে এখানকার ধনতান্ত্রিক ব্যবস্থা সেজন্য দায়ী। তিনি অনেক তথ্য দিয়ে সেটা প্রমাণ করতে চাইলেন কিন্তু তিনি ভুলে গিয়েছেন—জানেন কিনা জানি না রুমানিয়াকে জাহাজের অর্ডার দেওয়া হয়েছিল ভারতবর্ষ থেকে ২ কোটি টাকা সেই জায়গায় এখন তারা চেয়েছে ১১ কোটি টাকা। ইন্দো সোভিয়েত ট্রিটি সিখোনে ৫০০ কোটি টাকা বেশি দিতে হচ্ছে মূল্য বৃদ্ধি এবং ইনফ্লেশন এর জন্য। সোভিয়েত ওপেক তেল দিতে চাচ্ছে, তারা বলেছে দাম বাড়বে। সেই প্রসঙ্গে বলতে গিয়ে নির্মল বাবু অধ্যাপক ভারতীর কথা বলছিলেন কিন্তু তিনি বোধহয় তাঁর বক্তৃতা ভাল করে শুনেন নি। তিনি বলেছেন আজকে কয়লার দাম এবং জিনিসপত্রের দাম বেড়েছে তার জন্য নিশ্চয়ই কেন্দ্রীয় সরকার দায়ী—একথা আমরাও অস্বীকার করি না। উনি বললেন গরু হারিয়ে এদের মাথা খারাপ হয়েছে, কিন্তু আমরা সেই গরু চোর ধরে ফেলেছি, আগস্ট মাসে সেই চোর ধরা পড়েছে কিন্তু সেই গরু চোরদের যারা উকিল তাদের মুখ শুকিয়ে গেছে এবং আগামী ডিসেম্বর মাসে সেই গরু চোরদের বিচার হচ্ছে। আমরা জানি জনসাধারণ তাদের শায়েস্তা

করবে। শুধু কথা দিয়ে জনসাধারণকে ভুলিয়ে রাখা যায়না। তারা বলেছেন যে কেন্দ্রীয় সরকার দায়ী—নিশ্চয়ই দায়ী। এই চরণ সিং-এর যে বাজেট এসেছিল তখন ওরা বলেছিলেন কুলাক এবং বুর্জোয়াদের বাজেট এখন সেই কুলাক আর বুর্জোয়ারা কোথায় গেল? এখন সেই বাজেট আপনাদের স্পর্শে গণতান্ত্রিক বাজেট হয়েছে। আপনারা বলেছেন আপনাদের অর্থনীতি বিশারদ টেলিগ্রাম করেছিলেন। ভাল কথা টেলিগ্রাম করার দরকার হল কেন? যখন এই সরকারকে সমর্থন করেছিলেন তখন তো শর্ত দিতে পারতেন আপনারা জিনিসপত্রের দামের ক্ষেত্রে নীতি না বদলালে আপনাদের আমরা সমর্থন করব না। তখন সেই সরকার আপনাদের কথা শুনতে বাধ্য হত, কিন্তু সেই সমস্ত কথা আপনারা বলেননি শুধু লোককে ভোলাবার জন্য আপনারা আজকে এই প্রস্তাব এনেছেন। আজকে যদি আপনাদের এই কথা, এই প্রস্তাব তাঁরা না মানেন তাহলে কি করবেন? তাঁদের কাছ থেকে সমর্থন প্রত্যাহার করবেন? তাঁদের সঙ্গে যে গাঁটছড়া বেঁধেছেন সেই গাঁটছড়া কি খুলে দেবেন? নিশ্চয়ই দেবেন না। কাজেই লোকের ধরে ফেলতে খুব বেশি অসুবিধা হবেনা। তারপর এই যে জিনিসের দাম বেড়েছে তখন তো আমরাই বলেছিলাম, এই রাজ্য সরকারের যে বাজেট এসেছিল, তখন আমরাই প্রতিবাদ করেছিলাম, এই অর্থমন্ত্রীকে বলেছিলাম যে অক্ট্রয় কর বসাবেন না, সেলস ট্যাক্স বসাবেন না, জিনিসের দামের উপর আপনি ট্যাক্স বসাতে যাচ্ছেন এটা করবেন না তাহলে জিনিসের দাম বাড়বে এবং এই মূল্য বৃদ্ধি তারজন্য সমানভাবে দায়ী আমাদের অর্থমন্ত্রী, আমাদের এই সরকার সমানভাবে দায়ী। সুতরাং আজকে আমাদের এই প্রস্তাব মেনে নিতে এতটুকু আপত্তি নেই কেবল এইটুকু সংযোজন করতে চাওয়া হয়েছে যেসব সংশোধনী প্রস্তাব দেওয়া হয়েছে এবং এই সরকারকে দায়ী করে সেই সংশোধন মেনে নিলে আমাদের কোনও আপত্তি নেই। তারপর জিনিসের দাম বাড়াবার আর কারণ কি? আপনাদের কাছে ও কেন্দ্রীয় সরকারের কাছে আর একটা জিনিস আছে সেটা হচ্ছে মুনাফাখোর ব্যবসায়ী এদের কারসাজি। আজকে কয়লার দাম ওরা বাড়িয়েছেন সত্য কিন্তু সেই কন্ট্রোল দামে কি কয়লা পাওয়া যাচ্ছে সর্বত্র? সব জায়গায় ডবল দাম হয়ে গিয়েছে কেন? এখানে কেরোসিন তেলের দাম বাড়ল তারা হয়ত ট্যাক্স বাড়ানো লিটার প্রতি ১০ পয়সা কিন্তু এখানে ডবল হল, কি কেরোসিন, ডিজেল কিম্বা পেট্রোল ডবল হয়ে গেল। এই রকম করে ডালের দাম বাড়ছে, এই রকম করে প্রত্যেকটি জিনিসের দাম বেড়েছে। এই যে তরিতরকারির দাম বেড়েছে কিন্তু তারজন্য চাষীরা কি পাচ্ছে। আমরা দেখতে পাই যে মেমারীতে ১- টাকায় একগাড়ি কুমড়ো পাওয়া যায়, এখানে আলুর দাম একেবারে জলের দামের মতো কিন্তু এখানে যখন বাজারে আসে তার দাম বেশি হয়ে যাচ্ছে। কারা কারসাজি করছে? ব্যবসায়ীরা কারসাজি করছে, মুনাফাখোররা কারসাজি করছে। আপনাদের হাতে তো এসেনশিয়াল কমোডিটিস অ্যাক্ট আছে, কাকে ধরেছেন? ধরেন নি। সিমেন্টের দাম বেড়ে যাচ্ছে, কালোবাজারী হচ্ছে আপনারা বললেন যে দাওয়াই আছে, মস্ত দাওয়াই। ঐ যে সব এজেন্ট আছে ওরা বুর্জোয়া সেই বুর্জোয়া বদলে দেওয়া দরকার তাহলে পোলেটারিয়েট এজেন্ট দিয়ে করাণ হোক । আমাদের ওখানে কলাইকুন্ডাতে পোলেটারিয়েট এজেন্ট একজন নিযুক্ত হল। কিন্তু তিনি কি করলেন? পোলেটারিয়েট ভুক্ষা তো, সেইজন্য দেখা গেল সেই সিমেন্টের বস্তার অর্ধেক সিমেন্ট নেই, চলে গিয়েছে, আর সেই অর্ধেক বস্তাকে ঠিক দাম দিয়ে নিতে হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান থেকে আরম্ভ করে প্রতিটি লোক ক্ষতিগ্রস্থ হয়েছে, আর কালো বাজারে ডবল

দামে বিক্রি হচ্ছে অবাধে। এসেনশিয়াল কমোডিটিস অ্যাক্ট অনুসারে আপনারা তো তাদের কাউকে ধরেননি এবং এটাও আমরা জানি এই যে সিমেন্ট যাচ্ছে সেখানে বস্তা পিছু একটাকা দিতে হয়। সেই টাকা চলে যায় পার্টি ক্যাডারের পকেটে, পার্টির দপ্তরে চলে যায়, তাদের তহবিলে চলে যায়। সুতরাং একথা বলে লাভ নেই যে শুধু কেবলমাত্র কেন্দ্রীয় সরকার দায়ী আর কেউ নয়। আজকে আপনাদের পুলিশ আছে। পুলিশ নাকি মহা শক্তিমান, সরকারও মহা শক্তিমান, শক্তি তো আমরা দেখেছি, অসহায় উদ্বাস্তুদের পিটিয়ে বের করে দেবার শক্তি আমরা দেখেছি। আপনাদের পুলিশ যে আরও শক্তিমান তা আমরা দেখেছি যে ঐখানে পুরস্কারস্বরূপ আমাদের ২৪ পরগনার পুলিশ সুপার মিঃ সামন্ত, তার বাড়িতে বসিয়ে—যারা সেই উদ্বাস্তুদের পিটাতে দক্ষতা দেখিয়েছিল, তাদের ১৭ টাকা প্লেট দিয়ে খাবার দেওয়া হয়েছিল। সে সবও করেছেন আপনারা আর কেবল কাজের বেলায় নেই। যখন লোক মার খাচ্ছে, যখন চোরাকারবার হচ্ছে, যেমন জনসাধারণের জিনিস লুঠ করা হচ্ছে, দিনের বেলায় পুলিশের সামনে ঘরবাড়ি লুঠ করা হচ্ছে, তেমনি পুলিশের কোনও কর্তব্য নেই, কিছু করণীয় নেই সেটাও দেখেছি। আমি সেইজন্য এই প্রস্তাব মানতে রাজি আছি, সমর্থন করতে রাজি আছি বিরোধী দলে যে সমস্ত সংশোধনীগুলি আছে সেগুলি যোগ করে দিন তাহলে আমরা সমর্থন করব।

[5-10 — 5-20 P.M.]

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, today we are discussing the food problem of the State of West Bengal. This is not a Lok Sabha, Sir- high price is being discussed in the West Bengal Legislative Assembly. এখানে হাইপ্রাইসের কথা হচ্ছে। এটা প.ব. বিধানসভা, এটা লোকসভা নয়। লোকসভা কি করেছে, চরণ সিং কি করেছে, ইন্দিরা গান্ধী কি করেছে, মোরারজী দেশাই কি করেছে বলে এখানে কি হবে? You cannot divert the attention of the entire people from the problem of their daily life. We are discussing the rising prices of commodities in the State of West Bengal. You cannot solve the problem by blaming Morarji Desai or Charan Singh, or whoever may be there. We are in the West Bengal Legislative Assembly. We are discussing today the problem of West Bengal. So, it concerns the Government that exists today in West Bengal. এখানে চরণ সিং নেই, এখানে মোরারজী দেশাই নেই। বোম্বাই যাব কি? মেরারজী দেশাইয়ের কাছে যাব বোম্বাইতে? এই কথা বলতে কি। When he was the Prime Minister the price rise problem was created এটা পশ্চিমবাংলার problem. West Bengal Legislative Assembly is the proper forum to face and to try to solve the daily problems of the people of West Bengal. Learned members from all sides. আজকে এখানে অনেক কথা বলেছেন। মোরারজী দেশাইয়ের কথা বলেছেন। Mr. Morarji Desai is no more the Prime Minister. তাহলে কে যাবে এঁদের কাছে। এটাতো West Bengal problem. Shall we go to Charan Singh and ask him to bring down the prices? No, today this is the problem of West Bengal and the responsibility is of the Government of West Bengal that exists today.

আজকে হচ্ছে You know, Sir, West Bengal Chief Minister এর নাম জ্যোতি, কিন্তু জনগণ সব তিমিরে, কেরোসিন অনেক দামে পাচ্ছি শুধু এই মহানগরীতে। just now Sir, you are using kerosene. Where are you getting kerosine from, Sir? From the Calcutta city. That means kerosine is here, but there is no porper administration. Administration has failed. Sir, আজকে সকালে আমি New Market গিয়েছিলাম to buy fish. So, I went all the way from Kid Street to Gariahat তারা বলল সকলেই বিক্রি হয়ে গিয়েছে আপনি গড়িয়া হাটে যান। আমি মাছ চাইতে fish dealer যা বলল, তা বলছি। It does not mean that I believe in his statement. তারা বলল Fish Minister যিনি আছেন তার এজেন্ট এসে সকালে নিয়ে যাচ্ছে। আমাকে সে বলল, ফিস ডিলার বলল, ফিশ মিনিস্টারের এজেন্ট এসে নিয়ে যাচ্ছে, স্ট্রিট কর্নারে না কোথায় বিক্রি করছে। I did not mear to say that I believed in it, but that is what I was told.

আমি কি পাঁচ মিনিট নেপালীতে বলবো? Darjeeling is a district where the state produces a few vegetables.

এখানে nothing rosy, কাছে সিকিম, সেখানে subsidised rate এ চাল পাওয়া যায়, আর half of the Kashmir has been occupied by our hostile country, Pakistan. They get at subsidised rate.

কিন্তু দার্জিলিং-এ কি হয়, এখানে ধান হয়না, তারা কি খাবে, তারা কি পশ্চিম বাংলার লোক নয়?

Are not they citizen of West Bengal? There no paddy is grwon but how are they living, Sir? Government never thought that Darjeeling is a non-paddy growing area.

একথা কখনও চিন্তা করেছেন? না। কিন্তু আমরা যখন এ নিয়ে আন্দোলন করব তখন আমাদের আপনারা কমিউন্যাল বলবেন। দার্জিলিং-এ চাল নাই কেন বলে যখন আমরা আন্দোলন করব তখন আপনারা আমাদের কি করবেন? ইউ উইল ব্যান্ড আস অ্যাজ কমিউন্যাল। বলবেন গুর্খা লীগ কমিউন্যাল। কিন্তু you will be forgetting the real problem.

সেজন্য বলছিলাম দার্জিলিং-এর প্রবলেম একটু ডিফারেন্ট, সেখানে এভরি থিং কামস ফ্রম দি প্লেইনস, এটা হচ্ছে নন-প্যাডি গ্রোয়িং এরিয়া, সেখানে এমন অবস্থা যে এভরি ফ্যামিলি ডাজ্ নট হ্যাভ ফুড। I am not an agriculturist. যিনি এগ্রিকালচার মিনিস্টার আছেন, তিনি এগ্রিকালচার জানেন না, কি করে প্যাডি গ্রো করতে হয় এবং কোথায় হয় জানেন না, so the question is about maintaining the price line.

সেজন্য, I request this House that if there is any Minister of Agriculture and Food who know about the subject they should see that price line is maintained in Darjeeling. Thank you very much.

**Shri Shaikh Imajuddin** : Sir I beg to move that—

(i) in para 2, line 1, for the words "বিগত ৩২ বছর ধরে কেন্দ্রীয় সরকারের", the words "বিগত আড়াই বছর ধরে কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গ সরকারের" be substituted.

(ii) in para 3, line 9, after the words "কেন্দ্রীয় সরকার" the words "এবং পশ্চিমবঙ্গ সরকার" be inserted.

(iii) in para 4, line 1, for the word "বিধানসভা", the words "বিধানসভার সদস্যগন" be substituted.

(iv) in para 4, lines 2-3, for the words "রাজ্যসরকারে মাধ্যমে" the words "রাজ্যসরকার এবং" be substituted

[ 5-20—5-30 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীলক্ষ্মীচরণ সেন, শ্রী অমলেন্দ্র রায় এবং শ্রী অনিল মুখার্জি মহাশয় যে মোশন এনেছেন সেই মোশনের উপর আমি অ্যামেন্ডমেন্ট এনেছি, নিশ্চয় সেগুলি দেখেছেন সেগুলি আমি মুভ করছি। স্যার, আমি এই মোশনটি খুব ভালভাবে পড়েছি এবং পড়ে আমার এ সম্বন্ধে যা মনে হয়েছে তা অল্প কথায় আপনার মাধ্যমে এই সভায় রাখছি। প্রথমত আমরা যখন বিধানসভায় নির্বাচিত হয়ে প্রথম এখানে এলাম তখন ওঁদের আমি বলেছিলাম, আপনাদের জনগণের কাছে কৈফিয়ত দিতে হবে। আমি বলেছিলাম, আপনারা যে মনে করছেন পশ্চিমবঙ্গের সব লালে লাল করে দিয়েছি তা সত্য নয়। স্যার, এই মোশন দেখে আমার মনে হচ্ছে, জনগণ তাদের কাছে সেই কৈফিয়ত চাইছে যে দেশে কেন দ্রব্যমূল্য বাড়ছে, বেকার বাড়ছে তার উত্তর দিন। স্যার, এঁরা সেই উত্তর দিতে গিয়ে শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা করছেন, সেখানে এই বামফ্রন্ট সরকারের ব্যর্থতা ঢাকবার জন্য কেন্দ্রের উপর দোষারোপ করার চেষ্টা করছেন। আজকে দেশে যে অরাজকতা এবং দ্রব্যমূল্য উর্দ্ধগতি চলছে তা সবই কেন্দ্রীয় সরকারের বাজেটের ফল একথাটাই তারা বলবার চেষ্টা করছেন। এটা সম্পূর্ণ অসত্য কথা। স্যার, বর্তমানে আমাদের দেশে কেরোসিন, ডিজেল, পেট্রোলের অভাব আছে সেটা আমরা সকলেই জানি। কিন্তু আমরা জানতে চাই এই পেট্রোল, ডিজেল, কেরোসিন কেন কালোবাজারে বিক্রি হচ্ছে? মাননীয় সরবরাহ মন্ত্রী এখানে উপস্থিতি আছেন তিনি কি এর যোগ্য জবাব দিতে পারবেন? স্যার, মুর্শিদাবাদে সপ্তাহ দুয়েক আগে কেরোসিনের ভয়ানক ঘাটতি ছিল—সেখানে ৩ টাকা, ৪ টাকা পর্যন্ত লিটার দরে কেরোসিন বিক্রি হয়েছে। এমন কি জল মিশিয়ে কেরোসিন বিক্রি করা হয়েছে, এর অনেক প্রমাণ আমরা পেয়েছি। আমরা নিজের বাড়িতেই জল মেশানো কেরোসিন আমি দেখেছি। দেখলাম আলো জ্বলতে জ্বলতে হঠাৎ নিভে গেল। কি ব্যাপার, কি ব্যাপার? তো স্যার, আমার বাড়িতে যে মেয়েটি কাজ করে সে বললে, "বুঝলেন না, কেরোসিনে জল মেশানো আছে তাই নিভে গেল, এখন দেখুন জলটা পড়ে আছে।" সত্যি তাই দেখলাম এর আগে আমি জানতাম না যে কেরোসিন জল মিশিয়ে বিক্রি হয়। এইভাবে কালোবাজারি, চোরাকারবারি, মুনাফাখোরি চলছে এবং সরকারও চলছে তাদের সঙ্গে হাত মিলিয়ে। এই যেখানে অবস্থা

সেখানে এই সরকার দ্রব্যমূল্যের উর্ধ্বগতি কোনওদিনই রুখতে পারবে না। এই অবস্থায় এই মোশনের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। তবে তিনি যদি আমার সংশোধনী গ্রহণ করতে রাজি থাকেন তাহলে ওঁর মোশনও আমি গ্রহণ করতে রাজি আছি। স্যার, এই কথা বলে, শাক দিয়ে মাছ ঢাকবার অপচেষ্টার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী সুধীন কুমার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বন্ধু মাননীয় লক্ষ্মী সেন মহাশয় যে মোশন এনেছেন তা সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি প্রয়োজনীয় কথা যা বলা দরকার তা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, যে বিরোধিতার সুর অধ্যাপক ভারতী শুরু করেছিলেন তার উপযুক্ত উপসংহার আমাদের বন্ধু দেওপ্রকাশ রাই মহাশয় করেছেন, অর্থাৎ "ধান ভানতে শিবের গীত" শুরু থেকে শেষ পর্যন্ত এখানে শুনলাম। তবে তিনি দু/একটি অভিযোগ করেছেন, সেই অভিযোগগুলি সম্পর্কে আমি কয়েকটি কথা বলব। তিনি অভিযোগ করেছেন গঙ্গার ইলিশ মাছ খাবেন—আব্দার-তো তার কেন দাম বেশি হবে। তিনি কি এটা জানেন না যে, যে ইলিশ মাছ ধরে তাকেও কাপড় কিনতে হয়, তার ঘরে আলো জ্বালাবার জন্য কেরোসিন লাগে, তাকে একটু নুন সংগ্রহ করতে হয়, তারও অসুখ করে, তার নৌকাতেও একটু রং লাগাতে হয়, তাকে অতি উচ্চ মূল্যে জাল কিনতে হয়। তিনি মনে করলেন ঐ গঙ্গার জলে ইলিশ মাছ আছে কাজেই তার আর কোনও খরচ নেই, সে খালি সেখান থেকে তুলে এনে দেবে। সেখানে একমাত্র বাধা এই বামফ্রন্ট সরকার। এর জবাবও কি আমাদের দিতে হবে? তারপর তিনি কোল অ্যাশোসিয়েশনের পক্ষে বললেন, না বিরুদ্ধে বললেন আমি জানি না। তাঁর মেমোরান্ডাম দেখেলে বুঝতে পারতাম, সেটা তিনি নিজের পকেটেই রেখে দিয়েছেন। যাইহোক, কোল অ্যাশোসিয়েশন পশ্চিমবঙ্গের সর্বত্র এরকম কোথাও নেই। আগে ছিল কলকাতাতে সম্প্রতি তার কিছু বংশ বৃদ্ধি হয়ে চারিপাশে ছড়িয়ে পড়ার সুযোগ করছে। আমরা দেখছি, যারা ডিলার তারা এতে অসুবিধা ভোগ করছেন এবং অ্যাশোসিয়েশনকে পয়সা না দিলে পান না। সেইজন্য সারা পশ্চিমবাঙলায় প্রত্যেক ডিলারকে লাইসেন্স, পারমিট তাদেরই দেওয়া হবে তার ব্যবস্থা করার সিদ্ধান্ত গভর্নমেন্ট করেছেন। এটা অধ্যাপক ভারতী জিজ্ঞাসা করলে আগেই জানতে পারতেন। কয়লার কথা তুলেছেন ইলিশ মাছেব কথা তুলেছেন মাননীয় হরিপদবাবু। আমি তাঁকে একটা কথা বলি এটা অন্তত তাঁর পক্ষে জানা উচিত ছিল এবং তাঁর আরও ১০ জনকে জানানো উচিত ছিল যে ভারতবর্ষ একটা দেশ এবং এখানে একটাই অর্থনীতি আছে। পশ্চিমবাংলা আলাদাভাবে চলে না এবং আলাদাভাবে কিছু করেও না। আর সেটা সম্ভব নয়। তিনি অবশ্য প্রশ্ন করেছেন আমরা আগেকার সরকারকে তাহলে কেন দোষী করতাম। তাঁর এটা জানা দরকার তিনি অধ্যাপক মানুষ যে সেদিন এখানকার সরকার এবং কেন্দ্রীয় সরকার একই সুরে বাঁধা ছিল। এবং সেইজন্যই এই সরকার তিরস্কৃত হয়েছিল। কেন্দ্রীয় সরকারকে আজকে সাহায্য করতে হয়েছে। তিনি শিক্ষিত মানুষ তিনি এগুলি এইভাবে গোলমাল করে দেন তাহলে অসুবিধা হয়। আজকে এই জায়গায় সমস্ত পণ্য উৎপাদন হয় না। তাকে সংগ্রহ করা আর মূল্য নির্ধারণ করা তার বন্টন করা ঐ একই নীতি অনুসরণ করতে হয়। এবং সেই নীতি নির্ধারণ কেন্দ্রীয় সরকার করেন। আমাদের দেশে ভীষণ শ্রেণী বৈষম্য রয়েছে। আমরা যেভাবে রাজনীতি পরিচালনা করছি তাতে আমরা চেষ্টা করব। কিন্তু কেন্দ্র বহু জিনিস এখানে পরিচালনা করছেন। তাদের শক্তি রয়েছে। আমরা

বিরোধিতা করেছি এবং আমাদের দাবি শক্ত করে তুলে ধরেছি। তবুও এই অসম অবস্থার মধ্যে জনসাধারণের কিছু কিছু সুবিধা কিভাবে করে দেওয়া সম্ভব সে সম্বন্ধে আমরা চেষ্টা করব। আমরা অন্য রাজকে বলবো কেন্দ্রের সামনে দাবি উপস্থিত করব। যাঁরা সংবাদপত্র পড়ে থাকেন তাঁরা নিশ্চয় জানেন। অন্যান্য রাজ্যের সঙ্গে আমাদের কথাবার্তা হয়েছে এটা জয়নাল আবেদিন সাহেবের জানা উচিত । তিনি তো বিভিন্ন কাগজপত্র পড়েন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** কোন কাগজে আছে?

**শ্রী সুধীন কুমার ঃ** বিভিন্ন স্থানীয় ও বাইরের কাগজে আছে সরকারি কাগজপত্রে আছে । জয়নালবাবু তো গভীর আগ্রহী পার্লামেন্টে যাবার দিকে। তিনি তো বাইরের কাগজও পড়েন তাঁর এটা জানা উচিত । আমরা ১৪টি অতি আবশ্যকীয় এবং প্রয়োজনীয় বস্তুর নাম করেছিলাম। মুখ্যমন্ত্রী সম্মেলনে আমাদের বামফ্রন্ট সরকার এই প্রস্তাব রেখেছিল। সেখানে এই মতামত হয় সবগুলি এক সঙ্গে করা সম্ভব নয়। তখন ঠিক যতটা পারা যায় তাই নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে এবং ঐ ১৪টি বস্তুর জায়গায় ১০টি বস্তু নেবার প্রস্তাব হয়। বস্তুগুলি আমি বলে দিচ্ছি। চাল, গম, গমজাত বস্তু, নুন, তেল, ডাল, কাপড়, কয়লা, দেশলাই, কেরোসিন, ডিজেল এবং আরও কতগুলি মিলে এক সঙ্গে বলেছিলাম তার মধ্যে ঐ ১০টিকে গ্রহণ করা হয়েছে। এইভাবে আমরা জনসাধারণকে কিছু কিছু অর্থনৈতিক সুখ সুবিধা দেবার চেষ্টা করেছি। এতে সকলেই একমত হন। আমরা যে বক্তব্য রেখেছিলাম ঐ রাজ্য সম্মেলনে তাতে কেউই প্রতিবাদ করেন নি। মোরারজি দেশাই বলেছিলেন উৎপাদন খরচ কমাও তাহলে দর কমে আসবে।

[5-30 — 5-40 P.M.]

এবং খোলাবাজারে কম্পিটিশন চললে দাম কমবে। রিজাইন করবার আগে যে বৈঠক হয়েছিল তাতে তাঁরা স্বীকার করেছিলেন যে পাবলিক ডিস্ট্রিবিউশান সিস্টেম জনসাধারণকে ন্যায্য মুল্যে অত্যাবশ্যক পণ্য সরবরাহ করা ছাড়া কোনও উপায় নেই। কিন্তু কোথাও একটি ব্যবস্থাও তাঁরা গ্রহণ করেন নি। আমরা ব্যবস্থা গ্রহণের জন্য কয়েকটি প্রস্তাব করেছিলাম। এগুলি শুধু নামের লিস্ট করবেন। আমরা বলেছি যে যেহেতু ভারতবর্ষের সরকারকে নিতে হবে কিন্তু বন্টনের দায়িত্ব প্রতিটি রাজ্য সরকারের থাকবে এবং সেই সম্পর্কে আমরা ৪টি কথা বলেছিলাম যে উপযুক্ত পরিমাণ দিতে হবে, গ্রহণযোগ্য মান হওয়া চাই। তৃতীয়ত কেবল ন্যায্য মূল্যের কথাই বলিনি, আমরা বলেছি যে কমন একটা মূল্যস্তর করা দরকার যাতে আমাদের দেশের গরিব জনসাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে থাকে । আর একটা কথা বলছি যে ইকুইটেবল ডিস্ট্রিবিউশন অর্থাৎ সমভাবে বন্টন করতে হবে। একজনের পক্ষে যতটুকু দেওয়া তার জন্য সেটুকু যেন নিশ্চিত থাকে অর্থাৎ একটা ব্যাপক রেশন ব্যবস্থা। এই প্রসঙ্গে আমরা আরও বলেছিলাম যে কেন্দ্রীয় সরকারের যতটুকু করণীয় কাজ সেটা তাকে করতে হবে। আমরা বলেছিলাম যে অ্যাডিকোয়েট কোয়ান্টিটি অর্থাৎ যথেষ্ট পরিমাণ খাদ্য আমাদের দিতে হবে যেগুলি আমরা চাই। নুনের দাম যেখানে উৎপণ্য হয় সেখানে সর্বোচ্চ যে দাম সেটা বেঁধে দিতে হবে। ওঁরা বলেছিলেন নানা জায়গায় নানা রকম দাম—আমরা বলেছিলাম যে সর্বোচ্চ দামটা বেঁধে দিন তাহলে দেশের লোক কম দামে পেতে পারবে। সুগার কন্ট্রোলের ব্যাপারে আমরা বলেছিলাম যে ২৫০ পয়সা করে ন্যায্য মূল্যে চিনি হওয়া উচিত। ওঁরা

বলেছিলেন যে ২৭৫ পয়সার উপরে উঠলে আমরা কন্ট্রোল করে দেব। তারপর এখন যা করছেন সেটা কার্টেল করছেন। এখন বলছেন যে আমরা এতটুকু রিলিজ করব তার বেশি রিলিজড করতে দেব না। যখন চিনি ডিকন্ট্রোল হয়েছিল তখন যে দাম ছিল এখন কিন্তু তা থেকে দাম বেড়ে গেছে। এটার একমাত্র কারণ হচ্ছে কেন্দ্রীয় সরকারের কার্টেল নীতি । তিনি চরণ সিং সরকার হোন আর অন্য কোনও সরকার হোন সে কথা আমি বলছি না। কেন্দ্রীয় সরকারে যাঁরা আছেন তাঁরা এক নীতি গ্রহণ করে চলেছেন। আজকে চিনি কার্টেল করাতে ৩৫০ পয়সা দাম হয়েছে। এটাকি আমরা করেছি? এটা কেন্দ্রীয় সরকার করেছে। তারপর হুইট প্রোডাক্টস অর্থাৎ ময়দা জাতীয় বস্তু তার দাম বেঁধে দেবার অধিকার আমাদের নেই। আমরা বারবার চেয়েও সেটা পাইনি। এমন কি পাউরুটির দাম বেঁধে দিতে আমাদের অসুবিধা হয়। কনট্রোল্ড ক্লথের উৎপাদন বাড়াবার কথা ছিল কিন্তু ওঁরা সেটাকে কমিয়েছে। আজকে ওঁরা নির্বাচনের কথা বলছিলেন, আজকে কাগজে হয়ত পাবেন যে কনট্রোল্ড ক্লথ সম্পর্কে নুতন কিছু বক্তব্য আছে। এটা হয়ত আশার কথা, হয়ত কথার কথা আমি জানিনা। প্রাইওরিটি অব মুভমেন্ট অর্থাৎ পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে সরকারি বন্টন ব্যবস্থায় যে সমস্ত সামগ্রী আছে তাতে পরিবহন ব্যবস্থায় অগ্রাধিকার দিতে হবে। সেই অগ্রাধিকার আমাদের নেই। ব্যক্তিগত ব্যবসায়ীরা সেই জিনিস পান। তাঁরা যে রেলওয়ে ওয়াগান র‍্যাক পান আমরা পাইনা। তারা জাহাজ পান কিন্তু আমরা পাইনা। এই যে ব্যবস্থা, এটার পরিবর্তন আমরা চেয়েছিলাম এক্সাইজ ডিউটি এবং ইমপোর্ট ডিউটি যেখানে যেখানে দরকার। আমরা পাবলিক ডিস্ট্রিবিউশনের সিস্টেমে এগুলি চেয়েছি। আমরা বলেছি যে অত্যাবশ্যক পণ্য যেগুলি মানুষের প্রয়োজন এবং বিশেষ করে গরিব মানুষের শতকরা ৮০ টাকা যার জন্য ব্যয় হয়ে যায়, যে জিনিসপত্রগুলির জন্য তাদের জীবন দুর্বিসহ হয়ে ওঠে । কাজেই তাদের সাহায্যের জন্য এই জিনিসগুলি করতে বলা হয়েছিল। কেরোসিনের ফ্রেট ইকোয়ালাইজেশন প্রাইস এগুলিকে ইকোয়ালাইজ করুন কিন্তু তা করেন নি। এসেনশিয়াল কমোডিটিসের পাওয়ার কনকারেন্টের কথা বলা হয়েছিল। সেই ব্যাপারে তাঁরা কোনও দায়িত্ব নেন নি। সম্প্রতি খুব ঢাক ঢোল পিটিয়ে বলছেন যে প্রোডাশন-কাম-ডিস্ট্রিবিউশন সিস্টেম হবে এবং তাতে তাঁরা বলেছেন যে সমস্ত বড় বড় কোম্পানি আছে তাঁদের সঙ্গে একটা ব্যবস্থা করে সস্তায় জিনিস সংগ্রহ করে বিতরণ করুন। সব রাজ্যকে তাঁরা এই পরামর্শ দিয়েছেন কিন্তু কোনও রাজ্যের একটা পয়সার দায়িত্ব তাঁরা নেন নি—ক্রেডিটের দায়িত্ব নয়, পরিবহনের দায়িত্ব নয়, সংগ্রহের দায়িত্ব নয়, কোনও কিছু নয়। ডালের কথা বলা হয়েছে যে ডালের কথা তুলবেন না, ডালটাল চলবে না। এই অবস্থায় আমাদের পশ্চিমবাংলায় যে পরিমাণ কন্ট্রোল এখানে দরকার সেটা নেই এ কথা কেউ বলেন নি। যে ধনতন্ত্রের মধ্যে দিয়ে কাজ করছে, তার মধ্যে দিয়ে তার পরিপন্থী একটা ব্যবস্থা যদি হয় তার গায়ে আঘাত লাগে। এই রকম একটা ব্যবস্থা চালু করতে গেলে যে সব বিপদ, যে সব ক্রটি ঘটা সম্ভব, তার সমস্তগুল্যে আছে। তা সত্ত্বেও দুটি কথা বলি। আজকে পশ্চিমবাংলায় যতগুলো অত্যাবশ্যক পণ্য সামগ্রীর উপর যে পরিমাণ নিয়ন্ত্রণ আছে তা ভারতবর্ষের কোনও রাজ্যে নেই। দ্বিতীয়ত আজও পশ্চিমবাংলায় সমস্ত সামগ্রীর মূল্য স্তর যে অবস্থায় আছে, ভারতবর্ষের অন্য রাজ্যে তা নেই। এই দুটি কাজ আমরা করতে পেরেছি। আমরা বলিনি যে আমরা সব করে দিয়েছি। আমরা জোর দিয়ে বলছি এই কথা, এত বড় নিয়ন্ত্রণ ব্যবস্থা ভারতবর্ষ ইতিপূর্বে কখনও দেখেনি। পশ্চিমবঙ্গে

আমাদের সমূহ বিপদের দিনে—গত বন্যা গেছে, খরা গেছে, আমাদের একমাত্র প্রতিজ্ঞা ছিল আমরা সমস্ত বাংলার মানুষকে যারা এম.আর.-এ আছেন, তাদের ৩ কিলো শস্য দেব, যারা এস.আর.-এ আছেন তাদের ৪ কিলো দেব এই চেষ্টা আমরা করছি। ত্রুটি কোথাও ঘটতে পারে, ঘটবার অনেক কারণ আছে, বিস্তারিত ভাবে বলবার সুযোগ নেই, অন্যান্য বক্তারা আছেন, তাঁরা বলবেন। তা সত্ত্বেও এতবড় নিয়ন্ত্রণ ব্যবস্থা, এতবড় প্রতিজ্ঞা, এতবড় ভারতবর্ষের কোনও রাজ্য সরকার ইতিপূর্বে দেননি। আজকেও মূল্য স্তর পশ্চিমবাংলায় যেখানে আছে ভারতবর্ষের কোথাও সেই রকম নেই, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য লক্ষী বাবু, অনিল বাবু এবং অমল বাবু যে প্রস্তাব এনেছেন তার সমর্থনে দু-একটি মন্তব্য করব। একটু রুদ্ধশ্বাসে করতে হবে কারণ সময় কম। আমি প্রথমে একটা সামান্য মন্তব্য করব সাংবিধানিক ও নৈতিক একটা সমস্যা সম্পর্কে । কয়লা এবং পেট্রোল জাত দ্রব্যের মূল্য বাড়ানো সম্পর্কে। মোরারজী দেশাই পদত্যাগ করলেন ১৫ই জুলাই এবং কয়লার দাম বাড়ানো হল ১৭ই জুলাই। তারপর চরণ সিং মন্ত্রিসভার পেট্রোলজাত দ্রব্যের দাম বাড়ানো ১৭ই আগস্ট। তাঁরা লোকসভার সম্মুখীন না হয়ে ২০শে আগস্ট সকালে পদত্যাগ করলেন। এখানে একটা সাংবিধানিক প্রশ্ন দেখা দিয়েছে। সংবিধানগত ভাবে তাঁদের অধিকার ছিল কি না, এই রকম দুই ধরনের জিনিসের দাম বাড়ানো, এই ব্যাপারে আপনারা হয়ত্র কাগজে দেখেছেন। আমাদের অ্যাডভোকেট জেনারেল এই ব্যাপারে হাইকোর্টে একটা প্রার্থনা করেছেন। আমরা বিচারপতির নির্দেশের জন্য অপেক্ষা করব। কিন্তু তার আগে যে একটা নৈতিক ব্যাপার থাকে, সেটা কি উচিত হয়েছে তাঁদের পক্ষে করা, সেটা একটু ভেবে দেখতে বলি এবং সেদিক থেকে আমরা তাঁদের কাছে একটা বিনীত নিবেদন রাখতে পারি। কিন্তু আসল কথা সেখানে নয়। কিভাবে করা হল, দেশের মধ্যে মুদ্রাস্ফীতির ব্যাপার চলছে। এই বছর জানুয়ারি-ফেব্রুয়ারি মাস পর্য্যন্ত আমরা অন্তত জনতা সরকার সম্বন্ধে বলছি যে এঁদের সাফল্যই হোক আর অসাফল্যই হোক, নিজেরা নিজেদের মধ্যে যতটা কোঁদল করুন না কেন, অন্তত দু'বছর ধরে জিনিসপত্রের দামটা একটা জায়গায় দাঁড়িয়ে আছে। আমরা এখানেও বলেছি, অন্তত এটা নিয়ে। কিন্তু তারপর ধরুন ২৮শে ফ্রেব্রুয়ারি থেকে আজকে আগস্টের শেষ দিন, এই ছয় মাস সরকারি হিসাব অনুযায়ী পাইকারি মূল্যমান ১৫ শতাংশ বেড়েছে। তার মানে বার্ষিক ৩২ শতাংশ, আপনারা যদি খুচরো মূল্যমানের হিসাব ধরেন তাহলে হয়ত ৫০ ছাড়িয়ে যাবে। আরও যে দাম বাড়বে না তাও বলতে পারি না। আপনারা বিচার করুন যুদ্ধ শেষ হবার পর যে দীর্ঘ সময় গেছে, এই সময়ে এই রকম একটা বিস্তারিত হারে মূল্য বৃদ্ধি এর আগে হয়নি। এখানে আলাদা কথা বলে লাভ নেই, আলুর দাম বাড়ছে, শব্জীর দাম বাড়ছে এটা হচ্ছে ক্যানসারের মতো। শরীরের একটা জায়গায় যদি ক্যানসার দেখা দেয়, একটা স্তর পেরিয়ে গেলে যখন মেটাসথিসিস হয় তখন সর্বত্র ছড়িয়ে পড়ে, এখন সেই অবস্থা দাঁড়িয়েছে। কারণ এটা পরষ্পরের সঙ্গে অঙ্গাঙ্গি ভাবে জড়িত। একটা জিনিসের দাম বাড়লে সমস্ত জিনিসের দাম বাড়বে। এটা হওয়া উচিত ছিল না। কারণ আমরা জানি আমাদের রেকর্ড পরিমাণ খাদ্যশস্য উৎপাদন হয়েছে। শস্য ভাণ্ডার তখনও ছিল, এখনও আছে—মজুত হয়ে আছে ২ কোটি ২০ লক্ষ টনের মতো। আমাদের এত বৈদেশিক মুদ্রার একটা ভাণ্ডার তৈরি হয়েছে, তা স্বাধীনতার

পরবর্তীকালে যা কোনওদিন হয়নি। এখন প্রায় ৫ হাজার ৫০০ কোটি টাকার মতো আছে। মুদ্রাস্ফীতি এড়াবার যথেষ্ট রকম উপকরণ আমাদের হাতে ছিল কিন্তু কেন এটা হল? গত ৬ মাসে মনে হল একটা মত্ত হস্তী ভারতবর্ষের উপর দিয়ে চলে গেল এবং এখনও যাচ্ছে।

[5-40 — 5-50 P.M.]

আমরা দাঁড়িয়ে দাঁড়িয়ে অসহায়ভাবে দেখছি। কিছু কিছু জিনিস হল প্রথমত কেন্দ্রীয় বাজেটের জন্য এবং আমি মাননীয় হরিপদবাবুকে বলছি যে, আপনি ঠিকই বলেছেন এবং আমরাও সেটা লুকোইনি। ৬০/৮০/১০০ কোটি টাকার বাড়তি রাজস্ব জোগাড় করেছি। কারণ এটার দরকার হয়েছে, কেন্দ্রীয় সরকার রাজস্ব না দিলে আমাদের রাজস্ব সংগ্রহ করতেই হবে। কিন্তু আমি একথা বার বার বলেছি, বাজেটের সময় বলেছি এবং এখনো বলছি যে এমন কোনও দ্রব্যের ওপর আমরা কর চাপিয়ে দিইনি, বিক্রয় কর বা প্রবেশ পণ্য কর যা কিনা সাধারণ মানুষের ওপর গিয়ে পড়ছে। আমি ওঁকে বলছি যে, আমি একদিন ওঁর বাড়িতে যেতে পারি বা উনি দয়া করে আমার বাড়িতে একদিন আতিথ্য গ্রহণ করতে পারেন এবং সেই সময় উনি যদি আমাকে বুঝিয়ে দিতে পারেন যে, আমাদের দ্বারা সাধারণ মানুষের নিত্য ব্যবহার্য কোনও একটি জিনিসেরও দাম বেড়েছে তাহলে তা আমি মাথা পেতেই মেনে নেব। এটার বলার প্রয়োজন যে, পশ্চিমবাংলায় কোনও অ্যাতাবশ্যাকীয় পণ্যের ওপর রাজ্য সরকারের কোনও কর নেই, কোনও প্রবেশ পণ্য মূল্য কর নেই। অক্ট্রয় ডিউটি নেই এসেনশিয়াল কমোডিটির ওপর, সেলস ট্যাক্সও নেই। অন্তত যত দিন আছি, আমরা এটা হতে দেব না।

আর দু' নং কথা হচ্ছে, যেকথা বাজেটের সময় বলেছিলাম এবং এখন আবার পুনরুক্তির প্রয়োজন আছে। এটা একটা চিন্তাধারার কথা। উনি বললেন ৭% থেকে ৮% বিক্রয় কর বৃদ্ধি পেয়েছে। এটা ঠিক নয়। আমরা সারচার্জ তুলে দিয়েছি। একটা সেলস ট্যাক্স ছিল, তারপর আবার একটা সারচার্জ ছিল। কেন্দ্রে যেমন আছে একটা ইনকাম ট্যাক্স, তারপর আবার একটা সারচার্জ। এই ধরনের অসাধুতার কোনও মানে হয় না। সারচার্জ, আবার সেলস ট্যাক্স, এটার কোনও মানে হয় না, সেই জন্য আমরা এটা তুলে দিয়েছি এবং কোনও কর-ই বেশি বাড়ানো হয়নি। কিছু কিছু পণ্যের ক্ষেত্রে যেটা হয়েছে সেটা আপনিও জানেন আমিও জানি। তথাপি আমাদের ৩৩ কোটি টাকার মতো ঘাটতি হবে। সরকারকে কিছু কার্যে ভরতুকি দিতে হয়। কেন্দ্রীয় বাজেটেও ভরতুকি দিতে হয়। কিন্তু সেটা কাদের দেওয়া হয়? বড় বড় জমিদারদের ভরতুকি দেওয়া হয়, কারণ তারা চরণ সিং সম্প্রদায়ভুক্ত। বড় বড় ব্যবসায়ীদের, রপ্তানীকারিদের, তাদের ভরতুকি দিতে হবে, কারণ তারা মোরারজী দেশাই-এর সম্প্রদায়ভুক্ত। একটা সম্মিলিত সরকার তাতে বড় বড় জমিদার আছে, বড় বড় ব্যবসায়ী, শিল্পপতিরা আছে, আপনারাও নেই, আমরাও নেই। সুতরাং সেই বোঝা বাজেটের ওপর গিয়ে পড়বেই। ১৪.০০/১৫.০০ কোটি টাকার বোঝা বাজেটের ওপর গিয়ে পড়ল, তখন ওঁরা বললেন আমরা ৭০০, ৮০০ কোটি টাকার কর চাপাব। আমরা বলেছিলাম কর চাপান, কিন্তু সেটা প্রত্যক্ষ করা হোক, যাতে জিনিস-পত্রের দাম না বাড়ে। ওঁরা আমাদের কথা শুনলেন না, ওঁরা চাপালেন পরোক্ষ কর। কাপড়, কেরোসিন ইত্যাদি নিত্য ব্যবহার্য জিনিস-পত্রের ওপর কর চাপালেন, তামাকের ওপর সিগারেটের ওপর কর বসল। এখন কথা হচ্ছে,

আমরা এই সমস্ত কথা-বার্তা বলেছি। আপনাদের হয়ত মনে আছে এই বিধানসভা থেকে আপনাদের অনুমতি নিয়ে আমরা তখন প্রধানমন্ত্রী এবং চরণ সিং মহাশয়ের কাছে একটা আবেদন পাঠিয়েছিলাম এবং বলেছিলাম, এটা করবেন না, দয়া করে এটা আর একবার চিন্তা করে দেখুন। তাঁরা আমাদের কথা শোনেননি। তারপর থেকে দ্রুত অনেক ঘটনা ঘটে গেছে।

তারপর মুদ্রা নীতির ব্যাপারে দেখুন। জানুয়ারি মাস থেকে আজ পর্যন্ত ৩,০০০ কোটি টাকা রিজার্ভ ব্যাঙ্কের আশীর্বাদ পুষ্ট হয়ে বাজারে ছাড়া হয়েছে এবং রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর তখন একটু অভিনয় করে বলেছিলেন যে, হ্যাঁ বহুগুনা মহাশয়কে সমর্থন করছি, এত টাকা ছাড়া হয়েছে, এবং এটা একটু বেশি টাকাই ছাড়া হয়েছে, তবে এটা খাদ্যশস্য সংগ্রহ করবার জন্য এবং খাদ্য-শস্যের বাইরে যে সেক্টর আছে, যে ক্ষেত্রে আছে সেখানে আমরা এখনো পিছিয়ে রয়েছি। তা আমি মনে করি এই রকম অখাদ্য মুদ্রা-নীতি হয় না, এই রকম অখাদ্য মুদ্রা-নীতির কথা আমি খুব কম শুনেছি। কাদের টাকা দিচ্ছে? যে ব্যবসায়ীরা শস্য কিনবে, সেই ব্যবসায়ীরাই তো শিল্পজাত দ্রব্যও কেনে। সুতরাং এটাকে ভাগ করা যায় না। এটাতে কি হচ্ছে, খাদ্যের জন্য টাকা নিলাম ব্যাঙ্ক থেকে এবং সেই টাকা হাতে পেয়ে সেই টাকা দিয়ে শিল্পজাত জিনিসপত্র মজুত করছি, জিনিসের দাম বাড়ছে। এইভাবে ৩০০০ কোটি টাকা চলে গেছে। এখন বলছে আমরা টাইট্ দেব, বাজারে বেশি টাকা দেব না এবং এর ফলে ব্যাঙ্কগুলি কোনও ক্ষেত্রেই টাকা দিচ্ছে না। ফল হিসাবে পশ্চিমবাংলায় যে সমস্ত ছোট ছোট শিল্প ধুঁকছে, যেগুলিতে আমরা সাধারণ কর্মীদের সঙ্গে কথা বলে, সরকারের সঙ্গে কথা বলে, পুরোনো মালিকদের সঙ্গে কথা বলে নানারকম অর্থনৈতিক প্রতিষ্ঠানের সঙ্গে কথা বলে যখন খোলার চেষ্টা করছি তখন ব্যাঙ্কগুলি বলছে টাকা দেব না। রিজার্ভ ব্যাঙ্ক বলেছেন আমরা টাকা দেব না—এরা বেকার থাকছে, এরা বেকার থাকবে। তারপর চিনির কথায় আসুন- সুধীনবাবু এবং বিমলানন্দ বাবু এ ব্যাপারে বলেছেন—এটা আশ্চর্যের ব্যাপার আমাদের দেশে এ বছরে রেকর্ড পরিমাণ চিনি উৎপন্ন হয়েছে, প্রায় ৫৫ লক্ষ টন চিনি হয়েছে। লন্ডনে চিনির দাম ১ টাকা ১০ পয়সা কিলো হয়ে গেছে আর আমাদের এখানে কি হল কন্ট্রোল তুলে দেওয়া হল, ইন্ডিয়ান সুগার মিলস অ্যাশোসিয়েশনের মিল মালিকরা বলছেন সরকার নিরাসক্ত, পাশে দাঁড়িয়ে আছেন, তারা চুপ করে রইলেন বাজারে ছাড়ছেন না— যেখানে ১ টাকা ৮০ পয়সা ছিল, ১ টাকা ৮৫ পয়সা ছিল সেটা ৬ মাসের পর ৩ টাকা ২৪ পয়সা, ৩ টাকা ৩০ পয়সা, ৩ টাকা ৫০ পয়সা হয়ে গেল। হরিপদবাবু বললেন যে কয়লাখনির মজুরদের বোনাস দেওয়া হল, মজুরী বাড়িয়ে দেওয়া হল এবং সেইজন্য মুদ্রাস্ফীতি হল- আমি বলব যে হ্যাঁ— ৭০/৮০ কোটি টাকা দেওয়া হল। কিন্তু একটু হিসাব করে যদি দেখেন তাহলে দেখবেন যে, যদি ৫৫ লক্ষ টন বাজারে যোগান দেওয়া হয় এবং সেখানে ১ টাকা করে যদি চিনির দাম বাড়ে তাহলে ৫৫০ কোটি টাকা মিল মালিকদের পকেটে চলে গেল—আপনারা এটা তো কেউ বলছেন না? এটার কি মুদ্রাস্ফীতি হচ্ছে না? এ তো একটার পর একটা হল, তারপর আসুন কয়লার ব্যাপারে—কয়লার ব্যাপারে সত্যিই দরকার ছিল- ভালভাবে চালানো যাচ্ছে না—রাষ্ট্রীয়করণের ফলে অনেক গোলমাল হচ্ছে, ম্যানেজমেন্টে অনেক গরমিল আছে—হরিপদবাবু যেটা বললেন আমি মেনে নিচ্ছি—ঐ যে ধানবাদ,

আসানসোল, রানীগঞ্জ ওখানে একধরনের অরাজকতা আছে, নৈরাজ্য আছে কিন্তু এটা বেশিরভাগই হচ্ছে বিহারে, আমাদের প্রান্তে কম এবং এ ব্যাপারে আমি কর্পূরী ঠাকুরের সাথে কথা বলেছি, বর্তমানে যিনি মন্ত্রী আছেন তাকেও বলেছি যে কিছু করা যায় কিনা কিন্তু ওরা নিজেরা অসহায়। যিনি ট্রেড ইউনিয়ন নেতা তারই সঙ্গে কোল ইন্ডিয়ার কিছু কিছু কর্মচারিদের সাথে যোগসাজস আছে—সেখানে এক ধরনের নৈরাজ্য হচ্ছে—আমরা কিছুটা অসহায় কারণ কয়লা আমরা খালাস করতে পারছি না—আপনার যাদের নামে অপবাদ দিলেন—আমাদের ওখানে যে সমস্ত এম.এল.এ.-রা আছেন তারা স্বেচ্ছাসেবক নিয়ে গিয়ে সেই সমস্ত গুন্ডাদের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে লাঠালাঠি করেছে এবং কয়লা খালাস করেছে। সুতরাং আপনি যেটা বললেন তার সত্যতা আমি খুঁজে পাচ্ছি না। কিন্তু কয়লার ব্যাপারে দাম বাড়ানো কি সত্যিই দরকার ছিল— অন্য কিছু কি করা যেত না—আমাদের দেশে ১২০০ কোটি টাকার মতন বৈদেশিক মুদ্রা ঘাটতি হবে, সুতরাং এই টাকার ব্যবস্থা করতে হবে। আপনারা যদি একটু তলিয়ে দেখেন বুঝতে পারবেন বিদেশ থেকে আমদাণী করতে হবে ১২০০ কোটি টাকা সেইজন্য আপনাদের উপর ৯০০ কোটি টাকার কর চাপছে। কিন্তু ৯০০ কোটি টাকা পাচ্ছেন তো টাকায় এটা তো টাকায় আসছে, এতে তো বিদেশি মুদ্রা তৈরি হচ্ছে না। সুতরাং এই ৯০০ কোটি টাকা কি করবে, না বাড়ালেই কি চলত না। আপনাদের তো বিদেশি মুদ্রা আছে। কি কারণে দিচ্ছে তারা—গত ৩১শে মার্চ ৪৮০০ কোটি টাকা ছিল সেটা ৩১শে জুলাই ৫৭০০ কোটি টাকা হয়েছে—এই ৭০০ কোটি টাকা বেড়ে গেছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে পেট্রোল রেশন করে দিন না—যুদ্ধের সময়ে তো রেশনে ব্যবস্থা হয়েছিল, সুতরাং রেশন প্রবর্তন করুন। কিন্তু এইটা আসল ব্যাপার নয়—ওরা টাকা চাচ্ছেন, ওরা রেশনে আগ্রহী নন—ওরা অজুহাত দিয়েছেন বিদেশি মুদ্রার কিন্তু আসল কথা তা নয়—এ সুযোগ নিয়ে কিছু বাড়তি টাকা তুলতে হবে। কারণ হচ্ছে ভরতুকি, ১৪০০। ১৫০০ কোটি টাকা গত ৬ মাসে রাজনৈতিক টানাপোড়েনে সেটা এখন ৩ হাজার কোটি টাকায় গিয়ে পৌঁছেছে। নানা রকম শ্রেণী স্বার্থ, গোষ্ঠী স্বার্থ সাধন করতে গিয়ে টাকার দরকার হয়ে পড়েছে।

[5-50 — 6-00 P.M.]

কিন্তু দেশটাত্রে একেবারে অতলে ডুবে যাবে। সেইজন্য আমরা বলছি এখনও সময় আছে, সামনে একটা নির্বাচন আছে। আমরা সাধারণ মানুষের শুভ চাইছি। আপনাদের শ্রেণী স্বার্থ যদি বলে যে আপাতত আমাদের এতে খুশি করতে হবে কিন্তু তার বাইরে একটা বড় স্বার্থ রয়েছে, সেটা দেশের স্বার্থ। এটা গণতান্ত্রিক দেশ, সাধারণ মানুষের সর্বনাশ করে শ্রেণী স্বার্থ যদি কায়েম করতে চান সাধারণ মানুষ রুখে দাঁড়াবে। আপনাদের ক্ষণস্থায়ী শ্রেণী স্বার্থ সাধিত হবেনা। সেইজন্য আমি বলি আমরা যদি একটু উল্টো কাজ করতে পারি। আমি যা বলছি, কয়লার দাম জুলাই মাসে যা ছিল তা করে দেওয়া হোক, পেট্রোল জাত জিনিষের দাম আগস্ট মাসে যা ছিল তাই করে দেওয়া হোক । তাহলে এক ধাপে জিনিসের দাম যেমন চক্রবৃদ্ধি হারে হু হু করে বাড়তে শুরু করে তেমনি চক্রবৃদ্ধি হারে কমতে পারে। মৌল দ্রব্যাদির দামগুলো আমরা যদি একটু সাহসে ভর করি—কমাতে পারি। আমরা সেজন্য যদি জনসাধারণের মধ্যে একটা আন্দোলনের সৃষ্টি করতে পারি বিধানসভার আলোচনা কেন্দ্রীয়

সরকারকে জানাতে পারি। তারপর আমি বলব সামান্য দু-একটা কথা, সেটা হচ্ছে যে সমস্ত জিনিসের আকর অন্তত মূল্যমানের ক্ষেত্রে হচ্ছে যে—যে জিনিসটা খুব বেশি সাধারণ মানুষ ভোগ করে—খাদ্যদ্রব্য, জামা-কাপড় এগুলো যদি বাড়তি বাজারে ছাড়া যায় তাহলে দামটা একটু স্থিতিশীল হবে, ফলটা ভাল হবে এবং বেকারত্ব—সুধীনবাবু বার বার করে এ তথ্যটা দিয়েছেন, অত্যাবশ্যক পণ্য সামগ্রী এক দামে বিক্রি করা হোক, সাধারণ মানুষ কিনুক। নুনের ব্যপারে বললেন, তুতিকোরিনে দুই পয়সা নুনের দাম, পশ্চিমবাংলায় ৪০, ৪৫, ৫০ পয়সায় পেলে আমরা ভাগ্য মনে করি, আমি গত সপ্তাহে ত্রিপুরায় গিয়েছিলাম ওখানে ১ টাকা ৩০ পয়সা ৪০ পয়সা দামে এক কিলো নুন কিনছে। অথচ এতটুকু দরকার ছিল না এ বৈদেশিক মুদ্রার। আমরা এ নুন ব্যবহার করতে পারি—দরকার হলে একটু ভর্তুকি দিতে পারি। ঐ বড় বড় ব্যবসাদার, জমিদার, জোতদারদের জন্য ভর্তুকি না দিয়ে একটু গরিব মানুষের জন্য ভর্তুকি দিতে পারি, এটা করা সম্ভব। আমাদের খাদ্যসামগ্রী আছে, আমাদের বৈদেশিক মুদ্রার ভান্ডার আছে, আমাদের যেটা দরকার সেটা রাজনৈতিক ইচ্ছে, সাধারণ মানুষের কথা ভাববার একটু অনুকম্পা দরকার, একটু অনুকম্পা যদি করতে পারি তাহলে দেশের মঙ্গল হবে, এই কথা বলে লক্ষ্মীবাবুর প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-00 P.M.]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যেসব সংশোধনী এসেছে সেসব সংশোধনীর আমরা বিরোধিতা করছি। আমার বলার বিশেষ কিছুই নেই। সমস্ত তথ্য দিয়ে এর আগে বক্তব্য রাখা হয়েছে, তবে আমি একটা কথা বলতে চাই যে আমরা আশা করেছিলাম যে বিরোধী দলের সদস্যরা গরিব মানুষের সাধারণ মানুষের কথা ভেবে এই দ্রব্যমূল্য বৃদ্ধিতে তাঁরা আমাদের একটা ইউনানিমাস রেজলিউশন করে প্রতিবাদ জানিয়ে যাবেন, কিন্তু আমরা লক্ষ্য করলাম তাঁরা আমাদের আশা চূর্ণ করেছেন। সেটার স্বাভাবিক কারণ পুঁজিপতি বড়লোকদের স্বার্থ রক্ষা করা তাদের অভ্যাস। মাননীয় অধ্যাপক হরিপদ বাবু আলুর দামের কথা তুলেছেন, পটলের দামের কথা তুলেছেন এবং অন্যান্য জিনিসের দাম বাড়ছে বলেছেন। কিন্তু এটা বললেন না এই জিনিসগুলোর দাম কেন বাড়ছে? ফার্টিলাইজার, আসে, কৃষক যখন জমিতে পাম্প চালায়, জল আসে তাতে পেট্রল বা তেল বা পেট্রল জাত জিনিসের দরকার হয়। নুনের ব্যাপার মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বললেন, এই নুন ম্যাড্রাস থেকে লরিতে করে আনতে দুই পয়সার নুন এখানে ৫০ পয়সায় দাঁড়ায়। এই কথাগুলো জেনেও তাঁরা জেগে ঘুমোচ্ছেন। জেগে ঘুমিয়ে অনলি বিরোধিতা করার জন্যই আজকে জনসাধারণের স্বার্থ তাঁরা না দেখে বিসর্জন দিয়ে বিরোধীপক্ষ এই রকম একটা মনোভাব গ্রহণ করেছেন এবং যে একটা নৈতিক দিক আছে যে সরকার জনসাধারণের কোনও আস্থা গ্রহণ করেনি যে সরকার যারা নিজেদের মধ্যে ভাগ হয়ে গিয়ে জনসাধারণের কাছে পার্লামেন্ট এ টেস্ট নেই তাদের কি নৈতিক অধিকার আছে যে এই পেট্রোল জাত দ্রব্য বা জিনিসের দাম বাড়ানো। এখানে মানুষ যাকে রিজেক্ট করে দিয়েছে কেন্দ্র পার্লামেন্টের সদস্য রিজেক্ট করে দিয়েছে সেই সদস্যরা কিভাবে বলছে? আমাদের এটাই আজকে বক্তব্য একটা নৈতিক দিক, আইনের দিক কোনও দিক থেকেই এদের কোনও সমর্থন নেই সেই সমর্থনহীন সরকার কিভাবে জনগণের বিশ্বাসকে বিশ্বাসঘাতকতা করে জিনিসের মূল্য বৃদ্ধি করে সেটাই আমাদের

বড় প্রশ্ন গরিব সাধারণ মধ্যবিত্ত মানুষ, যারা আজকে কলকারাখানায় কাজ করছে এইভাবে জিনিসের দাম বেড়ে বেড়ে মানুষের অবর্ণনীয় দুঃখ দুর্দশা বেড়ে চলেছে তাদের দিকে দৃষ্টি দিল না বিরোধীদলের সদস্যারা মূহুর্ত চিন্তা করল না এই দ্রব্যমূল্যের বৃদ্ধিতে সাধারণ মানুষের কি হচ্ছে? আলুর দাম পিঁয়াজের দাম বাড়ছে তারাও তো প্রচুর পরিমাণে বড় বড় লোকের তৈরি জিনিস—ঐ ফার্টিলাইজার ও তেল ব্যবহার করছে। গরিব কৃষক বা সস্তায় শ্রমিক পাওয়া যাক আর ধনী আরও ধনী হোক এটাই কি হরিপদ বাবু চান—এটা অমি বুঝতে পারলাম না,—তিনি তো একজন পন্ডিত লোক এটা বুঝতেও কি তাঁর অসুবিধা হল। সাধারণ মানুষের উপর—ঐ গরিব কৃষক তার কৃষিজাত দ্রব্যর তার কস্ট অফ প্রোডাকশন না পায়—আজকে ধান তৈরি করতে তার যে কস্ট অফ প্রোডাকশন হয় বা তার আলু তৈরি করতে যে কস্ট অফ প্রোডাকশন হয় তার কথা তো তিনি বললেন না। তিনি বন্যার কথা ভুলে গেলেন। বিদ্যুতের ক্রাইসিস যে হাজার হাজার মন আলু পচে গেল ও আজকে যে কৃষক মাথায় হাত দিয়ে বসেছে এই সব কথা তো তিনি বললেন না। অতএব মাননীয় অধ্যক্ষ মহাশয় যে সমস্ত সংশোধনী এনেছেন আমি সেই সব সংশোধনীর বিরোধিতা করছি এবং মাননীয় সদস্যদের আমি অনুরোধ করছি যে আমাদের যে প্রস্তাব এসেছে সেটা গ্রহণ করবার জন্য।

[6-00 — 6-14 P.M.]

**শ্রী লক্ষ্মী সেন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপেই আমার বক্তব্য রাখব। আমি যাঁরা বিরোধিতা করেছেন তাঁদের বক্তব্য শুনেছি ও যাঁরা সমর্থন করেছেন তাঁদেরও বক্তব্য শুনেছি। প্রস্তাবের বিরোধিতা করে যারা বক্তব্য রেখেছেন তাদের অনেকের জবাব দেওয়া হয়ে গেছে। তবু কয়েকটা প্রশ্নের জবাব দেওয়া প্রয়োজন এবং আমি সেই সম্পর্কে কম সময়ে বলব।

বিরোধী সদস্যারা বিরোধিতা করে যে বক্তব্য রেখেছেন সে সম্পর্কে আমি বলব। প্রথমে হরিপদ ভারতী বাবু কিছুটা কৌতূহলের সৃষ্টি করেছেন। আমি সেই কৌতূহল নিরসনের চেষ্টা করব। এই কথা ঠিক যে আমরা কেন্দ্রে জনতা পার্টিকে সমর্থন করেছিলাম। নিঃশর্ত নয়—শর্ত সাপেক্ষ। স্বৈরতন্ত্রী শক্তির বিরুদ্ধে যদি সে লড়াই করে—গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার জন্য যদি সে সংগ্রাম করে, জনসাধারণের আন্দোলনকে যদি সাহায্য করে—আমরা সমর্থন করব, এবং আমরা সমর্থন করেছি ততক্ষণ পর্যন্ত জনতা পার্টির কেন্দ্রীয় সরকার এই ইতিবাচক দিক ছিল। কিন্তু সমর্থন করিনি যখন ভূতলিঙ্গম কমিটির রিপোর্ট কাজে লাগায়, সমর্থন করি নি ইন্ডাস্ট্রিয়াল বিল আইনে, সমর্থন করিনি পনহ্নগরে গুলি চালনায়, সমর্থন করিনি যখন রিজার্ভ ব্যাঙ্কের আন্দোলন দমন করবার জন্য অর্ডিন্যান্স জারি করে, সমর্থন করিনি যখন রেল শ্রমিকদের বোনাস দিতে অস্বীকার করে, সমর্থন করিনি যখন সি.ডি.এস-এর টাকা ফেরত দিতে অস্বীকার করে। এই তো অবস্থা। কাজেই যখন আপনারা ইতিবাচক দিক পরিহার করে প্রতিক্রিয়াশীলদের দিকে গেলেন তখন তার বিরোধিতা করতে হয়েছে তেমনি চরণ সিং মহাশয় স্বৈরতন্ত্রী শক্তির বিরুদ্ধে । আজকে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আলিগড়ে, জামসেদপুরে যা হল যখন কোনও পদক্ষেপ নিতে পারলেন না—তাসের ঘরের মতো জনতা পার্টি ভেঙ্গে গেল এবং তারপর যখন সরে দাঁড়ালেন। এ শক্তি স্বৈরতন্ত্রী ও সাম্প্রদায়িকতার

বিরুদ্ধে যদি লড়াই করে তাহলে নিশ্চই আমরা সমর্থন করব। কিন্তু জনগণের স্বার্থের বিরুদ্ধে যদি আঘাত আনেন আমাদের প্রতিবাদ করবার—সংগ্রাম করবার—আন্দোলন করবার যে অধিকার তা আমাদের আছে ও তা আমরা করব। পার্থক্যর ব্যাপারে যে কৌতুহল যে কৌতুহলের এখানে নিরসন হওয়া উচিত বলে মনে করি। আপনারা নিশ্চয়ই পড়াশুনা করেন—আলোচনা করেন—তাতে বিরোধিতা থাকতে পারে। লোকসভা ভেঙ্গে দেবার আগেই আমাদের মিটিং হয়েছে, এবং যেদিন এই ট্যাক্স বসিয়েছেন সেদিন মিটিং করে আন্দোলন করার সিদ্ধান্ত হয়েছে। আজও কলকাতার রাস্তায় যান বিরাট মিছিল দেখতে পাবেন। পাড়ায় পাড়ায় আন্দোলন চলেছে। তৃতীয় প্রস্তাবে নীতির কথা বলেছেন। সাত মন তেলও পুড়বে না রাধা'ও নাচবে না। রাধা নেচেছে—সাতমন তেল পুড়েছে। বিশ্বের এক তৃতীয়াংশে অনেক তেল পুড়েছে এবং রাধা নেচেছে এবং ভারতবর্ষকে পুঁজিবাদ সমাজতন্ত্রের জায়গা ছেড়ে দিতে হবে—এখান থেকে রেহাই পাবার উপায় নেই। এটাই অনিবার্য। কাজেই নীতির পরিবর্তন আমরা চাই আর চাই বলেই তো নীতির কথা তুলেছি। আলোচনা করতে গিয়ে পশ্চিমবাংলার নানান কথা বলেছেন। আমি নীতির কথা বলেছি। কেন মূল্যবৃদ্ধি হয়? কারণ কি? ডেফিসিট ফিনান্সিং—মুদ্রাস্ফীতি হয় যদি টাকার দাম কমে মূল্য বৃদ্ধি হয়। আপনাদের নীতির সঙ্গে সঙ্গতি কোথায়। প্রত্যক্ষকর নয় বারবার পরোক্ষ কর যদি বৃদ্ধি হয় তাহলে জিনিসের দাম বাড়ে তো? আপনারা কালোবাজারি ও চোরাকারবারিদের কথা বলেছেন। ঠিকই তো—কে অস্বীকার করছে? কিন্তু কয়লার কুইন্টালে যদি ২৫ টাকা ট্যাক্স বাড়াই তাহলে ট্যাক্স বাড়ে কিনা? তারা যে সুবিধা নেয় সে সুযোগের বিরুদ্ধে দাঁড়াতে হবে। আপনারা কেন তা নিতে পারেন নি? এখানে ডাঃ জয়নাল আবেদিন সাহেব অনেক কথা বলেছেন। ১৯৭৭ সালের জুন মাস থেকে তাঁর জ্ঞান হয়েছে। এত দিন কি দাম বাড়েনি। আমি তথ্য দিয়ে বলেছি। ১৯৫০-৫১ সাল থেকে বলেছি। সুতরাং বুঝতে হবে কোথায় কি হয়। এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মধ্যে থেকে যে কেন্দ্রীয় সরকারের কাঠামো—যে নীতির মধ্যে থেকে একটা রাজ্য সরকার কাজ করবে—স্বর্গরাজ্য তৈরি করবে এটা যদি কেউ মনে করেন তবে তিনি মূর্খের স্বর্গে বাস করছেন। এতো হয় না। ভারতবর্ষের সংবিধানকে বুঝতে হবে। আমরা বারবার রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের ভূমিকার কথা বলেছি। আমাদের মাননীয় মন্ত্রী সুধীন কুমার ও ডঃ মিত্র অনেক কথা বলেছেন আমি বেশি যেতে চাই না। ওঁরা পরিষ্কার করে আরও আমার চেয়ে ভাল করে বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হরিপদ বাবু আলু, পিঁয়াজের দাম কেন বাড়ছে বলেছেন। আপনি অধ্যক্ষ—আপনি বলুন যিনি আলু, বেগুন চাষ করেন তিনি চিনি খান, তিনি চা খান, তিনি কেরোসিন ব্যবহার করেন, তিনি তামাক খান, তাঁর দেশলাই লাগে, তিনি কাপড় পরেন, ঔষধ খান। এই সব জিনিসের উপর আপনারা ট্যাক্স বাড়াবেন আর তিনি কি করবেন? তাই আমি বলছি যে মূল বক্তব্যে না গিয়ে চিরন্তন বিরোধিতার মনোভাব নিয়ে যদি আলোচনা করেন তাহলে রাজনীতিও হয় না আর অর্থনীতিও হয় না। যা হয় তা হল সাধারণ মানুষের স্বার্থের বিরোধিতা করা—তাদের আসামির কাঠগড়ায় দাঁড় করানোর এই অপচেষ্টার মাধ্যমে আপনারাই জনগণের কাছে আসামির কাঠগড়ায় দাঁড়ানো। এই ভাবে উপকার করা যায় না—পারবেন না। এই ঘটনাই ঘটেছে। আমরা সংগ্রাম করছি ও তা আমরা করতে চাই। তাই আমরা নীতির কথা বলেছি দুজনেই। আমি ও অনিল বাবু বলেছি কেন এই কয়েক দিনের মধ্যে কারুর সঙ্গে আলোচনা না করে—কোনও মুখ্যমন্ত্রীর

সঙ্গে আলোচনা না করে কেন তাঁরা এই ট্যাক্স বাড়ালেন? তাঁদের আলোচনা করা উচিত ছিল। কয়লার মূল্য বৃদ্ধি করা হল মোরারজীর যাবার আগে— চরণসিং আসার অব্যবহিত পূর্বে। যেখানে অবস্থা ছিল সেখানেই রাখতে বলেছি বাকি আপনারা আলোচনা করুন। আর আমরা বলেছি কি যে ১০টি অত্যাবশ্যক জিনিসের দাম আপনারা বেঁধে দিন। এ ১০টা যদি কন্ট্রোলের মধ্যে রাখি তাহলে অন্য জিনিসের উপর তার প্রভাব পড়বে ও তখন সে জিনিসগুলোও আকাশ ছোঁয়া হতে পারবে না। আমরা এটাই তো চাইছি—এ ছাড়া আমাদের আর অন্য কোনও বক্তব্য নেই। বর্তমান পরিস্থিতিতে আমরা এই টুকুই বলেছি। কিন্তু আপনারা বলছেন আপনাদের সংশোধনী গ্রহণ করার—এই নীতির সঙ্গে মেলে আমরা যা বলেছি? মেলে না। আর বলেছেন যে নির্বাচনের দিন—আমি জানি না নির্বাচনের জন্য যদি বলে থাকেন, যখন লোকসভা ভাঙ্গেনি, নির্বাচন ঘোষণা হয়নি তার আগেই আমরা শুরু করেছি, অনেক দিন থেকে বলছি, সুধীন বাবু বলেছেন, ডঃ মিত্র বলেছেন, আমার কথা যদি তাই বুঝেন যে আজকের এই প্রস্তাবের ফলে জনগণের উপর একটা প্রভাব পড়বে তাহলে এটাই তো আপনাদের উচিত ছিল অংশগ্রহণ করা জনগণের স্বার্থে তাকে সোচ্চার সমর্থন জানিয়ে, বার করে নিতেন না তো। সংগ্রামী লোকের কাছে দাঁড়ান সে সাহস আপনাদের নেই। তাই আজকে এই প্রস্তাবের কার্যত বিরোধিতা করার জন্য এই সংশোধনী এনেছেন। সমস্ত সংশোধনীর বিরোধিতা করে আমি হাউসের কাছে প্রস্তাব রাখছি যে এই প্রস্তাব পাশ করা হোক ।

**শ্রী সন্দীপ দাস ঃ** আপনাদের ডঃ কানাই লাল ভট্টাচার্য, শিল্প মন্ত্রী এখানে বলেছিলেন আমরা চেষ্টা করব আপনাদের সঙ্গে বসে একটা সর্বসম্মত প্রস্তাব করতে । কিন্তু যেভাবে প্রস্তাব রাখা হল এবং যেভাবে প্রস্তাবকরা তাঁদের বক্তব্য শেষ করলেন তাতে কি সেই অ্যাটিচিউট-এর প্রতিফলন হল?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নিবেদন আছে, যাঁরা মুভার তাঁদের কাছে আবেদন করব যে আমাদের সবটা নিতে হবে না, কিছু নিন। কিন্তু যতক্ষণ আলোচনা হল তাতে কখনও চেষ্টা হল না একটা কমন কজে প্রস্তাবটা এক রকম করার। শুধু গালাগাল দেওয়ার উদ্দেশ্যে সেটা করা হল না। আমরা এর বিরোধিতা করতে চাইনি।

**মিঃ স্পিকার ঃ** এখন আমি সব সংশোধনী প্রস্তাবগুলি একসঙ্গে ভোটে দিচ্ছি।

The motion of Shri Shaikh Imajuddin that—

(i) in para 2, line 1, for the words "বিগত ৩২ বছর ধরে কেন্দ্রীয় সরকারের", the words "বিগত আড়াই বছর ধরে কেন্দ্রীয় ও পশ্চিমবঙ্গ সরকারের" be substituted.

(ii) in para 3, line 9, after the words "কেন্দ্রীয় সরকার" the words "এবং পশ্চিমবঙ্গ সরকার" be inserted.

(iii) in para 4, line 1, for the word "বিধানসভা" the words "বিধানসভার সদস্যগণ" be substituted.

**(iv) in para 4, line 2-3, for the words "রাজ্য সরকারের মাধ্যমে" the words "রাজ্যসরকার এবং" be substituted.**

**was then put and lost.**

**The motions of Shri Debaprasad Sarkar that—**

(i) in para 3, line 8, after the words "বন্টনের কোনও ব্যবস্থাই করেন নি", **the words "অবশ্য এ ব্যাপারে রাজ্যের বামফ্রন্ট সরকারও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য চালু করে দ্রব্যমূল্যবৃদ্ধি প্রতিরোধের বাস্তব সম্মত পদক্ষেপ গ্রহণে এগিয়ে আসেন নি।" be inserted ,**

**(ii) in para 3, line 9 and 10, after the words "কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেন",** the words "এবং এই রাজ্যে বামফ্রন্ট সরকার বিগত দু বছরে পরপর যে বাজেট পেশ করেন" be inserted

(iii) in para 4, line after the words "এই সভা", the words "মূল্যবৃদ্ধি রোধের উদ্দেশ্যে রাজ্যের বামফ্রন্ট সরকার যাতে অবিলম্বে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের সামগ্রিক রাষ্ট্রীয় বাণিজ্য প্রবর্তন করার উদ্যোগ নেয় তার দাবি জানাচ্ছি এবং সাথে সাথে এই সভা" be inserted, were then put and lost.

The motions of Dr. Zainal Abedin that —

(i) para 2, be omitted.

(ii) in para 3 lines 1 to 5, the words beginning with "নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য" and ending with "দ্রব্যমূল্যের বিরামহীন ঊর্ধ্বগতি", be omitted,

(iii) in para 3, line 9, after the words "বিগত ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় সরকার", the words "এবং রাজ্য সরকার যে বাজেট পেশ করেন" be inserted,

(iv) after para 3, the following new paras be added, namely :-

"যে সমস্ত নিত্যব্যবহার্য দ্রব্যসামগ্রী যেমন শাকসব্জি, তরিতরকারি, মাছমাংস প্রভৃতি কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন নয় সে সমস্ত দ্রব্যসামগ্রীর দাম ক্রমশ আকাশছোঁয়া হয়ে যাচ্ছে অথচ রাজ্য সরকার বাস্তবসম্মত কার্যকরি কোনও ব্যবস্থা গ্রহণ করেন নি এই সমস্ত দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের জন্য কিম্বা উৎপাদন ও সরবরাহ বৃদ্ধির জন্য।

মুনাফাখোর ও কালোবাজারিরা কৃত্রিম উপায়ে অত্যাবশ্যক দ্রব্যসামগ্রীর মূল্যবৃদ্ধি ক'রে প্রচুর মুনাফা লুটে চলেছে অথচ রাজ্য সরকার কার্যকরি কোনও কঠোর ব্যবস্থা গ্রহণ ক'রে এই অসাধু ব্যবসায়ী এবং মুনাফাখোর মজুতদারদের শায়েস্তা করতে ব্যর্থ হয়েছেন।

এমনকি বহুঘোষিত সরকারি নিয়ন্ত্রণে সিমেন্ট বন্টন ব্যবস্থা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে।"

(v) at the end of the Motion, the following new items be inserted, namely :-

"(৩) ক্রেতা সমবায়গুলিকে শক্তিশালী এবং সম্প্রসারিত ক'রে উৎপাদকদের নিকট হতে নির্দিষ্ট পরিমাণ দ্রব্যসামগ্রী নিয়ন্ত্রিত মূল্যে রাজ্যের সর্বত্র বিক্রি এবং বন্টন করার ব্যবস্থা করা হোক ।

(৪) বাণিজ্যিক ব্যাঙ্কগুলি হ'তে অল্প সুদে ক্রেতা সমবায়গুলিকে ঋণ দেওয়ার ব্যবস্থা করা হোক।

(৫) রাজ্য সরকারের উদ্যোগে এবং স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানগুলির সহযোগিতায় শক্তিশালী ক্রেতাসাধারণের প্রতিরোধ আন্দোলন সংগঠিত করা হোক।

(৬) অত্যাবশ্যক দ্রব্যসামগ্রী আইনে অধিকতর সংখ্যায় অত্যাবশ্যক দ্রব্যসামগ্রী সংযোজিত করা হোক।

(৭) চোরাবাজার এবং মুনাফা নিয়ন্ত্রণ সংক্রান্ত আইনসমূহ কঠোরভাবে প্রয়োগ করা হোক।

(৮) রাজ্য স্তরে সর্বদলীয় কমিটি গঠন ক'রে এবং রিজার্ভ ব্যাঙ্কের প্রতিনিধি সহ নিয়মিতভাবে মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ সম্বন্ধে আলোচনা এবং কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের সঙ্গে সমন্বয় সাধন করা হোক।

(৯) আন্তরাজ্য আলোচনার মাধ্যমে অন্য রাজ্যে উৎপাদিত দ্রব্যসামগ্রী এই রাজ্যে ন্যায্যমূল্যে সংগ্রহ এবং বন্টনের ব্যবস্থা করা হোক।

(১০) সমাজের দুর্বল শ্রেণীর মানুষদের মধ্যে অত্যাবশ্যক দ্রব্যসামগ্রী সরকারি ভর্তুকি দিয়ে সরকারি নিয়ন্ত্রণে বিক্রির ব্যবস্থা করা হোক।

(১১) অত্যাবশ্যক দ্রব্যসামগ্রীর পরিবহনের ক্ষেত্রে রেলওয়ের মাশুল লঘু করা হোক।

(১২) কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনার জন্য বিধানসভায় সদস্যদের একটি সর্বদলীয় কমিটি গঠন করে দ্রব্যমূল্য বৃদ্ধি সম্বন্ধে রাজ্যের সুস্পষ্ট বক্তব্য উপস্থাপিত করার ব্যবস্থা হওয়া বাঞ্ছনীয় এবং রাজ্য সরকার যেন এ বিষয়ে উদ্যোগী হন—তজ্জন্য বিধানসভা রাজ্য সরকারকে অনুরোধ জানাচ্ছে।" were then put and lost.

The motion of Shri Satya Ranjan Bapuli that in the last two lines, after the words "সরবরাহ করার ব্যবস্থা করা হোক" the words "কিন্তু রাজ্য সরকার নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম কমাতে ব্যর্থ হয়েছে ও তার জন্য বামফ্রন্ট সরকার কোনও কার্যকরি ব্যবস্থা করতে পারেনি।" be inserted, was then put and lost.

The motion of Shri Lakshmi Charan Sen that

পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ফলে জনজীবন দুর্বিসহ হয়ে উঠেছে।

বিগত ৩২ বছর ধরে কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির অনিবার্য পরিণতি হিসাবেই মূল্যস্তরে এই বিরামহীন উর্ধ্বগতি।

নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধি রোধ করার জন্য যে বাস্তব সম্মত পদক্ষেপ গ্রহণ করা উচিত, সেই সমস্ত পদক্ষেপের একটিও ৩০ বছরের কংগ্রেসি সরকার গ্রহণ করে নি।

বাস্তবিকপক্ষে সঙ্কীর্ণ শ্রেণীস্বার্থে রচিত যে নীতিসমূহ বিগত ৩০ বছর ধরে কেন্দ্রীয় কংগ্রেসি সরকার বাস্তবায়িত করার চেষ্টা করে এসেছে এবং যে নীতিসমূহেরেই অবশ্যম্ভাবী পরিণতি হিসাবে দ্রব্যমূল্যের বিরামহীন ঊর্ধ্বগতি, বিগত আড়াই বছর ধরে সেই একই শ্রেণীনীতি কেন্দ্রীয় জনতা সরকার অনুসরণ করে আসছিলেন। বামফ্রন্ট সরকার বারবার দাবি করা সত্ত্বেও সরকার নিত্যপ্রয়োজনীয় দশটি দ্রব্যসামগ্রী সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে মূল্য নির্ধারণ করে বন্টনের কোনও ব্যবস্থাই করেন নি। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য বৃদ্ধির প্রতিকার করা দূরের কথা, ফেব্রুয়ারি মাসে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেন তার প্রত্যক্ষ ফলে বিবিধ অত্যাবশ্যকীয় দ্রব্যাদির মূল্যায়ন দ্রুত ঊর্ধ্বগতি হতে শুরু করে। আরও পরিতাপের কথা, শ্রীমোরারজী দেশাই-এর নেতৃত্বে গঠিত সরকার পদত্যাগ করার অব্যবহিত পরেই কয়লার মূল্যবৃদ্ধি করা হয়েছে। এই মূল্যবৃদ্ধির প্রতিবাদে রাজ্যের অর্থমন্ত্রী গত ১৮ই জুলাই রাষ্ট্রপতির কাছে প্রতিবাদপত্রে প্রেরণ করেন; কিন্তু কোনও ফল হয় নি। শ্রী চরণ সিং-এর নেতৃত্বে গঠিত কেন্দ্রীয় মন্ত্রিসভা পদত্যাগের অব্যবহিত পূর্বে বিপুল পরিমাণ কর ধার্যের মাধ্যমে পেট্রোল, ডিজেল, কেরোসিন, রান্নার গ্যাস ইত্যাদি সমস্ত প্রকার পেট্রোলজাত দ্রব্যাদির মূল্য অন্যায় ও অযৌক্তিকভাবে বৃদ্ধি করেন। রাজ্যের মুখ্যমন্ত্রী এই মূল্যবৃদ্ধির প্রতিবাদে এবং মূল্যবৃদ্ধির উক্ত সিদ্ধান্তে বাতিল করার দাবিতে রাষ্ট্রপতির কাছে জরুরি বার্তা পাঠিয়েছেন। রাজ্য সরকারের তরফ থেকে জিনিসপত্রের দাম কমাবার জন্য তিনি বারবার কেন্দ্রকে বলেছেন, বহু চিঠি দিয়েছেন। কিন্তু আজ পর্যন্ত তারও কোনও প্রতিকার হয় নি।

তাই পশ্চিমবঙ্গ পেট্রোলজাত দ্রব্যাদি ও কয়লাসহ সমস্ত নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করছে এবং এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছে যে—

(১) কেরোসিন, পেট্রোলজাত দ্রব্যাদি ও কয়লার সাম্প্রতিক মূল্যবৃদ্ধির সিদ্ধান্ত অবিলম্বে বাতিল করে পূর্বাবস্থা বজায় রাখা হোক; এবং

(২) নিত্যপ্রয়োজনীয় এবং অত্যাবশ্যকীয় দশটি জিনিসের দাম জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে নির্ধারণ করে এবং প্রতিটি রাজ্যে উক্ত দ্রব্যসামগ্রীর পর্যাপ্ত সরবরাহ সুনিশ্চিত করে সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে জনগণের কাছে সরবরাহ করার ব্যবস্থা করা হোক।"

was then put and agreed to.

Laying of Report

**Forty Second Report of the Business Advisery Committee**

**মিঃ স্পিকার :** আজকে আমার কক্ষে বিজনেস অ্যাডভাইসরি কমিটির যে মিটিং হয়েছে তাতে ৪ঠা সেপ্টেম্বর থেকে ৭ই সেপ্টেম্বর পর্যন্ত যে কার্যসূচি গ্রহণ করা হয়েছে তা নিম্নরূপ।

| | | |
|---|---|---|
| Tuesday, 4-9-1979 | ... (i) The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing). | 1 hour. |

| | | | |
|---|---|---|---|
| | | (ii) The West Bengal Panchayat second Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing). | $1^1/_2$ hours. |
| Wednesday, 5-9-1979 | ... | (i) The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing). | 1/2 hour |
| | | (ii) The West Bengal Universities (Control of Expenditure) (Cessation of Application) Bill, 1979 (Introduction, Consideration and Passing) | 1 hour |
| | | (iii) The Bengal Electricity Duty (Amendment Bill, 1979 (Introduction, Consideration and Passing) | 1 hour. |
| Thursday, 6-9-1979 | ... | (i) The West Bengal Animal Slaughter Control (Amendment) Bill. 1979 (Introduction, Consideration and Passing). | 2 hours. |
| Friday, 7-9-1979 | ... | Private Member's Business-Resolutions/Motion under rule 185. | 3 hours. |

আমি আর একটা কথা আপনাদের বলছি। আজকে দ্বিতীয় প্রস্তাব যেটা ছিল সেটা সময় উত্তীর্ণ হবার জন্য আলোচনা করা সম্ভব হচ্ছেনা। তবে ভবিষ্যতে আমার নিজের অধিকার আছে এবং আমি সেই হিসেবে সিদ্ধান্ত নিয়েছি যে, লিভার অব দি হাউসের সঙ্গে আলোচনা করে একটা দিন ফিক্স করব এই টাইম টেবেলের মধ্যে। কার্য উপদেষ্টা কমিটি যে সুপারিশ করেছেন সেটা গ্রহণ করবার জন্য আমি আপনাদের অনুরোধ জানাচ্ছি। আমি ধরে নিচ্ছি এটা গৃহীত হল।

## Adjournment

The House was then adjourned at 6.14 P.M. till 1 P.M. on Monday the 3rd September 1979 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 3rd September, 1979 at 1 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 5 Ministers of State and 156 Members.

[ 1-00 — 1-10 P.M. ]

## Starred Questions
## (to which oral answers were given)

### রামপুরহাট থানা এলাকায় নৈশ বয়স্ক শিক্ষাকেন্দ্র

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান আর্থিক বৎসরে জাতীয় বয়স্ক শিক্ষা কর্মসূচি অনুসারে রামপুরহাট থানা এলাকায় কতগুলি নৈশ বয়স্ক শিক্ষাকেন্দ্র স্থাপিত হইবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

বর্তমান আর্থিক বৎসরে জাতীয় শিক্ষা কর্মসূচি-অনুসারে এখন পর্যন্ত রামপুরহাট থানা এলাকায় কোনও বয়স্ক নৈশ শিক্ষা কেন্দ্র স্থাপনের পরিকল্পনা হয় নাই।

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই আমার প্রশ্নের উত্তরে বললেন এখনও হয় নি, কবে নাগাদ হবে এবং সেটা হলে কিভাবে প্রতিষ্ঠিত হবে, এর কোনও নিশানা দয়া করে দিতে পারবেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** কেন্দ্রীয় জাতীয় বয়স্ক শিক্ষা কর্মসূচি অনুযায়ী ১৪টি জেলায় ১৪টি প্রোজেক্ট চালু করা হয়েছে। বীরভূম জেলায় নলহাট ব্লক ওয়ান এবং টু-তে প্রোজেক্ট চালু করা হয়েছে। পরবর্তী কর্মসূচি অনুযায়ী পরের বছর আমাদের জানালে সে অনুযায়ী আরও হবে। এছাড়া রাজ্য সরকারেরর কর্মসূচি অনুযায়ী প্রত্যেকটি জেলায় দুটি করে নতুন ব্লকের ঠিক অনুরূপ কর্মসূচি চালু করবার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম এই যে শিক্ষা কেন্দ্রগুলি প্রতিষ্ঠিত করার জন্য কতদিন টাইম লাগবে। এর সঙ্গে আমার আর একটি পার্ট অতিরিক্ত প্রশ্ন ছিল সেগুলি যখন স্থাপিত হবে সেগুলি স্থাপনের কর্মকর্তা কাদের দেওয়া হবে। কেবলমাত্র অফিসারদের উপর ভার থাকছে না অন্য কোনও রকম পঞ্চায়েত বা আমাদের এম এল এদের প্রতিনিধি সেখানে থাকবে এই কথাটিই জানতে চাই।

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** কেন্দ্রীয় সরকার রাজ্যের বয়স্ক শিক্ষা কর্মসূচি যথাযথভাবে সম্পাদন করার জন্য রাজ্যে বয়স্ক শিক্ষা পর্ষদ একটা তৈরি করার জন্য তারা একটা মডেল দিয়েছে সেই অনুযায়ী পশ্চিম বাংলায় রাজ্য বয়স্ক শিক্ষা পর্ষদ গঠন করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী বিভিন্ন জেলায় জেলা বয়স্ক শিক্ষা পর্ষদ গঠন করা হয়েছে। জেলা পর্ষদের সভাপতি হচ্ছে জেলা পরিষদের চেয়ারম্যান এবং বিভিন্ন জেলার এম.এল.এ-দেরও সেখানে রাখা হয়েছে। এছাড়া গণসংগঠনের প্রতিনিধিরাও এই জেলা পরিষদে আছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** অতিরিক্ত প্রশ্ন, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, সেন্ট্রাল গভর্নমেন্ট যে টাকা বয়স্ক শিক্ষা কেন্দ্রের জন্য বরাদ্দ করেছিল বা যে প্রস্তাব চেয়েছিল পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে সেই রকম কোনও প্রস্তাব যায়নি কিম্বা সেই টাকা ফেরত গিয়েছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** প্রশ্নটি যথাযথ বুঝতে পারছিনা। ইতিমধ্যে পশ্চিমবঙ্গতে আমরা ১৪টি জেলায় ২৮টি ব্লকে অর্থাৎ ১৪টি পর্ষদ বয়স্ক শিক্ষা কর্মসূচির জন্য কেন্দ্র স্থাপন করার উদ্যোগ নিয়েছি। এক একটা পর্ষদে সর্বাধিক তিন'শটি কেন্দ্র হবে। এর জন্য কেন্দ্রীয় সরকার টাকা অনুমোদন করেছে এবং বিভিন্ন জেলায় যে পর্ষদ আছে তারা কেন্দ্র নির্বাচন করে কাজ শুরু করে দিয়েছে। আমরা আশা করছি ২রা অক্টোবরের মধ্যে পশ্চিমবঙ্গে বিভিন্ন জেলার অধীনে অনেকগুলি বয়স্ক শিক্ষাকেন্দ্র চালু করতে পারব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** এই যে ১৪টি প্রোজেক্ট গ্রহণ করেছেন তার নামগুলি বলবেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দোলুই :** আপনি বলছেন যে রাজ্য বয়স্ক শিক্ষা পর্ষদ তৈরি হয়েছে, এই রাজ্য বয়স্ক শিক্ষা পর্ষদের চেয়ারম্যান কে এবং কতজন সদস্য আছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** রাজ্য বয়স্ক শিক্ষা পর্ষদের চেয়ারম্যান হচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী স্বয়ং।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে যে ১৪টি প্রোজেক্ট করা হয়েছে তাছাড়া বাইরের সংগঠন যারা বয়স্ক শিক্ষা কেন্দ্র করেছিল তারা যেসব আবেদন করেছিল সেই আবেদনগুলি গ্রহণ করবেন কি না?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এই সম্পর্কে যিনি প্রশ্ন করছেন তার সুস্পষ্ট ধারণা নেই। তার কারণ পশ্চিমবঙ্গের বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান যারা বয়স্ক শিক্ষা কেন্দ্র পরিচালনা করতে চান তাদের কাছ থেকে কেন্দ্রীয় সরকার আবদেনপত্র আহ্বান করেছিলেন। শর্ত ছিল প্রত্যেকটি প্রতিষ্ঠান ন্যূনপক্ষে ৩০টি কেন্দ্র পরিচালনা করবেন। এই রকম ২'শর কিছু অধিক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান রাজ্য সরকারের মারফত কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছিলেন। কেন্দ্রীয় সরকার সেগুলি পরীক্ষা নিরীক্ষা করে তারা ৭০টির কিছু বেশি সংস্থাকে অনুমোদন দিয়েছেন, বাকিগুলির ত্রুটি থাকাতে সরাসরি সেই প্রতিষ্ঠানগুলির কাছে ফেরত পাঠিয়েছেন এবং সেইগুলি সংশোধন করে অডিট রিপোর্ট এবং সমস্ত বিবরণসহ পাঠাবার নির্দেশ দিয়েছেন।

**ষষ্ঠ পরিকল্পনায় পশ্চিমবঙ্গের জন্য অর্থ বরাদ্দ**

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৭।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ষষ্ঠ পরিকল্পনায় যোজনা পর্ষদ্ পশ্চিমবঙ্গের জন্য কি পরিমাণ অর্থ বরাদ্দ করেছেন ; এবং

(খ) এই সম্পর্কে রাজ্য সরকারের দাবি কি ছিল?

**ডঃ অশোক মিত্র :**

(ক) যোজনা পর্ষদের সহিত রাজ্য সরকারের আলোচনাক্রমে রাজ্যের ১৯৭৮-৮৩ সালে পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য মোট ২,৮১২ কোটি টাকার ব্যয় ধার্য হয়েছে।

(খ) রাজ্য সরকারের খসড়া পরিকল্পনায় প্রস্তাবিত ব্যয়ের পরিমাণ ৪,৫২১ কোটি টাকা ধার্য করা হয়েছিল।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তা থেকে বোঝা যাচ্ছে পশ্চিমবঙ্গের যে দাবি ছিল তার চেয়ে যোজনা পর্ষদ অনেক কম টাকা বরাদ্দ করেছেন। আপনি কি মনে করছেন কেন্দ্র পশ্চিমবঙ্গের প্রতি বরাদ্দ ব্যাপারে কোনও অবিচার করেছেন?

**ডঃ অশোক মিত্র :** এটা অভিমতের ব্যাপার অন্য দিকে দেখা যায় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পশ্চিমবঙ্গের জন্য যোজনা খাতে ছিল ১২শ কোটি টাকা, সেই জায়গায় আমরা ২৮১২ কোটি টাকা পেয়েছি—প্রায় আড়াই গুণ বেশি। আর এক দিকে যদি আপনি দেখেন তাহলে দেখবেন সমস্ত রাজ্যগুলির জন্য পুরো বরাদ্দ হয়েছে ৩২ হাজার কোটি টাকা, তার আপাতত শতকরা ৯ ভাগের মতো আমাদের জনসংখ্যার শতকরা হারে। আমাদের এই কাজ এত বৎসর ধরে হয়নি সেইজন্য আরও বেশি টাকা পেলে সুবিধা হত এবং সেইজন্য আরও বাড়তি টাকা যাতে পেতে পারি সেইজন্য আমরা চেষ্টা চালিয়ে যাব। এখন একটা স্থিতিতে পৌঁছেছি। একটা জিনিস এখানে যোগ করতে চাই, আমরা হালে দেখতে পেলাম যে সামগ্রিক ভাবে যোজনার পরিমাণ ৬৯ হাজার কোটি টাকা থেকে ৭১ হাজার কোটি টাকা বাড়তি হয়েছে। এই বাড়তি যে ২ হাজার কোটি টাকা এটা কেন্দ্র পুরোপুরি নিজের হাতে রাখতে চায়। আমরা এর প্রতিবাদ জানিয়েছি এবং বলেছি যে এই টাকার কিছু ভাগ আমাদের দিতে হবে।

[1-10 — 1-20 P. M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আমি জানতে চাই এ সম্পর্কে বামফ্রন্ট সরকারের অভিমত কি, কেন্দ্রীয় সরকার বরাদ্দের ব্যাপারে পশ্চিমবঙ্গের উপর অবিচার করেছে না কি করেনি?

**ডঃ অশোক মিত্র :** এটাতো বরাবরই বলে আসছি পশ্চিমবঙ্গের প্রতি আজ নয়, গত ৩২ বছর ধরে এই অবিচার করা হচ্ছে, শুধু পশ্চিমবঙ্গের ক্ষেত্রেই নয় পূর্বাঞ্চলের বহু রাজ্যের ক্ষেত্রে এই রকম অবিচার করা হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** এই ষষ্ঠ পরিকল্পনা যোজনা পর্ষদ যে টাকা বরাদ্দ করেছে, তাতে এগ্রিকালচার সেক্টারে কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** এখানে দেখছি বিভাগীয় বরাদ্দগুলি আছে। ২৮১২ কোটি টাকার মধ্যে কৃষি বিভাগে আছে ২৫১ কোটি টাকা, পঞ্চায়েতে ধরা আছে ২৮ কোটি টাকা, ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টে ৫৩ কোটি টাকা, অ্যানিম্যাল হাজবেন্ডরিতে ৩৯ কোটি টাকা, ফরেস্ট্রিতে ২১ কোটি টাকা, ফিশারিতে আছে ২৩ কোটি টাকা, কো-অপারেশন আছে ৬৩ কোটি টাকা, ইরিগেশন অ্যান্ড ওয়াটার ওয়েজে আছে ৩১২ কোটি টাকা— এগুলি মিলিয়ে কৃষিতে হাজার কোটি টাকার মতো হবে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে গত ৩২ বছর ধরে পশ্চিম বাংলার প্রতি অবিচার কেন্দ্রীয় সরকার করে আসছে এবং এবারেও করেছে, এই অবিচারের প্রতিবাদ স্বরূপ আপনারা কি করেছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** এর প্রতিবাদস্বরূপ এত চেঁচামেচি করেছি যে লোকেরা বলছে পশ্চিমবঙ্গ একটু বেশি চেঁচামেচি করছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে বললেন যোজনা পর্ষদ পশ্চিমবাংলার প্রতি অবিচার করেছে, সেটা কোনও বেসিস অনুসারে অবিচার করেছে কিনা?

**ডঃ অশোক মিত্র ঃ** একটা বেসিসের দিকে দৃষ্টি দিতে গেলে এর অনেকগুলি বিষয় থাকে, ওরা বলেন,—এর আগে তোমরা কত খরচ করেছ, তোমাদের প্রশাসনিক ব্যবস্থা করার জন্য নিজেরা কত রাজস্ব তুলতে পেরেছে, তারপরে তোমাদের ভবিষ্যতে কি কি কর্মসূচি আছে, সেই কর্মসূচিগুলির কতটা বৈজ্ঞানিক ভিত্তি আছে ইত্যাদি। ৫/৬টি বিষয়ে ওদের সঙ্গে আমাদের বেশি পার্থক্য আছে, তারপরে একটা বিশেষ স্থানে আপাতত আমরা পৌছেছিলাম, এখন সমস্ত কিছু উলট পালট হয়ে যাচ্ছে। এই যে আমরা একটা মোটামুটি মীমাংসা করে এসেছিলাম, সেটাও কাজে পরিণত করা গেল না কারণ ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের পতন ঘটেছে, নতুন নির্বাচনের পর নতুন কেন্দ্রীয় সরকার আসবে, তখন নতুন করে যোজনা পর্ষদের কাছে আর একবার আমাদের এগুলি বলতে হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে আমাদের জানাবেন কি যে পশ্চিমবাংলা থেকে কেন্দ্রীয় সরকারের কোষাগারে যে অর্থ জমা দিয়েছে ট্যাক্স ইত্যাদিতে, তার কত শতাংশ যোজনা পর্ষদ থেকে পেয়েছেন।

**ডঃ অশোক মিত্র ঃ** আপনার বোধ হয় মনে আছে গত বিধানসভার অধিবেশনে আমি বলেছিলাম প্রতি বছর পশ্চিমবাংলা থেকে প্রায় ১৬/১৭ শত কোটি টাকা কেন্দ্রীয় সরকার রাজস্ব সংগ্রহ করছে, তার মনে আগামী ৫ বছরে ১২,৫০০ কোটি টাকার মতো হবে, তার তুলনায় নিশ্চয়ই আমরা কম পাচ্ছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন আমাদের সরকার কেন্দ্র-রাজ্য আর্থিক প্রশ্ন নিয়ে প্রতিবাদ জানিয়েছেন, চেঁচামেচি করেছেন। পশ্চিমবাংলা সরকারের তরফ থেকে এই যে প্রতিবাদ জানানো হয়েছে, এ সম্পর্কে অন্যান্য রাজ্যের প্রতিক্রিয়া কি, তারা কি কেন্দ্র রাজ্যের সম্পর্কের পুনর্বিন্যাসের কথা বলছেন? অন্যান্য রাজ্যের প্রতিক্রিয়া কি এ সম্বন্ধে?

**ডঃ অশোক মিত্র ঃ** অন্যান্য রাজ্য এবারে অনেকেই বুঝতে পেরেছেন যে, পশ্চিমবঙ্গ যে াবিগুলি জানিয়েছে সেটা শুধু পশ্চিমবঙ্গের ভাগেই বরাদ্দটা বেশি আসুক তারজন্য নয়, ্শ্চিমবঙ্গ সাধারণভাবে [illegible] জন্য সংগ্রাম চালিয়ে যাচ্ছে এবং পশ্চিমবঙ্গের এই ান্দোলন সফল হলে প্রতিটি রাজ্য সরকার এবং প্রতিটি রাজ্যের মানুষ উপকার পাবে। সেটা ঝতে পারছেন বলেই ভারতবর্ষের রাজ্যগুলি—অধিকাংশ সরকার—তারা আমাদের. বিপুলভাবে মর্থন জানিয়েছেন।

**শ্রী বীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ষষ্ঠ পরিকল্পনায় যোজনা র্ষদ যে টাকা পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ করেছিলেন ইতিমধ্যে সেই বরাদ্দকৃত টাকার কত রিমাণ কৃষি বিভাগে খরচ হয়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** যে টাকা বরাদ্দ হয়েছে তাতে প্রথম বছর যেটা চলে গিয়েছে সেই ছরের জন্য বরাদ্দ ছিল ৩৭১ কোটি টাকা। দ্বিতীয় বছর মানে বর্তমান বছরে কেন্দ্র লেছিলেন আমরা ৩৭০ কোটি টাকা খরচ করতে পারব—গত বছরের তুলনায় এক কোটি কা কম। আমরা তখন বললাম না, আমরা ৫৩০ কোটি টাকা খরচ করব। শেষ পর্যন্ত ৮০ কোটি টাকায় একটা মীমাংসা হয়েছে। এখন এর কত টাকা খরচ হবে সেটা বছর শেষ লে বুঝতে পারব। তবে প্রথম বছরের ৩৭১ কোটি টাকায় প্রায় পুরোটা খরচ হয়েছে ামদের হিসাবে।

### কলিকাতা বিশ্ববিদ্যালয় ও নীরোদচন্দ্র বসুমল্লিকের দাতব্য সম্পত্তি

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৮২।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কলিকাতা বিশ্ববিদ্যালয় নীরোদচন্দ্র বসুমল্লিকের প্রায় কোটি টাকার দাতব্য সম্পত্তি অর্থাভাবে আইনের আশ্রয় লইয়া উদ্ধার করিতে পারিতেছে না ;

(খ) কলিকাতা বিশ্ববিদ্যালয় কি ঐ কাজ সম্পন্ন করিবার উদ্দেশ্যে রাজ্য সরকারের নিকট অর্থ সাহায্য চাহিয়াছে ; এবং

(গ) সরকার কি বিশ্ববিদ্যালয়কে প্রয়োজনীয় অর্থ সাহায্য দিয়াছেন?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক), (খ) ও (গ)— কলিকাতা বিশ্ববিদ্যালয়কে প্রদত্ত স্বর্গত নীরোদচন্দ্র বসুমল্লিকের সম্পত্তিগুলি উদ্ধার করিবার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রাজ্য সরকারের নিকট এক আবেদন করেন। সমগ্র বিষয়টি বিবেচনার পর রাজ্য সরকার উক্ত সম্পত্তি উদ্ধার করিবার জন্য বিশ্ববিদ্যালয়কে আর্থিক সাহায্যের প্রতিশ্রুতি দিয়া আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেন। কলিকাতা বিশ্ববিদ্যালয় এখনও পর্যন্ত ঠিক কত পরিমাণ অর্থসাহায্য চাই তাহা জানান নাই।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই সম্পত্তির কোনও অংশ

বিশ্ববিদ্যালয় আদৌ দখল নিতে পেরেছেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** যতদূর সংবাদ পাওয়া গিয়েছে তাতে বলতে পারি যে মোট সম্পত্তির তিনটি অংশ তারা দখল নিতে পেরেছেন।

**শ্রী অমলেন্দ্র রায় :** যে অংশটা বাকি আছে সেটা কি অনধিকার প্রবেশকারীরা দখল করে আছে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** ১৫টি সম্পত্তি এই রকম অবস্থায় আছে যে নিরোদ বসু মল্লিকের পুত্র হামির বসু মল্লিক অবৈধভাবে সেগুলি লিজ দিয়েছেন অথবা বিক্রি করেছেন। সেগুলি নিয়ে বিশ্ববিদ্যালয় মামলা করার কথা চিন্তা করছেন।

**শ্রী অমলেন্দ্র রায় :** আপনি বললেন যে, বিশ্ববিদ্যালয় এখনও জানাননি যে এরজন্য কত টাকা দরকার আছে, সুতরাং রাজ্য সরকার টাকা পয়সা সেইভাবে দিতে পারেন নি। ১৯৭৬ সালে স্বর্গত নিরোদ বসু মল্লিকের পুত্র মারা গিয়েছে এবং তারপর থেকে এটা চলে আসছে, এখনও পর্যন্ত দখল নিতে পারা যায়নি। আমি জানতে চাই, সরকার টাকা দেবেন মামলা হবে—এই যে রাস্তা এই রাস্তা ছাড়া অন্য কোনও রাস্তার কথা চিন্তা করছেন কিনা বা বিবেচনা করছেন কিনা যাতে প্রচলিত আইন অনুযায়ী এই সম্পত্তিটা যেটা বিশ্ববিদ্যালয়ে দেওয়া হয়েছে সেটা অধিগ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে দেওয়া যায়। এ সম্বন্ধে কিছু চিন্তা করছেন কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** এই প্রশ্নটা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সরকারের কাছে রাখা হয়েছিল যে, যে সম্পত্তিগুলি অবৈধভাবে বা বেআইনিভাবে হামির বসু মল্লিক লিজ দিয়েছেন বা বিক্রি করেছেন সেগুলি সরকার আইন মাফিক অধিগ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে দিতে পারেন কিনা। এ ক্ষেত্রে এল. আর যে অভিমত দিয়েছেন সেটা হচ্ছে, এগুলি আইন করে যদি অধিগ্রহণ করা হয় তাহলে ক্ষতিপূরণ দেবার প্রশ্ন আছে। তারপর সরকারের কাছে এই প্রশ্নটি আসে যে, যে সম্পত্তি বিশ্ববিদ্যালয়ের নিজের সেই নিজের সম্পত্তির ব্যাপারে ক্ষতিপূরণ দেওয়াটা সমীচিন কিনা। বিশ্ববিদ্যালয়ের কাছে জিনিসটা আবার ফেরত পাঠানো হয়েছে এই বলে যে মামলার মাধ্যমে কি ব্যবস্থা গ্রহণ করা যায় সে বিষয়ে আলোচনা করুন। সমস্ত বিষয়টির ব্যাপারে সরকার বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ রেখে আলোচনা করছেন।

**শ্রী অমলেন্দ্র রায় :** বিনা ক্ষতিপূরণের দখল করার জন্য বিশেষ আইন তৈরির কথা সরকার ভাবছেন কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**মিঃ স্পিকার :** আই ডিসঅ্যালাউ দি কোয়েশ্চেন।

### মালদহ জেলায় পশুপালনকেন্দ্র ও হাসাপাতাল

***৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০।) ডাঃ গোলাম ইয়াজদানী :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলায় পশুপালন কেন্দ্র ও হাসপাতাল কোথায় কোথায় আছে ;

(খ) ঐ জেলার চাঁচলে একটি পশু হাসপাতাল খোলার কোনও পরিকল্পনা সরকারের

আছে কি ;

(গ) রাজ্যের বিভিন্ন পশুপালন কেন্দ্রগুলিকে প্রতি বছর কেন্দ্রপ্রতি গড়পড়তা কত টাকা দেওয়া হয় ; এবং

(ঘ) ভেটেরিনারি ডাক্তারকে পশুকেন্দ্রের বাইরে রোগগ্রস্ত পশু দেখিতে ডাকিলে তাহাকে পারিশ্রমিক হিসাবে টাকা দেওয়ার কোনও বিধান আছে কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ**

(ক) মালদহ জেলার মালদহ সদর, কালিয়াচক মানিকচক, গাজোল, সামসী ও হরিশচন্দ্রপুরে পশুপালন কেন্দ্র এবং মালদহ সদর ও হরিশ্চন্দ্রপুরে পশুচিকিৎসা হাসপাতাল আছে।

(খ) বর্তমানে ঐরূপ কোনও পরিকল্পনা নাই।

(গ) কেন্দ্রপ্রতি গড়ে প্রতিবছর প্রায় ৪৮,০০০ টাকা দেওয়া হয়।

(ঘ) হ্যাঁ, আছে।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই যে কেন্দ্রগুলি আছে, হাসপাতালগুলি আছে সেগুলি কি ব্লক হেড কোয়ার্টারে থাকার বিধান আছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** এই রকম কোনও বিধান নাই এবং আগেও ছিল না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** চাচোলে দুটি ব্লক আছে সেখানে কোনও হাসপাতাল নাই?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** নাই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ঐ সব কেন্দ্রের জন্য ৪৮ হাজার টাকা বরাদ্দ আছে। তার মধ্যে ঔষধের জন্য কত টাকা বরাদ্দ আছে? ঐ সমস্ত পশুপালন কেন্দ্রের যে টাকা বরাদ্দ আছে তার মধ্যে ঔষধ বাবদ কত টাকা বরাদ্দ আছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় সদস্য যদি প্রশ্নটা একটু ভাল করে দেখতেন তাহলে বুঝতেন। পশুপালন কেন্দ্র বলতে বুঝায় যেখানে পশু পালন করা হয় সেটা হাসপাতাল নয়। এই কেন্দ্রে গোপ্রজননের ব্যবস্থা আছে অর্থাৎ এগুলিকে এ আই সেন্টার বলা হয়। পশুপালন এবং পশু চিকিৎসা কেন্দ্র এক জিনিস নয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মালদা জেলার ১৬টি ব্লকের মধ্যে মাত্র ৩টি হাসপাতাল আছে। এই হাসপাতাল প্রসারে কোনও পরিকল্পনা কি সরকারের নেই?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় সদস্য আমার জবাবটা ভালো করে দেখুন। অনেক জায়গায় চিকিৎসার ব্যবস্থা আছে। মালদা শহরে দুটি পশু হাসপাতাল আছে এ ছাড়া ১৫টি ব্লকে পশু চিকিৎসালয় অর্থাৎ ডিসপেনসারি আছে, এছাড়াও ২৮টি পশু চিকিৎসা সহায়ক কেন্দ্র আছে, তারপর দুটি এড় সেন্টার আছে। এছাড়াও অতিরিক্ত সহায়ক কেন্দ্র আছে দুটি

এবং আরও ভ্রাম্যমান এ.সি. ভ্যান আছে দুটি। প্যারাসাইটিক কন্ট্রোল সেন্টার আছে একটি এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরি একটি আছে যেখানে রোগের পরীক্ষা-নিরীক্ষা হয়। মালদাতে পশু চিকিৎসার যে রকম ব্যবস্থা আছে এই রকম অনেক জেলাতেই নেই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** পশু চিকিৎসা কেন্দ্রের জন্য কত টাকা খরচ হয়?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** নোটিশ দিলে আমি বলে দেব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** বাইরে রোগগ্রস্ত পশুকে চিকিৎসা করলে টাকা দেবার বিধান আছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** ১৯৬৩ সালে কংগ্রেস গভর্নমেন্ট আমলে এই আইন তৈরি হয়েছিল। সেই আইন অনুযায়ী পশু চিকিৎসককে পারিশ্রমিক নেবার বিধান আছে। অর্থাৎ বাইরে চিকিৎসার ভেটেরনারি সারজেনদের ফি নেবার বিধান আছে। যে ভেটেরনারি ম্যানুয়াল আছে তাতে সিনিয়র ভেটেরনারি সারজেন অর্থাৎ ডবলিউ বি ভি এস গ্রেজ ওয়ান সেখানে তারা ফি পাবেন প্রতিটি কলের জন্য ৪ টাকা। তাছাড়া যিনি কল দিয়ে নিয়ে যাবেন তাকে যাতাযাতের খরচ দিতে হবে। আর জুনিয়র ভেটেরিনারি সার্জন যারা গ্রেড-২-এর লোক তারা পাবেন ২ টাকা এবং তাদেরও নিয়ে যেতে গেলে যাতায়াতের খরচ দিতে হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন গো-মড়ক দেখা দিলে কল দিয়ে এই ভেটেরিনারি টিমকে চিকিৎসার জন্য নিয়ে যেতে গেলে কি তাদের ফি দিতে হবে?

(নো রিপ্লাই)

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি পশু চিকিৎসার ব্যাপারে অনেকগুলি উত্তর দিয়েছেন। এই সম্পর্কে আমার প্রশ্ন হচ্ছে, ভাদ্র, আশ্বিন মাসে খুব বেশি ডগ বাইট হয়। যদি বড়বড় গরু, মহিষ, গাই বাছুর ইত্যাদিকে ডগ বাইট করে তাহলে এই হাসপাতালগুলিতে কি ভাবে কত লিটার ঔষধ দেবার ব্যবস্থা আছে। আমার দ্বিতীয় কথা হচ্ছে চাষীরা, গ্রামের যারা ক্ষতিগ্রস্ত মানুষ, যাদের গরু, মহিষকে ডগ বাইট করছে, তারা যাতে ১৬ টাকা হসপিটালে দিলে এই ঔষধ পায়। এগুলি কলকাতায় পাওয়া যায় কিন্তু সেখান থেকে আনতে গেলে এই সমস্ত গরিব মানুষের অনেক খরচ পড়ে যায়। কাজেই কত লিটার করে, কত বোতল করে এই ঔষধ হাসপাতাল থেকে দেওয়া হয় সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** জলাতঙ্ক রোগ প্রতিরোধ করার জন্য ভ্যাকসিনের ব্যবস্থা আছে। ডগ বাইটের যে কথা বললেন, প্রত্যেকটি পশু চিকিৎসা হাসপাতালে তার ব্যবস্থা আছে। তবে এটার কোনও মাপ জোপ করে দেওয়া নেই। যেখানে যে রকম প্রয়োজন হয় সেখানে সেই রকম দেওয়া হয়। আর মাননীয় সদস্য নিজেই বলেছেন যে এটার একটা দাম ধার্য আছে। কাজেই সেই দাম দিতে হয়। তবে কোনও কোনও ক্ষেত্রে অঞ্চল পঞ্চায়েত যদি সুপারিশ করেন দাম দেবার ক্ষমতা নেই বলে তাহলে সেই ক্ষেত্রে দাম ছাড় (free) দেওয়া হয়।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, তিনি বললেন যে সিনিয়র ভেটেরিনারি সার্জনের জন্য ৪ টাকা এবং জুনিয়র ভেটেরিনারি সার্জনের জন্য ২ টাকা। আপনি কি সংবাদ রাখেন যে ঐ ভেটেরিনারি সার্জনদের নিয়ে যেতে গেলে ১৫/১৬ টাকা দিতে হয়?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** এই ধরনের সংবাদ যদি আপনি অনুগ্রহ করে আমার কাছে পাঠান তাহলে আমি সেই সংবাদ নিয়ে তদন্ত করব। এখানে যে নিয়ম আছে তার যদি ব্যতিক্রম হয় তাহলে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

৩২—হেল্ড ওভার।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মিঃ স্পিকার অন এ পয়েন্ট অব প্রিভিলেজ আমার দুটো প্রশ্ন এসেছিল গত শুক্রবার ফার্স্ট, গত শুক্রবার সেইগুলো হেলড ওভার হয়ে যায়। আপনার ডিপার্টমেন্ট থেকে যদিও সেই প্রশ্নগুলো খুব প্রমপ্টলি পাঠিয়ে দিয়েছিল, কিন্তু আজ পর্যন্ত তার উত্তর আসে নি। আমার প্রিভিলেজ হচ্ছে কোয়েশ্চেন দেব, আর অ্যানসার পাব না, হেল্ড ওভার হয়ে যাবে? মন্ত্রী মহাশয় যদি অসুস্থ্য থাকতেন বা মন্ত্রী মহাশয় যদি না থাকতেন তাহলে বুঝতাম। কিন্তু তিনি এখানে উপস্থিত আছেন। ২৪/২৫টা প্রশ্ন দিয়েছি, কিন্তু সব হেল্ড ওভার হয়ে রয়েছে।

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রী মহাশয় ইচ্ছাকৃতভাবে স্থগিত রাখেন নি। হয়ত তার ডিপার্টমেন্ট ইনফর্মেশন জোগাড় করতে পারেন নি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আমি যদি বলি এটা ইনটেনশন্যালি করা হচ্ছে? কারণ আমার অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন আছে। হেড মাস্টার স্কুলে ঢুকতে পারছেন না—ল অ্যান্ড অর্ডারের অনেক প্রশ্ন আছে, আমার মনে হয় এই সবগুলো খুব শ্রুডলি করা হচ্ছে। আপনি মন্ত্রী মহাশয়দের উত্তর দিতে বাধ্য করুন।

**মিঃ স্পিকার ঃ** আমি বাধ্য করতে পারি না। তবে অধিবেশন আরম্ভ হওয়ার এক দেড় সপ্তাহ পর্যন্ত উত্তর পেতে অসুবিধা হয়, এটা সকলেই জানেন। তারপর সব ঠিক হয়ে যাবে।

**ডঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** বিগত দুটি সেশনেও এই জিনিস আমরা দেখেছি। আমার প্রশ্ন অ্যাকসেপ্টেড হয়েছে, আমরা সেইগুলোর রিটিন অ্যানসার তো পেতে পারি? কিন্তু তাও আমরা পাইনি।

**মিঃ স্পিকার ঃ** আজকে দেখুন, আমার কাছে তিন পাতা প্রশ্ন আছে, প্রত্যেক পাতায় ৬টি করে প্রশ্ন, এরমধ্যে আবার চারটি হেল্ড ওভার আছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** এর মধ্যে আমার দুটি হেল্ড ওভার। ব্যক্তিগত ভাবে আমার প্রশ্নগুলো স্থগিত রাখা হচ্ছে। হোয়াই?

**মিঃ স্পিকার ঃ** আপনি এর দ্বারা কতগুলি এগোচ্ছেন সুনীতি বাবু?

**শ্রী সুনীতি চট্টরাজ :** আপনার প্রটেকশন যদি না পাই, তাহলে কি আমরা হাউসে আসব না? আমরা কোয়েশ্চেন দেব না?

**শ্রী রজনীকান্ত দোলুই :** আমাদেরও অনেক প্রশ্ন হেল্ড ওভার হয়ে রয়েছে।

**মিঃ স্পিকার :** কেন, ধীরেনবাবুর প্রশ্ন তো প্রথমদিন থেকেই আছে।

**বেসরকারি ও স্পনসর্ড কলেজগুলিকে অর্থ সাহায্য**

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০১।) **শ্রী অনিল মুখার্জি :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় সরকারি ও বেসরকারি কলেজের সংখ্যা কত ;

(খ) বেসরকারি কলেজের আওতায় কি স্পনসর্ড কলেজগুলি পড়ে ; এবং

(গ) যদি না পড়ে তবে বেসরকারি ও স্পনসর্ড কলেজগুলিতে সরকারি অর্থ সাহায্যের নিয়ম কি?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(ক) পশ্চিমবাংলায় সরকারি ও বেসরকারি কলেজের সংখ্যা নিম্নরূপ—

**সরকারি কলেজ**

| | |
|---|---|
| ১) কলা/বিজ্ঞান/বাণিজ্য কলেজ | —১৫ |
| ২) ট্রেনিং কলেজ | —১১ |
| ৩) জনতা কলেজ | —২ |
| ৪) শিল্প ও কারু কলেজ | —১ |
| ৫) কারিগরি মহাবিদ্যায় | —৬ |
| | ৩৫ |

**বেসরকারি কলেজ (স্পনসর্ড সহ)**

| | |
|---|---|
| ১) কলা/বিজ্ঞান/বাণিজ্য কলেজ | —২২৭ |
| ২) ট্রেনিং কলেজ | —১৪ |
| ৩) সঙ্গীত মহাবিদ্যালয় | —২ |
| ৪) শিল্প ও কারু মহাবিদ্যালয় | —১ |
| ৫) কারিগরি মহাবিদ্যালয় | —২ |
| | ২৪৬ |

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্ন ওঠে না।

**রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভারড্রাফ্‌ট গ্রহণ**

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৩।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** অর্থ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকারের নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভারড্রাফ্‌ট নিয়ে কাজ চালিয়েছেন ; এবং

(খ) সত্য হইলে কত টাকা ঐভাবে ওভারড্রাফ্‌ট লওয়া হইয়াছে?

**ডঃ অশোক মিত্র ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সরকার রিজার্ভ ব্যাঙ্ক থেকে ২৩ কোটি ৭৩ লক্ষ টাকা পর্যন্ত সাময়িক ঋণ নির্ধারিত নিয়ম-অনুযায়ী পেতে পারেন। সম্প্রতি কোনও কোনও সময়ে এই অঙ্কের চেয়ে বেশি পরিমাণ ওভার ড্রাফট হিসাবে নেওয়া হয়েছে।

(খ) বৎসরের বিশেষ বিশেষ সময়ে রাজস্ব আদায় এবং ব্যয়ের মধ্যে অসামঞ্জস্যের দরুন রাজকোষের উপর যে মরশুমী চাপ পড়ে তা এড়ানোর জন্য রাজ্য সরকারের পক্ষে রিজার্ভ ব্যাঙ্ক থেকে স্বল্পকালীন মেয়াদে ওভার ড্রাফট নেওয়া ছাড়া গত্যন্তর থাকে না। নির্দিষ্ট সময়ে কেন্দ্রীয় ঋণ পরিশোধ, আন্তঃরাজ্য হিসাবের মধ্যে সমন্বয়সাধন, প্রাকৃতিক দুর্যোগ যথা খরা, বন্যাজনিত সংকট মেটানো ইত্যাদি কারণে এই ওভার ড্রাফট নেওয়ার প্রয়োজন হয়। ১৯৭৯ সালে, ১৫ই মার্চ সর্বাধিক ২০ কোটি ৫৭ লক্ষ টাকা রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভার ড্রাফট বাবদ নেওয়া হয়েছিল। ১৯৭৯ সালের ১৬ই মার্চ তারিখেই ঐ ওভারড্রাফট সম্পূর্ণ পরিশোধ করা হয়।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন যে, ২৩কোটি ৭০ লক্ষ টাকা পর্যন্ত সাময়িক নির্ধারিত নিয়ম অনুযায়ী ওভার-ড্রাফট নেওয়া যায় এবং ১৫ই মার্চ ১৯৭৯ সালে আপনি ২০ কোটি ৫৭ লক্ষ টাকা ওভার-ড্রাফট নিয়েছেন, এটা কি কেন্দ্রীয় সরকারের অনুমতি অনুযায়ী নেওয়া হয়েছে?

**ডঃ অশোক মিত্র ঃ** আপনি আমার কথাটা বুঝতে পারেননি। আমি বলেছি ২৩ কোটি ৭০ লক্ষ টাকা পর্যন্ত সাময়িক ক্রেডিট পাওয়া যায়। তারপর নিলে সেটা ওভারড্রাফট হয়। আমরা ১৫ই মার্চ পর্যন্ত ২০ কোটি ৫৭ লক্ষ টাকা নিয়েছি। কিন্তু ঐ তারিখ পর্যন্ত কেন্দ্রের কাছে আমাদের প্রাপ্য ছিল ১৫৭ কোটি টাকার মতো। বছর শেষ হতে চলেছে, অথচ তখনও কেন্দ্র সেই টাকা দিচ্ছে না বলেই আমাদের টাকা নিতে হয়েছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি ওভারড্রাফট প্রসঙ্গে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে কেস করবেন বলেছিলেন, আপনি কি কেস করেছেন?

**ডঃ অশোক মিত্র ঃ** আমি ওভারড্রাফটের ব্যাপারে সুপ্রিম কোর্টে কেস করব বলিনি। আমি বলেছিলাম যে, যে-নতুন নিয়ম ১লা অক্টোবর ১৯৭৮ সাল থেকে চালু করা হয়েছিল সেটা রাজ্য সরকারগুলির সঙ্গে আলোচনা না করেই করা হয়েছিল। সেই জন্য আমরা বলেছিলাম যে, ঐ বিশেষ ব্যবস্থায় আমরা রাজি নই, আমরা আমাদের রাজ্যের অধিবাসীদের

প্রয়োজনে ওভারড্রাফট নেব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** কেন্দ্র যেক্ষেত্রে অনুমতি দিচ্ছে না, সেক্ষেত্রে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন?

**ডঃ অশোক মিত্র :** আমরা কেন্দ্রীয় সরকারকে বার বার বলেছি যে, ওভারড্রাফট-এর ব্যাপারে আমাদেরও একটা দৃষ্টিভঙ্গি আছে। সুতরাং সমস্ত রাজ্যগুলির সঙ্গে আলোচনা করে একটা নীতি ঠিক করুন। তা করতে তারা রাজি হননি। তখন আমরা বলেছি যে, আমাদের প্রয়োজন হলেই আমরা ওভারড্রাফট নেব। আর একটা কথা হচ্ছে এখন কেন্দ্রীয় সরকারের অনুমতিরও প্রয়োজন নেই, কারণ কেন্দ্রে এখন কোনও সরকারের অস্তিত্বই নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, কেন্দ্রে কোনও সরকার নেই, সুতরাং আলোচনার দরকার নেই। এখন যদি টাকার প্রয়োজন হয় তাহলে কি তিনি রাষ্ট্রপতির কাছে আবেদন জানাবেন?

**ডঃ অশোক মিত্র :** হ্যাঁ, প্রয়োজন হলে রাষ্ট্রপতির অনুমতি নিতে হবে। আপাতত কেন্দ্রীয় সরকারে এবং রিজার্ভ ব্যাঙ্কে এমনই একটা নৈরাজ্য দেখা দিয়েছে যে, এর ফলে কোনও বিষয়ের কোনও হিসাব-নিকাশেরই বালাই থাকছে না। কত টাকা ছাড়া হচ্ছে, কি হচ্ছে, না হচ্ছে, কোনও হিসাব নেই। এই রকম একটা অবস্থা চলছে। সুতরাং এই অবস্থার মধ্যে আমরা আছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বর্তমানে কেন্দ্রে কোনও সরকার নেই। তাহলে বর্তমানে কেন্দ্রে যে চরণ সিংবাবু আছেন, উনি কে?

**ডঃ অশোক মিত্র :** ওটা তত্ত্বাবধায়ক সরকার, ওদের কাছে থেকে কোনও নীতি নির্ধারণ হতে পারে না।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে, কেন্দ্রীয় সরকার কি বামফ্রন্ট সরকার তথা সি.পি.এম. সরকার অর্থের অপব্যয় করছিল বলেই ওভারড্রাফট বন্ধ করে দিয়েছিল?

**ডঃ অশোক মিত্র :** না। আমার কাছে প্ল্যানিং কমিশন এবং কেন্দ্রীয় অর্থ দপ্তরের চিঠি আছে এবং তাতে বলা হয়েছে যে, ১৯৭৭ সালের পর পশ্চিমবাংলায় যে নতুন অর্থ-ব্যবস্থা চালু হয়েছে তা অনেক রাজ্যের পক্ষেই অনুকরণ এবং গ্রহণযোগ্য।

**শ্রী সুনীতি চট্টরাজ :** আমি যদি কেন্দ্রীয় অর্থমন্ত্রীর চিঠি মাননীয় অর্থমন্ত্রীকে লেখা দেখাতে পারি যে, তাতে ওর অযোগ্যতা এবং অপব্যয়ের কথা বলা হয়েছে, তাহলে উনি সেই চিঠি দেখে কি ব্যবস্থা নেবেন?

**ডঃ অশোক মিত্র :** এই রকম কোনও চিঠি আমার আছে আসেনি। কেন্দ্রীয় অর্থমন্ত্রী যদি আপনার কাছে চিঠি পাঠিয়ে থাকেন তাহলে সেটা আপনার ব্যাপার।

**শ্রী সুনীতি চট্টরাজ :** আমি যদি দেখাতে পারি তাহলে কি আপনি রিজাইন করবেন?

**ডঃ অশোক মিত্র :** না, রিজাইন করব না। আমি চিঠি পাইনি।

[1-40 — 1-50 P.M.]

**মিঃ স্পিকার :** আপনারা হাইপোথেটিক্যাল কোয়েশ্চেন করবেন না।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কেন্দ্রে কোনও সরকার নেই। তাহলে তদারকি সরকার কি সরকার নন?

**মিঃ স্পিকার :** এটার কোনও উত্তর হয় না। সবাই বুঝতে পেরেছেন কোন কনটেকস্টে উনি বলেছেন, কারও এটা বুঝতে অসুবিধা হয়নি। সুতরাং এটা কোনও প্রশ্ন নয়।

**বিভিন্ন ব্লকে ভেটেরেনারি সার্জেনের খালি পদ**

***৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০।) **শ্রী জন্মেজয় ওঝা :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি ব্লকে ভেটেরিনারি সার্জেনের পদ খালি আছে ; এবং

(খ) এই পদগুলি পূরণের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি :**

(ক) মোট ১০৭টি পদ খালি আছ।

(খ) ঐ খালি পদগুলি পূরণের জন্য পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনকে জানানো হইয়াছিল। কমিশন মাত্র ৭৬ জন যোগ্য পশুচিকিৎসকের নাম গত ২৪.৪.৭৯ তারিখে পাঠাইয়াছেন। ঐ ৭৬ জনকে নিয়োগের জন্য সংশ্লিষ্ট কাগজ পত্রাদি পরীক্ষা করা হইতেছে এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট যথাস্থানে চাওয়া হইয়াছে। প্রার্থীদের ভেরিফিকেশন রিপোর্ট ও মেডিক্যাল রিপোর্ট সন্তোষজনক হইলে নিয়োগের ব্যবস্থা করা হইবে। অবশিষ্ট ৩১টি শূন্যপদে নিয়োগের জন্য সম-সংখ্যক যোগ্য পশুচিকিৎসকের নাম পাঠানোর জন্য পাবলিক সার্ভিস কমিশনকে অনুরোধ করা হইয়াছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন, বামফ্রন্ট সরকারের আমলে কি পুলিশ ভেরিফিকেশন ব্যবস্থা বহাল আছে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি :** পুলিশ ভেরিফিকেশন মানে তার অতীত জীবনের কিছু কার্যকলাপ—এই রিপোর্ট নিশ্চয়ই পুলিশকে নিতে হবে এবং এই সরকারি ব্যবস্থা বরাবরই আছে। এটা শুধু পশ্চিমবাংলায় নয় গোটা ভারতবর্ষেই আছে কিন্তু তার মানে এই নয় যে রাজনৈতিক কারণে। আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ঠিক করেছেন রাজনৈতিক কারণে কেউই অযোগ্য বলে বিবেচিত হবেন না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** এই ৭৬ জন পশুচিকিৎসকের নাম কোন তারিখে পেয়েছেন এবং এটা কমপ্লিট করতে কতদিন লাগবে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** এটা পেয়েছি গত ২৪.৪.৭৯ তারিখে এবং এই ৭৬ জনের নিয়োগের জন্য কাগজ-পত্রাদি পরীক্ষা করা হইতেছে এবং পুলিশ ভেরিফিকেশন এবং মেডিক্যাল রিপোর্ট চাওয়া হয়েছে—সেইজন্য দেরি হচ্ছে। আমরা চেষ্টা করছি যাতে খুব তাড়াতাড়ি হয় কারণ এখনও ১০৭টি পদ খালি আছে।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** কাঁথি পশু হাসপাতালে বহুদিন যাবত কোনও পশু চিকিৎসক নাই এবং সেখানে এ.ডি.ভি.ও কাজ চালিয়ে যাচ্ছেন—মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি কবে নাগাদ ঐসব পদে চিকিৎসক নিয়োগ হবে?

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন। কারণ ৩৬৫টি ব্লক ডিসপেনসারি আছে এবং তার মধ্যে ২২৮টি ব্লক ডিসপেনসারিতে ডাক্তার নেই, বাকি ১০৭টি পদের জন্য আমরা পাবলিক সার্ভিস কমিশনের কাছে লোক চেয়েছিলাম, তারমধ্যে ৭৬টি পেয়েছি। সুতরাং কাজের খুবই অসুবিধা হচ্ছে। একজন ডাক্তারকে দুটি করে ব্লক ডিসপেনসারি দেখতে হচ্ছে এবং তাতে কাজের অসুবিধা হচ্ছে। আমরা তাড়াতাড়ি করবার চেষ্টা করছি এবং পাবলিক সার্ভিস কমিশনকে বলেছি অচিরেই যাতে চাহিদামতো লোক পাঠানো হয়।

* ৩৬ (স্থগিত)

**কলেজ শিক্ষকদের বেতন পুনর্বিন্যাস**

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮।) **অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কতগুলি কলেজে নতুন বেতনহার প্রকল্প অনুযায়ী শিক্ষকদের বেতন পুনর্বিন্যাসের কাজ সম্পন্ন করা হয়েছে ;

(খ) কতগুলি কলেজে উক্ত বেতন, পুনর্বিন্যাসের কাজ এখনও বাকি আছে ; এবং

(গ) কবে নাগাদ ঐ কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(ক) ২০০ টি কলেজের শিক্ষকদের বেতন নতুন বেতন ক্রমে ধার্য হইয়াছে।

(খ) ৪৪টি কলেজের শিক্ষকদের বেতন নতুন বেতনক্রমে ধার্যের কাজ এখনও বাকি আছে ;

(গ) বাকি শিক্ষকদের বেতনক্রম ধার্যের কাজ হাতে নেওয়া হইয়াছে। যথাসম্ভব দ্রুততার সহিত এই কাজ সম্পন্ন করার নির্দেশ দেওয়া হইয়াছে।

**পঞ্চায়েতের সভায় যোগদানের জন্য নির্বাচিত মাধ্যমিক শিক্ষকদের বিশেষ ছুটি**

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৪।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক গত ১৯শে মার্চ, ১৯৭৯ তারিখের মৌখিক উত্তরের প্রশ্নাবলির ২২তম তালিকায় প্রকাশিত তারকিত প্রশ্ন নং *৩৩৬ (অনুমোদিত প্রশ্ন নং *৮০২)-এর উত্তরের উল্লেখপূর্বক জানাইবেন কি, পঞ্চায়েত সংস্থাসমূহে নির্বাচিত মাধ্যমিক

বিদ্যালয়ের শিক্ষক সদস্যদের পঞ্চায়েতের সভাগুলিতে যোগদানের **জন্য** বিশেষ ছুটি মঞ্জুরের ব্যাপারটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী পার্থ দে :**

সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ সমূহকে প্রয়োজনীয় নির্দেশাবলি পাঠাতে সরকার পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদকে অনুরোধ করেছেন যাতে পঞ্চায়েতের সভায় যোগদান করবার জন্য শিক্ষক সদস্যগণ বিশেষ নৈমিত্তিক ছুটি (Special Casual Leave) পান। জানা গেছে পর্ষদ অনুরূপ সিদ্ধান্ত বিজ্ঞাপিত করেছেন।

**শ্রী মনোরঞ্জন রায় :** কত তারিখে চিহ্নিত করেছেন জানাবেন কি?

**শ্রী পার্থ দে :** সরকারি সিদ্ধান্ত অনুযায়ী নোটিফিকেশন নং ১৫৪১ ই.ডি.এন ১৫/১২/৫৭ তারিখে চালু করা হয়েছিল, পরবর্তী পঞ্চায়েতের ব্যাপারে ১৮.৫.৭৯ তারিখে সরকারের তরফ থেকে পরিষদকে চিঠি দিয়ে জানিয়ে দেওয়া হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** স্পেশ্যাল ক্যাজুয়াল লিভ যেটা ধার্য হবে সেটা উইথ পে, না উইদাউট পে?

**শ্রী পার্থ দে :** ক্যাজুয়াল লিভ সব সময় উইথ পে-ই হয়।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই যে নোটিফিকেশন ইস্যু করা হয়েছে সেটা পঞ্চায়েতের সদস্যদের কাছে জানানো হয়েছে কি?

**শ্রী পার্থ দে :** আমাদের পঞ্চায়েতের সদস্যদের কাছে পাঠাবার কথা নয় আমাদের পরিষদের বোর্ডের কাছে পাঠাবার কথা। কারণ হিসেবটা সংশ্লিষ্ট বিদ্যালয়ে আছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র :** ক্যাজুয়াল শেষ হয়ে যাবার পরও যদি ক্যাজুয়াল ছাড়া কোনও পঞ্চায়েত সদস্য যদি আরও বেশি ছুটি নেয়, কামাই করে তাহলে কি সেটা স্বীকার করে নেওয়া হবে?

**শ্রী পার্থ দে :** বিধিবদ্ধভাবে যে নৈমিত্তিক ছুটি আছে এটা তা নয়, এটা বিশেষ নৈমিত্তিক ছুটি, কারণ হিসাবে বলা হয়েছে যে পঞ্চায়েতের কোনও সভায় যোগদান ইত্যাদি কোনও কাজের জন্য এই বিশেষ নৈমিত্তিক ছুটি পাবেন।

**শ্রী বিমলকান্তি বসু :** পঞ্চায়েত অফিসে যারা যুক্ত রয়েছেন তাদের দৈনিক অফিস করতে হয়, সে ক্ষেত্রে পুরো দিনগুলি কি ক্যাজুয়াল হিসাবে গণ্য হবে?

**মিঃ স্পিকার :** এটা বাইরে আলোচনা করে দেবেন।

### উচ্চ মাধ্যমিক শিক্ষকদের স্থায়ীকরণ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির (একাদশ-দ্বাদশ শ্রেণী) শিক্ষক ঘাটতি পূরণের জন্য যেসব শিক্ষক এক বছরের জন্য নিযুক্তি হয়েছিলেন তাদের স্থায়ীকরণের প্রশ্নটি সম্পর্কে সরকার কি চিন্তা করিতেছেন?

**শ্রী পার্থ দে ঃ**

এক বছরের জন্য কোনও শিক্ষক নিয়োগের অনুমতি সরকার দেয় নাই। কাজেই স্থায়ীকরণের কোনও প্রশ্ন ওঠে না। এর সঙ্গে আমি আর একটু বলতে চাই যে, উচ্চ মাধ্যমিক বা ১২ ক্লাসের জন্য কিছু পদ সৃষ্টি করা হয়েছে। সেই পদগুলি এক এক বছরের জন্য নয়। সাময়িক ভাবে পুরা সময়ের জন্য সৃষ্টি করা হয়েছে এক একটা বিদ্যালয়ে ২ জন করে। সুতরাং কোনও পদ শুধু মাত্র এক বছরের নয়। এটা সাময়িক ব্যবস্থা। একটা পূর্ণাঙ্গ স্টাফ প্যাটার্ন তৈরি করার আগে এই ব্যবস্থায় কাজ করা হবে। এখন যেভাবে কাজ করা হচ্ছে তাতে মনে হয় পূর্ণাঙ্গ স্টাফ প্যাটার্ন তৈরি হয়ে যাবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** যাদের নিযুক্ত করা হয়েছিল এম.এ. বা অনার্স তাদের ক্ষেত্রে বি.এড. বা বি.টি. লাগবে না কিন্তু ইমপ্লিমেন্ট হচ্ছে না এর কারণ কি?

**শ্রী পার্থ দে ঃ** উচ্চ মাধ্যমিক ক্লাসে পড়ানোর জন্য কোনও ট্রেনিং কমপালসারি নয়।

**শ্রী বিমল বোস ঃ** কলেজগুলিতে যে সমস্ত হায়ার সেকেন্ডারি আছে সেখানে কি একই নীতি অনুসরণ করা হচ্ছে?

**শ্রী পার্থ দে ঃ** কলেজের লেকচারার অ্যাপয়েন্টের যা নিয়ম সেই ভাবেই হবে।

## Vacant post of Principal of Rampurhat College

***40.** (Admitted question No. *3.) **Shri Sasanka Sekhar Mondal :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) if it is a fact that the post of Principal of Rampurhat College remains vacant ;

(b) if so—

(i) the period from which the said post is remaining vacant, and

(ii) when it is expected to be filled up ?

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ**

(a) হ্যাঁ।

(b) (i) কলেজের রিপোর্ট হইতে জানা যায় যে পদটি ১৯৭৭ সালের ডিসেম্বর মাস হইতে খালি আছে।

(ii) বেসরকারি কলেজে অধ্যক্ষ নিয়োগের জন্য যে Panel তৈয়ারি করা হইয়াছিল তাহা হইতে একটি নাম কলেজ কর্তৃপক্ষের নিকট ২৩/১১/৭৮ তারিখে প্রেরণ করা হয়। কিন্তু যাহার নাম প্রেরণ করা হইয়াছিল তিনি কাজে

যোগদান করেন নাই। নতুন (panel) হইতে আর একটি নাম কলেজ কর্তৃপক্ষের নিকট সত্বর প্রেরণ করা হইবে।

**শ্রী শশাঙ্কশেখর মণ্ডল:** রামপুরহাটে প্রিন্সিপ্যালের পদ কতদিন থেকে খালি আছে ও কবে পূরণ হবে?

**শ্রী শম্ভুচরণ ঘোষ:** আমি তার উত্তর দিয়ে দিয়েছি।

**শ্রী সুনীতি চট্টরাজ:** প্যানেল থেকে প্রিন্সিপাল হিসাবে যার নাম পাঠিয়ে ছিলেন সেই ভদ্রলোক বামফ্রন্ট সরকারের ব্যর্থ শিক্ষা নীতির প্রতিবাদে জয়েন করতে গেলেন না এই কথা কি সত্য?

**মিঃ স্পিকার:** সেটা উনি কি করে জানবেন।

***৪১ ও ৪২ স্থগিত রহিল।**

**মালদহ প্রাথমিক শিক্ষক নিয়োগে ইনজাংশন**

***৪৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪।) **ডাঃ গোলাম ইয়াজদানী:** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ইহা কি সত্য যে, মালদহ জেলার স্কুল বোর্ডের অধীনে প্রাথমিক বিদ্যালয়গুলিতে নতুন শিক্ষক নিয়োগের উপর কোর্টের "ইনজাংশন" রহিয়াছে?

**শ্রী পার্থ দে:** হ্যাঁ, তবে এ ছাড়া আমি বলছি যে দুটি মামলার কথা আমার জানা আছে তাতে এই ধরনের ইনজাংশন অর্ডার আছে যে, if any appointment be made that will be subject to the decision of the rule.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র:** আপনি কি জানেন যে স্কুল বোর্ডের সভাপতি এই রায়কে অমান্য করে অনেক অ্যাপয়েন্টমেন্ট দিয়েছে যারজন্য ইনস্পেকটার বিল করতে রাজি হচ্ছেন না?

**শ্রী পার্থ দে:** এ খবর আমার জানা নেই। কোর্টের রায়ে যেভাবে বলা হয়েছে তাতে অমান্য করার সুযোগ নেই কারণ তাতে আছে if any appointment is made that will be subject to the decision of the rule. আর কোনও সমস্যা আছে কিনা জানিনা।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র:** কয়েকটা কনটেমট অফ কোর্ট হাইকোর্টে দাখিল হয়েছে বলে জানেন কি?

**শ্রী পার্থ দে:** আদালতের আদেশ কেউ অমান্য করবেন না এটাই নিয়ম।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র:** আপনার সঙ্গে স্কুল বোর্ডের সভাপতির টেলিফোনে কথা বলায় আপনি নাকি তাকে বলে দিয়েছেন যে অ্যাডভোকেট জেনারেলের ওপিনিয়ন হচ্ছে যে আপনি অ্যাপয়েন্টমেন্ট দিয়ে যান।

**শ্রী পার্থ দে :** এটা একটা অবান্তর প্রশ্ন। এক একটা প্রশ্ন করলে তার উত্তর দেব—যেমন প্রথম প্রশ্ন করুন যে টেলিফোনে কথা হয়েছিল কিনা—তার উত্তর হ্যাঁ তারপর সেখানে অ্যাপয়েন্টের ব্যাপারে কোনও সমস্যা হয়েছিল কিনা—তার উত্তর হচ্ছে হ্যাঁ, তৃতীয় প্রশ্ন করুন যে—মন্ত্রী মহাশয় সভাপতিকে হাইকোর্টের অর্ডার অমান্য করতে আদেশ দিয়েছিলেন কিনা? তার উত্তর হচ্ছে না।

**বেসরকারি কলেজে মাসিক 'পে-প্যাকেট'**

* ৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩।) **শ্রী অনিল মুখার্জি :** শিক্ষা (উচ্চতর) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বেসরকারি কলেজে কোন্ তারিখ হইতে মাসিক পে-প্যাকেট-এর ব্যবস্থা হইয়াছে ;

(খ) যেসব বেসরকারি কলেজে মাসিক পে-প্যাকেট-এর ব্যবস্থা আছে তাহাদের কি কি নিয়ম অনুসরণ করিতে হয় ; এবং

(গ) ঐ সব কলেজগুলির অধ্যাপকদের বকেয়া বেতন কিভাবে এবং কবে নাগাদ দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী শম্ভুচরণ ঘোষ :**

(ক) ১৯৭৮ সালের ফেব্রুয়ারি মাস হইতে।

(খ) যে সব বেসরকারি কলেজ মাসিক "পে-প্যাকেটের" আওতায় আসিয়াছে তাহাদের সাধারণত নিম্নে বর্ণিত নিয়মগুলি অনুসরণ করিতে হয়—

১) পূর্ববর্তী ৩ মাসের আয়ের শতকরা ৭৫ ভাগ সরকারি কোষাগারে জমা দেবার প্রমাণ পত্র শিক্ষা অধিকর্তার নিকট পেশ করিতে হয়।

২) পূর্ববর্তী ৩ মাসের অনুদানের যথার্থ হিসাব দাখিল করিতে হয়।

৩) আইনানুসারে payment করা ইত্যাদি সম্পর্কে কলেজ কর্তৃপক্ষকে সার্টিফিকেট দিতে হয়।

৪) অগ্রিম অনুদান (৩ মাসের মাহিনা) একসঙ্গে প্রদান করার জন্য কলেজ কর্তৃপক্ষকে বিল ও প্রয়োজনীয় কাগজপত্র শিক্ষা অধিকর্তার নিকট পেশ করিতে হয়। কোষাগারগুলি সংশ্লিষ্ট কলেজকে ৩ মাসের অনুমোদিত অনুদানের ১/৩ অংশ প্রতি মাসে দিয়া থাকে।

(গ) আইনানুসারে ১৯৭৮ সালের ফেব্রুয়ারি মাস হইতে বেসরকারি কলেজের শিক্ষক এবং শিক্ষা কর্মীদের বেতন দেওয়ার দায়িত্ব সরকার গ্রহণ করিয়াছেন।

*৪৫ হেল্ড ওভার

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### জাতীয় সমর শিক্ষার্থীদের বকেয়া ভাতা

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় গত মার্চ ১৯৭৮ হইতে জাতীয় সমর শিক্ষার্থী বাহিনীর শিক্ষার্থী ও শিক্ষকদের ভাতাদি বাকি আছে এরূপ কোনও সংবাদ সরকারের গোচরে আসিয়াছে কি ; এবং

(খ) আসিয়া থাকিলে, ঐ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শিক্ষা (প্রাথমিক মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী :**

(ক) না।

(খ) এই প্রশ্ন ওঠে না।

### শিক্ষকদের সন্তানদের বিনা বেতনে উচ্চ-মাধ্যমিক পড়ার সুযোগ

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, শিক্ষক-শিক্ষিকাদের ছেলেমেয়েদের মাধ্যমিক বিদ্যালয়ের ন্যায় উচ্চ-মাধ্যমিক (একাদশ-দ্বাদশ শ্রেণী) বিদ্যালয়ে বিনা বেতনে শিক্ষাদানের ব্যবস্থা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক ও গ্রন্থাগার) বিভাগের মন্ত্রী :**

আপাতত নাই।

**Mr. Speaker :** Question hour is over.

## Adjournment Motion

[2-10 — 2-10 P.M.]

**মিঃ স্পিকার :** আমি আজ শ্রী শামসুদ্দিন আহমেদ মহাশয়ের কাছ থেকে একটা মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। শ্রী আহমেদ পশ্চিমবঙ্গে আইন শৃঙ্খলা পরিস্থিতির বিষয় আলোচনা করতে চেয়েছেন। আইন-শৃঙ্খলা সম্পর্কে এখানে আলোচনা করার কথা আছে। তাছাড়া প্রচলিত আইনের মধ্যে এর প্রতিকার আছে। সুতরাং এই বিষয়ে মুলতুবি প্রস্তাবের উপর আলোচনা হতে পারে না। আমি তাই এই মুলতুবি প্রস্তাবে আমার অসম্মতি জ্ঞাপন করছি। তবে সদস্য মহাশয় ইচ্ছা করলে সংশোধিত অংশটুকু পড়তে পারেন।

**Shri Shamsuddin Ahmed :** This Assembly do now adjourn to discuss a matter of urgent public importance and of recent occurrence, viz., the incidents of dacoity, unchecked movements of anti-socials, forcible realisation of fines by Gana Adalat, murders, lifting of cattles, forcible

›ccupation of lands, eviction of bargadars, etc., have become normal ıffairs throughout West Bengal. Lifting of cattles and frequent dacioty n Kaliachak P.S. in the district of Maldah are causing worries to the ›eace living public of the area.

**Calling Attention to Matters of Urgent Public Importance:**

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দুটি দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি, যথা ঃ—

১। মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার বন্যা—এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন শ্রী আব্দুল হাসানাৎ খান।

২। বিদ্যুতের দাম বৃদ্ধি—এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন শ্রী শামসুদ্দিন আহমেদ।

আমি মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমার বন্যা বিষয়ের উপর শ্রী আব্দুল হাসনাৎ খান কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় আজকে এই বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**Shri Hasim Abdul Halim:** Reply will be given on next day.

**মিঃ স্পিকার ঃ** এনি ওয়ে যদি তাড়াতাড়ি মন্ত্রী মহাশয় এসে যান তাহলে দিয়ে দেবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমার কিছু বক্তব্য আছে। গত ১শে আগস্ট হাউসে বসে যখন আমরা দ্রব্যমূল্য বৃদ্ধির উপর উদ্বেগ প্রকাশ করে প্রস্তাব হণ করছি সেদিন পশ্চিমবাংলার সর্বত্র এস ইউ সি-র আহ্বানে এই মূল্যবৃদ্ধি, বিদ্যুৎ সংকট এবং ভাষা ও শিক্ষানীতির প্রতিবাদে যখন ব্যাপক গণ আইন অমান্য হচ্ছিল তখন বীরভূম, বর্ধমান এবং ডায়মন্ডহারবারে পুলিশ অত্যন্ত নির্মমভাবে আইন অমান্যকারীদের উপর লাঠিচার্জ করে এবং টিয়ার গ্যাস চালায় এবং তার ফলে নারী শিশু নির্বিশেষে পুলিশের এই বর্বর আক্রমণে আহত হয় কয়েকশত মানুষ এবং আরও নির্মম ঘটনা হচ্ছে স্বেচ্ছাসেবকরা যখন রক্তাপ্লুত অবস্থায় ওই আহত ব্যক্তিদের উদ্ধার করতে যায় তখন পুলিশ তাদেরও পেটাতে সুর করেনি। আজ পর্যন্ত তারা হাসপাতালে ভুগছে। আমি বামফ্রন্ট সরকারের এই পুলিশি অত্যাচারের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং বামফ্রন্ট সরকারের এই যে রাজনৈতিক সিদ্ধান্ত অর্থাৎ তারা গণতান্ত্রিক আন্দোলনকে পুলিশ দিয়ে নির্মমভাবে দমন করবে, আন্দোলনকারীদের উপর পুলিশ নির্মমভাবে অত্যাচার করবে আমি তারও তীব্র প্রতিবাদ জানাচ্ছি, মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি এই ব্যাপারে একটা বেসরকারি তদন্ত কমিশন গঠন করতে হবে। আমরা এই পুলিশি অত্যাচারের জন্য ধিক্কার জানিয়ে আজকে হাউস পরিত্যাগ করছি।

(At this stage the members of the S.U.C.I. walked out from the chamber).

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, আমিও এই ব্যাপারে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এটা অত্যন্ত জঘন্য ব্যাপার যে গণতান্ত্রিক আন্দোলনের ক্ষেত্রে পুলিশ এইভাবে অত্যাচার করে এবং আমরা দেখেছি বিগত দুবছর ধরে এটা চলছে। আমি মনে করি বৃটিশ রাজত্বের রেকর্ড এই বামফ্রন্ট সরকার, জ্যোতিবাবুর পুলিশদল ম্লান করে দিয়েছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ রাখছি তিনি যেন গণতান্ত্রিক অন্দোলনের ক্ষেত্রে এরকমভাবে পুলিশের অত্যাচার আর না চালান।

## Mention Cases

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্গাপুরে এ ভি পি ওয়ার্কমেন স্টাফরা তাদের বিভিন্ন দাবি দাওয়া নিয়ে ১৫ই জুন থেকে স্ট্রাইক করে এবং এই স্ট্রাইক ডেকেছিল সিটু এবং আই এন টি ইউ সি তাদের সমর্থন করে। কিন্তু দেখা গেল আই এন টি ইউ সি-র ৩৫জন কর্মী এবং সিটুর ৫ জন কর্মী এই মোট ৪০ জন কর্মী দীর্ঘদিনের কর্মচ্যুত অবস্থায় আছে। এই সমস্ত কর্মীরা যাতে তাদের কর্ম ফিরে পায়, ম্যানেজমেন্ট যাতে তাদের কর্মের ব্যবস্থা করেন আমি সেইজন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি এই স্ট্রারইক উইথড্র করার ব্যবস্থা করে সেখানে শান্তি ফিরিয়ে আনুন।

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষর্ণ করছি। গত যুক্তফ্রন্ট সরকারের প্রেরণায় অনেক শিক্ষিত যুবক অর্গানাইজিং টিচার হিসেবে স্কুল করেছে এবং তারা এই অপেক্ষায় আছে যে সরকার তাদের স্বীকৃতি দেবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় মালদহতে তাদের আন্দোলন অত্যন্ত নির্মমভাবে দমন করা হচ্ছে এবং তাদের ন্যায্য দাবিকে অস্বীকার করছে। আমি অনুরোধ করছি মালদহতে অর্গানাইজিং টিচারদের যে আন্দোলন চলছে তাতে শিক্ষামন্ত্রী তাদের ন্যায্য দাবি পূরণ করুন এবং তাদের দাবি মেনে নিয়ে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করুন।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ট্যাক্সিওয়ালাদের অত্যাচার এই বিধান সভায় বহুবার আলোচিত হয়েছে, কিন্তু মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়, থেকে কোনও কিছু হয়েছে বলে মনে হচ্ছে না। আজকে খবরের কাগজে দেখলাম মোহন বাগানের প্লেয়ারদের বিমান বন্দরে কিভাবে নিগৃহীত করা হয়েছে এবং তাদের দুটো ঘড়ি চলে গেছে। আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি প্রত্যেকদিন ট্যাক্সির ব্যাপারে আমাদের যেভাবে ভুগতে হয়, তারা কথা শোনেনা, দুপুর বেলায় রাত্রে ডবল ভাড়া দিয়ে হাওড়ায় যেতে হয়। আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ইমিডিয়েটলি এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন। আমি নিজে কমপ্লেন দিয়েছি কোনও রেজাল্ট হয় না। আমি বলছি কমপ্লেন গেলে পরে সঙ্গে সঙ্গে একটা ব্যবস্থা যাতে গ্রহণ করা হয় সেরকম ইনস্ট্রাকশন পুলিশকে দিন এবং তাদের সামনে ঘটনা ঘটলে তারা যাতে সাক্ষী হয় এবং যাতে রেকর্ড করে তার ব্যবস্থা করুন।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া শহরে একটা অংশের মধ্যে দিয়ে রেল লাইন চলে গেছে, সেই রেল লাইন থাকার জন্য সেখানে গেট

আছে, সে গেট বন্ধ থাকে প্রায়ই। তার উপর একটা পরিকল্পনা হয়েছিল যে রাস্তার উপর একটা হাই ওয়ে ব্রিজ হবে। সেই পরিকল্পনা অনেক দিন আগে নেওয়া হয়েছিল। আমি যখন ওখানে যাই সেখানে রেলের সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার এবং পুরুলিয়া রোডে ইঞ্জিনিয়ার তারা ইন্সপেক্ট করে একটা প্ল্যান এবং এসটিমেট তৈরি করে দিয়েছিলেন এবং আমি মাননীয় মুখ্যমন্ত্রীর অফিস থেকে চিফ সেক্রেটারির কাছ থেকে চিঠি পাই যে সেটা নাকি রেলওয়ে বোর্ডের চেয়ারম্যানের কাছে পাঠানো হয়েছে। কিন্তু তার পরে আর কাজ প্রসিড করেনি। কিছু জায়গা ল্যান্ড একুইজিশন করতে হবে, তবে সেটা হয়ত এখানে পড়ে আছে আর বাকি কাজগুলি আমরা সব করে দিয়েছি। এই টাকাটা সেন্ট্রাল গভর্নমেন্ট ৫০ পারসেন্ট দেবে আর স্টেট গভর্নমেন্ট ৫০ পারসেন্ট দেবে। এই কাজটা যাতে তাড়াতাড়ি করা হয় তার জন্য অনুরোধ করছি। ওখানে কোনও ডাক্তার গেলে ওপারে দাঁড়িয়ে থাকলে ওপাশে যেতে পারে না, কোনও কোনও সময় প্রায় ১ ঘণ্টা দাঁড়িয়ে থাকতে হয়। সেখানকার জনসাধারণকে বিশেষ দুর্ভোগে ভুগতে হয়। আমি আশাকরি আমাদের এখানে থেকে এই স্কীমের কাজটা যাতে তাড়াতাড়ি করা হয় সেজন্য যেন মাননীয় মুখ্যমন্ত্রী একটু নজর দেন।

**শ্রী সন্তোষ রাণা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার গোচরে আনতে চাই এবং সরকারের এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে চাই। গোপীবল্লভপুর থানা তথা সমস্ত ঝাড়গ্রাম মহকুমা অনাবৃষ্টির ফলে প্রায় সেখানে দুর্ভিক্ষ অবস্থা চলছে। গত ৭ দিনে অন্তত ১০ জন লোক না খেতে পেয়ে অথবা অখাদ্য কুখাদ্য খেয়ে মারা গেছে। লোকে গাছের পাতা খাচ্ছে এমন ধরনের খাদ্য যেগুলি খেতে পারে না। অশ্বত্থ গাছের পাতা সেগুলি পর্যন্ত মানুষ সিদ্ধ করে খাচ্ছে। সেখানে লোকের কোনও কাজ নেই, এখন ফুড ফর ওয়ার্ক বা ঐ ধরনের কোনও কাজ নেই। সরকারের কাছে রিলিফের জন্য অনেক রকমের আবেদন করে কোনও রকম কোনও বন্দোবস্ত করা যায়নি। এই রকম অবস্থা কি চলবে, মানুষ কি না খেতে পেয়ে মরবে—সরকার কি কোনও রকম ব্যবস্থা গ্রহণ করবেন না? আমার কাছে সেখানকার অনেকগুলি অঞ্চলের প্রধান এবং গ্রাম পঞ্চায়েতের প্রধান তারা অনেক চিঠি পাঠিয়েছেন সেই চিঠিগুলি আমি আপনার কাছে জমা দিচ্ছি। আমি দাবি করছি অবিলম্বে সরকারের পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করা হউক যাতে মানুষ অনাহারে না মরে।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থিত করতে চাই। কলকাতা পৌরসভার আর্থিক সংকট আমরা সকলেই জানি। সেই আর্থিক দুরবস্থা আরও সংকটাপন্ন কিভাবে কলকাতা শহরের কায়েমী স্বার্থবাদীরা করছে তার কয়েকটি দৃষ্টান্ত উপস্থিত করতে চাই। পৌরসভার আর্থিক সংকট এমন যে প্রতি মাসে লক্ষ লক্ষ টাকা রাজ্য সরকারকে ঘাটতি পূরণ করবার জন্য দিতে হয়। অথচ আর্থিক কাঠামো ভেঙ্গে দেবার জন্য শহরের কায়েমী স্বার্থবাদীরা আইনের সুযোগ নিয়ে, কলিকাতা পৌরসভা আইন, ১৯৫৮, সেই আইনের ত্রুটিবিচ্যুতি সুযোগ নিয়ে তারা ফাঁকি দিচ্ছে, কিভাবে লক্ষ লক্ষ টাকা তারা দিচ্ছেনা। আমি নাম করে বলছি কিভাবে লক্ষাধিক টাকা তারা ফাঁকি দিয়ে যাচ্ছে। রামনাথ ঝুনঝুনওয়ালা—২ লক্ষ ২০ হাজার টাকা, ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়া—১৫ লক্ষ টাকা।

**মিঃ স্পিকার ঃ** নাম বলা ঠিক নয় কারণ তারা এখানে উপস্থিত নেই। তাদের নাম

বললে তারা তার জবাব দিতে পারবেনা। আপনি টেকিং অ্যাডভানটেজ অব দি ফ্লোর অব দি হাউস নাম বলবেন না।

**শ্রী শচীন সেন ঃ** আমি আপনার নিদের্শ মেনে নিচ্ছি, আমি নাম করছি না, শুধু সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। যাদের সিভিক অ্যামেনিটিস যে পৌরসভা দিতে পারে না আর্থিক সংকটের জন্য সেখানে যারা আজকে এই পৌরসভার আর্থিক সংকটাপন্ন অবস্থাকে আরো সংকটাপন্ন করবার চেষ্টা করছে সরকার তাদের বিরুদ্ধে যথপোযুক্ত ব্যবস্থা করুন এটাই আমি চাই।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা দীর্ঘ দিনের সমস্যার কথা আমি আজকে উপস্থাপিত করতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয় পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় বিদ্যুৎ সরবরাহ কম আছে। কিন্তু বাঁকুড়া শহরে দৈনিক বিদ্যুতের চাহিদা হচ্ছে ১০ মেগাওয়াট। এই ১০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরহের মধ্যে বাঁকুড়া শহরে ও বড় বড় গ্রামগুলি যে রয়েছে সেখানে দিনের মধ্যে প্রায় অধিকাংশ সময় বিদ্যুৎ থাকে না। এটা কিন্তু লোডশেডিং-এর জন্য নয়, মানুষের ধারণা লোড শেডিং হচ্ছে কিন্তু তা নয় প্রশাসনিক গাফিলতির জন্য হচ্ছে। দুর্গাপুর থেকে বেলতোড় হয়ে বাঁকুড়ায় বিদ্যুৎ সরবরাহ করা হয় সেখানে বিদ্যুতের তারের অবস্থা এমন পর্যায়ে এসেছে যে বান্ডেল-এর ট্রান্সফরমার ডাউন থেকে আপ করা হয় তখন হাই ভোল্টেজ পাশ করার জন্য এই সমস্ত তারগুলি পুড়ে যায় ফলে অধিকাংশ সময় বিদ্যুৎ পাওয়া যায় না। আবার সেই হাই টেনশন বৈদ্যুতিক তারগুলি মেরামত করে যখন বিদ্যুৎ সাপ্লাই করা হবে তখন লোডশেডিং শুরু হয়। অর্থাৎ বিদ্যুৎ সাপ্লাই দিলে তার পুড়ে যায় আবার তা মেরামত করে বিদ্যুৎ দেবার সময় লোড শেডিং হয়। বাঁকুড়া জেলায় বিভিন্ন জায়গায় বিশেষ করে বাঁকুড়া শহরে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যেন প্রশাসনকে এবং নতুন করে লাইন তৈরি করে তাড়াতাড়ি মানুষের দুর্গতি দূর করার ব্যবস্থা করা হয়। ১৯৫৬ সাল থেকে আমরা বলে আসছি।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী সুধাংশুশেখর মাঝি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার প্রত্যেক ব্লকে আজকে খরা দেখা দিয়েছে। আমি কয়েকদিন আগে দেখে এলাম সেখানে মাত্র ৫ পারসেন্টে রোঁয়া লাগানো হয়েছে, কিন্তু এমন প্রচন্ড রোদ যে সেটাও নষ্ট হয়ে গেছে এবং এই এলাকার সমস্ত নিশ্চিহ্ন হয়ে গেছে। এই অবস্থায় অনুরোধ করি যে সেখানে যত তাড়াতাড়ি সম্ভব আর ডবলিউ পি এবং এফ এফ ডবলিউ স্কীম যেন চালু করা হয় এবং পুরুলিয়া জেলাকে খরা এলাকা বলে যেন ঘোষণা করা হয়। আমি এ বিষয়ে মাননীয় ত্রাণ মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সি পি এম সরকারের লোকাল সেলফ গভর্নমেন্টের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৫/৭/৭৯ তারিখে একটা পিটিশন জয়েন্ট সেক্রেটারি শ্রী দিলীপকুমার ব্যানার্জি, ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল এমপ্লয়ীজ ফেডারেশনের তরফ থেকে জানান যে পশ্চিম বাংলার ১২ মিউনিসিপ্যাল

এমপ্লয়ীজ লাগাতর ধর্মঘটে নামছে ১১/৯/৭৯ তারিখ থেকে। এ বিষয়ে তাদের কতগুলি দাবির কথা পৌরমন্ত্রী মহাশয়কে জানানো হয়েছে ২৫/৭/৭৯ তারিখে। একেতো পশ্চিমবাংলার মিউনিসিপ্যাল শহরে জঞ্জাল জমছে, কোনও নর্দমা পরিষ্কার হচ্ছে না, কোনও কাজও হচ্ছেনা, অপচয় হচ্ছে ট্যাক্স আদায় হচ্ছেনা এদের/ এমপ্লয়ীদের অযোগ্যতার ফলে এই জিনিস ঘটছে, এতে মন্ত্রী মহাশয়ের যদি ঘুম না ভাঙে তাহলে একে কুম্ভকর্ণের নিদ্রা বলতে হবে। যুগান্তরে আজকে তিন তারিখে বেরিয়েছে, স্টেটসম্যানে ১ তারিখে বেরিয়েছে, বসুমতীতে এক তারিখে বেরিয়েছে, মিঃ দিলীপ ব্যানার্জি স্পেসিফিক অ্যালিগেশন করছে, আমি একটু পড়ে দিচ্ছি Mr. Dilip Banerjee, Joint Secretary of the Federation alleged at a press conference in Calcutta on Friday that many workers were not confirmed. About 3000 workers belonging to the CPI(M) had been given jobs although thier names were not registered with the Employment Exchange, he said. স্পেসিফিক অ্যালিগেশন আছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে যে সমস্ত বেকারের নাম আছে, সেখান থেকে নয়, সি পি এম ক্যাডাররা কিছু টাকা পয়সা নিয়ে চাকুরি দিচ্ছে, পৌর মন্ত্রী বে-আইনিভাবে তাদের চাকুরি দিচ্ছেন সি পি এম সরকারেরর নীতি অমান্য করে। তার কাছে এই যে লাগাতর ধর্মঘটের নোটিশ দেওয়া হয়েছে, এই সম্বন্ধে তিনি কি করছেন? তিনিতো কিছুদিন পি জি হাসপাতালে ঘুমিয়ে এসেছেন, কিন্তু যতক্ষণ জেগে আছেন, ততক্ষণ তিনি যেন এই ব্যাপারে একটা মীমাংসা করার চেষ্টা করেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোকসভার নির্বাচনের আগে এনুমারেটার, লোক গণনা যারা করবেন, তাদের অ্যাপয়েন্টমেন্ট শুরু হয়েছে। কিন্তু খুবই দুঃখ এবং দুর্ভাগ্যের বিষয় যে এই এনুমারেটার অ্যাপয়েন্ট ব্যাপারে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি থেকে বি ডি ও এবং এস ডি ও অফিসে চিঠি দিয়ে লিস্ট দাখিল করা হয়েছে, যাদের মধ্য থেকে প্রত্যেক বুথে একজন করে এনুমারেটর অ্যাপয়েন্ট করতে হবে। আমার কাছে একটা কাগজ আছে, বহু কষ্ট করে এটা আমি সংগ্রহ করেছি, তাতে দেখছি যে সি পি এম পার্টির প্যাডে এক একটা ব্লকের লিস্ট তৈরি করেছে। গতবার যারা এই কাজ করেছিল যাদের এক্সপেরিয়েন্স আছে, তাদের সুযোগ না দিয়ে, তাদের অ্যাপয়েন্টমেন্ট না দিয়ে, যারা গণনা করেছিল সেই লোকদের অগ্রাধিকার না দিয়ে এবারে যাদের অ্যাপয়েন্ট করা হচ্ছে তাদের এমপ্লয়মেন্ট একচেঞ্জ থেকে নেওয়া হয়নি, অন্য কোথাও থেকে নেওয়া হল না, রবিবার রাত্রে রেডিও গ্রাম গেল, সোমবার দিন সকাল থেকে শুরু হয়ে গেল নেওয়া। কোনও অঞ্চল প্রধানের সঙ্গে আলোচনা করা হল না, কোনও পঞ্চায়েত প্রধানের সঙ্গে আলোচনা করা হল না, আলোচনা করা হল একটি রাজনৈতিক দলের সঙ্গে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সঙ্গে এবং তাদের সঙ্গে আলোচনা করে এই এনুমরেটার অ্যাপয়েন্ট করা হল। আপনার মাধ্যমে এই অনুরোধ করছি এ বিষয়ে দেখতে। আজকে অরুন সেন নির্বাচনী কমিশনার হয়েছেন, যিনি গত পঞ্চায়েত নির্বাচনে অত্যন্ত রিগিং করেছিলেন, আবার সেই ভদ্রলোককে বসানো হয়েছে এবং আমি আজকে বিধানসভায় অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি যে এই লোকসভার নির্বাচনে শুরু থেকেই নির্বাচনের প্রথম পর্যায়েই রিগিং করা শুরু হয়ে গেছে, বিডিও-কে সরাসরি নির্দেশ দেওয়া হয়েছে সাহায্য করার জন্য এবং থ্রেটেন করা হচ্ছে এই লিস্ট অনুযায়ী লোক নিতে, যদি না নেন তবে তাকে ট্রান্সফারের ভয় দেখানো হচ্ছে চাকুরির ভয় দেখান হচ্ছে, ট্রান্সফারের

ভয় দেখান হচ্ছে, আমার মনে হয় বিধানসভায় এই ব্যাপার অগ্রাধিকার পাওয়া উচিত এবং আপনার দেখা উচিত আমি যে অভিযোগ করছি সে সম্বন্ধে। আপনি ২৪ ঘন্টার মধ্যে খবর নিন—২৪ পরগনার জেলা শাসকের কাছে খবর নিন—আমি কাল এবং পরশু দিন মিলিয়ে ২৬টা ব্লক অফিসে ঘুরেছি। সেখানে প্রতিটি ব্লক অফিসের খবর হচ্ছে এই যে আমাদের কিছু করবার নেই, আমাদের কাছে লিস্ট এনে দিয়েছে। আমার আপনার কাছে অনুরোধ, আপনি অবিলম্বে বলুন যে পুরানো যে .সমস্ত এনুমারেটারস ছিল, যারা গণনার কাজ করেছে, যাদের দক্ষতা আছে তাদের আগে নিয়োগ করতে। তাদের বাদ দিয়ে পার্টি ক্যাডার দিয়ে এই সমস্ত করে নির্বাচনের প্রথম রিগিং বন্ধ করা হোক, প্রথম রিগিং-এর এই পদক্ষেপ স্তব্ধ করে দেওয়া হোক। স্যার, যদি অবাধ ও সুষ্ঠু নির্বাচন আমরা করতে চাই তাহলে, আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব, আজকে আমার এই বক্তৃতার পর অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন এবং হাউসে স্টেটমেন্ট দিন।

**শ্রী সুনীল বসু রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আপনার মাধ্যমে দু-একটি কথা এই হাউসে রাখতে চাই। স্যার, আগামী ১৪ই সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ সহ ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলে কেন্দ্রীয় সরকারের মালিকানাধীন এবং পরিচালনাধীন বিভিন্ন সংস্থার শ্রমিক কর্মচারীরা ধর্মঘট করার নোটিশ দিয়েছেন। এর কারণ হচ্ছে, প্রচলিত যে ব্যবস্থা রয়েছে ত্রিপাক্ষিক আলোচনার তাতে ব্যুরো অব পাবলিক এনটারপ্রাইজ যেভাবে হস্তক্ষেপ করে তার ফলে আলোচনাগুলি ঠিকভাবে নিষ্পত্তি হয় না। স্যার, এর ফলে যে শ্রম অশান্তি দেখা দেবে এবং তার ফলে শিল্পের উৎপাদনের ব্যাপারে যে বিঘ্ন দেখা দেবে তা যাতে না হয় তারজন্য আমাদের রাজ্য সরকার রাষ্ট্রপতির দৃষ্টি আকর্ষণ করুন এবং তিনি যাতে ব্যবস্থা অবলম্বন করেন তারজন্য অনুরোধ করুন এই অনুরোধ রাখছি।

**Shri Ramzan Ali:** Mr. Speaker Sir, I want to draw the kind attention of the Health Minister regarding the opening of one Subsidiary Health Centre at Torial. The building was completed in the year 1977, but still it was not open. Doctors and staff were not provided. People are agitating because the hospital is situated in the interior and there is no possibility of getting any medical aid by the people residing in the area. I would therefore request the Minister to be kind enough to open the said hospital to provide medical facilities to the people who are residing in that area.

**শ্রী শামসুদ্দিন আহমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য খুব সহজ, সরল। মাননীয় পঞ্চায়েতমন্ত্রী অনুপস্থিত, আমি একটি কেলেঙ্কারির কথা বলব। স্যার, মালদহ জেলার কালিয়াচক-এর তিন নং ব্লকের অধীন বীরনগর গ্রামপঞ্চায়েতে ৫০টি জি.আর.-এর টোকেন জনৈক বীরনগর গ্রামপঞ্চায়েতের সদস্য আত্মসাত করেছেন। তার সঙ্গে একজন পঞ্চায়েত সমিতির সদস্য—আমি নাম করছি না স্যার, তার কারণ নাম করলে আপনি আপত্তি করেন। (**শ্রী সুনীতি চট্টরাজঃ** নাম বলুন) নাম আমি বলব না। (**শ্রী সুনীতি চট্টরাজঃ-** কোন পার্টি বলুন।) ঐ পার্টি, ঐ সি.পি.এম। স্যার তাদের সম্বন্ধে লোকেরা ক্যাটিগরিক্যালি কমপ্লেন

বি.ডি.ওর কাছে করেছেন। থানায় কোনও কিছু না নেওয়াতে বি.ডি.ও'র কাছে আপত্তি দাখিল করা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও কোনও ব্যবস্থা এখনও পর্যন্ত নেওয়া হয়নি। স্যার, গরিব লোকেদের ৫০টি জি.আর.-এর টোকেন এইভাবে আত্মসাত করা হয়েছে। সেখানে টোকেন নাম্বার সহ ক্যাটিগরিক্যালি কমপ্লেন দেওয়া সত্ত্বেও কোনও ব্যবস্থা এখনও পর্যন্ত হচ্ছে না। আমি এ ব্যাপারে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। আমার অনুরোধ, এ বিষয়ে যেন ব্যবস্থা নেওয়া হয়। এখন দেখছি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় এলেন, তাকে বলছি, কালিয়াচকের তিন নং ব্লকের অধীন বীরনগর গ্রাম পঞ্চায়েতের জনৈক গ্রাম পঞ্চায়েত সদস্য এবং সেখানে থেকে নির্বাচিত জনৈক পঞ্চায়েত সমিতির সদস্য জি.আর.-এর টোকেন আত্মসাত করেছেন। সেখানে এ সম্পর্কে নির্দিষ্ট কেস বি.ডি.ও অফিসে পড়ে থাকা সত্ত্বেও কোনও অ্যাকশন হয়নি। এ সম্বন্ধে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেই পুরানো কথা আবার বলছি সেই টেলিফোন সংক্রান্ত ব্যাপার। এটা একটা বিশেষ যন্ত্রণা হয়ে পড়েছে। এবং আমরা ভীষণভাবে তার জন্য দুর্ভোগ ভোগ করছি। যে টেলিফোন এক্সচেঞ্জ রয়েছে সেই এক্সচেঞ্জের ভিতর কেবল কথা বলা যায় বাইরে কোনও কথা বলা যায় না। এটা একটা অস্বস্তিকর ব্যাপার। আমি আপনাকে চিঠি লিখেছিলাম আপনি সেটা যথাযোগ্য জায়গায় পাঠিয়ে দিয়েছিলেন। শুধু আমাদের নয়, সকলের যাতে সুব্যবস্থা হয় তার জন্য জেনারেল ম্যানেজার ও অপারেটিং ম্যানেজারকে বুঝিয়ে দেওয়া দরকার আছে যে তারা যদি এর একটা সুরাহা না করেন তাহলে পশ্চিমবঙ্গে এই টেলিফোন ব্যবস্থার বিরুদ্ধে ভীষণ বিক্ষোভ সৃষ্টি হবে। সুনীতিবাবুরা টেলিফোন বিলের টাকা দেয় নি। আমরা কিন্তু তা দিয়ে দিই।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত নির্বাচনের আগে বামফ্রন্ট সরকার জোর গলায় বলেছিলেন যে গ্রামে গঞ্জে এবং গ্রাম বাংলার চুরি ডাকাতি বন্ধ করবেন।

**মিঃ স্পিকার :** কবে বলেছিলেন?

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** স্যার, নির্বাচনের আগে বলেছিলেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে আজ আড়াই বছর পূর্ণ হবার পরেও গ্রামবাংলার সেই চুরি ডাকাতি বন্ধ হল না। বরং পশ্চিম দিনাজপুরের সীমান্ত এলাকায় চুরি ডাকাতি বেড়েই চলেছে। এই কিছুদিন আগে রাধিকাপুর অঞ্চলে লং মার্চ যখন হয় তখন আমি সেখানে গিয়েছিলাম। সেখানকার স্থানীয় লোকেরা জানাল।

**মিঃ স্পিকার :** আপনি তো রোজই ঐ একই কথা বলেন। আপনি বসুন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** হ্যাঁ স্যার রোজই বলতে হচ্ছে। কারণ সেখানকার গ্রামের মানুষ অতিষ্ট হয়ে পড়েছে। একদিকে খরা চলছে জলের অভাব সাধারণ কৃষক ধান রুইতে পারছে না আর অন্য দিকে তাদের গরু চুরি হচ্ছে, লাঙ্গল চুরি হচ্ছে। আপনি বলছেন রোজ

বলছেন। রোজ তো বলবই নিশ্চয় বলব। যাতে সত্বর এর একটা সুরাহা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার ঃ** এ কি রকম কথা। আপনি আমার সঙ্গে কো-অপারেট করুন। আমি যখন বসতে বলেছি তখন আপনি বসলেন না। এটা ডিসওবিডিয়েন্টের কাজ হয়েছে।

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মাননীয় পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি জোড়াবাগান অঞ্চলে একটা অমানুষিক পুলিশের নির্যাতনের ঘটনার দিকে। ২৮শে আগস্ট, মঙ্গলবার, ২৬ নম্বর জোড়াবাগান স্ট্রিট নিবাসী একটি হরিজন যুবক যিনি জনতার কর্মী নাম লছমন পাল। পেশায় হকার তিনি যখন নতুন বাজার থেকে তার কাজকর্ম সেরে আসছিলেন তখন ব্রজকুমার শেঠ লেনে ৩টি পানোন্মত্ত পুলিশ কর্মচারী, তাদের পরিচয় একজনের নাম চৌবে, আর একজন এর নাম তেওয়ারী এবং তৃতীয় ব্যক্তির নাম আমার কাছে আসেনি। এরা তখন নেশায় চুর হয়ে ছিল। তারা তখন ডিউটিতে ছিল কিনা আমি জানিনা। কিন্তু তারা একে জিজ্ঞাসাবাদ করে অকারণে নির্মম ভাবে প্রহার করতে থাকে এবং এই প্রহারের জন্য তারা কেবল মাত্র হাতের উপর নির্ভর করেছে তা নয়। লোহার রড দিয়ে তাকে পিটিয়ে সর্বাঙ্গে ক্ষত বিক্ষত, রক্তাক্ত করেছে। তারপর সেই যুবককে জোড়াবাগান থানায় নিয়ে সারা রাত্রি লক আপে আটকে রেখেছে। এই রক্তাক্ত ছেলেটি চিৎকার করেছে তাকে এক ফোঁটা জলও দেওয়া হয়নি, খাবারের তো প্রশ্নই আসে না, কোনও চিকিৎসক ডেকেও তারা তার চিকিৎসার ব্যবস্থাও করে নি। পরের দিন সকাল বেলায় ওখানকার স্থানীয় জনতা কর্মীরা গিয়ে ওকে জামিনে ছাড়িয়ে নিয়ে মেয়ো হাসপাতালে ভর্তি করিয়ে দেয়। আমি মেয়ো হাসপাতালে গিয়ে ছেলেটিকে দেখে এসেছি। এখনও সে গুরুতর ভাবে অসুস্থ। তার সমস্ত ক্ষত স্থান দিয়ে রক্ত ঝরছে। এই অত্যাচারের যদি কোনও প্রতিবিধান সরকার না করেন এবং এইভাবে যদি পুলিশ নিরীহ মানুষের উপর অত্যাচার চালাতে থাকে তাহলে ব্যক্তি স্বাধীনতা, গণতান্ত্রিক অধিকার ইত্যাদি শব্দগুলি শূন্য গর্ভ হয়ে যায়। তাই, আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব যে উদ্ধত, দুর্বিনীত এই পুলিশগুলির বিরুদ্ধে তিনি যেন তদন্ত করে যথাযথ ব্যবস্থা অবলম্বন করেন এবং একটা দৃষ্টান্তমূলক শাস্তি দেবার ব্যবস্থা করেন যাতে ভবিষ্যতে এই রকম ভাবে নিরীহ নাগরিকের উপর কোনও পুলিশ অত্যাচার করতে সাহস না করে।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। লগন জুট ম্যানুফ্যাক্চারিং কোম্পানির এই কারখানায় ১৯৬৭-৬৮ সালে ১১ জন শ্রমিককে কর্তৃপক্ষ ছাঁটাই করেছিল। তারপর তৎকালীন যুক্তফ্রন্টের শ্রমমন্ত্রী তিনি উভয় পক্ষের বক্তব্য শুনে ছাঁটাই না করার জন্য আবেদন করেছিলেন এবং শ্রমিকদের ফিরিয়ে নেবার জন্য বলেছিলেন। বর্তমানে কিন্তু তারা তা নেন নি। তারপর কংগ্রেস সরকার শেষ পর্যন্ত সেই সমস্ত ফাইল টাইল সেখান থেকে সরিয়ে ফেলেছিলেন গভর্নমেন্ট দপ্তর থেকে। এবারে আবার বামসরকার আসার পর তৎকালীন শ্রমমন্ত্রী কৃষ্ণপদ ঘোষ মহাশয়ের কাছে আমরা জানিয়েছিলাম এবং ইতিমধ্যে অর্থাৎ ১০ বছরের মধ্যে ১১ জন শ্রমিক অনাহারে শেষ পর্যন্ত মারা গেছে এবং ১০ জন শ্রমিক আছে। গত বছর এই কারখানাটি

অধিগ্রহণ করা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার এটা অধিগ্রহণ করেছেন। আমি ব্যক্তিগত ভাবে এই ব্যাপারে জর্জ ফার্নান্ডেজের সঙ্গে কথা বলেছি যখন তিনি এখানে এসেছিলেন। তারপর তার মন্ত্রিসভা উল্টে গেছে এবং তিনি চলে যাবার পর শ্রমমন্ত্রী নির্দেশ দিয়েছেন যে ঐ কারখানার কর্তৃপক্ষ বর্তমান শ্রী আর. এন. সেনকে কিন্তু এখনও পর্যন্ত তারা এই শ্রমিকদের ফিরিয়ে নেয় নি। এই সমস্ত বেআইনি ছাঁটাই শ্রমিকদের ফিরিয়ে নেবার ব্যাপারে অনেক জায়গায় দৃষ্টান্ত আছে। সে জন্য আপনার মাধ্যমে বিশেষভাবে অনুরোধ যে সরকার এই ব্যাপারে নজর দেবেন এবং সরকার যাতে নির্দেশ দেন যে কোনও অবস্থাতেই এই ১০ জন শ্রমিককে না ফিরিয়ে নিয়ে বাইরে রাখা উচিত নয়।

[2-40 — 2-50 P.M.]

## LEGISLATION

### The West Bengal Multi-storeyed Building Tax Bill, 1979

**Dr. Asoke Mitra :** Sir, I beg to introduce the West Bengal Multi-storeyed Building Tax Bill, 1979, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, the Calcutt High Court in the case of Basanti Debi Saraogi vs. The state of West Bengal declared the West Bengal Multi-storyed Building Tax Act, 1975, as amended, to be unconstitutional on the ground that the impugned Act violated Art. 14 of the Constitution of India as a result of which large amount of tax already collected were required to be refunded with a view to evercoming the situation arising out of the said Calcutta High Court Judgment, the West Bengal Multi-storeyed Building Tax Ordinance, 1979 was promulgated on the 15th June, 1979 when the Assembly was not in session.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asoke Mitra :** Sir, I beg to move that the West Bengal Multi-storeyed Building Tax Bill, 1979, be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমার সামান্য কয়েকটি বক্তব্য আছে। ১৯৭৫ সালে পূর্বতন সরকার বহুতল বিশিষ্ট বাড়ির উপর কর আরোপ করার ব্যাপারে একটা আইন প্রণয়ন করেন। ঐ আইনে বলে দেন, যেখানে এই ধরনের অট্টালিকা থাকুক না কেন, যদি নগর এলাকায় থাকে তাহলে প্রতি স্কয়্যার মিটারে একটাকা করে কর দিতে হবে। পরে ১৯৭৭ সালে আমরা এই বিধিটা অদল বদল করি আমরা বলি, এটা ঠিক নয়, বড় অট্টালিকা, ছোট অট্টালিকা, বেশি মজবুত বাড়ি, কম মজবুত বাড়ি, ইত্যাদি আছে, তাছাড়া ছোট ফ্ল্যাট, বড় ফ্ল্যাট এর উপর কর এক হওয়া ঠিক নয়। সেই জন্য আমরা এই বিধিটিতে বলি যে ফ্ল্যাটের আয়তনের পরিমাণ অনুসারে করের পরিমাণ কম বেশি হওয়া উচিত। এই ব্যাপারে একটি সংশোধনী আনা হয় এবং তারপর সেটা সংশোধিত আইনে পরিণত হয়। তাতে বলা ছিল ৫০ স্কয়্যার

মিটার পর্যন্ত যদি ফ্লোর স্পেস হয় তাহলে প্রতি স্কয়্যার মিটারের জন্য ৫০ পয়সা করে কর দিতে হবে। ৫০ এর উপর থেকে ১০০ স্কয়্যার মিটার পর্যন্ত ফ্ল্যাটের যদি আয়তন হয়, তাহলে প্রতি বছর প্রতি স্কয়্যার মিটারের জন্য ১ টাকা করে কর দিতে হবে। ১০০ থেকে ২০০ স্কয়্যার মিটার পর্যন্ত যদি আয়তন হয় তাহলে প্রতি বছর প্রতি স্কয়্যার মিটারের জন্য ৩ টাকা করে কর দিতে হবে এবং ২০০'এর বেশি যদি হয় তাহলে ৫ টাকা করে কর দিতে হবে। তারপর আমরা যোগ করে দিই এই সব অট্টালিকা যদি বাণিজ্যিক ব্যাপারে বা শিল্পের ব্যাপারে ব্যবহৃত হয় তাহলে সেই সব অট্টালিকার প্রতি স্কয়্যার মিটারের জন্য ৭ টাকা করে বছরের কর দিতে হবে। ১৯৭৭ সালে বিধি অনুযায়ী কর আদায় হতে পারত। কিন্তু ইতিমধ্যে মহামান্য কলকাতা হাইকোর্টে একটি কেস দায়ের করা হয় এই বিধির বিরুদ্ধে, তাতে অনেক কিছু বলা হয় সংবিধান বিরোধী ইত্যাদি বলে। কিন্তু গত ৫ই মার্চ তারিখে মহামান্য কলকাতা হাইকোর্ট রায় দেন—অনেকগুলি ব্যাপার নিয়ে ওখানে প্রশ্ন করা হয়েছিল, একটি ব্যাপারে মহামান্য হাইকোর্ট রায় দিলেন যে এটা সংবিধান বিরোধী, বেলগাছিয়ার একটি বহুতল বিশিষ্ট অট্টালিকা যা কর দেবে, পার্ক স্ট্রিটে অবস্থিত সেই রকম বহুতল বিশিষ্ট অট্টালিকার জন্য অনুরূপ কর দেবে, এটা ঠিক নয়। সব ক্ষেত্রে এক হারে কর আরোপ করা ঠিক নয়, এই কথা বিচারপতি মহাশয় বলেছেন। মাননীয় বিচারপতি মহাশয় রায় দিয়েছেন, অসম যারা তাদের আমরা সমভাবে দেখবার চেষ্টা করছি যখন, সেই ক্ষেত্রে এটা ঠিক হচ্ছে না। সেই কারণে এই আইনটি বৈধ বলে বিবেচনা করেন সংবিধানের ১৪ ধারা অনুযায়ী। এখন এটা যখন হল তখন আমাদের একটা ব্যবস্থা নেওয়ার কথা চিন্তা করতে হল। কারণ আমরা এটা বলি যে, যারা অপেক্ষাকৃত বিত্তবান তারা একটু বাড়তি কর দেবে। এটা আমরা চাই এবং এটা আমাদের ঘোষিত নীতি। সুতরাং এই ধরনের উঁচু দালানে যারা থাকে তারা সমাজের সাধারণস্তরের মানুষ নয়, তারা উঁচু স্তর থেকে আসে। এটা আমরা জানি।

দ্বিতীয় কথা হচ্ছে, এসব উঁচুতলা বাড়িগুলির জন্য সরকারকে বিশেষ দায়-দায়িত্ব বহন করতে হয়। অর্থাৎ যেমন পয়ঃপ্রণালির জন্য বিশেষ ব্যবস্থা করতে হয়, জল সরবরাহের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হয় এবং যানবাহনের জন্যও বিশেষ ব্যবস্থা করতে হয়। এই সব কারণের জন্যই এই বাড়তি কর এই সব উঁচুতলার অধিবাসীদের ওপর চাপানো হচ্ছে। আমার মনে হয় সামাজিক দিক থেকে এটা যুক্তিযুক্ত এবং এটা রাখা উচিত এবং এটা করে আমরা কিছু কর সংগ্রহ করেছিলাম। কিন্তু বিচারকের নির্দেশ ছিল, এই কর ফেরত দিতে হবে। সেই অবস্থায় আমাদের একটা নতুন অর্ডিন্যান্স-এর কথা চিন্তা করতে হয়েছিল এবং তখন বিধানসভা চালু ছিলনা বলেই একটা অর্ডিন্যান্স করতে হয়েছিল। সেই অর্ডিন্যান্সটিকে আইনে পরিণত করবার জন্যই আজকে আপনাদের অনুমতি চাওয়া হচ্ছে, শুধু দু'একটি জায়গায় একটু অদল-বদল করা হয়েছে, তা ছাড়া আর সব একই রকম আছে। যখন মাননীয় বিচারপতি নির্দের্শ দিয়েছেন তখন সেই নির্দেশ আমাদের পালন করতে হবে। উনি বলছেন, এটা ঠিক হবে না যে, বিভিন্ন অঞ্চলে যে সমস্ত একই ধরনের দালান উঠেছে সেগুলির সামাজিক পরিবেশ আলাদা আলাদা। এবং সেই সমস্ত বিভিন্ন অঞ্চলের জমির মূল্যও আলাদা এবং ফ্ল্যাটের ভাড়াও আলাদা হয়, বিভিন্ন রকম হয়। সুতরাং এটা একটা সাধারণ সত্য এটা আমাদের স্বীকার করে নিতে হবে এবং এটা স্বীকার করে নিয়ে আমরা এই অর্ডিন্যান্স এবং বিলের মারফত স্থির করছি যে, প্রকৃত মূল্যায়নের ভিত্তিতে কর আদায়

[2-50 — 3-00 P.M.]

করব। এটা আমরা জানি যে, বিভিন্ন অঞ্চলে বিভিন্ন প্রকৃতির এবং মূল্যায়নও একই রকম নয়। মাননীয় বিচারপতি বলেছিলেন যে, বেলগাছিয়া বা ট্যাংরার মাল্টি-স্টোরিড্ যে বাড়ি তার চেয়ে পার্ক স্ট্রিট বা সাদার্ন অ্যাভিনিউ-এর বাড়ির মূল্যায়নের পরিমাণ বেশি হবে। সেটা হয় এবং আমরা সেটা মেনে নিই। সেটা মেনে-নিয়ে এবং সেটা মেনে নিয়ে যদি সেটাকে আমরা আইনে পরিণত করি তাহলে আমরা ধরে নিচ্ছি যে, সেটা বিচারপতির নির্দেশ অনুযায়ী হবে, আইন গ্রাহ্য হবে এবং সংবিধান গ্রাহ্য হবে। সুতরাং বর্তমান বিলে সেই প্রস্তাবই করা হচ্ছে।

সুতরাং যে ফ্ল্যাটের প্রকৃত মূল্যায়ন প্রতি স্কোয়ার মিটার ৩০ টাকা পর্যন্ত সেখানে ৫০ পয়সা প্রতি স্কোয়ার মিটারের জন্য করের প্রস্তবা করা হচ্ছে। যে ফ্ল্যাট বা উচ্চতল বিশিষ্ট বাড়ীর প্রকৃত মূল্যায়ন প্রতি স্কোয়ার মিটার ৩০ টাকা থেকে ৬০ টাকা পর্যন্ত সেখানে প্রতি স্কোয়ার মিটারের জন্য ১ টাকা হারে করে প্রস্তাব করা হচ্ছে। যেখানে ৬০ থেকে ১০০ টাকা পযন্ত প্রতি স্কোয়ার মিটারের মূল্যায়ন সেখানে ২ টাকা হারে করের প্রস্তাব করা হচ্ছে। আর যেখানে ১০০ টাকা থেকে ১৫০ টাকা পর্যন্ত প্রকৃত মূল্যায়ন প্রতি স্কোয়ার মিটারের সেখানে ৩ টাকা হারে করের প্রস্তাব করা হচ্ছে। আর যেখানে ১৫০ টাকার বেশি প্রতি স্কোয়ার মিটারের মূল্যায়ন সেখানে ৪ টাকা হারে প্রতি স্কোয়ার মিটারের জন্য করের প্রস্তাব করা হচ্ছে। আর বাণিজ্য এবং শিল্প প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে প্রতি স্তরে শতকরা ৫০ ভাগ বেশি কর আরোপ করা হবে। তার মানে যেটা ৪ টাকার স্তর সেটা ৬ টাকা হবে, যেটা ৩ টাকার স্তর সেটা সাড়ে ৪টাকা হবে, যেটা ২ টাকার স্তর সেটা ৩ টাকা হবে, যেটা ১ টাকার স্তর সেটা দেড় টাকা হবে এবং যেটা ৫০ পয়সার স্তর সেটা ৭৫ পয়সা হবে।

আর একটা কথা যেটা বলবার প্রয়োজন হচ্ছে, সেটা হচ্ছে এই প্রকৃত মূল্যায়ন কে করবে এবং সেটা কি ভাবে করা হবে? সে বিষয়েও কিছু বিস্তারিত বিবরণ এই বিলের মধ্যে দেওয়া আছে। আমরা বলছি এখন কর্পোরেশনের পক্ষ থেকে মূল্যায়ন করা হয় কিম্বা কোনও মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষের পক্ষ থেকে মূল্যায়ন করা হয়। সেই মূল্যায়নগুলিই এই কর পরিমাপ করার ক্ষেত্রে বিবেচ্য হবে। তবে এমন অনেক জায়গা আছে যেখানে কর প্রযোজ্য হচ্ছে অথচ মিউনিসিপ্যালিটি থেকে এবং কর্পোরেশন থেকে বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা নেই। আমরা এই কর যারা নির্দ্ধারক কর্তৃপক্ষ আছেন তাদের উপর ভার অর্পন করব যেন ন্যায়ভাবে এই বার্ষিক মূল্যায়ন করা হয়। তবে আমার মনে হয় আপাতত আলাদা মূল্যায়নের প্রশ্ন আসে না। আরও একটা জিনিস সম্পর্কে অনেকে আমাকে বলেছেন যে, এই যে কর চাপাচ্ছেন তাহলে একটা জিনিস করতে পারেন যারা নিজেরা বাড়িতে থাকেন এবং যারা ফ্ল্যাট ভাড়া দেন এদের ভিতরে আলাদা মানে পৃথকীকরণ করা যায় কিনা যারা ফ্ল্যাট ভাড়া দেন তাদের উপর চাপানো যায় কিনা এটা একটু দেখবেন। আমি বলেছি সংবিধানগত সমস্যা আছে—এগুলি খতিয়ে দেখছি এবং বছরখানেক অভিজ্ঞতার ভিত্তিতে ভবিষ্যত হয়ত কিছু সংশোধন আনতে পারব। তবে আপাতত মাননীয় সদস্যদের কাছে আমার এই প্রস্তাবটুকু যাতে মঞ্জুর করে নেন তারজন্য রাখছি এবং এই বলে আমি আমার কথা এখন শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি:** কো-অপারেটিভ হাউসিং এস্টেট যেগুলি আছে তার সম্পর্কে

মাননীয় মন্ত্রী মহাশয় কনসিডার করবেন কি, এগুলি সম্পর্কে পরিষ্কার করে বলুন।

**মিঃ স্পিকার :** মাননীয় সদস্য শ্রী সন্দীপ দাস মহাশয়ের কাছ থেকে বিলটির জনমত সংগ্রহের জন্য সংশোধনী প্রস্তাব এসেছে, আমি মাননীয় সদস্যকে তার প্রস্তাব উত্থাপন করতে বলছি।

**শ্রী সন্দীপ দাস :** Mr. Speaker, Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1979. মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র মহাশয় সভার কাছে যে বিলটি রেখেছেন দি ওয়েস্ট বেঙ্গল মাল্টি-স্টোরিড বিল্ডিং ট্যাক্স বিল, ১৯৭৯-আমি মনে করছি এই বিলটি বর্তমান আকারে গ্রহণযোগ্য নয়। সেইজন্য আনি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব তিনি আমার সংশোধনী প্রস্তাব গ্রহণ করুন এবং এই নিয়ে আলাপ-আলোচনা করে পরবর্তী কোনও সময়ে বা বাজেট অধিবেশনে এই সম্পর্কে বিল আনুন। যদি বিলটি এইভাবে রাখা হয়—তিনি যেভাবে পেশ করেছেন আমি এই বিলটির বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিরোধিতা করার প্রথম কারণ হচ্ছে ডঃ মিত্র—যিনি সব-সময়ে এই সভার কাছে সেন্টার স্টেট ফিসক্যাল রিলেশনশিপ-এর কথা তোলেন এবং রাজ্যের ভিতরে যে সমস্ত সম্পদ হয় বা উৎপাদন হচ্ছে সেগুলি কেন্দ্র নিয়ে যাচ্ছেন অথচ কেন্দ্রের কাছ থেকে আশানুরূপ টাকা পাচ্ছেন না—এই অভিযোগ ডঃ মিত্র করে থাকেন এবং আমরাও করে থাকি। কিন্তু আমার কথা হচ্ছে এই যে ফিসক্যাল রিলেশন এটা কি সেন্টার-স্টেট ফিসক্যাল রিলেশনশিপ-এর মধ্যে সীমাবদ্ধ থাকবে না, রাজ্যের অন্যান্য উর্দ্ধতর সংস্থার সঙ্গে প্রসারিত হবে? আমার কথা হচ্ছে ডঃ মিত্র মহাশয় এই যে বিল এনেছেন It is a serious encroachment on local self-government. আমি বিশ্বাস করি এখানে যে সমস্ত বন্ধুরা আছেন—তারা সরকার পক্ষেরই হোন কিম্বা বিরোধী পক্ষেরই হোন—যারা কর্পোরেশন কিম্বা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান আছেন—যেমন, শচীন বাবু, অশোক বাবু, এবং বিনয় বাবু—এবং যারা দীর্ঘদিন ধরে কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির কাজের সঙ্গে জড়িত আমি আশা করি তারা আমার বক্তব্যের সারবত্তা স্বীকার করবেন। আমার প্রথম কথা হচ্ছে যে বিল্ডিং ট্যাক্স ধার্য করার অধিকার কাদের আছে। It is the exclusive right of the Corporation or the municipalities. আমার প্রশ্ন সরকারেরর কাছে, কি কি সার্ভিস দিয়েছেন বিল্ডিংগুলিকে—এই যে সার্ভিস প্রিভি, স্পেস, বিল্ডিং রেগুলেশন সমস্ত কিছুই কর্পোরেশনের অধিকার আছে যদি ট্যাক্স করার অধিকার আমরা মেনে নিই।

আমার মনে হয় মাল্টি স্টোরিড বিল্ডিং এর জন্য কর্পোরেশনকে অ্যাডিশন্যাল ট্যাক্স দিতে হচ্ছে, তারজন্য তাকে ড্রেনেজ ইত্যাদি করতে হবে— আমি নীতিগতভাবে বলছি না যে মাল্টি স্টোরিড বিল্ডিংয়ে ট্যাক্স করা হবে না, আমার বক্তব্য তা নয়। প্রথম বক্তব্য হচ্ছে নিশ্চয় যেখানে মাল্টি স্টোরিড বিল্ডিং হচ্ছে সেখানকার পয়ঃপ্রণালী সমস্ত কিছু আপসেট হচ্ছে, আবার নতুন করে সেগুলি করতে হবে। তার ড্রেনেজ, পার্কিং স্পেস, তার অন্যান্য রেগুলেশন কিছু করতে হবে। সার্ভিস টা কি? কর্পোরেশন টাকা ডাইরেকটলি আদায় করবে, কি ধরনের যুক্তিতে আমি বুঝতে পারছি না। আজকে যদি চিন্তা করে দেখেন কর্পোরেশনের ন্যায়সঙ্গত অধিকার, আদায় করার অধিকার সরকার ক্রমশ একটার পর একটা এনক্রোচ

[3-00 — 3-35 P.M.] (including adjournment)

করছে এবং করে করে সমস্ত মিউনিসিপ্যালিটিগুলিকে এবং কর্পোরেশনকে দেউলিয়া করে রেখেছেন, পঙ্গু করে দিয়েছেন। তারা নিজেরা চলতে পারছে না। রাজ্য সরকার যেমন কেন্দ্রের কাছে ভিক্ষের ঝুলি নিয়ে সব সময় উপস্থিত হন, তেমনিভাবে মিউনিসিপ্যালিটিগুলি এবং কর্পোরেশনকে রাজ্য সরকারের দাক্ষিণ্যের উপর সব সময় বসে থাকতে হয়। আজকে রাজ্য সরকার ছাড়া কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলো চলতে পারছে না। কিন্তু যদি কর্পোরেশন, মিউনিসিপ্যালিটিগুলিকে তাদের ন্যায্য অধিকার দেওয়া হয় এবং পৃথিবীর সর্বদেশে ও ভারতের অন্যান্য রাজ্যেও যেমন স্বীকৃতি দেওয়া হয় যে সে রকম ব্যবস্থা যদি হত তাহলেও তাদের কিছুটা উপকার হত। অন্যান্য রাজ্যে আপনি জানেন অক্ট্রয় ট্যাক্স রোড ট্যাক্স, কর্পোরেশন আদায় করে। আর আমরা কি করছি, না ২৫ পারসেন্ট মাত্র কর্পোরেশনকে দিচ্ছি। কর্পোরেশন ট্যাক্সের যথার্থ অর্থ আদায় করতে পারছে না। তারা যাতে তা করতে পারে তার জন্য তাদের সমস্ত অধিকারগুলি রাজ্য সরকারকে স্বীকার করতে হবে। কাজেই আমি মনে কির বিল্ডিংয়ের উপর ট্যাক্স করার অধিকার রাজ্য সরকারের আছে। কিন্তু কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলিকে আজকে যদি রাজ্য সরকার স্বীকার না করেন, তাহলে তারা ক্ষমতার বিকেন্দ্রীকরণের যে কথা বলেন সেটা হবেনা। এটা দিয়ে শুধুমাত্র রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হবে, দিল্লি থেকে ক্ষমতাকে রাইটার্স বিল্ডিংয়ে আনতে চাইছেন এবং এনে সমস্ত ক্ষমতা সেখানে কুক্ষিগত করতে চাইছেন। সেই ক্ষমতা লোকাল সেলফ গভর্নমেন্ট দিতে চাইছেন না। সেইজন্য আমি সরাসরি এই বিলের বিরোধিতা করছি। সেইজন্য বলছি পাবলিক ওপিনিয়ন নেওয়া হোক, আলোচনা করা হোক। কথা হচ্ছে কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি ট্যাক্সেশন কতকগুলি প্রিন্সিপলের উপর চলে। ডঃ মিত্র তার বক্তৃতায় বলেছেন ভ্যালুয়েশনের কথা। ভ্যালুয়েশনের টাকা বিভিন্ন ডিপার্টমেন্টে ডেপুটি কমিশনার আছে, মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনে অ্যাসেসার আছেন তারা করবেন। সেটা সরকার কেন করবেন? যেখানে ওনার্স ফ্ল্যাট, যে ফ্ল্যাট ভাড়া দিয়ে মালিক টাকা আদায় করেন, আর যে ব্যক্তির একটা ফ্ল্যাট থাকে এবং যিনি নিজে বাস করেন তাদের ট্যাক্স সমান হয়না। ডঃ মিত্র তার বক্তৃতায় এবং তার এই বিলের আইনের মধ্যে এই ধরনের ডিফারেনসিয়েশন করেন নি। আমরা মনে করি এটা হওয়া উচিত। বরং যারা বহুতল বাড়িতে থাকেন তাদের বাড়ির সামনে বাগান রাখতে হয়, লন রাখতে হয়। কিন্তু আমার আত্মীয় স্বজনের মধ্যে বন্ধু বান্ধবের মধ্যে যারা কলেজের শিক্ষক, সরকারি কর্মচারী তারা অনেকে ৩০/৩২ হাজার টাকা এককালীন কিম্বা ইনস্টলমেন্টে টাকা দিয়ে এই ধরনের ফ্ল্যাটের মালিক হয়েছেন। সব জায়গায় বহুতল বাড়ির অ্যাপার্টমেন্ট ট্যাক্স সম্বন্ধে কর্পোরেশনের একটা প্রিন্সিপল আছে, কিন্তু এই বিলের মধ্যে সেটা প্রতিফলিত হয়নি। আমি যতদূর জানি যে, বোম্বে, দিল্লি মাদ্রাজ,, বাঙ্গালোর যেখানে এই রকম ধরনের মাল্টি-স্টোরিড বিল্ডিং আছে সেখানে এই রকম ধরনের ট্যাক্সেশন নেই। এটা একটা অভিনব ব্যাপার। আমাকে আপনি ঠিক করে দেবেন আমি যত দূর জানি পৃথিবীর কোনও দেশে এই ধরনের ট্যাক্স নেই। ভারতের কোনও বিধান সভায় এই ধরনের বিল উপস্থাপিত হয় নি। সুতরাং এই সম্পর্কে জনমত সংগ্রহের প্রয়োজন আছে। আমি প্রথমেই বলছি যারা মাল্টি-স্টোরিড বিল্ডিং এ থাকেন তারা সকলেই বড় লোক এটা মনে করার কোনও কারণ নেই। খুব বেশি বড়লোক এখানে থাকে না। যারা বড়লোক তাদের বাগান লন ইত্যাদি থাকা চাই। সুতরাং

এই ট্যাক্সেশন তাদের এ্যাফেক্ট করবে না। মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্তরাই এই ট্যাক্সেশনের দ্বারা এ্যাফেক্টটেড হবে। যে সমস্ত অ্যাডিশনাল ফেসিলিটিস দিতে হয় তারজন্য ট্যাক্সেশনের প্রয়োজন আছে। কিন্তু এখানে সেই রকমের দরকার নেই। উনি বলেছেন সি.এম.ডি.এ. রাজ্য সরকারের একটা দপ্তর। আমি বলছি সি.এম.ডি.এর জন্য রাজ্য সরকারের কোনও ব্যয় করতে হচ্ছে না। তারা বিশ্ব ব্যাঙ্ক থেকেই সরাসরি টাকা পাচ্ছে। কর্পোরেশন যে সার্ভিস দিচ্ছে তারজন্য সমস্ত সেটআপ কর্পোরেশনকেই দিতে হয়েছে। সুতরাং এরজন্য ট্যাক্সেশন করবার অধিকার রাজ্য সরকারকে কর্পোরেশনকেই দিতে হবে। সেইজন্য আমি এই সার্কুলেশন মোশন যেটা দিয়েছি সেটা সংখ্যা গরিষ্ঠতা দিয়ে হারিয়ে না দিয়ে আমার বক্তব্য গুরুত্ব সহকারে বিবেচনা করুন এবং মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনকে এই অধিকার দিয়ে যদি একটা পূর্ণাঙ্গ বিল আনেন তাহলে আমরা সে বিল সমর্থন করব। বর্তমান অবস্থায় যে বিল এনেছেন সে বিল বিরোধিতা করা ছাড়া কোনও পথ নেই।

(At this stage the House was adjourned till 3-35 P.M.)

(After adjournment)

[3-35 — 3-45 P.M.]

**শ্রী বিমলানন্দ মুখার্জি:** স্যার, শান্তিপুর থেকে ৪/৫ হাজার তাঁত শিল্পি মিছিল করে বিধান সভায় আসার সময় ডেকার্স লেনের কাছে এসপ্লানেড ইস্টে তাদের আটকে দিয়েছে। তারা ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রীর সঙ্গে সাক্ষাত করতে চান। সুতার দাম এক থেকে দেড়গুণ বেড়ে যাওয়ায় তারা গুরুতর ভাবে ক্ষতিগ্রস্ত।

**মিঃ স্পিকার:** মন্ত্রী পরিষদের সদস্য যারা আছেন তাদের বলছি তারা এটা মন্ত্রী মহাশয়কে জানিয়ে দেবেন। সন্দীপবাবু যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন তার উপরে আর কোনও অ্যামেন্ডমেন্ট নেই, সুতরাং সার্কুলেশন মোশনের উপর আপনারা এবার আলোচনা করবেন।

**শ্রী কৃষ্ণদাস রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বিল আজকে উপস্থিত করেছেন সে সম্পর্কে সন্দীপবাবু বিরোধিতা করেছেন। এই সম্পর্কে বলতে উঠে আমি প্রথমেই বলব দীর্ঘকাল ধরে পশ্চিমবাংলার লোকেদের একটা ইচ্ছা ছিল যে আর্বান সিলিং বিল তৈরি হোক। সেইজন্য নানাভাবে নানা সময় যারা লিডার ছিলেন তাদের সঙ্গে আলোচনা হয়েছিল। আর্বান সিলিং করার কতকগুলি আইন গত অসুবিধা আছে। ১৯৭৫ সালে মাননীয় মন্ত্রী শঙ্কর ঘোষ এই বিল এনেছিলেন যাতে এর উদ্দেশ্য এর দ্বারা পূরণ হয়। অতএব মাননীয় সদস্য পদ্ধতিগত বিরোধিতা করেছেন যার সঙ্গে আমি এক মত। কিন্তু এতে এমন কতকগুলি জিনিস আছে যে গুলির দিকে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রথম হচ্ছে এই বিলটা আমার মতে একটা স্বৈরতন্ত্রী বিল তিনি করেছেন। কেননা তিনি কমিশনারদের এত বেশি ক্ষমতা দিয়েছেন যে তিনি ইচ্ছা করলেই যে কোনও ভাবে লোকের ক্ষতি করতে পারবেন। ১৯৭৫ কমিশনার অ্যাপয়েন্ট হন এবং তার অধীনস্ত সহকর্মী যারা অ্যাপয়েন্টেড হয়ে ছিলেন তার ভার ছিল স্টেট গভঃ-এর হাতে। বর্তমান বিলের ৪(২) অনুচ্ছেদ দেখা যাচ্ছে The State Government may appoint or empower the Commissioner to appoint such other persons তাতে দেখা যাচ্ছে তিনি অ্যাপয়েন্টেড হলেন এবং

[3-45 — 3-55 P.M.]

তার সঙ্গে সঙ্গে তার সহযোগী লোকদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার ক্ষমতাও তাকে দিয়ে দেওয়া হল। আমি মনে করি এর দ্বারা গণতান্ত্রিক যে পদ্ধতি সেই পদ্ধতি ব্যাহত হবে এবং অন্যায়ভাবে দলগত ইচ্ছা পূরণ করবার জন্য কমিশনার মহোদয় নিশ্চয়ই অন্যভাবে লোক নিয়োগ করবেন এবং সেখানে সেই লোক নিয়োগের দ্বারা ভ্যালুয়েশন এবং অন্যান্য প্রেসক্রাইব যে সমস্ত কাজ আছে সেই সমস্ত কাজ করতে গিয়ে তারমধ্যে জঞ্জাল সৃষ্টি হবে, এটা আমার কাছে বেশি আকারে দেখা দিয়েছে। আর একটা জায়গায় দেখা যাবে The Commissioner and the persons appointed under subsection (2) of section 4, shall, for the purposes of this Act have the same powers as are vested in Civil Court under the code of Civil Procedure, 1908 when trying suits যখন নাকি ভেস্টের কথা আসছে, যখন নাকি তার অসুবিধা দেখা দেবে তখন সেই অসুবিধার জন্য সিভিল কোর্টের যে সমস্ত পাওয়ার আছে সেই পাওয়ারও তার উপর ভেস্ট করে দেওয়া হয়েছে। এটা যদি শুধু কমিশনারের উপর থাকত তাহলে না হয় বুঝতাম একজন হাই র‍্যাংকিং লোকের উপর পাওয়ার দেওয়া হয়েছে। কিন্তু তার অ্যাপয়েন্টেড যে সমস্ত লোক তাদের উপর এটা ভেস্ট করে দেওয়া হয়েছে। আর একটা জিনিস আছে যেটা সেখানে ছিল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ছাড়া আর কারোর কাছে এর বিরুদ্ধে অ্যাপিল করা যাবে না, এই বিলের শেষ দিকে দেখা যাচ্ছে—এই আইন প্রয়োগ করতে গিয়ে (৩)(২) উপ-ধারার বিধানসমূহ কোনও আদালত, ট্রাইবুনাল বা প্রাধিকারীর কোনও রায়, ডিগ্রি বা আদেশ বিরুদ্ধার্থক হওয়া সত্ত্বেও কার্যকর হইবে, এর দ্বারা আমাদের চোখের সামনে দেখা যাচ্ছে জনগণের যে অধিকার সেই অধিকারকে অন্যায়ভাবে লংঘন করার একটা চেষ্টা করা হয়েছে। দ্বিতীয় কথা যেটা মনে জেগেছে সেটা হচ্ছে লো ইনকাম গ্রুপের কথা এই বিলের মধ্যে স্পেসিফাই করা নেই। লো ইনকাম গ্রুপের লোক যারা নাকি এক একটা ফ্ল্যাট ভাড়া নিয়ে কিস্তিতে কিস্তিতে টাকা দেয় তাদের উপর কিভাবে ট্যাক্সেশন হবে সে সম্পর্কে এই বিলে বিশদভাবে বলা নেই। শুধু তাই নয়, যারা নাকি কো-অপারেটিভ বেসিসে বাড়ি-ঘর করবেন কো-অপারেটিং হাউসিং বোর্ডের কাছ থেকে লোন নিয়ে তাদের উপর কিভাবে ট্যাক্সেশন করবেন সে সম্পর্কে একটা কোনও স্পষ্ট আশ্বাস এর মধ্যে পাওয়া যাচ্ছে না। অতএব দেখা যাচ্ছে যদিও এটা একটা প্রয়োজনীয় বিল কিন্তু এর প্রয়োগের ক্ষেত্রে দেখা যাচ্ছে জনগণের যে আশা-আকাঙ্খা সেই আশা-আকাঙ্খার বিরুদ্ধাচারণ করা হচ্ছে। সেইজন্য মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব তিনি যেন বিলটাকে পুনর্বিবেচনা করে দেখেন। যেসব ধারা অসামঞ্জস্য হয়ে দাঁড়িয়েছে বিশেষ করে ভ্যালুয়েশনের ক্ষেত্রে এতবেশি পাওয়ার দেওয়া হয়েছে কমিশনার বা তার নিযুক্ত ব্যক্তিদের যে সেখানে তাদের কেউ বিরাগভাজন হলে যে কোনও রকম ভ্যালুয়েশন তাদের উপর ধার্য হয়ে যেতে পারে, এটা খুব খারাপ নজীর হবে। এই সম্পর্কে কি স্পষ্ট আশ্বাস আছে তিনি আমাদের কাছে এই বিলের মাধ্যমে জানালে আমরা খুশি হব। আর একটা জিনিস খুবই দরকারি এবং মাননীয় সদস্য সন্দীপ দাসের সঙ্গে আমি একমত যে, কমিশনারের উপর এত ক্ষমতা দিচ্ছেন কেন? কাজেই মন্ত্রী মহাশয় যদি বলেন তাহলে অন্তত তার বক্তব্যের মাধ্যমে আমরা জানতে পারব যে কমিশনারের উপর এত ইমপর্ট্যান্স দেবার কি দরকার ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

যদিও এই বিল আজকে এই সভার মন্তব্যের অপেক্ষা রাখে তথাপি বলি এই বিলের পুরাপুরি বিরোধিতা না করে যে সমস্ত জিনিস এর মধ্যে গ্রহণযোগ্য আছে সে সম্পর্কে আমি অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তবে এই আকারে এই বিলের বিরোধিতা না করে উপায় নেই। কাজেই আরও যদি কিছু কিছু পরিবর্তন সাধন করেন তাহলে ভাল হয়। উনি যে ট্যাক্স বাড়িয়েছেন আমি তার বিরোধিতা করছিনা। কিন্তু মানুষের আর্থিক সংগতির কথা বিবেচনা করে যদি এটা করতেন এবং সে সম্বন্ধে কোনও প্রভিসন রাখতেন তাহলে আমি একে সমর্থন করতে পারতাম। কিন্তু সেসব জিনিস যখন নেই এবং কমিশনারকে এই যে অধিক ক্ষমতা দিয়েছেন তারজন্য আমি বলব একে জনমত সংগ্রহের জন্য দিন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী আজকে পশ্চিমবঙ্গ বহুতল ভবন কর বিধেয়ক ১৯৭৯ হাউসে উপস্থিত করেছেন। বিলটি দেখে প্রথমেই মনে পড়ে বিলের উদ্দেশ্য এবং হেতু যা বর্ণনা করা হয়েছে এবং সেই উদ্দেশ্য এবং হেতুর দিকে লক্ষ্য রেখে যা করতে চাচ্ছেন তার থেকে তারা দূরে সরে যাচ্ছেন। এই বিলকে বলা যেতে পারে এক কথায় এটি একটি অসম্পূর্ণ এবং অস্পষ্ট বিল। মন্ত্রী মহাশয় তার বক্তৃতার শেষের দিকে বলেছেন ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে এই বহুতল ভবন বিলটি থাকবে, অর্থাৎ তার কথায় বোঝা যাচ্ছে তিনি হয়ত আরও একটি সংশোধনী বিল উপস্থিত করবেন। অর্থাৎ এরকম একটা বিল তার মনের মধ্যে রয়েছে। কাজেই আমি বলব এই বিল আপনি প্রত্যাহার করেনি এবং আগামীদিনে ব্যক্তিগত মালিকানায় ক্ষেত্রে সংশোধনীসহ একটা বিল আনার কথা চিন্তা করে সেটা এখানে আনুন এবং তখনই এ সম্বন্ধে পূর্ণভাবে আলোচনা করার সুযোগ হতে পারে। বিলটি যে অসম্পূর্ণ তার কারণ হচ্ছে বিলের ৪ ধারায় একটি কথা পরিষ্কার করে বলা হয়েছে, কিন্তু ৪-এর ২ ধারায় বলা হয়েছে রাজ্য সরকার কমিশনারকে ক্ষমতা দিচ্ছেন তাকে সাহায্য করবার জন্য তিনি কর্মকর্তা নিয়োগ করতে পারবেন। কিন্তু প্রকৃতপক্ষে স্পেসিফিক কোন কোন ব্যক্তিকে বা কোন কোন পদাধিকারী ব্যক্তিকে তিনি কর্মকর্তা হিসেবে নিয়োগ করবেন তার কোনও উল্লেখ নেই। নির্দিষ্ট কোনও পদ বিশিষ্ট অফিসার বা ব্যক্তির নাম যখন উল্লেখ নেই তখন কমিশনার যদি সিপিএম-এর লোক হন তাহলে তিনি যে সমস্ত কর্মকর্তা নিয়োগ করবেন সেটা আমরা সন্দেহের চোখে দেখছি। কাজেই এটা একটা অস্পষ্ট বিল। দ্বিতীয় ক্ষেত্রে তিনি বলেছেন যে এই বিধায়ক এর দরুন রাজ্য সরকারকে কোনও অতিরিক্ত ব্যয় ভার বহন করতে হবে না। আমার ধারণা একথা ঠিক নয়, অতিরিক্ত ব্যয় ভার গ্রহণ করতে হবে নিশ্চয়ই। কেন হবে তার কারণ হল যে কর কমিশনারের নিযুক্তি করণ এবং কর-কমিশনারের দ্বারা পরবর্তী যে সমস্ত অফিসার গণ নিযুক্ত হবেন তাদের কথা তিনি এখানে অস্পষ্টভাবে উল্লেখ করেছেন, এর ফলে এই সমস্ত ব্যবস্থা গ্রহণের জন্য একটা সময় চলে যাবে এবং বিলম্বিত হবে। এই ধরনের ব্যবস্থা গ্রহণের ফলে কিছ কিছু বিলম্ব ঘটে, এর এই বিলম্বের ফল কি তা আমরা ভাল ভাবে জানি। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে বিলম্বের সুযোগ গ্রহণ করেন সুযোগ সন্ধানীকামী এবং প্রতিক্রিয়াশীল মানুষ। তারা চেষ্টা করেন সময়ের সুযোগ তাদের নিজেদের কাজ হাসিল করেন। আমাদের ধারণা এই বিলম্বিত সময়ের জন্য যে কর্মচারিরা নিযুক্ত হবেন তাদের জন্য মোটা টাকা ব্যয় করতে হবে। এটা যদি বিলে স্পষ্ট ভাবে উল্লেখ থাকত যে বিলের কর্মকর্তাগণ ট্যাক্স অ্যাসেসমেন্ট করবার জন্য যে কর্মকর্তাগণ নিযুক্ত হবেন তাহলে অল্প

[3-55 — 4-05 P.M.]

সময়ের মধ্যে করা সম্ভব হত। কিন্তু এখানে অস্পষ্ট ধারা রাখা হয়েছে সেই হেতু এটা সম্ভব হবে না, ফলে এইগুলি করার ক্ষেত্রে বিলম্ব হবে। এই বিলম্ব হওয়া মানে সরকারি অর্থের অপচয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল তবুও আমি বলব এই বিল অসঙ্গিতপূর্ণ। কারণ আমরা জানি বহু বহুতল ভবন সমবায় ভিত্তিক আছে। আমার মতে এই বিলের আওতা থেকে সেগুলিকে রেহাই দেওয়া উচিত ছিল। কারণ সমবায় মনভাব নিয়ে এবং কো-অপারেশনের ক্ষেত্রে আমাদের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির দিকে চিন্তা রেখে সমবায় বহুতল ভবনকে রেহাই দেওয়া দরকার, তানাহলে যে সমস্ত বহুতল ভবনের নির্মাণ কারী মালিকেরা রয়েছে তারা শুধুমাত্র বাহিরের লোক এবং কোটিপতি লোক। কিন্তু দেখা যাচ্ছে সমবায়ের ক্ষেত্রে সমবায় ভিত্তিক না হলে আমাদের বাংলা মানুষ আমাদের বাঙ্গালিরা বহুতল ভবন নির্মাণ করতে সক্ষম হচ্ছেন না। এই সমস্ত দিক থেকে চিন্তা করে দেখা যায় যে আমাদের স্থানীয় যে সমস্ত মানুষেরা রয়েছেন তাদের ক্ষেত্রে সুবিধার জন্য এই করের আওতা থেকে রেহাই দেওয়া উচিত ছিল। পরিশেষে মন্ত্রী মহাশয় হাইকোর্টের কথা উল্লেখ করেছেন। তারা এই বিল এনেছিলেন ১৯৭৭ সালে এবং তখন এই বিলকে গ্রহণ করবার জন্য বলেছিলেন তখনই আমরা এটি একটি গুরুত্বপূর্ণ বিল ভালোভাবে বিচার বিবেচনা করে উত্থাপন করা প্রয়োজন। তখন মন্ত্রী মহাশয় আমাদের কথা শুনেননি। তার ফলে পাওয়ার গেল যে আমাদের স্থানীয় যে সমস্ত বহুতল বাড়ির মালিকেরা তারা হাইকোর্টে কেস করে দিলেন এবং হাইকোর্ট পরিষ্কার ভাবে বলেদিলেন যে বামফ্রন্ট কর্তৃক আনীত ১৯৭৭ সালে এই বহুতল ভবন বিলটা অবৈধ। সেজন্য বিভিন্ন যে সমস্ত কর আদায় করা হয়েছিল মালিকদের কাছ থেকে তা বাধ্য হয়ে ফেরত দিতে হল। এই ছেলেখেলা করার কোনও প্রয়োজন ছিলনা। আজকে সেজন্য মন্ত্রী মহাশয় হাইকোর্টের রায় কার্যকর করবার জন্য আজকে আবার এই বিল এনেছেন। আজকেও আমরা দেখছি এই বিল আনতে গিয়েও মন্ত্রী মহাশয়ের মনের মধ্যে কিঞ্চিত দ্বিধা রয়ে গেছে। সুতরাং সেটাকে সংশোধন করতে গিয়ে আবার হয়ত মন্ত্রী মহাশয়ের আমাদের কাছে আসতে হবে। তাই আমি বলি যে এই সমস্ত কার্যকলাপের মধ্যে যে জিনিসটা আজকে আমরা দেখতে পাচ্ছি এই জিনিসটা আর কিছুই নয় তাদের আজকে মতিভ্রম হয়েছে। তারা আজকে স্থির করতে পারছেননা যে তাদের লক্ষ্য কি এবং তারা এই প্রতিক্রিয়াশীলদের কিভাবে মোকাবিলা করবেন। আজকে সেইজন্য এই বামফ্রন্ট পুঁজিবাদীদের শিকার হয়েছেন। এই কথা পরিষ্কারভাবে অর্থমন্ত্রী মহাশয়ের বক্তৃতা থেকে বোঝা গিয়েছে। সুতরাং এই বিল পুনর্বিবেচনা করার জন্য তিনি প্রত্যাহার করে নিন এবং এই প্রস্তাব থাকুক যে একটা পূর্ণাঙ্গ বিল যেটা আগামী দিনে আনবেন বলে ইচ্ছা প্রকাশ করেছেন সেইভাবে এটা নিয়ে আসুন এই বক্তব্য আমি রাখছি। শেষের দিকে আর একটা কথা বলতে চাই, তিনি বহুতল ভবন নির্দিষ্ট করে দিয়েছেন যে পাঁচের অধিক যে সমস্ত তল থাকবে সেই সমস্ত ভবনকে বহুতল পরিগণিত হবে। অধ্যক্ষ মহাশয়, আমরা জানি বহুবচন হচ্ছে দুই-এর উর্ধে, দুই হচ্ছে দ্বিবচন এবং দুইএর উর্ধে হচ্ছে বহু বচন। কিন্তু এখানে একটা সীমানা করে দিয়েছেন। পাঁচ তলা পর্যন্ত যে বহুতল সেগুলিকে বহুতল বলা হবেনা, পাঁচের উর্ধে যে সমস্ত বাড়ি সেগুলিকেই বহুতল ভবন বলা হবে। কলকাতা শহরে গগন ছোঁয়া বাড়ি আছে,

৩০ তল পর্যন্ত রয়েছে, তাদের মধ্যে একটা শ্রেণী ভাগ করা উচিত ছিল। পাঁচ তলার উর্ধে যে সমস্ত বহুতল ভবন রয়েছে, যেখান আমাদের স্থানীয় লোকজন রয়েছে তাদের ক্ষেত্রে একটু সুবিধা দেওয়া উচিত ছিল। পাঁচ থেকে সাত কি আটতলা পর্যন্ত যে সমস্ত বহুতল ভবনের মালিক থাকবে—তাদের তিনি সমহারে ট্যাক্স করছেন, তা প্রোযজ্য না করে যদি কিছু পরিবর্তন করতেন তাহলে আরও একটু উদার মনোভাব দেখাতে পারতেন বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গুরুত্বপূর্ণ বিলে অনেক কিছু বলা থাকলেও এই বিল নুতনত্ব কিছু বহন করে না। এই বিলের উদ্দেশ্য একটাই সেটা হচ্ছে ট্যাক্স আদায় করা। এই ট্যাক্স আদায় করার ক্ষেত্রে কর্পোরেশনের যে অধিকার সেই অধিকার হস্তক্ষেপ করা হয়েছে। কলকাতা কর্পোরেশন একটি স্বায়ত্ব শাসন প্রতিষ্ঠান একে সাবলম্বী করা উচিত ছিল। যদিও কথাবার্তায় তারা একথা বলছেন কিন্তু কলকাতা কর্পোরেশনকে এই বিলের মধ্যে দিয়ে তার যে ক্ষমতা সেই ক্ষমতাকে সঙ্কুচিত করা হয়েছে, তার অধিকারের হস্তক্ষেপ করা হচ্ছে। কলকাতা কর্পোরেশন আইনের যে বক্তব্য আজ সেটাই রাখা দরকার। এখানে পরিষ্কারভাবে বলা উচিত ছিল এই বিলে যে ট্যাক্স আদায়ের ক্ষেত্রে, অ্যাসেসমেন্টের ক্ষেত্রে, কর আদায় কর নির্ধারণ, প্রত্যেকটি ক্ষেত্রে কলকাতা কর্পোরেশনকে পূর্ণভাবে দায়িত্ব দিচ্ছি। তাহলেই কলকাতা কর্পোরেশনকে দিয়ে সবকটা দায়িত্বপূর্ণ কাজ করাতে পারতেন, এই বহু তল ভবনের ক্ষেত্রে তারা যুগান্তকারী কিছু করতে পারতেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে আমি বলতে চাই বিলে যে পদ্ধতি ও যে সমস্ত উদ্দেশ্যের কথা বলা হয়েছে তার বিরোধিতা করছি না। এই পদ্ধতিতে কিছু ত্রুটি রয়ে গিয়েছে যার জন্য এটা সম্পূর্ণ সমর্থন করতে পারছিনা। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিলে যে সমস্ত প্রতিক্রিয়াশীল শক্তি আছে এবং যেসমস্ত পুঁজিবাদী শক্তি রয়েছে সেই শক্তির হাত থেকে রক্ষা পাওয়াই একমাত্র উদ্দেশ্য পশ্চিম বাংলার মানুষ যদি আজকে সেই শক্তির উর্ধে না উঠতে পারে তাহলে তাদের প্রাপ্য জিনিস তারা আদায় করতে পারবেনা। আজকে গ্রামবাংলার অর্থনীতির ক্ষেত্রে সাধারণ মানুষ যেভাবে ধুঁকছে তার একমাত্র কারণ হল এই পুঁজিপতিদের নানা রকম চক্রান্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি নিত্যপ্রয়োজনীয় জিনিস যা তৈরি হয়, যে জিনিস না হলে সাধারণ মানুষের চলেনা সেগুলি প্রায় সবই মেশিনজাত। যেমন কাপড়, এগুলি সাধারণ মানুষের দরকার। এই সমস্ত মেশিনজাত দ্রব্য বড় বড় মিল মালিক, কোটিপতিরা অর্থ লগ্নি করে বলেই পাওয়া যায়। সেক্ষেত্রে দেখা যায় এই সমস্ত মিল মালিকরা এই বিলে আনীত ট্যাক্সের বোঝা বহন করবে না, এজন্য হাইকোর্টে ইনজাংশন চালু করা দরকার। সেজন্য পুনর্বিবেচনার কথা বলেছেন, তাই করুন। আগামী দিনে যদি পূর্ণাঙ্গ বিল আসে তখন এ সম্বন্ধে বক্তব্য রাখব। এই বলে বক্তব্য শেষ করছি।

**শ্রী শচীন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক আনীত দি ওয়েস্ট বেঙ্গল মাল্টি স্টোরিড বিল্ডিং ট্যাক্স বিল নাইন্টিন সেভেন্টি নাইন আমি সম্পূর্ণ সমর্থন করছি এবং এই সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। এতে আলোচনার বিষয় বস্তু খুব বেশি নাই। তবে কয়েকটি কথা এসেছে। এই বিলের সমালোচনা করতে গিয়ে কিম্বা বিল সার্কুলেট করা হোক তার সমর্থন করতে গিয়ে যে বক্তব্য এখানে উপস্থাপিত হয়েছে, বিশেষ করে সন্দীপ বাবু জনতা পার্টির তরফ থেকে তার বক্তব্য রাখতে গিয়ে তার বক্তৃতার কনক্লুশনে যে আবেদন করেছেন যে যদি কমপ্রিহেন্সিভ বিল আনা হয় তাহলে ভবিষ্যতে তিনি এবং

[4-05 — 4-15 P.M.]

তার দল বিলকে সমর্থন জানাবেন, এই যে প্রতিশ্রুতি দিয়েছেন, তাতে তিনি বড্ড বেশি রিস্ক নিয়েছেন। সন্দীপবাবুর দল থাকবে কি থাকবেনা, থাকলেও তাতে কে কে থাকবেন তার ঠিক নাই। কিন্তু তিনি তার দলের পক্ষ থেকে বিল আসলে সমর্থন করবেন এই কথা বলে গেলেন। তার পক্ষে এতে রিস্ক নেওয়া ঠিক নয়। যাইহোক এই বিলকে সমর্থন দিয়ে বলি যে এই বিলকে কেন স্বৈরতান্ত্রিক বিল বলা হল, বুঝতে পারছিনা তার গাত্রদাহ কোন জায়গায়। এটা কলকাতা শহরে পাঁচ তলার উপর বহুতল বিশিষ্ট যে বাড়িগুলি আছে তার উপর ট্যাক্স ধার্য করার প্রস্তাব এই বিলে করা হয়েছে। সন্দীপবাবু বলেছেন পৌর সভার দায়িত্ব সেটা, তার আয়ের উপর হস্তক্ষেপ করা হয়েছে। পৌরসভা এই ট্যাক্স ধার্য করতে পারেনা। আইনে তাকে এই অধিকার দেয়নি পৌরসভার যে প্রাপ্য ট্যাক্স, ভ্যালুয়েশনের উপর করে এবং সেই প্রাপ্য টাকা আদায় করে ট্যাক্স হিসাবে আইনে সেটা আছে। কিন্তু কলকাতা শহরের উপর বড় বড় এই যে বাড়ি তৈরি করে কারা? বলেছেন গরিব মানুষ, মধ্যবিত্ত, তারা কি এই বিল্ডিং তৈরি করে? এই বিল্ডিংগুলি কোনও কোনও ক্ষেত্রে কোনও কোনও জায়গায় কো-অপারেটিভে করে বলা হয়েছে। কিছু কিছু সেসব প্রশ্ন থাকতে পারে। আসলে এই সমস্ত যে বড় বড় বাড়ি যারা ধনী, যারা কালো টাকার মালিক, নানা কায়দায় জমি কেনে তারাই করে। তারা যেভাবে জমি কেনে তাতে সাধারণ মানুষ যেতে পারে না। ইম্প্রুভমেন্ট ট্রাস্টের কাছেই হোক অথবা সরকারি জমিই হোক, তারা যেভাবে জমিগুলি ক্রয় করে অকশনে তুলে তাতে এই ধনী ব্যক্তিরাই সবার আগে মোটা টাকা দিয়ে কিনে নেয় এবং কিনে বড় বড় বাড়ি তৈরি করে এবং লক্ষ লক্ষ টাকা রোজগার করে। এই বাড়িগুলির উপর সামান্য কিছু ট্যাক্স ধার্য করার প্রস্তাব করা হয়েছে এতে রাজ্য সরকারের ভান্ডারে যে একটা বিরাট অর্থ এসে যাবে তা নয়। কারণ সংখ্যা খুব বেশি নয়, ১/১১।। কোটি টাকা আসতে পারে। কিন্তু এখানে দৃষ্টিভঙ্গিটা বুঝতে হবে যে কোন দৃষ্টিভঙ্গিতে এই ট্যাক্স ধার্য করার কথা বলা হয়েছে। অতীতেও করা হয়েছিল, তার কতকগুলি ক্রটি থাকার জন্য হাইকোর্টে মামলা হয়, হাইকোর্টের নির্দেশ মানতে গিয়ে যেগুলি করার দরকার সেইগুলি এই বিলে রাখা হয়েছে। সেটা হচ্ছে, আর্টিকেল ১৪ সম্পর্কে—সেখানে সমতা রক্ষা করতে হবে। কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটি যখন কোনও বাড়ির উপর ট্যাক্স ধার্য করেন, ভ্যালুয়েশন করেন তখন সেখানে তার ভাড়ার উপর ভ্যালুয়েশনটা তৈরি হয়। কাজেই চৌরঙ্গী রোডের একটা বাড়ির যে ভাড়া নিশ্চয় বেলেঘাটা বা ট্যাংরা অঞ্চলের বাড়ির সেই ভাড়া হয় না। ঠিক সেইভাবেই ধার্য করা হয় এবং এখানে সেই ব্যবস্থাটা রেখেই করা হয়েছে। কলকাতা শহরের মধ্যে যারা এই বড় বড় বাড়িগুলি করেন তাদের উপরই ট্যাক্স ধার্য করার কথা বলা হয়েছে। কাজেই এখানে ঐ গরিবদের উপর আক্রমণ, নতুন ট্যাক্স, কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটির আয়ের উপর হস্তক্ষেপ করা হচ্ছে বলে যা বলা হচ্ছে মোটেই তা করা হচ্ছে না। এটা প্রত্যেক্ষ ট্যাক্স, পরোক্ষ ট্যাক্স নয়। কলকাতা শহরের যারা বড় বড় ধনী, ব্যবসায়ী বা বাছাই করা লোক তাদের উপরই এটা করা হয়েছে। সেইজন্যই বলছি, দৃষ্টিভঙ্গির তফাতটা আপনাদের বুঝতে হবে। আমরা সাধারণ মানুষের সেবার জন্য যখন অর্থ ভান্ডার পূরণ করার চেষ্টা করব তখন ট্যাক্স ধার্য করার সময় কয়েমীস্বার্থের উপর আমরা আক্রমণ করব, বড় বড় ধনী,

একচেটিয়া ব্যবসায়ী তাদের উপরই সেটা রাখব গরিবদের উপর নয়। তা যদি হত তাহলে সব বাড়ির উপরই অর্থাৎ ৫ তলার নিচে যে সমস্ত বাড়ি আছে তাদের উপরও চাপিয়ে দেওয়া যেত। দৃষ্টিভঙ্গির তফাত আপনাদের সঙ্গে আমাদের এইখানেই। তারপর এই বিলে ছাড়ও দেওয়া হয়েছে। যে সমস্ত ক্ষেত্রে ছাড় দেওয়া হয়েছে তা বিলের মধ্যে পরিষ্কার ভাবে লিপিবদ্ধ করা আছে। যেসব বাড়িগুলি স্কুল কলেজ, হাসপাতাল এই ধরনের জনহিতকর কাজের জন্য তৈরি হবে তারা ছাড় পাবে। আমরা অতীতে দেখেছি, পৌরসভার সারচার্জ করতে গিয়ে সেখানে অসুবিধার সৃষ্টি হয়েছিল। সেখানে সাধারণভাবে এটা ছিল বলে অনেক বড় বড় স্কুলবাড়ি এরমধ্যে পড়ে গিয়েছে। এই বিলে আমরা দেখতে পাচ্ছি সরকার অনেক চিন্তা ভাবনা করে বিলটা আনবার চেষ্টা করেছেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার প্রারম্ভিক ভাষণে এর মূল দৃষ্টিভঙ্গির কথা উল্লেখ করেছেন। আমি মাননীয় সদস্যদের বলব, এটাতে ভয়ের কোনও কারণ নেই। কলকাতা শহরের কিছু বড়লোকের উপর খানিকটা ট্যাক্স চাপিয়ে রাজ্যের অর্থভান্ডার পূরণ করার খানিকটা চেষ্টা করা হচ্ছে। এইজন্য এই বিলকে সকলের সমর্থন করা উচিত বলেই আমি মনে করি, এর বিরুদ্ধে যাওয়া মানেই কলকাতা শহরের কায়েমীস্বার্থকে সমর্থন করা। এই বলে এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলকে সমর্থন জানিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা এই সভায় রাখছি। স্যার, জনতা দলের মাননীয় বন্ধু যখন এই বিলটির বিরোধিতা করলেন তখন আমরা বুঝেছিলাম যে তিনি এটার বিরোধিতা করবেন তাদের নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে। জনতা দলের যে নীতি আছে পুঁজিপতিদের সমর্থন করা, বড়লোকদের সমর্থন করা সেই হিসাবে তারা এটা করবেন তা আমরা বুঝেছিলাম। তারপর ইন্দিরা কংগ্রেসের লোকেরা—স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এর আগেই বলেছেন এই হাউসে যে, এই বিলটি ১৯৭৫ সালে কংগ্রেস আমলে একবার উপস্থিত করা হয়েছিল। এই কংগ্রেসের সেই বিলে কিছু কিছু ত্রুটি থাকার ফলে কলকাতার মহামান্য বিচারালয় হাইকোর্ট সাংবিধানিক/আলট্রাভায়ার্স কিছু গোলমালের জন্য আইনগতভাবে সেই বিলের বিরুদ্ধে রায় দিয়েছিলেন। আজকে সেইদিকে লক্ষ্য রেখে যে ত্রুটিগুলি ছিল সেই ত্রুটিগুলি দূর করে মাননীয় মন্ত্রী মহাশয় এখানে এই বিলটি উপস্থাপিত করেছেন। কংগ্রেস আজকে নীতিগতভাবে এটাকে সমর্থন করতে দ্বিধাগ্রস্ত আবার একদিকে তারা আবার গরিব লোকদের কথা বলেন আবার কেউ কেউ আসল কথা বলে ফেললেন বড় লোকদের স্বার্থ রক্ষা করার কথা বললেন। উপরে গরিব লোকদের কথা বললেন আর ভিতরে বড় লোকদের সমর্থন করার কথা বললেন। যে জিনিস কংগ্রেস আমলে হয়েছে সেই জিনিস কোনও দিনও তারা ইমপ্লিমেন্ট করেন নি। স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট জমিদারি প্রথা লোপ আইন হল। এবং আমরা জানি একজন অ্যাডভোকেট মহাশয় বললেন স্বর্গত বিধানচন্দ্র রায় হাউসে বিল নিয়ে এলেন। জমিদারি উচ্ছেদ আইন সকলে সমর্থন করলেন। তারপর সকলে বিধানবাবুর কাছে গিয়ে বললেন এ কি করেছেন এ যে সর্বনাশ হয়ে গেল আমাদের যে সব চলে গেল। বিধানবাবু বললেন আপনারা তো সমর্থন করেছেন। ওরা বললেন সমর্থন করতে হয় তাই করেছি। আপনি কখনই এটা কার্যকর করবেন না। তাই সেটা সঠিকভাবে কার্যকর হয় নি। তারপর কমিটি হল আসলে সেটা আর কার্যকর হল না। তার পর ল্যান্ড রিফর্ম বিল এসেছিল।

[4-15 — 4-25 P.M.]

কিন্তু আইনটাকে এমনভাবে করা হল যাতে করে তা আর ইমপ্লিমেন্ট হয় নি কার্যকর যাতে না হতে পারে তার ব্যবস্থা করেছিলেন। এখন আজকে সেই সব ত্রুটি দূর করে হাইকোর্টের নির্দেশ মাফিক সেইসব ত্রুটি দূর করে আজকে নতুন করে প্রচেষ্টা চালানো হচ্ছে কি করে বড় বড় সৌধ অট্টালিকার উপর ট্যাক্স করা যায়। এই সব বাড়ি কালো টাকায় হয়েছে। যদি অ্যাসেসমেন্ট করতে গেলে দেখা যায় পার স্কোয়ার মিটার, যদি খোঁজ করে দেখা যায় তাহলে দেখতে পাওয়া যাবে সেই সব মালিকদের খুঁজে বার করলে দেখা যাবে বহু কালো টাকা ধরা পড়বে। বড় বড় রুই কাতলা বেরিয়ে আসবে। সন্দীপবাবু সেই সব বড় লোকদের স্বার্থ রক্ষা করবার প্রচেষ্টা করেছেন তার বক্তব্যের মধ্যে সেইটাই দেখলাম। এই বিলের মধ্যে মাননীয় মন্ত্রী মহাশয় উত্থাপন করার সময় বলে দিয়েছেন যে কি করে ট্যাক্স লেভি করা হবে। প্রত্যেক স্কোয়ার মিটারে ৫০ পয়সা করা হবে, তারপর ১ টাকা করা হবে তারপর দুটাকা ৪ টাকা—এইভাবে সিলিংয়ের কথা তিনি বলেছেন। তিনি এই তথ্য আমাদের কাছে দিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও আমরা লক্ষ্য করলাম জনতা দলের সদস্য বললেন যে এটা ভারতের অন্য রাজ্যে নাই। ঠিক কথা কিন্তু ভারতের অন্য কোনও রাজ্যে তো বড় লোকদের স্বার্থ ক্ষুণ্ণ করবার মতো সরকার হয় নি। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলাতেই বামফ্রন্ট সরকার হয়েছে যারা গরিব লোকদের স্বার্থ রক্ষা করে এবং বড় লোকদের কাছ থেকে কর আদায় করে। অন্য কোনও রাজ্যে এই রকম ব্যবস্থা নেই। কারণ সেখানে কংগ্রেস কিম্বা জনতা দলের সরকার রয়েছে যারা বড় লোকদের স্বার্থ রক্ষা করে তাদের উপর ট্যাক্স বসায় না। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার গরিবদের স্বার্থ রক্ষা করে। এই পার্থক্যতো থাকবেই এটা আমরা জানি। তারপর ওরা বললেন যেটা কর্পেরেশনের সঙ্গে, মিউনিসিপ্যালিটির সঙ্গে একটা স্টেট গভর্নমেন্ট লেভি আর ট্যাক্সেশন—কর্পোরেশন, মিউনিসিপ্যালিটিগুলিতে যখন টাকা দিতে হবে তখন রাজ্য সরকারের কাছে আসে। বিদ্যুৎ ঘাটতি, শহর পরিষ্কার করবার টাকা, রাস্তা করবার টাকা সমস্ত রাজ্য সরকার দেবেন, ফাইনান্স মিনিস্ট্রি দেবে। কিন্তু কর আদায়ের অধিকার অশোক মিত্রের নেই। টাকাটা উনি দিয়ে যাবেন, কোন জায়গা থেকে দেবেন সেটা উনি ভাববেন। রাস্তা হবে, বড় বড় ইম্প্রুভমেন্ট হবে, এই সব জিনিস হবে কিন্তু রাজ্য সরকার কোনও ট্যাক্স করতে পারবে না। রাজ্য সরকার টাকা দেবে আর ট্যাক্স করবে কর্পোরেশন। সুতরাং যেখানে রাজ্য সরকার টাকা দেবে, রাজ্য সরকার বিভিন্ন জায়গায়—আবার কেউ কেউ বলেছেন যে এটা স্বৈরচারী, স্বৈরতান্ত্রিক বিল। অবশ্য এটা স্বাভাবিক কারণ স্বৈরচারী ব্যবস্থাটা ওদের ভালো জানা আছে। ইন্দিরা কংগ্রেসের বাবুরা আবার রিগিং-এর স্বপ্ন দেখছেন। এটা স্বাভাবিক কারণ চোরের মন পুলিশ পুলিশ। চোর যে হয় সে পুলিশ-এর কথা ভাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা স্বৈরচারী চিন্তা, স্বৈরতান্ত্রিক চিন্তার কথা বলছেন। ওরা নিজেদেরই ছায়াতে ভূত দেখছেন। কাজেই ওরা এই বিলের মধ্যে স্বৈরতন্ত্র দেখছে। বিরোধী দলের সদস্যদের মধ্যে অনেক আইনজ্ঞ লোক আছেন এবং বিচার বলে একটা বস্তু সেটা তাদের কিছু কিছু জানা আছে। এই আইনের মধ্যে সুন্দর ভাবে বলা আছে যে কি ভাবে বিচার হবে, কিভাবে অ্যাসেসমেন্ট হবে। সেই অ্যাসেসমেন্ট যদি কেউ অ্যাগ্রিভড হয় তাহলে তার জন্য রিভিসন, যদি তার জন্য কোনও অ্যাপীল করতে চাই তাহলে অ্যাপীলের প্রভিসন আছে এবং অ্যাপীল উইদাউট এনি

হিয়ারিং একটা লোককে, নোটিশ দেবে, রিজনেবল অপারচ্যুনিটি অব হিয়ারিং দেবে অর্থাৎ একটা জুডিসিয়াল প্রোসেসের ভিতর দিয়ে এই অ্যাসেসমেন্টটা করা হবে। কাজেই এটা স্বৈরতান্ত্রিক নয়। এটা পড়তে না জানলে এই রকম হবে। আমি যদি বিলটা ভালো করে পড়তে না পারি, ভালো করে বুঝতে না পারি তাহলে এটা অস্পষ্ট হবে, অসম্পূর্ণ মনে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে এই বিলের সেকশন ৪ সেখানে টেকিং অথরিটিজের কথা বলা আছে এবং ক্লিয়ারলি এই আইনের মধ্যে ট্যাক্সিং অথরিটিজের সম্পূর্ণ বিবরণ দেওয়া আছে। মাননীয় বিরোধী দলের সদস্যরা কি করে অসম্পূর্ণ দেখলেন আমি জানিনা। অ্যানুয়াল ভ্যালুয়েশনের ব্যাপারে এখানে একটা পদ্ধতির কথা স্পষ্টভবে বলা রয়েছে সেকশন ৫-তে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন ট্যাক্স যেখানে দিতে হবে এবং ক্লিয়ারলি বলা আছে যে No assessment shall be made without giving the owner on apportunity of being heard. অতএব এরা এই সবগুলি কিছু দেখেন নি। পড়াশুনা না করে এই বিলের সমালোচনা করছেন। তবে মাননীয় অর্থ মন্ত্রীকে বলব এখানে দুটো প্রভিসন উনি রেখেছেন। একটা হচ্ছে রিভিসন এবং আর একটা হচ্ছে অ্যাপীলের প্রভিসন। এই অ্যাপীলের প্রভিসন যেখানে আছে, অ্যাপীল ফর হায়ার অথরিটি সেখানে অথরিটিকে স্পেল আউট করে নিয়ে কমিশনারের পরে—এই ব্যাপারে উনি বলেছেন যে সেটা নাকি পরে দেওয়া হবে এবং কমিশনারের পরে যে অ্যাপীলেট অথরিটি হবে সেই অ্যাপীলেট অথরিটির কাজ যখন রুলস করবেন তখন লক্ষ্য রাখবেন যে কমিশনার কি করবেন সেটাও ভালো করে দেখবেন। এখানে রিভিউ এর কথা বলা হয়েছে, আদার দ্যান কমিশনার যদি হয় তাহলে কমিশনারের কাছে রিভিসন হতে পারে। কিন্তু রিভিসন যদি আদার দ্যান কমিশনার হয় তাহলে মনে হয়—উনি যদি ভেবে দেখেন যে রিভিসনটা অন্য কোথাও করা যায় কি না। ইনকাম ট্যাক্স বা আদার ট্যাক্সের মোটামুটি এই রকম প্রভিসন আছে। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে কথা বলি, এই বিলটা একটা সরকারি অর্থ আদায় করার জন্য, বড়লোকের উপর কর আরোপ করে এবং একজন এখানে বললেন লো ইনকাম গ্রুপ সম্পর্কে—যারা নাকি ভাড়া নিয়ে আছে, ভাড়াটেদের সম্পর্কে। ভাড়াটেদের সঙ্গে এই আইনের কোনও সম্পর্ক নেই। আমি জানিনা তিনি কোথা থেকে এই সব বললেন। বড় বড় মাল্টি-স্টোরিড বিল্ডিং-এর ওনার, যারা, তাদের উপর অ্যাসেসমেন্ট হবে। এখানে ভাড়াটেদের সঙ্গে কোনও সম্পর্ক নেই। কো-অপারেটিভের ব্যাপারটা নিশ্চয় থাকবে। সুতরাং, এই সব লো ইনকাম গ্রুপ, ভাড়াটে এই সব বলে বিরোধিতা করবার চেষ্টা করেছেন বিরোধী দল থেকে। যাই হোক, এটা একটা পূর্ণাঙ্গ বিল, এর দ্বারা একটা নতুন কর আদায়ের ব্যবস্থা করা হয়েছিল অতীতে। তার মধ্যে কিছু ত্রুটি ছিল, সেই ত্রুটিগুলো বাদ দিয়ে নতুন করে কর আদায়ের চেষ্টা করা হয়েছে। আমি এই বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মতীশ রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বিল এখানে উপস্থিত করেছেন আমি তাকে সর্বতোভাবে সমর্থন জানাচ্ছি। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে কয়েকটি আইনগত ব্যাপারের প্রতি দৃষ্টি রাখতে অনুরোধ করছি। সেকশন (২) সাবক্লজ বি'র ডেফিনেশনে বলেছেন mulit-storeyed building means a building on any land in on urban

[4-25 — 4-35 P.M.]

area consisting of 5 storeys and above. এই ক্ষেত্রে আমি মনে করি অর্থমন্ত্রী বিবেচনা করবেন, একটা কথা বাড়িয়ে দেওয়া দরকার। কারণ চার তলা কিম্বা ৩ তলা বিল্ডিং বেশি এরিয়া নিয়ে যদি তৈরি হয়, আর পাঁচ কাঠা জমির উপর যদি ১০ তলা বাড়ি হয় তাহলে আদায়ের দিক থেকে যে দুবিঘা জমির উপর হবে, সেটার আয় অনেক বাড়বে। অথচ এইসবগুলো ফাঁক থেকে যাচ্ছে। অতএব ন্যুনতম জায়গায় কথা বলে দেওয়া উচিত। এরিয়া যদি বেঁধে দিতে পারি তাহলে হয়ত আইনের যে সমতা তা কার্যকর করার দিক থেকে সুবিধা হবে। আর একটা কথা ডেফিনেশনে যেটা আছে, সেকশন টু সাবক্লজ জি, এটা আমার মনে হয় মন্ত্রী মহাশয় বিবেচনা করে দেখবেন "person" include any individual, a family, a firm, a company, or an association or body of individuals, whether incorporated or not আমার মনে হয় একটা জায়গায় ফাঁক থেকে যাচ্ছে। কংগ্রেসি বন্ধুরা কিম্বা আমাদের দেশের কিছু কিছু প্রতিষ্ঠান তার সুযোগ নিতে পারেন। আমরা জানি কোম্পানির বাইরে কতকগুলো অর্গানাইজেশন আছে যেগুলো কোম্পানি অ্যাক্টে কভার করে না বা স্ট্যাটাসে সেইগুলো কমার্সিয়াল অর্গানাইজেশন, প্রফিটেবল কনসার্ন' হিসবে রান করে। যেমন এফ. সি. আই., এল. আই. সি., ব্যাঙ্ক। এদের ক্ষেত্রে আমার মনে হয় অর্থমন্ত্রী যদি ঐ জায়গায় আর একটি শব্দ লিখে নেন স্ট্যাচুটারি কর্পোরেশন, অর্থাৎ যে কর্পোরেশনগুলো আইনের বিধি বলে তৈরি হল, যেমন ডি.ভি.সি., এল. আই. সি., এটা কোম্পানিজ অ্যাক্টে নেই। এইগুলোর ক্ষেত্রে যদি স্ট্যাচুটারি কর্পোরেশনকে কভার করি তাহলে সেখানে থেকে আমরা আয় করতে পারব। কারণটা আমি বলছি, সেকশন থ্রি সাব ক্লজ থ্রি বি, যেখানে বলছেন ইন্ডাস্ট্রিয়াল পারপাস, অর্থাৎ যে মাল্টি স্টোরিড বিল্ডিংগুলোতে ইন্ডাস্ট্রিয়াল পারপাস হিসাবে ব্যবহৃত হবে, সেখানেও এই বিলের আওতায় আমরা আনতে চাইছি। ইন্ডাস্ট্রিয়াল পারপাস বলতে অর্থমন্ত্রী মিন করছেন "Industrial purpose" neans the use of any multi-storeyed building or part thereof for carrying on any manufacturing process as defined in the Factories. আমি বিনীতভাবে মাননীয় অর্থমন্ত্রীর কাছে বলব যে, আমাদের দেশে ফ্যাক্টরি অ্যাক্ট দ্বারাই শুধু ম্যানুফ্যাকচারিং প্রসেস গাইডেড হয় না। ইন্ডাস্ট্রির ডেফিনিশন ইন্ডাস্ট্রিয়াল ডিসপ্যুট অ্যাক্টেও দেওয়া আছে। সেই জন্য আমি বলব যে, শুধু ফ্যাক্টরি অ্যাক্ট মন্ত্রী মহাশয় এখানে রেখেছেন, কিন্তু এটাকে পরিপূর্ণ রূপ দিতে গেলে এখানে তাকে কিছু সংযোজন করতে হবে এবং সেটা করবার জন্য আমি তাকে অনুরোধ করছি। যেখানে তিনি বলছেন as difined in the factories act. তারপর বলা হোক any other establishment which is covered under the difination of sec. 2(j) of the Industrial Disputs Act. কারণ এটা যদি আমরা না বলি, তাহলে বহু কাজ হবে এবং that is a part of the manufacturing process এবং সুপ্রিম কোর্টের জাস্টিস কৃষ্ণ আয়ার ইন্ডাস্ট্রির যে ডেফিনিশন দিয়েছেন আমার মনে হয় সেটা যদি আমরা এখানে সংযোজন করি তাহলে বোধ হয় আমাদের বিল পরিপূর্ণতা লাভ করবে এবং আদায়ের দিক থেকে, আয়ের দিক থেকে আমাদের বিলের যে উদ্দেশ্য সেটা সঠিকভাবে সাফল্যলাভ করবে। এই কারণে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে, তিনি যেন ঐ ইন্ডাস্ট্রিয়াল পারপাসের ক্ষেত্রে ব্যাখ্যাটার পরিবর্তন করে—ইন্ডাস্ট্রিয়াল ডিসপ্যুট অ্যাক্টে যার সম্পূর্ণ ব্যাখ্যা

দেওয়া হয়েছে যে, ইন্ডাস্ট্রি বলতে কি বুঝি, সেই ব্যাখ্যা এখানে সংযোজন করুন। আর যদি আমরা এটাকে শুধু ফ্যাক্টরি অ্যাক্টের মধ্যে সীমাবদ্ধ রাখি তাহলে কিছু কিছু ফাঁক থেকে যাবে বলে আমি মনে করছি। সেই কারণে মাননীয় মন্ত্রীকে আমি আমার এই তিনটি সংযোজনের ব্যাপারে অনুরোধ করছিলাম যে, তিনি এটা একটু বিবেচনা করুন। তানাহলে—আমরা অতীতে দেখেছি—যদি এগুলি কভার্ড না করা হয় তাহলে আইনের চুলচেরা বিচার নিয়ে হাই কোর্টে মামলা হয়, সরকারের রাজস্ব আটকে থাকে এবং ব্যাখ্যা যত দিন পর্যন্ত না পাওয়া যায় তত দিন পর্যন্ত সরকারের পক্ষে অকারণ সিদ্ধান্ত নিতে অসুবিধা হয়। সেই জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি যাতে বিলটি সর্বাঙ্গীন সুন্দর হয়ে কার্যকর হতে পারে তার জন্য আমার এই বক্তব্যটুকু তিনি একটু চিন্তা করে দেখুন। তিনি যদি ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট অ্যাক্টের ডেফিনিশনটা একটু দেখেন তাহলে দেখতে পাবেন ইন্ডাস্ট্রি বলতে কি কি বোঝাচ্ছে ; এবং সেটা ঐ অ্যাক্টের সেকশন ২(জে)-তে পরিপূর্ণভাবে বলে দেওয়া আছে এবং তা ফ্যাক্ট্রিস অ্যাক্টের কভার্ড করছে। সুতরাং আমি মনে করি এটা থাকা উচিত। এই বলে এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## LAYING OF REPORT

### 43rd Report of the Business Advisory committee

**অধ্যক্ষ মহাশয়ঃ** এখন আমাদের একটু সংক্ষিপ্ত কাজ আছে। আমাদের কার্য উপদেষ্টা সমিতির (বিজনেস অ্যাডভাইসারি কমিটি) দ্বারা স্থিরীকৃত পরিবর্তীত কার্যসূচি (রিভাইসড প্রোগ্রাম) আমি আপনাদের কাছে পেশ করছি। কারণ আমাদের পূর্ব ঘোষিত কার্যসূচির (প্রোগ্রাম) কিছু পরিবর্তন করতে হয়েছে। আমি কার্য উপদেষ্টা সমিতির, অর্থাৎ বিজনেস অ্যাডভাইসারি কমিটির ৪৩-এর প্রতিবেদন (ফর্টি থার্ড রিপোর্ট) পেশ করছি, যার বৈঠক আজকে আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত বৈঠকে ৪ঠা সেপ্টেম্বর ১৯৭৯ এবং ১০ই সেপ্টেম্বর থেকে ১২ই সেপ্টেম্বর ১৯৭৯ পর্যন্ত বিধান সভার কার্যক্রমের নিম্নরূপ পরিবর্তন করা হয়েছে।

| | |
|---|---|
| Tuesday, 4-9-79 | (i) The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing)—1 hour. |
| | (ii) Motion under rule 185 — Notice of which was given by Shri Kiranmoy Nanda & Others—2 hours. |
| Monday, 10.9.79 | (i) The West Bengal Industrial Infrastructure Development Corporation (Amendment) Bill 1979. (Introduction, Consideration & Passing)— 1 hours. |

| | |
|---|---|
| | (ii) The West Bengal Unani System of Medicine Bill, 1979. (Introduction, Consideration and Passing)—3 hours. |
| Tuesday, 11.9.79 | The West Bengal Public Libraries Bill, 1979. (Introduction, Consideration and Passing)—4 hours. |
| Wednesday, 12.9.79 | The West Bengal Public Libraries Bill,, 1979. (Introduction, Consideration and Passing)—4 hours. |

**শ্রী দীনেশ মজুমদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্য-উপদেষ্টা সমিতির ৪৩তম যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করার জন্য সভায় উত্থাপন করছি।

**মিঃ স্পিকার :** আমি আশা করছি, এর বিরুদ্ধে কেউই নেই, অতএব প্রস্তাবটি গৃহীত হল।

## LEGISLATION

### The West Bengal Multi-storeyed Building Tax Bill, 1979

**ডঃ অশোক মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আলোচনা শুনলাম। এই বিলের উপর খুব বেশি যোগ করবার নেই। আমি দু-একটি কথা বলব। আমি বুঝতে পারলাম না সন্দীপবাবু এই বিলটা সমর্থন করছেন কি করছেন না এটা খুব মুশকিল হয়ে গেল। উনি একবার বলছেন এই বিলটা সার্কুলেশনে যাক এবং সঙ্গে সঙ্গে বললেন বিলটা এনেছেন কেন, কর্পোরেশন করে দিন, কর্পোরেশন কর আদায় করবে। উনি মনঃস্থির করে বলুন কোনটা করা হবে। কিন্তু উনি মনঃস্থির করে বললেন না যখন, তখন আমার সন্দেহ তাহলে আসল ব্যাপারটা কি? ওরা কি চাইছেন না যে এই কর আমরা আরোপ করি এবং আরোপ করে পুঁজিপতিদের কাছ থেকে বাড়তি টাকা আদায় করি, সমাজে যে সমস্ত বড় লোকেরা আছেন, যারা বেশি টাকা পেয়ে থাকেন তাদের কাছ থেকে কিছু কর আদায় করি—আমি ওনার উদ্দেশ্য জানতে পারলাম না, জানলে ভালো হত। এটা আমাদের এক্তিয়ার আছে—মাননীয় বিচারপতি বলে দিয়েছেন যে রাজ্য সরকারের এক্তিয়ার আছে কর আদায় করা এবং তার বাইরে যে কথা আছে যে, এটা এক ধরনের কর যেটা কর্পোরেশন তুলতে পারবে কিনা? নিশ্চয়ই পারবে এটা বিবেচ্য বিষয়। একটা মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন হয়েছে তারা কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটির আর্থিক অবস্থা এবং আরও অন্যান্য খোল-নলচে বিশ্লেষণ করে দেখছে এবং তারপর যদি প্রস্তাব আসে নিশ্চয়ই বিবেচনা করে দেখব। ইতিমধ্যে মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশন যে সমস্ত কর আদায় করছেন সেগুলি ভালোভাবে করুন, আমরাও মাল্টি স্টোরিড বিল্ডিং ট্যাক্স আদায় করি বড় বড় লোকেদের বেশি করে কর আরোপ করি এবং আরোপ করে গরিব মানুষের উপকারে লাগাই, রাজস্ব সংগ্রহ করার কোনও অসুবিধা হচ্ছে না। আপনারা বলেছেন অভিনব ব্যাপার নিশ্চয়ই অভিনব, বড়

লোকেদের ট্যাক্স আদায় করব এটা অভিনব হবে না? দেশের লোকেরা দেখুক, পৃথিবীর লোকেরা দেখুক যে এমন একটা কর আরোপ করার ব্যবস্থা করা হয়েছে অভিনব হলেও ক্ষতি নেই। দ্বিতীয়ত আর একটি কথা বলা হয়েছে সমবায় ভিত্তিতে যে সমস্ত বহুতল বিশিষ্ট বাড়ি তৈরি করা হয় তাদের জন্য কোনও কর ছাড়ের ব্যবস্থা করা যায় কিনা কলকাতায় বহু বড় লোক আছেন যারা কোটি কোটি টাকা উপার্জন করছেন এই সমবায় ভিত্তিতে বাড়ি করে এবং এই ধরনের বাড়ি করে তারা ৪০/৫০ হাজার টাকা উপার্জন করছেন তারা সরকারকে কর ফাঁকি দেয় সমবায় সমিতি স্থাপন করে বড় বড় দালান তুলছে আমি বলব কিছুই করা যাবে না তাদেরকে কর দিতে হবে। সাধারণ গৃহস্থ যারা ছোট চাকুরি করে—সন্দীপবাবু অধ্যাপকের কথা বললেন আমি নিজে অধ্যাপক, আমি বুঝতে পারছি কিন্তু

[4-35 — 4-42 P.M.]

আমি তো যারা ছোট ফ্লাট কিনছেন তাদের করের হার কম করা হবে তাতো বলেছি—আমি হিসাব করলাম ৬০০/৭০০/৮০০ স্কোয়ার মিটার এরিয়া নিয়ে যাদের ফ্লাট তাদের উপর বছরে ৪০/৫০ টাকার বেশি কর পড়বে না অর্থাৎ মাসে ৪/৫ টাকা। ধীরেনবাবু বললেন কি কেলেঙ্কারী ব্যাপার—হাইকোর্টে বামফ্রন্ট সরকারের বিরুদ্ধে একটা অপবাদ দিয়ে গেল। আমি বলব কংগ্রেসিরা যে বিধান নিয়েছিল তার একটা অংশ ছিল অ-সাংবিধানিক সব ধরনের ফ্ল্যাটে একই হারে আদায় করব আমরা সেটা পাল্টালাম—আমরা বললাম ফ্লাটের পরিমাণ যদি বড় হয় তাহলে করের হার বেশি হবে। তাতে হাইকোর্টের বিচারপতি কিছুটা সন্তুষ্ট হলেও কিন্তু বাড়তি কথা কিছু থেকে গেল। তিনি বললেন বেলগাছিয়া ফ্ল্যাট আর পার্ক স্ট্রিটের ফ্ল্যাটে একই হারে কর চাপাতে পারে না। আমরা সংশোধন করে নিলাম—আমরা হাইকোর্টের কাছে কৃতজ্ঞ—আমরা যাতে বড় লোকেদের উপর বাড়তি কর চাপাতে পারি তারজন্য হাইকোর্ট আমাদের পথ দেখিয়েছেন সেইজন্য হাইকোর্টের কাছে আমরা কৃতজ্ঞ। তারপর আর একটা কথা উনি বললেন যে এটা স্বৈরাচারী হচ্ছে। কি স্বৈরাচারী হচ্ছে? একজন কমিশনার এবং তার কর্মচারী তারা এই কর আদায় করবেন অতএব কিভাবে স্বৈরাচারী হচ্ছে বুঝতে পারলাম না। কমিশনার নিয়োগ করা হয় সরকারের দ্বারাতেই। সেই কমিশনারের কর্মচারী যারা আছেন তারা ন্যায্য সরকারি বিধিব্যবস্থার দ্বারা এর কর আদায় করবেন। এর মধ্যে স্বৈরাচারী ঘটনা কি ঘটল? স্বৈরচারী একজন মহিলা বা একজন ভদ্রলোক যদি নিয়ম কানুন না মেনে, নিয়ম কানুনের সঙ্গে সম্পর্ক না রেখে, নিয়ম কানুন না শুনে এবং যারা নিয়ম কানুন মানতে চান তাদের জেলে পুরে রাখার ব্যবস্থা গ্রহণ করেন, তবে স্বৈরাচারী তাকে বলে। তারপর বলেছেন কি হবে? যে কোনও কর ব্যবস্থার ক্ষেত্রে যে ধরনের ব্যবস্থা থাকে এবং সাধারণত সেই ধরনের ব্যবস্থার কথা এই বর্তমান বিলেও আছে। সুতরাং এই কথা বলা অযৌক্তিক হবে। এই ব্যবস্থায় কোনও অতিরিক্ত ব্যয় ভার হবেনা—এই কারণে যে আমাদের এগ্রিকালচার, ইনকামট্যাক্স এর দায়িত্ব যাদের উপর ন্যস্ত আছে, অতিরিক্ত দায়িত্ব হিসাবে মাল্টি স্টোরিড বিল্ডিং থেকে করের টাকা তারাই আদায় করবে। সেজন্য আমাদের হিসেব অনুযায়ী বাড়তি ব্যয়ভার বহন করতে হবে না। ভবিষ্যতে কি হবে বলতে পারছি না। যখন বড় বড় লোকেদের একটু বেশি করে ধরতে পারব তখন কি হবে বলতে পারিনা, তা ছাড়া মতীশ বাবু যেটা বললেন স্ট্যাটুটারি কর্পোরেশন গুলোকে করের আওতায়

আনা যায় কিনা দেখতে হবে। রাষ্ট্রীয় সংস্থাগুলোকে বাদ দিয়েছি। এটা ঠিক রাষ্ট্রীয় সংস্থাগুলোর রাষ্ট্রের টাকা, রাষ্ট্রের ভিতর ঘোরাফেরা করে। এটার উপর বাড়তি কর চাপিয়ে লাভ হবেনা। তাদের আপাতত কিছু করছি না, কিন্তু অন্য সমস্ত বাণিজ্যিক সংস্থাকে এই করের আওতায় আসতে হবে যারা বহুতল বিশিষ্ট বাড়ি ব্যবহার করেন। আইনে কিছু ফাঁক আছে বলে আমার মনে হয় না যেটা সন্দীপবাবু বললেন। নতুন কর করে কার কাছে সারকুলেট করব অর্থাৎ বড়লোকদের হাতে টাকাটা থাক, সরকারের না আসুক এটার মানে তাই দাঁড়ায়। সুতরাং এই প্রস্তাবের আমি বিরোধিতা করছি এবং আমি আশা করব যে সকলে আমার এই বিলটিকে সমর্থন করুন।

The motion of Shri Sandip Das that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Multi-storeyed Building Tax Bill, 1979, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 25 and Preamble**

The question that Clauses 1 to 25 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Mr. Speaker, Sir, I beg to move that The West Bengal Multi-Storeyed Building Tax Bill, 1979, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Adjournment**

The house was then adjourned at 4-42 P.M. till 1 P.M. on Tuesday, the 4th September, 1979 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 4th September, 1979 at 1 P.M.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 14 Ministers, 5 Ministers of State and 185 Members.

[ 1-00 — 1-10 P.M. ]

**মিঃ স্পিকার ঃ** পরিস্থিতি যা দেখা যাচ্ছে তাতে কোয়েশ্চেন এখনও ছেপে আসে নি। যা শুনছি তাতে আধ ঘণ্টার মধ্যে ছেপে আসতে পারে। অতএব এর জন্য হয় হাউস অ্যাডজোর্ন করতে হয় না হয় উল্লেখগুলি করতে পারি।

## Mention Cases

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি উল্লেখ করার জন্য বলেছেন বলে আমি উল্লেখ করছি। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাচ্ছি যে অনেকে বলেছিলেন যে খরা জনিত কারণের জন্য জলের খুব অসুবিধা হচ্ছে বলে সরকারের যে সমস্ত ডিপ টিউবওয়েল, রিভার লিফট্, শ্যালো আছে সেখান থেকে এখনই জল দেওয়া হোক—ট্যাক্স পরে দেওয়া হবে। আজকে এই অর্ডার চলে গেছে যে জল আমরা এক্ষুনি দিয়ে দিচ্ছি—ফসল ওঠার পর তারা ট্যাক্স দেবে। আপনাদের অনুরোধ করছি আপনারা আপনাদের এলাকায় সমস্ত জানিয়ে দেবেন।

**শ্রী নির্মলকুমার বসু ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল থেকে পশ্চিম বাংলায় ডেকরেটারদের অধীনে প্রায় ২৫ হাজার শ্রমিক ধর্মঘট করেছে। পশ্চিমবাংলায় প্রায় ৫ হাজার ছোট বড় ডেকরেটার আছে। এই ২৫ হাজার শ্রমিকের চাকরির নিরাপত্তা নেই, নিম্নতম বেতন নেই এবং রাত দেড়টা-দুটা এমন কি ৩টার সময় যখন তারা কাজ থেকে ফেরে তখন অনেক সময় পুলিশ তাদের ধরে নিয়ে যায় কারণ তাদের কোনও আইডেন্টিটি কার্ড নেই অর্থাৎ তারা একটা মধ্যযুগীয় অবস্থায় বাস করছে। এরা দাবি করছে সর্ব নিম্ন বেতন একটা স্থির করতে হবে, চাকরির নিরাপত্তা ঠিক করতে হবে, হাজিরা খাতা করতে হবে এবং আইডেন্টিটি কার্ডের ব্যবস্থা করতে হবে। তারা বিধানসভায় আসছেন মিছিল করে কারণ তারা এখন তাদের দাবি পালন করছেন। মালিকরা তাদের দাবি দাওয়া মানছেন না। ধর্মঘট চললে পুজার খুব ক্ষতি হবে তাই শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি যে এদের দাবি দাওয়ার যাতে সুমীমাংসা হয় সেজন্য আপনি হস্তক্ষেপ করুন ও পূজা নির্বিঘ্নে হয় তার জন্য ব্যবস্থা করুন।

**শ্রী হাবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু গণতন্ত্রের যে উজ্জ্বল দৃষ্টান্ত উত্থাপন করেছেন তার নজীর আপনার মাধ্যমে তুলে ধরছি। মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২ নং ব্লকের বড়শিমুল দয়ারামপুর গ্রাম পঞ্চায়েতের যে প্রধান নির্বাচন

হয় সেই নির্বাচনে সিপিএম প্রার্থীকে পরাজিত করে আমাদের প্রার্থী নির্বাচিত হয়েছিলেন। তিনি যখন প্রথম সভা করতে যাচ্ছেন তখন যিনি পরাজিত হয়েছিলেন নির্বাচনে তিনি গুন্ডা বাহিনী নিয়ে সেই অফিসে ঢুকে আমাদের প্রধানকে ঘেরাও করে তার হাতঘড়ি ছিনতাই করে, তার জামা ছিঁড়ে দেয় এবং একজন সদস্যের সাইকেল ছিনতাই করে। তারপর থেকে একের পর এক কংগ্রেসি সদস্যদের উপর অত্যাচার চালিয়ে যাচ্ছে। গত ২১.৬.৭৯ তারিখে আমাদের কংগ্রেস কর্মী রুস্তম বিশ্বাসের বাড়ি ১৫০ জন লোক নিয়ে গিয়ে ঘেরাও করে। এই খবর পেয়ে আমি পুলিশ নিয়ে গিয়ে রুস্তমজীর বাড়িতে উপস্থিত হই, গিয়ে দেখি ঐ ১৫০ জন লোক রুস্তমজীর বাড়ির ১০/১২ জন লোককে ক্ষত-বিক্ষত করেছে। পুলিশ তাদের কাছে কেস চাইলে তারা কেস দিল না, বললে প্রাণের দায়ে পবিত্র কোরাণ শরিফ মাথায় নিয়ে শপথ করে তাদের কাছে আত্মসমর্পণ করেছি, তারা যা বলবে তাই শুনব, আমি আর কংগ্রেস করব না। পুলিশ তাদের কেস নিতে সাহস পেল না। তারপরে আমাদের প্রধানের বাড়ি অতর্কিতে আক্রমণ করে ২০/২২জন লোককে জখম করে, তার মধ্যে ১০/১২ জন হাসপাতাল চিকিৎসাধীন ছিল। পুলিশ সেখানে আসামিদের অ্যারেস্ট না করে আমাদের লোককে অ্যারেস্ট করে নিয়ে গেল। গ্রাম পঞ্চায়েতের ২ জন সদস্য দেড় মাস ধরে প্রাণের দায়ে বাড়ি ছেড়েছে এবং প্রধান এখন পর্যন্ত বাড়িতে প্রবেশ করতে পারছে না প্রাণের দায়ে। ফায়জুদ্দিন সদস্য পার্শ্ববর্তী বাড়িতে আশ্রয় নিয়েছিল সেটা যখন প্রকাশ পেল তখন তাকে সেখান থেকে ছিনিয়ে নিয়ে গিয়ে প্রাণ নাশের চেষ্টা করল। আমি পুলিশ নিয়ে গিয়ে তাকে যখন উদ্ধার করতে গেলাম তখন সেই বাড়ির যা দৃশ্য দেখলাম তাতে একটা মৃত দেহ একটা বাড়ি থেকে নিয়ে যাওয়ার সময় যে দৃশ্য দেখা যায় সেটা দেখলাম। গত শনিবার আমাদের কংগ্রেস(ই)র ৭/৮জন কর্মীর বাড়ি লুঠ হয়েছে, তাদের গরু, বাছুর ছিনতাই হয়ে গেছে। ঈদের পূর্বে বুধবার আমাদের কর্মীর ৩/৪টি বাড়ি লুঠ হয়েছে, ৫টি গরু, ৩টি ছাগল, ৩০/৩৫ হাজার টাকার জিনিস নিয়ে গেছে। আমরা পুলিশের কাছে এর প্রতিকার দাবি করেছি, কিন্তু এখন পর্যন্ত কোনও আসামি অ্যারেস্ট হচ্ছে না। আমি আমাদের সেই পলাতক দুজন সদস্যকে নিয়ে পঞ্চায়েত মন্ত্রীর সঙ্গে দেখা করেছি কিন্তু কোনও প্রতিকার পাইনি। আমাদের প্রধানের সমস্ত লোকের উপর হামলা চলছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আবেদন করছি আমাদের প্রধান, আমাদের কংগ্রেস(ই) কর্মীদের উপর যে অত্যাচার জুলুম চলছে তা বন্ধ করা হোক এবং অন্যায় কাজের বিচার করা হোক।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী রাসবিহারী পাল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার কাঁথি মহকুমার ৩নং ব্লকের কুসুমপুর গ্রাম পঞ্চায়েতের অফিস গৃহ নির্মাণ করবার স্থান নির্ধারণ সম্পর্কে (সাইট সিলেকশন) গ্রাম পঞ্চায়েতের সিদ্ধান্তের প্রতি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গ্রাম পঞ্চায়েতের নির্ধারিত অধিবেশন ছাড়া স্থান নির্ধারণের সিদ্ধান্ত লওয়া হইয়াছে। গ্রাম পঞ্চায়েত এলাকার একটি সীমান্তবর্তী গ্রামে (রসুলপুর) এই স্থান নির্ণয় করা হইয়াছে। সংশ্লিষ্ট পঞ্চায়েতের কয়েকজন সদস্য এবং অন্যান্য গ্রামবাসীরা ইতিমধ্যে এই ব্যাপারে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আবশ্যকীয় তদন্তের ব্যবস্থা করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাঁথি মহকুমার বন্যা বিধ্বস্ত পোলট্রিগুলির বকেয়া লোন উৎপীড়নমূলক ক্রোকের মাধ্যমে আদায় বন্ধ করার এবং দুর্গতদের এই লোন মুকুব করার জন্য পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পোলট্রি লোন ক্রোকের মাধ্যমে আদায় করার ফলে যখন গ্রহীতাদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। গত ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকারের পশুপালন ও পশু চিকিৎসা বিভাগ পশ্চিমবাংলার বেকার যুবকদের কর্মসংস্থানের উদ্দেশ্যে পোলট্রি স্থাপনের জন্য ৫০০ টাকা থেকে ১ হাজার টাকা পর্যন্ত কিছু সংখ্যক ব্যক্তিকে পোলট্রি লোন দিয়েছিলেন। ওই সময় কাঁথি মহকুমার কিছু ব্যক্তি পোলট্রি লোন পেয়েছিলেন এবং পোলট্রি স্থাপন করেছিলেন। কিন্তু ওই বছর ব্যাপক রানিক্ষেত রোগের মড়কে বহু পাখী মারা যায়। পোলট্রি মালিকরা তার ফলে নিদারুণ ক্ষতিগ্রস্ত হন এবং তারা নিজেরা অর্থ লগ্নি করে পোলট্রিগুলিকে বাঁচিয়ে রাখার চেষ্টা করেন। কিন্তু ১৯৭৩ সালে বিধ্বংসী বন্যায় কাঁথি মহকুমার অধিবাসীরা দারুণ ক্ষতিগ্রস্ত হন। সরকারি তথ্য অনুসারে সহস্র সহস্র গৃহ ভূমিসাৎ হয়, লক্ষ লক্ষ মানুষ গৃহহারা হন এবং কোটি কোটি টাকার ফসল নষ্ট হয়। রামনগর থানার বাধিয়া অঞ্চলে বন্যার জল ২২ ফুট পর্যন্ত দাঁড়িয়েছিল। এই অবস্থায় সমস্ত পোলট্রিগুলি নষ্ট হয়ে যায়। ওই সময় পোলট্রি মালিকরা সরকারের নিকট পোলট্রি পুনর্গঠনের জন্য নিবেদন করে কোনও সাহায্য পান নাই। ফলে পোলট্রি মালিকদের পক্ষে আর পোলট্রি চালানো সম্ভব হয় নাই। ১৯৭৬ সালে কংগ্রেস সরকারের আমলে পোলট্রি লোন আদায়ের তাগিদে আসায় পোলট্রি লোন গ্রহীতাদের আবেদনক্রমে জেলা শাসকের মাধ্যমে ব্যাপক তদন্ত হয়। সরকার হতে সাক্ষী সাবুদ গ্রহণ করা হয়। পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের প্রাক্তন মন্ত্রী শ্রী সুধীরচন্দ্র দাস ওই বন্যায় প্রত্যক্ষদর্শী হিসেবে ধ্বংসপ্রাপ্ত পোলট্রিগুলির জন্য ঋণ মুকুবের সুপারিশ করেছিলেন এবং তৎকালীন সরকারের এই বিষয়টি বিবেচনাধীন ছিল। আমি তো বুঝতে পারছিনা বন্যার জন্য যে লোন দেওয়া হয় সেটা কি ফেরত দেবার জন্য দেওয়া হয়? বন্যাবিধ্বস্ত অঞ্চলে সরকার তো ঋণ মুকুব করেন এবং বন্যার ব্যাপারে বিভিন্ন প্রদেশে সাহায্য দেয়। কাজেই এই বন্যাবিধ্বস্ত অঞ্চলে যে সমস্ত পোলট্রি নষ্ট হয়ে গেছে তাদের পোলট্রি লোন মকুব করবার জন্য আমি আবেদন জানাচ্ছি। জেলা শাসক যেন ক্রোকের মাধ্যমে এই ঋণ আদায় না করেন মন্ত্রী মহাশয় যেন সেই নির্দেশ দেন।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি অকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র বহরমপুর থেকে পাচতুপি এবং সাঁইথিয়া থেকে পাচতুপি যে সমস্ত বাস রুট আছে তাতে দেখা যাচ্ছে বাসগুলো নির্দিষ্ট গন্তব্য স্থানে যাচ্ছেনা এবং এর ফলে জনসাধারণের অবর্ণনীয় দুর্দশা হচ্ছে। আমি লোকাল এম এল এ হিসেবে জেলা ম্যাজিস্ট্রেট এবং রিজিওনাল ট্রান্সপোর্ট অফিসারকে এই ব্যাপারে তাড়াতাড়ি মীমাংসা করবার জন্য বলেছিলাম। কিন্তু দেখছি আজ পর্যন্ত এর কোনও মীমাংসা হয় নি। কাজেই আমি আজকেই এই ব্যাপারে পরিবহনমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি যাতে বাস মালিকরা ওখানে যে অসুবিধার সৃষ্টি করেছে সেটা বন্ধ হয় এবং যাত্রীদের সুবিধা হয়।

**শ্রী প্রদ্যুতকুমার মহান্তি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বরাবর দ্বাদশ শ্রেণী স্কুলের প্রধান এবং সহকারি প্রধান শিক্ষক স্পেশ্যাল অ্যালাউন্স পেয়ে আসছিলেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায়

আসবার পর দুটো সারকুলার দিয়েছেন ১৯৭৮ সালে জি.ও. নম্বর ২৬৭৬ এবং ১৯৭৯ সালে জি.ও. নম্বর ৪৯১ এই দুটো সারকুলার দিয়েছেন। এই দুটো সারকুলার দিয়ে দ্বাদশ শ্রেণীর হেডমাস্টার এবং সরকারী হেড মাস্টাদের স্পেশাল পে অবজরব করে দিয়েছেন এবং আদেশ দিয়েছেন ১.১.৭৬ থেকে এই সব স্পেশাল পে পারসোনাল পে হিসাবে ট্রিটেড হবে, যতদিন না পুরোটা ইনক্রিমেন্টে অ্যবজরব হয়ে যায়। ইদানিং খবর পাওয়া গেল যে পঃবঙ্গ সরকার সারকুলার পরিবর্তন করে হেড-মাস্টারদের রেট্রসপেকটিভ অফেক্ট এ ১০০ টাকা করে স্পেশাল অ্যালাউন্স করেদিয়েছেন। কিন্তু সরকারী হেড-মাস্টারদের বেলায় তা করা হয়নি। পূজার আগে হেড-মাস্টাররা স্পেশাল পে ১০০ টাকা করে রেট্রসপেকটিভ অ্যাফেক্ট পাচ্ছেন কিন্তু ঐ স্কুলের সরকারী হেড-মাস্টারদের বন্ধ করে দেওয়া হয়েছে। তাদের সম্বন্ধে এই বিষয়ে কোনও বিবেচনা করা হয়নি। এই জন্য সরকারী হেড-মাস্টারদের মধ্যে খুব অসন্তোষ দেখা দিয়েছেন এবং তার জন্য শিক্ষা কার্য ব্যহত হচ্ছে। আমি মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়ের এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে পূজার আগে সহকারী প্রধান শিক্ষকরা special pay পান তারজন্য অুরোধ করছি।

**শ্রী সিদ্ধেশ্বর মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আমার এলাকায় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উল্লেখ করতে চাই। আমার এলাকায় রাজনগর, দুবরাজপুর প্রভৃতি অঞ্চলে খরা পরিস্থিতি চলেছে। বৃষ্টি প্রায় হয়নি বললেই হয়। এখন থেকে মাসখানেক ধরে বিশেষ করে রাজনগরে একেবারে বৃষ্টি হয়নি, যার ফলে শতকরা ২৫ থেকে ৩০ ভাগ জমিতে পোতা হয়েছে কিন্তু বৃষ্টির অভাবে তারও মরে যেতে বসেছে। সেই অবস্থায় আমার রাজনগর থানায় তিনটি গ্রাম পঞ্চায়েতের মধে। বেশির ভাগ লোকই ট্রাইবেল এবং তফসিলি ভুক্ত এবং আদিবাসী। তারা দিন মজুর করে খেটে খায়, তাদের মধ্যে আজ খাদ্যের অভাব দেখা দিয়েছে, তারা কাজও পাচ্ছে না, কিন্তু পঞ্চায়েত ফুড ফর ওয়ার্ক এর একটা প্রোগ্রাম আছে কিন্তু অবস্থা এমন হয়ে দাড়িয়েছে যে পঞ্চায়েতের গম নাই। গমের অভাবের জন্য তারা সে কাজ করতে পারছেনা। সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের এই বিষয়ে বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি যেন শীগ্র গমের ব্যবস্থা করেন। গভর্নমেন্ট থেকে এমন অর্ডার এর ব্যবস্থা করেন যাতে দিন মজুরি দিয়ে কাজ করান যায় তাহলে কিছুটা সুরাহা হবে। আমি মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের এই ব্যাপারে প্রতি বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি অবিলম্বে একটা ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী রামচন্দ্র সৎপতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রী এবং মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে ঝাড়গ্রাম এলাকায় প্রতি বছরের মতন এবারেও সেই খরার প্রবণতা দেখা দিয়েছে। এবছর একেবারেই বৃষ্টি হয়নি। যদিও মাঝে মাঝে কিছু কিছু বৃষ্টি হবার জন্য চাষ হয়েছিল ১০ থেকে ১৫ শতাংশ তাও ভাদ্র মাসের প্রচণ্ড রৌদ্রে শুকিয়ে গেছে। স্যার, ঝাড়গ্রাম এলাকা অনুন্নত এলাকা এবং আদিবাসী তফসিল ভুক্ত অনগ্রসর এলাকা এবং পাহাড়ি অঞ্চল। সেজন্য ঝাড়গ্রাম এলাকাকে যদি বাঁচাতে হয় তাহলে অলিবেম্ব ফুড ফর ওয়ার্ক স্কীম চালু করতে হবে। জলের জন্য সুবর্ন রেখা নীদ, কাঁসাই নদী এবং কিছু কিছু পাহাড়ী খাল আছে সেই খালে ছোট ছোট মেশিন পাম্প এবং বড় বড় যে সব নদী আছে তাদের সাহায্যে যদি সেচের ব্যবস্থা এখুনি করা যায়

তাহলে আমরা ভালো ধান পেতে পারি, এবং ধান যেগুলি মরে যাচ্ছে তার বিকল্প হিসাবে রবিচাষ কলাই এবং সর্ষে এগুলি করা যেতে পারে বা গমও করা যেতে পারে। বর্তমান অবস্থায় সেখানে মানুষ না খেতে পাওয়ার অবস্থায় এসে পৌঁছেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আপনি নিজে সরেজমিনে তদন্ত করে আসুন তাহলেই আপনি প্রকৃত অবস্থা উপলব্ধি করতে পারবেন। আমরা ইতিমধ্যে দুই একজন এম.এল.এ. বলেছি এবং অনেক আবেদন নিবেদন করা হয়েছে পঞ্চায়েত সমিতি থেকে যে আপনারা ঝাড়গ্রামের দিকে বিশেষ দৃষ্টি দিন, তাদেরকে বাঁচাবার চেষ্টা করুন। এই হচ্ছে আমার বিশেষ অনুরোধ।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী শিবনাথ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সূতাহাটা এলাকায় আইনের শাসন বলতে কিছু নেই। তার একটি ঘটনা আমি আপনার কাছে উল্লেখ করছি। আপনার মাধ্যমে সেই ঘটনা সম্পর্কে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সূতাহাটায় চাউলখোলা গ্রামে উদারী মোহন মান্না, বনমালী মান্না এবং নারায়ণচন্দ্র মান্না, এদের নিজস্ব সম্পত্তি এরা নিজেরা দীর্ঘদিন ধরে চাষ করে আসছে। জে,এল, আর, ও, রিপোর্ট করেছে যে ওরা নিজেরাই চাষ করে এবং ভেস্টেড হয়নি, নিজস্ব খাস রয়েছে। অথচ সেই জমির উপর গত ২৯/৭/৭৯ তারিখে চাউলখোলা গ্রামের কুমুদ সামন্তের ছেলে সুশীল সামন্ত ৭০/৮০ জন লোক, দলবল নিয়ে লালঝাণ্ডা উড়িয়ে সেই জমির উপর জবরদখল নিলো। পুলিশের কাছে সাহায্য চাওয়া হয়েছিল, এমন কি জে, এল, আর, ও, পুলিশের কাছে তমলুক এস ডি ও র কাছে ও এস ডি পি ও,র কাছে রিপোর্ট দিয়েছিল যে সেই জমিটা তার নিজস্ব খাসে আছে, অথচ তারাও কোনও সাহায্য এই ব্যাপারে করবেন না। এইভাবে যদি চলতে থাকে তাহলে মানুষ কি করে টিকে থাকবে, এখানে বাস করবে কি করে? এটা কি জঙ্গলের শাসন বলে ধরে নিতে হবে? তাহলে কি সেখানকার মানুষকে অন্য কোথাও পাঠিয়ে দেওয়া হবে পশ্চিমবাংলা ছেড়ে? এই বিষয়ে তিনি একটা ব্যবস্থা নিন। আমাদের মুখ্যমন্ত্রীর কাছে এই আশা নিয়ে তার কাছে আবেদন রাখছি।

**শ্রী সন্তোষ রাণা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার দৃষ্টি গোচর করতে ও এই রাজ্যের মন্ত্রিসভার দৃষ্টি গোচর করতে চাচ্ছি। বীরভূম জেলার রামপুরহাট মহকুমার কালিদহ গ্রামটি গত বৎসর বন্যায় ভেসে গিয়েছিল। তারপর এখন পর্যন্ত সেই গ্রামে পুনর্বাসনের কোনও ব্যবস্থা হয়নি। সেই গ্রামের লোকেরা বারংবার ডেপুটেশন দেওয়া থেকে আরম্ভ করে বিভিন্ন ধরনের দাবি দাওয়া নিয়ে আন্দোলন করেছে কিন্তু এখন পর্যন্ত সেই গ্রামের লোকদের কোনও পুনর্বাসন হয়নি। সেই গ্রামে পুনর্বাসন যাতে অবিলম্বে করা হয় সেই জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মননীয় অধ্যক্ষ মহাশয়, গত সপ্তাহের মঙ্গলবারে আমি পাঁচলা সহ হাওড়া জেলার খরার কথা উল্লেখ করেছিলাম। বর্তমানে সেই খরা আরও উদ্বেগজনক পরিস্থিতি ধারণ করেছে এবং এখানে এক্ষুনি যদি কোনও ব্যবস্থা না গ্রহণ করা হয় তাহলে বেশ কিছু লোক অকালে প্রাণ হারাবে বলে মনে হচ্ছে এইজন্য আমি আবার সরকারের কাছে আপনার মাধ্যমে নিবেদন রাখছি যে তারা যেন এক্ষুনি সেখানে বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করে এই খরা কবলিত মানুষগুলিকে বাঁচান এবং খরার করাল ছায়া সমগ্র হাওড়া জেলাকে

ধীরে ধীরে গ্রাস করতে শুরু করেছে। এখন যদি ব্যবস্থা না নেওয়া হয় তাহলে একটা ভয়ঙ্কর অবস্থার সম্মুখীন হতে হবে। সেইজন্য আমি অনুরোধ করছি যেন যথাশীঘ্র ব্যবস্থা গ্রহণ করা হয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে মাননীয় কৃষিমন্ত্রী রাজ্যের খারিপ চাষ সম্বন্ধে একটা করুণ চিত্র উপস্থাপিত করেছিলেন। আজ পর্যন্ত প্রকৃতির আশীর্বাদে এই খরা পরিস্থিতির কোনও উন্নতি হয়নি। ফলে যে সমস্ত জায়গায় এখনও বৃষ্টির অভাবে চাষবাস বন্ধ আছে, সেখানে মানুষগুলি কাজ পাচ্ছেনা। এক দিকে এই যেমন অসুবিধা হচ্ছে, অন্য দিকে পাট কিম্বা সামান্য আমন চাষ কিছু যদি হয়েও থাকে, সেগুলি বীজ থেকে আরম্ভ করে সব শুকিয়ে গেছে এবং বীজ গাছের বয়স হয়ে গেছে বলে সেগুলি লাগানো যাচ্ছেনা, আবার পাট পচবার মতো জল কোথাও নেই, এর ফলে এই দুর্বিসহ পরিস্থিতিতে মানুষেরা অর্ধাহারে অনাহারে এবং কর্মহীন অবস্থায় আছে। আমি তাই অনুরোধ করি মাননীয় ত্রাণমন্ত্রী এবং কৃষিমন্ত্রীকে, অর্থ মন্ত্রী মহাশয়ও আছেন, যে এই অস্বাভাবিক খরা পরিস্থিতির মোকাবিলা করার জন্য অবিলম্বে ইনঅ্যাক্সেসিবল এরিয়াতে এদের জন্য কাজ চালু করুন এবং এদের খাবার দিয়ে সরকারি নিয়মে কিছু কাজের ব্যবস্থা করে দিন। সরকারি ব্যবস্থায় কিছু বীজের ব্যবস্থা করুন, অকেজো ডিপ টিউবওয়েলগুলি যা আছে সেগুলি ঠিক করুন, অকেজো রিভার লিফ্‌ট ইরিগেশন সিস্টেম কিম্বা ক্লাস্টার সিস্টেম যা আছে সেগুলি ঠিক করে এবং বিদ্যুতের উন্নতি ঘটাবার ব্যবস্থা করুন। আজকে বিদ্যুতের অভাবে মাইনর ইরিগেশন ব্যবস্থা প্রায় বন্ধ হয়ে আছে। এগুলি চালু করে মানুষের কাজের ব্যবস্থা করুন। আমি নিজে দেখে এলাম মানুষের কি অসহায় করুণ অবস্থা, তাদের কোনও কাজ নাই। (সরকারি দল থেকে জনৈক সদস্যের হাসি) স্যার, ওরা হাসতে পারেন, কিন্তু রাজ্যের পক্ষে করুণ এবং ভয়াবহ অবস্থা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে সময় দিয়েছেন বলতে, আপনাকে ধন্যবাদ, আমি মাননীয় মন্ত্রিসভার কাছে অনুরোধ করছি, এরা যেন এই খরা পরিস্থিতি মোকাবিলার জন্য যুদ্ধকালীন পরিস্থিতির মতো গুরুত্ব দেন। এখানে পঞ্চায়েত মন্ত্রী আছেন, পঞ্চায়েত সম্বন্ধে তিনি অনেক বক্তব্য রেখেছেন, তিনি এই ব্যাপারে ব্যবস্থাটা একটু গিয়ার আপ করুন এবং যাতে কোনও কিছুর অ্যাবিউস এবং মিসইউজ না ঘটে, সেটা দেখার জন্য আপনার কাছে অনুরোধ করছি।

**শ্রী সুধাংশুশেখর মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিশেষ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় অমনিতে প্রতি বছর খরা হয়, এ বছরও বিরাট খরা হয়েছে। বৃষ্টির অভাবেও কিছু লাগানো যাচ্ছেনা। বিশেষ করে বান্দোয়া, মানবাজার, গোরাবাজার এলাকায় যে ভুট্টা এবং বজরার চাষ হয়েছিল সেগুলি বৃষ্টির অভাবে নষ্ট হয়ে গেছে সম্পূর্ণভাবে। যার ফলে এই এলাকায় মানুষের কোনও কাজ নাই, তারা খুব দুশ্চিন্তা এবং হতাশাগ্রস্ত হয়ে পড়েছে এবং তারা কাজের সন্ধানে এদিক ওদিকে ঘুরছে। তাই মাননীয় মহাশয়, আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি পুরুলিয়ার এই বান্দোয়া, মানবাজার এবং গোরা বাজার এলাকায় ব্যাপক কাজ করেন।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটা বিষয়ে প্রতিকারের জন্য ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি কিছু

ব্যক্তি এবং কিছু সংবাদপত্রের পেশা এবং নেশা হয়ে দাঁড়িয়েছে এই অপ-প্রচার করা যে পশ্চিম বাংলার আইনশৃঙ্খলা নেই। কিন্তু এই আইনশৃঙ্খলা ব্যাহত করছে যে যে দুর্বৃত্তরা তাদের বিরুদ্ধে কোনও কথা এরা কিন্তু বার করেন না। গত ১০/৮/৭৯ তারিখে আমাদের এলাকায় কিছু লোক একটা লরি করে এসে স্থানীয় একটা তেলকলের একজন লোকের হাত কেটে দিয়ে টাকা ছিনতাই করে নিয়ে যায়। তার পরবর্তীকালে ১২/৮/৭৯ তারিখে এখানকার স্থানীয় যুবকেরা একটা লরিকে সন্দেহ করে এবং ধরে, সেই লরির লোকেরা ডাকাতি করতে যাচ্ছিল, সেই ডাকাত দলের কাছ থেকে স্থানীয় সেই সব যুবকেরা বে-আইনি অস্ত্রশস্ত্র আগ্নেয়াস্ত্র উদ্ধার করে, এতে ৩ জন ডাকাত মারা গিয়েছে। এতে সেখানে উত্তেজনা ছড়িয়ে পড়েছে, এই অবস্থায় সেখানে একটা পুলিশ ফাঁড়ির প্রয়োজন আছে, যে সমস্ত দুর্বৃত্ত আসছে তাদের ঠেকাবার জন্যই এটা দরকার, স্থানীয় যুবকেরা পুলিশের সহযোগিতা চাইছে। তাই আপনার মাধ্যমে এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কাজী হাফিজুর রহমন:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি অত্যন্ত মর্মান্তিক ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় দু মাসের উপর গত হতে চললো মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা থানার ২নং ব্লকের অধীন কোলাস গ্রামের বাদু সেখকে প্রায় ৭০/৮০ জন দুষ্কৃতকারী যখন সে এক গ্রাম থেকে অন্য গ্রামে যাচ্ছিল তখন তাকে মারাত্মক অস্ত্রশস্ত্র সজ্জিত হয়ে মারধর করে হত্যা করে এবং তার হত্যার পর তার আত্মীয় স্বজনের ১৪টি পরিবারের বাড়িঘর লুঠপাট ও ভাঙ্গচুর করে বাড়ি থেকে সকলকে তাড়াইয়া দেয়। আজ পর্যন্ত ঐ দুষ্কৃতকারীদের ভয়ে ঐসব গৃহহারারা বাড়িতে আসতে পারে না। স্থানীয় পুলিশ উর্ধতন পুলিশের কাছে আবেদন নিবেদন করা সত্ত্বেও ঐসব দুষ্কৃতকারীদের ধরা হয়নি। তারা নিশ্চিন্তে ঘুরে বেড়াচ্ছে—কোনও আসামিকেই ধরা হয় নি। তাই এই বিষয়ে আমি মুখ্যমন্ত্রীকে আবেদন করছি যে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হোক এবং যাতে তারা আবার ঘরে ফিরে আসতে পারে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী মহাদেব মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে পুরুলিয়া জেলা সাধারণভাবে খরাপ্রবণ এলাকা। বর্তমান বৎসরে একেবারে বৃষ্টি না হওয়ার জন্য সেখানে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানকার লোক এক প্রকার ঘাস ও মাঠের শাক খেয়ে জীবন কাটাচ্ছে এবং এই অবস্থা ক্রমশ খারাপের দিকে যাচ্ছে। সেইজন্য আমি দাবি জানাচ্ছি এবং এই হাউসে আবেদন রাখছি এবং আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে অবিলম্বে পুরুলিয়া জেলাকে খরা এলাকা হিসাবে ঘোষণা করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে লোকসভার নির্বাচন কিছু দিনের মধ্যে পশ্চিমবাংলায় তথা সারা দেশে অনুষ্ঠিত হতে চলেছে। সারাদেশের লোক চায় যে পশ্চিমবাংলায় তথা ভারতবর্ষের সকল জায়গায় অবাধ এবং সুষ্ঠু নির্বাচন হোক। কিন্তু দুঃখের বিষয় এই রাজ্যের সি.পি.এম এমন একটা ষড়যন্ত্র আরম্ভ করেছে যে পুলিশ এবং সিপিএম সব এক হয়ে গেছে এবং সিপিএম-র ক্যাডাররাই বুথ দখল করার

জন্য সব কিছু করছে। তারা সব ফলস ভোটারদের নাম ভোটার লিস্টে ঢোকাচ্ছে। এবং রাজ্যের মুখ্য নির্বাচনী অফিসারদের দিল্লিতে যে মিটিং হবে সেখানে তারা কি বলবে সেটাও সিপিএম অফিস থেকে বলে দিচ্ছেন। এই ব্যবস্থার আশু প্রতিকারের জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করতে চাইছি। গত ১লা সেপ্টেম্বর থেকে আগামী ২০শে সেপ্টেম্বর পর্যন্ত ভোটার তালিকা সংশোধন করার দিন স্থির হয়েছে। কিন্তু সেই ভোটার লিস্ট ঠিক করার জন্য সমস্ত সিপিএম ক্যাডারদের নিযুক্ত করা হয়েছে। এবং তারা অন্যায়ভাবে এই ভোটার লিস্ট তৈরি করছেন অনেক সময় ফল্স ভোটারদের নাম তালিকায় ঢুকিয়ে দিচ্ছেন। যে সমস্ত এনুমারেটারদের নিয়োগ করা হয়েছে তাদের সমস্ত বাড়িতে বাড়িতে যাবার কথা কিন্তু তারা কোনও বাড়িতেই যাচ্ছে না। সমস্ত সিপিএম-এর নেতাদের বাড়িতে বসে এই সব লিস্ট তৈরি করা হচ্ছে। কেউই বাড়ি বাড়ি যাচ্ছে না। সমস্ত গ্রাম সভার অধ্যক্ষরা বলছে আমরা আবার বাড়ি যাব কি এখানে বসেই আমরা সব ঠিক করব। আজকে নির্বাচন আসন্ন তাতে যে ভোটার লিস্ট হবে তা কি রকম হবে তা আপনি বুঝতে পারছেন। এখন থেকে একটা কারচুপি শুরু হয়ে গেছে। এই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাইছি যে সরকার এ বিষয়ে অবিলম্বে সতর্কতা অবলম্বন করুন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী ও সরবরাহ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার সর্বত্র কাগজের দারুণ অভাব দেখা দিয়েছে। এই কাগজ সরবরাহ ঠিক মতো না থাকার জন্য স্কুল কলেজের পরীক্ষা বন্ধ হতে চলেছে, কোয়েশ্চেন পেপার ছাপানো যাচ্ছে না। এ সম্বন্ধে কনজিউমার স্টোর্সেও মাথা খুঁড়ে কাগজ পাওয়া যাচ্ছে না। এই একটা ভীষণ অচল অবস্থার সৃষ্টি হয়েছে। আমি সরবরাহ মন্ত্রীকে এই কাগজ সরবরাহ যাতে সুষ্ঠুভাবে হয় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। ছেলেমেয়েদের লেখাপড়া যাতে চলতে পারে তার ব্যবস্থা তিনি যেন করেন তা না হলে সব বন্ধ হয়ে যাবে।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অঞ্চলের দুটি হসপিটাল সম্পর্কে আমি সংক্ষেপে আপনার সামনে রাখছি। এখানে একটা হাসপাতাল আছে নাম তার হনুমান হাসপাতাল এবং এটা একটা ২৫০ বেডের হাসপাতাল এবং এটা প্রাইভেট হাসপাতাল। আগামী, ১লা অক্টোবর তারিখে থেকে এটা বন্ধ করে দেবার নোটিশ দেওয়া হয়েছে। এটা যদি বন্ধ হয় তাহলে শুধু রুগী নয়, তার সঙ্গে সঙ্গে প্রায় ১৫০ জন কর্মচারীরও দুরবস্থার সৃষ্টি হবে। এই বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা হচ্ছে আমাদের জি.টি. রোডের উপর তুলসীরাম লক্ষ্মীদেবী জয়শওয়াল হসপিটাল। এটাও খুব বড় হসপিটাল কিন্তু এখানে একটা নরককুন্ডের ব্যবস্থা হয়েছে। এখনও পর্যন্ত কংগ্রেসের সমাজ বিরোধীরা সেখান থেকে যেতে চাইছে না। আমি আবেদন করছি অবিলম্বে প্রশাসনিক ব্যবস্থার দ্বারা এই কলঙ্ক মুক্ত করা হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহুবার মেনশন দিয়েছি, এখানে বলতে

হবে বলে বলছি। কারণ এখানে কোনও মন্ত্রীরা আমাদের বক্তব্য আমরা রাখছি তার সমাধান করার জন্য কোনও নোট নেওয়া তা করছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে স্বাস্থ্য মন্ত্রী নেই। ২ বছর আগে বামফ্রন্ট সরকার যখন আসেন সেই সময় মথুরাপুর প্রাইমারি স্বাস্থ্য কেন্দ্র ভেঙ্গে যায়। তারপর আমি মুখ্যমন্ত্রীর কাছে একটা চিঠি দিয়েছিলাম যে আপনি এটাকে সারানোর ব্যবস্থা করুন। কারণ যেদিন আপনি শপথ নেন সেদিন থেকে মথুরাপুর স্বাস্থ্যকেন্দ্র ভেঙ্গে গেছে। উনি আমাকে চিঠি দিয়ে বলেছিলেন যে ব্যবস্থা নেওয়া হচ্ছে। আমি বলেছিলাম, কংগ্রেস এলাকা বলে যদি স্বাস্থ্য কেন্দ্রটি না সারেন তাহলে আমি পদত্যাগ করতে প্রস্তুত আছি, আপনি স্বাস্থ্য কেন্দ্রটি সারিয়ে দিন। উনি এই ব্যাপারে ৬ লক্ষ ২৬ হাজার টাকা স্যাংশন করেছিলেন। ২ বছর হয়ে গেছে এই ২ লক্ষ ২৬ হাজার টাকা স্যাংশন হয়েছে কিন্তু ২ বছরে কাজ কিছুই হয়নি, সেই ভাঙ্গা অবস্থাতেই পড়ে আছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এটা সরানোর ব্যবস্থা করেন।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই পশ্চিমবাংলার জঙ্গলের রাজত্বের একটা দৃষ্টান্ত দিচ্ছি। স্যার, বোলপুর থানার সমসদগ্রামে নির্বাচিত প্রতিনিধি গ্রামসভা প্রধান, উপপ্রধান এবং ১১ জন মেম্বার, তারা কংগ্রেসের গ্রামসভার। ওখানকার সিপিএম সদস্যদের দাবি পদত্যাগ করতে হবে কারণ আমাদের সিপিএম-এর প্রধান ওখানে আসছে না। ৩জন সিপিএম মেম্বার ছাড়া বাকি সিপিএম মেম্বারের জমানত জব্দ হয়ে গেছে। এই ঘটনার পর আমাদের কংগ্রেসের সাধারণ সম্পাদক রহিম চৌধুরির বাড়ি সিপিএম-এর জেলা পরিষদের নির্বাচিত সদস্য হাফিজুর রহমানের নেতৃত্বে লুঠ হল। পুলিশের সামনে সেই বাড়ি লুঠ হল। পুলিশ যখন তার প্রতিবাদ করতে গেল সেখানে সিপিএম-এর ২/৩ হাজার মানুষ পুলিশকে মারল, পুলিশের গাড়ি ঘেরাও করল, পুলিশ বলল যে আমরা কিছু করতে পারব না আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, এই রকম যদি অবস্থা হয়, পুলিশ যদি বলে আমরা হেলপলেস, পুলিশের সামনে যদি বাড়ি লুঠ হয়, পুলিশ যদি বলে আমাদের কিছু করণীয় নেই, লোকসভার আসন্ন নির্বাচন আসছে, গ্রামসভার এই রকম অবস্থা, পশ্চিমবাংলার গ্রামগুলি আতঙ্কগ্রস্ত, কাজেই কেন্দ্র থেকে সি আর পি, মিলিটারি আনা হোক তাতে যদি পশ্চিমবাংলার নির্বাচন করা যায়। তা না হলে পশ্চিমবাংলায় নির্বাচন করা যাবে না যদি এই জঙ্গলের রাজত্ব থাকে।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি প্রশাসনিক ক্রটির কথা সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের সামনে তুলে ধরছি প্রতিবিধানের জন্য। মাধ্যমিক শিক্ষার ডি.পি. আই. সেকশনে বিরাট একটা প্রশাসনিক অবহেলা দেখা দিয়েছে। আমি কয়েকদিন আগে আমার জেলার কয়েক জন শিক্ষককে নিয়ে রিটেনশনের অর্ডারের ব্যাপারে শিক্ষা বিভাগের ডি.পি.আই. এর কাছে যাই। ডি. পি. আই. আমাদের এ. ডি. পি. আই. শ্রীমতী ভট্টাচার্যের কাছে পাঠিয়ে দেন। আমরা তার ঘরে যাবার পর তিনি তো আমাদের দিকে মুখ তুলে তাকালেনই না, কাজ করতে লাগলেন মুখ নিচু করে। বহুক্ষণ বাদে তিনি মুখ তুলে তাকালেন এবং আমি তখন তাকে বললাম যে মাধ্যমিক শিক্ষকরা মাইনে পাচ্ছেন না, আপনি দয়া করে আমার কথা শুনুন। তারপর তিনি আমাদের বললেন, বসুন। তারপর ১০ মিনিট

বাদে উনি আমাদের সঙ্গে কথা বললেন। আমি বললাম রিটেনশন অর্ডার যাচ্ছে না, উনি বললেন আমরা তো অর্ডার দিয়ে দিয়েছি। আমি বললাম আপনারা অর্ডার দিয়েছেন কি না জানিনা, কিন্তু এই ঘটনা ঘটছে। আপনাদের মাইনে যদি এই ভাবে বন্ধ হয়ে যায় তাহলে তো আপনারা পরেরদিন রাইটার্স বিল্ডিংসে গিয়ে মুখ্যমন্ত্রীর শরণাপন্ন হবেন। আপনারা উচ্চ পদে বসে আছেন, এই সাধারণ শিক্ষকরা মাইনে পাচ্ছে না, এদের ব্যাপারটা একটু দেখুন। উনি বললেন আমরা কি করব? আমি যখন বারবার তার কাছে অনুরোধ করি, তখন তিনি বলেন যে আমার কিছু করার নেই। আমাদের আরও অনেক কর্মচারী এবং অফিসার দরকার। তা নাহলে এই রকম হবে। আমি আপনার মাধ্যমে এই একটি দৃষ্টান্ত উপস্থিত করছি। মাধ্যমিক শিক্ষক যারা পশ্চিমবাংলার নানা স্থানে নিযুক্ত আছেন তারা প্রশাসনিক অবহেলার জন্য তাদের মাইনে পাচ্ছেন না। সুতরাং এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী কৃষ্ণদাস রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। শ্রমিক আন্দোলনের নামে পল্লীগ্রামে যে অত্যাচার চলছে তা অবর্ণনীয়। গত ৩১শে আগস্ট মেদিনীপুর জেলার বেলদা থানায় তুতরাঙ্গা গ্রামে মধ্যবিত্ত কৃষক প্রতি বছরের মতো এবারেও নিড়েনের কাজ করছিল নিজেদের জমিতে। সেই সময় দেশ চক গ্রামের সিপিএম কর্মীরা শ্রী মিহির খুটিয়া ও বনমালিপুর গ্রামের কালিপদ দাস প্রভৃতির নেতৃত্বে এক উন্মত্ত জনতা বল্লম, হাঁসুয়া, তীর, ধনুক, নিয়ে তাদের অতর্কিতে আক্রমণ করে। ফলে ২১ জন জখম হয়। তাদের বেলদা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয় কিন্তু বেলদা হাসপাতালের ডাক্তাররা চিকিৎসা করতে চান না। তাদের নেকুড়শোনী অ্যামেরিকান হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে এই গুরুতর ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শামসুদ্দিন আহমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই গুরুতর ব্যাপারটি আগেও মেনশন করেছি আজও বলছি। কালিয়াচক তিন নং ব্লকের গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ মধু মণ্ডলের ঘর বাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে, সে রাস্তাঘাটে ঘুরে বেড়াচ্ছে। এই ব্যাপারে এস.পি তদন্ত করেছেন কিন্তু এখনও পর্যন্ত মধু মণ্ডলের থাকার জায়গা হয়নি। আমি এই ব্যাপারে যে ডায়েরি করা হয়েছিল তার নম্বরটা জানাচ্ছি, ডি. আর. ডায়েরি নং ১৭৪১ তাং ২২.৬.৭৯। এস. পি. তদন্ত করেছেন, এটা ২২/৬/৭৯ তারিখের ব্যাপার কিন্তু এখনও পর্যত কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। সুতরাং অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পঞ্চায়েতের মন্ত্রীদৃষ্টি আকর্ষণ করতে চাই। উনি একটু আগে এখানে ছিলেন, কিন্তু এখন এখানে নেই। পঞ্চায়েত বিভাগ কিরকম চলছে, সেটা ওর একটু জানা দরকার। আমার নির্বাচন কেন্দ্রের কুশীদা গ্রামে একটি গ্রাম-পঞ্চায়েত আছে। সেখানে আজ থেকে সাড়ে তিন মাস আগে একটা নো কনফিডেন্স পাশ হয়েছে। আমরা জানিনা নো কনফিডেন্স পাশ হওয়ার পর আইনে প্রেসক্রাইবড অথরিটি বি.ডি.ও-র কিছু করণীয় আছে কিনা! যাই হোক তিনি নিজে লিখে দিয়েছিলেন, আমি দেখছি বলে। তারপর তিনি প্রধানকে নোটিশ দিয়েছিলেন যে, আপনার বিরুদ্ধে নো কনফিডেন্স পাশ হয়েছে, কিন্তু আপনার কি বক্তব্য আছে, তা আপনি বলেননি।

তা সত্ত্বেও এরপরও তিনি বহাল তবিয়তে ছিলেন। তারপর বি.ডি.ও. বলেছিলেন নো কনফিডেন্স ঠিক মতই পাশ হয়েছে। একথা বলার পরে বি.ডি.ও-কে লোকজন নিয়ে তাড়া করা হয় এবং তিনি তখন ছুটি নিয়ে ৮ দিনের জন্য বাড়ি চলে যান। গত পরশু দিন আবার তিনি জয়েন করেছেন এবং করে জিপ নিয়ে গ্রামে গ্রামে ঘুরে বেড়াচ্ছেন, অফিসে ঢুকতে পারছেন না, সিপিএম ক্যাডাররা তাকে তাড়া করছে। তা ওরা করুক, এদের বি.ডি.ও ওদের সরকার, ওরা যা খুশি তাই করুক তাতে আমার কিছু বক্তব্য নেই। কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে নো কনফিডেন্স পাশ হওয়ার পর যদি কেউ চার্জ না দেয় তাহলে সেক্ষেত্রে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কিছু করণীয় আছে কিনা? এটা আমাদের জানা দরকার। নো কনফিডেন্স পাশ হয়েছে, তথাপি চার্জ দিচ্ছে না, তারপর নো কনফিডেন্সের নোটিশ বার বার দেওয়া সত্ত্বেও মিটিং ডাকছে না এবং মিটিং-এ মেম্বাররা যে ডিসেন্ট দিতে চাইছে তা নোট করা হচ্ছে না। এই অবস্থা আজকে পঞ্চায়েতগুলিতে চলছে। তাই আমি এই বিষয়গুলির ওপর মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমার বিশ্বাস আছে যে, তিনি পঞ্চায়েতগুলিকে ভালোভাবে চালাতে চান এবং সেই জন্য এবিষয়ে কিছু করবেন।

## Starred Questions
## (to which oral answers were given)

### পশ্চিমবঙ্গে জে, সি আই-এর পাট ক্রয় কেন্দ্র

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জে.সি.আই-এর (জুট কর্পোরেশন অব ইন্ডিয়া) কতগুলি পাট ক্রয় কেন্দ্র আছে ; এবং

(খ) এই রাজ্যের আরও অধিক সংখ্যক পাট ক্রয় কেন্দ্র স্থাপনের জন্য জে.সি.আই কর্তৃপক্ষের কাছে রাজ্য কৃষি দপ্তরের পক্ষ থেকে কোনও আবেদন জানানো হয়েছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) গত বৎসর ৪৭টি পাট ক্রয় কেন্দ্র ও ১৭টি উপকেন্দ্র ছিল। এ বৎসর প্রস্তাবিত পাট ক্রয়কেন্দর ও উপকেন্দ্রের সংখ্যা যথাক্রমে ১৭ এ ২৭।

(খ) কৃষি বিভাগের কর্মচারীগণ এবং আমিও ব্যক্তিগতভাবে জে সি আই কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাকালে বহুবার পাট ক্রয়কেন্দ্র বাড়াবার জন্য বলেছি ; কিন্তু ঐ সংস্থার উপর রাজ্য সরকারের কোনও কর্তৃত্ব নাই। অতএব কয়েকটি উপকেন্দ্র বাড়ান ছাড়া বিশেষ কোনও ফল হয় নাই। তবে যতদূর জানা গেছে এ বৎসর উক্ত সংখ্যক পাট ক্রয় কেন্দ্র ও উপকেন্দ্র ছাড়াও জে সি আই ১১০টি গ্রামীণ হাট সরাসরি চাষীদের কাছ থেকে পাট কেনার ব্যবস্থা করেছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, যে ক্রয় কেন্দ্রগুলির কথা বললেন সেই

সমস্ত পাট ক্রয় কেন্দ্রগুলি থেকে জুট কর্পোরেশন মোট কত শতাংশ পাট ক্রয় করে জানাবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** আমি মোটামুটিভাবে আপনাদের কাছে এ-সম্বন্ধে একটা বক্তব্য রাখছি, সেটা হচ্ছে জে.সি.আই.-র সঙ্গে আমরা আলোচনায় বসেছিলাম এবং তাদের বলেছিলাম যে, আপনার সরকার নির্দিষ্ট হাট থেকে সরাসরি পাট কিনুন বা যে সমস্ত চালু হাটগুলি আছে সেখান থেকে কিনুন। তখন তারা বলেছিলেন যে, যে সংখ্যা দেওয়া আছে তার চেয়ে বেশি আর কিছু বাড়াবার তাদের উপায় নেই এবং তারা বেনফেড'-এর মাধ্যমে কিছু পাট কিনবেন। 'বেনফেড' দিয়ে কিনলেও আমরা দেখছি যে, উত্তরবঙ্গে ডিস্ট্রেসড সেলে পাট এসে গেছে, কিন্তু এখনো কোনও রকম ব্যবস্থা করা হয়নি। এখানে আবার জে সি আই বলছে ''বেনফেড''কে তারা টাকা দিতে পারবে না। ''বেনফেড কৃষি দপ্তরের কাছে টাকা চেয়েছে, সেই টাকায় তারা বাইরে থেকে কিছু পাট কিনতে পারবেন। আমরা ১ কোটি টাকা মঞ্জুর করেছি কৃষি দপ্তর থেকে। এখন অবস্থা এই রকম দাঁড়িয়েছে যে, জে.সি.আই.-এর ওপর আমাদের সরাসরি কর্তৃত্ব নেই। তারা সময় মতো হাটে বা ক্রয় কেন্দ্র যায় না এবং সরাসরি কৃষকদের কাছ থেকে কেনে না, কিছু কিছু ফড়েদের কাছ থেকে কেনে। যারা অল্প পাট নিয়ে আসে, ২০/৪০ কে.জি. পাট যারা নিয়ে আসে তাদের কাছ থেকে তারা পাট কেনে না এবং গ্রেডিং-এর নামে কৃষকদের শোষণ করা হয়। এই অবস্থা চলছে।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** পশ্চিমবাংলার দলমত নির্বিশেষে আমরা সবাই জানি যে পশ্চিমবাংলায় পাট চাষীরা ভীষণভাবে মার খাচ্ছে—মহারাষ্ট্রে-মহারাষ্ট্র জুট কর্পোরেশন তৈরি হয়েছে সেখানকান পাট চাষীদের পাট বিক্রয় করার জন্য মহারাষ্ট্রের অনুকরণে পশ্চিমবাংলায় সরকারি উদ্যোগে এই পাট চাষীদের সুরাহা করার জন্য এবং এই পাট চাষীরা যাতে ন্যায্য মূল্যে বিক্রি করতে পারে তারজন্য পশ্চিমবঙ্গ সরকার জুট কর্পোরেশন গঠন করার কোনও প্রস্তাব বিবেচনাধীন আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** এ বছরে রবিতে তৈল বীজ এবং গম সরকার থেকে কেনবার ব্যবস্থা করেছি। এ বছরে দেরি হয়ে গেছে তাই আগামী বছরে সরকার থেকে আমরা সরাসরি পাট কেনবার জন্য প্রস্তুতি নিয়েছি। তবে সেটা কোনও কর্পোরেশনের মাধ্যমে না আমাদের মাধ্যমে সেটা ঠিক হয়নি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন জুট কর্পোরেশনের চেয়ারম্যান নির্বাচনের সময়ে পশ্চিমবঙ্গ সরকারের মত নিয়ে কি চেয়ারম্যান নির্বাচন করা হয়েছিল?

**শ্রী কমলকান্তি গুহ :** আমাদের মত নিয়ে হয়নি।

## কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনের বাস সংখ্যা

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩।) **শ্রী জন্মেজয় ওঝা :** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রী পরিবহন কর্পেরশেনের অধীনে বাস সংখ্যা কত ; এবং

(খ) কর্তৃপক্ষ কতগুলি নতুন বাস ক্রয়ের ব্যবস্থা করেছেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) ১০৩৬ টি (ব্যবহারোপযোগী)।

(খ) বর্তমান আর্থিক বৎসরে ২০০টি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১০৩৬টি বাস বর্তমানে ঠিক অবস্থায় আছে—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, চালু নয় এমন বাসের সংখ্যা কত?

**শ্রী মহঃ আমিন ঃ** ১০৩৬ বাসের মধ্যে রাস্তায় বেরোয় ৮০০ থেকে কিছু বেশি আর বাকিগুলি প্রিভেনটিভ মেনটেনান্সের জন্য ডিপোতে রাখা হয়।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ৮০০ বাসের মধ্যে কতগুলি রাস্তায় খারাপ হয়?

**শ্রী মহঃ আমিন ঃ** এগুলি এক একদিন এক এক রকম হয়। আমাদের সরকার যখন হয়েছিল তখন গাড়িগুলি বেশি খারাপ হত শতকরা ৪০ ভাগ ছিল। সেটা এখন কমে গিয়ে শতকরা ২০ ভাগে এসেছে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই গাড়িগুলির সাথে কত সংখ্যক কর্মচারী নিযুক্ত আছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** নোটিশ দিতে হবে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি তো ২০০টি নতুন বাস ক্রয়ের ব্যবস্থা করেছেন—এই বাসগুলি কবে কিনবেন আর কবে রাস্তায় নামবে?

**শ্রী মহঃ আমিন ঃ** চেসিস আসতে শুরু করে দিয়েছে। মাসে ২৫/৩০টা করে আসবে। যে মাসে চেসিস আসবে তার পরের মাসে গাড়ি নামানো যাবে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** এগুলি সবই কি স্পেশ্যাল বাস করছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** এই যে ২০০টা বাস আনা হচ্ছে তারমধ্যে ২২টি বাস হবে সেমি-আর্টিকুলেটেড ডাবল ডেকার, একটি করে অর্ডিনারি ডেকার, ১৭৭টি সিঙ্গল ডেকার আর তারমধ্যে ৩০টি স্পেশ্যাল বাস।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই বাসের ব্যাপারে যে ব্যানার্জি কমিশন হয়েছিল সেই কমিশন তাদের রিপোর্ট বলেছিলেন যে বাসগুলিকে ইচ্ছা করে কনডেম করা হয় ডিপো ম্যানেজার নানা রকমের গোলমাল করে প্রাইভেট বাস ওনারদের দিয়ে দেন এটা কি সত্যি?

**শ্রী মহঃ আমিন ঃ** ব্যানার্জি কমিশন যে তদন্ত করেছিলেন সেটা আগেকার কথা, আমাদের সরকার হওয়ার পরে এই রকম ধরনের ঘটনা ঘটেনি।

**শ্রী সন্দীপ দাস ঃ** ব্যানার্জি কমিশন আপনাদের আমলে হয়নি, আমরা জানি, কিন্তু

ব্যানার্জি কমিশনের রিপোর্টের ভিত্তিতে যে সমস্ত অভিযোগ আছে সেই অভিযোগের বিরুদ্ধে কোনও ব্যবস্থা কি নিয়েছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** ব্যানার্জি কমিশনের রিপোর্টে কোনও স্পেসিফিক অভিযোগ নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আপনি বললেন আগে শতকরা ৪০ ভাগ খারাপ ছিল, এখন ২০ ভাগ হয়েছে, কিন্তু কিছুদিন আগে আপনি যে একটা স্টেটমেন্ট দিয়েছিলেন তাতে বলেছিলেন যে এবারে বাস অনেক কমে গেছে, আপনার কোন স্টেটমেন্টটা সত্য? আগের টা না এখনকারটা?

**শ্রী মহঃ আমিন ঃ** আমি আগে এরকম কোনও স্টেটমেন্ট দিইনি।

**গ্রাম পঞ্চায়েতের উপর আর ডাবলিউ পি প্রকল্প রূপায়ণের দায়িত্ব**

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২।) **ডাঃ গোলাম ইয়াজদানী ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে,—

(১) ১৯৭৮-৭৯ সাল থেকে আর ডাবলিউ পি প্রকল্পের মনোনয়ন , অনুমোদন ও রূপায়ণের দায়িত্ব সম্পূর্ণভাবে গ্রাম পঞ্চায়েতের উপর ন্যস্ত হইয়াছে,

(২) গ্রামাঞ্চলে এই সব উন্নয়নমূলক কাজ সম্বন্ধে অবহিত থাকিবার জন্য পঞ্চায়েত সমিতিগুলিকে ও তার সদস্যদের পদ দেওয়া হইয়াছে ; এবং

(খ) স্থানীয় এম এল এ-গণকে তাদের নির্বাচনী এলাকার উন্নয়নমূলক কাজ সম্বন্ধে ওয়াকিবহাল রাখার জন্য কি ব্যবস্থা আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) (১) গ্রামোন্নয়ন কর্মসূচি রূপায়ণের দায়িত্ব রাজ্য সরকারের উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ গ্রাম পঞ্চায়েতের উপর ন্যস্ত করেছেন।

(২) *এই কর্মসূচি সম্পর্কে সমাপ্তি সার্টিফিকেট পঞ্চায়েত সমিতির মাধ্যমে জিলা পরিষদের কার্যনির্বাহী আধিকারিক ও উন্নয়ন পরিকল্পনা বিভাগকে পাঠানোর জন্য নির্দেশ দেওয়া হয়েছে। কর্মসূচি রূপায়ণের জন্য পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদকে তত্ত্বাবধানের দায়িত্ব দেওয়া হয়েছে।*

(খ) এম.এল.এ. গণ পঞ্চায়েত আইন অনুযায়ী সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সদস্য। সুতরাং স্বীয় নির্বাচন এলাকায় উন্নয়নমূলক কাজকর্ম সম্বন্ধে তারা ওয়াকিবহাল থাকবেন আশা করা যায়।

যে প্রশ্নটা করা হয়েছে—আর. ডবলিউ. পি. সংক্রান্ত, এই কোয়েশ্চেন এখানে ওঠে না। এই সব স্কীম বা তার সার্টিফিকেট এর ব্যাপার আমার নয়। আমি সাধারণ ভাবে উত্তর দিচ্ছি। সঠিক বিভাগকে জেনে প্রশ্ন করার চেষ্টা করবেন।

**ডাঃ গোলাম ইয়াজদানী ঃ** উন্নয়নমূলক কাজের কথা পঞ্চায়েত সমিতিতে ওঠেনা, টাকাগুলো গ্রাম পঞ্চায়েতকে দেওয়া হয়, পঞ্চায়েত সমিতির হাতে আসে না এটা কি আপনি জানেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সেটা সরাসরি গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে হয়ে থাকে, এ বৎসর পূর্বে গ্রাম পঞ্চায়েতের ভূমিকা সম্বন্ধে যে বইটি দেওয়া হয়েছিল সেটা ভাল করে পড়বেন। প্রকল্প নির্বাচনের ব্যাপারে বইটিতে গভর্নমেন্ট পরিষ্কারভাবে বলেছেন ঃ "জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির মাধ্যমে গ্রামপঞ্চায়েতকে বরাদ্দ করা হবে। যেখানে জেলা পরিষদ পঞ্চায়েত সমিতির কর্মকর্তা নির্বাচন সম্পূর্ণ হয়নি, সেখানে জেলা শাসক/ব্লক উন্নয়ন আধিকারিক মাধ্যমে গ্রাম পঞ্চায়েতের বরাদ্দ করা হবে। জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির তদারকি ও নিয়ন্ত্রণাধীনে গ্রাম পঞ্চায়েত প্রয়োজনীয় কর্মসূচি তৈরি করবেন।

**ডাঃ গোলাম ইয়াজদানী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এই রকম হয় কিন্তু আমি প্র্যাকটিকালি দেখেছি, সেই সমস্ত উন্নয়নমূলক কাজে গ্রাম পঞ্চায়েতের উপর ভার ন্যস্ত হয়। সে কাজগুলি সম্বন্ধে জেলাপরিষদ কিম্বা পঞ্চায়েত সমিতি তাদের ইনফর্ম করা হয় না, আমরা জানতে পারিনা।

[2-00 — 2-10 P.M.]

**Mr. Speaker :** You are giving your information. Please give it in writing.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে পঞ্চায়েত সমিতির তদারক ও জেলা সমিতির তদারক বলতে কি বোঝাচ্ছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই সব পরিকল্পনা অনুসারে হয়ে থাকে। এই বইটিতে পরিষ্কার করে বলা হয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** জেলা পরিষদ বা গ্রাম পঞ্চায়েতে যে কাজ হবে এই কাজের তদারক করার অধিকার বি, ডি,ও ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ার বা সাব অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ারের আছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ৫ থেকে ২০ হাজার টাকা স্কীমগুলির জন্য পঞ্চায়েত সমিতির ভেটিং নিতে হবে। যদি না নিয়ে থাকেন তাহলে কংক্রিট কেস দেবেন দেখবো।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমি ভেটিংএর কথা বলছি না—আমি পরিষ্কার জানতে চাই ইন্সপেকশন করার অধিকার আছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** পরবর্তীকালে কোয়েশ্চেন করলে এর উত্তর দেব।

**ডাঃ গোলাম ইয়াজদানী ঃ** আগে দেখেছি এই সব জায়গায় উন্নয়নমূলক কাজ যা হবে তার একটা কপি এম এল এর কাছে যেত যাতে তারা সমস্ত জানতে পারতেন কিন্তু এখন সে সব যাচ্ছে না—এ বিষয়ে একটু দৃষ্টি দেবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** হ্যাঁ।

**শ্রী অনিল মুখার্জি ঃ** জেলা পরিষদ ও পঞ্চায়েত সমিতির সদস্য এম এল এরা। কিন্তু যেহেতু তারা গ্রাম পঞ্চায়েতের সদস্য নন সেহেতু আইনসঙ্গতভাবে গ্রামের উন্নয়নের কাজে তারা কিভাবে যোগদান করবেন তা জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এম এল এ দের গ্রাম পঞ্চায়েতে অন্তর্ভুক্ত করানোর যে প্রস্তাব এসেছে সেটা সরকার বিবেচনা করছেন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আর, ডাব্লু, টির কাজগুলো ইন্সপেকশন বা সুপারভিসন হচ্ছে না এ খবর আপনার জানা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ৫৬ নং কোয়েশ্চেন উত্তরে সব বলব।

*** ৫১ স্থগিত**

**পশ্চিমবঙ্গে পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য বিশ্ব ব্যাঙ্কের নিকট অর্থসংগ্রহের প্রচেষ্টা**

***৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *৮০।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র পশ্চিমবঙ্গে পরিবহন ব্যবস্থা উন্নতির জন্য বিশ্ব ব্যাঙ্কের নিকট হইতে অর্থ সংগ্রহের প্রচেষ্টা চালানো হইয়াছে কিনা ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, এই প্রচেষ্টা ফলবতী হইয়াছে কিনা ; এবং

(গ) হইয়া থাকিলে কবে নাগাদ ঐ অর্থ পাওয়া যাইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) কলিকাতা মেট্রোপলিটন অঞ্চলের পরিবহন ব্যবস্থার উন্নতি কল্পে বিশ্বব্যাঙ্কের সহিত আলোচনা চলিতেছে।

(খ) এখনও হয় নাই।

(গ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অমল রায় ঃ** কলকাতা মহানগরীর ট্রান্সপোর্ট ব্যবস্থার উন্নয়নের জন্য বিশ্ব ব্যাঙ্ক-এর কাছ থেকে মোট কত টাকা চেয়েছেন?

**শ্রী মহঃ আমিন ঃ** সমস্ত বিষয়টা বিবেচনাধীন সেইজন্য অনুরোধ করব যে বিষয়টা সিদ্ধান্ত করার অধিকার যখন অন্য লোকের হাতে তখন এটা নিয়ে অলোচনা না করাই ভালো।

**পশ্চিমবাংলায় বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের গরু সরবরাহ**

***৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭।) **শ্রী শিবনাথ দাস ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের চাষের জন্য গরু সরবরাহ করা হইয়াছে কি;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, তাহার সংখ্যা কত ; এবং

(গ) কৃষিকার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সরকার কি কি ব্যবস্থা লইয়াছেন?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) না, কোনও গরু সরবরাহ করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বন্যার পরবর্তীকালে কৃষিকার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য কৃষিবিভাগ নিম্নলিখিত ব্যবস্থাগুলি লইয়াছিলেন ঃ—

(১) বন্যায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্রসেচ যন্ত্রসমূহের জন্য (Instalation) ৩.৫০ কোটি টাকা খরচ করে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র সেচ প্রকল্পগুলি চালু করা হয়।

(২) ১০০টি ২০ অশ্বশক্তির ডিজেল পাম্প সেট ক্রয়ের জন্য ৩০ লক্ষ টাকা আনুমোদন করা হয়। বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদিগকে সাহায্য করিবার জন্য এই পাম্প সেটগুলিকে জেলা শাসকদের অধীনে দেওয়া হয়ছিল।

(৩) নদী হইতে জল উত্তোলন প্রকল্পাধীন বর্ধমান, হুগলি, নদীয়া। মুর্শিদাবাদ , মালদা এবং পশ্চিমদিনাজপুর জেলায় ২০ অশ্ব শক্তি বিশিষ্ট ৫০০টি ডিজেল পাম্প সেট এবং ২০ অশ্বশক্তি বিশিষ্ট ২৪৪টি ইলেকট্রিক মোটর ক্রয়ের জন্য ১.৭৪ কোটি টাকা অনুমোদন করা হয় এবং বেশিরভাগ পাম্পই জেলায় পাঠানো হয়েছিল।

(৪) বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদিগের সুবিধার জন্য জলকর অগ্রিম পরিশোধের কাজটি শিথিল করিয়া উহা শষ্যবর্তনের (horrest) পরে পরিশোধযোগ্য করা হইয়াছিল, উক্ত সুবিধা কেবল মাত্র ১৯৭৮-৭৯ সালের জন্যই প্রযোজ্য।

(৫) বিনামূল্যে বিভিন্ন বীজের মিনিকিট বিতরণের জন্য ১৬,৯১,০০০ টাকা অনুমোদন করা হইয়াছিল।

(৬) বন্যা বিধ্বস্ত চাষীদিগকে সাহায্য করিবার জন্য জিলা শাসকদের অধীনে UNICEF হইতে বিনামূল্যে প্রাপ্ত ২০০টি ৫ অশ্ব শক্তি পাম্পসেট ও ১৪০টি পাওয়ার ট্রিলার দেওয়া হয়, ইহা ছাড়া অন্ধ্রপ্রদেশ সরকার হইতে বিনামূল্যে প্রাপ্ত আরও ৫০টি পাওয়ার ট্রিলার জেলা শাসকদের দেওয়া হয়।

(৭) বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদিগকে স্বল্পকালীন ঋণ প্রদানের জন্য মোট ২৬, ৯২,২৫,০০০ টাকা অনুমোদন দেওয়া হইয়াছিল। এই ঋণ ডিফলটার দিগকেও দেওয়া হয় বিশেষ ব্যবস্থা হিসাবে ফুল চাষীদেরও ঋণ দেওয়া হয়েছে, পান চাষীদের ঋণের সুযোগ দেওয়া হয়।

(৮) ২০ লক্ষ টাকা খরচ করে বীজতলা তৈয়ারি করে কৃষকদের বিতরণ করা হয়।

**শ্রী শিবনাথ দাস ঃ** বন্যায় যে হাজার হাজার গরু মারা গেছে সেই সমস্ত লোকেরা কিভাবে জমি চাষ করল সেটা জানাবেন কি কারণ সরকার থেকে যখন তাদের গরু সরবরাহ করা হয়নি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা সরকার থেকে কিছু ট্রাক্টার দিয়েছিলাম এছাড়া কৃষকরা নিজেদের হালের গরু জোগাড় করে নিয়ে চাষ করেছে।

**শ্রী শিবনাথ দাস ঃ** গরু কেনার জন্য কি অর্থ সাহায্য দিয়েছিলেন?

**শ্রী কলমকান্তি গুহ ঃ** কৃষিঋণ দিয়েছিলাম।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মিনি কীট বিলির জন্য ৭,১৬,৯১,০০০ টাকা যে খরচ হয়েছিল তাতে এই মিনি কীটগুলো কোথা থেকে কেনা হয়েছিল—কে বিলি করেছিল এবং বন্যা পীড়িত এলাকা ছাড়া অন্য এলাকায় দেওয়া হয়েছিল কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** উত্তরবঙ্গে ৪টি জেলায় খরা এবং বাকি ১২টি জেলায় বন্যা হয়েছিল। অতএব মোট ১৬টা জেলায় এই মিনিকীট দেওয়া হয়েছিল এবং অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ এর কাছ থেকে আমরা এগুলি নিয়েছিলাম।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী শিবনাথ দাস ঃ** সরকারি তথ্যে আছে হাজার হাজার গরু বন্যায় মারা গেছে, আমার প্রশ্ন হচ্ছে এই যে ব্যাপকভাবে হালের গরু মারা গেছে এরফলে এই জমিগুলি চাষ করার জন্য আপনারা কতগুলি ট্রাক্টর সরবরাহ করেছেন এবং এই ট্রাক্টরগুলি কি সরকারি খরচে চালান হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা ১৪০টি পাওয়ার টিলার, তাছাড়া অন্ধ্র প্রদেশ সরকারের কাছ থেকে ৫০টি পাওয়ার ট্রিলার মোট ১৯০টি পাওয়ার ট্রিলার বিভিন্ন জেলায় দিয়েছিলাম এবং তারা তাই দিয়ে যতটা পারেন চাষ করেছেন। তবে প্রয়োজনের তুলনায় এর সংখ্যা অত্যন্ত কম সেটা আমরা জানি।

**৫৪ স্থগিত**

**কলিকাতা মহানগরীতে ফুটপাথ বাসিন্দাদের পরিসংখ্যান**

***৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৩০।) **শ্রী নানুরাম রায় ঃ** স্থানীয় প্রশাসন ও নগর উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা মহানগরীতে কত লোক ফুটপাথে বাস করে তার কোনও পরিসংখ্যান সরকারের কাছে আছে কি ; এবং

(খ) থাকিলে, এই সংখ্যা কত?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) কলিকাতা মহানগরীর ফুটপাথ বাসিন্দাদের কোনও পরিসংখ্যান সরকারের কাছে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী নানুরাম রায়ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই পরিসংখ্যান নেবার চেষ্টা করেছেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্রঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন কলকাতার ফুটপাথে কিছু লোক প্রতিদিন বাস করে এই সম্বন্ধে অবহিত আছেন কিনা? যদি অবহিত থাকেন তাহলে এই সম্বন্ধে কি করছেন?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** অবহিত আছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্রঃ** ফুটপাথে যারা বসবাস করে তাদের সর্বহারা বলে স্বীকার করেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** সর্বহারা এরা নয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্রঃ** তাহলে সর্বহারার ক্যাটাগোরিতে কারা পড়বে বলবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** শ্রমিক শ্রেণী যাদের শৃঙ্খলা ছাড়া হারাবার আর কিছু নেই।

**শ্রী সন্দীপ দাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ফুটপাথ বাসিদের জন্য কোনও বাসস্থান তৈরি করার পরিকল্পনা আছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** না।

**শ্রী অনিল মুখার্জিঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এইমাত্র বললেন পরিসংখ্যান নেই, মন্ত্রী মহাশয় জানাবেন কি এই ফুটপাথে কত বছর ধরে লোক বাস করছে?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** কংগ্রেসি রাজত্বের প্রথম দিন থেকে।

**শ্রী জন্মেজয় ওঝাঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ফুটপাথে যারা বাস করে তারা সর্বহারা নন, আমি জিজ্ঞাসা করছি এদের মধ্যে কতজন ক্যাপিটালিস্ট?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** সেটা বিড়লাকে জিজ্ঞাসা করবেন, আমি জানি না।

**শ্রী রজনীকান্ত দোলুইঃ** ফুটপাথে যারা বসবাস করে তাদের রিহ্যাবিলিটেট করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** মাননীয় সদস্যরা মনোযোগ সহকারে শুনবেন আমরা কি উত্তর দিই। আমি এর উত্তর দিয়েছি।

**শ্রী নানুরাম রায়ঃ** ১২ই আগস্ট বসুমতী কাগজে পুলিশ রিপোর্টে বেরিয়েছে ৭ লক্ষ ফুটপাথে বসবাস করে , এটা কি ঠিক?

**শ্রী প্রশান্তকুমার শূরঃ** সেটা বসুমতীকে জিজ্ঞাসা করবেন।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগঃ** গত ২ বছর ধরে ফুটপাথবাসীদের সংখ্যা কি বেড়েছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** সংখ্যা প্রতিদিন বাড়ছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি রাইটার্স বিল্ডিংসে এয়ারকন্ডিশন ঘরে ঢোকার পর ফুটপাথবাসীদের খবর রাখেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমরা কংগ্রেসি মন্ত্রী নই যে রাইটার্স বিল্ডিংসে বসে সরকার পরিচালনা করব, আমরা রাস্তায় গিয়ে কাজ করি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলকাতা মহানগরীর ফুটপাথে যে সমস্ত সর্বহারারা বাস করছে তারা ভোটার কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের আইনে তারা ভোটার নয়।

**ডাঃ শাশ্বতীপ্রসাদ বাগ ঃ** পশ্চিমবাংলায় ফুটপাথে বাস করে এই অধিবাসীদের সংখ্যা ক্রমশ বেড়ে যাচ্ছে সেক্ষেত্রে এই সংখ্যা যাতে আর না বাড়ে সেটা দেখা কি সরকারের কতর্ব্য নয়?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের দেশে পুঁজিবাদি ব্যবস্থার ফলে এই ঘটনা ঘটে। কেন্দ্রীয় সরকারে যারা বসে আছেন, যারা আমাদের অর্থনীতি পরিচালনা করেন তারা এর সমাধান করতে পারেন। তবে পুঁজিবাদি ব্যবস্থায় এটা সম্ভব নয়।

**পঞ্চায়েত সংস্থা সম্বন্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ**

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পঞ্চায়েত ব্যবস্থার বিভিন্ন স্তর (গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ) থেকে ব্যাপক দুর্নীতির অভিযোগ আসছে ; এবং

(খ) সত্য হইলে, ঐ দুর্নীতি-রোধে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) পঞ্চায়েত সংস্থা সম্পর্কে বিভিন্ন ধরনের কিছু অভিযোগ এসেছে।

(খ) কোনও পঞ্চায়েত সংস্থা সম্পর্কে কোনও প্রকার অভিযোগ পাওয়া মাত্র অভিযোগপত্র স্থানীয় আধিকারিকের নিকট পাঠিয়ে প্রতিবেদন পেশ করতে বলা হয়ে থাকে। প্রতিবেদন নেওয়ার পর আইনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় পঞ্চায়েত সম্পর্কে কিছু অভিযোগ এসেছে এবং তার সমাধানের কথাও বললেন। আমার প্রথম প্রশ্ন হচ্ছে এ পর্যন্ত দুর্নীতির অভিযোগ গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ সম্পর্কে যা এসেছে তার সম্পর্কে কোনও কার্যকর ব্যবস্থা অবলম্বন করেছেন কিনা? আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে আপনার কাছে এরকম কোনও ইনফর্মেশন আছে কি যে, যে সমস্ত গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ সম্পর্কে দুর্নীতির অভিযোগ এসেছে তাতে যাদের উপর তদন্তের ভার দেওয়া হয়েছে তারা তদন্ত করতে ভয় পাচ্ছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** পঞ্চায়েত সংস্থাগুলি সম্পর্কে যে অভিযোগ এসেছে তাতে আমি দেখেছি এ পর্যন্ত ৩৫টি অভিযোগ লিখিতভাবে এসেছে। এই অভিযোগগুলি বিভিন্ন ধরনের। কোনওটা দুর্নীতি সম্পর্কে, কোনওটা ঠিকঠিক ভাবে রিলিফ দেওয়া হয়নি, কোনওটা আছে কুটির শিল্পে অনুদান ঠিকভাবে বণ্টন করা হয়নি। পক্ষপাতিত্বের অভিযোগও এসেছে যে, যেখানে মিটিং করা উচিত সেই নির্ধারিত জায়গায় হয়নি। আমি দেখেছি মোটামুটি ৩৫টি অভিযোগ এসেছে। এই ব্যাপারে সরকার খুব সজাগ আছে এবং ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনের ২০৫ধারায় বিভিন্ন পরিদর্শক এবং আধিকারিকদের অধিকার দেওয়া আছে।

**শ্রী হবিবুর রহমান :** তদন্তের ক্ষেত্রে ভয় পাচ্ছে কিনা বলবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি এরকম অভিযোগ পাইনি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** বন্যা উপলক্ষে ঘর তৈরি করবার জন্য গ্রামাঞ্চলে যে টাকা দেওয়া হয়েছে সেই টাকা যদি গরিব মানুষদের মধ্যে ঠিকভাবে বণ্টন করা না হয়ে থাকে এবং এ সম্পর্কে যদি আপনার কাছে তালিকা দেওয়া হয় তাহলে যে সমস্ত প্রধান এবং গ্রাম পঞ্চায়েতের সদস্য তার সঙ্গে যুক্ত রয়েছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করবেন কি?

**মিঃ স্পিকার :** এটা হাইপথেটিক্যাল কোয়েশ্চেন।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী [illegible]ণ রায় :** এই যে অভিযোগগুলি আপনি পেয়েছেন বলেছেন এটা ঠিক কি, অভিযোগ যারা করেছেন সে ব্যক্তি হোক বা পার্টি হোক তারা সবাই পরাজিত হয়েছেন এবং তারাই অভিযোগ করেছেন এটা কি আপনার জানা আছে?

(নো রিপ্লাই)

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় স্পিকার মহাশয় আমার একটা অতিরিক্ত প্রশ্ন আছে সেটা হচ্ছে যে, আমার কেন্দ্রে অধিকাংশ জায়গায় আমরা জয়লাভ করেছি। সেইসব জায়গায় দুর্নীতির অভিযোগ করছি না, কংগ্রেস এবং অন্যান্য দল কিছু কিছু পঞ্চায়েত আমার নির্বাচন কেন্দ্রে পেয়েছে সেইসব কেন্দ্রের অভিযোগগুলি করছি এবং আমার বক্তব্য হচ্ছে সুনির্দিষ্ট অভিযোগ সম্বলিত কাগজ যদি দেওয়া হয়, গ্রামের মানুষের স্বাক্ষর প্রমাণাদিসহ যদি দেওয়া হয় তাহলে সেক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় কোনও ব্যবস্থা গ্রহণ করবেন কি?

**মিঃ স্পিকার :** এর জবাব আগেই দেওয়া হয়েছে।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি গুরুত্বপূর্ণ স্যাপ্লিমেন্টারি প্রশ্ন করতে চাই। উনি বললেন যে ২০৫ ধারা অনুযায়ী নোটিফিকেশন হবে, কিন্তু সেই ধারা অনুযায়ী যদি নোটিফিকেশন হয় তাহলে বি ডি ও বা কেউ অ্যাকশন নিতে পারবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** হ্যাঁ, পারবেন।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** বিভিন্ন গ্রাম পঞ্চায়েত সদস্যদের এবং প্রধানদের বিরুদ্ধে নানা ধরনের অভিযোগ উঠেছে। মন্ত্রী মহাশয় বললেন মাত্র ৩৫টি লিখিত অভিযোগ তিনি পেয়েছেন।

আমরা জানি এই সংখ্যা আরও অধিক। এই ব্যাপারে জানি জিজ্ঞাসা করতে চাই এই পঞ্চায়েত সদস্য বা প্রধানদের বিরুদ্ধে যদি কোনও দুর্নীতির অভিযোগ থাকে সেই দুর্নীতির বিরুদ্ধে তদন্ত করবার জন্য বা প্রতিকার করবার জন্য কোনও সুনির্দিষ্ট উপায় পঞ্চায়েত বিভাগে আছে কিনা সেটা জানাবেন।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আরও ভালোভাবে প্রতিরোধ করবার জন্য ২০৫ ধারা অনুযায়ী আমি বিভিন্ন অফিসারদের নিয়ে বসব খুব শীঘ্র। আশা করি এক মাসের মধ্যে এর একটা ব্যবস্থা করতে পারব এবং এক মাসের মধ্যেই নির্দেশ দেওয়ার চেষ্টা করব।

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি এই যে দুর্নীতিগুলি হচ্ছে, আমার মনে হয় যে গ্রাম পঞ্চায়েতকে সম্পূর্ণ ভার দেওয়া হয়েছে কাজ করবার জন্য কিন্তু কাজ তারা কি করছে না করছে সেটা পঞ্চায়েত সমিতিকে জানাচ্ছে না বা এম এল এ-দের জানাচ্ছে না। ফলে এই দুর্নীতিগুলি হবার চান্স পাচ্ছে।

**Mr. Speaker :** It is your statement. Don't make any statement.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই শ্রীমতী আভা মাইতি যখন মন্ত্রী ছিলেন তখন তিনি একটি লিখিত অভিযোগ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে পাঠিয়েছিলেন। আমিও একটি অভিযোগ আপনার হাতে দিয়েছি। এগুলি বি ডি ও দ্বারা এনকোয়ারি হচ্ছে কিনা এবং আপনি এ সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করছেন কিনা সেটা আমরা জানি না।

**মিঃ স্পিকার ঃ** আমি এটা অ্যালাউ করব না। কে অভিযোগ করেছেন তার কথা আপনি এখানে বলতে পারেন না।

**মেদিনীপুর জেলার সাহাচক গ্রাম পঞ্চায়েতের ও অনন্তপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ**

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৪।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** পঞ্চায়েত ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) মেদিনীপুর জেলার ডেবরা পঞ্চায়েত সমিতির অধীনে সাহাচক গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে, ও (২) উক্ত জেলার তমলুক ১নং পঞ্চায়েত সমিতির অধীনে অনন্তপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান-এর বিরুদ্ধে কোনও অভিযাগ সরকারের নিকট আসিয়াছে কি ; এবং

(খ) আসিয়া থাকিলে, সে বিষয়ে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধায় ঃ**

(ক) (১) ও (২) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় না বললেন। এই প্রসঙ্গে আমি একটা প্রশ্ন

জিজ্ঞাসা করছি দয়া করে উত্তর দেবেন কি, এই যে হাজার হাজার অভিযোগের দরখাস্ত এসেছিল তার মধ্যে আলিমুদ্দিন স্ট্রিট থেকে মাত্র ৩৫টি স্ক্রুটিনি করে পাঠিয়েছেন, বাকিগুলি আপনি না বলে দিচ্ছেন?

**মিঃ স্পিকার ঃ** এইভাবে কি আপনি প্রশ্ন করবেন?

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** আপনি কি অবগত আছেন যে, ট্রাইব্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট ৫২ হাজার টাকা এই পঞ্চায়েতকে দিয়েছিল তারা সেই টাকার সিংহভাগ দিয়ে নিজেরা লরি কিনে ব্যবসা চালাচ্ছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই অভিযোগ মুখে আপনার শুনছি, লিখিতভাবে কিছু পাইনি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় তার রেডিওগ্রামে একবার বলেছিলেন অ্যাভারেজ প্রত্যেক গ্রাম পঞ্চায়েতকে ২ লক্ষ ২৫ হাজার টাকা দেওয়া হয়েছে অনুদান, ৭০ কোটি টাকার মতো ব্যয় হয়েছে। আমি ধরে নিচ্ছি এটা অ্যাভারেজ, এই টাকাটা প্রপার ইউজ হয়েছে এটা তদারকি করার আপনার কি মেশিনারি আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই প্রশ্নের সঙ্গে এটা রেলিভেন্স নয়।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি এমনি জিজ্ঞাসা করলাম জানা থাকলে উত্তর দেবেন।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমার চেম্বারে জিজ্ঞাসা করবেন।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি মুর্শিদাবাদ জেলায়।

**মিঃ স্পিকার ঃ** এটা মুর্শিদাবাদের প্রশ্ন নয়।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** আমি মেদিনীপুরের কথাই বলছি যে কিছু কিছু সরকারি কর্মচারিরা পঞ্চায়েত প্রধান ও পঞ্চায়েত সমিতির কোনও অভিযোগ আপনার কাছে আছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মুর্শিদাবাদ থেকে হরিহরপাড়ার দূরত্ব ১৫০ মাইল, আমি ১৫০ ঘণ্টা বাদে আবার সামনের মঙ্গলবারে উত্তর দেব।

**পশ্চিমবঙ্গে নারিকেল চাষ**

***৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৬।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় নারিকেল চাষ হয় ; এবং

(খ) নারিকেল চাষের উন্নয়নের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ২৪ পরগনা, হাওড়া, মেদিনীপুর ও হুগলি প্রধানত নারিকেল উৎপাদক জেলা। ইহা ছাড়া কাঁকরে লাল মাটি জেলাগুলি বাদ দিলে অন্য জেলাগুলিতে অল্প বিস্তর নারিকেল চাষ হয়।

(খ) নারিকেল চাষের উন্নয়নের জন্য নিম্ন লিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে—

(১) স্বল্পমেয়াদী ব্যবস্থা ঃ—বিভিন্ন প্রকার পুস্তিকা, ছোটছোট সভা সমিতি ও প্রদর্শনী ক্ষেত্রের মাধ্যমে বিজ্ঞানসম্মত চাষ, সার, কীট ও রোগনাশক ঔষধ ব্যবহারের পদ্ধতি প্রচার করা হয়।

(২) দীর্ঘমেয়াদী ব্যবস্থা ঃ— দক্ষিণ ভারত বিশেষ করে অন্ধ্রের গোদাবরী উপত্যকার উন্নত ফলনশীল জাতের নীরোগ বীজ নারিকেল প্রতি বৎসর সংগ্রহ করা হয় এবং পশ্চিমবঙ্গে চন্দননগর ও বিভিন্ন জেলা ও ব্লক বীজ খামারে (মোট ৫৩টি) চারা উৎপাদন করে চাষীদের বিনা লাভে বিক্রয় করা হয়। উৎপাদনের উদ্দেশ্যে ২৪ পরগনা জেলার ব্যারাকপুর ব্লক খামারে একটি বেঁটে জাতের নারিকেল বাগান প্রতিষ্ঠা করা হয়েছে।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন তামিলনাড়ু এবং কেরালার মতো এখানেও ডাব খাওয়া নিষিদ্ধ করে দেওয়ার কোনও প্রস্তাব সরকারের আছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এ সম্বন্ধে আমাদের কোনও পরিকল্পনা নাই।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পরিকল্পনা নাই, কিন্তু এখানে নারকেল তৈল শিল্পের স্বার্থে এবং ব্যাপক কর্মসংস্থানের স্বার্থে এই রকম কোনও পরিকল্পনা নিতে সরকার ইচ্ছুক কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই ধরনের কোনও পরিকল্পনা নাই।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** নারকেল চাষের উন্নতির জন্য সরকার যে যে ব্যবস্থা করেছেন বললেন, কিন্তু এখানে বিভিন্ন এলাকায় সরকারি খামারে নারকেল চাষের ব্যবস্থা করবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি বলেছি ৩৫টি বীজ খামারে এবং কয়েকটি জেলায় আমাদের ব্যবস্থা আছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** দিঘা এবং তার উপকূলবর্তী অঞ্চলে নারকেল চাষের ব্যবস্থা করবেন কিনা?

**শ্রীকমলকান্তি গুহ ঃ** দীঘায় হয়েছে, আমাদের আছে।

**পশ্চিমবঙ্গে কাজু বাদামের চাষ**

* ৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৫।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কত জমিতে কাজু বাদামের চাষ হয় ; এবং

(খ) কাজু বাদাম চাষের উন্নয়নের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ৩২০০ হেক্টর বা আটহাজার একর জমিতে কাজুবাদামের চাষ হয়।

(খ) দীঘাতে কাজুবাদামের একটি বাগিচা স্থাপনের পরিকল্পনা সরকারের আছে। এজন্য দিঘাতে প্ল্যানিং ও ডেভেলপমেন্ট বিভাগের অধীনে ১০৮ একর জমি কৃষি বিভাগকে হস্তান্তরের জন্য ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে হস্তান্তরিত হইবার পর প্রস্তাবিত বাগিচা হইতে উন্নত জাতের কাজুবাদামের চারা এবং গুটি কলম প্রস্তুত ও উৎপাদন করিয়া চাষীদের বিতরণ করা হইবে। তাহাছাড়া এই বাগিচায় কাজুবাদাম চাষের উন্নত পদ্ধতি সম্পর্কে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা চালানো হইবে এবং গবেষণালব্ধ ফল দ্বারা চাষীরা উপকৃত হইবেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এই এলাকা ছাড়া আর কোন্ কোন্ এলাকায় কাজুবাদাম হচ্ছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের এখানে মেদিনীপুর জেলায় এই পরিকল্পনা নিয়েছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** কাঁথি মহকুমায় কত পরিমাণ জায়গায় কাজুবাদামের চাষ হয়?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** নোটিশ দিলে বলতে পারি।

* প্রশ্ন ৬৪ (স্থগিত)

**Shifting of Calcutta Corporation's School from Alimuddin Street**

***65.** (Admitted question No. *310.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) Whether it is a fact that the Calcutta Corporation's School in Alimuddin Street is being shifted to some other premises ;

(b) if the answer to (a) be in the affirmative—

(i) the reasons thereof ;

(ii) the financial implications of the State Government and /or Calcutta Corporation in the matter ; and

(iii) the names of the previous and present owners of the premises as recorded in the records of Calcutta Corporation?

**Shri Prasanta Kumar Sur :**

(a) Yes;

(b) (i) To save Corporation revenue and to provide better physical environment to children reading in that School.

(ii) There is no financial implication either of the State Government or Corporation as the school has been shifted to Corporation's own building constructed with the financial assistance from Calcutta Metropolitan Development Authority.

(iii) Landlord Abdul Wajed for self and as guardian of his minor brothers and sisters, as per Corporations's Register. The present owner of the school building is the Corporation of Calcutta.

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই যে কলকাতা কর্পোরেশন স্কুলটি আলিমুদ্দিন স্ট্রিট থেকে কর্পোরেশন বিল্ডিং-এ শিফট করা হল, এটা সি পি এম অফিস এক্সটেনশন করার জন্য?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমার উত্তরে যা বলেছি সে কথাই আমার কথা।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** একথা কি সত্য ল্যান্ড ওনার আবদুল ওয়াজেদ এবং তার মাইনরদের বাধ্য করা হয়েছে এই বাড়িটি সি পি এমকে ছেড়ে দিতে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এটা অসত্য এবং চক্রান্তমূলক কথা।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** এটা কি সত্য যে কর্পোরেশন স্কুলটি ওখানে কর্পোরেশন বিল্ডিং-এ সরিয়ে নেবার পরেই সি পি এম অফিস থেকে এটা দখল করা হয়েছে এবং সেখানে অফিস করা হয়েছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আপনি সি পি এম অফিসে যান, খবর পাবেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ওখান থেকে স্কুলটি শিফট করার কারণ কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** এটা আমি আগেই বলেছি, মনোযোগ সহকারে শোনা উচিত ছিল।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি যেটা বলেছেন সেটা অস্পষ্ট। স্যার, মন্ত্রী মহাশয় যে উত্তর দিলেন সেটা অস্পষ্ট।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমি যা উত্তর দিয়েছি সেটা ঠিক উত্তরই দিয়েছি। উনি বলছেন অস্পষ্ট। এই কথাটা ওনাকে উইথড্র করতে হবে।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** আপনারা চুপ করুন উনি আবার রি রিড করে দিচ্ছেন।

**Shri Prasanta Kumar Sur :** To provide better physical environment to children reading in the school.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মহাশয়, আমি যেটা জানতে চেয়েছিলাম সেটা উনি বললেন না। স্যার, উনি তো শুধু শূর নন, মহীশাসুর উনি ঝাঁটা খেয়েছেন।

(গোলমাল)

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্যার, মহিলারা ওঁকে আক্রমণ করেছিল। মহিলারা ওকে কামড়ে দিয়েছিল।

**শ্রী মীর আব্দুস সৈয়দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মাত্র উনি যে উক্তি করলেন একজন মাননীয় মন্ত্রী শ্রী প্রশান্ত শূর সম্পর্কে সেটা ওনাকে উইথড্র করতে হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** না আমি উইথড্র করব না। আমি আবার বলছি মহিলারা কামড়ে দিয়েছে। এবং কেন গোলমাল?

**শ্রী মীর আব্দুস সৈয়দ :** স্যার, একজন মাননীয় মন্ত্রী সম্পর্কে উনি এই রকম উক্তি করতে পারেন না। ওনাকে উইথড্র করতে হবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** স্যার, আমি যেটা জানতে চেয়েছিলাম উনি সে প্রসঙ্গে গেলেন না। অপ্রাসঙ্গিক কথা বলে আমাকে উইথড্র করতে বলছেন। আমি উইথড্র করব না। আমার প্রশ্নটাই উনি শুনলেন না। বিধানসভার সদস্য কোনও প্রশ্ন করলে মন্ত্রী হয়ে শান্ত হয়ে তার উত্তর দিতে হয়। অত মাথা গরম করবেন না। মাথা গরম করে ভালোভাবে উত্তর দেওয়া যায় না। আমার প্রশ্ন হচ্ছে যাদের জায়গা নেওয়া হয়েছে তাদের কোনও কমপেনসেশন দেওয়ার ব্যবস্থা হয়েছে কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে রুলিং দিতে হবে। উনি আমাকে বললেন আমার উত্তর অস্পষ্ট। আপনি সাধারণভাবে বললেন আমি সেটা আবার পড়ে দিলাম। অস্পষ্ট কিনা সেটা আপনি দেখুন। আমি দেখতে পাচ্ছি উনি অশোভন আচরণ করেছেন। এই জন্য আমি আপনার কাছ থেকে রুলিং চাইছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর অস্পষ্ট। আমার প্রশ্নটা ওনার শোনবারই ধৈর্য নাই। অস্পষ্ট হলে আমি নিশ্চয় জানতে চাইব। আমি স্যার, আপনার কাছে জানতে চাইছি এই রকম উইথড্র করার কথা উনি বলতে পারেন কিনা এটা আমার প্রিভিলেজেরও প্রশ্ন। Whether a Minister has got any authority to ask a member to withdraw his remarks without your permission.

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মাত্র সুনীতিবাবু যে মন্তব্য করলেন এবং একজন মাননীয় মন্ত্রী সম্পর্কে যে কথা বললেন সুনীতিবাবু এবং সত্যরঞ্জন বাপুলি মহাশয় নিশ্চয় সবই জানেন কিন্তু যে উক্তি করলেন সেটা খুব আনফরচুনেট। জনগণের কাজে পশ্চিমবাংলার মানুষের কাছে তিনি যে ........

(গোলমাল)

আমাকে যদি বলতে না দেন এবং হাউসের কাজ যেভাবে আপনারা চালাতে দিচ্ছেন সেটা পার্লামেন্ট ডেমোক্রাসিতে হয় না। মন্ত্রী মহাশয় নিজে বিবৃতি দিয়েছেন। আমরা এটা লক্ষ্য করছি যে যা ঘটেছিল তাতে ওনাদের হাত ছিল এটাই আজকে স্পষ্ট হয়ে উঠেছে। এটা ওনার উইথড্র করা উচিত ছিল। মন্ত্রী মহাশয় নিজে তার বক্তব্য আবার তুলে ধরেছেন তার জবাব থেকে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় সদস্য শ্রী অনিল মুখার্জি যে কথা বললেন যে তাতে নাকি আমাদের হাত ছিল। তাহলে কি স্যার হাউসের বাইরে যেসব ঘটনা ঘটবে আমরা সে সম্বন্ধে কিছু বলতে পারব না?

[2-40 — 2-50 P.M.]

অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় সদস্য অনিল মুখার্জি মহাশয়, উনি বললেন অকারণে উইদাউট এনি এভিডেন্স ঘটনায় নাকি আমাদের হাত ছিল। আমরা হাউসে জানতে চাচ্ছি কোনও সত্য কথা যদি বাইরে ঘটে সেটা কি আমরা হাউসে বলতে পারব না? মন্ত্রী মহাশয়ের অশোভন আচরণ যদি বাইরে হয় সেটা কি হাউসে বলার প্রিভিলেজ তার নেই? এই বিষয়ে আপনি রুলিং দেবেন বলে আশা করছি?

**মিঃ স্পিকার ঃ** এই রকম যে কোনও ব্যাপারে রুলিং চাইলেই রুলিং দেওয়া যাবেনা। আমি প্রসিডিংস দেখব। এখন সাপ্লিমেন্টারি। কেউ যদি বলেন তাহলে বলবেন তা নাহলে কোয়েশ্চেন আওয়ার শেষ। এখন আমি অন্য কর্মে চলে যাব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সাপ্লিমেন্টারি ছিল। মাননীয় প্রশান্ত শূর মহাশয়-এর প্রশ্ন যতগুলি হবে আমি একটিও সাপ্লিমেন্টারি করব না তার ব্যবহারের জন্য।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্যার, আমার একটা প্রিভিলেজ ছিল সেটার কি রুলিং দেবেন না?

**মিঃ স্পিকার ঃ** আমি আপনার প্রিভিলেজ অ্যাকসেপ্ট করিনি। আমি রুলিং সম্পর্কে বলেছি। এর আগেও আপনারা দাবি করেছিলেন। রুলিং দিয়ে বলতে হবে প্রত্যেকটি ব্যাপারে এই রকম কোনও ব্যবস্থা নেই। আপনার মতে একটা অ্যাসিওরেন্স দেওয়া হয়েছিল, চিফ মিনিস্টার স্টেটমেন্ট করবেন। তিনি করতে পারেন নি তার জন্য প্রিভিলেজ হয়ে যাবে। এ যদি হয় তাহলে তো হাউসে কোনও কাজ—

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা প্রিভিলেজ এনেছিলাম মাননীয় প্রমোদ দাসগুপ্তের বিরুদ্ধে সেটা আপনি আজও পর্যন্ত কোনও রুলিং দেন নি। এই বিষয়ে যদি তাড়াতাড়ি করে রুলিং দেন তাহলে ভাল হয় কারণ হাউসের সকলে এটা জানতে চাইছে।

**মিঃ স্পিকার ঃ** এটা আমি দেখব।

## Adjournment Motions

**মিঃ স্পিকার ঃ** আমি আজকে কৃষ্ণদাস রায় ও শামসুদ্দিন আহমেদের কাছ থেকে ১টি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি। মাননীয় সদস্যগণ এই প্রস্তাবে লোকসভার আসন্ন নির্বাচনে ভোটার তালিকা প্রণয়নের ব্যাপারে পক্ষপাতিত্ব ও দুর্নীতির কথা অলোচনা করতে চেয়েছেন। আজকে আপনারা জানেন এক ঘণ্টা কোয়েশ্চেন আওয়ারের পর আধ ঘণ্টার একটা বিল অছে। বাকি আছে আপনাদের প্রাইভেট মেম্বারস মোশন। আমার মনে হয় এটা যদি উইথড্র করে নেন তাহলে হয়ে যায়। ইট ইজ নট ফেয়ার। প্রাইভেট মেম্বারস ডেতে এই রকম দেওয়া উচিত নয়।

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** আপনি পরে আলোচনা করতে দেবেন বলে আমি উইথড্র করে নিলাম।

## Calling Attention to matters of urgent Public Importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি—

১। দুর্গাপুর এ.ভি.বি. কারখানায় শ্রমিক ধর্মঘট—শ্রী সুনীল বসু রায়

২। পশ্চিম দিনাজপুর জেলার চালকলগুলির আউশ ধান সংগ্রহ না করা—শ্রী যামিনী কিশোর মজুমদার,

৩। ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে ইউনিট খারাপ—শ্রী সুনীতি চট্টারাজ,

৪। মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর ইউরোপ সফরের পর পশ্চিমবাঙ্গে ব্যাপক বিদ্যুৎ বিভ্রাট—শ্রী সুনীতি চট্টারাজ

৫। ভোটার লিস্ট-এ ভোটার সংযোজনের জন্য সিপিএম পার্টির কর্মী নিয়োগ—শ্রী সুনীতি চট্টরাজ

৬। সরকার নির্ধারিত পাটের মূল্য পাইতে কৃষকদের দুর্ভোগ—শ্রী মনোরঞ্জন রায়

৭। ১০.৯.৭৯ তারিখ থেকে বিভিন্ন দাবির ভিত্তিতে রাজ্যের সমস্ত জেলের ওয়াডারগণের অনশন ধর্মঘট—শ্রী সেখ ইমাজুদ্দিন, শ্রী কাজী হাফিজুর রহমান এবং শ্রী কৃষ্ণদাস রায়

৯। হলদিয়ায় শিল্প গঠনের কাছে ব্যাঘাত—শ্রী শিবনাথ দাস

১০। ধুবুলিয়া বিধানচন্দ্র চেস্ট ক্লিনিকের ডাক্তার ও নার্সদের উপর পুলিশের লাঠিচার্জ এবং গ্রেপ্তার— শ্রী সেখ ইমাজুদ্দিন , শ্রী কাজী হাফিজুর রহমান, শ্রী কৃষ্ণদাস রায়, শ্রী শামসুদ্দিন আহমেদ এবং শ্রী জন্মেজয় ওঝা

১১। রাজ্য জুড়ে ব্যাপক বিদ্যুৎ ঘাটতি—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার

১২। প্যারেড অব ইউসথ অ্যান্ড স্টুডেন্টস অ্যাট কৃষ্ণনগর অ্যান্ড অ্যাটাক অন দেম শাই সাম মিসক্রিয়েন্টস—শ্রী মাধবেন্দু মোহান্ত।

**মিঃ স্পিকার ঃ** শ্রী সুনীল বসু রায় মহাশয় এ.ভি.বি. কারখানায় শ্রমিক ধর্মঘট সম্পর্কে যে স্টেটমেন্ট দাবি করেছেন কলিং অ্যাটেনশনের মাধ্যমে তা আমি অনুমতি দিলাম। মন্ত্রী মহাশয় এই ব্যাপারে কবে উত্তর দিতে পারবেন দয়া করে জানান।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** আমি আগামীকাল উত্তর দেব।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪শে মার্চ যখন বাজেট সেশন চলছিল তখন আমি একটা অ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলাম খড়গপুর আই.আই.টিতে মুসলিম স্টুডেন্টের উপর ইনজাস্টিস হচ্ছে ওখানকার ডিরেক্টার শঙ্করলাল মহাশয়ের প্ররোচনায়, যিনি একজন আর এস এস এর লোক এই সম্পর্কে। এই প্রঃ শঙ্করলাল তিনি আর এস এস প্রধান সুব্রামনিয়ম স্বামীর বিশেষ বন্ধু এবং সমর্থক। মুসলিম রিলিজিয়নে মুরগি জবাই করে খাওয়ার যে সিস্টেম রীতি চালু আছে, সেই রীতির উপর আঘাত করা হয়েছে এই আর.

এস. এস. সমর্থক ডিরেক্টারের প্ররোচনায়। এই ব্যাপারে বিভিন্ন পলিটিক্যাল নেতারা তখন মোরারজী দেশাই এর কাছে দরখাস্ত করেছিলেন এবং দেখা করেছিলেন। বর্তমানে সি.পি.এম. সেক্রেটারি চরণ সিং এর দৃষ্টিগোচরেও এনেছেন। কারণ বর্তমানে ব্যাপারটা অত্যন্ত গুরুতর আকার ধারণ করেছে। এই ব্যাপারটা কমিউন্যাল আকার ধারণ করেছে। ওখানে মুসলিম ছাত্ররা থাকতে পারছে না। আমি বারবার মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, তিনি বলেছিলেন যে এই ব্যাপারে তিনি একটা স্টেটমেন্ট করবেন। ২৭শে মার্চ তিনি বলেছিলেন যে তদন্ত করে তিনি হাউসকে জানাবেন। কিন্তু এখনও পর্যন্ত তিনি কিছুই আমাদের জানাননি। সুতরাং হাউসের কাছে আমার প্রিভিলেজ মুখ্যমন্ত্রী হিসাবে তার যে সক্রিয় ব্যবস্থা নেওয়া উচিত ছিল, আজ পর্যন্ত তিনি তা নেননি। এই ব্যাপারে নানা কাগজে মন্তব্য সহ খবর বেরিয়েছে যেমন, প্যাট্রিয়ট, ইলাসট্রেটেড উইকলি, ব্লীজ, আনন্দবাজার, অমৃতবাজার, সানডে, নিউজ প্রভৃতি। এই রকম একটা ইমপর্ট্যান্ট ইস্যুকে নেগলেক্ট করা হয়েছে, ইগনোর করা হয়েছে। এই ব্যাপারে আপনার কাছে আমি প্রিভিলেজ চাইছি, আপনি আশা করি রুলিং দেবেন।

**মিঃ স্পিকার ঃ** আমি আগামীকাল আমার রুলিং দেব।

## Legislation

## The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979.

**Shri Krishnapada Ghosh :** Sir, I beg to introduce the Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979.

(Secretary then read the Title of the Bill)

**Shri Krishnapada Ghosh :** Sir, I beg to move that the Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979, be taken into consideration.

[2-50 — 3-00 P.M.]

স্যার, আমি সংক্ষেপ এক আধটি কথা বলব। এটা সামান্য একটু পরিবর্তনের ব্যাপার। ১৯৭৮ সালে এই মোটর ট্রান্সপোর্ট অ্যামেন্ডমেন্ট বিল-এর কিছু অ্যামেন্ডমেন্ট হয়েছিল এবং সেখানে লেখা ছিল অনলি দি ট্রান্সপোর্ট ওয়ার্কারস, যারা প্যাসেঞ্জার ক্যারি করে তাদের সম্পর্কে কতগুলি সুযোগ সুবিধার কথা। সেটার পরিবর্তন করে সেই জায়গায় আমরা বলছি যারা গুডস ক্যারি করে, অর্থাৎ দ্রব্য সামগ্রী বহনকারী যেসমস্ত ট্রাক ইত্যাদির শ্রমিকরা আছে, তাদেরও ঐ একই রকম সুযোগ সুবিধা দেওয়া হোক। এটাই হচ্ছে আজকে আমার সংশোধনী প্রস্তাব । ৭৮ সালে যখন আমি এই বিল এনেছিলাম তখন বিরোধী পক্ষের অনেক সদস্য এটার সমালোচনা করে বলেছিলেন যে, শুধু প্যাসেঞ্জার যারা ক্যারি করে তাদের কথা আপনি বললেন কেন, যারা গুডস ক্যারি করে তাদের কথা বললেন না কেন? আমি তাদের প্রতিশ্রুতি দিয়েছিলাম যে, গুডস যারা ক্যারি করে তাদের সম্বন্ধেও ঐ একই নীতি নেওয়া হবে। সেই প্রতিশ্রুতি অনুযায়ী আমি এই বিল মুভ করছি। আমি আশা করি মাননীয়

সদস্যবৃন্দ বিনা বাধায় এই বিলটি গ্রহণ করবেন এবং সর্বসম্মতভাবেই গ্রহণ করবেন। এই আমার বক্তব্য।

**অধ্যক্ষ মহাশয় ঃ** এই বিলটির ওপর দুটি সংশোধনী প্রস্তাব এসেছে। একটা শ্রী বলাইলাল দাস মহাপাত্রের, উনি জনমত সংগ্রহের জন্য এই বিলটির প্রচারের আবেদন জানিয়েছেন। আর একটি কথা নুতনভাবে সংযোজনের জন্য এখানে শ্রী মনোরঞ্জন রায় একটি সংশাধনী প্রস্তাব দিয়েছেন এবং সেটার কপি আপনাদের কাছে দেওয়া হয়েছে। আপনারা দেখবেন তাতে তিনি সেকশন ২০(এ)-তে একটা নতুন সংযোজন চেয়েছেন। কিন্তু এভাবে কোনও সংশোধনী আনা যায় না। এই সংশোধনী প্রস্তাবের মধ্যে যদি কোনও সংশোধনী থাকে তাহলে সেটা আনা যায়। আর উনি যেটা চেয়েছেন সেটা যদি সমস্ত বিলটি রাখা হত তাহলে আসতে পারত, তাহলে এই সংযোজনের প্রস্তাব উঠত। এটা বিধিবহির্ভূত বলে আমি শ্রী মনোরঞ্জন রায়ের সংশোধনীটি নাকচ করছি।

এখন শ্রী বলাইলাল দাস মহাপাত্র, আপনার সার্কুলেশন মোশন এখানে রাখুন বা মুভ করুন।

**Shri Balailal Das Mahapatra :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the next session of the Assembly.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী একটি ছোট বিল এখানে এনেছেন এবং এই বিলে তিনি শুধু একটি শব্দ সংযোজনের কথা বলেছেন। এ বিষয়ের ১৯৬১ সালে যে কেন্দ্রীয় বিল হয়েছিল ১৯৭৮ সালে সেটাকে একটু সংশোধন করা হয়েছিল এবং সেখানে মোটর কর্মীদের কতগুলি সুযোগ সুবিধা দেওয়া হয়েছিল। এবারে যারা মাল-পরিবহন করে তাদেরও সেই সমস্ত সুযোগ সুবিধাগুলি দেওয়ার জন্য এই বিল আনা হয়েছে এবং সেই কারণে তিনি এখানে প্যাসেঞ্জার এবং গুডস এই শব্দটি ব্যবহার করছেন। যদিও সংশোধনীটি অত্যন্ত ক্ষুদ্র তথাপি আমি মনে করি তিনি যেমন মোটর কর্মচারিদের জন্য নানা রকম ব্যবস্থা করছেন তেমন প্যাসেঞ্জার বা যাত্রীদের নিরাপত্তার জন্য কোনও কিছু ব্যবস্থার উল্লেখ এখানে করেননি বা এই সংশোধনীর মধ্যে আনেননি। এখানে কর্মীদের বেতনের সুবিধা, রেজিস্ট্রেশন নম্বর-এর জন্য যখন অ্যাপলিকেশন করবে মোটর সংস্থায় তখন তারা সুযোগ সুবিধা পাবে এবং তাদের অ্যাপয়েন্টমেন্ট লেটার পর্যন্ত দিতে হবে, এই রকম নানা রকম সুযোগ সুবিধার সংস্থান রাখা হচ্ছে। এই সঙ্গে এক্ষেত্রে আমার মনে হয় প্যাসেঞ্জারদের জীবনের নিরাপত্তা সম্পর্কে আমাদের এই ধারার মধ্যে সংশোধনী আনার দরকার ছিল। সেই জন্য আমি এটা জনমত সংগ্রহের জন্য পাঠাবার প্রস্তাব দিয়েছি। যেভাবে আজকে মোটর কর্মীরা, এই সমস্ত কর্মচারিরা বাস চালায় তাতে তাদের ওপর কতগুলি বিধি-ব্যবস্থা থাকা দরকার। আমরা দেখছি যাত্রী বোঝাই গাড়ি বেপরোয়াভাবে চালানো হচ্ছে, ড্রাইভার মাতাল অবস্থায় গাড়ি চালাচ্ছে। এবং ৪০/৫০ জনের যেখানে সীট সেখানে ১০০/১৫০ কিম্বা তারও বেশি লোককে নিয়ে যাচ্ছে, কখনও ছাদের উপর কিম্বা পিছনের দিকে বোঝাই করে নিয়ে চলেছে। একটা বাস আর একটা বাসকে টপকাবার জন্য কখনও ডান দিকে যাচ্ছে আবার কখনও বাঁ দিকে যাচ্ছে—কোনও নিয়মকানুন নেই, কোনও চেকিং-এর ব্যবস্থা নেই। রাস্তায় মাঝে মাঝে গাড়ি

খারাপ হয়ে যাচ্ছে এবং অনেক সময়ে ইচ্ছা করেই ঘটছে, খাদের মধ্যে কোথাও পড়ে যাচ্ছে। যাত্রীদের কোনও নিরাপত্তা নেই। এইভাবে বিভিন্ন দুর্ঘটনা ঘটছে, দিনের পর দিন ঘটছে, ঘন ঘন ঘটছে, সারা বাংলাদেশে ঘটছে এবং প্রত্যেক দুর্ঘটনায় দেখা যাচ্ছে ঐ রাস্তায় উল্টে পড়ছে কিম্বা খাদের মধ্যে গিয়ে পড়ছে। কর্মচারিদের যেমন সুযোগ-সুবিধার ব্যবস্থা করছেন—তাদের বেতন, তাদের রেট, রেজিস্ট্রেশন নাম্বার প্রভৃতি নানা রকমের ব্যবস্থা করছেন ঠিক তেমন যাত্রীদের নিরাপত্তার ব্যবস্থা করা দরকার এবং এইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি তিনি যেমন গুডস সম্পর্কে যাত্রী বাহকদের ব্যবস্থা করলেন তেমনি পাসেঞ্জারদের নিরাপত্তা এবং তাদের জীবন, সম্পত্তির নিরাপত্তা সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করবেন এবং পরবর্তীকালে এই আইন সংশোধন করে আর একটা নতুন আইন আনবেন। আর লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে সতর্ক হওয়া দরকার। কোন ড্রাইভার এবং কনডাক্টর লাইসেন্স পাবেন এই সম্পর্কে বিশেষ ব্যবস্থা থাকা দরকার। এক্ষেত্রে সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া যায় তাহলে এই যে দুর্ঘটনা যেটা দিনের পর দিন ঘটছে এবং তার ফলে ধন-সম্পত্তি নষ্ট হচ্ছে—লক্ষ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়ে যাচ্ছে এই ব্যাপারে কিছুটা প্রতিকার করতে পারবেন। এইজন্য আমি জনমত সংগ্রহের জন্য যে প্রস্তাব দিয়েছিলাম তা সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979 এনেছেন। এই বিলটা আনা হয়েছিল আগে এবং তখন যদি আনা হত তাহলে কিছু ক্ষতি ছিল না। এটা ছোট ছোট করে মাঝে মাঝে আনার কোনও যৌক্তিকতা আমি দেখতে পাচ্ছি না। বলাইবাবু যা বলেছেন তার একটা দিক আছে। এখানে এই বিলে যারা যাত্রী বহন করে এই সমস্ত কর্মচারিদের তাদের সার্ভিস, রেকর্ড, অ্যাপয়েন্টমেন্টের কথা অমুক-তমুক অনেক কিছুই আছে ৬১তে দেওয়া আছে এবং এটা করা হয়েছে কিন্তু সঙ্গে সঙ্গে কনডাক্টর যারা কর্মী যেকথা বলাইবাবু বললেন—আজকে যাত্রীরা পদে-পদে রাস্তা ঘাটে বিপদের সম্মুখীন হন অসতর্কতার জন্য কিন্তু অনেক সময়ে অসতর্কতার জন্যই ঘটে তা নয়, অনেক সময়ে ইচ্ছাকৃতভাবে ঘটানো হয় এবং তারফলে প্রাণ-হানি ঘটে। অনেক কর্মীরা টেকনিক্যাল নলেজ না নিয়ে অন্যায়ভাবে সার্টিফিকেট পেয়ে হয়ত চাকুরি পাচ্ছে বা পান এবং সেইসব কর্মীরা ড্রাইভার হতে পারে, ক্লিনার হতে পারে, অ্যাসিস্ট্যান্ট হতে পারে কিম্বা কনডাক্টর হতে পারে। এইসব কর্মীদের জন্য অনেক ঘটনা ঘটে যায়। তাই আমি এই সঙ্গে বলতে চাইছি, আপনি মাল-বহনকারী যারা ড্রাইভার কনডাক্টর বা যারা অ্যাসিস্ট্যান্ট হবে ঐ রকমভাবে দেখে অ্যাপয়েন্টমেন্ট দিতে হবে এবং এদের সার্ভিসের ব্যাপারে অ্যাপয়েন্টমেন্টের কথা বলেছেন, নাম-ধাম ঠিকানা, রেটের কথা বলেছেন কিন্তু এখানে একটি জিনিস পরিষ্কার করে নেই সেটা হচ্ছে প্রভিডেন্ট ফান্ড-এর ব্যাপার। প্রভিডেন্ট ফান্ড বা এই রকম ধরনের জিনিস যেটা অন্যান্য কর্মচারিরা পাচ্ছে—তাদের বেলায় যে ব্যবস্থাগুলি আছে সেই ব্যবস্থার কথা বা ইনক্রিমেন্টের কথা এইসব কথা আসবে—আপনি কি সেটা পরে ছোট ছোট অ্যামেন্ডমেন্ট-এর মাধ্যমে আনবেন? আপনি এটা একসঙ্গে পেশ করলেন না কেন সেটা আমি বুঝতে পারছি না। একটা করে অ্যামেন্ডমেন্ট এনে বা ধারা এনে অযথা সময় নষ্ট করবেন না। অন্যান্য কর্মচারী যারা আছেন তাদের জন্য যে নিয়ম-কানুন আছে সেই নিয়ম-কানুন একসঙ্গে কেন করলেন না সেটা আমার প্রশ্ন?

[3-00 — 3-30 P.M.] (including adjournment)

কেবলমাত্র এইটা আনা হচ্ছে, এটাই আমার প্রশ্ন। আমি তাই বেশি বক্তব্য রাখছিনা, বিলটি সমর্থন করছি, কিন্তু তার সঙ্গ এইটুকু জুড়ে দিচ্ছি। আপনি যে কথাগুলো বলেছেন পূর্ণাঙ্গভাবে সমর্থন করা হয়ে উঠবে কিনা, সেজন্য অনুরোধ করছি, বিচার করে দেখুন, আপনি এটাকে সংশোধিত করে করতে পারেন কিনা? বিল হবে, সার্কুলেশন করার সময় সবগুলি—অমরবাবু হাসবেন না, এটা আনতে হবে, তখন আপনারাই দাবি তুলবেন, অ্যামেন্ডমেন্ট আনবেন। সুতরাং এটা না করে পূর্ণাঙ্গভাবে উন্নয়নের বিরোধিতা না করে যেটা বেশি দিয়েছেন সেগুলি বললাম। ছোট ছোট অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এতে আমি রাজনৈতিক গন্ধ পাচ্ছি। সামনে নির্বাচন, কিছু লোককে দেখিয়ে দেওয়া একটা অ্যাট্রাকশন, তাদের অ্যাট্রাক্ট করার একটা গন্ধ আছে যে তোমাদের জন্য এই এই করলাম। আমি এর বিরোধিতা না করে বলতে বাধ্য হলাম এই সেশনে না হলেও পরের সেশনে এইগুলি ঠিক করে আনবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3-30 P.M.)
(After adjournment)

[3-30 — 3-40 P.M.]

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় শ্রমমন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন তা খুব ছোট। এর সঙ্গে যদি তিনি আরও কিছু যোগ করতেন তাহলে খুশি হতাম। তিনি ট্রান্সপোর্ট ও গুডস এর কথা বলেছেন আমরা তার বিরোধিতা করছি না। আমরা চাই যারা গুডস ক্যারি করে সেই সমস্ত ট্রান্সপোর্টের কর্মচারিদের যেন অ্যাপয়েন্ট লেটার দেওয়া হয় ও সরকারি কর্মচারিরা যে সমস্ত সুযোগ সুবিধা পায় সে সমস্ত ব্যবস্থা যেন তাদের জন্য হয়। তিনি শুধু একটা অ্যাপয়েন্ট লেটার এর কথা বলেছেন। কিন্তু প্রভিডেন্ট ফান্ড, ইনক্রিমেন্ট ইত্যাদি আনা উচিত ছিল। এই বিলের আমরা বিরোধিতা করছি না তবে এর সঙ্গে যদি ঐগুলো সংযোগ করতেন তাহলে ভালো হত। এইকথা বলে এই বিল কে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। এতদিন ধরে কর্মচারিরা নানা রকম সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হত এবং মালিকদের বিরুদ্ধে কোনও প্রকার আইনের আশ্রয় নিতে পারত না। কিন্তু এই অ্যামেন্ডমেন্টের ফলে কর্মচারী যারা মাল বহন করে তারা আইনের আশ্রয় গ্রহণ করতে পারবে। তাদের মধ্যে শ্রমিক শ্রেণীর অধিকার বোধের মানসিকতাকে সাহায্য করবে। সেদিক থেকে আমি এটাকে সমর্থন করছি। এর সঙ্গে সঙ্গে ২০ (এ) যে অ্যামেন্ডমেন্ট আনা হয়েছিল যাকে অ্যাপয়েন্টমেন্ট লেটার ইস্যু করার কথা ছিল তার সঙ্গে আমি এটা যোগ করতে চেয়েছিলাম যে, শুধু অ্যাপয়েন্ট লেটার নয় তার সঙ্গে প্রত্যেক নিয়োগকর্তাকে অ্যাটেনডেন্স, একুইটেন্স রুল লিভ রেজিস্টার মেনটেন করতে হবে। কারণ তা না হলে নিয়োগ পত্র পেলেও কাজে যোগদান করছে কিনা তার নিশ্চয়তার প্রমাণপত্রের মধ্যে দিয়ে শ্রমিকরা এই অধিকার প্রতিষ্ঠা করতে আরও জোর পাবে। এ্যটেনডেন্স রেজিষ্টার, এ্যকুইটেন্স রোল যদি এটা যুক্ত করা হতো তাহলে তাদের অনেক দিক থেকে বাঁচান যেত। এখনও পর্যন্ত মালিকরা

কোনও এ্যাপয়েন্টমেন্ট লেটার দিচ্ছে না। মেদিনীপুর জেলায় দেখেছি যে দ্বিপাক্ষিক চুক্তি নাকচ হয়ে গেল। সুতরাং সে দিক থেকে তাদের অধিকার রক্ষা করতে গেলে তাদের উপস্থিত থাকা এ্যাকুইটেন্স রোল ইত্যাদি করার ব্যাপারে যদি মালিকদের উপর বাধ্যবাধকতা থাকতো তাহলে শ্রমিকদের পক্ষে সুবিধা হতো। এই সব ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি এবং এই বিলকে সমর্থন করে আমি শেষ করছি।

**श्रीमती रेणुलीना सूव्वा :** माननीय अध्यक्ष महोदय, यह जो संशोधन बिल सदन के सम्मुख उपस्थित किया गया है, उसके बारे में मैं कुछ कहना चाहती हूँ। सबसे पहले मैं कहना चाहूँगी कि मोटर व्हिकिल्स इन्स्पेक्टर विभाग में वहुत घूशखोरी चल रही है। मोटर व्हिकिल्स के वारे में एक पाइन्ट यह हैं कि दार्जिलिंग डिस्ट्रिक्ट में जो आर०टी०ए० है, उस आर० टी० ए० में मेम्बरशिप सी० पी० एम० का ज्यादा है। उसमें सी० पी० एम० के लोग ज्यादा मेम्बर हैं। इस बिल को मैं समर्थन करुँगी किन्तु इसके ड्राफ्ट को मैं बिल्कुल ही समर्थन नहीं करुँगी। आर० टी० ए० के मेम्बर सी० पी०एम० के ज्यादा हैं, मगर दूसरो पार्टियों के लोग नहीं हैं। मैं मंन्त्री महोदय से निवेदन करुँगी कि ऐसा करप्शन क्यों हो रहा है? घूशखोरी क्यों चल रही है? जितने भी वर्कर्स और ड्राइभर्स हैं, उनकी लाइफ की कोई सिक्योरिटी नहीं हैं। उनके लिए कोई प्रोटेक्शन नहीं हैं। मोटर व्हिकिल्स के इन्स्पेक्टर घूश लेते हैं और इसका परिणाम यह होता है कि जिनमें फिटनेस की क्षमता नहीं हैं, उन्हें फिट कर देते हैं।

यही कारण है कि आये दिन हिल एरिया में खूब एक्सीडेन्ट होता रहता है। वहाँ खूव ज्यादा एक्सीडेण्ट हो रहा है। इसका प्रतिकार करना जरूरी है।

होम ट्रान्स्पोर्ट डिपार्टमेन्ट मे जो मोटर पूल है, उसमें जो ड्राइभर लोग काम करते हैं, वे डेली वेजेज पर काम करते हैं, उनकी सर्भिस अभी तक परमानेन्ट नहीं हुआ है। इस विषय की ओर मैं गवर्नमेन्ट का ध्यान आकर्षित करना चाहूँगी।

नार्थ वंगाल स्टेट ट्रान्स्पोर्ट कारपोरेसन में करप्शन वहुत ज्यादा है, हमारे हिल एरिया दार्जिलिंग में डिपू है और कालिंपोंग में भी डिपू है। नार्थ वंगाल में इन्टरभ्यू हुआ किन्तु उसमें एक भी आदमी हिल का नहीं हुआ। इन्टरभ्यू कुछ बिहार में हुआ, उसमें एक भी आदमी हमारे हिल एरिया से नहीं बुलाया गया। परिणाम यह हुआ कि प्लेन के आदमियों को ही लिया गया। मेरे कहने का मतलब यह है कि प्लेन के लोग वहाँ की भाषा आच्छी तरह से नहीं समझ पाते हैं जिसके कारण उनको बड़ी कठिनाई होती है। इसलिए मैं मिनिस्टर साहव से अनुरोध करुँगी कि वे इस

ओर ध्यान दें। आगर आप इस ओर ध्यान नहीं देंगे तो परिणाम अच्छा नहीं होगा।

यह जो संशोधनी विल आया हैं, मैं इसका समर्थन करती हूँ किन्तु माननीय बलाईलाल दास महापात्र ने जो प्रस्ताब रखा है, That the bill be circulated for eliciting opinion thereon इसका मैं समर्थन करती हूँ इस विल को मैं समर्थन करती हूँ किन्तु इसके ड्राफ्ट को मैं कभी भी समर्थन नहीं करती हूँ।

आर० टी० ए० के जितने भी मेम्बर हैं, उनका संशोधन होना चाहिए। वेस्ट बंगाल के हिल एरिया में दार्जिलिंग डिस्ट्रिक्ट में जो आर० टी० ए० हैं, उसमें सी० पी० एम० के मेम्बर ज्यादा हैं। ये आर० टी० ए० के मेम्बर मिनीबस के परमिट के लिए; ट्रक के परमिट के लिए; टैक्सी नम्बर के लिए और बस परमिट के लिए को आपरेटिभ बनाकर लाइसेन्स देते हैं। सी० पी० एम० मेम्बरों की इस हरकत को रोकना बहुत जरुरी है। अगर इस तरह के करप्शन को रोका नहीं गया तो इसका फल अच्छा नहीं होगा। इसलिए मैं मंन्त्री महोदय से अनुरोध करुँगी कि वे इस ओर ध्यान दें।

[3-40 — 3-50 P.M.]

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু কোনও সংশোধনী প্রস্তাব নেই সেজন্য প্রথমে বলাইলাল দাসমহাপাত্র মহাশয় যা বলেছেন আমি সেই সম্পর্কে এই কথা বলতে চাই যে এই বিলের উদ্দেশ্য অত্যন্ত সীমিত এবং সাধারণ, সুতরাং জনমত সংগ্রহ করবার কোনও বিষয় এর ভেতরে নেই, অর্থাৎ এর আগে যে অ্যামেন্ডমেন্ট এসেছিল তাতে কিছু শ্রমিকের জন্য বলা হয়েছিল, তারা কতকগুলি সুযোগ-সুবিধা ভোগ করতেন, যেমন তাদের নাম লেখা হবে, শ্রমিক হিসাবে তাদের গণ্য করা হবে, কিন্তু সেই সামান্যতম সুযোগ আরও কিছু লোক পান না যারা পরিবহন বিভাগে কাজ করেন, যারা গুডস ক্যারি করেন, কেরিয়ার ট্রান্সপোর্ট যাকে বলা হয়, তারাও সেই সম অধিকার পাক এটাই এই বিলে বলা হয়েছে। এতে জনমত সংগ্রহ করার কিছু নেই। এই হাউসে যেটুকু সংশোধনের কথা বলেছি তার বিরোধিতা তো কেউ করলেন না, সুতরাং জনমত সংগ্রহ করার কিছু নেই। দ্বিতীয়ত অন্য মানে এটা থাকা স্বাভাবিক যে একটা কমপ্রিহেনসিভ বিল আনতে হবে, এটা আমার কাছে এসে বললে আমি ঘরে একটা সভা ডাকতে পারি, সেখানে ট্রান্সপোর্ট মিনিস্টারকে ডাকতে পারি, বিভিন্ন পার্টির লোককে ডাকতে পারি। বর্তমানে যে আইন আছে সেটা যদি যথেষ্ট না হয় তাহলে তাকে অন্যভাবে পরিবর্তন করে একটা সার্বিক বিল আনা যায় কিনা সেটা আলোচনা করে পরবর্তীকালে বিল আনা যেতে পারে। কিন্তু বর্তমান বিলের সঙ্গে তার কিছু সম্পর্ক নেই। এখানে যেটা পরিবর্তন করা হয়েছে সেটা হচ্ছে ক্যারিইং প্যাসেঞ্জার্স যেখানে লেখা ছিল তার সঙ্গে যুক্ত হবে অ্যান্ড গুডস অর্থাৎ ক্যারিং প্যাসেঞ্জার্স অ্যান্ড গুডস যাদের নাম লেখা হবে তাদের নাম্বার থাকবে, পে রোল থাকবে, সমস্ত যেগুলি আছে সেগুলি যদি তারা পায় তাহলে পরবর্তী সময়ে শ্রমিক হিসাবে তারা গণ্য হবে। তারপর আর কি

কি করা যেতে পারে তাদের সকলের সঙ্গে আলোচনা করে করা যেতে পারে। সুতরাং জনমত সংগ্রহ করার যে প্রস্তাব আমি তার বিরোধিতা করছি, আর যা বলেছেন তার প্রত্যেকটার জবাব দেওয়ার প্রয়োজন নেই। সুতরাং এই বিলটা গ্রহণ করা হোক এই হচ্ছে আমার আবেদন।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, was then put and lost.

The motion of Shri Krishna Pada Ghosh that the Motor Transport workers (West Bengal Amendment) Bill, 1979, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Krishna Pada Ghosh :** Sir, I beg to move that the Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979, as settled in the Assembly, be passed.

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন এ সম্পর্কে আমার কোনও আপত্তি নেই। শ্রমিকরা সুযোগ সুবিধা পাক এটা আমি চাই। তবে আমি বলছিলাম একটা কমপ্রিহেনসিভ বিল আনতে কারণ প্যাসেঞ্জারদের অসুবিধা হচ্ছে এবং তার উদাহরণও আমি দিয়েছি। কাজেই প্যাসেঞ্জারদের স্বার্থে এবং তাদের জীবনের নিরাপত্তার জন্য একটা কমপ্রিহেনসিভ বিল আনুন এই অনুরোধ রাখছি।

**মিঃ স্পিকার ঃ** এর উত্তর মন্ত্রী মহাশয় তো দিয়েছেন,—

The motion that the Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979 as settled in the Assembly, be passed was then put and agreed to.

**Motion for extension of time for presentation of Report of the Committee on Public Accounts.**

**Shri Probodh Chandra Sinha :** Sir, I beg to move that the time for presentation of Reports of the Committee on Public Accounts on the Appropriation and Finance Account of the State for the years 1974-75, 1975-76 and 1976-77 and the Reports of the Controller and Auditor-General of India for the year 1972-73 as well as on the two Supplementary Reports of the Controller and Auditor General of India for the year 1973-74 and 1975-76 be extended till the 31st March, 1980.

**মিঃ স্পিকার ঃ** আমি মনে করি, এই যে প্রস্তাব রাখা হল তাতে সভায় কারুর কোনও আপত্তি নেই অর্থাৎ সময় বাড়িয়ে দেবার প্রস্তাব গৃহীত হল।

[3-50 — 4-00 P.M.]

## Motion Under Rule 185

**Shri Probodh Chandra Sinha:** Sir, I beg to move—

পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, পশ্চিমবঙ্গের প্রায় সর্বত্র আইন ও শৃঙ্খলার ক্রমাবনতি ঘটছে ; ফলে নাগরিকদের ব্যক্তিস্বাধীনতা ও গণতান্ত্রিক অধিকার বিপন্ন হবার আশঙ্কা দেখা দিচ্ছে ;

এই অবস্থার মধ্যে লোকসভার আসন্ন মধ্যবর্তী নির্বাচন অবাধ ও নিরপেক্ষভাবে হবে কিনা সে বিষয়ে সন্দেহ দেখা দিয়েছে ;

তাই এই সভার অভিমত এই যে, শান্তি শৃঙ্খলা রক্ষার উদ্দেশ্যে এবং অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের পরিবেশ সৃষ্টির জন্য প্রতিটি থানা হতে জেলাস্তর পর্যন্ত সাধারণ ও পুলিশ প্রশাসনকে পরামর্শ দেওয়ার জন্য উচ্চক্ষমতাসম্পন্ন সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠন করা হউক।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে মুলতুবি প্রস্তাব আপনার কাছে দিয়েছিলাম তাতে আরও দু-একটি কথা ছিল। কিন্তু আপনি যেভাবে সংশোধন করে প্রস্তাবটি দিয়েছেন আমি সেটাই গ্রহণ করছি এবং তার ভিত্তিতে আমি আলোচনা করতে চাই। স্যার, আপনি জানেন আজকে পশ্চিমবাংলার সর্বগ্র জনসাধারণের জীবনে একটা বিরাট আশঙ্কা এবং বিরাট নিরাপত্তাবোধের অভাব দেখা দিয়েছে। আইন-শৃঙ্খলা গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে যেভাবে দিনের পরদিন অবনতির দিকে যাচ্ছে তা থেকে যথেষ্ট আশঙ্কার কারণ দেখা দিয়েছে যে প্রত্যেকটি নাগরিক তার নাগরিক অধিকার এবং ব্যক্তি স্বাধীনতা নিয়ে চলবে কি করে? গত বিধানসভা বাজেট অধিবেশনে মুখ্যমন্ত্রী স্বীকার করেছিলেন আপনাদের অবগতির জন্য জানাই যে আইন-শৃঙ্খলার পরিস্থিতির অবনতি ঘটেছে সেটা গত বাজেট অধিবেশনে পুলিশ খাতে ব্যয়-বরাদ্দের বিতর্কের সময়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, ৭৭ সাল থেকে ৭৮ সালে কলকাতায় অপরাধমূলক কাজ-কর্ম শতকরা ২ পারসেন্ট বেড়ে গেছে এবং কলকাতার বাইরে অন্যান্য শহরাঞ্চলে বা গ্রামাঞ্চলে অপরাধমূলক কাজের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। সুতরাং যে কথা আপনারা বলছিলেন আইন-শৃঙ্খলার অবনতি ঘটেনি তা ঠিক নয়। আবার ৭৮ সাল থেকে ৭৯ সাল পর্যন্ত এই সময়ে যেভাবে আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে তা যদি হিসাব করে দেখা যায় তাহলে তার শতকরা ভাগ আরও বেশি বেড়েছে। প্রত্যেকদিন সংবাদপত্র দেখলে, আমরা গ্রামের মানুষ আমরা প্রায় প্রতিনিয়ত দেখতে পাচ্ছি প্রতি দিন কোনও না কোনও এলাকায় এমন সব ঘটনা ঘটছে যে ঘটনা অভূতপূর্ব এবং সেই ঘটনাগুলি বিশ্লেষণ করলে দেখা যাবে যে একটা সংঘবদ্ধ পরিকল্পনা করে সংঘবদ্ধভাবে আইন-শৃঙ্খলাকে অবনতির দিকে নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছে এবং দলীয় স্বার্থ সিদ্ধ করার জন্য চেষ্টা করা হচ্ছে। গত বিধানসভার অধিবেশনের পর থেকে বহু ঘটনা বিরোধীদলের পক্ষ থেকে এই হাউসে তুলে ধরা হয়েছে। আমি তাই আগের ঘটনার দিকে যাব না, বিধানসভার বাজেট অধিবেশন শেষ হবার পর থেকে আজ পর্যন্ত সারা পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় যে ৫টি চাঞ্চল্যকর

ঘটনা ঘটেছে এবং এ ছাড়াও আরও অনেক ছোট-খাটো ঘটনা ঘটেছে যেগুলির হিসাব দিলে আপনারা নিশ্চয় দেখতে পাবেন যে পশ্চিমবাংলার সাধারণ মানুষের, যারা সরকার পক্ষের লোক নয়, যারা সরকারকে সমর্থন করে না, যারা সিপিএম দলের গুণগান করতে রাজি হচ্ছে না, যারা সেই পার্টির সদস্য হতে রাজি হচ্ছে না, যারা তাদের শ্রমিক সংঘের নাম রাজি হচ্ছে না তারা কি ক্ষুদ্র কৃষক, কি প্রান্তিক কৃষক, কি খেটে খাওয়া মানুষ কি সাধারণ মানুষ—তারা আজকে নিরাপত্তা সহকারে বসবাস করতে পারছে না। তাদের ব্যক্তি স্বাধীনতা এবং নাগরিক অধিকার আজকে সম্পূর্ণরূপে পর্যুদস্ত হয়েছে। আমি কয়েকটি ঘটনার মাধ্যমে আপনাদের কাছে আমার এই বক্তব্য তুলে ধরার চেষ্টা করছি। স্যার, আপনি জানেন জুনের গোড়ার দিকে আমাদের দলের বিধানসভার সদস্য শ্রী বীরেন্দ্রনাথ মৈত্র—তার বাড়ি একটি হঠাৎ ১ থেকে দেড় হাজার মতন সিপিএম কর্মীরা ঘেরাও করল এবং পুলিশের সামনে বীরেন্দ্রবাবুর বাড়িকে লক্ষ্য করে বোমা নিক্ষেপ করল। কিন্তু পুলিশ কাউকে কিছু বলল না, কাউকে গ্রেপ্তার করা হল না। অথচ সেই বীরেনবাবুর বিরুদ্ধে সিপিএম দলের লোকেরা মিথ্যা মামলা থানায় উপস্থিত করল, তার উপর ভিত্তি করে সেই দিনই তৎক্ষণাৎ বীরেন বাবুর ঘর সার্চ করা হল এবং বীরেনবাবুর বাড়ির দিকে লক্ষ্য করে এবং বীরেনবাবুকে উদ্দেশ্য করে সি. পি. এম-এর কর্মীরা যে সমস্ত মন্তব্য করেছিল সেগুলি বীরেনবাবু টেপ রেকর্ড করে এনেছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে শোনাবার জন্য নিয়ে এসেছিলেন। একথা তো কারও অজনা নয়। অন্যদিকে দেখতে পাচ্ছি কি, না, সেখানে পুলিশ সেই হরিশচন্দ্রপুর এলাকায় নির্বাচিত পঞ্চায়েতের যারা সদস্য সেই নির্বাচিত সদস্যদের সিপিএম-র লোকেরা যখন রাস্তায় ঘেরাও করে মারধর করছিল পুলিশ কাছে থেকেও তাদের কোনও প্রটেকশন দেয়নি, কাউকে গ্রেপ্তার করল না। উপরোক্ত বলল যে তোমরা কোর্টে গিয়ে বেল নিয়ে এসো। আসামিরা আজ পর্যন্ত কেউ বেল নেয়নি। এই রকম একটা ঘটনা সেখানে ঘটে গিয়েছে। মানীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মে মাসের শেষদিকে উত্তরবঙ্গে হায়দারপাড়াতে কি ঘটনা ঘটেছিল। জীবন রায়ের বাড়িকে কেন্দ্র করে তার ঘর ঘেরাও করে বিরাট একটা তান্ডব সৃষ্টি হয়ে ছিল এবং তার পরিবারবর্গ এবং তার যে সমস্ত লোকজন ছিল তাদের সকলকে একটা অসস্তিকর অবস্থার মধ্যে পুড়িয়ে মারার চেষ্টা হয়েছিল। যদি পুলিশ সময়মতো হস্তক্ষেপ না করত, যদিও অনেক পরে হস্তক্ষেপ করেছে, সেই সময় পশ্চিমবঙ্গে তৎকালীন প্রধানমন্ত্রী মোরারজী দেশাই এসেছিলেন ও এই ব্যাপারে হস্তক্ষেপ করেছিলেন, তা না হলে তার জীবন রক্ষা পেত না। প্রচন্ড পরিমাণে তার ঘর দুয়ার লুঠ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে চাঁদপাড়া এলাকায় ২৪ পরগনা এলাকায়, বিকাশ সাহা, বিষ্ণুদত্ত চৌধুরি, তারা দুইজন গুলিতে নিহত হয়েছিল এবং এই বিকাশ সাহার আর যে ভাইরা ছিল, মোহন সাহা, অশোক সাহা ওরা গুরুতরভাবে আহত হল। কিন্তু কি হল? এই যে দিনের পর দিন প্রকাশ্য দিবালোকে, সন্ধ্যার সময়, জনবহুল এলাকায় জনসাধারণের সমানে পাইপ গান দিয়ে, বোমা মেরে এই যে গুলি করে হত্যা করা হল, নিহত করা হল, পুলিশ কিন্তু কাউকে গ্রেপ্তার করেনি। এর ফলে এর প্রতিবাদে সেখানে সত্যাগ্রহ পালিত হয়েছে। সেখানে সত্যাগ্রহ পালিত হয়েছে কিন্তু তা সত্ত্বেও পুলিশ যারা এই সমস্ত কাজে লিপ্ত ছিল তাদের জানা সত্ত্বেও পুলিশ কিন্তু তাদের কখনো গ্রেপ্তার করেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কিছুদিন আগে নদীয়া জেলার চাপড়া এলাকায় কি ঘটনা ঘটেছে। আমি সেই ঘটনা উল্লেখ করতে

[4-00 — 4-10 P.M.]

চাইনা কিন্তু ঘটনা কেন ঘটলো? দীর্ঘদিন থেকে সেই গ্রামাঞ্চলে সেই এলাকায় যে সমাজবিরোধী কার্যকলাপ চলছিল, চুরি, ডাকাতি, দিনের পর দিন চলছিল, যেসমস্ত অসামাজিক কার্যকলাপ ঘটছিল সেই সম্পর্কে বারবার থানায় ডায়রি করা সত্ত্বেও পুলিশকে জানানো সত্ত্বেও কোনও কাজ হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে নিশ্চয়ই অবাক হবেন যে আমাদের দলনেতা, কাশীবাবু তিনি নদীয়ার সেই মর্মান্তিক ঘটনা ঘটার প্রায় মাসখানেক পূর্বে সমস্ত ঘটনা সম্পর্কে আই.জি.র দৃষ্টি আকর্ষণ করেছিলেন এবং তাকে সময়মতো ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করেছিলেন। আই, জি, কাশীবাবুকে একটা উত্তর দেওয়া তো দূরের কথা, উত্তর তো দেনইনি, কোনও ব্যবস্থাও গ্রহণ করেননি, যার ফলশ্রুতি ঐরকম একটা মর্মান্তিক দাঙ্গা হাঙ্গামার সৃষ্টি হয়েছে। আজকে প্রশাসন কোন অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে আজকে এটা আমাদের চিন্তা করে দেখতে হবে এবং সেখানে দেখা গিয়েছে এক একদিন ১০/১৫টি বাড়ি লুঠ হয়ে গিয়েছে। এই ঘটনা পুলিশের কাছে ডায়রি করা হয়েছে, অনেক ক্ষেত্রে ডায়রি গ্রহণ করেনি এবং ডায়রি নিলেও সময়মতো গিয়ে হস্তক্ষেপ করেনি। যাতে জনসাধারণের সম্পত্তি রক্ষিত হয়, যাতে তাদের মনোবল ফিরে আসে, আস্থা ফিরে আসে সেইজন্য কোনও ব্যবস্থা তারা গ্রহণ করেনি। এর পরে আমরা কি দেখতে পাচ্ছি অধ্যক্ষ মহাশয়, আমাদের কাঁথি মহকুমায় এমন কতকগুলি ঘটনা ঘটেছে এই গত কয়েক মাসের মধ্যে, সেই ঘটনা এমন চাঞ্চল্যকর এবং এমন দুঃখজনক যে আজকালকার দিনে এই রকম ঘটনা ঘটতে পারে কিনা তা আমাদের কল্পনার বাইরে। গত বিধান সভার অধিবেশনে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাহাদুরপুরে পুলিশ যে পরিস্থিতিতে গুলি নিক্ষেপ করতে বাধ্য হয়েছিল সে সম্পর্কে আলোচনা হয়েছিল, সেকথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করেছিলেন যে সেই ঘটনার সঙ্গে কারা জড়িত ছিলেন। সেখানে চাষের সময় কি হয়েছিল? সেই জমির মালিকরা যখন চাষ করতে গেল তখন সি.পি.এম.র লোকেরা, প্রায় ২/৩ শত লোক, লাঠি, বল্লম, বিভিন্ন রকম অস্ত্রে সজ্জিত হয়ে বাধা দিলো, যার ফলে কি হল? তাদের সময়মতো জমি চাষ করতে দিলো না এবং সঙ্গে সঙ্গে তাদের ঘর দুয়ার লুঠ করা হল, খড়ের গাদাতে আগুন দেওয়া হল, কয়েকটি ঘরে আগুন লাগিয়ে দেওয়া হল এবং সেই রাত্রে মেদিনীপুর থেকে অ্যাডিশনাল এস. পি. তিনি বিরাট পুলিশ বাহিনী নিয়ে গিয়ে কোনও রকমে তাদের রক্ষা করার ব্যবস্থা করেন। কিন্তু তাও অনেক দেরি হয়ে গেল। সুতরাং এই ঘটনা বাহাদুরপুরে ঘটেছে। তারপরের ঘটনা। দিনের বেলায় কোর্ট বার এলাকায় আমাদের দলের দল্লাদ খাঁ যে এক সময়ে সি পি এম দলের সমর্থক ছিল, যে কোনও কারণেই হোক মত পার্থক্য হওয়ায় সে দল ছেড়ে দেয় এবং আমাদের দলে আসে, সেই দল্লাদ খাঁর ছেলে আসগর খাঁ মাঠের দিকে যাচ্ছিল যখন, তখন তাকে এমনভাবে বল্লম দিয়ে আঘাত করে যে সে সঙ্গে সঙ্গে মারা যায়। সেখানেই শেষ নয়, তার বাড়ি ভাঙচুর করে, শুধু তাই নয়, তার প্রতিবেশি আয়েসা বেগম, অন্তসত্ত্বা মহিলা, তাকে এমনভাবে লাথি মারে চিকিৎসার জন্য তাকে দীর্ঘদিন হাসপাতালে থাকতে হয়। আমি যা বলছি এর প্রতিটি ঘটনা সত্য। আপনাদের দলের নিচের তলার কর্মীরা কোথাও নেমে গেছে চিন্তা করে বুঝবার চেষ্টা করবেন। (**সরকারি পক্ষের জনৈক সদস্য ঃ** এটা সত্য নয়, আপনি বুকে হাত দিয়ে বলুন) বুকে হাত দিয়েই বলছি, আপনি আমার সঙ্গে বলুন, এই ঘটনা যদি সামান্যতম অসত্য হয় তো বিধানসভার সদস্যপদ থেকে চলে যাব।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আর একটি ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। (নয়েজ) কাঁথি থানায় ভাজা চাউলি গ্রাম আছে। সেই গ্রামে গত জুলাই মাসে ৫/৬/৭ তারিখে তিন দিন ধরে প্রায় ২০টি বাড়িতে বিভিন্ন সময়ে লুঠপাট করেছে এবং তাদের সর্বস্ব লুঠ করে নিয়ে গেছে। এটা প্রশাসন কর্তৃপক্ষকে জানানো সত্ত্বেও কোনও রূপ ব্যবস্থা করেনি। এই যখন লুঠপাট হয় কোনও কোনও সময়ে সেখানে পুলিশ উপস্থিত ছিল, তারা কিছু করতে পারেনি, কি করে করবে, বিরাট জনতা, ৪/৫ জন পুলিশ লাঠি নিয়ে সেখানে অবস্থা সামলানো তাদের পক্ষে সম্ভব হয়নি। রাজা চাউলিতে অরবিন্দ মণ্ডলের বাড়িতে ৫ তারিখে লুঠ করা হয়েছে, ঐ একই বাড়িতে ৬ তারিখে সকালে লুঠ করা হয়েছে এবং যে সমস্ত জিনিস লুঠ করা হয়েছে তাতে কি কি জিনিস ছিল শুনবেন? অন্যান্য জিনিসের মধ্যে ছিল ৯টি বলদ এবং ৪টি গাই গরু। এই ঘটনা ঘটার কয়েকদিন পরে থানার যিনি সেকেন্ড অফিসার ৪টি বলদ উদ্ধার করে এবং দুজন আসামিকে গ্রেপ্তার করে। অধ্যক্ষ মহাশয়, যেখানে গরু বলদ পর্যন্ত নিয়ে যায়, সেখানে অন্য জিনিসের তো কথাই নাই, মানুষ কোথায় দাঁড়াবে? ৬ তারিখে সকালে নীলপুরে হাট বাজারে লোকজন যখন ছিল, তখন প্রকাশ্য দিবালোকে পরিহরা গ্রামের শশাঙ্ক জানার কেরোসিন এবং ডিজেল তেলের দোকান লুঠপাট করা হয়েছে। ভাজা চাউলিতে বালিকা বিদ্যালয় আছে, সেখানে সি পি এম-এর লোকেরা ক্যাম্প করে ৩দিন থাকে এবং সেখানে থেকে লুঠপাট করা কার্য পরিচালনা করে। ৬ তারিখে লুঠ করেছে সকালে লুঠ করেছে, বিভিন্ন সময়ে লুঠ করেছে, বিকালে লুঠ করেছে, ৭ তারিখে সকালে লুঠ করেছে। যাদের বাড়ি লুঠ করেছে, আমি তার নাম কয়েকটি বলছি। ভাজা চাউলিতে—শ্রী রাসবিহারী মণ্ডল, পরিহরা গ্রামে ঃ—

শ্রী নগেন্দ্রনাথ দাস।

শ্রী কালিপদ জানা।

শ্রী পরমানন্দ গিরি।

শ্রী পঞ্চানন মণ্ডল।

শ্রী নারায়ণ মণ্ডল।

শ্রী সিদ্ধেশ্বর মাইতি।

শ্রী নটেন দাস।

শ্রী সন্তোষ দাস।

শ্রী উপেন দাস।

শ্রী রাসবিহারী দাস।

শ্রী সুদর্শন দাস।

পাঁচবেড়িয়াতে ঃ শ্রী অবনীকুমার মণ্ডল

শ্রী অদ্বৈতকুমার মণ্ডল।

শ্রী অনিলকুমার মণ্ডল।

এই রকম আরও আছে। এই রকম করে তিন দিনে প্রায় ২০টি বাড়ি সম্পূর্ণ লুঠপাট করা হয়েছে। এই ঘটনার কথা আমরা সরকারের দৃষ্টিতে এনেছি, রাজ্যপালের কাছে দিয়েছি। এতদিনে নিশ্চয়ই সরকারি স্তরে সেই ঘটনা তদন্তের রিপোর্ট এসে হাজির হয়েছে। এই ঘটনার কথা এখানে সরাসরি অস্বীকার করার আগে বিধানসভার সদস্যদের এই রিপোর্টে কি আছে সেটা শোনানো উচিত ছিল এবং এই রিপোর্টের কপি বিধানসভার সকল সদস্যদের অবগতির জন্য টেবিলে দেওয়া হোক। তাহলে তো বুঝব। তা না করে আমরা একটা বক্তব্য রাখলাম সেখানে আপনারা বলবেন রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে বক্তব্য রাখছি এবং আপনি তার কাউন্টার উত্তর দেবেন। কিন্তু আমরা বলব আপনারা প্রকৃত ঘটনাকে চেপে যাবার চেষ্টা করছেন। শঙ্করগেড়িয়াতে যে ঘটনা ঘটেছে তার সি. আই. ডির তরফ থেকে তদন্ত হয়েছে প্রশাসনের পক্ষ থেকে তদন্ত হয়েছে পুলিশের পক্ষ থেকে তদন্ত হয়েছে এবং সেই তদন্ত হয়ে নিশ্চয় সরকারের কাছে রিপোর্ট এসেছে। আমরা জানতে চাই এই সব ঘটনা সম্পর্কে যে রিপোর্ট সরকারের পক্ষ থেকে পরিচালিত হয়েছে সেই এনকোয়ারি রিপোর্ট তারা যেটা সাবমিট করেছেন সেই রিপোর্ট বিধানসভার সামনে উপস্থিত করা হোক। আমাদের জানবার সুযোগ দেওয়া হোক। তবেই বুঝতে পারব ব্যাপারটা। তিন দিন ধরে এই ঘটনা হয়েছে এবং তার মধ্যে কি হয়েছে? আজ বেশ কয়েক দিন এই ঘটনা ঘটে যাবার পর সরকারি উচ্চ পদস্থ অফিসার গিয়েছেন তারা স্তম্ভিত হয়েছে এবং বলেছেন এই রকম ঘটনা যে ঘটত তা কল্পনা করা যায় না। শসস্ত্র পুলিশ বাহিনী দিয়ে সেখানে একটা বিরাট পুলশি ক্যাম্প রেখে দেওয়া হয়েছে যেখানে ৮ থেকে ১০ জন পুলিশ দিয়ে একটা থানাকে পরিচালনা করা হয় সেখানে একটা গ্রামে ৪২ জন আর্মড ফোর্স দিয়ে ক্যাম্প করে রেখে দেওয়া হয়েছে। কেন হয়েছে? আপনাদের দলের লোক যদি শান্ত-শিষ্ট হত আইনানুগ আচরণ করত আইন শৃঙ্খলা মেনে চলত তাহলে এতবড় পুলিশ বাহিনী দিয়ে একটা ছোট গ্রামাঞ্চলের একটা শসস্ত্র পুলিশ ক্যাম্প বসিয়ে রাখার কোনও যুক্তি থাকত? মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা বলছি বলে নিশ্চয় ওরা বলবেন যে আমরা বিরোধী পক্ষের লোক আমাদের কাজই হচ্ছে সরকার পক্ষকে বেকায়দায় ফেলা। কিন্তু ওরা ভুলে যাচ্ছেন আজকে সরকার পক্ষের যে সমস্ত দল রয়েছে ঐ আর এস পি. দলের জনৈক মাননীয় মন্ত্রী কিছু দিন আগে হাওড়া জেলার আমার থানার গাজিপুর অঞ্চলে যে ঘটনা ঘটেছিল, সি.পি.এম. দলের লোক আর এস.পি. কর্মীদের উপর যেভাবে মারত্মক অস্ত্র শস্ত্র নিয়ে আক্রমণ করেছিল সে সম্পর্কে মন্ত্রী মহাশয় নিজে সরজামিনে তদন্তে গিয়েছিলেন এবং ফিরে এসে যে বক্তব্য রেখেছিলেন তার একটা কথা আমার মনে আছে তিনি বলেছিলেন যে গাজিপুরে যে ঘটনা ঘটেছে তা মধ্যযুগের বর্বরতাকে ছাড়িয়ে গিয়েছে। একথা সরকার পক্ষের লোক বলেছেন একজন ক্যাবিনেট মন্ত্রী বলেছিলেন। তাহলে একথা ভুল উনিও আমাদের মতো চক্রান্ত করছেন সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে এই কথাই বলবেন কি? কয়েকদিন আগে বর্ধমানের কেতুগ্রামে সি.পি.এম.-এর লোকরা আর. এস. পি.-র লোকদের উপর যে হামলা করেছিল মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে এবং বহু আর. এস. পি.-র লোকদের ঘর থেকে তাড়িয়ে বের করে দিয়েছিল। এবং তারপর দেবব্রত বাবু ও মাননীয় স্বাস্থ্য মন্ত্রী ননীবাবু উচ্চ পদস্থ সরকারি কর্মচারিদের এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিয়েছিলেন। আমরা বলব নিশ্চয় চক্রান্ত করছেন সরকারের সুনাম নষ্ট করছেন। কিন্তু মন্ত্রী হয়ে যে সমস্ত বক্তব্য রাখছেন সেটা কি সরকারের বিরুদ্ধে চক্রান্ত করছেন আজকে

[4-10 — 4-20 P.M.]

থানায় যে ওয়ারেন্ট জারি করে অর্থাৎ কোর্ট থেকে যে ওয়ারেন্ট ইস্যু হচ্ছে সেই ওয়ারেন্ট আজকে জারি করা যাচ্ছে না। আপনি শুনলে অবাক হয়ে যাবেন খেজুরি থানার একটি জায়গা রয়েছে সেই এলাকার কিছু সমাজ বিরোধীদের বিরুদ্ধে কোর্টের গ্রেপ্তারী পরোয়ানা ছিল। থানা থেকে এই গ্রেপ্তারী পরোয়ানা জারি করার জন্য পুলিশ সেখানে গিয়েছিল। ওখানকার যারা সি.পি.এম. সমর্থক রয়েছেন তারা বললেন আপনারা তো ঢুকতে পারবেন না। কেন? কেন না আপনি তো পঞ্চায়েত প্রধানের মত নেন নি। অর্থাৎ গ্রাম পঞ্চায়েতের প্রধানের মত না নিলে গ্রামে ঢুকতে পারবেন না। এই ঘটনা জানলাম কখন? এটা আমাদের অভিযোগ নয়। এই অভিযোগ পুলিশ প্রশাসনের। এখন কিছু কিছু সুবিধা হয়েছে কিছু কিছু জানবার সুবিধা হয়েছে। দু মাস অন্তর একটা বৈঠক প্রত্যেক মহকুমাতে হচ্ছে। সেখানে জেলা পরিষদের চেয়ারম্যান থাকেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট থাকেন এস.পি. থাকেন, এস. ডি. ও থাকেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান থাকেন আর আমরা এম. এল. এ-রাও ইনভাইটেড হই। পুলিশ পক্ষ থেকে এই অভিযোগ করা হল এই যে অতগুলি ওয়ারেন্ট রয়েছে এগুলি আমরা কি করে একজিকিউট করব যদি এই রকমভাবে বাধা সৃষ্টি করা হয়। তখন পুলিশের পক্ষ থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের পক্ষ থেকে সংশ্লিষ্ট এলাকার পঞ্চায়েত সমিতির যিনি চেয়ারম্যান তাকে বলা হল আপনি আপনার দলের লোকদের বলে দেবেন এটা বেআইনি, পুলিশকে তার কর্তব্য করতে দিতে হবে। আমি গত বাজেট অধিবেশনে বলেছিলাম যে খেজুরি থানার কয়েকটি অঞ্চলে একেবারে মুক্ত অঞ্চলে পরিণত করা হয়েছিল। এটা আপনারা অস্বীকার করেছিলেন। পুলিশ প্রশাসন কিছু দিন আগে আলোচনা বৈঠকে সে কথা বলেছিলেন। কাঁথি মহকুমার বিভিন্ন থানায় আজকে শত শত ওয়ারেন্ট আনএকজিকিউটেড হয়ে পড়ে রয়েছে। যারা দোষী, যারা অপরাধ করেছে তাদের যদি আইনানুগ ভাবে শাস্তির বিধান না করা হয় তাহলে অপরাধ প্রবনতা বেড়ে যাবে, অপরাধের মাত্রা বেড়ে যাবে এবং এই যদি অবস্থা হয় তাহলে দেশে শান্তি শৃঙ্খলা থাকবে কি করে? দেশে আরও চুরি ডাকাতি, রাহাজানি, খুন খারাপি বেড়ে যাবে। আর একটা কি হচ্ছে? আর একটা হচ্ছে আজকে আদালতকে বৃদ্ধাংগুষ্ঠ দেখানো হচ্ছে। আদালতের যে সমস্ত নির্দেশ সেই নির্দেশকে মানা হচ্ছে না। আমি একটা চাঞ্চল্যকর ঘটনা আপনার সামনে তুলে ধরছি এবং এই ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট এলাকার এম. এল. এ-কে দিয়ে ভেরিফাই করিয়েছি। তিনি বলেছেন যে এই ঘটনা সত্য। এই রকম ঘটনার বহু অভিযোগ করেছি। আপনাদের দলের লোকেরা আদালতের নির্দেশ অমান্য করেছেন। আদালতের প্রতি যদি এই রকম অবজ্ঞা করা হয়, আইনের প্রাপ্তি যদি কোনও রকম শ্রদ্ধা না থাকে তাহলে আইনের শাসন এই দেশে বলবৎ হবে কি করে? এখানে সংবাদপত্রে লেখা আছে যে হাইকোর্টের রুলিং কুকুরের লেজে বেঁধে তাকে প্রসেশন করা হয়েছে। এই ঘটনা ঘটেছে কোথাও। সুতাহাটা থানায় সেখানকার যে পঞ্চায়েত আছে সেখানে এই জিনিস হয়েছে। এক ব্যক্তি সেই গ্রামের কোনও একটি বিষয়ে হাইকোর্টের কাছে আবেদন করে ইনজাংশন পেয়েছিল। সেই ইনজাংশন এবং উকিলের চিঠি যখন প্রতিপক্ষের উপর সার্ভ করা হয়। সেই ইনজাংশনকে অমান্য করার জন্য উকিলের চিঠিকে অমান্য করার জন্য হাইকোর্টের ইনজাংশন-এর অর্ডার এবং উকিলের চিঠিটাকে কুকুরের লেজে বেঁধে গ্রামে প্রসেশন করা হয়েছে। হাইকোর্টের নির্দেশের প্রতি যদি এই রকম অশোভনতা, এই রকম আচরণ করা হয় তাহলে

আইনের শাসন সেখানে কিভাবে থাকবে আমি জানিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অবস্থায় আমি মনে করছি যে আজকের পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার যথেষ্ট অবনতির দিকে গেছে এবং এই রকম পরিস্থিতিতে ব্যক্তিস্বাধীনতা এবং গণতান্ত্রিক অধিকার বিপন্ন হচ্ছে। আগামীদিনে কয়েক মাসের মধ্যে একটা গুরুত্বপূর্ণ ঘটনা ঘটবে সেটা হচ্ছে লোকসভার অন্তর্বর্তী নির্বাচন। এই নির্বাচনকে যদি সুষ্ঠুভাবে অবাধে করতে হয়, নির্বাচন সংক্রান্ত ব্যাপারে বহু রকম কাজ রয়েছে, আজকে ভোটার তালিকা সংশোধন হবে, নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক দল তাদের প্রচার কার্য পরিচালনা করবেন, নির্বাচনের বিভিন্ন রাজনৈতিক দল গ্রামে গ্রামে তাদের কর্মীদের পাঠিয়ে তাদের নিজেদের বক্তব্য পেশ করার চেষ্টা করবেন। কাজেই সেইভাবে গ্রামের মানুষের মনে ভীতি সঞ্চার করা হয়েছে যে সরকারের দলকে সমর্থন না করলে তাদের অসুবিধা হবে এইভাবে একটা সঞ্চার করা হয়েছে। এই যদি পরিবেশ থাকে তাহলে এই পরিবেশ অবাধে নির্বাচন হওয়া খুবই অসম্ভব এবং অসুবিধা রয়েছে। তাই, আমি হাউসে এই প্রস্তাব উত্থাপন করছি যাতে নির্বাচন অবাধে হয়, সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে জন্য থানা থেকে জেলাস্তরে যাতে সর্বদলীয় কমিটি গঠন করা হয়। তারা সময়ে সময়ে প্রশাসনিক পরামর্শ দেবেন এবং যাতে নিরপেক্ষ ভাবে প্রশাসন তার কার্য পরিচালনা করতে পারেন সেই দিক লক্ষ্য করা হবে। মাননীয় মুখ্যমন্ত্রী তার পুলিশি বাজেট বক্তৃতায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তিনি আইন-এর শাসন চালু করবেন, তিনি দেখবেন যাতে নাগরিকদের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠিত হয়। তিনি বলেছিলেন যে পুলিশ নিরপেক্ষভাবে কাজ করবে। পুলিশ কোনও রাজনৈতিক দলের স্বার্থে কাজ করবে না। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে গত ৬ মাসে তিনি যে কথা বলেছিলেন সেই পরিস্থিতির কোনও উন্নতি ঘটেনি। তাই, আজকে আমি এই প্রস্তাব হাউসের কাছে রাখছি। আমি আশা করি সমস্ত শ্রেণীর সদস্য এই প্রস্তাবের গুরুত্ব বিবেচনা করে এই প্রস্তাবকে সমর্থন করবেন যাতে অবাধে নির্বাচন হতে পারে, সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা হয় তার জন্য সহযোগিতা করবেন এবং তার পরিবেশ সৃষ্টি করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলতে চাই যে আজকে যারা সরকারে রয়েছেন এক সময় তারা বিরোধীপক্ষে ছিলেন। তারা যখন বিরোধীপক্ষে ছিলেন তখন তারা প্রত্যেকটি বিষয়ে সরকারের কাছে দাবি করতেন শাসন ব্যবস্থার যে প্রাথমিক স্তর সেই স্তরে সমস্ত কাজ কর্ম তত্ত্বাবধান করার জন্য সেখানে সর্বদলীয় কমিটি হওয়া প্রয়োজন। এই দাবি তারা করতেন। আজকে তারা সরকারে রয়েছেন। আমরা এই দাবি তাদের কাছে উত্থাপন করছি। আমি আশা করব যে তারা এই দাবি স্বীকার করে নেবেন এবং পশ্চিমবাংলায় আইন শৃঙ্খলার পরিস্থিতির যাতে উন্নতি হয়, অবাধে যাতে নির্বাচন হয়, নিরপেক্ষ ভাবে যাতে হয় তার দিকে লক্ষ্য রেখে আমি প্রস্তাব রেখেছি। আমার এই প্রস্তাব গ্রহণ করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রস্তাবের উপর কয়েকটি সংশোধনী দিয়েছিলাম। আমি সেগুলি মুভ করছি না।

**মিঃ স্পিকার :** আমি বিভিন্ন মাননীয় সদস্যদের কাছ থেকে পাঁচটি অ্যামেন্ডমেন্ট পেয়েছি। বীরেন বাবু তার অ্যামেন্ডমেন্ট মুভ করছেন না সুতরাং আমি বাকি চারটি প্রস্তাব নিয়মানুগ বলে ধরে নিচ্ছি। এইগুলো উত্থাপিত হয়েছে বলে ধরে নিচ্ছি। বক্তারা তাদের নিজের নিজের

আলোচনার মধ্যে তাদের সংশোধনী সম্পর্কে বক্তব্য রাখবেন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য প্রবোধ সিন্‌হা মহাশয় এবং অন্যান্য সদস্যরা যে মোশনটা এনেছেন সেই মোশনটিকে আমি সম্পূর্ণভাবে সমর্থন জানাচ্ছি এই কারণে জানাচ্ছি, সত্য বলতে কি, পশ্চিমবাংলায় জঙ্গলের রাজত্ব চলছে, আইন শৃঙ্খলা বলতে পশ্চিমবাংলায় কিছুই নেই। পশ্চিমবাংলার সাধারণ মানুষই হচ্ছে এভিডেন্স যে কিভাবে পশ্চিমবাংলায় জঙ্গলের রাজত্ব কায়েম হতে বসেছে। আমরা যখনই কোনও ঘটনা এখানে বলতে গেছি তখন মুখ্যমন্ত্রী বলেছেন যে আপনারা কংক্রিট দৃষ্টান্ত দিন। আমি এখানে এক এক করে দৃষ্টান্ত দিয়ে দেখাব যে কি অবর্ণনীয় ঘটনা পশ্চিমবাংলায় ঘটে চলেছে। প্রবোধ সিনহা মহাশয় এখানে নানা ঘটনার কথা বলেছেন যার কোনও প্রতিকার হয়নি, প্রতিকারের কোনও ব্যবস্থা নেই, প্রতিবাদ করার মতো আমাদের কোনও সামর্থ নেই। তারা প্রতিদিন মার খাচ্ছে, অসহায় হয়ে বিভিন্ন জায়গায় যাচ্ছে, কিন্তু কোথাও সেই অত্যাচারিত ব্যক্তিরা আশ্রয় পাচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার পুলিশ এবং প্রশাসন দুটোই সি.পি.এম.-এর কেডারদের হাতে চলে গেছে। প্রশাসন অচল, পুলিশকে চুপচাপ বসে থাকতে হচ্ছে। আমার সন্দেহ হয় কিছুদিন পরে হয়ত দেখব থানাগুলোতে সব সি.পি.এম. কেডাররা বসে রয়েছে এবং অফিসাররা অন্যত্র চলে গেছে। পশ্চিমবঙ্গে চুরি, ডাকাতি, খুন, রাহাজানি, লুঠ-

[4-20 — 4-30 P.M.]

পাট, এইগুলো বেড়ে চলেছে দিনের পর দিন। আমি হিসাব দিয়ে দেখাচ্ছি পশ্চিমবঙ্গে প্রতিদিন গড়ে চারটি করে খুন হচ্ছে। আমরা দেখছি প্রকাশ্য দিবালোকে গহনার দোকান লুঠ হচ্ছে, ভুষি মালের দোকানে ডাকাতি হচ্ছে, এই সব ব্যাপারে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। গত জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত ডাকাতি বেড়েছে ১১ পারসেন্ট, রাহাজানি বেড়েছে ১৫ পারসেন্ট। গ্রামাঞ্চলে সি.পি.এম. সমর্থকরা তীর, ধনুক, বল্লম লাঠি নিয়ে হামলা করছে অন্যান্য পার্টির যারা সদস্য তাদের উপর এবং তাদের বাড়ি ঘেরাও করে লুঠ করছে। মজুরি বৃদ্ধির নামে মজুরি বন্ধ করে দেওয়া হচ্ছে গ্রামাঞ্চলের বিভিন্ন স্থানে গণ আদালত গঠন করা হচ্ছে, সি.পি.এম. লাল ঝান্ডা নিয়ে সেখানে ঘুরতে হবে, সেখানে বন্দেমাতরম বলার কোনও উপায় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত গণতান্ত্রিক আন্দোলন বন্ধ করে দেবার জন্য ব্যবস্থা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি কলকাতায় দেখেছেন যখনই কংগ্রেস আই-এর মিছিল বার করা হয়েছে বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনের জন্য, তখনই পুলিশ হামলা করেছে। এই তো সেদিন এস.ইউ.সি.র মিছিলের উপর সুপরিকল্পিতভাবে পুলিশ লাঠি চার্জ করেছে। এইভাবে গণতান্ত্রিক আন্দোলনগুলোকে স্তব্ধ করে দেবার ব্যবস্থা হচ্ছে। আমরা গ্রামাঞ্চলে দেখেছি সেখানে সি.পি.এম. ছাড়া অন্য কোনও দল যদি মিছিল বার করে তখন তাদের উপর হামলাবাজি করা হয়েছে, আক্রমণ করা হয়েছে। মেদিনীপুর জেলায় এটা একটা দৈনন্দিন ঘটনা। মেদিনীপুর জেলার যিনি ডি. এম. আছেন, তিনি আগে বাঁকুড়ায় ছিলেন, আমরা আশা করেছিলাম এত বড় জেলার প্রশাসন তিনি ভালো ভাবেই চালাবেন। কিন্তু দেখলাম ওখানকার সুকুমার বাবুর কথা ছাড়া তিনি কোনও কাজ করেন না। সুকুমার বাবুকে জিজ্ঞাসা না করে তিনি বাথরুম পর্যন্ত যান না। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, ঐ ডি.এম.-এর স্ত্রী মেদিনীপুর জেলার মহিলা সমিতির চেয়ারম্যান। এই ডি.এম. প্রমোদবাবুর নির্দেশ অনুযায়ী

নড়েন। প্রতিটি ক্ষেত্রে সি.পি.এম-এর লোকের কথা ছাড়া চলেন না। তাই আমি অবিলম্বে ঐ অজয় সিংহের অপসারণ দাবি করছি। মুখ্যমন্ত্রী যদি প্রশাসনকে সুস্থ করতে চান, ন্যায়সঙ্গত ভাবে পরিচালিত করতে চান তাহলে এই ডি.এম.কে অবিলম্বে বদলি করবেন, এই আবেদন আমি মুখ্যমন্ত্রীর কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী প্রশাসনকে নিজের কাজে লাগাচ্ছেন তার আমি একটা জল-জান্ত দৃষ্টান্ত রাখছি। আমি আশা করব যে, নিশ্চয়ই মাননীয় মুখ্যমন্ত্রী এই অভিযোগের জবাব দেবেন। স্যার, গত ১৮/১৯ মাস আগে বর্ধমান জেলার কাশীপুরে উদ্বাস্তুদের ওপর গুলি চালানো হয়েছিল এবং সেই পরিপ্রেক্ষিতে বর্ধমানে ডিভিসনাল কমিশনার চিত্তব্রত মজুমদারকে বিচার বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয়েছিল। কিন্তু আজকে ১৮/১৯ মাস হয়ে গেলে সেই তদন্তের প্রিলিমিনারি কোনও কাজও করা হয়নি। আমার কাছে খবর আছে, মাননীয় মুখ্য মন্ত্রী ডি.সি.-কে বলেছেন যে, এবিষয়ে তোমাকে কিছু করতে হবে না, যা আছে থাক। এইভাবে মাননীয় মুখ্যমন্ত্রী আশা করব এবিষয়ে তার মতামত জানাবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন গ্রামাঞ্চলে থেকে সি.পি.এম. কর্মীদের অত্যাচারের খবর আমাদের কাছে আসছে। আমডাঙ্গা থানার অন্তর্গত বোদাই গ্রামের নরেন মাইতির ছেলে ও জামাইকে সি.পি.এম.-এর লোকেরা দড়ি দিয়ে বেঁধে এবং তারপর তাদের ২,০০০ টাকা জরিমানা করে, তাদের প্রাণহানীর হুমকি দেয় এবং ১ মাইল পথ তাদের বেঁধে ঘোরায়। ঐ পরিবারের লোকেরা এবং অন্যান্য অনেক সাধারণ মানুষ আজকে ওখানে সি.পি.এম.-এর অত্যাচারে বাড়ি-ঘর ছেড়ে অন্যত্র চলে গেছে। এছাড়াও ঐ নরেন্দ্রনাথ মাইতিকে গণ আদালতে নিয়ে গিয়ে মারধোর করা হয়েছে। এই জিনিস আজকে কেশপুর, গড়বেতা , পটাশপুর প্রভৃতি অঞ্চলে চলছে। এই সব জায়গায় সাধারণ মানুষের উপর সামাজিক বয়কট, মজুরি বৃদ্ধির নামে মজুরি বন্ধ ইত্যাদি করা হচ্ছে। এসব বিষয়ে থানাকে জানালেও কিছু হয় না। সাধারণ মানুষকে বাড়ি থেকে ধরে নিয়ে গিয়ে তাদের আটকে রেখে মারধোর করা হচ্ছে, পুলিশকে আমরা বহু ঘটনার কথা জানিয়েছি, কিন্তু প্রতিকার কিছুই হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেশপুর থানায়, পটাশপুর থানায়, নারায়ণগড় থানায় প্রতি দিন এই জিনিস ঘটছে এবং প্রায় পশ্চিমবঙ্গের সর্বত্র আজকে এই জিনিস চলছে। আমার মেনশনের সময় প্রতিদিন এই সমস্ত ঘটনাগুলির প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি। আমি অবশ্য শুনেছি মুখ্যমন্ত্রীর সদিচ্ছা আছে এবং তিনি নিরপেক্ষভাবে সব কিছু বিচার করতে চান এবং আইন-শৃঙ্খলা বজায় রাখতে তিনি ইচ্ছুক। কিন্তু প্রমোদবাবুর জন্য তিনি কিছু করতে পারছেন না। আসলে তিনি যদি কিছু করতে যান তাহলে প্রমোদবাবুর বাহিনীর অত্যাচার যেটা এখন চলছে, সেটা বন্ধ হয়ে যাবে। সেই জন্য তিনি কিছু করতে পারছেন না। এটা আমরা শুনছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জোর করে জমি দখল করা হচ্ছে, জোর করে কে.জি.ও.-কে দিয়ে বর্গা রেকর্ড করানো হচ্ছে। আমরা দেখছি যে, যে- কে.জি.ও. সি.পি.এম-এর নির্দেশ মতো বর্গা রেকর্ড করছে না, তার ওপর অত্যাচার করা হচ্ছে, এমন কি মারধোর পর্যন্ত করা হচ্ছে। আমরা এই বিধানসভায় বার বার বলেছি যে, জোর করে নিজেদের জমি থেকে হাজার হাজার কৃষককে উৎখাত করা হয়েছে। যারা ২০/২৫ বছর ধরে জমি চাষ করছে তাদের পর্যন্ত জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। এই সব ঘটনা ঘটছে। স্যার, কেশপুরের জিরেন

মণ্ডল এবং শেখ ইয়াকুব, আর দুঃশ্বাজপুরের কমলাকান্ত শর্বাধীকারি ইত্যাদি অনেকগুলি মানুষের প্রতি অত্যাচারের ঘটনার প্রমাণ আমার কাছে আছে, কাজেম আলি মণ্ডল, উদয় মণ্ডল ইত্যাদি বহু লোকের কথা আছে, চিঠি আছে, দরখাস্ত আছে যাদের জমি জোর করে দখল করা হয়েছে। পুলিশের কাছে গিয়ে বলা সত্ত্বেও কোনও প্রতিকার হয়নি। পুলিশ বলেছে আমরা কিছু করতে পারব না, সি.পি.এম.-এর লোকেদের গিয়ে বলুন। তারা যদি যেতে বলে তাহলে আমরা যাব। সি.পি.এম.-এর ক্যাডাররা বা অঞ্চল প্রধান যা বলবে সেই অনুযায়ী পুলিশ কাজ করবে, এই জিনিস আজকে চলছে। এই হচ্ছে আসল অবস্থা।

স্যার, আপনি জানেন কয়েক দিন আগে আমাদের কংগ্রেস (আই) নেতা শ্রী সুব্রত মুখার্জি অভিযোগ করেছিলেন যে, গত ২০শে জুলাই বাটানগরের প্রায় ২,০০০ সি.পি.এম. সমর্থক প্রকাশ্য দিবালোকে গণ-আদালত করে একজন পুলিশ কনসটেবলকে নাক কান কেটে দিয়েছে। যদিও একথা আমি বিধানসভায় ইতি মধ্যে বলেছি এবং আবার বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভগবানপুরে যে ঘটনা সেই কথা আমি এখানে বলছি। সেখানে ও.সি.কে ধরে রেখে তার জামা-কাপড় খুলে আন্ডার প্যান্ট পরিয়ে সারা রাত বসিয়ে রাখা হয়েছিল নভেম্বর মাসে এবং ঐ শীতে তার মাথার টুপিকে জলে ভিজিয়ে নিয়ে মাথায় দিয়ে দেওয়া হয়েছিল—সুতরাং যেখানে পুলিসের জীব দুর্বিসহ হয়ে উঠেছে পুলিশ যেখানে বলে যে আমাদের নিরাপত্তার অভাব সেখানে কি করে সাধারণ মানুষকে পুলিশ প্রটেকশন দেবে, কি করে দেশের আইন-শৃঙ্খলা রক্ষা করবে, কি করে নিরীহ মানুষের পক্ষে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব কিছু করার জন্য সচেষ্ট হোন—ওনার ইচ্ছা আছে, উনি চেষ্টা করলে হয়ত কিছু করতে পারেন । মাননীয় অধ্যক্ষ মহাশয় পাট্টার ব্যাপারে দু-একটি কথা বলি। কংগ্রেস আমলে যারা পাট্টা পেয়েছেন যেহেতু তারা কংগ্রেস সমর্থক সেইহেতু তাদের জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে এবং পাট্টা কেড়ে নেওয়া হচ্ছে কিন্তু সি.পি.এম. সমর্থকদের ক্ষেত্রে এটা করা হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইসব সি.পি.এম. লোকেরা হাইকোর্টের আদেশ অমান্য করছেন। তারা বলছেন হাইকোর্টের আদেশ হাইকোর্টে থাকবে আমরা মাঠে আইন করব এবং সেই আইন মানতে হবে। সারা পশ্চিমবাংলায় এই দুর্বিসহ অবস্থা বিরাজ করছে। মুখ্যমন্ত্রী মহাশয় এই দিকে একটু দৃষ্টি দেবেন। আমি এর পরিপ্রেক্ষিতে বলছি আগামী নির্বাচন যাতে অবাধ এবং সুষ্ঠুভাবে এবং দুর্নীতিমুক্ত হয় সে বিষয়েও দৃষ্টি দেবেন। আপনি জানেন, কো-অর্ডিনেশন কমিটির একটা প্যারালাল সংস্থা আছে। আমি জানি আপনারা এখান থেকে তাদেরকে নির্দেশ দিয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দিয়েছেন যে নিজেদের মেশিনারি ঠিক কর। প্রতিটি সাব-ডিভিসন থেকে আরম্ভ করে জেলা স্তর পর্যন্ত কট্টর সি.পি.এম-এর সমর্থক যারা রিগিং করতে পারে সেই সমস্ত লোকেদের বসাচ্ছে এবং এখন থেকে তাদের রিগিং মেশিনারি স্টার্ট হয়ে গেছে। আমি আশঙ্কা করছি গ্রামাঞ্চলে এবং শহরাঞ্চলে এই সমস্ত কো-অর্ডিনেশন কমিটির সদস্যরা ভোট করতে দেবে কিনা? গ্রামাঞ্চলে পঞ্চায়েত সদস্যরা বলে দিচ্ছে যারা কংগ্রেস বা অন্যান্য দলকে ভোট দেবে তাদের ভোট দিতে যেতে দেব না—এইভাবে তাদেরকে জানিয়ে দিচ্ছে। শুধু তাই নয় তাদেরকে হুমকি দিচ্ছে, মজুরি বন্ধ করব, ধান লুঠ করব, আগুন লাগিয়ে দেব—এইভাবে তাদেরকে ভয় দেখানো হচ্ছে। ভোটার লিস্ট তৈরি করা শুরু হয়েছে। এই ভোটার লিস্টে দেখতে পাচ্ছি কারচুপি হচ্ছে। যাদের বয়স ২১ বছরের কম যেহেতু তারা সি.পি.এমের সমর্থক সেহেতু

তাদেরকে ভোটার লিস্টে নাম ঢোকানো হচ্ছে। যাদেরকে ভোটার তালিকা সংশোধন করবার জন্য নিযুক্ত করা হচ্ছে তারা সি.পি.এমের ক্যাডার। মুর্শিদাবাদ জেলার নবগ্রাম কেন্দ্রে ভোটের তালিকা সংশোধনের কাজ শুরু হয়েছে। যিনি ভোটার তালিকা সংশোধন করছেন তার নাম প্রশান্ত ভট্টাচার্য, কৃষক সমিতির সম্পাদক, সি.পি.এম পার্টি ক্যাডার। যারা ২০ বছরের নিচে তাদের ভোটার তালিকায় নাম দেওয়া হয়েছে। আবুল হায়াত-বয়স ১৪, কালু শেখ-বয়স ১৪, চামেলী হোসেন-বয়স ১৫ (থানা-নবগ্রাম, ৩নং মহরুল-গ্রাম ইটের শরান। এই সমস্ত কম বয়সী লোকেদের ২১ বছর করে তাদের নাম লিস্ট করা হচ্ছে যেহেতু, তারা সি.পি.এমের সমর্থক। এছাড়া অন্য লোকেদের নাম লিস্ট করা হচ্ছে না। ১.১.৭৯ তারিখে যাদের বয়স ২১ বছর হয়েছে তাদের নাম ভোটার লিস্টে নেওয়া উচিত কিন্তু এই রকম বহু ক্ষেত্রে যারা সি.পি.এম সমর্থক নন তাদের নাম লিস্ট করা হচ্ছে না কিন্তু সমর্থকদের বেলায় করা হচ্ছে। একথা বিধানসভায় আলোচিত হয়েছে। প্রাথমিক শিক্ষকদের এনুমারেটর হিসাবে নিয়োগ করা হচ্ছে এবং যারা সি.পি.এমের সমর্থক তাদের নিচ্ছে। যেখানে নেই সেখানে অন্য জায়গা থেকে নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি থেকে নিয়ে এসে এনুমারেটর হিসাবে নিয়োগ করা হচ্ছে এবং ভোটার লিস্ট তৈরি করা হচ্ছে যারা এইসব কাজ করে আসছে তাদেরকে বাদ দিয়ে বে-আইনি ভাবে এই সমস্ত লোকেদের নিয়োগ করা হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি দয়া করে যদি চেষ্টা না করেন তাহলে পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা পরিস্থিতি, এইসব

[4-30 — 4-40 P. M.]

কারচুপি বন্ধ করা যাবে না।সুতরাং সামনে যে নির্বাচন সুষ্ঠু এবং অবাধ হবে না—এ বিষয়ে কোনও সন্দেহ নেই। তাই আজকে মাননীয় সদস্য শ্রী প্রবোধ সিন্‌হা মহাশয় যে মোশনটা এনেছেন আমি তার সঙ্গে একমত যে সমস্ত জেলাস্তরে প্রতিটি ক্ষেত্রে সর্বদলীয় কমিটি করা হোক। এই আবেদন করে ইমাজুদ্দিন সাহেবের মোশন কে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হচ্ছে। কিন্তু সরকার পক্ষের সদস্যরা ব্যাপারটাকে যেন খুব হালকা ভাবে নিচ্ছেন বলে মনে হচ্ছে। আমার মনে হয় বিরোধীদলের কাছ থেকে সাহায্য করার জন্য যে মোশনটা এসেছে এটা যদি ভালো করে শোনেন মনে হয় নিশ্চয় ভালো হবে। কারণ বহু জিনিস আছে যেটা সরকারি কাঠামোর মধ্যে দিয়ে মুখ্যমন্ত্রীর কাছে পৌছায় না, সেটা বলবার—সে বিষয়ে বলবার সুযোগ বিধানসভায় আছে। আমরা গণতন্ত্রে বিশ্বাসী এবং আমরা জানি যে সমস্ত মাননীয় সদস্যরা আমার বলায় বাধা সৃষ্টি করছেন আগে তাদের দলেনেতা শ্রী জ্যোতি বসু মহাশয় এখানে বসতেন, ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে, তিনি বক্তব্য রাখতেন তখন বিধানসভার পরিবেশ যেমন ছিল এখন সেরকম নয়, কারণ বিরোধী দলের বক্তৃতা শোনার এবং শোনার পর ,তার যথাযথ মর্যাদা তারা দিতেন। পশ্চিমবাংলার এখন খুবই দুর্ভাগ্যজনক ব্যাপার যে পশ্চিমবাংলায় জঙ্গলের রাজত্ব কায়েম হয়েছে, অন্ধকারের মধ্য দিয়ে পশ্চিমবাংলায় পুলিশ শাসন প্রচলিত হচ্ছে। যে সময় আমরা একটা সুনির্দিষ্ট জরুরি বিষয়ে আলোচনা করছি ঠিক তার আগে গত বিধানসভার অধিবেশনে পুলিশ বাজেটে কয়েক কোটি টাকা বাড়িয়ে দেওয়া হয়েছে। কারণ এই সরকার জানেন সরকার চালাতে গেলে পুলিশ দিয়ে ছাড়া চলবে না এবং

সেটা জ্যোতিবাবুও বুঝেছেন। স্বর্গীয় ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে তিনি বলতেন শিক্ষা খাতে টাকা বাড়ান, পুলিশ খাতে টাকা বাড়িয়েছেন। তিনি জানেন পুলিশ দিয়ে রাজত্ব চালাতে হবে, পুলিশ ছাড়া রাজত্ব চলবে না। পুলিশ দিয়ে রাজত্ব চালিয়ে পুলিশ শাসন কায়েম হলে পশ্চিমবঙ্গের স্বাধীন গণতন্ত্রের মর্যাদা যে কোথায় গিয়ে দাঁড়াচ্ছে তা কেউ না জানলেও আজকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জানেন। তিনি বহুদিনের সংগ্রামী ব্যক্তি। আজকে আমি জানি কিছুদিন আগে পশ্চিমবঙ্গে কিছু বুদ্ধিজীবী লোক রুল অফ ল তৈরি করার জন্য কালো কোট গায়ে দিয়ে তারা মিছিল করেছেন বক্তৃতা করেছেন। আমি জানি পশ্চিমবঙ্গে রুল অফ ল আপাতত নেই, আইনের শাসন নেই, পশ্চিমবঙ্গের কোনও জনসাধারণের স্বার্থে সুরক্ষিত হতে পারছে না।

(গোলমাল)

আজকে আমাদের কণ্ঠরোধ করা যাবেনা, আপনারা না জানলেও পশ্চিমবঙ্গে এক শ্রেণীর মানুষ আছেন যারা এই ২৮৪ কিম্বা ৩০০ জন নয়, তারা বিচার করবেন যে বিরোধী দলের সদস্য সত্য বাপুলি বক্তৃতা করলে তার প্রতি কটাক্ষ করা হয়েছে। আজকে আলোচনা করে একটা কথা সিদ্ধান্তে পৌঁছাতে হয় যে আজকে পশ্চিমবঙ্গে রাজত্ব চালাচ্ছে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ক্যাডাররা, পুলিশ এখানে আছে, কিন্তু আইন নেই, আইনের শাসন নেই। তা যদি থাকত তাহলে পশ্চিমবাংলায় বর্তমান সরকারের যে কোনও নীতি নির্ধারিত হত না আলিমুদ্দিন স্ট্রিট থেকে মন্ত্রী পরিষদে বসে আলোচনা করেই তা ঠিক হত। কিন্তু আমরা জানি যারা জন প্রতিনিধি নন তাদের সিদ্ধান্ত অনুসারে এখানে কাজ করা হচ্ছে। আজকে দুর্ভাগ্যের বিষয় আমরা যখন আলোচনায় অংশ গ্রহণ করছি তখন মুখ্যমন্ত্রীর একটা কথা আমার মনে পড়ে গেল। তিনি বলেছিলেন ৬৭-৬৯ সালে তাদের ১১ শত কর্মী নিহত হয়েছিল। আমরা হিসাব দিতে পারি যে আমরা এই ক মাসে ১৩ শত জন কর্মীকে হারিয়েছি। আমরা জানি এই কাজ কাদের দ্বারা হচ্ছে। আমরা শুনতে পাই এখানে আইন শৃঙ্খলা নাকি খুব ভালো ভাবে চলছে। কিন্তু কয়েকমাস আগে পুলিশ কমিশনার বলেছিলেন যে, পশ্চিমবাংলার মধ্যে কলকাতায় রাহাজানি, ডাকাতি, ছিনতাই বেড়ে গেছে। আমি জানি না তার এই অভিমতের জন্য চাকরির এখনও ছেদ হয় নি কেন— কারণ তিনি এখনও আছেন। আমরা যখন আলোচনা করছি তখন দেখছি পশ্চিমবাংলায় গড়ে সাড়ে তিন জন লোক খুন হচ্ছে। যদি ২৭ মাস এই সরকার চলে তাহলে কয়েক হাজার লোকের মৃত্যু পশ্চিমবাংলায় হবে। পশ্চিমবাংলায় যে আইন নেই তার এক একটা করে দৃষ্টান্ত দেব। আমরা জানি প্রকাশ্য দিবালোকে বাস থেকে টেনে নিয়ে এসে লোককে যখন খুন করা হয় তার পরেও কি বলব যে আইন আছে? খুনি কেসের আসামি যদি থানায় গিয়ে বসে থাকে এবং দারোগা যদি তাকে গ্রেপ্তার করার অধিকার না থাকে তাহলেও কি বলব যে পশ্চিমবাংলায় আইনের শাসন আছে? হাজার হাজার লোকের বিরুদ্ধে গ্রেপ্তার করার জন্য গ্রেপ্তারি পরোয়ানা জারি করা সত্ত্বেও তাদের এক জনকেও গ্রেপ্তার করা হচ্ছে না কারণ তারা সি.পি.এম-এর সমর্থক। আমরা জানি একজন মন্ত্রীর বাড়িতে কয়েকজন আসামি পালিয়ে গিয়ে যখন আশ্রয় নিয়েছিল তখন তিনি স্বয়ং টেলিফোন করে থানায় বলেছিলেন যে ওরা আমাদের বাড়িতে আছে তাদের ধরা যাবে না। আমি জানি না কোনও সভ্য দেশে মন্ত্রী খুনি কেসের আসামিকে এইভাবে

আশ্রয় দেন এবং বলেন যে তাকে গ্রেপ্তার করা হবে না। এই সরকারই মরিচঝাঁপি উদ্বাস্তুদের গুলি করে এখান থেকে ফেরত পাঠিয়ে দিয়েছেন। সেখানে পুলিশের সঙ্গে সমাজ বিরোধীরা কাজ করছে। হালিম সদ্দার এর বাড়িতে যা হল সেটা কি আইন শৃঙ্খলার নিদর্শন? নদীয়ার যা হয়েছে সেটা কি আইন শৃঙ্খলার নিদর্শন? যতগুলি বড় বড় জায়গায় খুন খারাপি হচ্ছে তার একটা জায়গাতেও পুলিশ সি.পি.এম কর্মীদের গায়ে হাত দিচ্ছে না। বাসন্তি থানায় সি.পি.এম ও আর. এস. পি. দ্বন্দ্বে আর এস পিদের গ্রেপ্তার করা হয়েছে কিন্তু সেখানে সিপিএম এর গায়ে হাত দেওয়া যায় নি। আমরা জানি আর এস পি বা ফরোয়ার্ড ব্লকের বন্ধুরা এই রকম অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করার ক্ষমতা হারিয়ে ফেলেছেন। আমরা ২০ জন বিধনাসভায় থাকলেও আমরা বিধান সভার মধ্যে থেকেই পশ্চিমবাংলার মানুষের দুঃখ দুর্দ্দশার কথা তুলে ধরব। আপনারা এর জন্য বিদ্রুপ করতে পারেন। তারা যে কষ্ট পাচ্ছে তার কথা আমি তুলে ধরবই। আমরা জানি মুখ্যমন্ত্রীর এলাকা সাত্তাছিয়া থেকে ১৫৬ জন লোক চলে এসে আমাদের কংগ্রেস অফিসে আজও পর্যন্ত বসবাস করছে। সেখানে আইনের শাসন প্রবর্তন আছে বলে তারা আজও সেখানে যেতে পাচ্ছেন না। এখানে বিধান ভিজিটার্স পাশ দিয়ে যাদের আপনি বসার সুযোগ করে দিয়েছেন তারা জানেন যে তাদের কথা পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীকে বললেও কোনও কাজ হবেনা। কারণ প্রত্যেকটা জায়গায় তার পার্টির লোক ইনভলভ। পরেশ পাত্র প্রাথমিক স্কুলের শিক্ষক যার ২০ বিঘা জমি আছে তিনি সি পি এম-এর অত্যাচারে চাষ করতে পাচ্ছেন না, স্কুলে যেতে পাচ্ছেন না এবং কোনও দিন রায়দীঘি, কোনও দিন কলকাতা বা কোনও দিন এম এল এ হোস্টেলে থাকেন। তাকে

[4-40 — 4-50 P.M.]

বলা হচ্ছে তোমার এই জমিগুলি আমাদের কমরেডদের দিতে হবে। এই বিষয়ে তার যে দরখাস্ত আমার কাছে আছে সেটা আমি দিয়ে দিচ্ছি। অমূল্যচরণ মণ্ডল একজন তফসিলি ভাই তিনি বাড়ি ছাড়া হয়ে স্ত্রী পুত্র পরিবার নিয়ে ডায়মন্ডহারবারে আছেন। তার বাড়ি দেওরথ—সেখানে একতলা বাড়ি আছে। কিন্তু সেখানে তার যাবার অধিকার নেই কারণ সেখানে গেলে তাকে হত্যা করা হবে। প্রভাত হালদার তিনিও গ্রাম ছেড়ে চলে এসেছেন। এই রকম অনেক উদাহরণ ও দরখাস্ত আমার কাছে আছে। পশ্চিমবাংলার লোকের কাছে একটা কথা যে পুলিশ শাসন ও স্বাধীনতা থাকবে কি না নাকি পশ্চিমবাংলায় জঙ্গলের রাজত্ব প্রতিষ্ঠিত হবে। প্রত্যেকটি থানায় সি.পি.এম-এর লোকেরা পুলিশকে কন্ট্রোল করছে এবং সেখানে বসে তারা নির্দেশ দিচ্ছে কোনটা কেস হবে কোনটা হবে না। মুখ্যমন্ত্রী জানেন এক দিন রাত ১০ টার সময় ডায়মন্ডহারবার থেকে তাকে টেলিফোন করেছিলাম কিন্তু তিনি না থাকায় তার সিকিউরিটি এই ম্যাসেজটি ধরে রাখেন, লক্ষ্মণ দাস কে হরেকৃষ্ণ জানা ৫০ জন লোক নিয়ে এসে তাকে বাড়ি থেকে নিয়ে গিয়ে হত্যা করবার চেষ্টা করেছিল। কিন্তু সিকিউরিটি ভদ্রলোক ম্যাসেজ ধরে রাখার জন্য আমরা দেখলাম যে রাত ২টার সময় পুলিশ ডায়মন্ডহারবারে গিয়ে সেই লক্ষ্মণ দাসকে উদ্ধার করে তাকে মারধোর করে এবং তার বিরুদ্ধে একটা কেস দিয়ে তাকে চালান করে দেওয়া হল। কিন্তু যারা মারধোর করল তাদের বিরুদ্ধে কোনও কিছু করা হল না অর্থাৎ যারা পুলিশের কাছে গিয়ে অভিযোগ করে তাদের বিরুদ্ধেই যা কিছু করা হচ্ছে কিন্তু যারা মারধোর করছে তাদের কিছু পুলিশ করছে না।

আমি জানি না এটা আইনের শাসন কিনা। এটাই প্রমাণ করে কিনা আইন-শৃঙ্খলা বজায় আছে? আজকে গ্রামের চাষীদের কাছে জিজ্ঞাসা করুন কৃষক সমিতিতে চাঁদা না দিলে তারা শ্রমিক পাঠাবে না, শ্রমিক যদি না যায় তাহলে চাষ হবে না। অত্যাচার একের পর এক চলেছে, কিন্তু মুখ খুলে কথা বলার কারও ক্ষমতা নেই। পশ্চিমবাংলায় রুল অব ল নেই, রেন অব টেরর ইজ প্রিভেলিং ফ্রম ওয়ান কর্নার টু অ্যানাদার কর্নার অব দি স্টেট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বক্তব্য রাখলাম এই বক্তব্যের সত্যাসত্যতা সম্বন্ধে জানবার যদি মাননীয় মুখ্যমন্ত্রী নিজে সজাগ হন এবং এই ব্যাপারে প্রমাণ নেবার চেষ্টা করেন তাহলে আমি বলব তার পরিচ্ছন্ন প্রশাসনে হয়ত আমরা তাকে কিছু সাহায্য করব। এর মধ্যে ধরে নিতে পারেন যদি বারো আনা সত্য থাকে তাহলে এটা আপনার হাত শক্ত করবে, আপনার নির্ভিক আচরণে আমাদের বিশ্বাস আছে। পশ্চিমবঙ্গের সামনে যে দিন আসছে এই দিনে পুলিশ প্রশাসন এবং গুন্ডা বাহিনী নিয়ে অবাধ নির্বাচন সম্ভব নয়। যদি সম্ভব না হয় তাহলে আগামী দিনে পশ্চিমবঙ্গে যে নির্বাচন হবে সেই নির্বাচনে পশ্চিমবঙ্গের মানুষ তাদের মনের কথা বলতে পারবে কি করে, তারা যেটা চাইবে সেটা করতে পারবে কি করে? পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের মুখ বন্ধ করা হচ্ছে।

(তুমুল হট্টগোল)

আজ এখানে তার প্রমাণ পাচ্ছি। এখানে মাত্র আমরা কয়েকজন লোক আছি, আমরা পরিষ্কার করে কথা বলতে পারছি না। পশ্চিমবঙ্গের ৩ কোটি মানুষ নির্ভয়ে কথা বলতে পারছে কিনা আজকে আপনাদের আচরণ সেটা বলে দিচ্ছে। যারা বিধানসভার সদস্য তাদের যদি এখানে কথা বলার সুযোগ না দেয় তাহলে আপনাদের ক্যাডাররা গ্রামে কি আচরণ করছে সে সম্বন্ধে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি এবং এই মোশনকে সর্বান্তকরণে সমর্থন করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আইন-শৃঙ্খলা রক্ষার উপর যে প্রস্তাব এসেছে তার উপর বলতে গিয়ে আমার বক্তব্য হচ্ছে এই যে আজকে কে বললে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে? ভারতবর্ষের বৃহৎ শিল্পপতি টাটা বিড়লা জোতদার মহাজন তাদের শোষণ অত্যাচার আক্রমণের বিরুদ্ধে দেশে কোটি কোটি নিপীড়িত শোষিত মানুষের যে সংগ্রাম গণ-আন্দোলন তাকে কঠোর হস্তে দমন করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের পুলিশ প্রশাসন দমন নিপীড়নের দিক থেকে অতীতের কংগ্রেস সরকার জনতা সরকারকেও হার মানিয়েছে। ভারতবর্ষের মালিক শ্রেণীর স্বার্থে বামফ্রন্ট সরকারের আইন-শৃঙ্খলা প্রশাসন অত্যন্ত তৎপর, কিন্তু ভারতবর্ষের শ্রমিক চাষী খেটে খাওয়া মানুষের স্বার্থ রক্ষা করার অর্থে বামফ্রন্ট সরকারের রাজত্বে আইন-শৃঙ্খলা বাস্তবিকই বিপন্ন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই রাজ্যে আজকে যে মূল্যবৃদ্ধির সমস্যা, এখানকার প্রাইস ম্যানিপুলেটরস, যারা ফাটকা ব্যবসায়ী অসাধু ব্যবসায়ী কালোবাজারি তারা আইনকে লঙ্ঘন করে ভায়োলেট করে বৃদ্ধাঙ্গুষ্ঠী দেখিয়ে দেশের লক্ষ লক্ষ মানুষের জীবনে সর্বনাশ ডেকে আনছে। এই বামফ্রন্ট সরকার তার পুলিশ, প্রশাসন এবং আইন শৃঙ্খলা কিভাবে চালাচ্ছেন তার একটা মর্মান্তিক নজির আমি আপনাদের কাছে তুলে ধরছি। গত ৩১শে আগস্ট শহিদ দিবসে পশ্চিমবাংলার জেলায় জেলায় এস ইউ সি-র নেতৃত্বে যখন এই

[4-50 — 5-00 P.M.]

মূল্যবৃদ্ধি, বিদ্যুৎ সংকট এবং বামফ্রন্ট সরকারের ভাষা ও শিক্ষা নীতির প্রতিবাদে গণ আইন অমান্য আন্দোলন হচ্ছিল তাতে হাজার হাজার মানুষ যোগদান করে তাদের প্রতিবাদ জ্ঞাপন করেছে এবং ওই আইন অমান্য আন্দোলনে অংশ গ্রহণ করেছে। কিন্তু আপনারা শুনলে অবাক হবেন বামফ্রন্ট সরকারের পুলিশ নির্মমভাবে সেই সমস্ত আইন অমান্যকারিদের উপর লাঠিচার্জ করেছে, টিয়ার গ্যাস চালিয়েছে। আমি এই প্রসঙ্গে আপনাদের কাছে বীরভূম জেলার মর্মান্তিক ছবি তুলে ধরছি। ৩১শে আগস্ট ছিল আইন অমান্য আন্দোলনের দিন। কিন্তু দেখলাম তার আগের দিন রাত্রিবেলায় সেখানে ১৪৪ ধারা জারি করা হয়। ভূতপূর্ব মন্ত্রী শ্রীমতী প্রতিভা মুখার্জির নেতৃত্বে সেখানে ৮ হাজারের উপর মানুষ আইন অমান্য করেন। শুনলে আশ্চর্য হবেন, ১৪টি থানার ও.সি-কে সেখানে নিয়ে আসা হয়, ব্যাটিলিয়ান পুলিশ নিয়ে আসা হয় এবং মহিলা পুলিশও নিয়ে আসা হয় এবং তাদের দিয়ে লাঠিচার্জ করে। শুধু তাই নয়, আরও খবর হচ্ছে যে, সাংবাদিকদের ক্যামেরা সিজ করা হয়। আরও অদ্ভুত ব্যাপার হচ্ছে পুলক সান্যাল যিনি সি পিএম কন্ট্রোল্ড পুলিশ ইউনিয়নের সেক্রেটারি তিনি হচ্ছেন একজন ওয়ারলেস অপারেটর এবং তিনিই লাঠিচার্জ শুরু করেন। আমি জানতে চাই কে তাকে অথরিটি দিল এই কাজ করতে? এই ঘটনা বীরভূম জেলায় ঘটেছে এবং পি ডবলিউ ডি-র অফিসে ঢুকে ৩ জনকে প্রচন্ড মার দিয়েছে। তারপর, ডায়মন্ডহারবারেও এই ঘটনা ঘটেছে। সেখানে গুরুপদ হালদারের নেতৃত্বে ৭ হাজারের মতো মানুষ আইন অমান্য করে এবং দেখা গেল সেই সমস্ত আইন অমান্যকারিদের ঢুকিয়ে দেওয়া হল একটা তারের বেড়ার মধ্যে এবং তারপর বলা হল আপনারা অ্যারেস্টেড। এরপর দেখা গেল একদিকে নাম লেখা হচ্ছে এবং অন্য দিকে লাঠি চালানো হচ্ছে, টিয়ার গ্যাস চালানো হচ্ছে আসিড বালভ, সোডা ওয়াটার ছোড়া হচ্ছে এবং তার ফলে নারী, বৃদ্ধ এবং শিশু নির্বিশেষে আহত হয় অনেক মানুষ এবং তারা এখনও হাসপাতালে রয়েছে। বহরমপুরেও এই ঘটনা ঘটেছে। তবে সেখানে অন্য পন্থা নিয়েছে। এস ইউ সি-র নেতা প্রাণ গোপাল বসাকের নেতৃত্বে সেখানে আইন অমান্য হয়, কিন্তু তাদের ঢুকতে দেবেনা এই পন্থা সেখানে নেওয়া হয়েছে। কিন্তু তা সত্ত্বেও সেখানে আড়াই হাজার লোক আইন অমান্য করে। বর্ধমান জেলায় আইন অমান্যকারিদের উপর, মহিলাদের উপর প্রচন্ড নির্যাতন করা হয়েছে। পুরুলিয়াতে লাঠিচার্জ করা হয়নি, কিন্তু ১৪৪ ধারা জারি করা হয়েছে। সেখানে মানননীয় সদস্য বিজয় বাউড়ির নেতৃত্বে ৮ হাজার মানুষ আইন অমান্য করে এবং এইভাবে প্রায় ৫০ হাজার মানুষ সমস্ত পশ্চিমবাংলায় আইন অমান্য করে। স্যার, এই বামফ্রন্ট সরকার নির্মম অত্যাচারের দিক থেকে কংগ্রেস সরকার এবং জনতা সরকারকে হারিয়ে দিয়েছে। আজকে তারা একদিকে অপারেশন বর্গার কথা বলে বর্গাদারদের জন্য চোখের জল ফেলছেন এবং অন্য দিকে সেই বর্গাদারদের উপরেই অত্যাচার করছেন। ক্যানিং থানায় ইটখোলা, নিকারাঘাট এবং গোপালপুর এই ৩টি অঞ্চলে গত জানুযারি মাস থেকে একটা রেন অব টেরর চলছে। গত ২৫শে জুলাই ক্যানিং থানার ইটখোলা অঞ্চলে এবং খেটকা গ্রামে সি পি এম-এর নেতৃত্বে কিছু জোতদার এবং পুলিশ আমাদের দলের কর্মী কমরেড ইয়াকুব মোল্লা এবং নুর হোসেনের উপর ঐক্যবদ্ধভাবে আক্রমণ চালায়। এবং গুলি বিদ্ধ হয়ে সেখানে কমরেড ইয়াকুব মোল্লা এবং নুরুল হোসেন

গাজী জখম হয়েছে। তার কোনও প্রতিবিধান হয়নি। ঐ ইটখোলা অঞ্চল সম্বন্ধে আমি ইতিপূর্বে বিধানসভায় উল্লেখ করেছিলাম গত জানুয়ারি মাসে, সেখানে শান্তিপূর্ণ চাষীদের উপর আক্রমণ হয়, সেখানে গুলিবিদ্ধ হয় সি.পি.এম সমর্থিত জোতদারদের আক্রমণে, সমাজবিরোধীদের আক্রমণে গুলিবিদ্ধ হয়ে কয়েকজন চাষী তারা জখম হয়—এই জিনিস হয়েছে। আপনারা শুনলে আশ্চর্য হয়ে যাবেন এই ক্যানিং থানার ইটখোলা, গোপালগঞ্জ, নিতাইঘাটা অঞ্চলে নারকীয় হত্যা কান্ড চলছে, এবং সেখানে সবাই জানেন যেহেতু এস.ইউ.সি.র নেতৃত্বে কংগ্রেস আমল থেকে গরিব চাষীরা ঐ জোতদারদের শত শত বিঘা বেনামী জমি উদ্ধার করে তারা ঐ সমস্ত গবির চাষীদের পাইয়ে দিয়েছে, ফলে আজকে সেই গরিব চাষীদের বিরুদ্ধে জোতদাররা আজকে সি.পি.এম সমর্থিত হয়ে আজকে চাষী মজুর খেটে খাওয়া মানুষদের একমাত্র অবলম্বন এস.ইউ.সি সংগঠনের উপর তাই এদের উপর হামলা চালানো হচ্ছে। আপনারা শুনলে আরও আশ্চর্য হয়ে যাবেন এই যে নারকীয় হত্যা কান্ডের যিনি হোতা—তার নামটি জেনে রাখুন তিনি একজন কুখ্যাত জোতদার, কন্ট্রাক্টার—তার নাম বারীন রায়। ইটখোলা অঞ্চলে তিনি অঞ্চল প্রধান এবং ঐ ভদ্রলোক তিনি ঐ অঞ্চলে ইন্দিরা কংগ্রেসের সভাপতি। সেই বারীন রায় সি.পি.এম.এর সমর্থনে ইটখোলা অঞ্চলের অঞ্চল প্রধান হয়েছেন। ফলে সি.পি.এম.এর এই ইন্দিরা কংগ্রেসি বিরোধী নক্সাটা সেটাও আপনারা একটু বুঝে নিন। ইন্দিরা কংগ্রেসের বিরুদ্ধে সি.পি.এম.এর সভাপতির নক্সাটা আপনারা বুঝে নিন। ফলে এই বারীন রায় কংগ্রেসি জোতদার সি.পি.এম. সমর্থন পুষ্ট হয়ে এই নির্যাতন চালাচ্ছেন। এই সমস্ত হামলার বিরুদ্ধে সেখানে থানায় ডেপুটেশন দেওয়া হয়েছে কিন্তু আরও মারাত্মক আজকে সেজন্য আমাদের বিরুদ্ধে আমাদের নেতৃস্থানীয় কমরেডদের বিরুদ্ধে ঘর জালাচ্ছে ডিস্ট্রিক্ট লীডার তাদের ঘর জালানো হচ্ছে, অদ্ভুত কথা। আরও আমি যে কথা বলতে ভুলে গেলাম ডায়মন্ডহারবার আন্দোলনে সেখানে যাদের গ্রেপ্তার করা হয়েছিল—গত ৩১তারিখে তাদের সবাইকে ছাড়া হয়নি। ৭ জনকে বাছাই করে লীডার হিসাবে ছেড়ে দিয়েছেন রেণুপদ বাবু এবং অন্যান্যদের কিন্তু এখনও ২৯ জনকে তাদের নামে মিথ্যা কেস দিয়ে আটক রাখা হয়েছে। এদিকে বামফ্রন্ট সরকার বলছেন যে গণঅন্দোলন এ রাজনৈতিক স্বীকৃতি দেওয়া হবে। পলিটিক্যাল প্রিজনার হিসাবে তাদের স্বীকৃতি দেওয়া হত। অথচ তারা কংগ্রেস আমলের মতন নক্কারজনক পদ্ধতি তারা বেছে নিচ্ছেন। কংগ্রেসের পথই তারা বেছে নিয়েছেন। আমি আরও বলতে চাই নদীয়াতে যে হত্যাকান্ড হয়ে গেল সেটা অত্যন্ত মর্মান্তিক আমি নিজে ঘুরে দেখে এসেছি চাপড়া এলাকা পর্যন্ত, আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে ব্যক্তিগত ভাবে চিঠি দিয়েছি—সেখানে পুলিশ প্রশাসনের যে জঘন্য অত্যাচার, আইন শৃঙ্খলা বলে সেখানে কিছুই ছিল না। সেখানে পুলিশের সামনে কৃষ্ণনগর টাউনের উপর গোহাট সেটা পর্যন্ত লুঠ হয়ে গেল। আজকে ভাজাচৌরি গ্রাম কাঠিখানা—যে কথা কাশীবাবু বলছিলেন, আমি স্যার, নিজে ঘুরে দেখে এসেছি সেখানে তিন দিন ধরে রেন অব টেরর চলেছে। ১০০ মতন বাড়ির উপর অত্যাচার করা হয়েছে, আমি নিজে দেখে এসেছি। সেখানে ও.সি. তিনি টেরর শুরু করেছিলেন বাড়িতে বাড়িতে। আজকে প্রশ্ন হচ্ছে আইন শৃঙ্খলা কোথায়, আজ যদি দেশে আইন শৃঙ্খলা থাকে তা আছে জোতদার শ্রেণীর স্বার্থে—তারা শান্তিতে বসবাস করছে। গরিব চাষীদের শান্তি রক্ষার আইন শৃঙ্খলা বলতে কিছু নাই। এই কথা বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 P.M.]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় স্পিকার, স্যার, জনতা দলের পক্ষ থেকে প্রস্তাব উত্থাপিত হল। কংগ্রেস, ইন্দিরা কংগ্রেস এবং সব শেষে একেবারে সাচ্চা আগমার্কা শিবদাসবাদী পার্টি এস.ইউ.সি.র পক্ষ থেকে একটা জোরাল সমর্থন জানানো হল। আমি এক এক করে সবার বক্তব্যের কিছু কিছু কথায় আসব। সর্বপ্রথমে এককথায় জানিয়ে দিই যে উত্থাপিত প্রস্তাব এবং তার উপর সমস্ত সংশোধন যা আছে তার সবগুলির আমি বিরোধিতা করছি। এস.ইউ.সি.র সমর্থন শুনে এবং সমস্ত বক্তব্যের অন্তিমে তার বক্তব্যের ধারা দেখে আমার মনে হল, মাননীয় স্পিকার মহাশয়, যে বাংলায় একটা প্রবচন আছে এই সব ঘটনাকে এক কথায় প্রকাশ করা তাকে বলে আমের থেকে আঁটি বড়। গলার জোর থাকলেই আর যেকোনওভাবে, যে কোনও সঙ্গীতে হস্তপদ সঞ্চালন করে বক্তব্য রাখলেই সেই বক্তব্য গ্রহণযোগ্য হবে এটা ভাবার কোনও কারণ নেই। আমি যে কথায় আসছি, এই প্রস্তাব রাজনৈতিক প্রণোদিত প্রস্তাব। একটা গভীর ষড়যন্ত্র আসন্ন মধ্যবর্তী নির্বাচনকে কেন্দ্র করে ওরা যা করতে যাচ্ছেন তার এই পটভূমিকা হচ্ছে এই গোলাকৃতি বিধানসভার যে শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে এখানে অবাধ সুযোগ আছে এখানে যার যা ইচ্ছা তা বলার সুযোগ আছে, সেই সুযোগের অপব্যবহার করে একটা ষড়যন্ত্রের জাল বিস্তার করার জন্য ওরা অটল, এই উদ্দেশ্যে এই প্রস্তাবের সম্পূর্ণ বিরোধিতা করতে চাই। একটা হীনমন্য দৃষ্টিভঙ্গি থেকে এবং জনগণের থেকে ক্রমে ক্রমে বিচ্ছিন্ন হতে হতে যখন তা শূন্যে ঝুলছে, চোরাবালি পায়ের তলা থেকে সরে যাচ্ছে, গণ-আন্দোলনের প্লাবন, ভারতবর্ষের মানুষের সংগ্রামী আন্দোলনগুলি যত তীব্র, তীক্ষ্ণ হচ্ছে এবং পশ্চিমবঙ্গে তার বহির্প্রকাশ যত গতিবেগে হচ্ছে স্বাভাবিকভাবেই ওরা তিক্ত হবে, স্বাভাবিকভাবেই ওরা এই সব ঘটনাকে নিয়ে এসে, আইন শৃঙ্খলার প্রশ্ন নিয়ে এসে মধ্যবর্তী আসন্ন নির্বাচনের কান্ড কারখানা করার স্বপ্ন দেখছে। স্বপ্ন দেখবার অধিকার সকলের আছে, সে ব্যাপারে হস্তক্ষেপ করার অধিকার কারও নেই। এমন কি অনেক সময় আমি নিজেও স্বপ্ন দেখব না একথা কেউ বলতে পারে না কারণ স্বপ্ন যে দেখবে সে নিজেও সব সময় জানে না। যাইহোক স্বপ্ন তত্ত্ব আলোচনার জায়গা এটা নয়, স্বপ্ন দেখার অধিকার আছে ওরা দেখুন। তবে রজনীবাবু ও সত্য বাপুলি বাবুর গলার জোর মাঝে মাঝে কেমন যেন একটু বেসুরো বেসুরো লাগল, মাঝে মাঝে কেন যেন একটু মিলিয়ে গেল। কখনো, আবেদন, কখনো করুণা, কখনো শ্লেষ , কখনো ক্ষোভ, অনেক কিছু করার চেষ্টা করলেন কিন্তু সব সময় সেই কথা আইন শৃঙ্খলা নেই, ভয়ঙ্কর অবস্থা। হ্যাঁ, পশ্চিমবাংলায় একটা জায়গায় আইন শৃঙ্খলা নেই, সত্য কথা, সেটা হচ্ছে এই বিধানসভার ভিতরে যেটা ওরা করছেন। মাননীয় বিরোধী দলের সদস্যদের কেউ কেউ যে ব্যবহার করছেন তাতে তারা সমস্ত রীতি, নীতি, শৃঙ্খলা, সমস্তকে চূর্ণ বিচূর্ণ করে দিচ্ছেন। এটা ঠিকই পশ্চিমবাংলার বিধানসভার বাইরের চত্তরের যে অবস্থা সেই অবস্থা এখানে নেই। যদি সেই প্রস্তাব কেউ আনেন আমি সর্বান্তকরণে সেই প্রস্তাব সমর্থন করব। যা করে, যা বলে পার পেয়ে যাওয়ার চেষ্টা এবং যেভাবে একটার পর একটা বক্তব্য রাখার চেষ্টা তার মধ্যে দিয়ে একটা কথা আমি উল্লেখ করতে চাই।

(নয়েজ)

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, তিনি কি বলেছেন শুনুন। এখানকার সভায় আইন

শৃঙ্খলা নিয়ে যদি কোনও প্রস্তাব আসে তিনি সমর্থন করবেন। ইজ ইট নট অ্যাস্পার্শন অন দি চেয়ার? বিধানসভার সদস্য যখন একথা বলছেন তখন হোয়াট ডাজ দিস মীন?

**মিঃ স্পিকার ঃ** বিরোধী পক্ষের সদস্যরা যেভাবে ব্যবহার করছেন তার কন্টেকস্টে একথা তিনি বলেছেন। অন্য কিছু নয়।

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** যাই হোক অধ্যক্ষ মহাশয়, আমি শুধু কয়েকটি দৃষ্টান্ত উল্লেখ করতে চাই, কিন্তু বিরোধী দল এতে ক্ষিপ্ত (নয়েজ) (শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ কিছু বলতে উঠলেন)।

**মিঃ স্পিকার ঃ** আপনাকে বলছি কেন এভাবে পয়েন্ট অব অর্ডার তুলছেন, গভর্নমেন্ট পক্ষের বক্তব্য রাখবেনা কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, যে শৃঙ্খলার কথা উল্লেখ করেছেন, সেটা সত্যনিষ্ঠ ঘটনার মধ্যে দিয়ে প্রমাণ হচ্ছে প্রকৃত অবস্থাটা কি। আজকে ওদের পায়ের তলার মাটি সরে যাচ্ছে, তার জন্যই তারা ক্ষিপ্ত হচ্ছেন। আমি দুই একটি ঘটনার কথা উল্লেখ করতে চাই। বিগত বিধানসভার নির্বাচনে বামফ্রন্ট সর্বসাকুল্যে ভোট পেয়েছিল শতকরা ৪৭ ভাগ। তার এক বছর পরে যখন পঞ্চায়েত নির্বাচন হল সমস্ত নির্বাচন হল সমস্ত গ্রামাঞ্চল থেকে—কয়েকটি শিল্পাঞ্চল এবং শহরাঞ্চল বাদ দিয়ে, পঞ্চায়েত নির্বাচনে গ্রামের মানুষ বিপুলভাবে ভোট দিতে এগিয়ে আসল, তখন দেখা গেল বামফ্রন্ট প্রার্থীরা ভোটের শতকরা ৫৮ ভাগ পেয়েছিল। স্বাভাবিকভাবে যিনি এই প্রস্তাবের প্রস্তাবক শ্রী প্রবোধ

[5-10 — 5-20 P.M.]

চন্দ্র সিনহা তিনি তার সাব-ডিভিসনের কথা উল্লেখ করেছেন, কন্টাই সাব ডিভিসনে পার্লামেন্টের নির্বাচনে বামফ্রন্ট অংশ গ্রহণ করেনি, জনতাকে সমর্থন করেছিল। বিধানসভায় নির্বাচনের সময় সেখানে বামফ্রন্ট থেকে আসনে প্রার্থী দেওয়া হয়ে ছিল, এটা সত্য ঘটনা যে বামফ্রন্টের কোনও প্রার্থী কন্টাই ডিভিসন থেকে জিততে পারেনি, কিন্তু পঞ্চায়েত নির্বাচনে প্রমাণ করল যে সেখানে ৬০ ভাগ ভোট বামফ্রন্ট প্রার্থীরা পেল এবং বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে পঞ্চায়েত ক্ষমতায় আসীন হল। সুতরাং স্বাভাবিকভাবেই প্রবোধচন্দ্র সিনহা মশাই কন্টাইতে যখন থাকেন অনেক ঘটনার কথা উল্লেখ করবেন, যেখানে মানুষ ঘুমিয়েছিল আজকে সেখানে মানুষ জাগতে শুরু করেছে, মানুষ এগিয়ে যাবে। প্রবোধচন্দ্র সিনহা মহাশয় অনেক ঘটনার কথা উল্লেখ করলেন, তিনি এটা স্বীকার করেছেন যে তদন্তের ব্যবস্থা ত্বরান্বিত হয়েছে এমন অনেক ঘটনার কথাও বললেন, একাধিক দৃষ্টান্ত হিসাবে রাখলেন। তিনি ক্ষোভ প্রকাশ করলেন এবং বললেন কুকুরের লেজে লাগিয়ে ঘুরান নিয়ে। মানুষের তো লেজ নেই, বিরোধী দলের কারও লেজ নেই, সরকার পক্ষেরও লেজ নেই, লেজে লাগিয়ে ঘুরাতে গেলে কুকুর এবং এই রকম লেজ সম্পন্ন প্রাণীর লেজে লাগিয়েই ঘুরাতে হবে। পশ্চিমবঙ্গের অবস্থা সম্পর্কে মানে ১৯৭৮ সালে যখন এখানে এসেছিলেন, গ্রান্ড হোটেলে ছিলেন, সাংবাদিক সম্মেলন করেছিলেন, তাতে তিনি কি বলেছিলেন সে সংবাদ যুগান্তরে ৪ঠা নভেম্বরে বেরিয়েছিল। স্মরণ করবেন। এটা গণশক্তি নয়, বা সত্যযুগ নয়, যুগান্তরে বেরিয়েছিল আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি আপনারা পড়ে দেখবেন। মানেকস স্টেটমেন্ট করেছিল তিনি বলেছিলেন ভারতবর্ষের ২২টি রাজ্যের মধ্যে

পশ্চিমবাংলায় শান্তিশৃঙ্খলা জনিত পরিস্থিত সর্বোতকৃষ্ট। পরিসংখ্যানের হিসাব কি? সেটা আজকে বলার দরকার আছে। ওরা সেটা বেশি ভালো করেই জানেন। উত্তরপ্রদেশ বিহার, দিল্লির কি অবস্থা। সেখানে ২ থেকে আড়াই লক্ষ লোক দাঙ্গার কবলে পড়েছিল। ওরা তো আমাদের চেয়ে বেশি দিল্লিতে যান ওরা এটা ভালো করেই জানেন। দিল্লির হোম ডিপার্টমেন্টের রিপোর্ট থেকে এটা পাওয়া গিয়েছে যে সেখানে ১৯৭৮ সালে অপরাধ জনিত মামলা হয়েছে ১৫ হাজার ৫শত। আর সে জায়গায় বম্বেতে হয়েছে ৯ হাজার ৭শত। আর কলকাতায় হয়নি একথা বলব না। কারণ ওদের দলের সব নন্দী ফিরিঙ্গি চেলা-চামুন্ডা সব তো এখানে রয়েছে। কলকাতায় অপরাধজনিত মামলা হয়েছে ৩ হাজার এক শত। ভুতের মুখে রাম নাম আজকে ওদের মুখে এই সব কথা শুনতে হবে? ঐ যে একটা কথা আছে, পাগলে কি না বলে ছাগলে কি না খায়। আজকে ওরা আবার আইন শৃঙ্খলার কথা বলেন। বিহারে ওদের গভর্নমেন্ট আছে সেই জনতা সরকার। আমি বিহার গভর্নমেন্টের রিপোর্ট থেকে বলছি বিহার প্রতি ২১ মিনিটে ৩টি করে চুরি হয় প্রতি ৩০ মিনিটে একটি করে রাহাজানি হয়, প্রতি এক ঘণ্টা ১০ মিনিটে একটি করে দাঙ্গা হয়। আজকে আবার তাদের মুখে আইন শৃঙ্খলার কথা। মাননীয় স্পিকার মহাশয় আপনি নিশ্চয় অবহিত আছেন যে কি কারণে দাঙ্গা হয়। হোম ডিপার্টমেন্টের রিপোর্ট থেকে আমি এখানে সেটা উপস্থিত করছি। ১৯৭৮ সাল থেকে ১৯৭৯ সালের এপ্রিল মাস পর্যন্ত ভারতবর্ষে ১৮৪৩টি দাঙ্গা হয়েছে। এবং তা মূলত হয়েছে লক্ষ্মৌ, আলিগড়, মধ্যপ্রদেশে। এই এক বছর তিন মাসের মধ্যে ১৮৪৩টি দাঙ্গা হয়েছে আর সেই সময় পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের পরিচালিত সরকার থাকায় একটিও দাঙ্গাজনিত ঘটনা ঘটে নি। তাই আজকে ওদের জ্বালা ধরেছে যে কি দরকার এমন মন্ত্রিসভায়? আর অন্য দিকে এম.এল.এ.খুন, রাজনৈতিক দলের লোক খুন চুরি ডাকাতি রাহাজানির সংখ্যা? পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার দেশের ৪ কোটি মানুষকে ঐক্যবদ্ধ করে ভারতবর্ষের মানুষদের কাছে একটা দৃষ্টান্ত সৃষ্টি করেছে। আজকে পশ্চিমবাংলার মানুষকে ঐক্যবদ্ধ করে তাদের এগিয়ে নিয়ে গিয়েছে। আজকে ওদের কাছে শুনতে হবে শান্তিশৃঙ্খলার কথা? আজকে খবরের কাগজ পড়ে দেখবেন যে কি ঘটনা ঘটছে ঐ জামশেদপুরে, আলিগড়ে। একই জনতা ওখানে আগেও ছিল। রাজনারায়ণের বক্তব্য কি? কাদের সম্পর্কে ইঙ্গিত করছে? তারাই এখানে প্রস্তাব করছে যে আইন শৃঙ্খলা নেই, এই সরকার ব্যর্থ সুতরাং সর্বস্তরে কমিটি চাই। সংশোদীয় গণতন্ত্রের প্রতি আস্থা হারিয়েছে। ইন্দিরা কংগ্রেস আস্থা অনেক দিন আগেই হারিয়েছিল। জনতা দল শেষ পর্যন্ত সংশদীয় গণতন্ত্রের প্রতি আস্থা হারাল। কি করে সর্বদলীয় কমিটির কথা আসে? ভোটের পরীক্ষায় বার বার উত্তীর্ণ হয়েছি। আগামীদিনে অনেক সুযোগ পাবেন। যান না মাঠে, ময়দানে প্রান্তরে এসব কথা বলবেন। আগামী তিন মাসে অনেক সুযোগ পাবেন, মানুষকে অনেক বোঝাতে পারবেন, দেখুন না একবার চেষ্টা করে। পশ্চিমবঙ্গের ইতিহাস কোন দিকে যাচ্ছে, তার গতি কোন দিকে যাচ্ছে সেটা দেখে আসবেন। সেই গতিকে কেউ ফেরাতে পারবে না। যদি কেউ মনে করেন যে পশ্চিমবাংলার রাজনীতির চাকা অন্যদিকে ঘুরবে তাহলে বলব যে সে মুর্খের স্বর্গে বাস করছে। এটা কখনই সম্ভব নয়। ১৯৭২ সালে আপনারা অনেক চিকমিক করে উঠেছিলেন। ১৯৭২ সালে যে নির্বাচন হয়েছিল সে কথা কি ভুলে গেছেন? আপনারা আবার নির্যাতনের কথা বলছেন? নির্বাচনের সময়ে কি করেছেন

সেই সম্পর্কে আমি দু-একটি দৃষ্টান্ত স্মরণ. করতে পারি। মনে পড়ে সেই গীতা চ্যাটার্জির কথা, নির্মল চ্যাটার্জির কথা? তার স্বামীকে খুন করে স্ত্রীকে বলাৎকার করে এবং সেখান থেকে হাজার হাজার রাজনৈতিক কর্মীকে বিতাড়িত করা হয়েছে। মনে পড়ে অসীমা পোদ্দারের কথা, মনে পড়ে নীলিমা ঘোষের কথা? কিভাবে একটার পর একটা নারী নির্যাতন করেছেন। আপনারা শিক্ষকদের কথা বললেন। শিক্ষক আন্দোলনের নেতা, একটা স্কুলের প্রধান শিক্ষক, নরনারায়ণ চৌধুরির কথা ভুলে গেছেন? সেই গড়িয়া থানার মধ্যে গিয়ে তার মাথা খুড়ে খুড়ে পেরেক দিয়ে সি.পি.আই.এম. লেখা হয়েছিল। আপনারা নির্যাতনের কথা বলছেন। আপনাদের মুখে নির্যাতনের কথা শোভা পায় না। পশ্চিমবাংলার মানুষ এই সমস্ত ঘটনা থেকে প্রত্যক্ষ উপলব্ধি এবং অভিজ্ঞতা নিয়ে গঙ্গাস্নান করেছে। সুতরাং যতই চেষ্টা করুন না কেন পশ্চিমবাংলার মানুষ অনেক সচেতন, পশ্চিমবাংলার কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত মেহনতি মানুষ গত ৩০ বছরের শাসন থেকে আজকে ২ বছরের শাসনের যে পার্থক্য সেটা তারা উপলব্ধি করেছেন। সর্বস্তরে একটা শান্তি ফিরে এসেছে। এই অবস্থায় আর সেই বিষ বাষ্পকে ডেকে আনবেন না। আপনারা হয়ত স্বপ্ন দেখতে পারেন যে আবার ট্রেজারি বেঞ্চে এসে বসবেন। কিন্তু সেই ট্রেজারি বেঞ্চ আর এখানে হবে না। ইহ লোকে সেই ট্রেজারি বেঞ্চ রচিত হবে না। সেই ট্রেজারি বেঞ্চ হবে স্বর্গলোকে। ওখানে আমাদের কোনও হাত নেই। কাজেই প্রস্তাব রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। কাজেই এই প্রস্তাবের বিরোধিতা করে এবং ওদের পক্ষ থেকে যে সংশোধনীগুলি উপস্থিত করা হয়েছে সমস্ত সংশোধনীগুলিকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 — 5-30 P.M.]

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সত্যবাপুলি মহাশয় একটা বিষয়ে আলোচনা করতে গিয়ে একটা প্রস্তাব রেখেছেন যে পুলিশকে যদি খুব স্বাধীন ভাবে কাজ করতে দেয়া যেত তাহলে নাকি প্রশাসন এবং শান্তি শৃঙ্খলা ভালো থাকত। গত ২২/৩/৭৪ সালে এই সত্য বাপুলি, যিনি সর্বদা সত্যকে রঞ্জিত করে বলেন, তিনি একটা বিবৃতি দিয়েছেন। তিনি বলেছিলেন, ১৯৭৪ সালে যে আমরা ভলানটিয়ার প্রকিওরমেন্টে ৪ হাজার কুইন্টাল ধান তুলেছি। পুলিশ ৬শত বিঘা জমির মালিকের সঙ্গে যোগাযোগ করে রেখেছেন। পুলিশ নিজে এবং মালিকের লোক আছে, দ্বিতীয় লোক নেই। তাদের সঙ্গে ধান নিয়ে ব্যবসা করছে। এই সংবাদ নিতে আমি যখন সেখানে গিয়েছিলাম তখন এস.পি, ডি.এম সকলকে জানিয়েছিলাম যে এই অবস্থা সেখানে হচ্ছে এবং আমি সেখানে যাচ্ছি। আমরা যখন সেখানে গিয়ে পৌছলাম তখন বেলা তিনটে। আমি পুলিশ ক্যাম্পে সরাসরি গিয়ে দেখি পুলিশ ক্যাম্পে ৫০/৬০ টি লাঠি, পাইপগান, গুলি। আর মালিকের একজন লোক সেই পুলিশ ক্যাম্পে শুয়ে আছে। আমি গিয়ে হাবিলদারকে জিজ্ঞাসা করেছিলাম ৬০০ বিঘা জমির ধান দেবার কথা, যার জন্য ডি.পি. এ.কে নিয়োগ করেছি, যার কথা আমাদের খাদ্যমন্ত্রী জানেন, এইভাবে অনেক কথা সেখানে উল্লেখ করেছি। হাবিলদার সাহেব তাকে বার করে দিয়েছে ক্যাম্প থেকে। এই হচ্ছে সত্য বাপুলির ভাষণ। কোন সত্য বাপুলি? যাকে সেদিন পুলিশকে স্বাধীন করে দেবার জন্য হাবিলদার তাকে বাইরে বার করে দিয়েছিল। আজকে তিনি বলছেন পুলিশের উপর যদি প্রশাসনের হাত না থাকত তাহলে নাকি প্রশাসন খুব

ভালো হত। ওরা সেই সময়কার অভিজ্ঞতা থেকে জানেন। আজকে প্রকৃত পুলিশের উপর বহু কন্ট্রোল এসেছে। আইন শৃঙ্খলা নেই বলে বলা হচ্ছে। আইন শৃঙ্খলা আছে কি নেই, এই সম্পর্কে সুভাষ চক্রবর্তী মহাশয় একটি বক্তব্য রেখেছেন। দুদিন পরে আপনাদের বিরুদ্ধে ওরা অভিযোগ তুলবেন। দেখবেন ওখানেও আইন শৃঙ্খলা নেই বলে অভিযোগ তুলবেন। আইন শৃঙ্খলা নেই—বহু আগে থেকেই আইন শৃঙ্খলা চলে গিয়েছিল। যে আইন শৃঙ্খলার কারণে আমাদের দেশের প্রধানমন্ত্রী মারা গিয়েছিলেন। পন্ডিত নেহেরু মারা গিয়েছিলেন ২৭শে মে। ২৬শে মে তারিখে—তার তিন দিন আগে প্রধানমন্ত্রী দেরাদুন থেকে ফিরে এসেছেন দিল্লিতে—ইন্দিরা গান্ধীর সঙ্গে বসে সেদিন খবরের কাগজ দেখছিলেন। টাইমস অব ইন্ডিয়াতে বড় বড় করে লেখা ছিল Teenagers on the rampage. Car thiefs in the capital. এবং সেখানে বলা ছিল, এই যে গাড়ি চুরি হচ্ছে দিল্লির বুকে, এর মধ্যে বহু ভি.আই.পি.র ছেলেরা যুক্ত আছে। শ্রীমতী ইন্দিরা গান্ধীকে তার বাবা জিজ্ঞাসা করেছিলেন একটু ঠাট্টা করে যে দেখ, তোমার কোনও ছেলে এর সঙ্গে যুক্ত নেই তো? এবং ঠিক এর পরে সেই বাড়ির একজন কর্মচারীর কাছ থেকে যে সংবাদ পন্ডিত নেহেরু পেয়েছিলেন, তার ফলে সারা রাত তিনি ঘুমোতে পারেন নি, ঘরে পায়চারী করেছিলেন, ২৭ তারিখ বেলা দুটোর সময় তিন মারা যান। এই যে দিল্লির বুকে শুরু হয়েছিল, প্রধানমন্ত্রীর বাড়ি থেকে কংগ্রেস কালচারের মধ্যে দিয়ে, সেদিন যে জিনিস তৈরি হয়েছিল, তার শেষ পশ্চিমবাংলাতে এসেছে। পশ্চিমবাংলাতে গত কংগ্রেসি শাসনে সঞ্জয় গান্ধীর বন্ধু কমল নাথ—তার বাড়িতে পুলিশ পিকেট বসাতে হয়েছিল তাকে গার্ড করবার জন্য এবং তার খরচ তারা দেননি। মিঃ স্পিকার স্যার, আপনি আজ যে আসনে বসে আছেন, এই আসন থেকে সেদিনকার যিনি স্পিকার ছিলেন, সেই স্পিকারকে একটি টেলিগ্রাম পড়তে হয়েছিল। হঠাৎ বিধানসভা ভবনে সেই সময়কার স্পিকার বলেছিলেন, Honourable members, I have received a telegram informing that Naba Kumar Chatterjee of Memari Constituency has been severely injured by some rowdy mob demanding fertiliser. সার ছিল না, সারের অভাবে এম.এল.এ. নিহত। তিনি আর একটি টেলিগ্রাম পড়ে শুনিয়েছিলেন, I have received another telegram form Shri Panchanan Sinha, The telegram is as follows : Jamed Ali Mollah, President, Kalikatala and Secretary Canning No.2 Block Congress bruttally killed on spot. এই জিনিসগুলো ওরা শুরু করেছিলেন। সমাজবিরোধীদের হাতে পাইপগান, আগ্নেয়াস্ত্র, মারাত্মক অস্ত্রশস্ত্র ওরা তুলে দিয়েছিলেন এবং এই কাজগুলো যা তারা করে রেখেছিলেন, তার কিছু কিছু ফলশ্রুতি, কিছু কিছু অংশ—যেগুলো নিয়ে আমাদের ভুগতে হচ্ছে। আজকে ওরা মাঝে মাঝে বেরোয় সত্য বাপুলি মহাশয় বলেছেন কিছুক্ষণ আগে যে বাস থেকে টেনে লোক নামিয়ে খুন হয়ে গেল। গত শনিবার কুচবিহারে হয়ে গেছে এই রকম ঘটনা বাস থেকে টেনে লোক নামিয়ে তাকে খুন করা হয়েছে। মারা যায়নি, তবে মারা যাবার অবস্থা। ভোট এসে গেছে, আগামী লোকসভার নির্বাচন হবে, আজকে কংগ্রেসের অন্তর্দ্বন্দ পরিস্ফুট হয়ে উঠেছে। কোথায় কার প্রার্থী থাকবে তা নিয়ে দাঙ্গা শুরু হয়ে গেছে। কুচবিহারে সন্তোষ রায় গোষ্ঠী আর সুনীল করের গোষ্ঠীর মধ্যে মারামারি শুরু হয়ে গেছে। এখানে এটুকুর জন্যই যদি আইন-শৃঙ্খলার প্রশ্ন নিয়ে আসা হয় তাহলে অত্যন্ত অন্যায় করা হবে। কেন এই প্রস্তাব এসেছে তা আমি

বুঝতে পারলাম না। এই প্রস্তাব আলোচনা করতে দেওয়ার কারণ কি ছিল? নির্বাচন আসলে সব দলকে নিয়ে ডি.এম. এস.ডি.ও-রা মিটিং ডাকলেন আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা করবেন। নির্বাচন কি করে হবে, সুষ্ঠু পথে নির্বাচন কি করে হবে তা নিয়ে আলোচনা করার ব্যবস্থা রয়েছে। তা সত্ত্বেও তা নিয়ে এই প্রস্তাব আনা হয়েছে। কেন আনা হয়েছে? এই প্রস্তাব আনা হয়েছে রাজনৈতিক উদ্দেশ্যকে চরিতার্থ করবার জন্য। জনসাধারণের সামনে যাবার কোনও পথ নেই, সেই জন্য এই প্রস্তাব আনা হয়েছে। লোকসভার ভোট থেকে পঞ্চায়েত নির্বাচন পর্যন্ত একেবারে নিচের স্তর পর্যন্ত নির্বাচন হয়ে গেছে। সুতরাং আজ আর সেখানে সর্বদলীয় কমিটির কথা আসে না, জনসাধারণ আজকে তাদের নিজেদের পছন্দ মতো পঞ্চায়েতকে নির্বাচিত করে দিয়েছে। তা সত্ত্বেও আজকে যারা সর্বদলীয় কমিটির কথা বলছে, তাদের কাছে আমার বক্তব্য হচ্ছে যে, ভোট আসলে স্বাভাবিক নিয়মেই সেটা হবে, সে জন্য এই প্রস্তাব আনবার কোনও প্রয়োজন নেই, এই প্রস্তাব আলোচনা করারও কোনও প্রয়োজন ছিল না। তবুও অধ্যক্ষ মহাশয়, আপনি এই প্রস্তাব আনবার অনুমতি দিয়েছেন, কারণ আপনি বিরোধী দলের প্রতি আপনার কর্তব্য পালন করেছেন এবং তাদের মর্যাদা দিয়েছেন। তবুও আমি বলতে চাই যে, আজকে আমাদের দেশে মিসা নেই, কোনও রকম প্রিভেনটিভ আইন নেই। সাধারণ আইনের মধ্য দিয়েই প্রশাসন চালাতে হচ্ছে। সিদ্ধার্থবাবু পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা রক্ষা করবার জন্য আজকে এই সভার একজন বক্তাকে মিসায় আটকে রেখেছিলেন। তিনি মনে করে ছিলেন এর প্রয়োজন ছিল, তাই তিনি তা করেছিলেন এবং সম্ভবত পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা রক্ষা করবার জন্যই তিনি তা করেছিলেন। আজকে সেই লোকগুলি বাইরে রয়েছে এবং স্বাধীনভাবে ঘুরে বেড়াচ্ছে এবং কোথাও কোথাও এরা আইন-শৃঙ্খলার পক্ষে বিপদজনক হয়ে উঠেছে। আজকে এখানে আইন তার স্বাভাবিক রাস্তায় চলছে, তাই আমরা আজকে তাদের মিসায় আটক করতে পারছি না, তাদের বিরুদ্ধে কোনও প্রিভেনটিভ মেজার নিতে পারছি না। আজকে মুশকিল হচ্ছে কি কংগ্রেস (এস), কি কংগ্রেস(আই) একই সুরে কথা বলছে। সত্য বাবু তো বললেন ইন্দিরা আসছে, যদিও তিনি স্বর্ন সিং কংগ্রেসে রয়েছেন, তবুও বলছেন ইন্দিরা আসছে। অপর দিকে জনতা (এস), কে জনতা (সি) তা বুঝতে পারছি না। কিন্তু একথা ঠিক যে, আজকে গোটা ভারতবর্ষে তথা দিল্লির বুকে সন্ধ্যার পর ঘুরে বেড়ানো যায় না। পশ্চিমবাংলায় যেসব আমাদের অবাঙালি বন্ধুরা আছেন তারা তাদের বাড়ি থেকে ঘুরে এসে বলেন যে, হ্যাঁ এক মাত্র কলকাতায় মা বোনেরা নির্বিঘ্নে ঘুরে বেড়াতে পারেন, যত রাতই হোক না কেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় যখন আমি প্রথম সদস্য হয়ে আসি তখন ঐ কিড্ স্ট্রিটের রাস্তা দিয়ে যখন গিয়েছি তখন আমি যে দৃশ্য দেখেছি সেই দৃশ্য যে কলকাতার বুকে দেখা যেতে পারে বা ঐ জাতীয় ঘটনা ঘটতে পারে এই তথ্য আমার জানা ছিল না। প্রথমে এসে ওখানে হস্টেলে যে ঘরটিতে গিয়ে আমি প্রথম ঢুকেছি সেখানে গিয়ে দেখেছি বোতল ছড়ানো রয়েছে, সেই সব বোতল সাফ্ করে আমাকে ঘরে ঢুকতে হয়েছে। ওখানে এম.এল.এ.-রা বোতল রেখে যেত। সেই অবস্থা থেকে আইন-শৃঙ্খলার উন্নতি ঘটিয়ে আজকে আমরা তাকে রক্ষা করছি। কোথাও কোথাও কিছু কিছু অসুবিধা হচ্ছে, কোথাও কোথাও বিরোধ দেখা দিচ্ছে। জমি নিয়ে, বর্গা নিয়ে, খেতমজুর নিয়ে আজকেও কোথাও বিরোধ রয়েছে। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি, সেই এলাকায় আমি দেখেছি একজন বর্গাদারকে উচ্ছেদ করা হল,

আর গোটা কংগ্রেস দল তার পেছনে গিয়ে দাঁড়াল, আর সেখানে হাটে এসে মারামারি করা হল এবং তারপর আইন-শৃঙ্খলার প্রশ্ন তোলা হল। পঞ্চায়েত নির্বাচনে কোথাও কোথাও কংগ্রেস জিতেছে। আমার এলাকার একটি অঞ্চলে কংগ্রেস জিতেছে। সেই অঞ্চলে কংগ্রেসি প্রধান সরকারের দেওয়া টিউবওয়েল নিজের বাড়িতে বসিয়ে ফেলেছে। গ্রামের লোকেরা, যারা আমাদের গ্রহণ করেনি, বামপন্থীদের বর্জন করেছিল, কংগ্রেস-এর ওপর আস্থা রেখেছিল তারা ভোটের পর যখন দেখল টিউবওয়েল প্রধানের বাড়িতে বসছে, তখন তাদের মধ্যে কিছু মানুষ মিছিল করে টিউবওয়েল তুলে এনে হাটখোলায় বসিয়েছে। ওরা আবার আইন-শৃঙ্খলার কথা বলছেন। তবে হ্যাঁ যদি টিউবওয়েল খুলে আনা হয়েছে বলে আইন-শৃঙ্খলা নষ্ট হয়ে থাকে তাহলে অন্য কথা। আমি ওদের সময়ের দুজন এম.এল.এ-র কথা বলেছি যাদের কথা এখানে তখনকার স্পিকারকে ঘোষণা করতে হয়েছিল, আর ওদের আমলে চন্ডী মিত্র মারা গিয়েছিল, আমাদের আমলে কোনও এম.এল.এ মারা যায়নি, সকলে নিশ্চিন্তে রয়েছেন। আজকে আসতে আসতে দেখলাম জয়নাল আবেদিন সাহেবের নামে টিকিট কাটা রয়েছে এবং তার সঙ্গে একজন সিকিউরিটির নামও দেওয়া রয়েছে। ওদের সময়ে প্রতিটি এম.এল.এ-এর পিছনে একজন করে সিকিউরিটি দেওয়া হয়েছিল। কিন্তু আজকে আমাদের সিকিউরিটি লাগে না। এমন কি জয়নাল সাহেবের পর্যন্ত আজকে সিকিউরিটির প্রয়োজন হয় না। সম্ভবত তিনি বৃদ্ধ হয়েছেন আজকে সঙ্গে একজন লোক চান সেই জন্য সিকিউরিটি রেখেছেন। আজকে কোনও এম.এল.এ.র সিকিউরিটি নেই। জয়নাল সাহেবেরও কোনও দরকার নেই কিন্তু ওনার বৃদ্ধ বয়স হয়েছে, উনি সিকিউরিটি রাখতে চান সেইজন্য রেখেছেন কিন্তু রাখার প্রয়োজন নেই। পশ্চিমবাংলার জনপ্রতিনিধি যারা তারা অত্যন্ত স্বাধীনভাবে নিশ্চিতভাবে ঘুরে বেড়াচ্ছেন।

[5-30 — 5-40 P.M.]

আজকে পশ্চিমবাংলায় যে আইন-শৃঙ্খলার অবস্থা রয়েছে এর বিরুদ্ধে বলবার লোক নেই। ওরা বলছেন অবনতি হয়েছে—কোনও সময় থেকে অবনতি হল? আমরা দেখেছি ১৯৭৭ সালের পর থেকে আজ পর্যন্ত একবারও বলেন নি কোনও সময়ে উন্নতি হয়েছে। কাজেই কখন থেকে অবনতি হয়েছে সেটা ধরে নিতে হবে কংগ্রেস আমলে হয়েছে। ওদের যে অবস্থা ছিল তার চাইতে যথেষ্ট উন্নতি হয়েছে। গোটা পশ্চিমবাংলায় আইনের শাসন এবং প্রশাসন নিরপেক্ষভাবে চালাচ্ছেন একথা স্বীকার করতেই হবে। ব্যক্তিগতভাবে একথা না বলে পাচ্ছি না। বিধানসভার সদস্য হিসাবে আমার কাছে দুটি অভিযোগ আসে, সেই অভিযোগ সি.পি.এমের লোকেরা জড়িত হয়ে পড়েছিল। এর একটা হচ্ছে মেদিনীপুরে আর একটা মুর্শিদাবাদে। আমি সেখানে তদন্ত করে মুখ্যমন্ত্রীকে জানালাম এবং দেখলাম যারা এতদিন পর্যন্ত কংগ্রেসের সঙ্গে ছিল তারা ঐ এলাকাতে নিজেরা লাল-শালু কিনে সি.পি.এম বানিয়ে নিয়ে তারা সি.পি.এম করে বেড়াচ্ছেন ও গুন্ডামি করছে এবং এইভাবে তারা দলে অনুপ্রবেশ করবার চেষ্টা করছে। কোথাও কোথাও রাজনৈতিক ব্যাপারে প্রশাসন যুক্ত হয়ে পড়ছেন একথা হয়ত ঠিক নয়। আমরা লক্ষ্য করেছি প্রশাসন নিরপেক্ষভাবে যেভাবে কাজ করা দরকার ঠিক সেইভাবে ব্যবস্থা নিয়েছে মুর্শিদাবাদ এবং মেদিনীপুরে। সত্য বাপুলি মহাশয় স্বীকার করেছেন রাত ২টার সময়ে টেলিফোন করে বলেছি সেই সম্পর্কে তদন্ত হয়েছে। কাজেই এই কথা বলছি আপনাদের এই প্রস্তাব আনার একটি মাত্র উদ্দেশ্য একথা আপনারা জানেন যে আগামী নির্বাচনে আপনাদের

বলবার কিছুই নেই—আপনারা সেটা ধরে নিয়েছেন যে সম্পূর্ণভাবে আপনারা হেরে যাবেন। ১৯৭৭ সালে জনতা লোকসভার ভোটে কয়েকটি আসন পেয়ে প্রফুল্ল বাবু মনে করলেন জনতা পার্টি বোধ হয় জিতবেন এবং জিতে তিনি বলবেন সি.পি.এমের সঙ্গে বা বামফ্রন্ট-এর সঙ্গে কোনও ফ্রন্ট করব না পশ্চিমবাংলায় জনতা রাজত্ব কায়েম করব কিন্তু বিধানসভার চেহারা তো আপনারা দেখছেন বিরোধী দলের নেতা হিসাবেও স্বীকৃতি পান নি দয়া করে দিতে হয় তাই স্পিকার মহাশয় দিয়েছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে একথা বলতে পারি জনতা পার্টির প্রতি জনসাধারণের বিন্দুমাত্র আস্থা নেই তাই তারা আগে থেকে একটা গল্প তৈরি করে রেখেছেন যে দেশে আইন-শৃঙ্খলা নেই, নিরপেক্ষভাবে ভোট হবে না, এইকথা তারা বলবার জন্য এই প্রস্তাব এনেছেন। সুতরাং আমি এই প্রস্তাবের বিরোধিতা করছি এবং এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, উনি বললেন বিরোধীদলের নেতা হিসাবে স্বীকৃতি স্পিকার মহাশয় দয়া করে দিয়েছেন—আমরা আপনার কাছে দয়া ভিক্ষা করেছিলেন কিনা, আপনি দয়া করে দিয়েছেন কিনা এবং এই কথাটা বলা ওনার সমীচিন হয়েছে কিনা সেটা আপনি বলুন?

**মিঃ স্পিকার ঃ** আপনার কথা ঠিক। এখানে কেউ কাউকে দয়া করছে না। বিধানসভায় বিরোধী দল সংবিধান-মতে তাদের অধিকার এবং তাদের বক্তব্য রাখে। আমার মনে হয় উনি তা মিন্ করেননি।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** আমার পার্সোনাল এক্সপ্লানেশন। আমি বলেছি বিরোধীদলের নেতা সৃষ্টি কবা যায়নি, আপনি দয়া করে দিয়েছেন এবং এই বক্তব্যে আমি স্টিক করছি।

(গোলমাল)

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** এটা আপত্তিজনক, স্যার।

**মিঃ স্পিকার ঃ** আমি দেখব, দেখে পরে জানাব।

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমরা কারো দয়ায় আসিনি, ওরা জ্যোতিবাবুর পায়ে ধরে মন্ত্রিত্বে আছেন।

(গোলমাল)

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** স্যার, আপনি দয়া করে দিয়েছেন এটা ঠিক নয়, আপনি রুলিং দিন।

**মিঃ স্পিকার ঃ** আমি কাউকে দয়া করে দলনেতা করিনি, সংবিধান মতেই সকলে এসেছেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, মাননীয় সদস্য মিঃ সেনগুপ্ত উনি একটু আগে আমার বিবৃতি পাঠ করলেন। খানিকটা পড়ে তারপর বললেন হাবিলদার বার করে দিয়েছে। আমি দেখেছি উনি যেটা বলেছেন সেটা ঠিক নয়, হাবিলদার ক্যাম্পের মধ্যে যেতে দেয়নি। উনি সেটা ডিস্ট্রট করেছেন। সুতরাং আমার প্রসিডিংসের কপিটা নিন। ডিস্ট্রসন অফ ফ্যাক্টস অ্যান্ড

মিসলিডিং দি হাউস উনি এটা করতে পারেন না। ওটা এক্সপাঞ্জ করে দিন। দ্যাট স্যুড বি এক্সপাঞ্জ।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** আমার পার্সোনাল এক্সপ্লানেশন আছে। সেটা হচ্ছে সত্য বাপুলি মহাশয়ের সম্পূর্ণ বক্তৃতা আমার পড়তে গেলে ১০ মিনিট সময় চলে যেত, কাজেই সংশ্লিষ্ট অংশটুকু বলেছি। হাবিলদার বার করে দিয়েছে কি ঢুকতে দেয়নি এ সম্বন্ধে আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা নেই। ওখানে রয়েছে তাই বলেছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** উনি বেঙ্গলি না জানলে আমাদের জিজ্ঞাসা করলে বলে দিতে পারতাম।

[5-40 — 5-50 P.M.]

**শ্রী এ. কে. এম হাসানুজ্জামান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে আইন শৃঙ্খলার প্রশ্নে বিরোধী পক্ষের মাননীয় সদস্যদের বিতর্ক শুনলাম সরকার পক্ষের সদস্যরা যুক্তি বিহাব, ইউ পি তে যেখানে অনেক গোলমাল হয়েছে তার তুলনায় পশ্চিমবাংলায় অনেক কম এতে ক্ষতি কি আছে। বিহার ইউ পি তে সাম্প্রদায়িক দাঙ্গা যদি অনেক হয় তাহলে পশ্চিমবাংলায় কি সেটা বৈধ হবে? বিহার ইউ পি তে জনতা সরকার আর পশ্চিমবাংলায় বামপন্থী সরকার এখানে সাম্প্রদায়িক দাঙ্গাকে কি সেখানকার উদাহরণ দিয়ে বৈধ করার চেষ্টা করছেন? এখানে আড়াই বছর বামপন্থী সরকার ক্ষমতায় আছেন ৭৭-৭৮ সালে আমরা তো এই অভিযোগ করিনি। তাহলে কেন ৭৯ সালে আমাদের বলতে হচ্ছে বিচারের বানী নীরবে নিভৃতে কাঁদে। আমি আশা করেছিলাম যে এখানে ব্যক্তি স্বাধীনতা ও মত প্রকাশের স্বাধীনতা থাকবে। আমার সঙ্গে আপনাদের মতো পার্থক্য থাকবে কিন্তু তার যদি কোনও মূল্য বোধ স্বীকার করা না হয় তাহলে মুখে যত গণতন্ত্রের কথা বলুন না কেন আসলে তার কোনও মূল্য থাকে না। পানশীলার ঘটনা নিয়ে গত বিধানসভায় অনেক হৈ চৈ এর সৃষ্টি হয়েছিল। আপনারা তখন বলেছিলেন এটা জোতদার বনাম বর্গাদারদের লড়াই। কিন্তু আসল ব্যাপার কি গত ঈদের সময় হাকিম সরদার আর লাল মীয়া এক সঙ্গে নামাজ পড়েছে। আমি বলব এই ব্যাপারে আপনারাই প্রভোকেশন দিয়েছিলেন কারণ যেহেতু হাকিম সরদার সি.পি.এম. ছিলেন না সেহেতু তার বিরুদ্ধে আপনারা লোক লেলিয়ে দিয়েছিলেন। আপনারা যদি মনে করে থাকেন যারা সি.পি.এম করবে না তাদের উপর প্রত্যক্ষ ও পরোক্ষ আক্রমণ করবেন তাহলে গণতন্ত্র কোথায় থাকে সেটা বিচার করে দেখুন। সে ক্ষেত্রে আমার যুক্তি ক্ষুদ্র হলেও আমি তার বিরোধিতা করবই। আমার সঙ্গে আপনাদের মতো পার্থক্য আছে কিন্তু আমি এটা মনে করি না যে বামফ্রন্ট সরকারের আমলে যে জিনিস বেনারস বা আলিগড়, জামশেদপুরে হয়েছে তা নদীয়ায় হবে। সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ হিসাবে এই জিনিস আমরা আশা করতে পারি না। আমার শক্তি অল্প কিন্তু আমার সেন্টিমেন্ট কারুর চেয়ে কম নয়। ৬৯ সালে জ্যোতি বাবু যখন মন্ত্রী ছিলেন তখন বেনীয়াপুকুর ও তেলিনীপাড়ার ঘটনা নিয়ে তেলিনীপাড়ার ডি.এম. কে ট্রান্সফার করে দিয়েছিলেন। সেই জ্যোতি বাবু আজকে মুখ্যমন্ত্রী কিন্তু ২১-২২-২৩ তারিখে রায়ট হল তিনি গেলেন ২৪ তারিখে। ২২-২৩ তারিখে তিনি গেলেন না কেন? তিনি কি কোনও চাপের কাছে পড়েছিলেন। তিনি কেন ৪ দিন পরে গেলেন? কৃষ্ণনগর থেকে আরম্ভ করে বর্ডার পর্যন্ত গ্রামগুলো দাউ দাউ করে জ্বলতে আরম্ভ করল। সেখানকার

মহিলারা আশ্রয় নিয়েছিলেন মসজিদ এর ভেতরে, তবুও তাদের শালীনতা হানী করা হয়েছিল। যারা দাঙ্গা হাঙ্গামা করেছিল তাদের বিরুদ্ধে কি অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যবস্থা নেওয়া হয়েছিল? স্টেট গভর্নমেন্ট, সেন্ট্রাল গভর্নমেন্ট এর আই বি রা যেখানে ১ মাস আগে হুঁসিয়ারি দিয়েছিলেন যে এখানে সাম্প্রদায়িক দাঙ্গা হতে পারে সেখানে কি প্রিভেনটিভ মেজার নেওয়া হয়েছিল? মুখ্যমন্ত্রী সংবাদ পত্রের প্রতিনিধিদের কাছে এই মন্তব্য করেছিলেন যে যদি ২ জন মানুষকে গ্রেপ্তার করতাম তাহলে সাম্প্রদায়িক দাঙ্গা হত না। তারা কারা এবং তাদের গ্রেপ্তার করা হয়েছে কিনা? গণশক্তিতে বের হয়েছিল বামফ্রন্ট সরকারের চেয়ারম্যান বলেছিলেন একজন এ এস আই এরজন্য দায়ী। তার বিরুদ্ধে কি কোনও অ্যাকশন নেওয়া হয়েছে? জামশেদপুর বেনারসে রায়ট হবার পর সেখানকার অপদার্থ প্রশাসনের বিরুদ্ধে আজও কোনও ব্যবস্থা গ্রহণ করা হয় নি। এখানকার প্রশাসনের যে সমস্ত অফিসার এর সঙ্গে ইনভলভ তাদের কি কোনও শাস্তি হবে না? আমরা আশা করেছিলাম যে অনেক বিষয়ের মতো এই বিষয়ে নিয়েও আপনারা বিচার বিভাগীয় তদন্ত করে আসল দোষীকে এক্সপোজ করবেন। যে সমস্ত মুসলিম সংস্থা সেখানে রিলিফ করতে গিয়েছিল তাদের রিলিফ করতে দেওয়া হয় নি। ডি এমকে এ বিষয়ে চিঠি লেখায় তিনি বলেছিলেন যে আমি এটা সরকারের কাছে পাঠাচ্ছি। আমাদের আদর্শ গত মতভেদ আছে কিন্তু এই সরকারের কাছে আমরা ন্যায় ব্যবহার আশা করেছিলাম। জামশেদপুর আলিগড় রায়ট হবার পর সেখানে যে ব্যবস্থা নেওয়া হয়েছিল পশ্চিমবাংলায় যদি তাই দেখি তাহলে কি ধরে নেব যে এই দুটার মধ্যে বেসিকালি কোনও

[5-50 — 6-00 P.M.]

তফাৎ নেই? আমরা শান্তিতে বাস করতে চাই। ৪ দিন রায়টের পর আমি আর অমৃতেন্দু মুখার্জি সেখানে গিয়েছিলাম কিন্তু এই ৪ দিনে যে কত ক্ষতি হয়েছে তারজন্য রিলিফের ব্যবস্থা হিসাবে আপনারা কি ব্যবস্থা করছেন? এখনও পর্যন্ত সেখানে চাষের ব্যবস্থা হচ্ছে না। আমরা যদি নির্ভয়ে চলতে না পারি তাহলে নিশ্চয়ই বেসিক্যালি আইনশৃঙ্খলার উন্নতি হতে পারে না। বর্গা অপারেশন নিয়েও অনেক গোলমাল চলছে। পুলিশকে দু ভাগে ভাগ করা হয়েছে। এক সি.পি.এম যেখানে জড়িত সেখানে পুলিশ নিষ্ক্রীয়। থানায় ডায়রি করে গেলে থানা ডায়রি নেয় না। দেগঙ্গা চাম্পাডাঙ্গায় দেখলাম যে সেখানে সি.পি.এম এর সদস্য কম সেখানে তারা বিডিও অফিসের সামনে সেখানের প্রধান দাউদ আলিকে মারা হল। সেখানকার অ্যাডিশনাল এস.পি. তাকে উদ্ধার করে নিয়ে আসেন বাদুরিয়ায়। হাইকোর্টের জাজমেন্ট হওয়া সত্ত্বেও বি ডি ও বললেন পুনরায় নির্বাচনের কথা আমি চিন্তা করছি না এবং শেষ কালে পঞ্চায়েত ভবনে ভোট করতে হল। এই ভাবে মেজরিটি না হয়ে মাইনরিটি হয়ে সেখানে জোর করে ক্ষমতা দখল করতে চাইলেন। এই ব্যাপারে সমস্ত ঘটনা জানিয়ে আমি মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছিলাম। তাকে ধন্যবাদ যে তিনি আমার চিঠির জবার দিয়ে জানিয়েছেন যে এ বিষয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে। তিনি তার দলের ক্যাডাররা বিভিন্ন থানায় গিয়ে অরাজকতা সৃষ্টি করছেন। তিনি হয়ত জানেন না যে থানায় গিয়ে সি পি এম এর লোকাল লিডাররা যা বলছেন সেই অনুসারে হচ্ছে। মানুষ থানায় যেতে ভয় পায়, মানুষ ডায়রি করতে পারে না, কিছু করতে পারে না। পানশিলায় যে ঘটনা ঘটেছে তাতে কিছু লোক তার বিরোধিতা করেছে, তাদের অ্যারেস্ট করেছে। পরিমল সরকার খুন হয়েছে, শত শত মানুষকে অ্যারেস্ট

করেছে। আপনাদের ক্যাডার পুলিশ প্রশাসনের পক্ষ নিয়ে মানুষকে বাস থেকে নামিয়ে পিটে আবার পুলিশের কাছে হ্যান্ড ওভার করেছে। আমি জিজ্ঞাসা করছি প্রশাসন অ্যাডমিনিস্ট্রেশন চালাবে, না আপনাদের ক্যাডার অ্যাডমিনিস্ট্রেশন চালাবে? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে সমস্ত জানিয়ে চিঠি দিয়েছি, তিনি তার জবাব দিয়েছেন, তার কাছে আমি প্রতিকার আশা করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার :** এই প্রস্তাবের উপর আলোচনার জন্য নির্দিষ্ট সময় শেষ হয়ে গেছে, আরো এক ঘণ্টা সময় বাড়িয়ে নেওয়ার জন্য আমি আপনাদের কাছে বলছি, আশা করি আপনাদের কারোর আপত্তি নেই। আলোচনার সময়ে আরও এক ঘণ্টা বাড়ানো হল।

**শ্রী ন্যাথনিয়েল মুর্মু :** মিঃ স্পিকার, স্যার, বিরোধী পক্ষের সদস্য শ্রী কিরণময় নন্দ, শ্রী প্রবোধচন্দ্র সিনহা এবং আরও কয়েকজন যে প্রস্তাব রেখেছেন আমি এই প্রস্তারে তীব্র বিরোধিতা করছি। স্যার, আপনি জানেন যে মানুষ এবং মনুষ্যত্বর প্রাণীর রুচি এক নয়, খাদ্য গ্রহণের ক্ষমতা, স্বাদ গ্রহণের ক্ষমতাও এক নয়। মানুষের কাছে যা সুখাদ্য, বন্য প্রাণীর কাছে তা সুখাদ্য নয়, বরং দুগর্ন্ধময় পচা মাংস অনেক বন্য প্রাণীর কাছে সুখাদ্য। আমাদের কাছে আইন-শৃঙ্খলা বলে যেটা মনে হয়েছে তাদের কাছে সেটা বিশৃঙ্খলা মনে হতে পারে। সুতরাং দৃষ্টিভঙ্গির পাথর্ক্যের জন্য এই প্রস্তাব এসেছে। যাইহোক, একটা প্রস্তাব এসেছে, বিধানসভায় প্রস্তাবক যখন প্রস্তাবকটা তুললেন তখন আমি আশা করেছিলাম অন্তত পৃথিবীর যেখানে সংসদীয় গণতন্ত্র আছে সেই রকম কোনও দেশের কোনও নজীর আনবেন যে ঐ দেশে এই রকম বিশৃঙ্খলা, সেখানে নির্বাচনের আগে বিরোধী দল এবং অন্যান্য সব দল মিলে নির্বাচনকে নিরপেক্ষ করার জন্য একটা কমিটি করেছেন। সেই নজীর যদি তারা উপস্থাপিত করতে পারতেন তাহলে বুঝতাম নির্বাচনকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সদিচ্ছা প্রণোদিত হয়ে এই প্রস্তাব এনেছে। সুতরাং সেই রকম কোনও উল্লেখ নেই। আমার বন্ধু সুভাষ চক্রবর্তী মহাশয় যেকথা বলেছেন যে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই প্রস্তাব এনেছেন এই সম্পর্কে কোনও সন্দেহ নেই। মিঃ স্পিকার, স্যার, ওদের আমলে আইন-শৃঙ্খলা বলতে কি ছিল সেটা আপনি জানেন, বরানগর, কাশীপুরের ঘটনা আপনি জানেন। এছাড়া ওদের নিজেদের বন্ধু চন্ডী মিত্রকে কারা মেরেছে সেটা আপনি জানেন। জ্যোতি বাবু অনেকবার বলেছেন ওদের দলের অনেক কর্মীকে কারা খুন করেছে। আমাদের একজন কর্মী সন্তোষ কয়াল জয়নগর লোকসভা কেন্দ্র থেকে নির্বাচনে লড়েছিলেন। তিনি সাদামাটা সাধারণ মানুষ তিনি নির্বাচনে দাঁড়িয়েছিলেন, তারজন্য তাকে খুন করা হয়েছে। আইন-শৃঙ্খলার কথা যেটা বলেছেন সেখানে কোনও মন্ত্রীকে ইনভলভ করে আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে সেই রকম কথা বলতে পারেননি। কোনও জায়গায় জমি নিয়ে, কোথায় লুঠ-পাট নিয়ে কথা বলেছেন কিন্তু মন্ত্রীকে ইনভল্ব করে কোনও কথা বলেননি। কিন্তু কংগ্রেসি রাজত্বে মন্ত্রীদের কথা জানেন, আমি যথেষ্ট দায়িত্ব নিয়ে বলছি, তখন থানার বুধাই গ্রামে একটা জমি নিয়ে জোতদার অমিয় ব্যানার্জির সঙ্গে চাষীর লড়াই হয়েছিল। যে জোতদার সে জমি দখল করেছিল, সেই দখলী জমি নিয়ে চাষীর সঙ্গে লড়াই হয়। ওদের আমলে সেখানে যে অত্যাচার হয়েছিল, সেখানে কংগ্রেসি গুন্ডা বাহিনী সেই গ্রামকে ঘিরে ফেলে চরম অত্যাচার করেছিল, সেই অত্যাচার ধৈর্যের শেষ সীমা অতিক্রম করলে আমরা যখন পাল্টা জবাব দিতে

যাই তখন আমাদের লোককে অ্যারেস্ট করা হয়েছে। সেই অ্যারেস্ট করার সময় জয়নাল আবেদিন সাহেব সেখানে গিয়েছিলেন, গিয়ে ও.সি.কে জিজ্ঞাসা করেছিলেন কতজনকে অ্যারেস্ট করেছেন, তখন ও.সি. বললেন ১৯ জনকে। তখন জয়নাল আবেদিন বললেন ১৯ জনকে কেন, ১১৯ জনকে কেন অ্যারেস্ট করেননি? আমি সুনির্দিষ্ট দায়িত্ব নিয়ে এই কথা বলছি। এরকম ঘটনা সেখানে ঘটেছে এবং মন্ত্রীরাও এই জাতীয় ঘটনার সঙ্গে জড়িত ছিলেন। আমি আপনাদের কাছে একটি ঘটনার কথা বললাম, কিন্তু এরকম আরও অনেক ঘটনা আছে। আমাদের এখানে ল অ্যান্ড অর্ডার ভেঙ্গে গেছে এরকম কথা তারা বলেননি। যদি তারা এই ব্যাপারে স্পেসিফিক চার্জ আনতেন তাহলে আমি খুশি হতাম। মাননীয় স্পিকার মহাশয়, তখনকার পুলিশের অত্যাচারের কথা আমি আপনার কাছে রাখতে চাই। নকশালদের নাম করে পুলিশ বাহিনীকে বেপরোয়া করে তোলা হয়েছিল এবং ওই নকশালদের নাম করে বহু মহিলার প্রতি পুলিশ অফিসার রুনু গুহনিয়োগী যে টর্চার করেছিল পৃথিবীর ইতিহাসে তার নজীর নেই। এই রুনু গুহনিয়োগী মেয়েদের টর্চার চেম্বারে নিয়ে তাদের গায়ে সিগারেটের আগুনের ছ্যাঁকা দিয়েছে। কৈ, এরকম ঘটনার কথা আপনারা আজকে তো কেউ বলেননি? অপরাধ যাতে বাড়ে সেই চেষ্টা তারা করেছিলেন এবং তারজন্যই পশ্চিমবাংলার এই অবস্থা হয়েছে। তারা চেষ্টা করেছিলেন ছেলেপেলেরা যাতে অপসংস্কৃতিতে অভ্যস্ত হয়। মাননীয় স্পিকার মহাশয়, তখনকার মন্ত্রীদের যে সাজ পোষাক ছিল তার মধ্যে ছিল পুরো অপসংস্কৃতির ছাপ। আমরা দেখেছি তখন সিদ্ধার্থ রায়, অজিত পাঁজা এবং বরকত সাহেব কত বড় বড় চুল রাখতেন। কিন্তু আমাদের মন্ত্রীদের মধ্যে কারুর ওই রকম বড়বড় চুল আছে কি?

[6-00 — 6-10 P.M.]

আমাদের মন্ত্রীদের দেখুন সাধারণ মানুষের কাছে যাবার মতো সাদা পোষাক রয়েছে, তারপর আপনারা আপনাদের ক্যাডারদের "ইন্দিরাগান্ধী যুগ যুগ জিও, আর ঢুক ঢুক পিয়ো" এই জিনিস শিখিয়েছেন এবং ছিনতাই করতে শিখিয়েছেন। কাজেই আজকে যদি আমাদের এখানে আইন-শৃঙ্খলার প্রশ্ন এসে গিয়ে থাকে তাহলে আমি বলব গত ৭/৮ বছর ধরে আপনারাই অপরাধ প্রবণতার ভাব দেশের যুবকদের মধ্যে ঢুকিয়ে গিয়েছেন আজকে আমাদের সরকার সেটা দূর করবার চেষ্টা করছেন। ভূমি ব্যবস্থা পাল্টাবার সময় অনেক বিরোধ দেখা দিতে পারে এবং তাতে আমাদের পার্টি এবং আপনাদের পার্টি জড়িত থাকতে পারে । কিন্তু সেটা তো আর লুঠ বা ছিনতাই ব্যাপার নয়—সেটা ভূমি ব্যবস্থার ব্যাপার এবং তারজন্য রাষ্ট্র বিপ্লব হতে পারে এবং সেটা হয়েছে। পার্টিতে পার্টিতে মারামারিতে আইন-শৃঙ্খলার প্রশ্ন আসেনা। কোথাও কোথাও হয়ত এক্সেস হতে পারে, কিন্তু সেটাকে ফেনিয়ে বললে অবাস্তব হবে। আসল কথা হচ্ছে এখানে যাতে সুষ্ঠু শাসন ব্যবস্থা না হয় তারজন্য একটা ষড়যন্ত্র চলছে। পশ্চিমবাংলার সমস্ত জায়গায় দেওয়ালে দেওয়ালে আনন্দ মার্গ, আমরা বাঙালির পোস্টার দেখবেন এবং তার সঙ্গে রয়েছে জনসংঘ এবং মুসলিম লীগ। এরা একটা ষড়যন্ত্র করবার চেষ্টা করছে। আমরা মনে করেছিলাম এদের সঙ্গে জনতা এবং ইন্দিরা কংগ্রেস যোগ দিলেও কংগ্রেস এতে যোগ দেবেনা। কিন্তু এখন দেখছি ওরাও এতে যোগ দিয়েছেন। আজও এইযে প্রস্তাব এসেছে তাতে শেষের দিকে নিশ্চয়ই কিরণময় নন্দ উত্তর দেবেন। কিন্তু আমি জানতে চাই এখানে আইন-শৃঙ্খলা ভেঙ্গে পড়েছে এবং সংসদীয় গণতন্ত্র বিপন্ন এই জাতীয়

কোনও নজীর আছে কিনা? আমি তার কাছে এটা জানতে চাই আইন-শৃঙ্খলার বিভিন্ন জায়গায় যেখানে ভেঙ্গে পড়েছে যেখানে সংসদীয় গণতন্ত্র বিপন্ন সেখানে নির্বাচনের মাধ্যমে এটা সুরাহা হয়। আমরা বিশ্বাস করতাম ইন্দিরা রাজত্বে আইন-শৃঙ্খলা ছিল না বলে আমরা বিশ্বাস করতাম। কিন্তু সেখানে দুঃশাসনের নির্বাচনেও আমরা মোকাবিলা করেছি। আমরা নির্বাচনের ইস্তাহারে যে জিনিস দেখেছিলাম সেই জিনিসই জয়যুক্ত হয়েছে, মানুষ আমাদের নির্বাচিত করেছে। কিন্তু আজকে যারা মানুষের প্রতি বিশ্বাস হারিয়েছে এবং বলছেন আইন-শৃঙ্খলা ভেঙ্গে পড়েছে তাহলে সেই মানুষের কাছে তারা গিয়ে বলুন—বলার বহু পথ আছে প্রকাশ্যে গোপনে মিটিং করে ঘরোয়া বৈঠক করে সব ভাবেই তারা বলতে পারেন। কিন্তু আমি বলতে পারি যে পশ্চিমবাংলার মানুষ এত অসৎ নয় যে বামফ্রন্ট সরকার অত্যাচার করবে তবুও বামফ্রন্টকে ভোট দেবে, পশ্চিমবাংলার মানুষ এত অসৎ নয় আমি এটা বিশ্বাস করি। এই কয়েকটি কথা বলে এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Deo Prakash Rai :** Mr. Deputy Speaker, Sir, the motion before this House to-day mentions—The West Bengal Legislative Assembly is viewing with concern the fact that the law and order situation in West Bengal is continuously deteriorating, as a result there is apprehension that individual freedom and democratic rights of the citizens are likely to be in danger. Though , Sir, I am one with the resolution and I am supporting it here to-day, I do not understand why the motion mentions that the law and order situation is continuously deteriorating in West Bengal. There is no law at all in West Bengal and , therefore, there is no question of its deteriorating continuously. There is order, of course, and that is the order of the Communist Party. law নেই order আছে এবং সেটা হচ্ছে C.P.M. order Sir, what is the reason of giving instances of Congress rule or the Janata rule? Just because Ram. চুরি করেছে Shyam ও চুরি করবে? Just because the Youth Congress has done this or that I know that what they did তাবলে আপনারাও তাই করবেন? Sir, as the time at my disposal is very limited I shall not come to this issue of general law and order situation of West Bengal or of the country. But one thing I said at the beginnig of the speech that there is no deterioration but there is no law and order. Even during the cave age there was court. Even during the cave age—if you go through the history of human evolution—there was court. But, today the C.P.M. dominated government is worse than the cage age where there is no court at all. As the time at my disposal is very limited I just confine myself.

(noise)

স্যার, ছেলেমেয়েদের বলে দিন তো। Sir, what I understand, the democracy is

for the majority party to protect the rights of the minority. Just because there is a brute majority here the minority's speech should be shouted down? There should not be shouted down. Is this democracy? This is the democracy of the communist Party. The real definition of democracy is to protect the rights of the minority. To day here in this place we are minority. The duty of the parties who are in majority to give opportunity to the minority. Is that opportunity here? You cannot accept all these 240 members of this side. Do not forget do not try to ride a tiger. Because once you ride a tiger neither you can get off nor can you stop that tiger. Do not forget that proverb. I shall confine my speech on the situation in Darjeeling. You know there is a tea garden named Samabeang Tea Garden in the Subdivision of Kalimpong where C.P.I. (M) killed 8 persons. How the CPM killed these persons? You cannot imagine how they killed these eight person. There is a tea garden factory. Somebody was put in the running engine, somebody put in the fire. In this way they killed them. Recently, there was a Satyagraha in one tea garden. About 9 CPM cadre went there with communist party flags and they broke down the statue 'Pratima' তারা প্রতিমাকে ভেঙ্গে দিল, তারা বলল লাল ঝান্ডা জিন্দাবাদ। এই কি আপনার ডেমোক্রেসি? You may not believe in God, but many people believe in God. The Hindu philosophy is different from that of Chinese or Russian. You cannot accept the Russian or Chinese because there is deep pholosophy in Hindu religion. They broke 'Pratima' into pieces and said 'Lal Jhanda Zindabad'.

(noise)

(Shri Anil Mukherjee rose to speak)

[6-10 — 6-20 P.M.]

ছেলেকে বলে ছিলে তো, ওর চুলতো নেই কেন জানেন? ওর মাথার ভিতরে কিছু নেই Recently, Sir, the communist assaulted one villager in my constituency that is in Bijanbari Block, a place called Jhepi. In Jhepi they assaulted for seven days. They assaulted and robbed the extra departmental post master. কমিউনিস্টরা ওকে assault করল and he was admitted at the Bijanbari Health Centre. Government money was robbed. For seven days, the police did not visit that place. I went there. Near that place in that village there were communist flags at the both sides of the road and there were posters."Deo Prakash Rai, If you proceed further you will not come back alive—your dead body will be taken to Darjeeling". But, Sir, I am speaking here with strong and robust health. So, the communist আমি তো দেখছি they let loose a reign of terror in every village

in tea garden area. Prople did not come out after seven, and the communists have formed groups of 20/25 people. They go with lathis, weapons and they say" দার্জিলিং-এ ধান হয় না, টি গার্ডেনে রেশন দাও, না দিলে I have spears, kakrise, lathis , etc. কমিউনিস্ট না হলে টাকা দাও। ১০ টাকা সপ্তাহে দাও, কমিউনিস্ট গুন্ডারা গিয়ে কমপ্লেন করে ৫০ টাকা দিতে। সেখানে বেঙ্গলি পাঞ্জাবি বড় মার্চেন্ট আছে, নেপালি কোনও বড় মার্চেন্ট নাই। কমিউনিস্ট পার্টি পুলিশকে নপুংসক করে দিয়েছে। ৯ই জুলাই আমাদের লেবার উইং-এর ভাইস প্রেসিডেন্ট জবিং দর্জিকে চপিং চপিং করে কেটেছে, যখন জল জল করেছে তখন খুকুরি দিয়ে মারল। বলল লাল ঝান্ডা জিন্দাবাদ জ্যোতি বাসু জিন্দাবাদ They thought he was dead.

**Mr. Deputy Speaker :** Mr. Rai, time is over. Please take your seat. In this way I will not allow you. I have given you five minutes more. Now, I request you to take your seat. Dr. Abedin will speak now.

**শ্রী দেওপ্রকাশ রাই ঃ** থানাতে ডায়রি করল, পুলিশ এলোনা, আমি বলি হোম ডিপার্টমেন্টকে ডিসমিস করে সেন্ট্রাল গভর্নমেন্ট সুড টেক ওভার দি ল অ্যান্ড অর্ডার হিয়ার।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আর এস পি-এর পুরানো সদস্য মাননীয় ন্যাথানিয়েল মুর্মু সাহেব কিছু কথা বলেছেন দায়িত্ব নিয়ে। আপনার সামনে আমি চ্যালেঞ্জ করে যাই, যদি কোনও তথ্য থাকে তিনি যেন আপনার সামনে উপস্থাপিত করেন। আপনি ফয়সলা করে দেবেন সেই উপস্থাপিত সত্য কিনা। আমি এটা জানাতে চাই যে তৎকালীন ব্লক কংগ্রেস প্রেসিডেন্টকে ন্যাথানিয়েল মুর্মু সাহেব হত্যা করার ষড়যন্ত্র করেছিলেন এবং তার পরিণতি কি করেছিলেন। I have come here II times unbeaten. But he has lost many times. আপনার হয়ত স্মরণে আছে যে ১৯৭১-৭২ সালে পশ্চিম দিনাজপুরে ১১টি আসনের ১১টিতেও ওরা পরাজিত হয়েছিলেন এবং কংগ্রেস জয়ী হয়েছিল।

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, যে প্রস্তাব মোশন আকারে এখানে বিরোধী পক্ষের পক্ষ থেকে এখানে উপস্থিত করা হয়েছে আমি তার বিরোধিতা করছি এবং বিরোধিতা করছি এই কারণে যে আইনশৃঙ্খলা সম্বন্ধে এরা যেটা বললেন তারা নিজেরাই জানেন যে সেগুলি সত্য নয়। আইন শৃঙ্খলা এখানে আছে এবং আইনশৃঙ্খলা এমনভাবে আছে যে নির্বাচন সুষ্ঠ স্বাধীন ও অবাধে হবে। এ বিষয়ে ওদেরও সন্দেহ নেই এবং আমাদের নেই। কারণ ইতিমধ্যে তার নিদর্শন ওরা দেখেছেন পঞ্চায়েত নির্বাচনে যেখানে প্রায় ২ কোটি মানুষ ভোট দিয়েছে। এবং তারা নিশ্চয় দেখেছেন কিভাবে কংগ্রেস আমলে নির্বাচন হত। আমি সকল দিক থেকে সমস্ত কিছুরই বিরোধিতা করছি। কারণ অনেক অসত্য কথা অনেক ভিত্তিহীন কথা ওরা বলেছেন হঠাৎ কতকগুলি নাম করে দিলেন রামের নাম শ্যামের নাম যদুর নাম। কিন্তু তার পিছনে কোনও ভিত্তি নেই। আর এগুলি তো সব পুরানো কথা এসব কথা তো হয়ে গেছে। আবার সেগুলিও উনি বলছেন। কাজেই এই সব কথা শুনে মনে হচ্ছে ওদের বোধ হয় আর নতুন কিছু বলার নেই। আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন একজন সদস্য বলতে বলতে বললেন যে পুলিশ কিছুই করে না। আবার তিনি বললেন আমাকে টেলিফোন

করেছিলেন—মুখ্যমন্ত্রীর বাড়িতে—পুলিশ রাত্রি দুটার সময় গিয়ে ব্যবস্থা অবলম্বন করেছেন। আর একটা কথা বললেন পুলিশ কিছুই করে নি। অথচ বলছে পুলিশ ক্যাম্প সেখানে বসেছে আইন শৃঙ্খলা রক্ষা করার জন্য। বড় মুশকিলের কথা। এতে বোঝাই যাচ্ছে ওনারা নিজেরাই যা বলছেন তাতে ওনারা খুশি। আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। যে উনি বলেছেন যে পুলিশ এই রকম কোনও গন্ডগোল হলে মোটামুটিভাবে অ্যাকশন নেবার ব্যবস্থা নেবার চেষ্টা করেছে। এটা ওদের ধারণা। একজন বললেন কোনও একটা অঞ্চলে ১৮ জন লোক ঘরের বাইরে আছে। কোথাও কেউ ঘরের বাইরে নাই। এ সব সত্য কথা। আমাদের ২০ হাজার মানুষ ঘরের বাইরে ছিল ১৯৭৭ সালের নির্বাচনের আগে পর্যন্ত ১৯৭১-৭২ সাল থেকে। কিন্তু এই সব ঘটনা পুরানো আমলে হয়েছে—এ ঘটনা আর ফিরে আসবে না। আমি জোর গলায় বলতে পারি ওরা একটি সিটও জিততে পারবেন না। পুরানো দিনের সরকার এই রকম অর্ডার দিতেন এই রকম উপদেশ দিতেন যে নির্বাচনের সময় কিভাবে সরকার পক্ষ থেকে রাজ্য সরকারের পক্ষ থেকে কমিটি করা দরকার যে যদি কোনও অভিযোগ থাকে সেই অভিযোগ যেন আলোচিত হতে পারে। এগুলির পুনরুক্তি হবে না। কারণ ১৯৭৮ সালে বিগত যে সরকার ছিলেন সেই সরকারের কাছে ওরা এ বিষয়ে একটা চিঠি সমস্ত সরকারের কাছে লিখেছিলেন এবং তাতে তারা বলেছিলেন যে Instructions have been issued for constituting standing committees for each district for considering specific case of violation of the code of conduct and for ensuring compliance with the code by all political parties and contesting candidates এটা বললেন। এটা আমার মনে হয় এখনও আছে নতুন করে আর আসেনি। কারণ এটা আমরা অনুসরণ করব, প্রত্যেক জেলাতে এই রকম কমিটি হবে। যা ওরা বলেছেন সেইভাবে সেখানে আমরা ব্যবস্থা করব। আমরা দেখেছি ইলেকশন কমিশনের কথা উঠেছে—

[6-20 — 6-30 P.M.]

ইলেকশন তো ইলেকশন কমিশনই ডাইরেক্ট করবেন। এটা কোনও রাজ্য সরকার ডাইরেক্ট করবেন না। ওরা ১৯৭৮ সালে যা বলেছিলেন তাতে এই কমিটিতে কারা থাকবেন। returning officer, representatives of all national parties, representatives of paties recognised by the commission as state parties, representatives of registered parties functioning in the state and individual candidates contesting election from the constitutency এইভাবে আছে। এটা আমাদের মেনে নিতে বা অনুসরণ করতে কোনও অসুবিধা হবে না। কিন্তু ওরা যা বলেছেন ওদের প্রস্তাবের অপারেটিং অংশে তার সঙ্গে কোনও মিল নেই। ওদের আগেকার সরকার যা করেছিলেন, কংগ্রেস সরকার যা বলেছিলেন, এখনকার সরকার যা বলবেন একই, তার সঙ্গে ওদের বক্তব্যের সঙ্গে কোনও মিল নেই। যেটা আমাদের এখন থেকে নির্দেশ আছে, অনুরোধ আছে, সবটা আমরা মেনে নেব এবং এটার কারণ হচ্ছে যে আমরা নির্বাচন চাই। এই ২ বছর, ২ বছর হল বিভিন্ন রাজনৈতিক দল তাদের কার্যক্রম ছিল, তারা অনেকে সরকার চালিয়েছেন অনেক বিরোধী দলে থেকেছেন বিভিন্ন জায়গায়। আমরা চাই যে মানুষ এই বিষয়ে কি বলে তা দেখতে। এটাইতো আমাদের সব চেয়ে বড় আদালত। কাজেই তাদের মত আমরা নিতে চাই। খুব জটিল সমস্যা রয়েছে, মানুষের অসুবিধা হবে। যে জিনিস দাঁড়াল নীতির দিক থেকে

তার অনেকেই কিছু বুঝতে পারবে না। তবুও আমরা চাই মানুষের কাছে গিয়ে আমাদের প্রত্যেকটি দল, আমাদের বক্তব্য বলতে হবে। মানুষ কি বলে, মানুষকে কিভাবে আমরা বুঝিয়ে আমাদের যা মত সেই মতাবলম্বী করতে পারি কিনা নিশ্চয়ই আমরা সেই চেষ্টা করব। আবার যারা খারাপ মতের আছে, প্রতিক্রিয়াশীল আছেন, তারাও চেষ্টা করবেন। যারা প্রগতিশীল আছেন, বামপন্থী আছেন, আমরাও চেষ্টা করব। এইভাবে আমরা মানুষের কাছে যেতে চাই এখন যদি ১৯৭১-৭২ সালের মতো নির্বাচন হয় তাহলে এটা অসম্ভব ব্যাপার। কাজেই এটা কিছুতেই হবে না। ১৯৭১ সালে যা শুরু হয়েছিল আংশিক ভাবে ১৯৭২ সালে সেটা ব্যাপক ভাবে হল। পশ্চিমবাংলায় দেখেছি যে পাড়ায় পাড়ায় গুন্ডা বাহিনী, মস্তান যাদের কংগ্রেস তৈরি করেছিল এবং যারা নির্দেশ পেয়েছিল ঐ রিসার্চ অ্যান্ড এনালাইসিস উইং থেকে, যে গুপ্তচর বিভাগ ইন্দিরা গান্ধীর ছিল তার থেকে অনুপ্রেরণা পেয়েছিল এবং এখানকার কংগ্রেস নেতৃত্ব সে সব মেনে তাদের সঙ্গে এক হয়ে যায়। তারা যা করেছিলেন সেটাতো কোনও নির্বাচনই নয়, সেটা প্রহসনে পরিণত হয়েছিল। কারণ একটা পাড়ায় গুন্ডারা গিয়ে বলল যে আমরা ১০ জন আছি, আপনাদের ভোট আমরা দিয়ে দেব। আপনারা ভোট দিতে যাবেন না। আর যদি যান তাহলে এই দেখুন কোমরে পাইপগান আছে, রিভলবার আছে, বোমা আছে, কাজেই যাবেন না। তারপর যখন অনেক সাহস করে গেলেন তখন কিউতে গিয়ে বলা হল আমরা ভোট দিয়ে দিচ্ছি, আপনারা সকাল থেকে দাঁড়িয়ে আছেন, অনেক কষ্ট করেছেন এবারে বাড়ি চলে যান। আবার গণনার সময়ে দেখা গেল একজন বেশি পেলেন যখন ডিক্লারেশন হচ্ছে তখন কমে গেল। এই রকম ভাবে মিটিং করতে দেওয়া হয়নি, মিছিলের উপর আক্রমণ হল। অনেক এলাকাতে তো ঢুকতেই পেলাম না। সরকারকে বলে, পুলিশকে বলেও ঢোকা গেল না শেষ পর্যন্ত। এটা আমার নিজের অভিজ্ঞতায় দেখেছি। ইলেকশন কমিশনারকে ডেকে বলেছিলাম যে এই দেখুন, এই সব কনস্টিটিউয়েন্সিতে ঢোকা যাবেনা, ইলেকশন করা যাচ্ছে না, আপনি একটু আসবেন। তিনি বলেছিলেন যে নিশ্চয়ই আসব। তিনি এলে তাকে নিয়ে আমি ঘুরলাম এবং অন্যান্য যারা ছিলেন তারাও ঘুরলেন। কলকাতার বেলেঘাটা অঞ্চলে যখন এসেছি তখন ওখানকার পুলিশের যিনি চার্জে ছিলেন তিনি বললেন, দেখছেন এখানে দাঁড়িয়ে আছে কংগ্রেসের লোকেরা লাঠি নিয়ে, প্লিজ ডু নট প্রোসিড। আমি হতবাক হয়ে গেলাম। তখনকার ইলেকশন কমিশনার তিনি পুলিশের কথা শুনে পিছন থেকে চলে গেলেন। আমি গিয়ে গভর্নর হাউসে দেখা করলাম এবং বললাম যে আপনি পুলিশের কথায় চলে গেলেন? আপনি যদি পুলিশের কথায় গুন্ডার ভয়ে চলে আসেন তাহলে আমরা কিভাবে নির্বাচন করব। আপনি তো চলে যাবেন। তিনি বললেন, আমি সব রাজ্যপালকে বলে যাব, আপনি কিছু ভাববেন না সব ঠিক হয়ে যাবে। এই রকম ভাবে ২৪ পরগনায় ওনাকে নিয়ে গিয়েছিলাম এইভাবে খড়দায় তার সঙ্গে ছিলাম। আমরা দেখেছি যে আমাদের যারা সমর্থক তাদের ঘরবাড়ি পুড়িয়ে ছাই করে দিয়েছে, এই সব ঘটনা ইলেকশনের আগে এবং ইলেকশনের পরে যা হয়েছিল তা আপনারা সকলে জানেন। ১১০০ আমাদের খুন হয়েছে ১৯৭০-৭১ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত। প্রায় ৩৫০টি সিটু ট্রেড ইউনিয়ন এবং অন্য বামফ্রন্টের ট্রেড ইউনিয়ন অফিস দখল করে নেওয়া হয়েছিল পুলিশকে সামনে দাঁড় করিয়ে রেখে। পুলিশকে দোষ দিয়ে কোনও লাভ নেই। কারণ কংগ্রেসি মন্ত্রীদের এই আদেশ ছিল। আমাদের ২০ হাজার মানুষ এলাকাচ্যুত হয়েছিল, তাদের ঘর বাড়ি স্ত্রী পুত্র

ছেড়ে থাকতে হয়েছিল। এই সব জিনিস তখন হয়েছিল। এবার সেই সব জিনিস হবে না। আমি সংক্ষেপে বলছি। যে নির্বাচন করবার জন্য সুস্থ, স্বাধীন, অবাধ নির্বাচন করবার জন্য এখানে সুস্থ পরিবেশ আছে। আপনারা সেই পরিবেশকে নষ্ট করবেন না। আমি, যারা বিরোধী আছেন তাদের বলছি, আপনারা যান না মানুষের কাছে, কি বলে দেখুন না, আপনাদের ভালোবাসে কিনা দেখুন না। আমাদের জনসাধারণ কি চোখে দেখে তাও দেখে আসুন না। এই তো হচ্ছে পার্লামেন্টারি ডেমক্রাসি। কিন্তু অসুবিধা একটা আছে। কারণ কংগ্রেসিদের মধ্যে আমি দেখেছি—সমাজ বিরোধী দুই দলে ঝগড়া করছে, মারামারি করছে, বোম্ব ছুঁড়ছে, পিস্তল ব্যবহার করবার চেষ্টা করছে, এই জিনিস আমি দেখেছি, তার সঙ্গে কংগ্রেসের মধ্যে এখানে কোনও পার্থক্য নেই। কংগ্রেস আই বলব, না, কি বলব। আবার দু একজন কংগ্রেসি নেতা আসেন, এসে বলেন, ওদের ধরছেন না কেন? আমি বলি, ওরা তো আপনাদের লোক বলে জানি। তখন ঐ সব নেতা বলেন, খাতায় ঐ রকম ভাবে লেখা আছে তাদের লোক। আমি তখন তাদের বলেছিলাম ঐ রকম ভাবে আমি ধরতে পারব না কাউকে। এই তো দেখছি। জনতা পার্টি তাদের সঙ্গে যোগ দিচ্ছে। পশ্চিমবাংলায় কোনও পার্থক্য নেই। এই জিনিস ২ বছর ধরে দেখছি। যখন জনতা পার্টির সরকারকে আমরা বন্ধু সরকার বলেছি। এখানে তার পরিচয় কিছু পাইনি, ওরা প্রতিক্রিয়াশীলদের সঙ্গে জন্মেছে। প্রফুল্ল বাবু এখনও ফিরে আসেনি, জানিনা সবাইকে মিলিয়ে টিলিয়ে দিয়েছেন কিনা। সেই জন্য আমি বলছি, আমাদের এই যে নির্বাচন হচ্ছে—এখানে আইন শৃঙ্খলা নেই বলছেন, এখানে বিনা বিচারে কাউকে আটক করা যায় না, সেই অবস্থা এখানে এখন নেই। ৩০ বছর ধরে কংগ্রেস রাজত্ব চালিয়েছে, তারা সব এখন আইন শৃঙ্খলার কথা বলছেন। আইনের অনুশাসনের কথা তাদের কাছ থেকে আমাদের শুনতে হচ্ছে। আমি সেই জন্য বলতে চাই, পঞ্চায়েত নির্বাচন যখন হয়ে যায়, তখন আমি দেখেছি, আমি ফাইল দেখাতে পারি যে কয়েকটা এখান থেকে ওখান থেকে দু চারটি জায়গা থেকে অভিযোগ এসেছে যে ঠিক মতো নির্বাচন হয়নি। কিন্তু গুন্ডামী করা, বুথ দখল করা, ফল্‌স ভোট দেওয়া, মিথ্যা, সাজানো, এই সব বিষয়ে আমাদের বিশেষ কিছু অভিযোগ নেই। অভিযোগ কার কাছে করব? কোটি কোটি মানুষ যেখানে নির্বাচনে অংশ গ্রহণ করেছে, অভিযোগ করবার তো কিছু ছিল না। তবে আমি বলছি, বিরোধী দলে যারা আছেন, তাদের সহযোগিতা চাই। তারা যদি ঠিক করে নেন যে তারা গুন্ডামীকে প্রশয় দেবেন, সমাজবিরোধীদের পাশে দাঁড়াবেন তাহলে একটু অসুবিধা হবে। তবে সেই অসুবিধা দূর করে সাধারণ মানুষের জন্য শান্ত পূর্ণ নির্বাচন-এর ব্যবস্থা করব, এই কথা যেন ওরা মনে রাখেন। আমি আর বিশেষ কিছু বলতে চাই না। আমি আবার বলছি, আজকে থেকে ওরা নির্বাচনের প্রচার শুরু করে দিয়েছেন। যাক তারা ভালই করেছেন। আমরা দিল্লি যাচ্ছি, সব পার্টিগুলোর মিটিং হচ্ছে। আপনাদের বক্তৃতার সারাংশগুলো নিয়ে যাব, অনেক সব —ঐক্যবদ্ধ না, কি সব করবার কথা হচ্ছে? তবে বলব, অন্তত এটা পশ্চিমবাংলায় হবে না। এটা বুঝে নিন। আমি তবুও বলি, একটা নির্বাচন হচ্ছে, মানুষের কাছে যাবেন, এর থেকে বড় কথা কিছু নেই। প্রথম থেকে আপনারা কেন ধরে নিচ্ছেন যে আপনারা হেরে যাবেন? যদিও আমি জানি যে আপনারা হারবেন, কিন্তু আপনারা নিজেরা ধরে নিচ্ছেন কেন? লড়াই করুন, যান মানুষের কাছে। জনসাধারণকে বোঝাবার চেষ্টা করুন, তাদের ভুল বোঝাবার চেষ্টা করুন, কিছু লোক ভুল বুঝতেও পরে। সেই জন্য আমি বলছি এই সব ছেঁদো কথা বলে, এই সব প্রস্তাব

আপনারা এনেছেন—ভালো করেছেন। আপনাদের কর্তব্য আপনারা পালন করেছেন। আমি এখানে দেখলাম, আপনাদের ঐক্যবদ্ধ মত—এটাও আপনারা ঠিক ভাবে করছেন না। আপনারা জানেন, আপনারা পরস্পরকে খুব ভালো করে জানেন এবং সেটা দুদিন বাদে—মানুষ যদি এখনও কোথাও না জানেন, ভালো করে আপনাদের পরিচয় তারা পেয়ে যাবে। আপনাদের বক্তব্য জনসাধারণের কাছে বলুন, পশ্চিমবাংলায় আপনারা যে দলগুলো আছেন, সর্বভারতীয় দলের কি বক্তব্য আছে। কোনও বক্তব্য আছে কি? কোনও বক্তব্য নেই। আমি খুশি হয়েছি যে আপনারা এই প্রস্তাব এনেছেন। কারণ আমাদের নির্বাচনের কাজটা আপনারা শুরু করে দিলেন। এই বক্তব্য আশা করি সব কাগজে বেরোবে। মানুষ বুঝবে আপনাদের কি দুরবস্থা এবং কেন আপনারা এখানে চিৎকার করে মরছেন। তাই এটা আমি বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-30 — 6-40 P.M.]

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য এতক্ষণ শুনলাম। বক্তব্য শুনে এই ধারণাই আমাদের হয়েছে, যে আশঙ্কা আমরা করেছি এবং যে আশঙ্কার ভিত্তিতে আজকে আমরা এখানে মোশন এনেছি আমাদের সেই আশঙ্কা হয়ত আগামী দিনে বাস্তবে রূপায়িত হবে। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় বিধান সভার অভ্যন্তরে বলে গেলেন যে আগামী নির্বাচনে পশ্চিমবাংলায় নাকি তারা ছাড়া আর কেউ একটা সিটও পাবে না। অর্থাৎ আগামী নির্বাচনে পশ্চিমবাংলায় যে কোনও প্রকারে জয়টাকে সার্টিফিকেট দেবার জন্য আগাম তিনি সাফাই বিধানসভার অভ্যন্তরে গেয়ে গেলেন। মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, আমাদের এই মোশনটি তিনি নাকি জনসাধারণের সামনে তুলে ধরবেন। আমরাও বলতে চাই—যেকথা আমরা ১৯৭৭ সালে এবং ১৯৭৬ সালে বলেছি—আবার সেই কথা জনতা পার্টি বলতে চায়, যার জন্য জনতা পার্টির পক্ষ থেকে এই মোশনটি এসেছে, ভারতবর্ষের যেখানে গণতন্ত্রকে বিপন্ন হতে আমরা দেখব, ভারতবর্ষের যেখানে অবাধ এবং নিরপেক্ষ নির্বাচনের আবহাওয়াটাকে নষ্ট হতে দেখব আমরা জনতা পার্টি নির্বাচনে জয়-যুক্ত হতে পারব কি পারব না সেটা বড় কথা নয়—তার বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ করবার অধিকার জনতা পার্টির আছে এবং তারা তা করবে। আপনি নিশ্চয়ই জানেন ১৯৭৭ সালে যখন নির্বাচন ঘোষণা করা হয়েছিল তখন সেই নির্বাচনী বৈতরণীতে দাঁড়াবার স্পর্ধা আপনাদের হয়নি। কিন্তু ভারতবর্ষে প্রথম জনতা পার্টিই এগিয়ে এসেছিল। আপনারা তখন দ্বিধাচিত্তভাবে নির্বাচনে অংশগ্রহণ করবেন কি না তা নিয়ে শলাপরামর্শ করছিলেন। ভারতবর্ষে জনতা পার্টি সংগ্রামের ভূমিকা নিয়ে পুরভাগে এগিয়ে এসেছিল এবং তখন তাদের পিছন থেকে আপনারা সেই নির্বাচনী সংগ্রামে অংশগ্রহণ করেছিলেন। এবং যখন জরুরি অবস্থার সময় জনতা পার্টি সেই সমস্ত কালা-কানুন নিয়ে সোচ্চার হয়েছিল তখন আপনাদের ভূমিকা কি ছিল? গোটা ভারতবর্ষের মানুষ সেটা জানে এবং যেকথা তখন আমরা ঘোষণা করেছিলাম সেকথা কিছু দিন পরে ভারতবর্ষের বুকে প্রমাণিত হয়েছিল এবং জনতা পার্টির বক্তব্যই যে আসল বক্তব্য তা আপনারাও স্বীকার করেছিলেন। আপনাদের রাজনৈতিক দলগুলিও সেকথাকে স্বীকৃতি দিয়েছিল। আমরা জানি কমিউনিস্ট পার্টি যে সিদ্ধান্ত গ্রহণ করে পরবর্তী পর্যায় যে তাদের সেই সিদ্ধান্তটা ভুলছিল, সেটা বার বার প্রমাণ হয়ে গেছে। নেতাজি থেকে আরম্ভ করে ইন্দিরা

পর্যন্ত আপনাদের যে ধারণা ছিল যে সিদ্ধান্ত ছিল তা যে ভুল হয়েছিল, সেকথা আমরা বহুবার শুনেছি। আবার আমরা শুনব—মার্কসবাদী কমিউনিস্ট পার্টির পলিটব্যুরো এই ১৯৭৯ সালে চরণ সিংকে সমর্থন করা নিয়ে যে সিদ্ধান্ত গ্রহণ করেছে, ১৯৮০ সালে আপনাদের পলিটব্যুরো আবার বসে বলবে ঠিক হয়নি এই সরকারকে সমর্থন করা এবং এটা করে আমরা ভারতবর্ষের বুকে প্রতিক্রিয়াশীল চক্রান্তকে মদত দিয়েছি। এই রকম কথা আপনারা বার বার বলেছেন এবং এটা আমরা জানি। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়, আমি আপনাকে দৃঢ় ভাষায় বলতে চাই যে, সারা পশ্চিমবাংলায় যে অবস্থা চলছে সেই অবস্থায় আজকে কোথাও কোনও সুষ্ঠু নির্বাচন পরিচালিত হবার আবহাওয়া নেই। আমাদের উপনেতা মাননীয় প্রবোধচন্দ্র সিনহা মহাশয় যে সমস্ত উদাহরণ আপনার কাছে রাখলেন তাতে এক কথায় আপনি বলে দিলেন এগুলি সবৈব অসত্য। একথা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতার মুখে শোভা পায়, মুখ্যমন্ত্রীর মুখে শোভা পায় না। যে সমস্ত নির্দিষ্ট অভিযোগ আমি আপনার কাছে বিধানসভার সদস্য হিসাবে করেছি—আপনি মুখ্যমন্ত্রী হতে পারেন, কিন্তু আগে আপনি বিধানসভার সদস্য—আমরা বিরোধী দলের সভ্য হতে পারি, কিন্তু আমরাও বিধানসভার সদস্য, আপনি যেমন আমাদের অভিযোগগুলি সবৈব অসত্য বললেন, তেমনি আমি বিধানসভার বুকে দাঁড়িয়ে দায়িত্ব নিয়ে বলছি, আমাদের উপনেতা প্রবোধচন্দ্র সিন্‌হা মহাশয় যেসমস্ত ঘটনার কথা বলেছেন, চালানির কথা, বাহাদুরপুরের কথা, শঙ্করবেরিয়ার কথা, পোলবার কথা, হায়দারপাড়ার কথা এবং সামবিয়াং-এর চা-বাগানের কথা—সারা পশ্চিমবাংলায় যেসমস্ত ঘটনা ঘটেছে সেগুলির কথা আমিও দায়িত্ব নিয়ে বলছি যে, সমস্ত ঘটনা সবৈব সত্য এবং এই সমস্ত মূলে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ষড়যন্ত্র। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ষড়যন্ত্র সারা পশ্চিমবাংলার গণতান্ত্রিক আবহাওয়াকে ধংস করে সারা পশ্চিমবাংলায় ভীতি ও সন্ত্রাস চালিয়ে সেই সন্ত্রাসমূলক রাজনৈতিক আবহাওয়া সৃষ্টি করে বর্তমান লোকসভার নির্বাচনের বৈতরণী পার হওয়ায় চেষ্টা করছে। কিন্তু মনে রাখবেন এক দিন এটা আপনাদের ওপর ব্যুমেরাং হিসাবে দেখা দেবে। ১৯৭৭ সালে জনতা পার্টি আপনাদের বন্ধু ছিল, সেই বন্ধুত্বের সুবাদে পশ্চিমবাংলায় আজকে আপনারা সরকার গঠন করেছেন। সেদিন যদি জনতা পার্টি আপনাদের সমর্থন না করত, জনতা পার্টি যদি বন্ধুত্বের হাত না বাড়িয়ে দিত তাহলে পশ্চিমবাংলায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টিকে এত আসনে আসতে হত না, জ্যোতি বসুকে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর আসনে বসতে হত না। আপনাদের আমি স্পষ্টভাবে বলতে চাই যে, আপনারা যদি সৎপথে চলেন, আপনারা যদি গণতান্ত্রিক রীতি-নীতি মেনে চলেন তাহলে জনতা পার্টি যে প্রতিশ্রুতি দিয়েছিল, সেই প্রতিশ্রুতি তারা রক্ষা করবেন বন্ধুত্বের হাত আপনাদের দিকে বাড়িয়ে দেবে। এক দিকে আপনারা বন্ধুত্বের হাত প্রসারিত করতে চাইবেন, আর এক দিকে ছুরি সানিয়ে রাখবেন, এই দুটো জিনিস এক সঙ্গে চলতে পারে না। এক দিকে চাইবেন জনতা পার্টির সহযোগিতা, আর এক দিকে জনতা পার্টির কর্মীদের বাড়ি লুঠ করবেন, জনতা পার্টির কর্মীদের খুন করবেন, জনতা পার্টির কর্মীদের মা-বোনের উপর অত্যাচার করবেন, আর তাকে শ্রেণী সংগ্রামে রূপায়িত করে মুখ্যমন্ত্রী হাউসে বলবেন, আমরা যেকথা বলছি সব অসত্য। এই রকমভাবে দু' রকম কথা বলে বন্ধুত্ব চাওয়া যায় না। নির্বাচনে জিতবেন, কি হারবেন, সেটা বড় কথা নয়, আপনারা যে সন্ত্রাস, যে লুঠপাট, যে গুন্ডামী, আপনারা যে বিভীষিকা সৃষ্টি করছেন নির্বাচনে জয়ের সঙ্গে তার কোনও সম্পর্ক নেই। পশ্চিমবাংলায় আপনারা যে

পথে চলছেন, এই পথই ব্যুমেরাং হিসাবে আপনাদের ওপর, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ওপর প্রযোজিত হবে। একথা আমি স্পষ্টভাবে বলে রাখছি। ইতিহাসের চাকা কখনও এক জায়গায় থাকে না, ইতিহাসের চাকা সম-পরিবর্তিত হয় এবং সেই পরিবর্তিত চাকা আবার দেখবেন আপনাদের উপর দিয়ে গড়-গড় করে চলতে থাকবে। সেইদিন কিন্তু বন্ধু খুঁজে পাবেন কিনা সন্দেহ কেননা যারা একদিন আপনাদের বন্ধু ছিল আজকে আপনাদের কুকর্মের ফলে পশ্চিমবাংলার সবাই শত্রু হিসাবে প্রতিপন্ন করছেন। তাই প্রবোধচন্দ্র সিনহা মহাশয় যে কথাগুলি বলেছেন সেই কথাগুলি আপনারা একবার চিন্তা করুন। আপনাদের ফ্রন্টের মন্ত্রী শ্রী দেবব্রত ব্যানার্জি তিনিও বলেছেন মধ্যযুগীয় বর্বরতা পশ্চিমবাংলায় কায়েম হয়েছে, গাজীপুরের আর.এস.পি কর্মী মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অত্যাচারের মাধ্যমে আজকে দীপক সেনগুপ্ত মহাশয় গলা বাজিয়ে বলে গেলেন—আমি জানি জ্যোতিবাবুর সার্টিফিকেট ছাড়া শম্ভুবাবু, কমলবাবু একদিনও মন্ত্রিত্ব থাকবে না। ঐ মন্ত্রিত্ব জিইয়ে রাখার জন্য কিছুদিন তাদের গলাবাজি করতেই হবে কিন্তু একদিন ফুটবল কিকের মতন ঐ গোল পোস্টের বাইরে যেদিন পড়বেন সেইদিন আমাদের সাথে গলা মিলিয়ে বলতে হবে হ্যাঁ, আপনারা যে কথাগুলি বলেছিলেন ঠিকই বলেছিলেন। আপনাদের এইকথা আমরা বুঝি। কিন্তু দিনহাটায় আপনাদের কর্মী যখন খুন হয়, বীরভূমে আপনাদের কর্মীর বাড়িতে যখন গুন্ডামি হয়, ডাকাতি হয় সেইদিন ভক্তিভূষণ মহাশয়ের স্টেটমেন্ট বেরোয়—তখন একবার তো বলেন নি যে, সি.পি.এম কর্মী কারও উপর আক্রমণ করেনি? ন্যাথানিয়েল মুর্মু মহাশয় বললেন হ্যাঁ, সি.পি.এম এবং আর. এস. পির যে লড়াই চলেছে সেটা শ্রেণী সংগ্রামের লড়াই। আমার প্রশ্ন হচ্ছে কোনও শ্রেণী, কার সঙ্গে লড়াই করছে? আপনারা কোন শ্রেণীর প্রতিনিধিত্ব করছেন বলুন? আর.এস.পি. কোন শ্রেণীর প্রতিনিধিত্ব করছেন, সি.পি.এম কোন শ্রেণীর প্রতিনিধিত্ব করেন? আজকে আর.এস.পি. যদি সর্বহারা হন, সি.পি.এম তাহলে বুর্জোয়া শ্রেণীর। সি.পি.এম যদি সর্বহারা হন, আর.এস. পি. তবে কি বুর্জোয়া শ্রেণীর? তাই আর.এস.পি. এবং সি.পি.এমের যে লড়াই সেটা ওদের শ্রেণী সংগ্রাম, মার্কসবাদী ফরওয়ার্ড ব্লকের সঙ্গে সি.পি.এমের লড়াই সেটাও শ্রেণী-সংগ্রাম, ফরওয়ার্ড ব্লকের সঙ্গে সি.পি.এমের লড়াইও শ্রেণী সংগ্রাম? আজকে ফ্রন্টের মধ্যে আপনারা ঠিক করুন যে আজকে কে আগ-মার্কা বুর্জোয়া, কে সর্বহারা তারপর আমরা তার পরিচয় পরে দেব। আপনাদের নিজেদের মুখোস নিজেরা সারা পশ্চিমবাংলায় খুলে দিয়েছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি আপনি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলায় যে সমস্ত অন্যায় ঘটছে, যে সমস্ত অত্যাচার হচ্ছে যে সমস্ত অত্যাচারের কাহিনী আমরা পশ্চিমবাংলার বিধানসভায় বারবার বলছি অথবা সংবাদ-পত্রে প্রকাশিত হচ্ছে সেটা আপনি খতিয়ে দেখুন, নিরপেক্ষভাবে দেখুন। আপনার মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়-যিনি ইনফরমেশন মিনিস্টার তিনি— এই পশ্চিমবঙ্গ পত্রিকায় কাঁথির কিছু ঘটনার কথা প্রকাশিত হয়েছিল— তার কাউন্টার করে গণশক্তি কাগজে কিছু রিপোর্ট ছাপিয়ে দিলেন। আমি বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়কে জিজ্ঞাসা করি পশ্চিমবঙ্গ পত্রিকা সরকারের পত্রিকা—কেন সরকারি সংবাদপত্রে পুলিশের যে রিপোর্ট এস.পি.র রিপোর্ট, ডি.এমের রিপোর্ট প্রকাশ করা হয়নি? যদি সেই সমস্ত ঘটনাগুলির অফিসিয়াল রিপোর্ট প্রকাশিত হত তাহলে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতারা লজ্জায় মুখ ঢাকতেন—মধ্যযুগীয় বর্বরতা কাকে বলে, কোনও পর্যায়ে মার্কর্সবাদী কমিউনিস্ট পার্টি ক্ষমতার সুযোগ নিয়ে যেতে পারে সেটা কাউকে বলার

দরকার পড়ে না। সেইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এইটুকু বলব, যে প্রস্তাব আমরা এনেছি—আমার আশঙ্কা আগামী দিনে পশ্চিমবাংলায় অবাধ এবং নিরপেক্ষ নির্বাচন হবে না কেননা এখন থেকেই গ্রামে-গ্রামে বিভিন্ন জায়গায় বলতে শুরু করেছে যে নির্বাচন শেষ হলেও আড়াই বছর আমরা পশ্চিমবাংলায় আছি। যারা এই নির্বাচনে আমাদের বিরোধিতা করবে তাদের চাষ বন্ধ করে দেব, একঘরে করে রাখব, বাইরে বেরোতে দেব না। দিকে দিকে এই প্রচার শুরু হয়েছে এবং বলা হচ্ছে যে কেন্দ্রে যে সরকারই হোক আমাদের বয়ে গেল, পশ্চিমবাংলায় আমরা আছি, পুলিশ আমাদের আছে, আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী জ্যোতি বসু, আমরা যাই করি না কেন আড়াই বছর পশ্চিমবাংলায় কায়েম হয়ে আছি। পশ্চিমবাংলার গ্রাম-গ্রামান্তরে এই কথা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা বলতে শুরু করেছে। তাই আমাদের মধ্যে আজকে আশঙ্কা জেগেছে যে এই নির্বাচন অবাধ এবং নিরপেক্ষ হবে না। শুধু তাই নয় ওদেরই দোসর কেন্দ্রে যে চরণ সরকার প্রতিষ্ঠিত হয়েছে তা বে-আইনিভাবে, রাষ্ট্রপতি তাকে প্রতিষ্ঠিত করেছে এবং সেই সরকারের সাথে গাঁট ছড়া বেঁধেছে এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি। আগামী দিনের ভারতবর্ষে কতখানি গণতান্ত্রিকতা বজায় থাকবে সে ব্যাপারে আমার যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে। তাই গণতান্ত্রিক রীতিনীতিতে জনতা পার্টি বিশ্বাস করে বলেই আজকে এই মোশন এনে আবার বলতে চাই যে যদি আপনাদের গণতন্ত্রের প্রতি বিন্দুমাত্র আস্থা থাকে, বিন্দুমাত্র শ্রদ্ধা থাকে-যেকথা আমরা বলছি সেটা থাকা উচিত—পশ্চিমবাংলায় যাতে অবাধ এবং নিরপেক্ষ নির্বাচন হতে পারে সেই আবহাওয়া আমরা তৈরি করি আসুন এবং তারজন্য বিভিন্ন জায়গায় সর্বদলীয় কমিটি তৈরি করে সেই আবহাওয়া সৃষ্টির পথকে আমরা প্রশস্ত করি। যে মোশন আমরা এনেছি এবং বিরোধী পক্ষের সদস্য যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন তার সবগুলিকে সমর্থন করার জন্য সরকারপক্ষের সদস্যদের কাছে অনুরোধ করছি। যদি আপনাদের গণতন্ত্রের প্রতি বিশ্বাস থাকে তাহলে আমাদের মোশনটিকে সমর্থন করে সুস্থ আবহাওয়ার পথকে পশ্চিমবাংলায় প্রশস্ত করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[6-40 — 6-46 P.M.]

**Mr. Deputy Speaker :** I now put amendment no. 1 to 4 to vote.

The motion of Shri Shaikh Imajuddin that after para 3, the following new para, be added, namely :—

"এই সভার আরও অভিমত এই যে, লোকসভার মধ্যবর্তী নির্বাচনের সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ করার জন্য রাজ্যের স্বরাষ্ট্র সচিব ও রাজ্যের নির্বাচন অফিসারের পদে একজন ব্যক্তির স্থানে দুইজন পৃথক ব্যক্তি নিয়োগ করা প্রয়োজন।" was than put and lost.

The motion of Dr. Zainal Abedin : that—

(i) in para 1 line 1, the word "প্রায়" be omitted.

(ii) in para 1, line 3, the words "হবার আশঙ্কা দেখা দিচ্ছে" be omitted.

(iii) in para 3, the following words be added at the end, namely :—

"এবং রাজ্যে সর্বত্র নিরপেক্ষভাবে সমস্ত কেন্দ্রে ভোটার তালিকাসমূহ নির্ভুলভাবে সংশোধন করা হোক।" was then put and lost.

The motion of Shri Suniti Chattaraj that in para 2, line 2, after the words "সন্দেহ দেখা দিয়েছে" the words "তাই কেন্দ্র থেকে সি আর পি ও মিলিটারি প্রশাসনকে দিয়ে পশ্চিমবঙ্গে সুষ্ঠুভাবে নির্বাচন করা হউক" be inserted, was then put and lost.

The motion of Shri Mohammad Sohorab that for para 1, the following be substituted, namely :—

"পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, রাজ্যের বামফ্রন্ট সরকারের ব্যর্থতা এবং প্রশাসনের নিষ্ক্রিয়তার ফলে পশ্চিমবঙ্গের সর্বত্র আইন-শৃঙ্খলা একেবারে ভেঙ্গে পড়েছে, ফলে নাগরিকদের ব্যক্তিস্বাধীনতা, গণতান্ত্রিক অধিকার বিপন্ন হচ্ছে।" was then put and lost.

**Mr. Deputy Speaker:** I now put to vote the motion of Shri Probodh Chandra Sinha that—

"পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, পশ্চিমবঙ্গের প্রায় সর্বত্র আইন ও শৃঙ্খলার ক্রমাবনতি ঘটছে; ফলে নাগরিকদের ব্যক্তিস্বাধীনতা ও গণতান্ত্রিক অধিকার বিপন্ন হবার আশঙ্কা দেখা দিচ্ছে ;

এই অবস্থার মধ্যে লোকসভার আসন্ন মধ্যবর্তী নির্বাচন অবাধ ও নিরপেক্ষভাবে হবে কি না সে বিষয়ে সন্দেহ দেখা দিয়েছে ;

তাই এই সভার অভিমত এই যে, শান্তি শৃঙ্খলা রক্ষার উদ্দেশ্যে এবং অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের পরিবেশ সৃষ্টির জন্য প্রতিটি থানা হ'তে জেলান্তর পর্যন্ত সাধারন ও পুলিশ প্রশাসনকে পরামর্শ দেওয়ার জন্য উচ্চক্ষমতাসম্পন্ন সর্বদলীয় উপদেষ্টা কমিটি গঠন করা হউক।"

The motion was then put and a division taken with the following results.

NOES

Abdur Razzak Molla, Shri

Abul Hasan, Shri

Adak, Shri Nitai Charan

Anisur Rahman, Shri

Atahar Rahaman, Shri

Bagdi, Shri Lakhan

Bandyopadhyay, Shri Balai

Banerjee, Shri Madhu
Barma, Shri Manindra Nath
Basu, Shri Biamal Kanti
Basu, Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Bauri, Shri Gobinda
Bera, Shri Pulak
Bhattacharyya, Shri Gopal Krishna
Bisui, Shri Santosh
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Biswas, Shri Satish Chandra
Bose, Shri Ashoke Kumar
Bose, Shri Nirmal Kumar
Bouri, Shri Nabani
Chakraborti, Shri Subhas
Chatterjee, Shrimati Nirupama
Chatterjee, Shri Ram
Chhobhan Gazi, Shri
Chowdhury, Shri Sibendranarayan
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Das, Shri Santosh Kumar
Daud Khan, Shri
Ghosal, Shri Aurobindo
Goppi, Shrimati Aparajita
Guha, Shri Kamal Kanti
Hazra, Shri Monoranjan
Hazra, Shri Sundar

Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
Kisku, Shri Upendra
Kundu, Shri Gour Chandra
Let (Bera), Shri Panchanan
Mahata, Shri Satya Ranjan
Mahato, Shri Nakul Chandra
Maity, Shri Hrishikesh
Majhi, Shri Surendra Nath
Majhi, Shri Dinabandhu
Majhi, Shri Sudhangshu Sekhar
Majumdar, Shri Chittabrata
Majumdar, Shri Sunil Kumar
Mandal, Shri Gopal
Mandal, Shri Sukumar
Mandal, Shri Suvendu
Mandi, Shri Sambhunath
Mazumdar, Shri Dilip Kumar
Mazumder, Shri Dinesh
Mir Abdus Sayeed, Shri
Mitra, Dr. Ashok
Mitra, Shri Parimal
Mohammad Ali, Shri
Mohammad Amin, Shri
Mohanta, Shri Madhabendu
Majumdar, Shri Hemen
Mojumdar, Shri Jamini Kisore
Mondal, Shri Shashanka Sekhar
Mirdha, Shri Chitta Ranjan
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Joykesh

Mukherjee, Shri Mahadeb
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Nasker, Shri Sundar
Nath, Shri Manoranjan
Neogy, Shri Brajo Gopal
Nezamuddin Md., Shri
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra
Roy, Shri Hemanta Kumar
Roy, Chowdhury, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Sanyal, Shri Samarendra Nath
Sarkar, Shri Ahindra
Satpathy, Shri Ramchandra
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Sing, Shri Buddhadeb
Singh, Shri Chhedilal
Singha Roy, Shri Jogendra Nath
Sk. Siraj Ali, Shi,
Tah, Shri Dwarka Nath
Talukdar, Shri Pralay
Tudu, Shri Bikram
Uraon, Shri Punai

AYES

A.K.M. Hassan Uzzaman, Shri

Abedin, Dr. Zainal

Bapuli, Shri Satya Ranjan

Bauri, Shri Bijoy

Bera, Shri Sasabindu

Das Mahapatra, Shri Balai Lal

Das, Shri Sandip

Das Sarma, Shri Sudhir Chandra

Digpati, Shri Panchanan

Doloi, Shri Rajani Kanta

Habibur Rahaman, Shri

Jana, Shri Hari Pada (Pingla)

Jana, Shri Prabir

Kazi Hafizur Rahaman, Shri

Mahato, Shri Shantiram

Motahar Hossain, Dr.

Omar Ali, Dr.

Paik, Shri Suniraml

Pal, Shri Ras Behari

Roy, Shri Krishnadas

Roy, Shri Nanuram

Sarkar, Shri Dhirendra Nath

Shaikh Imajuddin, Shri

Shamsuddin Ahmad, Shri

Shastri, Shri Vishnu Kant

Sinha, Shri Atish Chandra

Sinha, Shri Probodh Chandra

The Ayes being 27 and Noes, 106 the motion was lost.

**Adjournment**

The House was then adjourned at 6-46 P.M. till 1 P.M. on Wednesday the 5th September, 1979 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 5th September, 1979 at 1 P.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Syed Abul Monsur Hobibullah) in the Chair, 19 Ministers, 3 Ministers of State and 198 Members.

## Adjournment Motion

[1-00–1-10 P.M.]

**মিঃ স্পিকার ঃ** আমি সরকার পক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। যে পরিস্থিতি আগের দিন অর্থাৎ গতকাল হয়েছিল সেই পরিস্থিতি আজও দেখা দিয়েছে—কোয়েশ্চেন আসেনি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমি অত্যন্ত দুঃখিত। আমি এটা দেখব কেন প্রেস দেরি করছে। কালকের কোয়েশ্চেন পাঠিয়ে দিয়েছিল—আজকে এখনও আসেনি টেলিফোন করায় তারা জানিয়েছে যে পাঠিয়ে দিয়েছি। ভবিষ্যতে যাতে এটা না হয় সেটা আমি দেখব।

## Adjournment Motion

**মিঃ স্পিকার ঃ** আমি আজ সর্বশ্রী এ কে এম হাসানুজ্জামানের ও শামসুদ্দীন আহমেদ এবং কৃষ্ণদাস রায়, রজনীকান্ত দোলুই মহাশয়ের কাছ থেকে তিনটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী হাসানুজ্জামান লেডি ব্রাবোর্ন কলেজে বেআইনি কার্যকলাপ সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি এমন গুরুত্বপূর্ণ নয় যে এরজন্য সভার কাজ মুলতুবি রাখা যেতে পারে। সদস্য মহাশয় ইচ্ছা করলে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব প্রশ্ন ইত্যাদির মাধ্যমে বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের গোচরে আনতে পারেন।

দ্বিতীয় প্রস্তাবে শ্রী আহমেদ ও শ্রী রায় আসন্ন মধ্যবর্তী নির্বাচনের ভোটার তালিকা প্রণয়নে কারচুপির সম্পর্কে আলোচনা চেয়েছেন। এ বিষয়ে গতকাল বিধানসভায় বিস্তারিত আলোচনা হয়েছে। তাতে সদস্যমহাশয়গণ তাঁদের বক্তব্য উত্থাপনের সুযোগ পেয়েছেন।

তৃতীয় প্রস্তাবে শ্রী দোলুই রাজ্য বিদ্যুৎ সঙ্কট পরিস্থিতি সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি সাম্প্রতিক নয়। এটি কিছুদিন থেকেই ঘটছে। তাই এটি মুলতুবি প্রস্তাব বিষয় হতে পারে না।

উপরোক্ত কারণে আমি তিনটি মুলতুবি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তবে সদস্যগণ ইচ্ছা করলে তাঁদের প্রস্তাবের সংশোধিত অংশগুলি পড়তে পারেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখে থাকবেন আজকে অমৃত বাজার পত্রিকায় মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিয়েছেন যে দি পাওয়ার সিচুয়েশন ইজ ভেরি গ্রেভ, কাজেই এটাকে সাম্প্রতিক বলতে হবে। চিফ মিনিস্টার অ্যাডমিট করেছেন পাওয়ার কিভাবে ডেটরিওরেট করছে।

**মিঃ স্পিকার ঃ** পূজার সময় আলো বাতি পেতে অসুবিধা হবে না বিশেষ করে কালী পূজার সময়।

**Shri A.K.M. Hasan Ujjaman :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely,—The news appearing in the GHAZI, a Urdu Daily regarding irregularities in the administrative affairs of lady Brabourne College, Calcutta, and the difficulties experienced by the students in getting admission in the Arabic and Persian Sections of this College is causing concern to the guardians and students. If this state of affairs prevailing in the College is allowed to continue unabated it may eventually lead to closure of the Arabic and Persion Sections in this college, on the plea of non-availability of students. The recent irreguler and unfair appointment of a Male Teacher for Arabic and Persian Sections of this Women's College, ignoring the claims of many experienced and more suitable female applicants has caused serious resentment amongst the guardians and students of this College.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাগজের কাটিং আমার কাছ আছে, আপনার কাছে সেটা আমি দিয়ে দিচ্ছি এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করার জন্য।

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ের আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল —

লোকসভার আসন্ন নির্বাচনে ভোটার তালিকা প্রণয়ন বিষয়ে গ্রামাঞ্চলে অ্যানিউমারেটারগণ গৃহস্থদের বাড়ি বাড়ি না গিয়ে ভোটার তালিকা প্রস্তুত করিতেছেন। তাঁহারা বিশেষ রাজনৈতিক দলের সমর্থক গৃহস্থ হলে কিছু না দেখিয়াই ভোটার তালিকা প্রণয়ন করিতে আরম্ভ করিয়াছেন এবং ১৬ বৎসরের ব্যক্তিকে ২১ বৎসরের বলিয়া দিতেছেন। রসিদের উপর জাল সহি করিয়া চলিয়া যাইতেছেন, ফলে যে ভোটার তালিকা হইতেছে উহা সর্বতোভাবে ভ্রান্ত ভোটার তালিকা। এমতাবস্থায় লোকসভা নির্বাচন বিষয়ে প্রাথমিকভাবে যে ভোটার লিস্ট হইতেছে উহা উদ্বেগজনক।

অতএব এই বিষয়ে জনস্বার্থে বিশদ আলোচনার জন্য. অদ্যকার সভা মুলতুবি রাখিয়া আলোচনা হউক।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ -

বিগত কয়েক মাস যাবত বিদ্যুৎ ঘাটতিজনিত পরিস্থিতি পশ্চিমবঙ্গের আর্থিক উন্নয়নের ক্ষেত্রে এক গুরুতর আঘাত হেনেছে। বিদ্যুৎ রেশনিং করা সত্ত্বেও পশ্চিমবঙ্গে বিদ্যুতের অভাবে যে ভয়াবহতা সৃষ্টি করেছিল সেই অভাব সাময়িকভাবে দূর হলেও অধুনা আবার তা পূর্বের আকার ধারণ করেছে। ফলে কলকারখানায় উৎপাদন ব্যহত, কৃষিক্ষেত্রে গভীর নলকূপ ও ক্ষুদ্র সেচ প্রকল্পগুলি অচল। পানীয় জলের সরবরাহ ব্যহত। নতুন গ্যাস-টারবাইনগুলোর অবস্থাও অস্বাভাবিক। সেখানেও বিদ্যুতের উৎপাদন ব্যাহত। পূজার মুখে বিদ্যুতের এই সঙ্কট খুবই ভয়ঙ্কর। সাধারণ গৃহস্থ, কৃষক, মজদুর, ব্যবসাদার ও শিল্প মালিক প্রত্যেকেই বিদ্যুৎ সঙ্কটের শিকার হয়েছেন ও হচ্ছেন।

স্যার, এটা গুরুত্বপূর্ণ নয় কি করে বলছেন?

**মিঃ স্পিকার ঃ** যেটা কন্টিনিউড জিনিস তার উপর আলোচনা হয় না।

[1-10–1-20 P.M.]

**মিঃ স্পিকার ঃ** বিদ্যুতের উপর যদি আপনারা একদিন আলোচনা করতে চান সেটা দেওয়া যাবে। এই ব্যাপারে অ্যাডজোর্নমেন্ট মোশনের প্রয়োজন নেই।

## Calling attention to matters of urgent public importance

**মিঃ স্পিকার ঃ** আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা, —

১। পশ্চিমবঙ্গের জেলখানাগুলির অস্থায়ী মহিলা ওয়ার্ডার ও ঝাড়ুদারদের স্থায়ীকরণ এবং সাবজেলগুলির পরিসর বৃদ্ধি—শ্রী যামিনীকিশোর মজুমদার।

২। কলিকাতা কর্পোরেশনে শিক্ষক নিয়োগের ব্যাপারে ফর্মে করা দরখাস্ত বাতিল—শ্রী শিবনাথ দাস।

৩। দমদম বিমানবন্দরে মোহনবাগান ফুটবল খেলোয়াড়দের উপর ট্যাক্সিচালকের হামলা—শ্রী সেখ ইমাজুদ্দিন, শ্রী শামসুদ্দিন আহমেদ এবং শ্রী কাজী হাফিজুর রহমান।

৪। ২৪ পরগনা জেলার আমডাঙা গ্রামে গণ আদালত—শ্রী রজনীকান্ত দোলুই।

5. Robbery at Bhawanipur P. S. Area—Shri Shamsuddin Ahmed, Shri Krishnadas Roy and Shri Rajani Kanta Doloi.

6. Robbery by Taxi driver on Beadon Street—Shri Krishnadas Roy and Shri Shamsuddin Ahmed.

7. Acute Power crisis in West Bengal—Shri Rajani Kanta Doloi.

আমি এর মধ্যে দম দম বিমান বন্দরে মোহনবাগান ফুটবল খেলোযাড়দের উপর ট্যাক্সি চালকদের হামলা এই দৃষ্টি আকর্ষণী নোটিশ সিলেক্ট করছি এবং মন্ত্রী মহাশয়কে স্টেটমেন্ট দেবার জন্য অনুরোধ করছি।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** দি স্টেটমেন্ট উইল বি মেড অন ফোর্টিন্থ।

**মিঃ স্পিকার ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে হুগলি ও বর্ধমান জেলার আংশিক সেচ ব্যবস্থা যুক্ত কয়েকটি গ্রামীণ এলাকাকে সেচসেবিত এলাকা বলিয়া ঘোষণার ফলে প্রান্তিক চাষীদের অসুবিধা সম্পর্কে একটি বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** ৩০-৮-৭৯ তারিখে মাননীয় সদস্য শ্রী অজয়কুমার দে একটি গুরুত্বপূর্ণ জরুরি বিষয়ের প্রতি আমার দৃষ্টি আকর্ষণ করেছেন। মাননীয় সদস্যের বক্তব্য এই যে, ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের ১-৭-৭১ তারিখে ৭৩৫২ এল. রেফ নং নোটিফিকেশনের দ্বারা হুগলি ও বর্ধমান জেলার অনেকগুলি এলাকাকে সেচসেবিত বলে ঘোষণা করা হয়েছিল, কিন্তু সেইসব এলাকার কোথাও কোথাও আদৌ সেচের ব্যবস্থা নেই, অথবা কোথাও কোথাও মাত্র আংশিক ব্যবস্থা আছে। সেইজন্য জমির উর্দ্ধসীমা এবং জলকর আদায়ের ব্যাপারে অসন্তোষ ও জটিলতা দেখা দিয়েছে।

এই বিষয়ে সভার অবগতির জন্য জানাই যে, সংশ্লিষ্ট বিভাগগুলি অর্থাৎ সেচ ও জলপথ এবং কৃষি বিভাগের কাছ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতেই উক্ত নোটিফিকেশনটি ভূমি রাজস্ব বিভাগ থেকে ঘোষিত হয়েছিল। এই নোটিফিকেশন অনুযায়ী জমির উর্দ্ধসীমা এবং ভূমি রাজস্ব ছাড়ের সীমা স্থির করা হয়ে থাকে। এই নোটিফিকেশন অনুযায়ী কাজ করতে গিয়ে কিছু লোকের অসুবিধা হচ্ছে এইরকম অভিযোগ আমার নজরে এসেছে। সুতরাং আমরা আবার সেচ ও জলপথ এবং কৃষি বিভাগের সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করে তথ্যাদি সংগ্রহ করব। এবং প্রয়োজন অনুসারে উক্ত নোটিফিকেশন সংশোধন করা হবে। অবশ্য ভূমি রাজস্ব বিভাগকে উক্ত সংশ্লিষ্ট বিভাগগুলির দেওয়া তথ্যের উপরই নির্ভর করতে হবে।

জলকর নির্ধারণ এবং আদায় সেচ ও জলপথ এবং কৃষি বিভাগের দায়িত্ব। এ বিষয়ে ভূমি রাজস্ব বিভাগের কিছু করণীয় নাই। তবে মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই যে, সমস্ত রকম চাষের জন্যই একর প্রতি ৯৬ টাকা জলকর আদায় করা হয় না। কৃষি বিভাগ একমাত্র বোরো চাষের জন্য সেচের জন্য সরকারের সঙ্গে চুক্তিবদ্ধ হন। সেচ বিভাগ ফসল বিশেষে একর পিছু ১৫ টাকা, ২০ টাকা ও ৫০ টাকা আদায় করেন এবং কৃষি বিভাগ অন্যান্য ক্ষেত্রে ৯ টাকা ৫০ পয়সা থেকে ৫০ টাকা পর্যন্ত বিভিন্নহারে আদায় করেন। তবে যেসব ক্ষেত্রে একেবারে সেচের সুযোগই নেই বা মাত্র আংশিক সুযোগ আছে বা অন্য প্রকার কোনও অসুবিধা আছে সেসব ক্ষেত্রে সংশ্লিষ্ট আইনগুলিতে জলকর ছাড়ের ব্যবস্থাও আছে।

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টা আপনার মাধ্যমে বলতে চাচ্ছি সেটা পশ্চিমবাংলায় নন-কন্ট্রোভার্সিয়াল, সেটি হচ্ছে পশ্চিমবাংলায় বহু পলিটেকনিক এবং বহু জুনিয়ার টেকনিক্যাল স্কুল রয়েছে, তাদের শিক্ষক এবং শিক্ষাকর্মী এবং অশিক্ষক কর্মচারী—তারা দীর্ঘদিন যাবত উচ্চ শিক্ষামন্ত্রী মহোদয়ের কাছে এবং তার দপ্তরের কাছে আবেদন নিবেদন করেছেন। আজকে সারা পশ্চিমবাংলা থেকে এই শিক্ষকদের এবং শিক্ষা কর্মীদের এবং অশিক্ষক কর্মচারী তারা গণ-ডেপুটেশন নিয়ে এসেছে। তারা আমার কাছে অনুরোধ করেছেন আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের যেন তাদের সঙ্গে দেখা

করেন। কারণ তাদের দাবি-দাওয়া অত্যন্ত যুক্তিযুক্ত, তাদের বৈষম্যমূলক বেতন কাঠামো এবং আরও কতকগুলি গুরুত্বপূর্ণ দাবি রয়েছে। আমার মনে হয় এই ব্যাপারে তিনি যদি একটু বসেন তাহলে সমস্যাটা এক্ষুনি মিটে যেতে পারে, এবং এই বিধানসভা চলাকালীন তাদের সমস্যার সমাধানকল্পে তিনি একটা ঘোষণা করতে পারেন। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এখানে এখন নেই তাহলে মাননীয় পরিষদীয় মন্ত্রী মহাশয় এখানে রয়েছেন, তিনি যদি শিক্ষামন্ত্রীকে এই ব্যাপারে বলেন তাহলে খুশি হব। তারা দুরদুরান্ত থেকে আসছে সুতরাং এই ডেপুটেশানিস্টদের সঙ্গে কথাবার্তা বলেন তাহলে ভাল হয়।

## Mention Cases

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের হাওড়া জেলায় প্রায় ২৪টা গভীর নলকূপ দুই বছরের উপর হল তৈরি হয়ে পড়ে আছে, তার মধ্যে উদয়নারায়ণপুর ব্লকে ৮টি—বন্যার আগে এগুলি হয়েছে কিন্তু আজ পর্যন্ত সেগুলি এনারজাইস হয়নি। বন্যার পরে যে সেকেন্ড ক্রপের জন্য গভর্নমেন্ট এত করে তাগাদা দিল তাতেও কোনও ফল হল না, কাজে লাগানো গেল না। খরায় যেসব এলাকায় চাষ হয়নি তাতেও কোনও কাজে লাগানো গেল না। এটা একটা গুরুতর জাতীয় ক্ষতি বলে আমি মনে করি এবং সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিসভার এবং বিশেষ করে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আর ক্ষতি না বাড়িয়ে অতি সত্ত্বর যাতে এগুলি এনারজাইস করা হয় তার জন্য যেন বিশেষ ব্যবস্থা গ্রহণ করেন।

[1-20–1-30 P.M.]

**শ্রী শিবনাথ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই আমাদের সুতাহাটা এলাকার একটা বিশেষ ঘটনার প্রতি। সেখানে গোয়েবেড়া গ্রামের একজন অত্যন্ত গরিব এবং ছোট চাষী সে নিজে খেটে কোনও রকমে ১০/১৫ কাঠা জমি তার ভাইয়ের কাছ থেকে কিনেছিল। সেই জমিটা তার ভাই দাবি করে, সে সি. পি. এম.-এর সমর্থক হয়ে এবং সি. পি. এমের আরও কিছু সমর্থককে সঙ্গে নিয়ে সেখানে একটা লোককে খুন করল। যে লোকটাকে খুন করল সে অত্যন্ত নিরীহ ও গোবেচারী মানুষ। সে সেখানে জিজ্ঞাসা করতে গিয়েছিল যে তারা গোলমাল করছে কেন। তাতেএরা বলল যে তুমি ওদের সমর্থক এবং এই বলেই তাকে বল্লম দিয়ে খুঁচিয়ে মারল। যিনি মারলেন তিনি ঐ গোয়েবেড়া গ্রামের অঞ্চল প্রধান, তিনি নিজে বল্লম দিয়ে তাকে মারে। তাকে মদত দেবার জন্য সেখানে আরও বহু লোক জড় করে। জেলা পরিষদের সুব্রত ব্যানার্জি এবং প্রীতি চক্রবর্তী, তিনি পঞ্চায়েত সমিতির উপপ্রধান, এরা লোকজন জড় করে এই লোকটাকে খুন করল। যাকে খুন করল তার সঙ্গে এর কোনও সম্পর্ক ছিল না। সে কেবল বলতে গিয়েছিল যে তোমরা যদি জমি চাও তাহলে আইনত নাও। কেন গোলমাল করছ, সে এতদিন জমি চাষ করে আসছে, এই জমি তার কাছে তার ভাই বিক্রি করেছে তখন কেউ বাধা দেয়নি, সে বীজ ফেলল, বীজতলা করল তখন কেউ

বাধা দেয়নি, এখন কেন সেই বীজতলা নষ্ট করছ। এই কথা বলায় তাকে মারল এবং এমনভাবে মারল যে তাকে খুন করে ফেলা হল, একেবারে স্পট ডেড। তার মুখে জল দেবার জন্য কয়েকজন মেয়েছেলে এগিয়ে এসেছিল তাদেরও মারধর করা হয় এবং আরও দু'চারজন যারা বলতে এসেছিল তাদের তাড়া করা হয়। তারা ছুটে গিয়ে একটা বাড়িতে আশ্রয় নেয়, তখন্ তারা সেই বাড়িও চড়াও করে। তারা সবাই সি. পি. এম.-এর সদস্য—অঞ্চল প্রধান, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের তারা সদস্য, পুলিশ যাতে এই কেস জোরদার না করতে পারে তারজন্য এখান থেকে তার উপর চাপ সৃষ্টি করা হচ্ছে। সেখানে প্রচার করা হচ্ছে যে পার্টি থেকে নাকি বলা হচ্ছে যে তোমাদের কোনও অসুবিধা নেই, তোমাদের এই কেসে কিছু হবে না যদি হয় তাহলে এক আধটু হতে পারে, তোমাদের কাজ তোমরা চালিয়ে যাও। এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে মানুষ ন্যায্য বিচার পায়।

**শ্রী ননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বারাসত পার্লামেন্টারি কনস্টিটিউয়েন্সির নির্বাচন কেন্দ্রের কয়েকটি কথা আপনাকে বলতে চাই। আমি যেটা এখানে বলতে চাই সেটা হচ্ছে যে আমাদের এখানে বিধানসভায় কংগ্রেস (আই) ইত্যাদির আলোচনা একরকম কিন্তু ওখানে আর এক ধরনের ঘটনা ঘটাবার চেষ্টা হচ্ছে। গত বুধবার আমাদের পঞ্চায়েত সমিতির সদস্য, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির, বলাই বিশ্বাস, তাকে কংগ্রেসের লোকেরা আক্রমণ করেছিল। কংগ্রেসের বৈদ্যনাথ—কংগ্রেস (আই), তিনি মাঝে মাঝে আবার কংগ্রেস রেড্ডিও হন, কারণটা হচ্ছে ওরা সি. পি. এম. যে দেওয়ালে লিখেছে সেই দেওয়ালের উপর লিখছিল ওয়াই. সি. ফর ১৯৭৯-৮১, তাতে আপত্তি করেছে। দিন কতক আগে অশোকনগরে সেখানকার কংগ্রেস (আই) কর্মী, মণীন্দ্র বোস, তার বাড়িতে বোমা জমা করে রেখেছিল সেই বোমা বার্স্ট করায় তার বাড়ির ছাদ উড়ে গিয়েছে। ওখানকার সদস্য ও আমাদের প্রাক্তন বিধানসভার সদস্য অশোকবাবু চেষ্টা করছেন এখনো কিন্তু সেই কেসের ফয়সলা করতে পারেননি। তারও আগে আমাদের এমদাদুল হক, পঞ্চায়েত সমিতির সহ সভাপতি, তাকে ওরা আক্রমণ করল। আজকে এইভাবে ওরা চেষ্টা করছে অতীতের সেই নির্বাচনী আবহাওয়া সৃষ্টি করতে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওদিকের বন্ধুদের অনুরোধ করতে চাই যে তাঁরা যেন এই চেষ্টা থেকে বিরত থাকেন, নইলে যেদিন জনগণের আক্রোশ তাদের উপর পড়বে তার থেকে কিন্তু তাদের আর ফিরিয়ে আনতে পারবেন না এবং তখন ওরা কান্নাকাটি করলেও আর ঠেকাতে পারবেন না।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩রা সেপ্টেম্বর মেদিনীপুর জেলার হলদিয়াতে এফ. সি. আই.-এর একজন কর্মীর দু'জায়গায় কাজ করা উপলক্ষ্যে কেন্দ্রীয় আই. বি. থেকে তদন্ত করে তাকে গ্রেপ্তার করা হল। পরে সেখানে কিছু লোক তারা মিছিল, হামলা করে এবং অফিস আক্রান্ত হয় এবং এই ঘটনাকে কেন্দ্র করে সেখানে সংঘর্ষ হয়। ঘটনাস্থলে চারজন স্পট ডেথ হয়েছে এবং সেখানে সিটুর অন্যতম নেতা কমরেড লক্ষ্মণ শেঠও গ্রেপ্তার হয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে তমলুক থেকে হলদিয়া পর্যন্ত একটা টেনসন সৃষ্টি হয়েছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের হস্তক্ষেপ দাবি করছি যাতে এই ঘটনার দ্রুত নিষ্পত্তি

হয় এবং তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয় এবং যারা শান্তি-শৃঙ্খলার অবনতি ঘটাবার চেষ্টা করছে তাদের সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করা হোক। এইসব দিকে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়কেশ মুখার্জি :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আপনি জানেন স্যার, পশ্চিমবঙ্গে কয়েকটা হোমিওপ্যাথিক কলেজ আছে। কয়েকটি কলেজ পরিচালনা করেন ক্যালকাটা ইউনিভার্সিটি, আর কয়েকটি করেন হোমিওপ্যাথিক কাউন্সিল। কিন্তু কোনও কলেজেই শিক্ষার জন্য যে ব্যবস্থার দরকার তার উপযুক্ত ব্যবস্থা নেই। শিক্ষার যে সমস্ত প্রয়োজনীয় জিনিস দরকার যেমন ল্যাবরেটরি, লাইব্রেরি, ডিসেকসান হল, অপারেশন থিয়েটার, মেটারনিটি—এই সবের বিশেষ কোনও ব্যবস্থা নেই। আর শিক্ষার জন্য সবচেয়ে বেশি যেটা দরকার সেটা হাসপাতাল। যে হাসপাতাল আছে তাকে না থাকা বলাই ভাল। যে কয়েকটি বেড আছে তাতে রোগী প্রায় ভর্তি হয় না। কারণ রোগীকে পথ্য দেবার ব্যবস্থা নেই। নার্সের ব্যবস্থা নেই, সুইপারের ব্যবস্থা নেই—এই রকম অবস্থায় শিক্ষা ব্যবস্থা চলছে। অথচ হোমিওপ্যাথির মর্যাদা এখন অনেক বেড়ে গিয়েছে। কারণ সরকারের পক্ষ থেকে বিভিন্ন পঞ্চায়েতে এবং গ্রাম পঞ্চায়েতে একটা করে আউট ডোর ডিসপেন্সারির ডাক্তারখানার ব্যবস্থা করা হচ্ছে। সেখানে হোমিওপ্যাথিক ডাক্তার নিয়োগ করা হচ্ছে, তারপর, অন্যান্য জায়গায় যেমন প্রাইমারি হেল্‌থ সেন্টারেতেও হোমিওপ্যাথিক ডাক্তার নিয়োগ করা হচ্ছে। ছাত্ররা দলে দলে কলেজে ভর্তি হতে যাচ্ছে, এমন কলেজও আছে যেখানে প্রতি ছাত্র ভর্তির জন্য ডোনেশন হিসাবে তিন হাজার থেকে ৫ হাজার টাকা পর্যন্ত নেওয়া হয়েছিল। অথচ সেই টাকার কি হিসাব তা জানা যায়নি। এই অবস্থা এখন চলতে পারে না। কলেজগুলিকে এখনই সরকারের অধিগ্রহণ করা উচিত এবং এদের উন্নতির জন্য যা কিছু ব্যবস্থা করা দরকার তা করা উচিত। আর একটা কথা প্রসঙ্গত বলতে পারি, এইসব ব্যাপারে হিসাব-নিকেশ করে এখন যদি গভর্নমেন্টের পক্ষে এগুলো নেওয়া শক্ত হয়ে দাঁড়ায় বা সম্ভব না হয়, তাহলে আমরা দেখেছি ইউনিভার্সিটির অধীনে যে কলেজগুলো আছে তাতে ছাত্র ভর্তি হয় গভর্নমেন্ট মারফত। সেখানে একটা জিনিস করা যায়, ইউনিভার্সিটির যে কলেজগুলো চালায় গভর্নমেন্ট সেখানে যেমন ছাত্র ভর্তির ব্যবস্থা করেন, কাউন্সিল যে কলেজগুলো চালায় সেখানেও গভর্নমেন্ট ছাত্র ভর্তির ব্যবস্থা করুন না কেন। এখনই অন্তত এইটুকু করা যায়। গভর্নমেন্ট ছাত্র ভর্তির ব্যাপারটা নিজের হাতে নিল। এই সম্বন্ধে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-30–1-40 P.M.]

**শ্রী নবনী বাউরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন বাঁকুড়া জেলা খরা পীড়িত এলাকা, এবারেও খরা বাঁকুড়ায় হয়েছে। গঙ্গাজলঘাটি, সেজিয়া, সালতোড়াতে কোনও বৃষ্টি হয়নি, সেখানে চাষবাসের কাজ বন্ধ হয়ে আছে। গত তিন মাস যাবত ক্ষেতমজুরের কোনও কাজকর্ম নাই। ফলে তারা সেখানে অর্ধাহারে অনাহারে দিন যাপন করছে। এমন কি গ্রামে গ্রামে ঘটেছে। এই রকম অবস্থায় ক্ষেতমজুদের কাজের ব্যবস্থা, রিলিফ, লঙ্গরখানার ব্যবস্থা করা এবং পানীয় জলের ব্যবস্থা করার জন্য এবং স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ঔষধ দেবার জন্য দাবি

করছি এবং এই খরাপীড়িত এলাকা যাতে মুখ্যমন্ত্রী মহাশয় পরিদর্শন করেন তার জন্য তাঁকে বিশেষভাবে অনুরোধ করছি।

**শ্রী ন্যাথানিয়েল মুর্মু ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ বিষয়ে। কলকাতার শেঠ সুখলাল কার্নানি মেমোরিয়েল হাসপাতালে এবং নীলরতন সরকার মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটালে যে এক্স রে মেশিনগুলি আছে সেগুলি প্রায় অচল হয়ে রয়েছে। যার জন্য গত ১০-১২ দিন ধরে এই অবস্থায় থাকার ফলে গুরুতর রোগীদের চিকিৎসা সম্পূর্ণ বন্ধ হয়ে আছে। বিশেষ করে নিউরোলজিক্যাল ওয়ার্ডে, যারা ভুগছে তাদের চিকিৎসা বন্ধ হয়ে আছে, ডাক্তাররা বলছেন চিকিৎসা হবে না, তোমরা হাসপাতাল ছেড়ে চলে যাও। এমন কি বালুরঘাট থেকে যে রোগীরা এসেছে তাদের ডিস্‌চার্জ করা হয়েছে। সেজন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যে দয়া করে তিনি পি. জি. হাসপাতালে এবং নীলরতন সরকার হাসপাতালে এই এক্স-রে মেশিনগুলি রিপেয়ার করার জন্য অবিলম্বে ব্যবস্থা করুন। এই প্রসঙ্গে বলতে চাই যে এই এক্স-রে মেশিনগুলি মেরামতির জন্য অ্যালায়েড সরকারি সংস্থা আছে, তারা সেগুলি মেরামত করবে এবং তারা যদি কোনও মেশিন মেরামত না করতে পারে এবং এই মর্মে সুপারিশ করে তখন সেটা বাইরে থেকে মেরামত করা চলে। কিন্তু অভিজ্ঞ ব্যক্তিরা বলছেন যে, যে কোনও মেশিন যে কোনও অবস্থায়ই কয়েক ঘন্টার মধ্যে মেরামত করা যেতে পারে। এমতাবস্থায় যেখানে মানুষের জীবন-মরণ সমস্যা সেখানে স্বাস্থ্য দপ্তর থেকে এ সম্বন্ধে অবিলম্বে ব্যবস্থা করা হোক, এটাই আমার অনুরোধ এবং বক্তব্য।

**শ্রী সুনীল বসু রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই ঘটনা বলতে চাই যে ২৫শে আগস্ট সমাজবিরোধীরা চিত্তরঞ্জন রেল শহরের ফতেপুর অঞ্চলে রাত ৯টায় হামলা করে ২ জন দোকানদারকে আহত করে। তাদের নাম বারিণ মিত্র ও মিহির মণ্ডল। ঘটনাস্থল থানার কাছে। রাত্রি ১০টায় চিত্তরঞ্জন লেবার ইউনিয়নের সভাপতি শ্রী নির্মল মুখার্জি থানায় যান ও প্রতিকার চান। এ. এস. পি.কে ফোনে জানানো হয়। ২৬শে আগস্ট পুলিশ কয়েকজন অভিযুক্তকে গ্রেপ্তার করে এবং পাল্টা অভিযোগকারীদেরও গ্রেপ্তার করে। নিরীহ লোকদের উপর ও ৩০৭ ধারার মামলা হয়। শ্রমিক নেতারাও বাদ যায়নি। অভিযুক্ত সমাজবিরোধীরা সুপরিচিত এবং তাদের পিছনে পিছনে রেল প্রশাসনেরও সমর্থন আছে। ইন্দিরা কংগ্রেসে মাতব্বরদের সাথেও এদের দেখা যায়।

চিত্তরঞ্জনে এরূপ সমাজ বিরোধী দৌরাত্ম্য বেড়েই চলেছে। পুলিশ প্রশাসনকে রেল কর্তৃপক্ষের সহযোগিতায় এদের বিরুদ্ধে কঠোর হতে হবে। কোনও কোনও পুলিশের শ্রমিক ও জনগণ বিরোধী কাজও যাতে বন্ধ হয় তা দেখতে হবে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সম্পত্তি নিয়ে সি. পি. এম.-এর লোকেরা কিভাবে ছিনিমিনি এবং নোংরামি করছে সে বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পাঁশকুড়া ব্লক ওয়ানে টুয়েলভ্‌থ ক্লাস ইনস্টিটিউশন স্কুল করার জন্য ৩ বছর আগে, সেই গ্রামে ৩ বিঘা জমি কিনেছিল। গত বছর

বানের সময় বাড়িঘর ভেঙে যাওয়ায় ১০টি আদিবাসী পরিবার স্কুলের এই তিন বিঘার উপর ঘর করে।

তখন স্কুল কর্তৃপক্ষ কোনও বাধা দেননি। তারপর বানের জল চলে যাওয়ার পরও এরা সেই হোস্টেল নির্মাণ করার যে জমি সেই জমি ছেড়ে কিছুতেই যাচ্ছে না। স্কুল কর্তৃপক্ষ বার বার বিভিন্ন জায়গায় দেখা করেছেন, দরখাস্তও করেছেন কিন্তু কোনও প্রতিকার পাচ্ছেন না। আমি নিজে মাননীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করেছি, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দরবার করেছি কিন্তু কোনও প্রতিকার হয়নি। এখন স্যার, আপনার কাছে দরবার করছি প্রতিকার পাবার জন্য আপনার কাছে স্যার, আমি এস. ডি. ও., জে. এল. আর. ও.'র এনকোয়ারি রিপোর্টের কপি দিচ্ছি, আপনি একটা ব্যবস্থা করুন যাতে ঐ স্কুলের জমি তারা ভেকেট করে দেয় এবং তাদের অরিজিন্যাল জায়গায় তারা চলে যায়।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন ধরে পুরুলিয়া জেলাতে খরা চলছে এবং সেই খরার কথা এই বিধানসভাতে মাননীয় সরকারপক্ষের সদস্যরা এবং বিরোধীপক্ষের সদস্যরা বলেছেন সেটা আপনি জানেন। আমি স্যার, সেই পুরুলিয়া জেলার খরা সম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, যখন খরা চলছে এমন অবস্থায় কংগ্রেসের যে সমস্ত গ্রামপঞ্চায়েত—আমি ২/১টি গ্রাম পঞ্চায়েতের নাম করছি—গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে খরার মোকাবিলা করা দূরের কথা সেখানে গ্রামপঞ্চায়েতের অ্যালটমেন্ট বন্ধ করে দেওয়া হয়েছে। পুরুলিয়ার এক নং ব্লকের মানাড়া গ্রামপঞ্চায়েত, সেখানে কংগ্রেসের প্রধান। স্যার, মাননীয় সদস্যরা বলেছেন, যারা নাকি হেরে গিয়েছেন তারা এই গ্রামপঞ্চায়েতের নামে অভিযোগ করছেন, অতএব তারা যখন হেরে গিয়েছেন তখন তাদের এই অভিযোগের কোনও মানে হয় না। অপরদিকে আমরা দেখছি, যারা হেরে গিয়েছেন তারা অভিযোগ এনেছেন এবং সেই অভিযোগকে সত্য বলে ধরে তার উপরে অ্যালটমেন্ট বন্ধ করে দেওয়া হয়েছে। আমি এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি, সেখানে ব্যাপক ত্রাণকার্য চালানো দরকার এবং সেখানে দলবাজি বন্ধ করা দরকার এবং সেখানকার অ্যালটমেন্ট যাতে বন্ধ করা না হয় সেটা দেখা দরকার। এই প্রসঙ্গে আরও বলব, পুরুলিয়া জেলাকে এখনই খরা এলাকা বলে ঘোষণা কর হোক। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন, তিনি পুরুলিয়া জেলার খরা পরিস্থিতি নিজে দেখে আসুন।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র মাননীয় সদস্য যে অভিযোগ করলেন পঞ্চায়েত সম্বন্ধে আমি তার প্রতিবাদ জানাচ্ছি এবং বলছি এটা সত্য নয়।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গে ভোটার তালিকা সংশোধনের কাজ চলছে এবং এবারে ভোটে পশ্চিমবঙ্গে ভোটারের সংখ্যা বাড়বে। ভোটারের সংখ্যা বাড়ার ফলে এবারে পোলিং বুথের সংখ্যাও বাড়াতে হবে। গতবারে ভোটের সময় আমরা দেখেছি, পোলিং বুথ দূরবর্তী স্থানে হওয়ার জন্য বিশেষ করে অনেক মহিলা ভোটার ভোট দিতে যেতে পারেননি। এবারে যাতে সেই অবস্থার সৃষ্টি না হয় বা ভোটারদের বিশেষ করে মহিলা ভোটারদের দূরবর্তী স্থানে গিয়ে ভোট দিতে

না হয় তারজন্য পোলিং বুথ বাড়ানো প্রয়োজন। এ ব্যাপারে স্যার, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি যে, যেন পোলিং বুথ যথেষ্ট সংখ্যায় বাড়ানো হয়।

**কাজী হাফিজুর রহমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার নারায়ণগড় থানার ৪ নং কুনারপুর গ্রামপঞ্চায়েতকে গৃহ নির্মাণ অনুদান বাবদ ১৪ হাজার টাকা দেওয়া হয়েছিল। এই টাকার মধ্যে ৪০০/৫০০ টাকা বিলি করে বাকি টাকার মিথ্যা মাস্টার রোল দিয়ে সরকারকে প্রতারণা করা হয়েছে। স্যার, এই ব্যাপারের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং উপযুক্তভাবে তদন্ত করা হোক এই দাবি জানাচ্ছি ও প্রতিকার প্রার্থনা করছি।

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী ও মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গত ৩১শে আগস্ট নদীয়াজেলার ধুবুলিয়ায় বিধানচন্দ্রের যক্ষ্মা হাসপাতালে একটি হাঙ্গামা হয়েছে। এই হাঙ্গামার খবর বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে—আনন্দবাজারের গতকালের সংখ্যায় এই ধরনের একটি খবর বেরিয়েছে। সেখানে ঘটনাটি ছিল এই রকম—বিধানচন্দ্র যক্ষ্মা হাসপাতালের কিছু রোগী—অনেক পুরানো রোগী—হাসপাতাল কর্তৃপক্ষের বিবেচনায় তাদের আর হাসপাতালে থাকার প্রয়োজন নেই, তাদের ডিসচার্জ করে দেওয়া হয়েছে।

[1-40–1-50 P.M.]

সেইজন্য ডিসচার্জ করে দেওয়া হয়। তার পর সেই অনেক দিনের পুরানো রোগীরা যাতে খুব একটা রোগগ্রস্ত বলা চলে না তারা হাসপাতাল কর্তৃপক্ষকে ঘেরাও করে হাসপাতালের অনেক জিনিস ভাঙচুর করে এবং হাসপাতালের সুপারিনটেন্ডেন্টকে ঘেরাও করে। তখন পুলিশকে খবর দেওয়া হয়। এবং পুলিশ এসে কিছু কিছু লোককে অ্যারেস্টও করে। কিন্তু ইতিমধ্যে কলকাতা থেকে অ্যাসিস্টেন্ট ডিরেক্টার অব হেল্‌থ সার্ভিসেস ডাঃ ডি. সেন যান এবং কো-অর্ডিনেশন কমিটির পক্ষ থেকে সেখানে যান পুলিশও যান। তারা বলেন যে এদের ডিসচার্জ করা অন্যায় হয়েছে। স্যার, আপনি আশ্চর্য হবেন পুলিশ সুপারিনটেন্ডেন্ট এসে বলছেন যে হাসপাতালের রোগীদের এইভাবে ডিসচার্জ করা অন্যায় হয়েছে। হাসপাতালের রোগী ডিসচার্জ হবে কি না হবে সেটা ঠিক করবেন ডাক্তাররা। পুলিশ সুপারিনটেন্ডেন্ট সেটা ঠিক করবেন।

(এ ভয়েস : — কে বলেছে?) (গোলমাল)

আমি চ্যালেঞ্জ করে বলছি। পশ্চিমবাংলাকে আপনারা যে পরিস্থিতির মধ্যে এনেছেন আমি তার সামান্য একটি ঘটনার কথা বলছি। তারপর পুলিশ ১০৮ জন স্টাফকে গ্রেপ্তার করেন ডাক্তার এবং নার্সকে ও গ্রেপ্তার করেন। পুলিশ এসে ডাক্তার এবং নার্সদের উপর লাঠি চার্জ করেছে। ৭ জন ডাক্তার এবং বাকি ৩১ জন নার্স এখনও আটক হয়ে রয়েছে একজন নার্স গুরুতর অবস্থায় হাসপাতালের চিকিৎসাধীন রয়েছেন। ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশন এবং ওয়েস্ট বেঙ্গল হেল্‌থ সার্ভিসেস অ্যাশোসিয়েশনের সভাপতি বলছেন যে সরকার এ বিষয়ে যদি ব্যবস্থা না নেন তাহলে যে কোনও মুহূর্তে লাইটেনিং স্ট্রাইক হয়ে যাবে

এবং ওয়েস্ট বেঙ্গল ব্রাঞ্চের ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাশোসিয়েশনও সেই কথা বলছে। স্যার, আপনি জানেন যে যদি কোনও সরকারি কর্মচারী ৪৮ ঘন্টা পুলিশ কাস্টোডিতে থাকে তাহলে তার বিরুদ্ধে ডিসিপ্লিনারি অ্যাকশন সরকার নিতে পারেন। আজকে ৭ জন ডাক্তার এখনও পুলিশের কাস্টোডিতে আটক রয়েছেন। যদি এই রকম আইন মতো ব্যবস্থা নেওয়া হয় তাহলে ওয়েস্ট বেঙ্গল হেল্‌থ সার্ভিসেস অ্যাশোসিয়েশন যে কোনও সময়ে লাইটেনিং স্ট্রাইক করে দেবে। কাজেই আমি মুখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই বিষয়ের একটা প্রতিবিধান করুন এবং তা করার জন্য বিহিত ব্যবস্থা অবলম্বন করে দুবুলিয়া হাসপাতালের ক্ষুব্ধ কর্মীদের উপর যে মিথ্যা মামলা করে কারারুদ্ধ করা হয়েছে সেদিকে লক্ষ্য দিন।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী, ত্রাণমন্ত্রী ও কৃষিমন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় প্রচণ্ডভাবে খরা দেখা দিয়েছে। এই রকম খরা এর আগে কেউই দেখেননি। আমি তো জন্মাবধি এই খরা এই রকম অনাবৃষ্টি দেখিনি। সেখানে লোকে কাজ পাচ্ছে না। খাবারের অভাবে লোক ঘাস ও অন্যান্য অস্বাস্থ্যকর জিনিসপত্র খাচ্ছে। এবং তা খেয়ে নানা রকমভাবে রোগগ্রস্ত হয়ে পড়ছে। আজকে কাজ না পেয়ে অনেক লোক মারা যাবার উপক্রম হয়েছে। এই অভাবের সময় এফ. এফ. ডব্লু-এর কাজ বি. ডি. ও. বন্ধ করে দিয়েছেন। কেন বন্ধ করে দেওয়া হয়েছে এই কথা জানতে চাওয়া হলে তিনি বললেন উপর থেকে অর্ডার হয়েছে। আমরা কাজ করতে পারব না। ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে যেসব পাম্প মেশিন রিভার লিফ্‌ট পাম্প দেওয়া হয়েছে যেসব জায়গায় কিছু কিছু ধান হয়েছে সেগুলিকে রক্ষা করার জন্য সেগুলি সব অকেজো হয়ে দীর্ঘদিন ধরে পড়ে আছে। সেগুলি সম্বন্ধে কোনও ব্যবস্থা আজও করা হয়নি। তাহলে আজকে সেখানে ফসল বাঁচবে কি করে এ সম্বন্ধে আমি কৃষি মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি এ সম্বন্ধে তিনি যেন শীঘ্র ব্যবস্থা গ্রহণ করেন। এখানে ত্রাণমন্ত্রী রয়েছেন যাতে সেখানে আরও জি. আর. বাড়ানো যায় তার জন্য। যেন তিনি সচেষ্ট হন। কারণ সেখানে গরিব লোকদের অবস্থা খুব খারাপ।

জি. আর. কিভাবে বাড়ানো যায় তার ব্যবস্থা করা হোক, ওখানকার গরিব, দুঃস্থ লোকদের কিভাবে ওষুধ দেওয়া যায় তার ব্যবস্থা করা হোক। এইসব ব্যবস্থা না করলে অতি শীঘ্র পুরুলিয়ার মানুষের দুরবস্থা চরমে উঠবে। দীর্ঘদিন ধরে দেখছি, যে কোনও সরকারই আসুক না কেন আমাদের পুরুলিয়া জেলা চির অবহেলিত। এখনও পর্যন্ত আমরা পুরুলিয়াতে কিছু করতে পারিনি। আগামী দিনে আমরা ওখানকার জনসাধারণের কাছে কি জবাব দেব? এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয়কুমার দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রী মহাশয়ের নিকট একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ তারকেশ্বর রাস্তার মধে। যে ১৮টি কাঠের সেতু আছে সেই সেতুগুলি পাকা করার জন্য বিগত অধিবেশনে তাঁকে বলেছিলাম। তিনি সহানুভূতির সঙ্গে সেইগুলি অনুমোদন করেছেন। কিন্তু সোদপুর গ্রামে যে কাঠের সেতুটি ছিল, সেটিকে সরিয়ে একটি পাকা সেতু হচ্ছে। সবচেয়ে দুঃখের বিষয় সেখানে একটি ফুটবল গ্রাউন্ড ছিল, সেখানে ছেলেরা গত ২০/২৫ বছর খেলে আসছে এবং তার সামনে মশীরাম পল্লী উন্নয়ন সমিতি আছে। কন্ট্রাক্টারের সুবিধার জন্য সেখানে একটি

অ্যাপ্রোচ রোড করা হয়েছে এবং একটি বিরাট খাল খনন করা হয়েছে। সেই মাঠ দিয়ে অ্যাপ্রোচ রোড করা হয়েছে। আমি বুঝতে পারছি না কিসের জন্য এই কন্ট্রাক্টারকে এত পোষণ করা হচ্ছে। কেন না কন্ট্রাক্টে এটা ছিল যে আর্থ ক্যারি করে নিয়ে এসে সেখানে অ্যাপ্রোচ রোড করা হবে। আমি এই ব্যাপারে পূর্তমন্ত্রীকে আগে বলেছিলাম, তিনি আমাকে আশ্বাস দিয়েছিলেন যে এটা ঘুরিয়ে দেওয়া হবে কারণ ফুটবল গ্রাউন্ড কাটা অন্যায় হয়েছে। মশীরাম পল্লী উন্নয়ন সমিতির সামনে যে খাল করা হয়েছে তা পুরিয়ে দেওয়া হবে। কিন্তু আজ পর্যন্ত এই বিষয়ে কিছু হয়নি। সেই জন্য আপনার মাধ্যমে পুনরায় পূর্তমন্ত্রী মহাশয়ের এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেরোসিন তেল নিয়ে পার্টিবাজি—এই ব্যাপার নিয়ে আজকে আপনার মাধ্যমে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সাধারণত কেরোসিন তেল গ্রামের সাধারণ গরিব মানুষ ব্যবহার করে। গ্রামে কেরোসিন তেল যাচ্ছে, সি. পি. এম. অফিস থেকে ছোট ছোট স্লিপ দেওয়া হচ্ছে। যারা স্লিপ নিয়ে যাচ্ছে তারা কেরোসিন তেল পাচ্ছে, এটাকে আমরা পারমিট বলব কি না জানি না এই অভিযোগ আমি আলিপুর মহকুমার এবং ডায়মন্ডহারবার মহকুমার বিভিন্ন জায়গা থেকে অভিযোগ পেয়ে মহকুমা শাসককে লিখেছিলাম, যেখানে কেরোসিন তেল যাচ্ছে সেখানে কেরোসিন তেলগুলো কিছু লোক পাচ্ছে, কিছু কিছু লোক পাচ্ছে না। তার কারণ সেখানে পার্টিবাজি হচ্ছে। তার ফলে কি হচ্ছে? এই কেরোসিন তেলগুলো কালোবাজারি হচ্ছে। যারা করছে তাদের পুলিশ ধরতে পারছে না। আমি নির্দিষ্ট অভিযোগ দিয়ে কয়েকটি কালোবাজারির বিরুদ্ধে দরখাস্ত দিয়েছিলাম—তারা তেল নিয়ে অর্ধেক বিলি করছে, বাকিটা কালোবাজারে ব্যবসা করছে। যেহেতু তারা পার্টিকে সন্তুষ্ট করছে সেই জন্য পুলিশ নিষ্ক্রিয় হয়ে রয়েছে। এই সব কালোবাজারিদের পুলিশ কিছু করতে পারছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় সুধীনকুমার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যদিও তিনি এই হাউসে নেই, তিনি এখানে থাকলে ভাল হত, তিনি চোখ খুলে একটু দেখুন, এই কেরোসিন তেল নিয়ে কালোবাজারি হচ্ছে, ফাটকাবাজি হচ্ছে। কালোবাজারির সি. পি. এম.-এর দোহাই দিয়ে পালিয়ে যাচ্ছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার এই বিষয়ে মন্ত্রী মহাশয় ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সি. পি. এম. পার্টির শ্রমিক সমিতি একটি ফতোয়া জারি করেছেন, তাতে বলা হয়েছে এক গ্রামের শ্রমিক আর এক গ্রামে গিয়ে কাজ করতে পারবে না। কংগ্রেসের যে শ্রমিক সমিতি রয়েছে তার সম্পাদক শ্রীধর শ্যামল, গোপালপুর বাড়ি এই কথা শুনে প্রতিবাদ করলে তাকে আক্রমণ করা হয় এবং আরও ২০টি বাড়ি আক্রমণ করা হয়। সেখানকার স্থানীয় সি. পি. এম. সমিতির প্রবীর জানা, সুরেশ জানার নেতৃত্বে ৮ জন লোক নানা রকম হাতিয়ার নিয়ে শ্রীধর শ্যামলকে আক্রমণ করে। তারা গোটা গ্রাম রেড করে। ফলে গ্রামের অধিবাসীরা ভীত হয়ে পড়ে। সেখান থেকে দু'জন লোক পালিয়ে যায়। তার মধ্যে শ্রীধর শ্যামল গৃহছাড়া হয়ে রয়েছে। তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। সেইজন্য মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি থানাকে একটু বলুন এই ঝগড়ার যাতে নিরসন হয় এবং চাষীরা যাতে চাষ করতে পারে।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পুলিশের এবং

সি. পি. এম. কর্মীদের অত্যাচারের একটি ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার' নবগ্রাম থানার নিম গ্রামে আব্দুল সকুর নামে একজন লোক আছে এবং তার একটি বন্দুক আছে। স্থানীয় সি. পি. এম. সংগঠন থেকে বেশ কিছুদিন ধরে তার সেই বন্দুকটি চুরি অথবা সিজ করানোর চেষ্টা করা হচ্ছে। তার কোনও দোষত্রুটি না থাকায় পুলিশ সেটি সিজ করতে পারছে না। কিন্তু গত ২২ তারিখে সকুরের বন্দুকটি চুরি যায় এবং এবিষয়ে সে একটি কেস করে। কিন্তু স্থানীয় পঞ্চায়েত সমিতির সহসভাপতির প্রভাবে প্রভাবিত হয়ে এস. ডি. পি. ও. সাহেব সকুর সাহেবকে তাঁর অফিসে দেখা করতে বলেন। সে দেখা করলে তিনি বলেন যে, তুমি মিথ্যা কেস করেছ, তোমার বন্দুক তোমার কাছেই আছে এবং তোমাকে বন্দুকটি জমা দিতে হবে। সকুর সাহেব তখন বলেন, এতো আশ্চর্যের কথা, আমার বন্দুক চুরি গেছে। তখন এস. ডি. পি. ও. সেখানে বসে তার ওপর অত্যাচার চালায়। তার আঙুলে লোহার আংটি পরিয়ে ইলেক্ট্রিক শক্ দেয় এবং বলে যে, যতক্ষণ না বন্দুক জমা দেবে ততক্ষণ এই অত্যাচার চলবে। যখন তার প্রাণ প্রায় বেরিয়ে আসবার মতো অবস্থা হয়েছে তখন ঐ গ্রাম পঞ্চায়েতের উপ-প্রধান বলে যে, আগে তাহলে লিখে দাও আগামী সোমবারের মধ্যে বন্দুক জমা দেবে। সকুর সাহেব প্রাণের দায় তখন সেকথা লিখে দেয়। কিন্তু এখন সে ভীত হয়ে পড়েছে, কারণ তার বন্দুকটি চুরি গেছে, সে কোথা থেকে জমা দেবে। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রীর বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে এবিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** এই ধরনের ব্যাপার এখানে মেনশন করে কি লাভ হবে? এবিষয়ে যখন কেস্ চলছে তখন এটা এখানে মেনশন না করাই ভাল।

**শ্রী হবিবুর রহমান ঃ** স্যার, এটা আমি প্রমাণ করতে পারি যে, এস. ডি. পি. ও. তার ওপর অত্যাচার করেছে এবং সেকথাটিও কি আমি এখানে বলতে পারব না?

**মিঃ স্পিকার ঃ** ওটা তো আপনার বক্তব্য।

[1-50–2-00 P.M.]

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদহ জেলার কালিয়াচক ৩ নং ব্লকের জনৈক পঞ্চায়েত সমিতির সদস্যের প্রায় ৬ মাস পূর্বে মৃত্যু হয়েছে এবং এবিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও উপনির্বাচনের ব্যবস্থা এখনও পর্যন্ত করা হয়নি। এই মৃত সদস্যের নাম শকুরুদ্দিন আহমেদ। অনুরূপভাবে ঐ ব্লকের অধীন বেদুরাবাদ গ্রাম পঞ্চায়েতেরও জনৈক সদস্য শ্রী কুলেশচন্দ্র মণ্ডলের মৃত্যু হয়েছে প্রায় ৭/৮ মাস হয়ে গেল, কিন্তু সেখানেও উপযুক্ত কর্তৃপক্ষকে জানানো সত্ত্বেও এখনো পর্যন্ত কোনও বাই-ইলেকশনের ব্যবস্থা করা হচ্ছে না।

স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর বিষয় দুটির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই প্রসঙ্গে জানাচ্ছি যে, পঞ্চায়েত অ্যাক্টে রিমুভাল অর ডেথ্ ইত্যাদির ব্যাপারে ৩০ দিনের মধ্যে একটা ব্যবস্থা নেওয়ার কথা আছে, অথচ ৮ মাস হয়ে গেল উপযুক্ত কর্তৃপক্ষকে জানানো সত্ত্বেও সেই ব্যবস্থা এখনো পর্যন্ত গ্রহণ করা হল না। তাই আমি আপনার মাধ্যমে পঞ্চায়েতমন্ত্রী তথা উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়টির

প্রতি এবং অনুরোধ করছি অতি শীঘ্র উপনির্বাচনের ব্যবস্থা করার জন্য।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে যে পরীক্ষাগুলি হচ্ছে এবং বর্তমানে ১৯৭৯ সালের বি. এ. এবং বি. এস. সি.'র পার্ট ওয়ানের পরীক্ষা হয়ে গেছে—সেই পরীক্ষার ফলাফল সম্পর্কে সেখানে এক ধরনের হজবরল চলছে। নির্দিষ্ট সময়ে বি. এ. এবং বি. এস. সি'র পার্ট ওয়ানের ফল প্রকাশের কোনও সম্ভাবনা নেই। উপরোন্তু দেখা যাচ্ছে, নৈহাটি ঋষি বঙ্কিমচন্দ্র কলেজ এবং কলকাতায় স্কটিশ চার্জ কলেজের ছাত্র-ছাত্রীরা পরীক্ষার ফল জানতে পারবে কিনা সন্দেহ রয়েছে। কারণ হিসাবে আমি জানতে পেরেছি, যখন পরীক্ষা শুরু হয় সেই সময়ে ছাত্রদের আবেদনপত্র দাখিল করার কথা বলা হয়েছিল কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অভিযোগ করছেন যে সময়মতো ওরা আবেদনপত্র জমা দেয়নি ফলে লেট্ ফি দেওয়ার প্রয়োজন হয়ে পড়েছে। কিন্তু ছাত্রদের বক্তব্য হচ্ছে তারা সময়মতো জমা দিয়েছেন সুতরাং লেট ফি দেওয়ার প্রশ্ন আসে না। ঐ দুই কলেজের কর্তৃপক্ষ লিখিতভাবে প্রতিশ্রুতিবদ্ধ ছিল যে ছাত্রদের কাছ থেকে লেট ফি আদায় করে পরে জমা দিয়ে দেব। এখন পরীক্ষার ফল প্রকাশের সময় হয়ে এসেছে, অস্থায়ী কন্ট্রোলার শ্রী গোপাল ব্যানার্জি এখন বলছেন ঐ দুই কলেজের ছাত্রদের লেট ফি যেহেতু জমা পড়েনি সেহেতু পরীক্ষার ফল প্রকাশ করা হবে না। এইভাবে ছাত্রদের জীবন মাটি হয়ে যাচ্ছে বিশ্ববিদ্যালয় এবং কলেজের ভিতর নানা রকম সমস্যার জন্য তাই আমি মাননীয় মন্ত্রী শম্ভু ঘোষ মহাশয়কে অনুরোধ করছি, যাতে ঐ দুই কলেজের ছাত্র-ছাত্রীদের পরীক্ষার ফল প্রকাশ করা হয়।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে খবর পেলাম একজন কর্মচারী ট্রেনের তলায় মাথা দিয়েছে ৫ মাস অনাহারে থাকার পর। এ ছাড়া লছমনসহ আরও ৬ জন মারা গেছেন অনাহারে। এরা সবাই লিপটনের কর্মচারী। এই সংস্থাটি ৬ মাস ধরে বন্ধ আছে। আমি শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি—এটা কোনও সি. পি. এম., কংগ্রেস-এর প্রশ্ন নয়—আপনি দয়া করে ওদের দিকে নজর দিন। এটা জনশ্রুতি যে ঐ কারখানার ম্যানেজমেন্ট ইলেকশন ফান্ডে টাকা দিয়ে কন্সপিরেসি করে বন্ধ করে রেখেছে। এর ফলে লোক মারা যাচ্ছে, আত্মহত্যা করছে—এতেও আপনাদের ঘুম ভাঙবে না। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে ছোট্ট অনুরোধ করলাম।

## Calling Attention to Matters of Urgent Public Importance.

**মিঃ স্পিকার ঃ** এখন আমি শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়কে দুর্গাপুরের এ. ভি. বি. কারখানার ধর্মঘট সম্পর্কে বিবৃতি দিতে অনুরোধ করছি।

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রী সুনীল বসু রায়, ৪ঠা সেপ্টেম্বর, ১৯৭৯ তারিখে যে ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেছেন সেই সম্পর্কে আমি বিবৃতি দিচ্ছি। এ. ভি. বি. এমপ্লয়িজ ইউনিয়ন এ. ভি. বি. কর্তৃপক্ষের কাছে ২৩-৫-৭৯ তারিখে ১১ দফা যুক্ত দাবিপত্র পেশ করেন। অন্যান্য দাবির সঙ্গে মূল দাবি ছিল কর্তৃপক্ষ ১৯৭০ থেকে ১৯৭৪ সালের মধ্যে বরখাস্ত হওয়া ৫৪ জন কর্মীর মধ্যে যে ৩৪ জনকে এখনও পুনর্বহাল করেনি

তাদেরকে অবিলম্বে পুনর্নিয়োগ করা। অন্যান্য বিষয়গুলো হল তৃতীয় শিল্প-ভিত্তিক চুক্তি কার্যকর করা, ইন্টেন্সিভ স্কিম, লিভ ট্রাবল অ্যাসিসটেন্স বদলি ও নিয়োগ নীতি সব কর্মীকে বাসস্থান দেওয়া, চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থার উন্নতি, শিক্ষা সংক্রান্ত সুযোগ-সুবিধা বাড়ানো, ঠিকা শ্রমিক প্রথা বিলোপ ও ক্যান্টিনের সুবিধা।

[2-00–2-10 P.M.]

দাবিগুলোর কোনও মীমাংসা না হওয়ায় তাঁরা ২০-৬-৭৯ তারিখে একদিনের জন্য ধর্মঘট করেন। ইতিমধ্যে মালিক পক্ষ একজন কর্মীকে ১৯-৬-৭৯ তারিখে তিন দিনের জন্য সাসপেন্ড করেন এবং আর একজন কর্মীকে ২১-৬-৭৯ তারিখে প্রমোশন দিয়ে বদলি করেন। এর ফলে বিক্ষোভ দেখা দিয়ে ২২-৬-৭৯ তারিখে সাসপেনসন অর্ডারটি প্রত্যাহার করা হয়। কিন্তু বদলির আদেশ বহাল থাকে। ইউনিয়ন ২২-৬-৭৯ তারিখে তাদের দাবিগুলি মীমাংসার জন্য ২৫-৬-৭৯ তারিখ থেকে লাগাতার ধর্মঘটের ডাক দেয়। ঐ তারিখেই ধর্মঘট শুরু হয় এবং কোনও মীমাংসা না হওয়ায় এখনও চলছে। ১৯৭০ সাল থেকে ১৯৭৪ সালের মধ্যে বরখাস্ত হওয়া কর্মীদের মধ্যে বাকি ৩৪ জনকে পুনর্বহালের ব্যাপারে কর্তৃপক্ষের অনমনীয় মনোভাবই ধর্মঘট মীমাংসা না হওয়ার প্রধান কারণ। ত্রিপাক্ষিক বৈঠকে যদিও কর্তৃপক্ষ দাবিগুলির কোনও কোনওটি সম্পর্কে কিছু সুবিধা দিতে রাজি হয় কিন্তু তা কর্মীদের কাছে গ্রহণযোগ্য না হওয়ায় কোনও সমাধানে পৌছানো যায়নি। আমি ও মুখ্যমন্ত্রী বিষয়গুলি মেটাবার জন্য চেষ্টা করেছি কিন্তু এখনও পর্যন্ত কোনও সমাধানে পৌছানো সম্ভব হয়নি।

## Starred Questions

## (to which oral answers were given)

### চলচ্চিত্র নির্মাণে সরকারি অর্থ সাহায্য

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য তথ্য ও সাংস্কৃতিক দপ্তর থেকে চলচ্চিত্র নির্মাণের জন্য গত ১৯৭৭ সালের জুন মাস থেকে বর্তমান সময় পর্যন্ত কোন্ কোন্ পরিচালককে অর্থ সাহায্য করা হয়েছে; এবং

(খ) কি কি শর্ত সাপেক্ষে ঐ অর্থ প্রদান করা হয়ে থাকে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) চলচ্চিত্রের পরিচালককে নয়, প্রযোজককেই অর্থ সাহায্য মঞ্জুর করা হয়ে থাকে।

(খ) পূর্বতন সরকার চলচ্চিত্র নির্মাণের জন্য ঋণদান পরিকল্পনা গ্রহণ করেছিলেন। বর্তমানে ঐ পরিকল্পনার পরিবর্তে অনুদান পরিকল্পনা প্রবর্তিত হয়েছে। পূর্বতন সরকার প্রবর্তিত ঋণদান পরিকল্পনার শর্তাবলি নিম্নরূপ ঃ

(অ) প্রযোজক, পরিবেশক ও সরকারের মধ্যে একটি ত্রিপাক্ষিক চুক্তি সম্পাদিত হয়

এবং প্রযোজক ও পরিবেশক উভয়ই দুইজন জামিনদার দেন যাঁহারা সরকারের সঙ্গে চুক্তিতে আবদ্ধ থাকেন।

(আ) যেসব প্রযোজক ও পরিবেশক উপযুক্ত গ্রহণযোগ্য জামিনদার দিতে অক্ষম হন তাঁদের ক্ষেত্রে ত্রিপাক্ষিক ও জামিনদারদের চুক্তি ছাড়াও প্রযোজকদের চলচ্চিত্রটি সরকারের নিকট দায়বদ্ধ রাখার চুক্তি করতে হয়।

(ই) যেসব প্রযোজক অভিজ্ঞ ও খ্যাতিসম্পন্ন অথবা কোনও খ্যাতি সম্পন্ন অভিজ্ঞ পরিচালক নিজেই প্রযোজক হইলে তাহাদের ক্ষেত্রে জামিনদারের শর্ত শিথিল করা হয় এবং তাঁহারা কেবল ত্রিপাক্ষিক চুক্তি ও চলচ্চিত্র দায়বদ্ধ রাখার চুক্তি সম্পাদন করেন।

বর্তমান সরকার প্রবর্তিত অনুদান প্রকল্পের শর্তাবলি ঃ -

(১) প্রযোজকরা সরকারের সঙ্গে একটি চুক্তি করেন এবং আর একটি চুক্তিপত্রের দ্বারা চলচ্চিত্রটি সরকারের নিকট দায়বদ্ধ রাখেন।

(২) উভয় পরিকল্পনাতেই (ঋণ-অনুদান) মোট সাহায্য তিন কিস্তিতে দেওয়া হয়। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় কিস্তি যথাক্রমে ছবির শতকরা ২৫, ৫০ এবং ৭৫ ভাগ কাজ শেষ হওয়ার পর মঞ্জুর করা হয়।

(৩) এ প্রসঙ্গে বলা যায় বর্তমানে পূর্বতন সরকার প্রবর্তিত ঋণ পরিকল্পনা পরিত্যক্ত হয়েছে। পূর্বতন সরকার যেসব ক্ষেত্রে ঋণ অনুমোদন করেছিলেন অথচ তা মঞ্জুর করা সম্ভব হয়নি, সেসব ক্ষেত্রে পুনর্গঠিত চলচ্চিত্র উন্নয়ন পরিষদের ওয়ার্কিং গ্রুপের অনুমোদনের পর ঋণের বিভিন্ন কিস্তি মঞ্জুর করা হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** কাহিনী নির্ণয়ের ক্ষেত্রে এই প্রযোজকদের কোনও শর্তাধীনে থাকতে হয় কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কাহিনীর ক্ষেত্রে কোনও শর্ত আরোপ করা হয় না। কিন্তু সরকারের যে পরামর্শদাতা কমিটি আছে তাঁরা সাধারণভাবে একটা বিবেচনা করেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই দু'বছরের মধ্যে কোনও কোনও প্রযোজককে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে অনুদান দেওয়া হয়েছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আগের সরকার ঋণ দিতেন। বর্তমান সরকার অনুদান দিচ্ছেন। আমরা গত বছর ১৩ জনের নাম ঘোষণা করেছিলাম। তারমধ্যে দু'একজন এখনও নিতে পারেননি। এই বছর ১২ জন সম্পর্কে ঘোষণা করা হয়েছে যাদের অনুদান দেওয়া হবে। তাঁরা কয়েকজন কাগজপত্রে সই করেছেন। কিন্তু এখনও পর্যন্ত টাকা পয়সা হাতে পাননি।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে অনুদান দেওয়ার পরিকল্পনা করেছেন, কত টাকা পর্যন্ত দিচ্ছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সাধারণভাবে ব্ল্যাক অ্যান্ড হোয়াইট চিত্রের জন্য ১ লক্ষ টাকা

দেওয়া হয়, কালার চিত্রের উপর দেড় লক্ষ দেওয়া হয়, একজন বিশেষ পরিচালক সাত্যু, তাঁকে তিন লক্ষ টাকা দেবার সিদ্ধান্ত হয়েছে।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** কোনও কোনও প্রযোজককে ১৯৭৭ সালের জুন মাসের পর থেকে অনুদান দেওয়া হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ চাই।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বাইরের একজন প্রয়োজককে বিশেষ অনুদান দেওয়া হবে এর পিছনে কী উদ্দেশ্য আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা একটা সামগ্রিক নীতির প্রশ্ন। এটার একটা উদ্দেশ্য আছে আরও কিছু বিশেষ পরিচালককে কতকগুলি বিশেষ বইয়ের সুযোগ দিতে চাই, যেমন মৃণাল সেনের 'পরশুরাম' উৎপল দত্তের 'ঝড়' এবং সত্যজিৎ রায়ের 'গুপী গাইন'। সাত্যু—যাঁর নাম বললাম তাঁর বই 'গরম হাওয়া' খুব নাম করা বই।

**গ্রেট ইস্টার্ন হোটেল**

***৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৬১।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ পর্যটন** বিভাগের **মন্ত্রী** মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গ্রেট ইস্টার্ন হোটেলে বর্তমানে মোট সীটের সংখ্যা কত; এবং

(খ) এই বৎসরের প্রথম ছয় মাসে (জানুয়ারি-জুন) দিনে গড়ে কতগুলি সীট খালি ছিল?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) গ্রেট ইস্টার্ন হোটেলে মোট শয্যা সংখ্যা হল ৩৫৪।

(খ) আলোচ্য ছয়মাসে প্রতিদিন গড়ে ১০৫টি শয্যা খালি ছিল।

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী ঃ** গ্রেট ইস্টার্ন হোটেলে কি এখন লোকসান হচ্ছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** এ বছর গ্রেট ইস্টার্ন হোটেলে ৮ লক্ষ ৬৫ হাজার টাকা লাভ হয়েছে।

**ফরাক্কায় শিল্প সংস্থা**

***৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯০।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৭৩-৭৪ সালে "গ্রোথ সেন্টার" হিসাবে চিহ্নিতকরণের পরে ফারাক্কায় শিল্প সংস্থা গড়িয়া তুলিবার কি ব্যবস্থা হইয়াছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

এখন পর্যন্ত শিল্প বিকাশ কেন্দ্রের উপযোগী জমি সংগ্রহ করা যায় নাই। ফরাক্কা ব্যারেজ চালু হইবার পর হইতেই অথরিটির নিকট হইতে উদ্বৃত্ত জমি পাইবার জন্য চেষ্টা

চালানো হইতেছে। নতুন বৃহদায়তন তাপ বিদ্যুৎ কেন্দ্রের প্রয়োজনের জন্য কাছাকাছি আর জমি পাওয়ার সম্ভাবনা নাই বলিলেই চলে। তবুও এখন খেজুরিয়া ও ধুলিয়ানের কাছে কিছু জমি সংগ্রহের চেষ্টা হইতেছে। নতুন বিকাশ কেন্দ্রের প্রথম সহায়ক শিল্প হিসাবে ২টি কেন্দ্রীয় শিল্প সংস্থা ফরাক্কায় স্থাপন করার জন্য খুবই চেষ্টা করা হইয়াছিল, কিন্তু ঐ দুটি সংস্থার কোনও নতুন ইউনিট স্থাপনের প্রস্তাব শেষ পর্যন্ত পরিত্যক্ত হয়। রাজ্য সরকারের নাইলন সূতার কারখানাও একসময় ঐখানে স্থাপনের কথা বিবেচিত হইয়াছিল। সে কারখানার প্রস্তাব ও বর্তমান কেন্দ্রীয় শিল্পনীতির জন্য আপাতত মুলতুবি আছে। বেসরকারি প্রতিষ্ঠানের তরফ হইতে ফরাক্কায় নতুন শিল্প স্থাপনের জন্য তেমন আগ্রহ এ পর্যন্ত দেখা যায় নাই। নির্মীয়মান তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য হয়ত এই আগ্রহ বাড়িতে পারে। সেইজন্য জমি সংগ্রহ ত্বরান্বিত করা হইতেছে।

[2-10–2-20 P.M.]

**শ্রী অমলেন্দ্র রায় :** ফরাক্কায় সরকারি উদ্যোগে এখন পর্যন্ত যে কটা কারখানার কথা বললেন তা ছাড়া আর একটি কারখানা করবার কথা হয়েছিল যেমন রেলওয়ে সিগনালিং ইন্সট্রুমেন্ট অবস্থাটা কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** রেল কর্তৃপক্ষ সেখানে স্থাপনে আগ্রহী নন।

**শ্রী অমলেন্দ্র রায় :** কি কারণে সেখানে কারখানাগুলি হবে না বলবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** ফরাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ যে উদ্বৃত্ত জমি দেবেন বলেছিলেন সেই জমি তাঁরা প্রথমে হস্তান্তরিত করেননি। দ্বিতীয়ত কেন্দ্রীয় সরকার যে সমস্ত প্রকল্প এখানে করবেন বলেছিলেন সেদিক থেকে তাঁরা পিছিয়ে গেলেন—যেমন হিন্দুস্থান ইলেক্ট্রনিক্স সেকেন্ড ইউনিট তারা না করে হায়দ্রাবাদে তারা এক্সটেন্ড করলেন, হিন্দুস্থান ল্যাটেক্স তাঁরা সেকেন্ড ইউনিট করবেন না বলে দিলেন রেলওয়ে ইলেক্ট্রনিক কমিউনিকেশন বললেন আমরা করব না। আমরা আসার আগে এগুলি পরিত্যক্ত হয়েছে তা সত্ত্বেও আমাদের তরফ থেকে জমি সংগ্রহ করার চেষ্টা করা হয়েছিল—খেজুরিয়া ধুলিয়ান অঞ্চলে। আমরা জানি যে ধুলিয়ান অঞ্চলে জমি নেওয়া বিপদজনক কারণ গঙ্গা ভাঙছে, আর খেজুরিয়া অঞ্চলে প্রায় বন্যা হয়। সেখানে একটা গ্রোথ সেন্টার করতে হলে জমির প্রয়োজন। দূরে হলেও আমরা চেষ্টা করব কারণ জলের সুবিধা আছে। দ্বিতীয়ত তাপ বিদ্যুৎ কেন্দ্র হলে তার সুযোগ পাওয়া যাবে। এ বিষয় সুপার থার্মাল পাওয়ার স্টেশান স্যাংশান হবার পর থেকে আমাদের দপ্তর বিশেষ ভাবে আগ্রহ নিয়েছে জমি সংগ্রহ করার জন্য।

## দৈনিক সংবাদপত্র

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যে মোট কতগুলি সরকারি ও বেসরকারি দৈনিক সংবাদপত্র প্রকাশিত হয়;

(খ) উহাদের মধ্যে কোন্‌গুলি সরকারি পরিচালনাধীন;

(গ) উক্ত সংবাদপত্র প্রতিষ্ঠানগুলির মধ্যে কোন্‌গুলি ক্ষুদ্র ও রুগ্ন (সরকারি বা বেসরকারি পৃথকভাবে); এবং

(ঘ) সরকার-পরিচালিত সংবাদপত্রগুলির প্রচারসংখ্যা কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক সরাসরি কোনও দৈনিক পত্রিকা প্রকাশিত হয় না।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বেসরকারি ভাবে প্রকাশিত দৈনিক সংবাদপত্রের সংখ্যা হল—৩৩টি।

(খ) সরাসরি সরকারি পরিচালনাধীনে কোনও দৈনিক পত্রিকা নেই।

তবে বেসরকারি দৈনিক "দৈনিক বসুমতী" গত ৯ই আগস্ট ১৯৭৪ সালে রুগ্ন শিল্প হিসাবে পশ্চিমবঙ্গ সরকার অধিগ্রহণ করেন। পরে "বসুমতী কর্পোরেশন লিমিটেড" গঠিত হয় এবং একটি বোর্ড অব ডিরেক্টরস এ সংস্থাটি পরিচালনা করে থাকেন।

(গ) সরকারি ক্ষেত্রে প্রশ্ন ওঠে না।

দৈনিক বসুমতী ব্যতীত বেসরকারি কোনও পত্রিকা ক্ষুদ্র ও রুগ্ন আছে কিনা জানা নেই।

(ঘ) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত বিভিন্ন সাময়িক সংবাদপত্রের বর্তমান প্রচার সংখ্যা যথাক্রমে ঃ

| | |
|---|---|
| পশ্চিমবঙ্গ (সাপ্তাহিক) | ৫৫,০০০ কপি |
| ওয়েস্ট বেঙ্গল (ইংরেজি পাক্ষিক) | ৬,০০০ কপি |
| পশ্চিমবঙ্গাল (হিন্দি পাক্ষিক) | ৫০,০০০ কপি |
| পছিমবাংলা (সাঁওতাল পাক্ষিক) | ২,৫০০ কপি |
| মগরেবী বঙ্গাল (উর্দু পাক্ষিক) | ২,০০০ কপি |
| পশ্চিমবঙ্গাল (নেপালী সাপ্তাহিক) | ৫,০০০ কপি |
| পঞ্চায়েতী রাজ (বাংলা মাসিক) | ১২,০০০ কপি |
| বসুন্ধরা (মাসিক) | ৬,০০০ কপি |
| যুবমানস (মাসিক) | ১০,০০০ কপি |
| দম্পতি (পরিবার কল্যাণ বিষয়ক ত্রৈমাসিক পত্রিকা) | ৫,০০০ কপি |

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** বসুমতী কর্পোরেশন লিঃ কতজন সদস্য নিয়ে বোর্ড অফ ডিরেক্টার্স গঠিত হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ চাই।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** বসুমতী কর্পোরেশন লিঃ-এর বোর্ড অফ ডিরেক্টর্স গঠনের পদ্ধতি কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নোটিশ চাই।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** সরকার পরিচালিত সংবাদ পত্র প্রচারের ব্যবস্থা কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বিভিন্ন এজেন্সি মারফৎ হয়, হকাররা কিনে নিয়ে যায়, ডিস্ট্রিক্ট ইনফর্মেশন সেন্টারের মাধ্যমে হয়।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** বসুমতী ছাড়া আর কোনও রুগ্ন শিল্প আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা জানার জন্য শশাঙ্কশেখর সান্যাল-এর নেতৃত্বে একটি কমিটি গঠিত হয়েছে তাঁরা ৬ মাসের মধ্যে রিপোর্ট দেবেন—মাঝারি এবং ক্ষুদ্র পত্রিকাগুলি সম্পর্কে তদন্ত চলছে।

### হলদিয়ায় ক্ষুদ্র শিল্প স্থাপনে আগ্রহী আবেদনকারি

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *১৮২।) **শ্রী শিবনাথ দাস ঃ** কুটির ও ক্ষুদ্র শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ায় ক্ষুদ্র শিল্প স্থাপনে আগ্রহী আবেদনকারির সংখ্যা কত; এবং

(খ) তাহাদের মধ্যে কতগুলিকে শিল্প স্থাপনে অনুমতিপত্র দেওয়া হইয়াছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) ৫০ জন।

(খ) ক্ষুদ্রশিল্প স্থাপনের জন্য কাজ অনুমতিপত্রের প্রয়োজন হয় না। তবে এ পর্যন্ত ১৪ জনের প্রকল্প অনুমোদন করা হইয়াছে এবং তাঁহাদের কুটির ও ক্ষুদ্র শিল্প অধিকারের সহিত নিবন্ধভুক্ত করা হইয়াছে।

**শ্রী শিবনাথ দাস ঃ** এদের বিশেষ কোনও সুযোগদানের ব্যবস্থা আছে কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** হলদিয়ার জন্য কোনও বিশেষ ব্যবস্থা নেই তবে পশ্চিমবাংলার কয়েকটি মিউনিসিপ্যালিটি ও কলিকাতা কর্পোরেশন বাদে সমস্ত পশ্চিম বাংলায় যে সুযোগ সুবিধা আছে হলদিয়ায় সে সুযোগসুবিধা আছে। হলদিয়ায় যাতে তারা শেড পেতে পারেন তারজন্য সেখানে ইনডাস্ট্রিয়াল স্টেট কর্পোরেশন গঠন করা হচ্ছে।

**শ্রী সরল দেব ঃ** ৫০ জন আবেদনকারিদের মধ্যে কতজন মাড়োয়ারি আছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** নোটিশ চাই।

### সুন্দরবন উন্নয়নের পরিকল্পনা

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** উন্নয়ন ও পরিকল্পনা (সুন্দরবন এলাকা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সুন্দরবনের বহুমুখী উন্নয়নের জন্য আন্তর্জাতিক সংস্থার সাহায্যে একটি পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে; এবং

(খ) সত্য হলে—

(১) পরিকল্পনাটি কিরূপ,

(২) উক্ত পরিকল্পনায় কত অর্থ ব্যয় হবে, ও

(৩) কবে নাগাদ কাজ শুরু হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) সত্য।

(খ) (১) আন্তর্জাতিক কৃষি উন্নয়ন অর্থ সংস্থার (International Fund for Agricultural Development) আর্থিক সাহায্যে সুন্দরবন অঞ্চলের উন্নয়নের ইহা এক নিবিড় ও ব্যাপক পরিকল্পনা। সুন্দরবনের ৫২৮টি মৌজা ও একটি শহর এই পরিকল্পনার এলাকাভুক্ত। ইহা সমগ্র সুন্দরবন অঞ্চলের প্রায় ৬৩ শতাংশ এলাকা। পরিকল্পনাটির মাধ্যমে যে সমস্ত কাজ করা হবে সেগুলি নিম্নরূপ ঃ

কৃষি ও সেচের উন্নতিকল্পে স্লুইস গেট নির্মাণ, নদীর বাঁধ উচ্চ ও চওড়া, সেচের সুবিধার্থে জমির সীমা বাঁধ তৈরি, মজা পুকুর ও খাল সংস্কার, প্রয়োজন থাকায় নদী বন্ধন, প্রান্তিক চাষীকে সার, বীজ প্রভৃতি সাহায্য দান, কৃষি ভিত্তিক শিল্প স্থাপন, কৃষি ও অন্যান্য উৎপাদিত পণ্যের লেনদেনের জন্য উন্নত মানের বাজার স্থাপন, উন্নত জাতের গাভী, শূকর, মুরগি ইত্যাদি পালন, মৎস্য চাষ ও উন্নয়ন, সামাজিক প্রয়োজনে বন উন্নয়ন, গ্রামীণ যোগাযোগ ব্যবস্থায় রাস্তাঘাট, জেটি প্রভৃতি নির্মাণ ও সম্প্রসারণ এবং প্রকল্পভিত্তিক শিক্ষণব্যবস্থা চালু করা ও উন্নতকারিগরি ব্যবস্থার (technique) অনুধাবন ইত্যাদি।

(২) ২৪ কোটি টাকা উক্ত পরিকল্পনায় ব্যয় করার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(৩) পরিকল্পনাটি এখনও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন অর্থ সংস্থার চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় রয়েছে, তাই নির্দিষ্ট করে কিছু বলা এখনই সম্ভব নয়।

[2-20–2-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন আপনার এই পরিকল্পনার মধ্যে কোনও কোল্ড স্টোরেজের পরিকল্পনা আছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** যে যে উন্নয়নের ব্যবস্থা করা হয়েছে তার মধ্যে ফিশারি, কোল্ড স্টোরেজ আছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমাদের যে বইগুলি সাপ্লাই করেছেন তাতে যে হেডগুলি আছে তাতে কোথাও কোল্ড স্টোরেজ নেই।

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** হয়ত সেটা মিস হতে পারে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি আপনারা যে ২৪ কোটি টাকার পরিকল্পনা করেছেন এই পরিকল্পনাকে কার্যকর করার জন্য আপনাদের একটা ক্যাবিনেট সাব-কমিটি করেছিলেন। কিন্তু ডাঃ রায়ের আমলে সুন্দরবনে একটা ডেল্টা প্রোজেক্ট ছিল, সেটা গ্রহণ না করে আবার নতুন করে অন্য পরিকল্পনা গ্রহণ করলেন কেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমরা সেটা গ্রহণ করতে চেয়েছিলাম। কিন্তু কেন্দ্রের যিনি কৃষি এবং সেচ মন্ত্রী মিঃ বারনালা তিনি আমাদের বলেছিলেন এটা বাদ দিন, তা না হলে ইন্টারন্যাশনাল কম্পিটিশন গ্রো করবে উইথ বাংলাদেশ। সেজন্য আমরা এটা ড্রপ করেছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** কৃষকদের সুবিধার জন্য যেমন ডাবল ক্রপ, ফিশারি ইত্যাদির জন্য আপনারা এটা করেছেন। এরজন্য আপনাদের প্রত্যেকটা ডিপার্টমেন্ট আছে, সেই ডিপার্টমেন্টের সঙ্গে ওভারল্যাপিং হচ্ছে, যেমন রাস্তা করছেন পি. ডব্লু. ডি. ফিশারি করছেন ফিশারি ডিপার্টমেন্ট, প্রত্যেকটি ওভারল্যাপিং হচ্ছে। আপনার যে ডিপার্টমেন্টগুলি আছে সেই সোর্সগুলি কি এই সমস্ত কাজে মোবিলাইজ করছে না?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** যে সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড আছে তার মধ্যে আপনিও একজন মেম্বার আছেন, তাকে আমরা এই কাজে লাগাচ্ছি। কিন্তু আপনি জানেন এই যে বিরাট পরিকল্পনা নেওয়া হয়েছে এতে হাই টেক্‌নিক্যাল অফিসার্স লাগবে। সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ডের নিজস্ব কোনও হাই টেকনিক্যাল ইঞ্জিনিয়ার নেই। সেজন্য এই ২৪ কোটি টাকার পরিকল্পনা যাতে সুষ্ঠুভাবে করা যায় তারজন্য পাঁচটি বিভাগের মন্ত্রীদের নিয়ে কো-অর্ডিনেশন কমিটি করেছি যাতে সব বিভাগের কাজ হবে। তাঁদের আন্ডার সেক্রেটারিদের নিয়ে কমিটি তৈরি করেছি এবং তাঁদের আন্ডারে গ্রাম পঞ্চায়েতকে ইনভল্‌ভ করে কাজটা সুষ্ঠুভাবে দ্রুতগতিতে শেষ করতে চাই ৩ থেকে ৪ বছরের মধ্যে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মন্ত্রীদের নিয়ে সাব-কমিটি করেছেন, আর দি মিনিস্টার্স এক্সপার্ট অব দি ডিপার্টমেন্ট?

**Shri Prabhas Chandra Roy :** The Minister's Committee will decide the policy matter and the officers will execute that.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি স্পেসিফিক্যালি বলেছেন এক্সপার্ট, আর দি মিনিস্টার্স এক্সপার্ট অব দি ডিপার্টমেন্ট?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমি যা বলেছি ঠিকই বলেছি। একজন মিনিস্টার তিনি পলিসি ডিটারমাইন করবেন, দ্যাট পলিসি সুড বি ক্যারেড আউট বাই দি সেক্রেটারি অব দি ডিপার্টমেন্ট।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনার অবগতির জন্য জানাচ্ছি, এক্সপার্ট এবং পলিসি মেকিং আলাদা জিনিস—পলিসি মেকিং ইজ ওয়ান থিং অ্যান্ড এক্সপার্ট ইজ অ্যানাদার থিং। আমি জানতে চেয়েছিলাম তাঁরা এক্সপার্ট কি না?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমি আগেই বলেছি এই কাজ করতে গেলে যে হাই লেভেল টেকনিক্যাল ইঞ্জিনিয়ার দরকার সেটা নেই এবং সেইজন্যই আমরা ডিপার্টমেন্ট-এর ইঞ্জিনিয়ারদের নিচ্ছি। আর পলিসি ম্যাটার ঠিক করবার জন্য মিনিস্টার লেভেল ৫ জন মন্ত্রীকে নিয়ে একটা কো-অর্ডিনেশন কমিটি করা হয়েছে এবং দ্যাট ইজ দি কারেক্ট রিপ্লাই।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনি সুন্দরবন উন্নয়ন পরিকল্পনা সম্বন্ধে বললেন যে, ৫২৮টি মৌজার উন্নয়ন হবে এবং ২৪ কোটি টাকা ব্যয় হবে। আমার প্রশ্ন হচ্ছে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন সংস্থা এই ২৪ কোটি টাকা পুরো দেবে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এই ২৪ কোটি টাকার মধ্যে তারা দেবে ১২ কোটি টাকা। ইন্টারন্যাশনাল এইড সিস্টেমে টাকা পাবার যে নিয়মকানুন আছে তাতে কেন্দ্রীয় সরকার ৩০ পারসেন্ট কেটে আমাদের ৮ কোটি টাকা দেবে। কাজেই আমাদের ২৪ কোটি টাকা পূরণ করতে হবে বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে। তবে আমরা চেষ্টা করছি যাতে কেন্দ্রীয় সরকার ওই ৩০ পারসেন্ট না কেটে আমাদের ১২ কোটি টাকাই দেয়।

## বিষ্ণুপুর থানার অযোধ্যা গ্রাম সংস্কার

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯।) **শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর নদীতীরে অযোধ্যা নামে বৃহৎ গ্রামটি (বিষ্ণুপুর থানার অন্তর্গত) সংস্কারের কোনও ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কি; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কি পরিকল্পনা নেওয়া হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) ও (খ) — গ্রাম সংস্কারের কাজ সেচ ও জলপথ বিভাগের দায়িত্বের মধ্যে পড়ে না। তবে উক্ত গ্রামটিকে দ্বারকেশ্বর নদের ভাঙন থেকে রক্ষা করার উদ্দেশ্যে একটি প্রকল্প তৈরি করা হয়েছে। প্রকল্পটি বর্তমানে সেচ ও জলপথ ডাইরেক্টোরেটে কারিগরি পরীক্ষাধীন আছে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই প্রকল্প যেটা নেওয়া হয়েছে তার কাজ কবে নাগাদ শুরু হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এই মাসের শেষের দিকে টেকনিক্যাল কমিটিতে প্লেস্‌ড হবে তারপর টাইম বলতে পারব।

## বাঁকুড়া জেলায় শঙ্খ শিল্প

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৮।) **শ্রী অনিল মুখার্জি ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় শঙ্খ শিল্পে নিযুক্ত শিল্পীর সংখ্যা কত;

(খ) শঙ্খ শিল্পীদের মধ্যে শঙ্খ বন্টন করার কোনও ব্যবস্থা সরকারের আছে কিনা; এবং

(গ) শঙ্খজাত দ্রব্যের বিক্রয় বাজার প্রসারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) বাঁকুড়া জেলায় শঙ্খ শিল্পে নিযুক্ত শিল্পীর সংখ্যা আনুমানিক—২০০০।

(খ) শঙ্খ শিল্পীদের মধ্যে ন্যায্য মূল্যে শঙ্খ বন্টনের দায়িত্ব বর্তমানে পঃ বঃ কারুশিল্প উন্নয়ন কর্পোরেশনের উপর ন্যস্ত আছে।

(গ) শঙ্খজাত দ্রব্যের বিক্রয় বাজার প্রসারের জন্য পশ্চিমবঙ্গ কারুশিল্প উন্নয়ন কর্পোরেশন শিল্পীদের প্রয়োজনীয় সাহায্য করে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয় বলেছেন একটা কর্পোরেশনের মাধ্যমে তাদের শঙ্খ বন্টন করা হয়। আমার প্রশ্ন হচ্ছে কর্পোরেশনের মাধ্যমে যে শঙ্খ পাওয়া যায় সেগুলি কি মাদ্রাজ থেকে আসে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** হ্যাঁ।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে কোয়ালিটির শঙ্খ তারা দেয় সেটাই কি নিতে হবে, না তারা বেছে নিতে পারে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** গতবারে আমরা লট হিসেবে কিনেছি। তবে এবারে আমরা তামিলনাড়ু গভর্নমেন্টের সঙ্গে নেগোশিয়েশন চালাচ্ছি এবং আমরা বলেছি যে লট হিসেবে আমরা নেব, তবে সাইজ অনুসারে প্রাইস ফিক্সড হবে। তাঁরা এই নীতি মেনে নিয়েছেন।

**শ্রী অনিল মুখার্জি ঃ** যে কোয়ালিটি তারা দেয় তাতে তাদের ক্ষতি হয় বলেই কি এই ব্যবস্থা করেছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** গত বছর বহু অভিযোগ ছিল বলে এবারে এই সতর্কতা অবলম্বন করা হয়েছে।

## সুন্দরবনাঞ্চলে পর্যটন ব্যবস্থা

***৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৫১।) **শ্রী নানুরাম রায় ঃ** পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনে যেসকল মনোরম প্রাকৃতিক দ্বীপ আছে ঐ দ্বীপগুলিকে পর্যটনের উপযোগী করে গড়ে তোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তা হলে কোন্ কোন্ দ্বীপ ঐ পরিকল্পনার অন্তর্ভুক্ত হবে; এবং

(গ) কবে নাগাদ ঐ কাজ রূপায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রী পরিমল মিত্র :**

(ক) সুন্দরবন অঞ্চলের দ্বীপগুলির সামগ্রিক উন্নয়ন পর্যটন দপ্তরের আওতায় পড়ে না।

(খ) প্রশ্ন আসে না।

(গ) প্রশ্ন আসে না।

[2-30–2-40 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** ঐ অঞ্চলে নতুন নতুন পর্যটন কেন্দ্র তৈরি করার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

(নো রিপ্লাই)

**মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণ**

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩১।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, মুর্শিদাবাদ জেলার কান্দী, বেলডাঙা, নওদা প্রভৃতি জায়গায় বন্যা নিয়ন্ত্রণের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

মুর্শিদাবাদ জেলার উক্ত অঞ্চলগুলিতে বন্যা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে একটি বৃহৎ পরিকল্পনা (মাস্টার প্ল্যান) রচনা করা হইয়াছে।

বিভিন্ন পর্যায়ে কারিগরি ও সরকারি অনুমোদনের পর অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী বন্যা নিয়ন্ত্রণের কাজ শুরু করা হইবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** কাঁদি মাস্টার প্ল্যানের মধ্যে কোন কোন ব্লক পড়ছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** এইভাবে প্রশ্ন করলে কি করে জবাব দেব। আপনি যদি ডিটেল জানতে চান তাহলে নোটিশ দেবেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মুর্শিদাবাদ জেলায় সর্বত্র বন্যা হয়, আপনি বলেছেন সেজন্য মাস্টার প্ল্যান রচনা করা হয়েছে, আমি জানতে চাই মুর্শিদাবাদ-এর কোন অংশে হচ্ছে কাঁদি সাবডিভিশনে অথবা মুর্শিদাবাদ এর অন্যান্য অঞ্চলে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** কাঁদি সাবডিভিশনে, আপনি জানেন ময়ূরাক্ষী যে ড্যাম মেসেঞ্জারের যে ড্যাম এবং সাঁওতাল পরগনা পাহাড়ে অতিরিক্ত বৃষ্টি নামে ড্যাম দিয়ে তখন জল ছাড়া হয়, যখন সাংঘাতিক বৃষ্টি হয়, যেমন গত বছর হয়েছিল যার ফলে সিউড়ি থানার একটা বিরাট অংশ এবং সামগ্রিকভাবে সমস্ত কাঁদি থানা প্লাবিত হয়ে যায়, সেই কাঁদি মহকুমা এবং সিউড়ির বিরাট এলাকাকে রক্ষা করবার জন্য এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এই মাসের শেষ সপ্তাহে স্ক্রুটিনি কমিটির কাছে প্লেস করা হবে, তারপরে সেটা বন্যা ফ্ল্যাড কমিশনে যাবে, তারপরে প্ল্যানিং কমিশনে যাবে এবং শেষ পর্যন্ত তৈরি হয়ে আসতে আমরা

আশা করছি ১ বছর দেড় বছর লাগবে কাজ শুরু করতে। এই পরিকল্পনা আগের সরকার শুরু করেছিলেন কিন্তু ১৫/১৬ বছর ধরে ধীরে ধীরে তাদের কাজ এগিয়েছেন আমি তা দেখে অত্যন্ত দুঃখিত এবং লজ্জিত। আমরা এই কাঁদি মহকুমা এবং বীরভূম জেলার সিউড়ি মহকুমাকে বাঁচাতে দ্রুত গতিতে কাজ শুরু করার আশা করছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কাঁদি মাস্টার প্ল্যান সম্বন্ধে মোটামুটি একটা বিবৃতি দিলেন, তবে আমি জানতে চাই কি কি আছে এই মাস্টার প্ল্যানে জানাতে পারবেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আপনি একজন পুরানো অভিজ্ঞ সদস্য, এতবড় একটা জিনিস এক সেকেন্ডে বলে দেওয়া সম্ভব নয়, আপনি ডিটেল জানতে চান তাহলে পরে প্রশ্ন করবেন উত্তর দেব।

**শিল্প সম্প্রসারণ আধিকারিক**

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে কতগুলি ব্লকে শিল্প সম্প্রসারণ আধিকারিক নাই; এবং

(খ) এই পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে ৯৫টি ব্লকে শিল্প সম্প্রসারণ আধিকারিক নাই।

(খ) ঐ পদগুলি পূরণের জন্য Regional Employment Exchange এবং National Employment Service কে উপযুক্ত প্রার্থী পাঠানোর জন্য অনুরোধ করা হইয়াছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আপনার রিজিওনাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং ন্যাশনাল এমপ্লয়মেনট সার্ভিসে কতদিন আগে চেয়েছিলেন এটা বলবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এটা এখন বলা সম্ভব নয়, নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা এখানে জানতে চাই, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে জানানো হয়েছে—কবে জানানো হয়েছে, এখানে মন্ত্রী মহাশয় একটা ইনকমপ্লিট উত্তর দিচ্ছেন। এখানে প্রশ্ন ছিল যে, এই পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন, তার জবাব দিলেন যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে লেখা হয়েছে। আমরা প্রশ্ন করেছি কবে লেখা হয়েছে, উনি বললেন নোটিশ চাই। এরজন্য নোটিশ দিতে হবে কেন?

**মিঃ স্পিকার ঃ** জানা নেই তা কি করবেন।

**লবণ তৈয়ারির কারখানা**

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এই রাজ্যে লবণ তৈরির কারখানা স্থাপনের কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

মেদিনীপুর জেলায় রামনগর থানার অন্তর্গত সমুদ্র উচ্চকূলস্থ এলাকায় সরকার নিয়ন্ত্রিত কারখানা স্থাপনের প্রাথমিক কাজ সম্পন্ন হইয়াছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন, প্রাথমিক পর্যায়ে কাজ শেষ হওয়ার পর কত সময় লাগতে পারে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এই যে কারখানার কথা এটা হিন্দুস্থান সল্ট কোম্পানি করবে, সেন্ট্রীয় সরকারের একটা বিভাগ—একটা সংস্থা। তারা আমাদের কাছ থেকে প্রাথমিকভাবে জমি চেয়েছিল। আমরা সেখানে কাঁথি, মেদিনীপুর ও রামনগরের সমুদ্র উপকূল এলাকায় এক হাজার একর জমি দিয়েছি। আরও ৪ শত একর জমি দিয়ে দেবার ব্যবস্থা করা হয়। কিন্তু এই চারশত একর জমির উপর একটা ইনজাংশন জারি হয়। এখানে যারা বে-আইনি নুন তৈরি করত তাদের পক্ষ থেকে হাইকোর্ট এর উপর একটা ইনজাংশন জারি করেছে। যার ফলে এই চার শত একর জমি তারা এখনো নিতে পারেনি। কাজেই এই কেস চলছে এবং এখানে এক সঙ্গে দেড় হাজার একর জমি না হলে হবে না। কাজেই এই বৎসর কাজ শুরু করা সম্ভব নয়। আশা করা হচ্ছে এই বর্ষাকাল কেটে গেলে এবং এর মধ্যে ইনজাংশন ভেকেট হয়ে গেলে আগামী বৎসর থেকে কাজ শুরু করতে পারে।

**শ্রী সন্দীপ দাস ঃ** সুন্দরবন এলাকায় লবণ তৈরি করার কোনও পরিকল্পনা আছে কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** পরে এর উপর একটা প্রশ্ন আছে তখন বলব।

**পশ্চিম দিনাজপুর জেলায় বিড়ি শিল্প**

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বেসরকারি "বিড়ি" শিল্প সম্পর্কে সরকারি পরিসংখ্যান আছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়,—

(১) ঐ ধরনের শিল্পের মোট সংখ্যা কত, ও

(২) ঐ শিল্পে কর্মীদের বর্তমান সংখ্যা কত?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) কুটির ও ক্ষুদ্রশিল্প অধিকারের সহিত নিবন্ধভুক্ত পশ্চিমদিনাজপুর বিড়ি শিল্পের সংখ্যা ১৯।

(২) উপরোক্ত ১৯টি শিল্পে নিযুক্ত কর্মীর সংখ্যা ২৩৩।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে এখানে বিড়ি শিল্পগুলি রয়েছে এইগুলি রুগ্ন শিল্পের আওতায় পড়ে গেল কি না?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** এটা এই প্রশ্নের সঙ্গে সম্পর্কিত হচ্ছে না, সুতরাং কি করে বলব?

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এখানে যে কর্মীরা কাজ করছে সেই কর্মীদের মধ্যে অপ্রাপ্ত বয়স্ক কর্মীরা আছে কি না?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** এটাও নোটিশ দিতে হবে।

[2-40–2-50 P.M.]

**শ্রী মহম্মদ সোহরাব :** এই বিড়ি শ্রমিকদের হাজার প্রতি মজুরি কত?

**মিঃ স্পিকার :** নোটিশ দিতে হবে।

## সুতাহাটা থানার নদী বাঁধ

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯।) **শ্রী শিবনাথ দাস :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত সুতাহাটা থানার ঝিকুরখালী হইতে এঁড়েখালী পর্যন্ত নদী বাঁধের বহির্ভাগে যে ৮-১০ হাজার একর চাষযোগ্য জমি রহিয়াছে তাহাকে নদীর প্লাবন হইতে রক্ষা করিবার কোনও ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি; এবং

(খ) না হইয়া থাকিলে, উক্ত ব্যবস্থা কতদিনে গ্রহণ করা যাইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

(ক) না।

(খ) বিভাগীয় প্রযুক্তিবিদ্‌গণের অভিমত এই যে, প্রাকৃতিক কারণে উক্ত জমি উদ্ধারের কোনওরূপ প্রকল্প গ্রহণ করা বাস্তবানুগ হইবে না।

**শ্রী শিবনাথ দাস :** এই যে ৮/১০ হাজার একর জমিতে চাষ হচ্ছে, এখানে যখন চাষের জমির অভাব রয়েছে এবং খাদ্যেরও অভাব রয়েছে সেখানে এত বিপুল পরিমাণ জমির অপব্যবহার হতে দিচ্ছেন কেন সেটা জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** চাষীরা ওই জমি নিজেরাই মোটামুটি বাঁধ দিয়ে চাষ করছে। ওখানে আবার যদি চাষ করতে হয় তাহলে বাঁধ আবার সরাতে হবে, একবার সরানো হয়েছে। সেইজন্য টেকনিক্যাল ওপিনিয়ান ওটা করা এখন উচিত হবে না। সেইজন্য এটা বন্ধ আছে।

**শ্রী শিবনাথ দাস ঃ** সামনে যেবাঁধ ছিল সেটা নষ্ট হয়ে আছে। চাষীরা এত বড় বাঁধ কি করে দেবে। অল্প কিছু টাকার দরকার ছিল। সেটা করে দিতে পারেন না কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আপনাদের যে জেলা পরিষদ আছে তার থেকে কিছু টাকা নিয়ে তাদের দিয়ে খরচ করিয়ে এইটা করবার ব্যবস্থা করতে পারেন। টেকনিক্যাল অসুবিধা হলে ইরিগেশন ডিপার্টমেন্টের করার অসুবিধা।

**শ্রী শিবনাথ দাস ঃ** এটা তো ইরিগেশন ডিপার্টমেন্টের জিনিস। জেলা পরিষদ কি করে করবে? এটা আগেই করা উচিত ছিল না কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আগে কি করা উচিত ছিল সেইটা জানি না। কিন্তু এইটুকু জানি ইঞ্জিনিয়ারদের ওপিনিয়ান হচ্ছে ওটা রাখলে করা যাবে না। আবার বাঁধ সরাতে হবে এবং বারেবারে সরালে অসুবিধা। জেলা পরিষদ আছে তাদের দিয়ে কিছু টাকা খরচ করিয়ে ব্যবস্থা করুন না কেন বাঁধটার।

## কাংস্য শিল্প

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯।) **শ্রী অনিল মুখার্জি ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাংস্য শিল্পে নিযুক্ত শিল্পীর সংখ্যা পশ্চিমবঙ্গে কত;

(খ) কাংস্য শিল্পীদের মধ্যে তামা ও রাঙ (কাঁসা শিল্পে ব্যবহৃত ধাতু) বণ্টন করার কি কি ব্যবস্থা সরকারের আছে; এবং

(গ) ঐ শিল্পজাত দ্রব্যের বিক্রয় প্রসারের জন্য সরকারের কি কি ব্যবস্থা আছে?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) পশ্চিমবঙ্গে কাংস্য শিল্পে নিযুক্ত শিল্পীর সংখ্যা আনুমানিক ৪০০০।

(খ) কাংস্য শিল্পীদের মধ্যে তামা ও রাঙ সরাসরি বন্টন করার ব্যবস্থা সরকারের নেই।

(গ) কাংস্য শিল্পজাত দ্রব্যের বিক্রয় প্রসারের জন্য পশ্চিমবঙ্গ কারুশিল্প উন্নয়ন কর্পোরেশন শিল্পীদের সাহায্য করেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই কাংস্য শিল্প যারা করে তাদের সস্তা দামে কাঁসার মেটাল সরবরাহ করার কোনও ব্যবস্থা সরকার করেছেন কিনা?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** আমি বলেছি এই রকম ব্যবস্থা রাজ্য সরকারের নাই। আমাদের কাছে যারা ইম্পোর্ট লাইসেন্স চায় তাদের আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে রেকমেন্ড করি, যারা ইন্ডিজেনাস স্ক্র্যাপ চান তাদের কাঁসা পিতল ইত্যাদি এন এস আই সি ডিস্ট্রিবিউট করে, তাদের কাছে আমরা রেকমেন্ড করেছি এবং ইতিমধ্যে বেশ কিছু ইউনিট যাদের আমরা রেকমেন্ড করেছি তারা নিয়মিত পাচ্ছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** আমার বক্তব্য হচ্ছে বিভিন্ন জায়গায় ছোট ছোট যে কাঁসারি আছে, তারা নিজেরা কাঁসা আনতে পারে না, তাদের পক্ষে সম্ভবও নয়, যদি তারা কোনও কো-অপ্যারেটিভ করে তাদের আপনারা সাহায্য করতে পারেন কি না?

**মিঃ স্পিকার ঃ** আপনার সাজেশনটা পাঠিয়ে দেবেন।

**জেলা পরিষদের মাধ্যমে সেচ বিভাগীয় কার্য সম্পাদন**

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৫।) **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বামফ্রন্ট সরকার নদীর বাঁধ মেরামত ও সেচ বিভাগীয় অন্যান্য কাজগুলি বর্তমান বর্ষ থেকে জেলা পরিষদের মাধ্যমে করার জন্যে একটি নীতি নির্ধারণ করেছেন; এবং

(খ) সত্য হলে—

(১) সেচ বিভাগ জেলা পরিষদকে কিভাবে সাহায্য করবেন, ও

(২) নতুন নীতিটি কিরূপ হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) ও (খ) না, ঐরূপ নীতি নির্দ্ধারণ করা হয়নি। তবে, কয়েকটি জেলার গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত জমিদারি বাঁধ মেরামত ও সংস্কারের কাজ বাবদ সংশ্লিষ্ট জেলা পরিষদগুলিকে এ বছরের জন্য এ পর্যন্ত মোট ৯৫ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি জমিদারি বাঁধ যেগুলি মেরামত করার জন্য টাকা স্যাংশন করা হয়েছে, বলেছেন ৯৫ লক্ষ টাকা স্যাংশন করা হয়েছে, এগুলি কি সরকারি নিয়মের মধ্যে করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** করা যায় এবং সেজন্যই করা হয়েছে, যেটা করা হয়নি তা করা যায় না, এটা আপনি ভাল রকমই জানেন।

**সুন্দরবন এলাকায় লবণ উৎপাদন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা**

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৩।) **শ্রী নানুরাম রায় ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন এলাকায় লবণ উৎপাদনের কোনও কারখানা স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, উক্ত কারখানা (১) কবে ও (২) কোথায় স্থাপিত হইবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) বিষয়টি এখন সমীক্ষাধীনে রহিয়াছে।

**শ্রী সন্দীপ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি অবহিত আছেন যে কুমীরমারি এবং মরিচঝাঁপি এলাকায় এবং এইসব এলাকায় লবণ উৎপাদনের সুযোগ অনেক রয়েছে এবং উদ্বাস্তুরা কুটির শিল্প হিসাবে এখানে উৎকৃষ্ট ধরনের লবণ উৎপাদন করছে? এই ধরনের তথ্য মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** না, এই ধরনের তথ্য আমার জানা নেই। এখন পর্যন্ত সুন্দরবনের এই অঞ্চলে ভালভাবে লবণ তৈরি করা যায় কিনা সে সম্পর্কে সমীক্ষা চলছে, কেউ যদি এখানে কুটির শিল্প হিসাবে কোনও কিছু করে, সে খবর সরকারের কাছে নাই।

**বামফ্রন্ট সরকারের দুই বৎসর পূর্তি উপলক্ষে দিল্লিতে অনুষ্ঠিত উৎসব**

***৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, তথ্য ও সাংস্কৃতিক বিষয়ক দপ্তরের উদ্যোগে বামফ্রন্ট সরকারের দুই বৎসর পূর্তি উপলক্ষে দিল্লিতে আয়োজিত উৎসব অনুষ্ঠানটির জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছিল?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

টাকা ৭২৫০.০০।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এ ছাড়া বামফ্রন্ট সরকারের সাফল্যের আর কোন্ কোন্ দিকগুলি তুলে ধরার প্রচেষ্টা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এখানে একটা প্রদর্শনীর আয়োজন করা হয় এবং চলচ্চিত্র ডকুমেন্টারি ফিচার ফিল্ম দেখানো হয়েছে।

**কান্দী মহকুমায় বন্যা নিয়ন্ত্রণের মাস্টার প্ল্যান**

***৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমার বন্যা নিয়ন্ত্রণের জন্য একটি মাস্টার প্ল্যান রচনার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, ঐ মাস্টার প্ল্যান কার্যে পরিণত করিতে কত সময় লাগিবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) কান্দী মহকুমার বন্যা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে একটি মাস্টার প্ল্যান ইতিমধ্যেই রচনা করা হয়েছে।

(খ) ঐ মাস্টার প্ল্যান কার্যে পরিণত করিতে কত সময় লাগিবে তা এখনই বলা সম্ভব নয়, বিভিন্ন পর্যায়ে কারিগরি ও সরকারি অনুমোদনের পর অনুমোদিত মাস্টার প্ল্যান অনুযায়ী কাজ শুরু করা হইবে। এই ব্যাপারে আর একটু বলি। আপনাদের সঙ্গে পরামর্শ করে কান্দী মহকুমার মাস্টার প্ল্যান এবং ঘাটাল মাস্টার প্ল্যান টেকনিক্যাল কমিটিতে পাঠানো হবে।

### সিন্দুর উৎপাদন কারখানা

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** কুটির এবং ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বেসরকারি "সিন্দুর" উৎপাদন কারখানা সম্পর্কে সরকারি পরিসংখ্যান আছে কি না; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(১) ঐ ধরনের কারখানার মোট সংখ্যা কত, ও

(২) ঐ সকল কারখানায় মোট কতজন কর্মী বর্তমানে নিযুক্ত আছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ**

(ক) জানা নেই।

(খ) (১) এবং (২) প্রশ্ন ওঠে না।

[2-50–3-00 P.M.]

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর উত্তরে 'না" বলেছেন। আমার খবর আছে যে ঐ জেলায়—পশ্চিমদিনাজপুর জেলাতে সিঁন্দুর উৎপাদনের কারখানা আছে। মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে এ সম্পর্কে খোঁজখবর নেবেন কি?

**মিঃ স্পিকার ঃ** আপনি খবর চাইতে পারেন কিন্তু খবর থাকলে দিতে পারেন না। ঠিক এইভাবে কোয়েশ্চেন হয় না।

### হলদিয়া পেট্রো-কেমিক্যাল-এর জন্য জমি

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১।) **শ্রী শিবনাথ দাস ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়ায় মেট্রো-কেমিক্যাল শিল্পের জন্য কোন্ কোন্ মৌজায় মোট কত পরিমাণ জায়গা নির্ধারিত হইয়াছে;

(খ) নির্দিষ্ট মৌজার অধিবাসীদের পুনর্বাসনের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হইয়াছে;

(গ) উক্ত ভূমির ক্ষতিপূরণ বাবদ একর প্রতি মূল্যের হার কত;

(ঘ) ক্ষতিপূরণের টাকা এককালীন দেওয়া হইবে কিনা; এবং

(ঙ) বিভিন্ন শ্রেণীর ঘরের জন্য প্রতি ঘন ফুটে কত দাম নির্ধারিত হইয়াছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক)

| মৌজার নাম | অধিগৃহীত জমির পরিমাণ |
|---|---|
| যাদবচক | ১৩৮.০০ একর |
| তেঁতুলবেড়িয়া | ১০০.২৮ একর |
| কিশোরপুর | ১৪৩.৭৬ একর |
| বাড়ধান্যঘাটা | ২০৪.৯০ একর |
| পরাণচক্ | ৪৩.২৫ একর |
| কিসমৎ ধান্যঘাটা | ২৩৩.৩৫ একর |
| **সর্বমোট** | **৮৬৩.৫৪ একর** |

(খ) জমি অধিগ্রহণ ও গ্রহণের ফলে বাস্তুচ্যুত সবগুলি পরিবারকে পুনর্বাসনের উদ্দেশ্যে যাদবাচক্ মৌজায় ৬৫.৫০ একর পরিমাণ জমি ইতিমধ্যেই অধিগ্রহণ করিয়া রাখা হইয়াছে। ইহা ছাড়াও বাস্তুচ্যুত প্রতি পরিবার পিছু একজন প্রাপ্ত বয়স্ককে যোগ্যতানুযায়ী এই প্রকল্পের বিভিন্ন কাজে নিয়োগ করার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(গ) আইন অনুযায়ী বিভিন্ন মৌজায় বিভিন্ন শ্রেণীর জমির ক্ষতিপূরণের টাকা চলতি বাজারদর অনুযায়ী প্রদেয়। জেলা সমাহর্তা কর্তৃক এখনও পর্যন্ত ক্ষতিপূরণের টাকা নির্ধারিত না হওয়ায় কোনও জমির একর প্রতি মূল্যের হার বলা সম্ভব নহে।

(ঘ) হ্যাঁ।

(ঙ) এখনও নির্ধারিত হয় নাই।

**শ্রী শিবনাথ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই অধিগ্রহণের ফলে মোট কতগুলি পরিবার উদ্বাস্তু হবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** নোটিশ চাই।

**শ্রী শিবনাথ দাস ঃ** এই অধিগ্রহণের ফলে যে সমস্ত পরিবার উদ্বাস্তু হবে সেখানে তাদের পুনর্বাসনের জন্য যে পরিমাণ জমি নির্দিষ্ট করা হয়েছে সেই পরিমাণ জমি কি তারজন্য যথেষ্ট?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** যদি যথেষ্ট না হয় তাহলে আরও জমি অধিগ্রহণ করা হবে।

**শ্রী শিবনাথ দাস ঃ** সেটা কোথায় বা কোন্ জায়গায় জমি অধিগ্রহণ করা হবে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি তো আগেই বললাম যে ৬৫ একরের উপর জমি অধিগ্রহণ করা হয়েছে। এখন দেখা যাক এতে হয় কিনা, যদি না হয় তাহলে নিকটবর্তী এলাকায় অধিগ্রহণ করা হবে।

**শ্রী শিবনাথ দাস ঃ** এই অধিগ্রহণের কাজটা কতদিনে শেষ হবে মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** এটা খুব তাড়াতাড়ি করার চেষ্টা করা হচ্ছে এবং তারজন্য বিশেষ ব্যবস্থাও নেওয়া হয়েছে। আমি এবং মাননীয় শিল্পমন্ত্রী, কয়েকবার ঐ এলাকায় গিয়েছি এবং স্থানীয় লোকেদের সঙ্গে দীর্ঘ আলোচনা হয়েছে। এটা দ্রুত করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে।

## Proposal for setting up Information Bureaus in other States

***88.** (Admitted question No. *392.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether it is a fact that the Government is contemplating to set up Information Bureaus in other States; and

(b) if answer to (a) be in the affirmative what are the salient features of the proposal?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(a) হ্যাঁ।

(b) বিভিন্ন রাজ্যের মধ্যে সহযোগিতা ও সংবাদ আদানপ্রদানের ক্ষেত্রে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন, বিভিন্ন রাজ্যে পশ্চিমবঙ্গের বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্পর্কে সঠিক তথ্য সরবরাহ করা, বিভিন্ন রাজ্যে পশ্চিমবঙ্গ সম্বন্ধে প্রচারিত সংবাদ সংগ্রহ করা।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** ভারতবর্ষের অন্য আর কোন্ স্টেটে এই ধরনের ইনফর্মেশন ব্যুরো রয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা নতুন প্রস্তাব। আপাতত বোম্বে এবং মাদ্রাজে করব ঠিক করেছি।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** অন্য কোনও স্টেট এটা করেছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সমস্ত রাজ্যই করেন, পশ্চিমবঙ্গ সরকারের ছিল না, আমরা এখন শুরু করেছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** এই পশ্চিমবঙ্গে অন্য কোনও রাজ্যের এই ধরনের ইনফর্মেশন সেন্টার আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** অনেকগুলিরই আছে কিন্তু কাদের কাদের আছে তা যদি জানতে চান তাহলে নোটিশ দিতে হবে।

## ডি ভি সি'র বাঁধ হইতে জল ছাড়ার ব্যাপার

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৩।) **শ্রী নানুরাম রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, ডি. ভি. সি. কর্তৃপক্ষ তাঁদের বাঁধ থেকে জল ছাড়ার ব্যাপারে রাজ্য সরকারে সঙ্গে পরামর্শ করেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

হ্যাঁ। প্রধানত পশ্চিমবঙ্গ ও বিহার সরকারের পরামর্শমতো ভারত সরকার কর্তৃক রচিত Regulation Manual-এ উল্লিখিত নির্দেশ অনুযায়ী ডি. ভি. সি.'র জলাধার থেকে জল ছাড়া হয়ে থাকে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** গত বারে বন্যার সময় যে জল ছাড়া হয়েছিল এবং যার ফলে বন্যা হয়েছিল আপনাদের অনুমতি নিয়ে কি সেই জল ছাড়া হয়েছিল এবং জল ছাড়ার কত আগে জনসাধারণকে অবহিত করা হয়েছিল এবং এই জল ছাড়ার সংবাদ আপনাদের কাছে কত আগে পৌঁছেছে এবং জনসাধারণকে সেই খবর কতক্ষণ আগে জানিয়েছেন।

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** গতবারে যে জল ছাড়া হয়েছিল সেই ড্যামগুলি সেন্ট্রাল গভর্নমেন্ট রেগুলেশন করে থাকেন যার মধ্যে বিহার গভর্নমেন্ট-এর লোক আছে এবং আমাদেরও লোক আছে। যে হাইট পর্যন্ত জল রাখা যাবে সেটা ওঁরাই ঠিক করে দেয়। এবং রিজার্ভারের একটা নিয়ম আছে একটা সীমা আছে তার উপর না গেলে জল ছাড়া নিষেধ আছে। সেইজন্য গতবারের কারণটা আমি যা বুঝলাম ডি. ভি. সি.-র যে অফিসার চার্জে আছে, মাইথনের যে অফিসার চার্জে আছে তাঁদের সঙ্গে আলোচনা করে বুঝেছি যে তারা জল ছাড়তে পারেননি জল সীমানার উপর পর্যন্ত না যাওয়া পর্যন্ত। এবং এই নিয়ম মানতে গিয়ে আমার মনে হয় এ বিপর্যয় হয়। অন্য কারণ হচ্ছে ছোটনাগপুর পাহাড়ে ৪/৫ দিন ধরে প্রচুর বৃষ্টি হয় এবং সেই জল ডি. ভি. সি. ড্যামে এসে পড়ে। এবং সীমানার উপর চলে যায়। তখন তারা জল ছাড়তে বাধ্য হয়। তারা যদি এই জল না ছাড়ত তাহলে বর্ধমান, হুগলি, মেদিনীপুরে ৫/৬ দিন ধরে প্রচুর বৃষ্টি হয় এবং সে অভাবনীয় বৃষ্টি ১ শত বৎসর এইরকম বৃষ্টি হয়নি। এ দিকে ড্যামগুলি থেকে জল ছেড়ে দেওয়া হল কারণ দুর্গাপুর ব্যারেজ একেবারে ভর্তি হয়ে গেছে। ঐ দুর্গাপুর ব্যারেজের জল যদি না ছাড়া হত তাহলে লোয়ার দামোদর অঞ্চল হুগলি, বর্ধমান, মেদিনীপুর অঞ্চলের লক্ষ লক্ষ মানুষ ভেসে চলে যেত। এই রেগুলেশন ব্যাপার নিয়ে আমার প্রশ্ন আছে যে কিভাবে এটা দূর করতে পারব। যদি ঠিকভাবে এটা ট্যাকল করা যেত তাহলে এত ক্ষয়ক্ষতি হত না। এর জন্য আমি ঐ সমস্ত ড্যামের কর্মকর্তাদের ডেকেছিলাম তাদের সঙ্গে আলোচনা করেছিলাম এবং তারা যে মত দিয়েছেন তার সঙ্গে আমি এক মত হতে পারিনি। আমি এ নিয়ে আরও চিন্তা করব। আমি মনে করি এর একটা সুষ্ঠু সমাধান আছে। আমি ভাবছি এ সম্বন্ধে তবে কতখানি করা যাবে বলতে পারব তার প্রতিশ্রুতি দেওয়া কঠিন কারণ আমি ইঞ্জিনিয়ার নই বিশেষজ্ঞ নই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি কতক্ষণ আগে ওঁরা জল ছাড়ার কথা জানতে পেরেছিলেন যে এইবার জল ছাড়া হবে?

(উত্তর নাই)

[3-00—3-40 P.M.] (including adjournment)

**মিঃ স্পিকার :** মাননীয় সদস্যদের আমি একটা উদ্বেগজনক খবর দিচ্ছি। রিজার্ভ ব্যাঙ্ক স্ট্রাইক চলছে। আজকে পে দেবার কথা ছিল সেটা দেওয়া যাবে না। এটা বন্যার চেয়েও উদ্বেগজনক খবর।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বি. জি. প্রেসে খবর নিয়ে জেনেছি যে সকাল বেলায় ক্যালকাটা ইলেক্ট্রিক সাপ্লাই কর্পোরেশনের একটা ট্রান্সফর্মার পুড়ে যাবার ফলে বিদ্যুৎ সরবরাহ ওখানে ৯টা থেকে ১০টা পর্যন্ত বন্ধ থাকে। সেজন্য কোয়েশ্চেন ছেপে আসতে বিলম্ব হয়েছিল। আমি সরকার পক্ষ থেকে দুঃখ প্রকাশ করছি।

## Laying of Report

## The Annual Report of the West Bengal Forest Development Corporation Limited for 1977-78

**Shri Parimal Mitra :** Sir, I beg to lay the Fourth Annual Report of the West Bengal Forest Development Corporation Limited for the year 1977-78.

## LEGISLATION

## The West Bengl Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to introduce the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979.

(Secretary then read the Title of the Bill)

**Shri Benoy Krishna Chowdhury :** Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৩৯ সালের ভারতরক্ষা আইনের বলে যে সমস্ত জমি ও বাড়ি জনস্বার্থে করা হয়েছিল, উক্ত আইনের মেয়াদ শেষ হবার পর ঐ সকল জমি ও বাড়ির অধিগ্রহণ বজায় রাখা এবং প্রয়োজন হলে স্থায়ীভাবে সরকার কর্তৃক গ্রহণের জন্য পশ্চিমবঙ্গ অধিগৃহীত ভূমি (ক্ষমতার স্থায়িত্ব) আইন, ১৯৫১ প্রণয়ন করা হয়। এই আইনটি স্থায়ী আইন নয় এবং আইনের প্রয়োজনীয় সংশোধন করে ইহার মেয়াদ বিভিন্ন সময়ে বাড়ানো হয়েছে। এই আইনটির ৬ ধারায় অধিগৃহীত জমির জন্য ক্ষতিপূরণ দেওয়া সম্পর্কিত বিধানাদি রয়েছে। ১৯৭৭ সালের ১লা এপ্রিল থেকে বর্তমান বাজারদর অনুযায়ী অধিগ্রহণ জনিত

ক্ষতিপূরণ দেওয়ার জন্য ১৯৭৬ সালে এই আইনের ৬ নং ধারাটি সংশোধন করা হয়। কিন্তু যে সমস্ত সরকারি দপ্তরের অধীনে অধিগৃহীত জমি বা বাড়ি আছে তাঁরা যাতে ঐ সব অধিগৃহীত সম্পত্তি ছেড়ে দিয়ে বা স্থায়ী প্রয়োজনবোধে গ্রহণ করে অতিরিক্ত আর্থিক দায়দায়িত্ব বহনের হাত থেকে রেহাই পান, সেই কারণে ১৯৭৭ সালের আইনটির সংশোধন করে বাজারদর অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া ১৯৭৮ সালের ৩১শে মার্চ অবধি স্থগিত রাখা হয়। কিন্তু যেহেতু সংশ্লিষ্ট দপ্তরগুলির পক্ষে এই সময়ের মধ্যে অধিগৃহীত সম্পত্তি ছেড়ে দেওয়া বা গ্রহণ করার ব্যাপারে কোনও পাকা সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়নি। সেইহেতু ১৯৭৮ সালে আইনটি সংশোধন করে উহার মেয়াদ ১৯৮০ সালের ৩১শে মার্চ পর্যন্ত বর্ধিত করা হয়।

দুর্ভাগ্যবশত বর্তমান বাজারদর অনুসারে ক্ষতিপূরণ দেওয়ার বিষয়টি ১৯৭৮ সালে আইনটি সংশোধন করার সময় বিধানসভায় আলোচনা করা হয়নি। ১৯৭৮ সালে রাজ্যে ভয়াবহ বন্যায় ব্যাপক ক্ষয়ক্ষতি এবং ত্রাণকার্য ও সর্বহারা মানুষদের পুনর্বাসনের জন্য সরকারের বিপুল আর্থিক দায়দায়িত্বের কথা চিন্তা করে ১৯৮০ সালের ৩১শে মার্চ অবধি বাজারদর অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া স্থগিত রাখার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়। এই সিদ্ধান্তটি কার্যকর করার উদ্দেশ্যেই আলোচ্য বিধেয়কটি উত্থাপন করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যগণকে অনুরোধ করছি যে তাঁরা যেন আমার উত্থাপিত বিধেয়কটি সমর্থন করেন এবং অনুমোদনের জন্য উহা গ্রহণ করা হয়।

[3-40—3-50 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র** ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় ভূমি সদ্ব্যবহার মন্ত্রী যে বিল এখানে উত্থাপন করেছেন আমি সেই বিলকে সমর্থন করছি। এটাকে সমর্থন করতে আমার আপত্তি নেই। কিন্তু সেই সঙ্গে তাঁকে আমি কয়েকটি কথা বলতে চাই, স্মরণ করিয়ে দিতে চাই এবং তাঁর কাছ থেকেও কিছু জানতে চাই। তিনি গতবারে যখন এই বিলটি এক্সটেনশনের জন্য এনেছিলেন তখন বলেছিলেন যে, ১২২টি বাড়ি বা জমি তাঁর হাতে আছে। কিন্তু এবারে তিনি বললেন না যে, এই সময়ের মধ্যে ঐ ১২২টি থেকে সেই সংখ্যাটি আরও বাড়ল, না কমল, না কি হল—তা তিনি বলেননি। আমার সেটা জানার একটু কৌতুহল আছে, এটা এগিয়েছে, না কমেছে, না কি হয়েছে। দ্বিতীয় কথা আমি তাঁকে বলতে চাই যে, আমার যেন মনে হচ্ছে—আমি জানি না আমি ঠিক কিনা, ভুল হলে উনি সংশোধন করে দেবেন—এই আইনের মেয়াদ ১৯৮০ সালে শেষ হচ্ছে। এটা প্রথমে ১৯৭৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত করা হয়েছিল এবং তারপর ১ বছর বাড়িয়ে '৭৭ সাল পর্যন্ত হয়েছিল এবং '৭৭ সালে ২ বছরের জন্য উনি বাড়িয়েছিলেন, তাহলে সেটা ১৯৭৯ পর্যন্ত হয়। তাহলে এখন আবার ২ বছর দিলে ৪ বছরের জন্য বেড়ে যাচ্ছে, তার মানে আইনের মেয়াদের চেয়েও এর দ্বারা বেশি সময় চলে যাচ্ছে। আমি আশা করছি এটা ঠিক হচ্ছে কিনা উনি বুঝিয়ে বলবেন। আমার মনে হয় আইন যেখানে শেষ হয়ে যাচ্ছে সেখানে সরকার এই ক্ষমতা আরও এক বছর বাড়িয়ে দিতে চাইছেন। আসল আইনে না থাকলেও এটাকে বৃদ্ধি করা যায় কি না সেটা উনি বিবেচনা করবেন। তৃতীয় কথা আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে

চাই যে, ১৯৫১ সালে যখন এই আইন এসেছিল তখন আজকের মাননীয় মুখ্যমন্ত্রী বিরোধী দলে বসতেন, তিনি এই আইন সম্বন্ধে কি বলেছিলেন? তিনি বলেছিলেন যে, If these had been utilised for purposes which affect the people in a way by which they benefit then surely no body would mind giving such powers to the Government even though the Government is a reactionary government. The one thing I should like to point out is that I do not know why in this Bill as in the previous Bill powers are being sought by government—extra ordinary powers—till the 31st March, 1954. মানে তিনি ৩ বছরের জন্য বৃদ্ধি করতে আপত্তি করেছিলেন। তার অনেক দিন পরে আজকে আবার তাঁরই সরকার এটা করছে। তাহলে আজকের এই যে প্রগ্রেসিভ গভর্নমেন্ট যারা বলেন আমরা সব করে দেব, আমরা সব করছি এবং যারা এটাকে সব চেয়ে রিঅ্যাকশনারী বিল মনে করতেন এবং যে বিল সম্বন্ধে তাদের ঐরকম বক্তব্য ছিল, তাঁরা এটা কি করে করেন? আমরা জানি পরবর্তীকালে ১৯৬৯ সালে স্বর্গত শ্রীযুক্ত হরেকৃষ্ণ কোঙার মহাশয় যখন মন্ত্রী ছিলেন তখন এই বিল এনেছিলেন।

তিনি কি বলেছিলেন? তিনি বলেছিলেন, "এখন এই আইনের মেয়াদ ৩১ তারিখে শেষ, হয়ে যাচ্ছে। প্রশ্ন হচ্ছে এই যে, দেখা যাবে ২০/২৫ বছর পর্যন্ত কিছু জমি ও বাড়ি রিকুইজিশন করে রেখে দেওয়া হয়েছে। প্রশ্ন হতে পারে, যে জমিকে ২০ বছর ধরে রিকুইজিশন করে রেখে দেওয়া যায় সেই জমি অ্যাকোয়ার করা হয়নি কেন, অথবা যে বাড়িকে ২০/২৫ বছর ধরে রিকুইজিশন করে রাখা হয়েছে সেই বাড়িকে অ্যাকোয়ার করা হয়নি কেন? এই প্রশ্নের জবাব খুব বেশি কিছু নেই। কারণ এটা যাঁরা করেছিলেন তাঁরা কি ভেবে করেছিলেন তা জানি না। এখন পর্যন্ত দেখছি এই আইন অনুযায়ী প্রায় ৬০টি বাড়ি গভর্নমেন্টের রিকুইজিশন করা আছে এবং ২২২.৮৩ একর জমি অ্যাকোয়ার করা আছে। এর মধ্যে বেশিরভাগ হচ্ছে গভর্নমেন্টের যে ফুড গোডাউনগুলি আছে সেই গোডাউনগুলি যে জমির উপর করা হয়েছে সেই জমিগুলি রিকুইজিশন করার উপায় আছে। তারপর বলছে "এখানে সিদ্ধান্ত করেছি। প্রত্যেক ডিপার্টমেন্টকে বলেছি। তাদের বলেছি যে তোমাদের যদি এ ধরনের জিনিস রাখতেই হয়, একান্তই প্রয়োজন হয়—যেমন নাকি ফুড ডিপার্টমেন্টের গোডাউনে তা রাখতেই হবে এবং তা আমরা অ্যাকোয়ারের কথা বিবেচনা করে দেখছি। সমস্ত জিনিস আমাদের ভাল করে দেখতেই হবে। কিন্তু সবকিছুই তো আর কাল করা যায় না।" সুতরাং উনি ১৯৬৯ সালে যা বলেছেন আজকে মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৭৯ সালে দাঁড়িয়ে একই কথা বলছেন। তাহলে আমার বক্তব্য হচ্ছে এই ১০ বছরে কি হল? সরকারি কর্মচারিরা কি করছেন? আপনারা তো আগেকার কংগ্রেস আমলের দোষ দেন, তারা কিছুই করেনি, আপনাদের আমলে আপনারা কি করলেন? আপনি অজুহাত দিয়েছেন বন্যার জন্য আমাদের ডিপার্টমেন্ট কিছুই করতে পারেনি। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, বন্যার সময়ে আপনাদের ডিপার্টমেন্টে তো কোনও কাজই ছিল না।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমার ডিপার্টমেন্ট বলিনি, যাদের করার কথা ছিল তারা করেনি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** যাই হোক, বন্যার জন্য এই কাজ আটকে থাকার কথা নয়। আমি জানি, আমার ওখানে একটা গোডাউন আছে এবং সেটা মধ্যবিত্ত একজন লোকের—তার কাছে নোটিশ যাচ্ছে, নোটিশ দিয়ে ঘোরানো হচ্ছে, আমার বক্তব্য হচ্ছে, ১৯৮০ সাল আসতে বেশি দেরি নেই—১৯৬৯ সালে হরেকৃষ্ণবাবু যা বলে গেছেন, আপনিও যদি এখানে তাই বলেন এবং আবার সময় বাড়িয়ে দেন—আপনার মতো যোগ্য এবং আপনি কথা রাখেন বলে মনে করি—আপনার কাছ থেকে এই ধরনের জিনিস আসবে এটা আশা করিনি। এটা যাতে ভালভাবে করেন সেই বিষয়ে নজর দেবেন। দ্বিতীয় কথা হচ্ছে, যদিও আপনাদের কিছু করণীয় আছে কিনা জানি না এইসব ব্যাপারে সেটা হচ্ছে রিকুইজিশন হচ্ছে এবং তা ফাইনালাইজ করতে গিয়ে পরিষ্কার ভাষায় বলছে আপনারা কত টাকা দেবেন, টাকা না দিলে ফাইনালাইজ হবে না। আপনাদের ডিপার্টমেন্টে যারা ল্যান্ড অ্যাকুইজিশন কালেক্টর হয়ে বসে আছেন—কংগ্রেস আমলের লোক বলে যারা পরিচিত—তাদেরকে টাকা না দিলে কম্পেনসেশান ফাইনালাইজ হবে না—ওনারা বলেন আমি তো করে দিলাম—আপনারা হাইকোর্টে যান—এই হচ্ছে অবস্থা। যাই হোক, আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি, আপনি যোগ্য লোক, আপনি মুখে যা বলেন তাই করেন, সুতরাং আপনার কাছ থেকে এটা আশা করতে পারি। ১৯৬৯ সালে হরেকৃষ্ণবাবু যা বলেছেন আপনিও তাই বলছেন ১৯৮০ সালে এসে হয়ত আপনাকে তাই বলতে হবে। আমি আশা করি এই বিষয়ে দৃষ্টি দেবেন, যতটুকু সময় চাইছেন তারমধ্যে যাতে সেটেলমেন্ট হয়ে যায় সেটা দেখবেন কারণ এর মধ্যে দুর্নীতি ঢুকেছে, দুর্নীতির বাসা বেঁধেছে এইটা আপনাকে ইনফর্মেশন দিলাম এবং আপনি যদি চান আরও আপনাকে গোপন ইনফর্মেশন দেব। আপনি যতটা পারেন মধ্যবিত্তদের রক্ষা করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** মিঃ স্পিকার স্যার, আজকে আমাদের ভূমি রাজস্ব মন্ত্রী কর্তৃক আনীত West Bengal Requisition Land (Continuance of Powers) (Amendment) Bill. বিলকে আমি সমর্থন জানাচ্ছি। আমরা সরকার পক্ষের লোক কাজেই আমাদের একটা নৈতিক দায়িত্ব আছে, আমাদের যে কোনও বিল এলে তাকে সমর্থন জানানো। কিন্তু আজকে শুনে খুব খুশি হলাম যে জনতা সদস্য বিরোধী দলের হলেও তাঁর নৈতিক দায়িত্বের কথা বাদ দিয়ে—আমি যদি উল্টো দিকে বসতাম তাহলে আমিও বিরোধিতা করতাম, কিন্তু তিনি বিরোধিতা না করে তাকে সমর্থন করলেন, তাঁর নৈতিক দায়িত্ব এড়িয়ে গিয়ে। আমরা যে এটা ভালর জন্য করছি সেই উপলব্ধি তাঁর মধ্যে এসেছে সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। সত্যই আমাদের ল্যান্ড ডিপার্টমেন্ট একটা বাস্তুঘুঘুর আড্ডাখানা। এই আড্ডাখানা যতক্ষণ না ভাঙতে পারছি ততক্ষণ যে সরকারই আসুন না কেন সেই সরকার কোনওদিন এই জিনিসটাকে ন্যায় নীতির মাধ্যমে এই জিনিসগুলিকে সমর্থন করতে পারেন না। তা ছাড়া যদি অধিগ্রহণ করতে হয় তাহলে এখুনি করে নেওয়া ভাল কেননা ২ বছর পরে যদি অধিগ্রহণ করতে হয় তাতে দাম আরও ২৫ পারসেন্ট বাড়বে। যদি অধিগ্রহণ করতে হয় তাহলে এখন কেন হবে না? সরকারের একটা বাড়ি রিপেয়ার করার মধ্যে যে কস্ট পড়ে সেই কস্ট ঘাড়ে গিয়ে পড়ছে বাড়ির মালিকের অথচ ভাড়া দেবে পুরনো হারে। এখন বাড়িওয়ালা বাড়ি সারাবে না। বাড়িটার কন্ডিশন ১৯৮০-৮১ সালে খুব খারাপ অবস্থায় গিয়ে দাঁড়াবে—ট্রাবল ডাউন করবে। আমার বক্তব্য হচ্ছে যে মন্ত্রী মহাশয় যেন একটু লক্ষ্য

করেন। যদিও তিনি গল্প করছেন আমার কথা শুনছেন না। আমার কথাটা হচ্ছে কোনও বক্তব্যের সময় মন্ত্রী মহাশয়ের পাশে বসে গল্প করা ঠিক নয়। আমরাও গল্প করি, কিন্তু আমরা সভ্য আর ওঁরা হলেন মন্ত্রী, কাজেই আমাদের মতো ওঁদেরও গল্প করাটা ভাল বলে মনে করি না। মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে তিনি একটু যেন আমাদের দিকে নজর রাখেন। গল্পের ব্যাপারে তিনি যদি আমাদের জায়গায় চলে আসেন তাহলে ক্ষোভের ব্যাপার হবে, আমি যদি বিরোধী দলে থাকতাম তাহলে আপত্তি করতাম। আমার অনুরোধ বাড়িগুলো অধিগ্রহণ করতে হবে, তা এখন কেন নয়, ২ বছর পরে অধিগ্রহণ করতে গেলে তখন ডিলাপিয়েটেড কন্ডিশন হয়ে দাঁড়াবে। এখনই অধিগ্রহণ করা দরকার, কন্সট্রাকশন আরম্ভ হয়নি। বাড়িগুলোয় যে সমস্ত অফিস রয়েছে সেই সমস্ত ডিপার্টমেন্টকে আমরা অন্য জায়গায় অ্যাকোমডেট করব। যেখানে বাড়ি হচ্ছে সেইখানেই অফিস হচ্ছে, তার ঘুপচিগুলির মধ্যেও অফিস হয়ে যাচ্ছে। আমাদের অনেক সময় অফিস খুঁজতে গেলে মুশকিলে পড়তে হয়। অ্যাকোয়ার করে নিতে হবে। নইলে শুধু অ্যামেন্ডমেন্ট এনে কি হবে? ডিপার্টমেন্টগুলির বাস্তু ঘুঘুর বাসা ভাঙতে যদি না পারেন তাহলে কিছু হবে না। দু'বছরও নয় ১৯৮০ সালের জায়গায় ১৯৮১ সালে শেষ হচ্ছে। বিলটি কার্যকর করতে পারবেন ১৯৮০ সালের ভিতরে? অধিগ্রহণ করে নিন, ১৯৭৯-র সেপ্টেম্বর শেষ হয়ে যাচ্ছে, আর খুব বেশি দেরি নেই, সেইজন্য বলছি অধিগ্রহণ করুন। ২১শে মার্চের মধ্যে অধিগ্রহণ করে ডিস্ট্রিবিউট করুন, না হয় ছেড়ে দিন দুটোর একটা করুন, বার বার অ্যামেন্ডমেন্ট এনে কোনও লাভ নেই, অ্যামেন্ডমেন্ট এলে আমরা সাপোর্ট করব, কেননা করতে বাধ্য, কিন্তু অধিগ্রহণটা কেন হচ্ছে না?

[3-50—4-00 P.M.]

অ্যামেন্ডমেন্ট করে রেন্ট দিয়ে যাবে আর বাড়িগুলি সব ভাঙা অবস্থায় থাকবে। সেই জন্য অনুরোধ এইগুলি আপনি পার্মানেন্টলি অ্যাকোয়ার করে নিন আইন অনুসারে—না-হলে বাড়িওয়ালাদের ছেড়ে দিন এবং যে অফিসগুলি সেখানে আছে তারা অন্য জায়গায় যাতে যেতে পারে তার ব্যবস্থা করুন। এই বলে এই বিলকে আমি সমর্থন করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরাধিকার সূত্রে একটা পাপের বোঝা আমার উপর এসে পড়েছে। প্রথম ১৯৩৯ সালে বি. আই. আর. করে করা হয়েছিল। তারপর ৫১ সালে আবার করা হল। জ্যোতিবাবু ও হরেকৃষ্ণবাবুর বক্তৃতা তিনি আমাদের শোনালেন। যে সময় যুক্তফ্রন্ট সরকার ছিল তখন চেষ্টা করা হয়েছিল যাতে অ্যাকোয়ার করা হয়, না হয় ছেড়ে দেওয়া হবে। কিন্তু সেটা করা গেল না। দীর্ঘদিন ধরে রিকুইজিশন করে চলবে এটা হতে পারে না। বাজার দর দিয়ে পার্মানেন্টলি অ্যাকোয়ার করে নেওয়া হোক। কিন্তু আমার দুর্ভাগ্য যে আমাকে বিভিন্ন দপ্তরের হয়ে কাজ করতে হয়। যেমন দেখছি ১১২টি বাড়িতে গোডাউন আছে। এই গোডাউনগুলির মধ্যে শতকরা ৮০ ভাগই হচ্ছে ফুড ডিপার্টমেন্টের। আমি প্রত্যেক বিভাগকে চিঠি দিয়ে বলেছি যে, আর এক্সটেন্ড করা যাবে না এবং এই সময়ের মধ্যে আপনারা একটা ব্যবস্থা করুন। অধিগ্রহণ করা মানে হচ্ছে আমার হাত দিয়ে যে সমস্ত প্রসেসগুলি ওঁরা নোটিফিকেশন দিয়ে করবেন কিন্তু রিকোয়ারিং ডিপার্টমেন্টকে প্রস্তাব দিতে হবে ও তারজন্য টাকা তারা দেবেন। সেইজন্য ফুড ডিপার্টমেন্টের যে সমস্ত গোডাউন ও অন্যান্য ডিপার্টমেন্টের বাড়িগুলি আমার হাত দিয়ে হয়। সেইজন্য এই দপ্তরগুলিকে নোটিশ

দিতে হচ্ছে যে আপনারা এগুলি করুন। আমি এইজন্য বলেছি যে আমি আর এ ধরনের বিল আনতে পারব না। কিন্তু না আনলে সমস্ত ল্যাপস করে যাবে তাতে মুশকিল হবে কারণ ফুড ডিপার্টমেন্টের ফুড তাহলে কোথায় রাখবে। সমস্ত অ্যাডমিনিস্ট্রেটিভ সিস্টেমে গোলমাল হয়ে যাবে। এটা ঠিক যে চিরদিন এইভাবে চলতে পারে না। বন্যাজনিত যে অবস্থা গত এক বছরে গেছে তাতে প্রত্যেক ডিপার্টমেন্টের পক্ষে করা সম্ভব ছিল না। সেইজন্য সময় বাড়িয়ে দেওয়া হল। আমরা এটা ক্যাবিনেটে আলোচনা করব যে এ জিনিস চিরদিন চলতে পারে না। অতএব ডেডলক যাতে না হয় সেজন্য বলেছি একটা রিজিনেবল টাইমের মধ্যে করতে হবে। হয় বাজার দর দিতে হবে না হয় ছেড়ে দিতে হবে। দুটোর একটা না হলে সমস্ত অন্যায়ের দায়ভার আমার উপর এসে পড়বে।

The motin of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 and 2 and Preamble**

The question that Clauses 1 and 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Benoy Krishna Chowdhury** : Sir, I beg to move that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979, as settled in the Assembly, be passed.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র** ঃ স্যার, মন্ত্রী মহাশয় যেটা বলেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তিনি আমাদের কথাগুলি স্বীকার করেছেন এবং আন্তরিকভাবে তিনি এটা পালন করবেন বলে বিশ্বাস করি। কিন্তু দুটো জিনিস বুঝতে অসুবিধা হচ্ছে। তারমধ্যে একটা হচ্ছে বিলের আয়ু শেষ হচ্ছে ১৯৮০ সালে আর একটা শেষ হচ্ছে ১৯৮১ সালে, বিলের আয়ু যদি না থাকে তাহলে তো সমস্ত কিছু অসঙ্গতি থেকে যাবে। ফুড গোডাউনগুলি সরানো যাবে না। কাজেই ফুড ডিপার্টমেন্টকে বলুন এগুলি আপনাদের নিতে হবে। অ্যাক্ট ২ অনুসারে অ্যাকোয়ার করতে খুব অসুবিধা হবে না। জমিগুলিও অ্যাক্ট ২ অনুসারে করা যায় আর একটা কথা হচ্ছে যে দুর্নীতির বাসা বেঁধে আছে সে সম্পর্কে আপনি কনফিডেন্সিয়ালি খবর নেবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি** ঃ কন্ট্রাডিকশনের কিছু নেই। বিলের আয়ুষ্কাল ১৯৮০ সালের ৩১শে মার্চ এর মধ্যে যদি না হয় তাহলে আবার এক্সটেন্ড করব। প্রশ্ন হচ্ছে উইদিন দি পিরিয়ড যেটা বিলের মধ্যে আছে সেই অনুসারে প্রত্যেকটা বিভাগকে বলবার চেষ্টা করেছি যে তোমরা একটা ব্যবস্থা করো। তবে ফুড ডিপার্টমেন্টের গোডাউন ছাড়া সম্ভব নয়। আগে অ্যাকোয়ার করতে হবে তারপর টাকা দিতে হবে— না-হলে বিকল্প ব্যবস্থা করতে হবে। দুর্নীতি বন্ধ করার চেষ্টা আমাদের করতে হবে—কংক্রিট যদি ইনফর্মেশন থাকে দেবেন দেখব।

The motion of Shri Benoy Krishna Chowdhury that the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**The West Bengal Universities (Control of Expenditure) (Cessation of Application) Bill, 1979.**

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Universities (Control of Expenditure) (Cessation of Application) Bill, 1979.

(Secretary then read the Title of the Bill)

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Universities (Control of Expenditure) (Cessation Application) Bill, 1979, be taken into consideration.

[4-00—4-10 P.M.]

স্পিকার মহোদয়, ১৯৭৬ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের যথেচ্ছ ব্যয়কে নিয়ন্ত্রণ করার জন্য একটা বিধেয়ক প্রণীত হয়েছিল যার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয় সমূহ তাঁদের মঞ্জুরীকৃত অর্থ ছাড়া অন্য কোনও ব্যয় করার যদি সিদ্ধান্ত গ্রহণ করতেন তাহলে পূর্ব থেকে সরকারের অনুমতি গ্রহণের প্রয়োজন হত। আমরা পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর এই বিষয়ে আলোচনা করেছিলাম যে এই বিধেয়কটির প্রয়োগের অবসান কেমনভাবে করা যায়। সেজন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সাথে আলোচনা করেছিলাম, তাতে তাঁরা এই অভিমত প্রকাশ করেছিলেন যে আমাদের নতুন বিশ্ববিদ্যালয় আইনের মধ্যে কিছুটা যদি ব্যবস্থা আমরা রাখতে পারি যার মধ্য দিয়ে যথেচ্ছ ব্যয় কিছুটা নিয়ন্ত্রিত হতে পারে তাহলে এই বিধেয়কটি আমরা তুলে নিতে পারি। আমরা বিভিন্ন বিশ্ববিদ্যালয় নতুন আইন প্রণয়নের ক্ষেত্রে অত্যন্ত সতর্কতার সাথে যথাযথ বিধি ব্যবস্থা রাখার চেষ্টা করেছি যাতে করে ব্যয়কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিজের থেকে নিয়ন্ত্রণ করতে পারেন। সেটা করার পর বর্তমানে আমরা এই বিধেযকটি চালু রাখার ইচ্ছা পোষণ করি না। সেজন্য আমি এই পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয়সমূহ (ব্যয়-নিয়ন্ত্রণ) (প্রয়োগের অবসান) বিধেয়ক ১৯৭৯ হাউসের বিবেচনার জন্য উত্থাপন করছি।

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উচ্চশিক্ষা মন্ত্রী বিধেয়ক আমাদের সামনে পেশ করেছেন সে সম্পর্কে আমার মনোভাব দ্বিধাগ্রস্ত। তিনি যে জিনিস আজকে এনেছেন তার জন্য তাঁকে সাধুবাদ জানাতে ইচ্ছা করে কারণ তিনি একটা কালা কানুন তুলে নিচ্ছেন। তাঁর কাছে সহৃদয় কৃতজ্ঞতা প্রকাশ করতে পারলে আমি খুশি হতাম, কিন্তু দুঃখের বিষয় আমি তা করতে পারছি না। কেন যে কৃতজ্ঞতা প্রকাশ করতে পারলাম না সেকথা আমি আপনাদের কাছে তুলে ধরছি। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, বামফ্রন্ট সরকার যখন তাঁদের ৩৬ দফা কর্মসূচি পেশ করেছিলেন তখন তারা ওই কর্মসূচির ২৮(খ)-তে লিখেছিলেন, পশ্চিমবাংলায় বিশ্ববিদ্যালয় ব্যয় নিয়ন্ত্রণ আইন বাতিল করা হবে। অর্থাৎ তাঁরা প্রতিজ্ঞাবদ্ধ ছিলেন এবং তাঁদের ৩৬ তফা কর্মসূচিতে বলেছিলেন কংগ্রেস আমলে এটা চালু করা হয়েছে, আমরা এটা প্রত্যাহার করব এবং আজকে আমরা দেখছি তাঁরা তাঁদের সেকথা রাখতে যাচ্ছেন এই আড়াই বছর পর। তাঁরা যদি এটা আরও আগে করতেন তাহলে আমি খুশি হতাম। উদ্দেশ্য এবং হেতুর মধ্যে তাঁরা বলেছেন, বিশ্ববিদ্যালয়ের ব্যয় নিয়ন্ত্রণের ক্ষেত্রে যে

বিধেয়ক তার অবসান ঘটাতে চাই। উদ্দেশ্য এবং হেতুর বিবরণ দিতে গিয়ে তাঁরা বলেছেন, "বিশ্ববিদ্যালয় সংক্রান্ত যে সংশোধনী বিধেয়কসমূহ বিধিবদ্ধ করিবার জন্য প্রস্তাবিত হইয়াছে, সেই সংশোধনী বিধেয়কসমূহে ওই আইনের প্রধান বিধানগুলি সন্নিবেশিত করা হইতেছে।" অর্থাৎ এই বিধেয়কে যে সমস্ত বিশেষ অধিকার তাদের সরকারকে দেওয়া হয়েছে সেই সমস্ত বিশেষ অধিকার তাঁরা ছাড়তে রাজি নন। তাঁরা অবসান ঘটাবার কথা বলছেন, কিন্তু আমরা দেখছি কতগুলি বিশেষ অধিকার তাঁরা নতুন বিধেয়কে সন্নিবেশিত করেছেন। আমরা দেখছি পশ্চিমবাংলার কোনও বিশ্ববিদ্যালয় যদি একটা বেয়ারার-এর পোস্ট ক্রিয়েট করতে চায় তাহলে সেটা তারা করতে পারবে না। আমি লেকচারার, রিডার এবং প্রফেসরদের কথা ছেড়ে দিলাম, তাঁরা যদি তাঁদের বিভাগের কাজের সুবিধার জন্য একটা টাইপরাইটার কিনতে চান সেটা তাঁরা কিনতে পারবেন না। কোনও বিভাগের জন্য কাউকে নিয়োগ করা প্রয়োজন বা নিয়োগ করা হবে সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয় তা করতে পারবে না। রাইটার্স বিল্ডিংস থেকে যখন অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি বা ডেপুটি সেক্রেটারি বলবেন তখন তা করা হবে। আপনারা জানেন বিশ্ববিদ্যালয়ের হোলটাইম টিচাররা ২০০ থেকে ৫০০ টাকা পেতেন, তারপর সেই গ্রেড রিভাইজ হল এবং সেটা হল ৪০০ থেকে ৯০০ টাকা এবং তারপর হল সেটা ৭০০ থেকে ১৬০০ টাকায়। কিন্তু পার্ট টাইম টিচাররা আগে যেমন ১৫০ টাকা পেতেন আজও তেমনি ১৬০ টাকা পাচ্ছেন। আমরা বিশ্ববিদ্যালয় থেকে দাবি করেছি পার্ট টাইম টিচারদের অন্তত ২৫০ টাকা দেওয়া হোক। ৯ মাস আগে সরকার এটা পেয়েছেন, কিন্তু তাঁরা সেটা গ্রহণ করেননি। সরকারের হাতে সমস্ত ক্ষমতা নিয়ন্ত্রণ হবার পরও এইসব ঘটনা যে ঘটছে তার উদাহরণ আমি দিলাম। তারপর, পশ্চিমবঙ্গ সরকারের যারা কর্মচারী, যারা ১৫ বছর কাজ করেছে তাদের গ্র্যাচুয়িটি দেওয়া হত ২৪ হাজার টাকা। কিন্তু তাঁরা এখন ঠিক করেছেন তাদের কর্মচারিদের ৪০ হাজার টাকা দেবেন। কর্মচারিদের যদি তাঁরা আরও বেশি দিতেন তাহলে আমি আনন্দিত হতাম। কিন্তু এই বিধেয়কে অধ্যাপকদের ক্ষেত্রে কিন্তু কোনও প্রচেষ্টা নেই। কলকাতা বিশ্ববিদ্যালয়ে গ্র্যাচুইটি ছিল না। পরে যখন দেওয়া হল তখন দেখা গেল ৯ হাজার ৬০০ টাকার ব্যবস্থা করেছে। আমরা বলেছি যাঁরা ১৫ বছর অধ্যাপনা করেছেন তাঁদের ২৮ হাজার টাকা দেওয়া হোক। পশ্চিমবঙ্গ সরকার তাদের কর্মচারিদের ৪০ হাজার টাকা দিচ্ছেন, কিন্তু অধ্যাপকদের ২৮ হাজার টাকা দিতে রাজি হননি।

[4-10—4-20 P.M.]

আমি এই রকম অনেক উদাহরণ দিতে পারি। আমাদের ছেলেরা ছাত্র কল্যাণের জন্য যে সমস্ত দাবি পেশ করেন সেগুলি কর্তৃপক্ষ ওদের কোনও কথা মেনে নিতে পারেন না। কর্মচারিদের দাবি মেনে নিতে পারেন না, অধ্যাপকদের মেনে নিতে পারেন না। কেননা প্রত্যেকটি টাকা সংক্রান্ত বিষয় আমাদের রাইটার্স বিল্ডিং-এর কাছে, আমাদের সরকারের কাছে মুখাপেক্ষি হয়ে থাকতে হবে। আমি বলছি যখন আপনারা সরকারে এসেছিলেন, আসার আগে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন আড়াই বছর হয়ে গেল সেই প্রতিশ্রুতি পালন কি অদ্ভুতভাবে করেছেন—অর্থাৎ নাকি যেসমস্ত বিশেষ অধিকার আপনারা দিয়েছেন সেটা নতুন বিলেতে সন্নিবেষ্টিত করে এই বিলের অবসান ঘটাচ্ছেন। অনেক আগে ১৯৪৭ সালে আমরা স্বাধীন হয়েছিলাম। যারা ঐদিকে বসে আছেন তাঁরা তখন একটা ধ্বনি তুলেছিলেন "ইয়ে আজাদি

ঝুটা হায় ভুলো মাৎ ভুলো মাৎ"—আমি খুব বিনম্রভাবে বলতে পারি 'ইয়ে বিধেয়ক ঝুটা হায় ভুলো মাৎ ভুলো মাৎ'। যেটা ওঁরা ডান হাতে দিচ্ছেন সেটা বাঁ হাত দিয়ে অবসান ঘটাচ্ছেন। নতুন সমস্ত বিধেয়কগুলিকে আনার যদি তাদের মৎলব হয় তাহলে আমি বিশেষ করে বুঝতে পারছি যে পশ্চিমবাংলার শিক্ষাজগতে যে সমস্ত বিশেষ অধিকার শিক্ষকদের, অধ্যাপকদের, শিক্ষা ব্যবস্থার পরিচালকদের থাকা প্রয়োজন আছে সেটা ভরসা করে এই সরকার তাদের হাতে দিতে নারাজ। তাই এই বিধেয়ক নেওয়ার জন্য আমি সমর্থন জানাচ্ছি। আমি তাঁদের সমর্থন জানাচ্ছি কিন্তু অভিনন্দন জানাতে পারছি না। এই দুঃখটা আমি মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করলাম। আমি চাই নতুন বিধেয়ক যেগুলি আসবে সেগুলির জন্য আমি উদ্‌গ্রীব হয়ে প্রতীক্ষা করছি। তাতে যদি আমাদের বিশ্ববিদ্যালয়ের পরিচালকদের হাতে তিনি শিক্ষা সংক্রান্ত সমস্যাকে বিশেষ সুরাহা করার ব্যবস্থা করে থাকেন তখনই আমি তাঁকে সাধুবাদ দিতে পারব। তার আগে আজকে যা আমার চোখের সামনে দেখতে পাচ্ছি তাতে মনে হচ্ছে এই বিলটা সমর্থন করে আপনাকে শ্রদ্ধা দিতে পারছি না সেটা আমি মুলতুবি রাখছি। যখন তিনি কলকাতা বিশ্ববিদ্যালয় সম্পর্কে বা অন্যান্য বিশ্ববিদ্যালয় সম্পর্কে তাঁরা কি করবেন সেটা দেখে তখন আমার মনোভাব প্রকাশ করতে পারব। এবং সে সম্বন্ধে তিনি কি ভাবছেন সে বিষয়ে এখানে নিশ্চয় আশ্বাস দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মন্ত্রী মহাশয় যে গুরুত্বপূর্ণ বিলটি এখানে এনেছেন সেটা আমি সমর্থন করছি। এই বিল সমর্থন না করলে ঠিক হবে না। সেইজন্য এটাকে সমর্থন করছি। এই বিল সম্পর্কে দু'একটা কথা বলতে চাই। আমার পূর্ববর্তী বক্তা মাননীয় জনতা দলের সদস্য শাস্ত্রী মহাশয় ১৯৭৬ সালে তদানীন্তন সরকার যে বিল এনেছিলেন সে সম্পর্কে বলতে গিয়ে তিনি বললেন ওটা কালাকানুন ছিল। ঐ কথাটিই আমার আপত্তি আছে। কেননা তিনি বিশ্ববিদ্যালয়ে কাজ করেন, তিনি সবই জানেন। তিনি কি জানেন না যে বিশ্ববিদ্যালয় এবং কলেজে কি ধরনের বেতনক্রম ছিল? ১৫০ থেকে ২০০ টাকা। ১৭৫ থেকে ২৫০ টাকা যখন যেরকম যেভাবে পেয়েছেন, বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলিতে শিক্ষক নিয়োগ করা হয়েছে, সুনির্দিষ্ট কোনও পে-স্কেল ছিল না।

ইউ. জি. সি. স্টেট গভর্নমেন্টকে অনুরোধ করছে যে এখানে একটা ইউনিফর্ম পে-স্কেল চালু করা হোক। রিভাইসড পে-স্কেল, ইউ. জি. সি.র যে পে-স্কেল সেই স্কেল চালু করার জন্য এই রাজ্যের উপর চাপ দিচ্ছে বা অনুরোধ করছে কিন্তু রাজ্য সরকার তা এখনো পর্যন্ত করে উঠতে পারেননি। সেই পরিপ্রেক্ষিতে, সেই পরিস্থিতি এবং সেই সময় বিবেচনা করলে দেখা যায় এই বিলের তখন নিশ্চয়ই প্রয়োজন ছিল। রাজ্য সরকার মনে করেছিলেন যে এই বিল এনে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে একটি ইউনিফর্ম পে-স্কেল চালু করা হবে এবং এইজন্য সরকার থেকে অর্থ ব্যয় করতে হবে সেই অর্থ পাওয়ার দায়িত্ব সরকার তখন নিয়েছিলেন। আপনারা জানেন যে আমাদের এখানে পে-স্কেল ঠিকমতো নেই। একজন কলেজের প্রিন্সিপ্যালের পে-স্কেল করা হল ১৫ শত থেকে আড়াই হাজার টাকা, একজন লেকচারারের করা হল ৭ শত থেকে ১৫ শত। যাই হোক, এই ধরনের করা হয়েছে। তার আগে পশ্চিমবাংলার কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা নানা রকম দুরবস্থার মধ্যে ছিলেন। আমি মাননীয় উচ্চতর

শিক্ষামন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি এই কারণে কেননা তিনি যে বিল এনেছেন এই বিলের উদ্দেশ্য যেখানে বর্ণনা করেছেন সেখানে তিনি বলেছেন এটা অনাবশ্যক, এই মাত্র, তিনি একটা কম্প্রিহেনসিভ বিল এনেছেন ইউনিভার্সিটি বিল সম্পর্কে সেই বিলে বিস্তারিত সব কিছু থাকবে। তার আগে ১৯৭৩ সালে যে বিল ছিল কন্ট্রোল অব এক্সপেন্ডিচার সেটাকে তিনি এই বিলে বাতিল করছেন। নিশ্চয়ই এটা এখন বাতিল করার প্রয়োজন আছে সেজন্য করছেন, এটাতে আমরা আপত্তি করছি না। এই সম্পর্কে তিনি বলেছেন তখন এটা কিজন্য প্রয়োজন ছিল তখনকার রাজ্য সরকারের যে আর্থিক ক্ষমতা সেই ক্ষমতার মধ্যে যদি এই আইন না আনা হত তাহলে দেখা যেত কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে যেসব শিক্ষক যারা বিভিন্ন পদে ছিলেন তাদের বেতনক্রম হয়ত কম-বেশি করে রাখার একটা ব্যবস্থা করে রাখছেন কাজেই একটা ইউনিফর্ম পে-স্কেল চালু করার জন্য এবং যাতে একটা কলেজের আয়-ব্যয়ের সীমা ঠিক থাকে এবং রাজ্য সরকারের একটা হিসাব ঠিক থাকে সেইজন্য হিসাবের জন্য করা হয়েছিল। কাজেই তখন আবশ্যক ছিল। এটা অনাবশ্যক উনি বলেছেন এবং আমাদেরও তাই মত। কেননা আমরা মনে করছি যে এটার আর দরকার নেই। কিন্তু এখানে এই বিল সম্পর্কে দু'একটা কথা বলি, শুধু (৩) ধারায়, তিনি এই যে আইন করছেন, এই আইন কখন থেকে প্রয়োজ্য হবে তার নির্দিষ্ট তারিখ তিনি বলতে পারেননি, তিনি বলেছেন যে রাজ্য সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিশ্ববিদ্যালয়ে যে তারিখ ঘোষণা করবেন সেই বিশ্ববিদ্যালয় সম্পর্কে এবং সেই তারিখ থেকে এটা বলবৎ হবে। এখানে আমার আর একটা আপত্তি আছে যে তিনি বলছেন না রাজ্যপালের কনসেন্ট পাওয়ার পর বিল বলবৎ হয় সেটা তিনি বলছেন না, তিনি একটা ফাঁক রেখে দিলেন। কেননা সরকার কখন বিজ্ঞপ্তি দেবেন এবং বিশ্ববিদ্যালয়ে কিভাবে বিজ্ঞপিত হবে এবং কখন থেকে কার্যকর হবে তিনি কার্যকরীতার একটা নির্দিষ্ট তারিখ বলতে পারেননি, কেন পারেননি এই বিষয় তিনি ব্যাখ্যা করে বলবেন। এখানে আমাদের একটা আপত্তি আছে। আর আমি এখানে তখনকার ভারত সরকারকে রাজ্য সরকার যে জবাব দিয়েছিল সেই চিঠি আপনাদের এখানে পড়ে শোনাচ্ছি এবং যে পরিপ্রেক্ষিতে এই বিলটা করা হয়েছিল ১৯৭৩ সালে সেটা বুঝবার পক্ষে খুব কাজে লাগবে। Government of India letter No. FI-4074/UI dated the 2nd November, 1974 of the Ministry of Education and Social Welfare requests the State Government to consider the question of implementing in this State the scheme of revised pay scale of college and university teachers as recommended by the University Grants Commission with such modifications if any as may be considered necessary to suit local conditions.

তাহলে বুঝলেন এই অবস্থায় ১৯৭৩ সালে কন্ট্রোল অব এক্সপেন্ডিচার যে বিলটা আনা হয়েছিল তখনকার সরকারের এটা প্রয়োজন ছিল। এটা না হলে, ঐ যে নির্মলবাবু হাসছেন, উনি অনেক সুযোগ পেয়েছেন, এর আগে ৭৫ টাকা অ্যাড হক পে দেওয়া হত, এই পে-স্কেল চালু হতে দেখা গেল যে ১৫০-২০০ টাকা করে বেতন বেড়ে গেল। তাহলে বেতন নিশ্চয়ই বেড়েছে। কাজেই আমি আর বিশেষ কিছু বলব না। মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 P.M.]

**শ্রী মহম্মদ সোহরাব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সবচেয়ে অশ্চর্য লাগে বামফ্রন্ট সরকারকে দেখে। এরা যখন বিরোধী দলে থাকে তখন এদের এক রকম চেহারা,আর সরকারে বসলে আর এক রকম চেহারা হয়। আপনি জানেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরাই যখন বিরোধী দলে ছিলেন তখন ১৯৭৬ সালে কন্ট্রোল অফ এক্সপেন্ডিচার অ্যাক্ট-এর এরা বিরোধিতা করেছিলেন এবং ৩৬ দফা কর্মসূচির মধ্যেও এই বিরোধিতা ছিল এবং সেখানে বলা হয়েছিল এই অ্যাক্ট বাতিল করা হবে। তখন তাঁরা বলেছিলেন ইউনিভার্সিটির সমস্ত রকম অটোনমি রাখতে হবে, সেখানে কোনও রকম হস্তক্ষেপ চলবে না। আমার বক্তব্য তখন তাঁরা এক রকম বলেছিলেন। আজকের যিনি মন্ত্রী মহাশয় তিনি কি বলেছিলেন? তিনি বলেছিলেন ইউনিভার্সিটির অটোনমিতে কোনও রকম হস্তক্ষেপ করা চলবে না এবং ১৯৭৬ সালের অ্যাক্ট সেটা খুব খারাপ, ইউনিভার্সিটির অটোনমিতে হস্তক্ষেপ করা হয়েছে, এটা বাতিল করতে হবে। এখন যে অ্যাক্ট সিলেক্ট কমিটির সামনে আছে, আমি সেই সিলেক্ট কমিটির সদস্য, আমি জানি সেই অ্যাক্টটা কয়েকদিন পরে এখানে যখন আসবে, তখন জনসাধারণ ভালভাবে বুঝতে পারবেন তাতে কি আছে। আজকে কন্ট্রোল অফ এক্সপেন্ডিচার অ্যাক্ট যেটার রিপিল করে যে বিল আসছে, আগামী দিনের বিলে তার চেয়ে বেশি হস্তক্ষেপ করা হয়েছে ইউনিভার্সিটির অটোনমিতে। এইটা আরও বেশি মারাত্মক। এটা প্রসঙ্গত এই কারণে যে উদ্দেশ্য এবং হেতুর মধ্যে সেই বিলের উল্লেখ আছে। যে বিষয়গুলো এই বিলে আছে সেটা যে বিল আসছে তাতে কভার করে যাবে। আজকে এই রিপিল বিলের উদ্দেশ্য এবং হেতুতে আছে যেহেতু একটা ফুল ফ্লেজেড বিল আসছে এবং তাতে এটা কভার করে যাবে সেইজন্য এই বিল রিপিল করা হচ্ছে। আমি বলব, যে বিলটা আসছে সেটা যদি একসঙ্গে আসত তাহলে ভাল হত। কারণ মন্ত্রী মহাশয় জনসাধারণকে ভুল বোঝাতে চাইবেন, তাঁরা যে আইনটা বাতিল করতে চেয়েছিলেন, তা তাঁরা করছেন এবং প্রতিশ্রুতি রাখতে চাইছেন। কিন্তু বাস্তব ক্ষেত্রে অবস্থা অন্য। অত্যন্ত চতুরতার সঙ্গে তিনি কাজ করছেন। তিনি একদিকে বলছেন, আমরা প্রতিশ্রুতি রক্ষা করে চলেছি। কিন্তু বাস্তব ক্ষেত্রে ক্যালকাটা ইউনিভার্সিটির অটোনমি যা ছিল ফুল ফ্লেজেড বিল যখন নিয়ে আসবেন তখন দেখবেন এই নতুন বিলে সরকারি হস্তক্ষেপ অনেক বেশি। সরকারি হস্তক্ষেপের উদ্দেশ্য নিয়েই ওই বিল আসছে। আজকের এই রিপিল অ্যাক্ট-এ আছে,...Notwithstanding anything contained in any law for the time being in force, or any contract, custom, usage to the contrary no university or no college affiliated to such university shall, after the commencement of this Act, create any teaching or non-teaching post involving financial liability, increase pay and allowances attached to any post, or sanction any new allowances.

Provided that the State Government may, by an order, revise scales of pay attached to such posts, or sanction any allowance, grant any special pay, or allowance or remuneration under any description whatsoever, including ex-gratia, etc...

আমি ব্যক্তিগতভাবে মনে করি যে একটা কনভেনশন যদি তৈরি হয় তাহলে ভাল হয়

যেমন উন্নত দেশে আছে, সেখানে সরকার এবং ইউনিভার্সিটির মধ্যে একটা আন্ডারস্ট্যান্ডিং আছে, এমন সব ক্ষেত্রে আছে যেখানে ইউনিভার্সিটিকে লিবার্টি দেওয়া আছে। কিন্তু ১৯৬৬ সালে যে ইউনিভার্সিটি অ্যাক্ট পাশ হয়েছিল, তাতে প্রভিসনগুলি ছিল না, তারপরে দেখা গেল ইউনিভার্সিটি অথরিটি কিছু কিছু ক্ষেত্রে গভর্নমেন্টের অ্যাপ্রুভাল ছাড়াই খরচ করেছে। আজকে আমাদের এখানে যে সুষ্ঠু কন্‌ভেনশন তৈরি হবার কথা ছিল সেই কন্‌ভেনশন তৈরি হয়নি এবং সেটা হয়নি বলেই তৎকালীন সরকার ইউনিভার্সিটির উপর কিছু রেস্ট্রিকশন নিয়ে আসেন, সরকার যখন টাকা দিচ্ছেন, তখন তাদের উপর সরকারের কিছুটা রেস্ট্রিকশন থাকা প্রয়োজন, এবং তার জন্যই ১৯৭৬ সালের সেটা করা হয়েছিল। আগামীদিনে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল আনবেন তাতে এই রকম কোনও রেস্ট্রিকশন রাখবেন না, একথা যদি এই বিলের উদ্দেশ্যের মধ্যে রাখতেন, এবং সেই রকম কন্‌ভেনশন যদি সৃষ্টি করা যায় তাহলে ভাল হয় এবং ইউনির্ভাসিটির বিভিন্ন কার্যাবলির মধ্য দিয়ে যদি সেই কন্‌ভেনশন তৈরি হয়—ইউনিভার্সিটি নিজেদের যে সমস্ত খরচপত্র করবে সেগুলি উইদাউট প্রাইয়র অ্যাপ্রুভ্যাল অব দি গভর্নমেন্ট করবে না, এটা হলে ভাল হয়। ১৯৭৪ সাল পর্যন্ত সেই রকম পরিস্থিতি দেখা দেয়নি, ১৯৭৬ সালে যে বিল আনা হল, সেই রকম পরিস্থিতি দেখা দিয়েছিল বলেই আনা হল। সুতরাং আগামী দিনে যে বিল আনবেন সেটা সেইভাবেই নিয়ে আসবেন। বর্তমান এই বিলকে নিশ্চয়ই সমর্থন করব। আইনটা রিপিল করছেন; আমি আরও খুশি হতাম, আরও আনন্দিত হতাম যদি উদ্দেশ্যের মধ্যে একথা বলতে পারতেন যে এই রকম রেস্ট্রিকশন ইউনিভার্সিটির অটোনমির উপর রাখবেন না, তাদের উপর হস্তক্ষেপ করবেন না, এই রকম একটা প্রতিশ্রুতি দিতেন, এই বিল রিপিল করুন, কিন্তু আমার বক্তব্য হচ্ছে বিলের উদ্দেশ্যের মধ্যে যদি এই রকম একটা প্রতিশ্রুতি থাকত, তাহলে ব্যাপারটা আরও আনন্দদায়ক হত, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয়সমূহ (ব্যয় নিয়ন্ত্রণ) (প্রয়োগের অবসান) বিধেয়ক, ১৯৭৯ যেটা এনেছেন সেটা সমর্থন করছি এবং তাঁকে অভিনন্দন জানাচ্ছি যে বামফ্রন্টের যে নির্বাচনী প্রতিশ্রুতি ছিল সেই প্রতিশ্রুতি পূরণ করার জন্য এই বিল এনেছেন। নির্বাচনের পর সরকার, যা হয়েছে তা আমাদের সংবিধান অনুযায়ী ৫ বছর থাকার কথা। সুতরাং নির্বাচনী প্রতিশ্রুতি ৫ বছর ধরে পূরণ করতে হবে, একটি একটি করে পূরণ করা হচ্ছে এবং এটিও পূরণ করা হল। এখন বিরোধী পক্ষের যে তিন জন সদস্য ইতিমধ্যে বক্তৃতা করে গেলেন, তাঁদের কেউ এটার বিরোধিতা করতে পারেননি, সবাইকে বলতে হয়েছে এটা সমর্থন করছি। কিন্তু মুশকিল হচ্ছে তাঁদের ধারণা বিরোধী পক্ষে আছেন, সরকার পক্ষকে সরাসরি কিভাবে সমর্থন করবেন, বিশেষত সামনে আবার নির্বাচন, সুতরাং খুঁজে খুঁজে তাদের কিছু বার করতে হবে এবং বলতে হবে এটা করলে ভাল হত, এটা থাকলে ভাল হত। কিন্তু বিলটা এত ভাল যে তারা এটাকে সমর্থন না করে পারেননি। কিন্তু ইমাজুদ্দিন সাহেব যা বলে গেলেন তার প্রতিবাদ না করলে রেকর্ডিং-এর দিক থেকে ভুল হচ্ছে। তিনিও সমর্থন করেছেন কিন্তু এই রকম একটা ধারণা থেকে ভুল হচ্ছে। তিনিও সমর্থন করেছেন কিন্তু এই রকম একটা ধারণা বোধহয় তাঁর রয়েছে যে, কলেজ শিক্ষকদের মাইনে বেড়েছে তাঁদের আন্দোলনের জন্যই বেড়েছে, কিন্তু তিনি বলতে চাইছেন ১৯৭৬ সালের আইন আনার ফলেই যেন বেড়েছে। ইউ.

জি. সি. আগেই এই জিনিস সমর্থন করেছে, ঐ বিল পাশ করেছে বলেই হয়েছে, ঘটনা তা নয়। ১৯৭৬ সালে কংগ্রেস সরকার যে আইন করেছিল, সেটা তুলে সরিয়ে নেবার জন্যই আজকের এই বিল। কলেজ শিক্ষকদের মাইনে বাড়বার সঙ্গে কোনও সম্পর্ক নাই, সম্পূর্ণ অন্য জিনিস। যে আইন ১৯৭৬ সালে পাশ হয়েছিল, তাতে কি ছিল যা নিয়ে প্রতিবাদের এত ঝড় উঠেছিল?

[4-30—4-40 P.M.]

তাতে ছিল যে কোনও বিশ্ববিদ্যালয় বা কলেজে কোনও পদ যদি সৃষ্টি করতে হয়, যদি কোনও বেতন বা ভাতা বাড়াতে হয় বা বিশেষ বেতন, দাক্ষিণ্য ইত্যাদি দিতে হয় তাহলে সরকারের পূর্ব অনুমতি নিতে হবে। এর বিরুদ্ধে অধ্যাপক সমাজ প্রতিবাদ করেছেন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংস্থা, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেটে এ সম্বন্ধে প্রস্তাব গৃহীত হয়েছে এবং বামফ্রন্ট সরকারও সমস্ত কিছু বিবেচনা করে নির্বাচনী প্রতিশ্রুতিতে একথা বলেছেন, ৩৬ দফা কর্মসূচিতে। এখানে দুটি মৌলিক প্রশ্ন উঠেছে। এই বিধেয়কটি খুবই ছোট, মাত্র কয়েক লাইনে কিন্তু তবুও একে কেন্দ্র করে শিক্ষা ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারের সম্পর্ক নিয়ে দুটি মৌলিক প্রশ্ন উঠেছে যেটা নিয়ে আলোচনা করা দরকার। তার মধ্যে একটা হচ্ছে—যেটা বিরোধীপক্ষের মাননীয় সদস্য সোহরাব সাহেব তুলেছেন—বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র বা অটোনমির কথা আর দ্বিতীয়টি হচ্ছে বিশ্ববিদ্যালয়ের অর্থব্যয়ের ক্ষমতা কি পরিমাণ হবে। নিশ্চয় আমরা সবাই চাই বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র রক্ষিত হোক—অটোনমি আমরা চাই। এ নিয়ে এই বিধানসভাতেও অতীতে বহুবার আলোচনা হয়েছে। এর আগে সুপারসেশনের সময় হয়েছে, তারপর যে বিলটা সিলেক্ট কমিটিতে রয়েছে সেটার ইন্ট্রোডাকশন স্টেজে আলোচনার সময় এ কথা উঠেছে আমরা বৃটেনের ট্রাডিশন গ্রহণ করেছি আমাদের দেশে এবং স্বাধীনতা আন্দোলনের সময় তার যে পরিস্থিতি ছিল আজকে স্বাধীনতার পর তার কিছু পরিবর্তন হয়েছে। এখন বর্তমানে যা অবস্থা সেটা হচ্ছে, শিক্ষামূলক ব্যাপারে—ইন অ্যাকাডেমিক ম্যাটার্স—শিক্ষকদের পূর্ণ দায়িত্ব ছেড়ে দিতে হবে। বিশ্ববিদ্যালয় বা কোনও শিক্ষাপ্রতিষ্ঠান—সেটা যদি বিদ্যালয়ের ক্ষেত্রেও করি—সেখানে শিক্ষা কিভাবে দেওয়া হবে, পাঠক্রম কি হবে, কিভাবে পড়াবেন এসব তাঁরাই করবেন, এখানে সরকারি হস্তক্ষেপের কোনও সুযোগ নেই। চূড়ান্ত ক্ষেত্রে জনসাধারণের প্রতিনিধি হিসাবে তাঁরা বলতে পারেন কিন্তু প্রতিদিনের কাজকর্মে সরকার হস্তক্ষেপ করবেন না। তবে আর্থিক ব্যাপারে অবস্থাটা সেই জায়গায় নেই। একটা সময় ছিল যখন সরকারি আর্থিক সাহায্যের পরিমাণ বিশ্ববিদ্যালয়ে কম ছিল। তখন দানবীরদের টাকায় বিশ্ববিদ্যালয় চলত। কলকাতা বিশ্ববিদ্যালয়কে তারকনাথ পালিত, রাসবিহারী ঘোষ প্রমুখ প্রাতঃস্মরণীয় ব্যক্তিরা টাকা দিতেন, সমাজ দিত এবং সেই টাকায় বিশ্ববিদ্যালয় চলত। সেখানে সরকারের টাকার উপর নির্ভর করতে হত না। তখন সরকারের কোনও কথা বলবার সুযোগ ছিল না। কিন্তু অবস্থাটা এখন পাল্টে গিয়েছে—জমিদারি প্রথা উঠে গিয়েছে, পুরানো জমিদাররা আর নেই, শিল্পপতিরাও টাকা বিশ্ববিদ্যালয়কে দেন না, আজকে সরকারের উপর বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণভাবে নির্ভর করতে হয়। সেখানে বিশেষ করে শিক্ষকদের মাহিনা ইত্যাদি বাড়বার পর বিশ্ববিদ্যালয়কে সরকারের কাছ থেকে টাকা নিতে হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের বাজেটের মোটা অংশ এখন আসছে সরকারি

সাহায্য বা ইউ. জি. সি. ইত্যাদির কাছ থেকে। এখন বাজেট অনুযায়ী খরচ হলে বলবার কিছু নেই। কিন্তু অভিজ্ঞতা একথা বলে যে অনেক সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নানারকম চাপে পড়ে অন্যায়ভাবে অর্থ ব্যয় করেন। তা করুন আপত্তি নেই যদি তাঁরা অন্যভাবে অর্থব্যয় করেন। তা করুন আপত্তি নেই যদি তাঁরা অন্যভাবে টাকা যোগাড় করতে পারেন করুন কিন্তু সরকারের কাছ থেকে টাকা নিতে হবে, করদাতাদের টাকা, আর কারুর সঙ্গে পরামর্শ না করে সমানে টাকা বাড়িয়ে যাব এই যদি হয় তাহলে সেই টাকা সরকার দেবে কেন? এটা দিতে করদাতারা রাজি হবে কেন? এই জায়গায় এটা বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র হতে পারে না এবং যে টাকা খরচ হবে সেই টাকার উপর সরকারের নিয়ন্ত্রণ থাকবে না, কোনও তদারকি থাকবে না এটা কখনই অটোনমি অব দি ইউনিভার্সিটি হতে পারে না। শিক্ষকসমাজও এই দাবি আজকে করছে না, একথা তাঁরা মেনে নিয়েছেন। তাঁদের বক্তব্য হচ্ছে, কমপ্লিট অটোনমি ইন অ্যাকাডেমিক ম্যাটার্স বাট গভর্নমেন্ট কন্ট্রোল ইন ফিনান্সিয়াল ম্যাটার্স। আজকে এটা এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। তাহলে ১৯৭৬ সালের আইনে আপত্তি হয়েছিল কেন? মাননীয় সদস্য বিষ্ণুকান্ত শাস্ত্রী মহাশয় যে কথা বলেছেন তাঁর সঙ্গে আমি একমত যে একটা বেয়ারার পদ সৃষ্টি করতে হবে—কথাটা হচ্ছে, সারা বছরের বাজেট করা হোক, সরকার কি টাকা দেবেন বলে দেওয়া হোক, এরমধ্যে যে খরচ করবে সেটাতে তোমার অধিকার, এরজন্য আসতে হবে না সরকারের কাছে কিন্তু বাজেটের বাইরে যদি নতুন কিছু খরচ করতে হয় তাহলে আসতে হবে। সেখানে তুমি করতে পারো এর বাইরে কিছু কিন্তু টাকার দায়িত্ব সরকার নেবেন না। ঘটেছে এই জিনিস, আমাদের বামফ্রন্ট সরকার আসার পরও হয়েছে। এই আইন থাকা সত্ত্বেও গত বছর পশ্চিমবঙ্গের ১২টি জেলাতে বন্যা হল। বন্যার জন্য সরকার ঘোষণা করলেন অ্যাডভান্স দেওয়া হবে। কিন্তু সেখানে দেখা গেল উত্তরবঙ্গের জলপাইগুড়ি, দার্জিলিং, পশ্চিমদিনাজপুর ইত্যাদি জায়গা যেখানে খরা হয়েছে সেখানে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সব কর্মচারীকে ফ্ল্যাড অ্যাডভান্স দেওয়া হল, পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষকরা ফ্ল্যাড অ্যাডভান্স পেলেন না।

কিন্তু বিশ্ববিদ্যালয়ের সব কর্মীরা ফ্ল্যাড অ্যাডভান্স পেয়ে গেল এমন কি যেখানে ফ্ল্যাড হয়নি সেখানেও এটা কি সরকার অনুমোদন করবেন। এ জিনিস চলতে পারে না। মন্ত্রী মহাশয় বিবৃতিতে এটাই বলেছেন যে তিনি এটা তুলে দিচ্ছেন। আর যদি না হয় যে বিল আসছে যেটা সিলেক্ট কমিটির মধ্যে রয়েছে যার সদস্য মাননীয় সোহরাব সাহেব আছেন, আমিও আছি তার মধ্যে সামঞ্জস্য রেখে এটা করা হবে। বিশ্ববিদ্যালয়ের প্রতি দিনের কাজে কখনই হস্তক্ষেপ করা হবে না। কিন্তু অতিরিক্ত টাকা খরচ করতে গেলে এবং সেই টাকার দায় যদি সরকারকে নিতে হয় তাহলে নিশ্চয় সরকারের সঙ্গে পরামর্শ করতে হবে। এ না করলে চলবে না। মাননীয় শাস্ত্রী মহাশয় বললেন এক হাতে ঢুকিয়ে আর এক হাত দিয়ে বের করে দেওয়া হবে। নিশ্চয় যদি বাজেটের বাইরে খরচ করা হয় এবং সরকারকে যদি সেই ব্যয়ভার নিতে হয় এ জিনিস করতে হবে। যদি অন্য জায়গা থেকে ব্যবস্থা করতে পারেন তাহলে সেটা স্বতন্ত্র কথা। কিন্তু প্রতিদিনের কাজকর্মে যে অধিকার তাদের আছে সেখানে হস্তক্ষেপ করা হবে না। এবং এই দুয়ের মধ্যে সামঞ্জস্য রেখে সারা পশ্চিমবাংলার বিশ্ববিদ্যালয়ের জন্য এগুলি করতে হবে। প্রতিদিনের কাজকর্ম তারা স্বাধীনভাবেই করবে সেটা

দারভাঙ্গা বিল্ডিংয়ে বসেই সেটা তারা করতে পারবেন সেখানে রাইটার্স বিল্ডিংয়ের তদারকি চলবে না। কিন্তু তার বাইরে ফাইনান্সিয়াল ম্যাটারে সরকারের হস্তক্ষেপ থাকা দরকার। এতে স্পর্শকাতর হবার কোনও কারণ নাই। এই মূল বিষয়টি পরিষ্কার থাকা দরকার। এই কথা বলে মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়ে এই বিলকে সমর্থন করছি।

**মিঃ স্পিকার ঃ** এই বিলে কোনও সংশোধনী প্রস্তাব নাই। এখন মন্ত্রী মহাশয়ের যদি কিছু জবাব দেওয়ার থাকে সংক্ষেপে দিন।

[4-40–4-50 P.M.]

**শ্রী শম্ভুচরণ ঘোষ ঃ** মাননীয় স্পিকার মহাশয় আমি আশা করেছিলাম যে এই বিধেয়কটিকে সকল পক্ষের সদস্যরা আন্তরিকভাবে সমর্থন জানাবেন। কিন্তু আমি বিস্ময়ের সাথে লক্ষ্য করলাম যদিও বিরোধী পক্ষ যদিও এটাকে সমর্থন জানাবার চেষ্টা করেছেন কিন্তু পুরোপুরিভাবে এই বিলের প্রতি সমর্থন জানাতে সক্ষম হননি। একথা ঠিক যে নির্বাচনের পূর্বে বামফ্রন্ট মোর্চা যে ৩৬ দফা কর্মসূচি ঘোষণা করেছিলেন তাতে উল্লেখ করা হয়েছিল যে এই বিধেয়কটিকে বাতিল করে দেওয়া হবে। আমি শুরুতেই বলেছিলাম যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার কথা এই বিধেয়কটি তুলে নেবার পরামর্শ দিয়েছিলেন এবং নতুন যে বিশ্ববিদ্যালয় আইন প্রণয়ন করা হচ্ছে তাতেও আমি এটা উল্লেখ করেছি। এই বিধেয়কটি প্রত্যাহার করে নেবার মনস্থ করেছি। তাঁরা যে আশঙ্কা প্রকাশ করছেন সেটা ভিত্তিহীন। এই বিলটি চালু থাকা সত্ত্বেও আমাদের বাফ্রন্ট সরকার প্রস্তাব করে এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের যে কোনও উন্নয়নের ব্যাপারে যে কোনও সম্প্রসারণের ব্যাপারে সরকার আগ্রহী হয়েছে কোথায়ও কোনও কারপন্য করেননি সর্বতোভাবে সাহায্য করেছে সহযোগিতা করেছে। ১৯৭৬-৭৭ সালে বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেন্টের জন্য সমস্ত বিশ্ববিদ্যালয়ের জন্য আগের সরকার যেখানে মোট ৮৭ লক্ষ টাকা খরচ করেছে আমরা সেখানে শুধু কলকাতা বিশ্ববিদ্যালয়ের জন্য ৪৯ লক্ষ ৯৩ হাজার টাকা খরচ করেছি এবং এর ডেভেলপমেন্টের জন্য ৪৯ লক্ষ ৯৪ হাজার টাকা দিলাম। মেন্টেন্সের জন্য ১৯৭৬-৭৭ সালে ২ কোটি ৮৮ লক্ষ টাকা খরচ হয়েছিল, বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর ক্যালকাটা বিশ্ববিদ্যালয়ে আমরা ২ কোটি ৯৮ লক্ষ টাকা খরচ করেছি। শুদু তাই নয়, বিশ্ববিদ্যালয় যখন যে কোনও ব্যাপারে আমাদের কাছে এসেছেন, যে কোনও জিনিসে অসুবিধা হয়েছে সেখানে ব্যয় নিয়ন্ত্রণ-এর প্রশ্ন তুলে কিন্তু আমরা সেগুলিকে রেখে দিইনি। আমরা সেগুলি দূর করার চেষ্টা করেছি। ৪টি বিশ্ববিদ্যালয় আমাদের কাছে বলেছিলেন যে জেনারেটর দিন। উত্তরবাংলা বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় এবং কলকাতা বিশ্ববিদ্যালয়, এই ৪টি বিশ্ববিদ্যালয় যে মুহূর্তে আমাদের কাছে বলেছেন যে সেখানে বিশ্ববিদ্যালয়ের সমস্ত বিভাগকে যথাযথভাবে চালু রাখার জন্য জেনারেটরের প্রয়োজন সরকার সঙ্গে সঙ্গে অর্থ অনুমোদন করেছেন, তার ব্যবস্থা করে দিয়েছেন। বিশ্ববিদ্যালয়ের কর্মচারিদের এবং অফিসারদের বেতন হার নতুনভাবে পুনর্বিন্যাস করা হল এবং তাতে হিসাব করে দেখা গেছে যে বছরে প্রায় ৯০ লক্ষ টাকার সরকারকে দায়িত্ব নিতে হবে। আমরা কিন্তু ব্যয় নিয়ন্ত্রণের দোহাই তুলে সেটা আটকে রাখিনি। আমরা মন্ত্রিসভায় সেটা অনুমোদন করেছি এবং সেটা কার্যকর করার জন্য নির্দেশ দিয়েছি। কলকাতা বিশ্ববিদ্যালয় এবং আরও ২/১টি

বিশ্ববিদ্যালয়ে ট্রিপল বেনিফিট স্কীম চালু ছিল—পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি শিক্ষাকর্মীদের ক্ষেত্রে। পশ্চিমবাংলার সমস্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকর্মীদের ক্ষেত্রে ট্রিপল বেনিফিট স্কীম চালু করা হয়েছে। ব্যয় নিয়ন্ত্রণ আইনের দ্বারা কোথাও প্রতিবন্ধকতার সৃষ্টি করা হয়নি। আর তা ছাড়া যেখানে ব্যয় সম্প্রসারণ বা অন্য ব্যাপারে কোনও প্রস্তাব এসেছে যেমন আমাদের কাছে এসেছে যে মহর্ষি ভবনকে সংস্কার করতে হবে ১৩ লক্ষ টাকার প্রয়োজন আমরা সেটা অনুমোদন করেছি। এমারেল্ড বাওয়ার হবে সেই ব্যাপারে আমরা অনুমোদন করেছি। কল্যাণী বিশ্ববিদ্যালয় গার্লস হোস্টেলের সম্প্রসারণ করতে হবে অর্থ অনুদান দিয়েছি। অর্থাৎ এই ব্যাপারে নিয়ন্ত্রন বিলের দোহাই দিয়ে কোথাও আমরা বিশ্ববিদ্যালয়ের সম্প্রসারণ কর্মসূচিকে অথবা অন্য কর্মসূচিকে ব্যহত না করে সর্বত সাহায্য এবং সহযোগিতা করেছি। একটা প্রশ্ন মাননীয় সদস্য বিষ্ণুবাবু করেছেন যে সবই তো করেছেন ইত্যাদি বলে পার্ট টাইম অ্যালাউয়েন্সের কথাটা উনি বলার চেষ্টা করেছেন এবং বলেছেন যে ১৫০ জায়গায় ২৫০ হল না কেন? আমি পরিষ্কার ভাবে এ কথা বলে দিতে চাই সরকার পক্ষ থেকে যে যাঁরা কোনও বিশ্ববিদ্যালয় বা মহাবিদ্যালয়ে শিক্ষকতার কাজে পূর্ণ সময়ের জন্য নিযুক্ত আছেন তাঁদের এই যে পার্ট টাইম সিস্টেম, এটাকে আমরা সমর্থন করি না। সরকার পক্ষ থেকে এই পার্ট টাইম ব্যবস্থাকে তুলে দেবার জন্য আগ্রহী এবং আমরা সেইভাবে ব্যবস্থা গ্রহণ করব, পূর্ণ সময়ের জন্য অধ্যাপক নিয়োগের ব্যবস্থা করা হবে। একজন শিক্ষক কোনও বিশ্ববিদ্যালয় বা মহাবিদ্যালয়ে পূর্ণ সময়ের জন্য নিযুক্ত হবেন আবার অপর দিকে তিনি কোনও বিশ্ববিদ্যালয়ে বা মহাবিদ্যালয়ে পার্ট টাইম কাজে নিযুক্ত হবেন, এটা আমরা সমর্থন করি না। আমরা বিভিন্ন মহাবিদ্যালয়ে ইতিমধ্যে ব্যবস্থা গ্রহণ করেছি যাতে করে এই পার্ট টাইম প্রথা বন্ধ হয় এবং তার জন্য বিভিন্ন মহাবিদ্যালয়ে আমরা নির্দেশ দিয়েছি। আমরা যে সমস্ত জায়গায় ডে শিফ্‌ট, মর্নিং শিফ্‌ট, ইভিনিং শিফ্‌ট চালু আছে সেটা ধীরে ধীরে অবলুপ্তি করে দিতে চাই। পরবর্তীকালে যদি প্রয়োজন হয় তাহলে আমরা মহাবিদ্যালয় স্থাপনের পক্ষপাতি কিন্তু আমরা পার্ট টাইমকে একেবারেই সমর্থন করছি না। এই প্রসঙ্গে আমি সরকারের নীতি পরিষ্কারভাবে আবার ঘোষণা করতে চাই যে সরকার বিশ্ববিদ্যালয়ের স্বাধীকার সম্পর্কে সচেতন। শুধুমাত্র শিক্ষার ক্ষেত্রে নয়, আর্থিক ক্ষেত্রেও আমরা এই স্বাধীকারকে খর্ব করতে চাই না। যাতে তারা বিবেচনা মতো খরচ করতে পারে তার জন্য সরকারের অনুমোদন তাঁরা গ্রহণ করবে এই বিষয়ে আমরা তাদের সঙ্গে আলোচনা করছি এবং এই বিষয়ে যে বিল আনব এই হাউসে এবং পরবর্তী হাউসে তখন সেটা সম্পর্কে আলোচনা করা হবে। এবং যথাযথভাবে বিবেচনার সঙ্গে যাতে খরচ করতে পারে সে বিষয়ে সরকারের সঙ্গে আলাপ-আলোচনার পথকে আমরা সুগম করে রেখেছি। আমি আশা করব মাননীয় সদস্যরা এই বিধেয়কটিতে সকলে সম্মতি জ্ঞাপন করবেন।

**শ্রী বিষ্ণুকান্ত শাস্ত্রী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে একটি ব্যাপারে আবেদন রাখছি। আমি শুধু এই কথা বলতে চাই পার্ট টাইম লেকচারার আপনি রাখতে চান না। সর্ব ক্ষেত্রে হোল টাইম লেকচারার হলে আমার কোনও আপত্তি নেই। কিন্তু আপনার বিবেচনার জন্য রাখছি যতদিন এই সিস্টেমটা চলছে, এই কাজ চলছে, তাদের কাছ থেকে আমরা কাজ আদায় করে নিচ্ছি। কিন্তু তাদের মাইনে দিচ্ছি ২০ বছর আগের মতো। এটা কি ন্যায্য হচ্ছে? আপনি তুলে দিন কোনও আপত্তি

নেই, কিন্তু যখন আপনার এই সিস্টেমটা চলছে তখন কেন তাদের পুরাণো আমলের মাইনে দিচ্ছেন? আপনার এত লোক নেই যে রাতারাতি সব ক্ষেত্রে হোল টাইম লেকচারার রাখতে পারবেন। কিন্তু যতদিন এই ব্যবস্থা চলছে, তাদের ন্যায্য দাবি স্বীকার করে নিন। তুলে দিলে আমার কোনও আপত্তি থাকবে না। পশ্চিমবঙ্গে সরকারি কর্মচারিদের মাইনে বাড়িয়েছেন ভাল। আমাদের ট্রিপল বেনিফিট দিচ্ছেন এটা ঠিক কিন্তু তাই বলে মাইনে বাড়াবেন না কেন আমি বুঝতে পারছি না।

**শ্রী মহঃ সোহরাব :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ক্যালকাটা ইউনিভার্সিটি ডেভেলপমেন্টের জন্য অনেক টাকা খরচ করেছেন। আমি বলছি যে ব্যয় নিয়ন্ত্রণ আইন আনলে যে গভর্নমেন্ট খরচ করতে পারবে না এই রকম কোনও রেষ্ট্রিকশন নেই। ইউনিভার্সিটি উইদাউট প্রায়ার অ্যাপ্রুভ্যাল অব দি গভর্নমেন্ট খরচ করতে পারে না। সুতরাং আইন প্রণয়নের কোনও প্রশ্ন এখানে নেই।

The motion of Shri Sambhu Charan Ghosh that the West Bengal Universities (Control of Expenditure) (Cessation of Application) Bill, 1979, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that clauses 1 to 3 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Sambhu Charan Ghosh :** Sir, I beg to move that the West Bengal University (Control and Expenditure) (Cessation of Application) Bill, 1979, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**শ্রী সুনীতি চট্টরাজ :** স্যার, অন ও পয়েন্ট অব প্রিভিলেজ। মিঃ স্পিকার স্যার, আপনার কাছে কয়েকদিন আগে আমাদের মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি মহাশয় একটি প্রিভিলেজ মোশন দিয়েছেন জনৈক ভদ্রলোক—প্রমোদ দাসগুপ্তের অশোভন আচরণের জন্য আমরা চেয়েছি হাউসের বাইরে উনি সংযতভাবে কথা বলুন। আপনি ঠিকমতো পুলিং দিলে উনি চিরদিন সংযত হয়ে থাকবেন। আপনি পুলিং দেবেন বলেছিলেন—

**মিঃ স্পিকার :** আজকের দিনে যা হচ্ছে হোক। পরে আমি দেখব।

**The Bengal Electricity Duty (Amendment) Bill, 1979**

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the Bengal Electricity Duty (Amendment) Bill, 1979.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1979, be taken into consideration.

It was represented to the Government that the cost of energy

generated by captive set; is rather high and also that the installation and maintaining such power generating sets would be an additional burden on industrial and commercial units; exemption was prayed from payment of electricity duty under the Bengal Electricity Duty Act, 1935 in respect of energy generated by captive generating sets.

Considering the difficult power situation prevailing in the State, captive diesel power generating sets installed by a person other than license who generates electrical energy for their industrial or manufacturing process including cold storages, cinema houses etc. have been given exemption from electricity duty with effect from 1-6-79 by the Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1979 which was promulgated on 14th June, 1979.

The Said Ordinance was promulgated as the Assembly was not in Session.

[4-50–5-00 P.M.]

**ডঃ অশোক মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিবৃতির পরে আমার আর যেটুকু বক্তব্য আছে সেটুকু আমি বলে দিচ্ছি। এতে অবশ্য খুব বেশি কিছু বলবার নেই। এটা আনার কারণ হচ্ছে যে অর্ডিন্যান্সটি ছিল সেটাকে পাল্টে এখানে বিল আকারে সদস্যদের সামনে এনে একটা আইন পাশ করতে হবে। আমরা জানি যে, আমাদের এখানে বিদ্যুতের খুবই অসুবিধা যাচ্ছে, যোগানের অসুবিধা আছে। প্রায় কয়েক বছর ধরেই আমরা এই অসুবিধা ভোগ করছি এবং আরও কিছু দিন হয়ত এই অসুবিধা থাকবে। সেই জন্যই আমরা শিল্প প্রতিষ্ঠান, বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলিকে বলেছিলাম যে, সম্ভব হলে আপনারা নিজেরা জেনারেটর বসিয়ে নিন। প্রতিটি ছোট, বড়, মাঝারি শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানকে আমরা আরও বলেছিলাম যে, জেনারেটর বসাবার শতকরা ১৫ ভাগ খরচ আমরা বহন করব এবং তা আমরা করছি। সঙ্গে সঙ্গে আমরা একথাও বলেছি যে, জেনারেটর সেট বসিয়ে আপনারা যে-বিদ্যুৎ উৎপাদন করবেন সেই উৎপাদনের ওপর সরকারের যে প্রচলিত কর আছে সেই কর আমরা মকুব করছি এবং অর্ডিন্যান্সের দ্বারা আমরা সেটা মকুব করেছি। এখন আমরা সে ব্যাপারে আইন প্রণয়ন করছি এবং এটা করতে গিয়ে এর সঙ্গে একটা ব্যাপার সংযোজনও করছি। সেটা হচ্ছে গ্রামাঞ্চলে কৃষি কার্যের জন্য যে বিদ্যুৎ উৎপাদন হয় সেটার ওপরও যে কর আছে সেটাকেও আমরা একটু বিবেচনা করে স্থির করেছি যে, আপাতত কিছুদিনের জন্য তুলে দেব এবং এই বিলের দ্বারা সেটাকেও আমরা তুলে দিচ্ছি, সুতরাং কৃষি উৎপাদনে যে বিদ্যুৎ ব্যবহৃত হয় সেই বিদ্যুৎ উৎপাদনের ওপর এই আইন বলে এখন থেকে আর কোনও কর লাগবে না। এই দুটি কথাই আমার বলবার ছিল। আমি আশা করব এই বিল বিধানসভার সর্বকোণ থেকেই মঞ্জুর করা হবে।

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অশোক মিত্র মহাশয় যে বিধেয়কটি সভার কাছে উত্থাপন করেছেন The Bengal Electricity Duty (amendment) Bill, 1979. তাকে আমি নীতিগতভাবে সমর্থন করছি। কিন্তু এই প্রসঙ্গে আমার

কিছু বক্তব্য আছে সেটা হচ্ছে এই যে তিনি যেন আমার বক্তব্য শুনে জবাব দেন। গত পরশুদিন তিনি একটি বিধেয়ক উত্থাপন করেছিলেন, তার সমালোচনা করতে গিয়ে আমি নীতিগত প্রশ্ন তুলেছিলাম যে এটা রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত না স্বায়ত্ব-শাসন সংস্থার এক্তিয়ার ভুক্ত। দুর্ভাগ্য বশত ঐদিন একটি জরুরি কাজ থাকার জন্য আমাকে বাইরে যেতে হয়েছিল। স্টেটসম্যান পত্রিকায় দেখলাম যে আমি নাকি বড় লোকদের উপর ট্যাক্স আরোপ করার বিরোধিতা করেছি।

**ডঃ অশোক মিত্র :** আপনি প্রসিডিংস পড়ুন, তাহলে বুঝতে পারবেন।

**শ্রী সন্দীপ দাস :** আমি প্রসিডিংস পড়িনি, যাই হোক, আমার বিরোধিতা ছিল নীতিগত এবং আজকেও এটা সমর্থন করছি নীতিগত কারণে ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি অ্যাক্ট ১৯৭১, কম্প্রিহেনসিভ অ্যাক্ট, ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি অ্যাক্ট ১৯১০ এবং তারপর বেঙ্গল ইলেক্ট্রিসিটি অ্যাক্ট ১৯৩৬ প্রভৃতি অ্যাক্টের মধ্যে কিভাবে ইলেক্ট্রিসিটি ব্যবহার হবে—তার সম্পর্কে কিছু গাইড লাইন আছে। ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি অ্যাক্ট ১৯৭১-এর মধ্যে ছিল কিভাবে ওয়ারিং হবে, অ্যাক্সিডেন্ট কিভাবে অ্যাভয়েড করা যায় এবং তাতে ডেঞ্জার আছে, রিস্কের প্রশ্ন আছে—অতএব গভর্নমেন্ট সেইসব ব্যাপারে ক্যালাস হয়ে থাকতে পারে না। আজকে সংবাদ পত্রে মুখ্যমন্ত্রী মহাশয় বিবৃতি দিয়েছেন—আমাদের পশ্চিমবাংলায় এখন ভয়াবহ বিদ্যুৎ সঙ্কট চলছে—পাওয়ার পজিশন ইজ ভেরি ব্যাড, প্রত্যেকদিন এই অবস্থা চলছে, পূজার মুখে ভয়াবহ বিদ্যুৎ সঙ্কটের মধ্যে আমরা পড়েছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিদ্যুৎ সঙ্কটের কারণ সম্পর্কে সাঁওতালডিহি, ডি. ভি. সি. প্রভৃতি জায়গার কথা বলেছেন। সেক্ষেত্রে আমাদের ডিজেল জেনারেটরের প্রয়োজন যে রয়েছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই এবং সেখানে সরকার নিশ্চয়ই লাইসেন্স দেবেন। লাইসেন্স ছাড়া বিনা লাইসেন্সে যেমন-খুশি জেনারেটর চলুক সেটা আমি চাচ্ছি না কিন্তু সেটা রেজিস্ট্রেশন বা লাইসেন্স দেওয়া হবে কি হবে না এই ব্যাপারে কিন্তু সমস্ত বিলের মধ্যে অস্পষ্ট রয়ে গেছে এবং এক্সিকিউটিভ বুরোক্রাসিদের বাংলিং-এর স্কোপ রয়ে গেছে বলে আমার আশঙ্কা রয়েছে। যেমন ধরুন ক্লজ ৩৭(বি), মূল অ্যাক্টে আছে The officer appointed in this behalf may, on receipt of an application for grant of a certificate of registration and after such enquiry as he considers necessary, grant to the applicant a certificate of registration for such plant for such period and on such condition or conditions as may be prescribed. এখানে বিলের মধ্যে সেখানে বলা নেই কত রেট হবে? আমি বলছি, ফি টা নমিন্যাল হওয়া উচিৎ। আমি অর্থমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি, তিনি কৃষিকে ছাড় দিয়েছেন।

[5-00–5-10 P.M.]

কিন্তু পশ্চিমবঙ্গে বিদ্যুৎ সঙ্কট ভয়াবহ, শিল্পে অত্যন্ত মন্দা দেখা দিচ্ছে, সরকারি উদ্যোগের অভাবে কোনও শিল্প পশ্চিমবঙ্গে গড়ে ওঠে না পশ্চিমবঙ্গে বেকারি ভয়াবহ। এখন যদি নতুন কোনও শিল্প উদ্যোগে বিশেষত যেটা লেবার ইনটেনসিভ যে শিল্পে কর্মসংস্থানের সুযোগ রয়েছে বহু লোকের কর্মসংস্থান হবে আমার তো মনে হয় বিশেষ বিশেষ ক্ষেত্রে লাইসেন্স ফি মুকব করা উচিত। যেমন অর্থমন্ত্রী মহাশয় সুপারিশ করেছেন কৃষির ক্ষেত্রে তিনি ছাড় দেবেন কিছু দিনের জন্য। আমি বলছি সেটা অনেকদিন দিয়ে যেতে হবে। যতদিন আপনাদের এই বিদ্যুৎ

সঙ্কট থাকবে এবং এই খরা পরিস্থিতি রয়েছে সেটা নতুন নয়, আগেও ছিল সেটাকে তিনি আবার স্বীকৃতি দিচ্ছেন, আমি সাধুবাদ জানাচ্ছি, কিন্তু শিল্প ক্ষেত্রে সেটাকে কেন তিনি প্রসারিত করলেন না আমি ভেবে পাচ্ছি না এবং এই বিলের মধ্যে থাকা উচিত ছিল কোনওভাবে ধারণা যাতে না হয় সে প্রডাকশন এফেক্ট হচ্ছে। নতুন শিল্প উদ্যোগে বাধা সৃষ্টি হচ্ছে। আমাদের বিদ্যুৎ সঙ্কট রয়েছে, রাজ্য সরকার যোগাতে অপারগ, নিজস্ব উদ্যোগে শিল্প করতে পারছেন না, বাইরে থেকে শিল্প আসে না, পশ্চিমবঙ্গ থেকে শিল্প অন্য রাজ্যে চলে যাচ্ছে। এই পরিস্থিতিতে এই বিধেয়কটি আমাদের বিবেচনা করতে হচ্ছে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে বড় এবং ছোট ইন্ডাস্ট্রির মধ্যে একটা ক্লাসিফিকেশন করতে হবে, কো-অপারেটিভ সেক্টার এবং মনোপলাইসটিক সেক্টার ইন্ডাস্ট্রি আছে দেখতে হবে। তারপর এটা মনে রাখতে হবে যে ডিজেলের যে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি হয়েছে তারপর কেন্দ্রের সংখ্যালঘু ধাপে ধাপে যেভাবে আবার ডিজেলের দাম বাড়িয়েছেন, এবং ডিজেলের অস্বাভাবিক মূল্য বৃদ্ধির ফলে এটা মনে রাখতে হবে যে ডিজেল জেনারেটরের খরচ অনেক বেড়েছে। গভর্নমেন্টকে এ ক্ষেত্রে ডিজেলের ব্যাপারে এনকারেজ করতে হয়, ইন্ডাস্ট্রির খাতিরে এগ্রিকালচারের খাতিরে তাহলে প্রবলেমটা বুঝতে হবে। এমন ধারণা যাতে সৃষ্টি না হয় যে এই জেনারেটর লাইসেন্স এবং তার জন্য যে কমপ্লিকেশন বিলের মধ্যে রয়েছে বিধেয়কের ৩/২ এর মধ্যে রয়েছে registration granted under sub-section(I) shall be renewed in such manner within such period and on payment of such fee as may be prescribed. সবটা অস্পষ্ট রেখেছেন। সেটা যদি বিলের মধ্যে মেনশন করে দিতেন কি হবে সেটার অন্ততপক্ষে যদি গাইড লাইন বিলের মধ্যে থাকত তাহলে বুঝতে পারা যেত। এখন সমস্তটা ব্যুরোক্রাসীর হাতে চলে গেল এবং বুরোক্রাসী কখনও নতুন উদ্যোগের জন্য—শিল্প উদ্যোগ বাড়ানোর জন্য নিজে থেকে উদ্যোগ নেন না।

আমাদের দেশের বুরোক্রাসী এখন পর্যন্ত এই স্বাক্ষর রেখেছেন। কাজেই প্রবলেমটা বুঝে তাঁরা সেটা করবেন তার কোনও গ্যারান্টি পাচ্ছি না। সেজন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব আমরা এই বিলকে সমর্থন করছি কিন্তু ভবিষ্যতে আর একটি বিধেয়ক এই সভার কাছে আনুন যাতে বিশেষ বিশেষ ক্ষেত্রে এই লাইসেন্স ফি কি হবে, প্রথমত সেই সম্বন্ধে গাইড লাইন দেন কত লাইসেন্স ফি করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন রাখার ক্ষেত্রে আমি তার সঙ্গে একমত কিন্তু রেজিস্ট্রেশন ফি কি হবে সে সম্বন্ধে কোন গাইড লাইন বিলের মধ্যে রয়েছে, না থাকায় আমার কাছে অস্পষ্ট বলে মনে হচ্ছে আমরা অভিনন্দন জানাতে পারছি না, সেজন্য আমি তাঁকে বলছি যে একটা পূর্ণাঙ্গ বিল পূর্ণাঙ্গ বা পরে ছোট বিল আনতে পারেন যাতে তাতে যেন অন্তত গাইড লাইন থাকে, বিশেষ স্মল স্কেল ইন্ডাস্ট্রিস ক্ষেত্রে এবং লেবার ইন্টেন্সিভ ইন্ডাস্ট্রি জেনারেটর বসলে তার লাইসেন্স ফি লাগবে না নমিনাল লাইসেন্স ফি লাগবে এই ধরনের যদি কোনও বক্তব্য থাকে তাহলে তাঁকে অভিনন্দন জানাব।

আমার মনে হয় এমনও হতে পারে যে সমস্ত ক্ষেত্রে লাইসেন্স ফি-র পরিবর্তে সাবসিডি দিতে হতে পারে। এই সমস্ত বিবেচনা করে ভবিষ্যতে যদি বিধেয়ক আনেন আমরা তাকে সমর্থন করব।

**শ্রী শামসুদ্দিন আহমেদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন

করেছেন তাতে ইলেক্ট্রিসিটির কথা থাকায় অনেক কিছু মনে পড়ছে। বিগত ২ বছর ধরে বিদ্যুৎ যেন মরুভূমিতে একটু জল। সুইচ টিপে বসে আছি কোন্ সময় বিদ্যুৎ আসবে জানি না। এই অবস্থা শুধু ঘরে নয় কল কারখানায় ছাপাখানা ইত্যাদি সব জায়গায়। অনেক সময় সুইচ টিপে ঘুমিয়ে পড়লাম হঠাৎ চারিদিকের আলোয় ঘুম ভেঙে গেল কিন্তু আবার অল্পক্ষণের মধ্যে চলে গেল। অর্থমন্ত্রীকে ধন্যবাদ যে বিদ্যুৎ সঙ্কটের জন্য নিজ নিজ পায়ে দাঁড়াতে যারা জেনারেটার বা অন্য ব্যবস্থা করবেন তাদের ডিউটি বা ট্যাক্স থেকে তিনি রেহাই দেবেন। তিনি এগ্রিকালচারের উপর ছাড়ের ব্যবস্থা করে ভাল করেছেন। কিন্তু শুধু এগ্রিকালচার কেন ছোট ছোট মাঝারি ইন্ডাস্ট্রি যারা বিদ্যুৎ পরিচালিত সেগুলি সম্পর্কে যদি চিন্তা করতেন তাহলে ভাল হত। বিদ্যুৎ অভাবে এই সমস্ত ইন্ডাস্ট্রিগুলো যদি জেনারেটার চালাতে পারে তাহলে তাদেরও চিন্তা করা উচিৎ ছিল। এরপর আমি তাঁকে কতকগুলি কথা জিজ্ঞাসা করছি। ডিজেল সরবরাহের ব্যাপারে আপনাদের কোনও হাত নেই। কিন্তু এই ডিজেল সরবরাহ করার কোনও গ্যারান্টি দেবেন কি? কারণ তা যদি না দেন তাহলে বিদ্যুৎ সঙ্কটের ফলে ডিজেল পরিচালিত জেনারেটারগুলি আর চালানো যাবে না। এ বিষয়টা একটু চিন্তা করতে বলছি। গত বোরো মরশুমে শ্যালো টিউবওয়েলগুলি ডিজেলের অভাবে কৃষকরা চালাতে পারেনি। যারজন্য বোরো ধান মার খেয়েছে। সুতরাং ছাড় দিলে এগ্রিকালচারের ভাল হবে কিন্তু সরবরাহের ব্যবস্থা না করলে কোনও উদ্দেশ্য সাধিত হবে না। এই বিলে অনেকগুলি ব্যাপার ক্লিয়ার নয় যেমন রিনিউয়াল, মঞ্জুরি ইত্যাদি ৩(২) ধারায় যা আছে তা সেখানে স্পষ্টভাবে বলা নেই। কৃষিকার্যে উদ্দেশ্যের কথা যা বলা হয়েছে তাও পরিষ্কার নয়। এগুলি পরিষ্কারভাবে বলুন। এই কথা বলে বিদ্যুৎ সঙ্কট-এর কথা অনুধাবন করে যে ব্যবস্থা করছেন সেটা সফল হবে যদি অন্যান্য ব্যবস্থাগুলি তার সঙ্গে করতে পারেন।

[5-10–5-20 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী বঙ্গীয় বিদ্যুৎ শুল্ক (সংশোধন) বিধেয়ক, ১৯৭৯ যে বিল এনেছেন সেটা সমর্থন না করে উপায় নেই। খেলার মাঠে আমরা লক্ষ্য করেছি কিছু খেলোয়াড় আছে বীরেনবাবুর মতো যারা বল ছেড়ে দিয়ে প্লেয়ারকে আক্রমণ করে। মাননীয় অর্থমন্ত্রী বুঝতে পেরেছেন যে গত ২ বছর ধরে এমন কোনও কাজ করেননি যারজন্য বিরোধীপক্ষ থেকে আমরা প্রশংসা করতে পারি। এই প্রথম তাঁর এই কাজের জন্য আমরা তাঁকে প্রশংসা করছি—অর্থাৎ এখন তিনি সুস্থ মানুষ হয়ে সুস্থ চিন্তা করতে আরম্ভ করেছেন। শুধু তিনি কেন পশ্চিম বাংলার সমস্ত মানুষ বিদ্যুতের জন্য ভুক্তভোগী। সকাল ৬টা থেকে ১২টা অবধি লাইট থাকে না, রাত ১১টা থেকে ভোর পর্যন্ত লাইট থাকে না। কিন্তু আপনি যে আইন করেছেন তাতে ডোমেস্টিক পারপাসকে এক্সজেমপ্ট করবেন না। এটা আমি আপনাকে একটু চিন্তা করতে বলছি।

আজকে এই বিদ্যুৎ সিস্টেমের জন্য সবচেয়ে ভুক্তভোগী হচ্ছে ইন্ডাস্ট্রি, স্কুল, কলেজ, এগ্রিকালচার, কিন্তু গার্হস্থ্য জীবনে, যারা আপনাকে নির্বাচিত করেছে, আপনি যান দেখবেন রাত্রি ১২টার সময় হয় স্বামী স্ত্রীকে পাখা করছে, না হয় স্ত্রী স্বামীকে পাখা করছে, এই রকমভাবে হোল নাইট চলছে। আমি আপনাকে বলছি আপনি চিন্তা করুন যদি কোনও ডোমেস্টিক পারপাসে কেউ ডিজেল ব্যবহার করে পাওয়ার জেনারেট করে তাহলে আপনার

অসুবিধা কোথায়? আপনার মাথায় এখন যখন সুস্থ চিন্তা এসেছে, জ্যোতিবাবু ওখানে ফেল করেছেন, তাঁর জ্যোতি ওখানে ম্লান হয়ে গেছে, তখন আপনি যে বিল এনেছেন সেটাকে অ্যামেন্ড করুন। ডোমেস্টিক পারপাসে যারা সবচেয়ে ভুক্তভোগী, যাদের রাত্রের নিদ্রা আপনারা কেড়ে নিয়েছেন, তারা যদি নিজেদের খরচায় ইলেক্ট্রিসিটি জেনারেট করে তাহলে তাদের কেন এগজেম্পশন দেবেন না? আপনি অর্থমন্ত্রী, আপনার প্রশংসা করছি, আপনার ভুলটা সেজন্য দেখাতে হবে। আপনার প্রশংসা করার সঙ্গে সঙ্গে বলছি আপনি এটাও চিন্তা করুন যে একটা বিল যখন হাউসে আসে তখন দেখা দরকার ফাইনান্সিয়াল ইনভল্‌ভমেন্ট কতটা থাকে। আপনি বিলে ৭(বি)-তে একটা নতুন ক্লজ সংযোজন করেছেন, সেখানে যে নতুন অর্গানাইজেশন হবে রেজিস্ট্রেশন অ্যান্ড আদার্সের জন্য সেখানে নিশ্চয়ই কিছু ফাইনান্সিয়াল ইনভল্‌ভমেন্ট হবে। আপনি সেখানে বলতে পারতেন কোনও ফাইনান্সিয়াল ইনভল্‌ভমেন্ট আছে কি নেই। আপনি সবই ভাল করেছেন, কিন্তু মুশকিল হচ্ছে আপনার কপাল খারাপ, ভাল জিনিস আনবেন, কিন্তু ফাঁকটা থাকবে আমার জন্য। ফাইনান্সিয়াল ইনভল্‌ভমেন্ট হবে কি হবে না সেটা আপনি চিন্তা করুন। আমি আপনাকে বলছি এগ্রিকালচারাল সেক্টরে ওটাকে ফল ওয়ান ইয়ার এগজেমপশন না করে অন্যগুলি করুন, বিজনেসম্যান, ইন্ডাস্ট্রি ইত্যাদি তাদের রেজিস্ট্রেশন করতে হবে, কিন্তু এগ্রিকালচারাল সেক্টরে যতদিন বামফ্রন্ট সরকার আছে ততদিন পর্যন্ত শুল্ক লাগবে না এটা অ্যাড করে দিন। যতদিন বামফ্রন্ট সরকার বিদ্যুৎ পরিচালনা করবেন ততদিন এগ্রিকালচারাল সেক্টরে শুল্ক লাগবে না ইউ প্লিজ অ্যামেন্ড দিস। ভাল জিনিস এনেছেন, সেজন্য আপনার প্রশংসা করছি, কিন্তু এখনও যতটুকু ভুল আপনার মধ্যে আছে সেগুলি সংশোধন করার চেষ্টা করুন এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতারা এই বিলকে সমর্থন করে কেউ বলেছেন এর বিরোধিতা করার সুযোগ নেই, আবার কেউ এখানে এই কথা বলে অপ্রাসঙ্গিক কয়েকটি কথা তুলেছেন অর্থাৎ কেউ ডিজেলের কথা তুলছেন। ডিজেলের দাম কমানোর ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার করে কি করে না সেটা জেনেও এই কথা তুলেছেন এবং বিদ্যুৎ সঙ্কটের জন্য বামফ্রন্ট সরকারকে দায়ী করার চেষ্টা করেছেন। আমি মাননীয় সদস্যদের এই কথা বলতে চাই আজকে এই যে বিদ্যুৎ সঙ্কট সম্পর্কে চেঁচামেচি করা হচ্ছে যাঁরা চেঁচামেচি করছেন তাঁরা কতখানি দায়িত্বজ্ঞানহীন তার দু'একটা উদাহরণ দিলে বোঝা যাবে। আপনারা আশ্চর্য হবেন বামফ্রন্ট সরকার হওয়ার পর এই বিদ্যুতের ব্যাপার নিয়ে এঁরা আন্দোলন করেন।

[5-20–5-30 P.M.]

১৪ দিন এই বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর তারা ধর্মঘট করেছেন। বিদ্যুৎ শিল্পের মতো প্রয়োজনীয় শিল্পে তারা ১৪ দিন ধর্মঘট করেছেন এবং ৩৯ দিন ঐ বিক্ষোভের নাম করে কার্যত কাজ বন্ধ করেছেন। আমি তালিকা দিয়ে বলতে পারি এবং তারা এইভাবে কাজ করেছেন। আমরা শুনছি আগামী ১১ই সেপ্টেম্বর থেকে তারা লাগাতার ধর্মঘটের ডাক দিয়েছেন। এটা ঠিকই ধর্মঘট যদি তারা লাগাতার করতেন তাহলে ভাল হত। কারণ যেদিন তাঁরা ধর্মঘট করলেন সেদিন বিদ্যুৎ বেশি উৎপাদন হয়। এইসব কথা আমাকে বলতে হচ্ছে এইজন্য সুনীতিবাবু এখানে বলে গেছেন বামফ্রন্ট অপদার্থ সরকার, এবং অপদার্থতা-এর

পরিচালনা। এই জন্যই আমি এইসব কথা বললাম। আর একজন এখানে বললেন ডিজেল পাওয়া যাবে কিনা। তার দায়িত্ব এই মন্ত্রীর নিতে হবে বা বামফ্রন্ট সরকারকে নিতে হবে এবং সস্তায় ডিজেল পাওয়া যাবে কিনা তার দায়িত্ব বামফ্রন্ট সরকারকে নিতে হবে। এই বিল সম্পর্কে ওঁদের কিছু বলার নেই, কিন্তু বলতে হবে সেইজন্য এইসব কথা বললেন। আজকে যে বিদ্যুৎ সঙ্কট হয়েছে বামফ্রন্ট সরকার যে নতুন নতুন প্রকল্প করার চেষ্টা করছেন সেগুলি তাঁরা আটকে রেখেছিলেন। নিজেদের মন্ত্রীতে মন্ত্রীতে ঝগড়ার জন্য সেই সব প্রকল্পগুলি তাঁরা করতে পারেননি। আজকে বামফ্রন্ট সরকার প্রকল্পগুলি করতে যাচ্ছেন। স্যার, শুধু তাই নয় আজকে ১১ প্রদেশে বিদ্যুতের সঙ্কট এবং বিদ্যুৎ যা উৎপাদন হওয়া উচিত ছিল তা হচ্ছে না। এটা একটা সমস্ত ভারতবর্ষের সমস্যা। সে সমস্যার গুরুত্ব না বুঝে এখানে সুনীতিবাবু ঠাট্টা করে বললেন স্বামী স্ত্রীকে হাওয়া করছেন, স্ত্রী স্বামীকে হাওয়া করছেন। কংগ্রেস ৩০ বছর ধরে যেভাবে রাজত্ব করেছিলেন তার ফলেই সমগ্র দেশেই এই ভয়াবহ বিদ্যুৎ সঙ্কট-এর সম্মুখীন হয়েছে। সুনীতিবাবু পরিস্থিতির গুরুত্ব উপলব্ধি করতে না পেরে শুধু স্বামী স্ত্রীকে হাওয়া করছে, স্ত্রী স্বামীকে হাওয়া করছে এইভাবে পরিস্থিতিটি দেখা খুবই আশ্চর্যের ব্যাপার। এই ধরনের দায়িত্বহীন উক্তি তিনি করেছেন তার কারণ এই বিলে তাঁর বিশেষ কিছু বিরোধিতা করার নাই এবং তিনি বিরোধিতাও করেননি। কিন্তু বিরোধিতা না করেও তিনি তাঁর বক্তব্যে কিছু ইঙ্গিত করেছেন বলেই আমাকে তার জবাব দিতে হচ্ছে। এই কয়েকটি কথা বলেই এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় যে কয়েকজন সদস্য বললেন আমি তাঁদের বক্তব্য খুব মনযোগ সহকারে শুনেছি। ৫ জন মাননীয় সদস্যরা বললেন প্রত্যেকের মন্তব্য ধরে ধরে দু-একটা কথা বলবার চেষ্টা করব। প্রথমে আমার সন্দীপবাবু সম্বন্ধে একটি অভিমান আছে—উনি বললেন আমি নাকি কোনও নীতি সম্বন্ধে কিছু বলিনি। উনি যদি দয়া করে আমার প্রসিডিংসটা পড়ে দেখতেন তাহলে দেখতেন প্রত্যেকটি কথা আমি আমার বিবেক অনুযায়ী জবাব দেওয়ার চেষ্টা করেছি। উনি লাইসেন্স-এর ব্যাপার বলেছিলেন। আমরা বলেছি যাকে আমরা ভার দেব তাকে একটা দরখাস্ত করতে হবে। দরখাস্ত করার সময়ে একটা ফি জমা দিতে হবে। ফি-এর পরিমাণ এখানে নির্ধারণ করা নেই। কারণ সময়ে সেটা পাল্টাতে হতে পারে। একটা ফি ধরে দেব সেটা অনন্তকাল ধরে থাকবে এটা ঠিক নয়। সেইজন্য এটা বিবেচনার জন্য রেখে দেওয়া হয়েছে। রুল যখন করা হবে তখন সেটা বিবেচনা করে করা হবে।

আমি বড় ব্যাপারগুলো বললাম। আপনারা বলেছেন কৃষি ক্ষেত্রে এই ছাড় দিচ্ছেন, কিন্তু শিল্প এবং বাণিজ্যের ক্ষেত্রে কি করছেন? আমি শিল্প এবং বাণিজ্যের ক্ষেত্রে বলেছি শতকরা ১৫ ভাগ খরচ জেনারেটর সেট বসাবার জন্য ছোট এবং মাঝারি শিল্পের ক্ষেত্রে দিচ্ছি। অর্থাৎ পুরো খরচের শতকরা ১৫ ভাগ সরকারের তরফ থেকে অনুদান হিসেবে দিচ্ছি এবং তারপর বিজলি কর রেহাই দিচ্ছি। সাধারণভাবে আপনারা বলেছেন ইনসেনটিভের ব্যাপারে আমাদের কি নিয়মকানুন আছে। এটা পাল্টানো হয়েছে ৩/৪ মাস আগে। শিল্পের ক্ষেত্রে আরও কিছু বাড়তি উৎসাহজনক ব্যবস্থা নেওয়া যায় কিনা সেটা আমরা দেখছি। আপনারা বলেছেন বাইরে থেকে খুব একটা ইনভেস্টমেন্ট আসছে না। আপনারা একটু

তাকিয়ে দেখুন সর্বভারতীয় ক্ষেত্রে। প্রথমে মহারাষ্ট্রের কথা দেখছেন। আমাদের এখানে খবরের কাগজে আমাদের কথা অনেক লেখা হয়। কিন্তু মহারাষ্ট্রে যখন এক সপ্তাহের জন্য বিদ্যুৎ বন্ধ করা হল তখন সেখানকার খবরের কাগজ সেটা ১/২ প্যারাগ্রাফে লিখল। কিন্তু আমাদের এখানে এই ব্যাপার নিয়ে মহা শোরগোল ওঠে। দিল্লিতে গড়পড়তা ৩/৪ ঘন্টা পাচ্ছে না। বড়লোকের পল্লী নিউ দিল্লিতে বিদ্যুৎ ঘাটতি হচ্ছে ৩/৪ ঘন্টা, কিন্তু পুরানো দিল্লি যমুনার ওখানে ঘাটতি হচ্ছে ৫/৭ ঘন্টা। আমরা জানি বড়লোক এবং গরিব লোকের মধ্যে তফাত আছে এবং সেটাই সেখানে হচ্ছে। শামসুদ্দিন সাহেব বলেছেন, মরুভূমি। এই মরুভূমি কি করে সৃষ্টি হল সেটা চিন্তা করুন। মরুভূমি এমনিতে হয় না, গাছগুলো মরে গেলে তারপর মরুভূমি হয়। ১৯৬৫ সাল থেকে ১৯৭৫ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় এক মেগাওয়াট বিদ্যুৎ সংযোজন করা হয়নি এটা হচ্ছে ঐতিহাসিক ঘটনা। তারপর, আমরা এসে কিছু কিছু করেছি, দীর্ঘমেয়াদী এবং স্বল্পমেয়াদী কিছু কিছু প্রকল্প হাতে নিয়েছি। যেমন ১৯৭৪ সালে যোজনা কমিশন মঞ্জুরি দিয়েছিল, কিন্তু আপনারা কিছুই করতে পারেননি। আমরা এসে কোলাঘাটে ৩টি ইউনিট ৬৩০ মেগাওয়াটের উদ্যোগ নিয়েছি এবং তারপর কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে আরও ৩টি ইউনিট যাতে হতে পারে ৬ষ্ঠ পরিকল্পনায় তার চেষ্টা করছি। ব্যান্ডেলে পঞ্চম ইউনিটের মাধ্যমে যাতে ২১০ মেগাওয়াট পাওয়া যায় তারজন্য চেষ্টা করছি। সাঁওতালদিহিতে ১২০ মেগাওয়াট যাতে পাওয়া যায় তারজন্য চেষ্টা করছি। সবচেয়ে বড় কথা হচ্ছে ফরাক্কায় সুপার থার্মাল পাওয়ার স্টেশন এই ব্যাপারে উদ্যোগ নিয়েছি। আমাদের এবছর অসুবিধা গেছে এবং আগামী বছরও অসুবিধা থাকবে। আমরা আশা করছি ১৯৮১ সালে আশার সঞ্চার হবে। আপনারা আমাদের দোষারোপ করতে পারেন, আমরা আপনাদের দোষারোপ করতে পারি। কিন্তু সাধারণ মানুষ যখন বলবে কেন এই জিনিস করা হয়নি তখন আপনারা তাদের বোঝাবেন। যাহোক, এই কনসেশনগুলো আমরা শিল্প, বাণিজ্য এবং কৃষির ক্ষেত্রে আমরা দিচ্ছি। তারপর, বলা হয়েছে আমরা কেন গৃহস্থদের ক্ষেত্রে এটা দিচ্ছি না? পশ্চিমবাংলায় যে সমস্ত সঙ্গতি সম্পন্ন গৃহস্থ আছেন তাঁরা তাঁদের বাড়িতে নিজেরাই জেনারেটর সেট বসাতে পারেন। পশ্চিমবাংলায় সাধারণ গৃহস্থ যাঁরা আছেন তাঁরা তাঁদের বাড়িতে জেনারেটর সেট বসাতে পারবেন না যে তাদের আমরা টাকা দেব। বড় গৃহস্থ লোকদের অনুদান দেবার বাসনা বামফ্রন্ট সরকারের নেই। যাহোক, সমস্ত দলের সদস্যেরা এই বিলকে সাধারণভাবে সমর্থন করেছেন তারজন্য আমি সকলকে কৃতজ্ঞতা জানাচ্ছি।

The motion of Dr. Ashok Mitra that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1979, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 to 6

The question that Clauses 1 to 6 do stand part of the Bill was then put and agreed to.

[5-30–5-39 P.M.]

**Dr. Ashok Mitra :** Sir, I, beg to move that the Bengal Electricity Duty (Amendment) Bill, 1979, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Laying of Report

## Forty-fourth Report of the Business Advisory Committee

**মিঃ স্পিকার :** এখন কার্য উপদেষ্টা কমিটির ৪৪তম প্রতিবেদন। আমি কার্য উপদেষ্টা কমিটির ৪৪তম প্রতিবেদন পেশ করছি। এই কমিটির অধিবেশন আজ ৫ই সেপ্টেম্বর আমার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে ৭ই সেপ্টেম্বর হইতে ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত বিধানসভার কার্যক্রম ও সময়সূচি নিম্নলিখিতভাবে নির্ধারণের জন্য সুপারিশ করেছে।

| | | |
|---|---|---|
| Friday, 7-9-79 ... | | Motion under rule 185—Notice of which was given by Shri Rajani Kanta Doloi—2 hours. |
| Monday, 10-9-79 | (i) | The West Bengal Industrial Infrastructure Development Corporation (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing)—I hour. |
| | (ii) | The West Bengal **Unani** System of Medicine Bill, 1979 (Introduction, Consideration and Passing)—3 hours. |
| Tuesday, 11-9-79... | (i) | The West Bengal **Panchayat** (Second Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing)—1$^1/_2$ hours. |
| | (ii) | The Calcutta **Thika** Tenancy Stay of Proceedings (Temporary Provisions) (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing)—$^1/_2$ hour. |
| | (iii) | The West Bengal **Bhudan Yagna** (Repealing) Bill, 1979 (Introduction, Consideration and Passing)—$^1/_2$ hour. |
| | (iv) | The West Bengal **Gramdan** (Repealing) Bill, 1979 (Introduction, Consideration and Passing)—$^1/_2$ hour. |
| | (v) | The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing)—1 hour. |
| Wednesday, 12-9-79 .. | | The West Bengal Public Libraries Bill, 1979 (Introduction, Consideration and Passing)—4 hours. |
| Thursday, 13-9-79.. | (i) | The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Bill, 1979 (Introduction, Consideration and Passing)—1$^1/_2$ hours. |

(ii) Motion under rule 185—Notice of which was given by Shri Gopal Basu—2 hours.

Friday, 14-9-79 ... Motion under rule 185—Notice of which was given by Dr. Zainal Abedin—$2^1/_2$ hours.

এখন মাননীয় পরিষদীয় মন্ত্রীকে আনুষ্ঠানিকভাবে আমি এই প্রস্তাব পেশ করবার জন্য অনুরোধ করছি।

**শ্রী ভবানী মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৪৪তম প্রতিবেদন আমি সভার সামনে পেশ করছি।

**মিঃ স্পিকার :** আমি ধরে নিচ্ছি যে সভায় এটা গৃহীত হল। এখন আমার একটা রুলিং আছে মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলির অধিকারগত প্রশ্নের উপর।

আমি কালকে জানিয়েছি যে রজনীবাবুর যে প্রিভিলেজ মোশন সেটা আমি গ্রহণ করিনি। কারণ তিনি যে বিষয়টা উত্থাপন করেছিলেন অর্থাৎ অ্যাসিওরেন্সের ব্যাপার একটা হাউসে যেটা হয়ে গিয়েছে সাধারণত সেই হাউসেই ওটা হওয়া ভাল। সেটা ওইভাবে তোলা যায় না বলে আমি মনে করি। এখন সত্যবাবুর যে প্রিভিলেজ মোশন সেইটার উপর আমি আমার রুলিং দিচ্ছি।

I have received a notice of a question of privilege under rule 226 of the Rules of Proccedure and Conduct of Business in the West Bengal legislative Assembly from Shri Satya Ranjan Bapuli, M. L. A., regarding an alleged defamatory statement by Shri Promode Das Gupta, C. P. I. (M) leader, as published in the Ananda Bazar Patrika, dated the 28th August, 1979.

The notice reads as follows : –

"I wish to raise a point of privilege against Shri Promode Das Gupta for his statement published in the Ananda Bazar Patrika on 28-8-79.

The statement of Mr. Das Gupta is defamatory. The matter may be discussed in the House."

The statement reported to have been made by Shri Das Gupta and in respect of which the notice of Privilege has been given runs like this : -

"... প্রসঙ্গত এদিন বিধানসভায় শোক প্রস্তাব উত্থাপনের সময় কংগ্রেস সদস্য সত্যরঞ্জন বাপুলির আচরণের উল্লেখ করে তিনি অভিযোগ করেন, যাদের শোভনতাবোধ পর্যন্ত নেই তাঁদের সঙ্গে অন্যকিছু কি করে সম্ভব?"

It will thus be seen that no remark about any particular member

was made. The reference was to a particular political party. The context shows that while speaking about an electoral alliance Shri Das Gupta is reported to have referred to the behaviour of Shri Satya Ranjan Bapuli in the House at the time of obituary reference and said that an electoral alliance was hardly possible with a political party whose members could behave in the House in the way Shri Satya Ranjan Bapuli did. The reported remark is not relatable to any individual member as such or to the House as a whole. It is selective in its application in as much as it referred to the members of a political party as a whole. It can not, therefore, be taken as constituting a breach of privilege or contempt of the House. If a remark is a deliberate flouting of the dignity of the House, then, of course, there can be no doubt that challenge has to be met. But where in other contexts or in a controversy something is said I would personally prefer the House not to take too much notice of it.

It may be mentioned here that in 1960 a question of privilege was raised in the Parliament of India in respect of a speech of Shri Raja Goaplachari published in a newspaper. Shri Raja Gopalachari is reported to have said that the representatives of a political party in the legislature "were such people whom any First Class Magistrate would round up. They were men without any ostensible means of livelihood." The Speaker of the Lok Sabha disallowed the question of privilege and expressed the opinion that the members should not be too touchy as often each party attacks the other party.

Accordingly I have disallowed the notice of privilege motion.

The House stands adjourned till 1 p.m. on Thursday the 6th September, 1979.

## Adjournment

The House was, accordingly, adjourned at 5.30 p.m. till 1 p.m. on Thursday the 6th September, 1979 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Lagislative chamber of the Assembly House, Calcutta on Thursday, the 6th September, 1979 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 4 Ministers of State and 191 Members.

[1-00 — 1-10 P.M.]

## Held over Starred Question (to which oral answers were given)

### সৈয়দ নিজামপুরে সমবায় কৃষি ও সেচ প্রকল্প সমিতি

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫।) **শ্রী মনোরঞ্জন রায় :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার দাসপুর ১ নং ব্লকের সৈয়দ নিজামপুরে একটি সমবায় কৃষি ও সেচ প্রকল্প সমিতি আছে;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উক্ত সমবায় সমিতির সেচ-কর ও সরকারি অন্যান্য সেচকরের মধ্যে পার্থক্য কিরূপ; এবং

(গ) এই সমিতিতে সরকারের অংশীদার হওয়ার কোনও সিদ্ধান্ত ছিল কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :**

(ক) হ্যাঁ, ওই অঞ্চলে ঐরূপ একটি সমিতি আছে। সমিতির নাম 'নিজামপুর সৈয়দ করিম সমবায় কৃষি উন্নয়ন ও সেচ সমিতি লিমিটেড'।

(খ) সমিতি ও অন্যান্য সরকারী দপ্তর কর্তৃক ধার্য সেচ-করের হার নিম্নরূপ ঃ

১) সমিতি কর্তৃক ধার্য সেচকর- (একর পিছু)

| ধান | অন্যান্য শস্য |
|---|---|
| ৩২৫টাঃ | ১২৫টাঃ সদস্যদের জন্য |
| ৬৫০টাঃ | ২৫০টাঃ সাধারণের জন্য |

২) অন্যান্য সরকারি দপ্তর কর্তৃক ধার্য সেচকর- (একর পিছু)

| | | |
|---|---|---|
| খারিফ ধান/পাট | — | ১৯টাঃ ২০পঃ |
| গম | — | ২৪টাঃ |
| আউস ধান | — | ৪০টাঃ |
| বোরো ধান | — | ৯৬টাঃ ৫০পঃ |
| আলু | — | ৪০টাঃ |

গ) রাজ্য সরকারের ইতিমধ্যে এই সমিতিতে ১৫,০০০ টাকা অংশীদারী মূলধন বাবদ লগ্নি করেছেন।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** অন্যান্য সমিতির করের সঙ্গে বৈষম্য কেন দয়া করে জানাবেন কি?

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এটা একটা অটোনমাস বডি, তাই যে খরচ পড়ে তাই তারা চার্জ করে।

## Starred Questions
## (to which oral answers were given)

### Scheme for increasing the number of beds in Rampurhat Subdivisional Hospital

*90. (Admitted question No. *4). **Shri Sasanka Sekhar Mondal:** will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

a) whether there is any scheme for increasing the number of beds in the Rampurhat subdivisional Hospital to cope with the heavy rush of patients seeking indoor treatment in the hospital; and

b) if so, when will the said scheme be implemented?

**Shri Nani Bhattachariya :**

(a) Yes.

(b) During the five-year plan period 1978-83.

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** এই যে হাসপাতাল এটা সাব ডিভিসনাল হাসপাতাল, এতে যে সীট আছে তা কত সালে খোলা হয়েছে, কত দিন ধরে কন্টিনিউড হয়েছে এবং দু নম্বর প্রশ্ন হল—এটা কবে থেকে আরম্ভ হবে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এখন শয্যা সংখ্যা ১৩১ এবং এই শয্যা সংখ্যার থেকে অনেক বেশি রোগী সেখানে থাকেন এটা আমি নিজেই দেখেছি। আমরা ঠিক করেছি, প্রত্যেকটা মহকুমা হাসপাতাল যাদের ২৫০টির নিচে বেড আছে তাদের ২৫০টি বেডে উন্নীত করার এই সামনের পঞ্চবার্ষিকী পরিকল্পনার পিরিয়ডের মধ্যে হবে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** কবে থেকে এটা চালু হবে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** শুধু স্বদিচ্ছা দিয়েই তো সব কিছু হয়না টাকার দরকার পড়ে। সামনের যে পাঁচশালা পরিকল্পনা চলছে, যার প্রথম বছর এটা সেই পরিকল্পনার ৫ বছরের মধ্যে ঐ ২৫০টি বেডে উন্নীত আমরা করব। তবে আগে যদি আমরা পারি সেগুলি দেখে আমরা বোঝবার চেষ্টা করব।

**"কাজের বিনিময়ে খাদ্য" কর্মসূচি**

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩)। **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

**শ্রী রাধিকা রঞ্জন ব্যানার্জি :**

(ক) ইহা কি সত্য যে, "কাজের বিনিময়ে খাদ্য", কর্মসূচি ব্যহত বা বন্ধ হতে চলেছে; এবং

(খ) সত্য হ'লে কি কারণ কি?

(ক) ও (খ) : কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রয়োজনীয় খাদ্যশস্য না পাওয়ায় উক্ত কর্মসূচি কিছুটা ব্যহত হয়েছে। তবে পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব তহবিল থেকে খাদ্যশস্য কিনে এই কর্মসূচি যথাসম্ভব চালু রাখা হয়েছে।

**"কাজের বিনিময়ে খাদ্য" কর্মসূচি রূপায়ণে ব্যাঘাত**

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫)। **শ্রী অমলেন্দ্র রায় :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার যথাসময়ে গম না দেবার ফলে "কাজের জন্য খাদ্য" কর্মসূচি রূপায়ণে বাধার সৃষ্টি হইতেছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে রাজ্য সরকার কোনও ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :**

(ক) হ্যাঁ

(খ) রাজ্য সরকারের পক্ষ থেকে অবিলম্বে প্রয়োজনীয় খাদ্যশস্য সরবরাহের জন্য কেন্দ্রকে পুনঃপুনঃ অনুরোধ করা হলেও তাদের কাছ থেকে এযাবৎ কোনও সাড়া পাওয়া যায়নি। ত্রাণ বিভাগ গ্রামাঞ্চলে দুঃস্থ জনসাধারণের দুগর্তিও সংকট মোচনের উদ্দেশ্যে যাতে এই কর্মসূচি রূপায়ণে কোনও বাধার সৃষ্টি না হয় সেই কারণে এযাবৎ পঃ বঃ সরকারের নিজ তহবিল থেকে নগদ ৫৩,৪৭,৭২০ টাকা ব্যয়ে ৩,৭,৬৬ মেট্রিক টন গম কিনে বিভিন্ন জেলায় বরাদ্দ করেছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয়, মন্ত্রী মহাশয় জানালেন যে কেন্দ্রীয় সরকারের কাছে পুনঃপুনঃ আবেদন জানানো সত্ত্বেও কেন্দ্রীয় সরকার গম সরবরাহ করেন নি। সম্প্রতি সংবাদপত্রে দেখছিলাম যে কেন্দ্রে যে তদারকি সরকার আছেন তাঁরা বলছেন যে 'কাজের বিনিময়ে খাদ্য' এই কর্মসূচি চালু রাখা হবে। তাহলে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বারবার আবেদন জানানো সত্ত্বেও কেন্দ্র রেসপন্স করছেন না এটাই কি ধরে নেওয়া হবে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** এখনও পর্যন্ত ঠিক রেসপন্স করছেন না তবে ভবিষ্যতে বা আগামীদিনে করবেন কিনা সেটা কেন্দ্রের তদারকি সরকারের উপর নির্ভর করছে।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** রাজ্য সরকারের পক্ষ থেকে যে আবেদন জানানো হয়েছিল তার উত্তরে কেন্দ্রীয় সরকার কি বলছেন এই কর্মসূচি বন্ধ করার কারণ হিসাবে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** ৭০ হাজার মেট্রিক টন গত ফুড ফর ওয়ার্কের জন্য দেবেন এই কথা কেন্দ্রীয় সরকার বলেছিলেন। আমরা তার মধ্যে ৩৮ হাজার মেট্রিক টন পেয়েছি এবং তার জেলাওয়ারী হিসাব আমি গত বিধানসভার অধিবেশনে দিয়েছি। এর বেশি ত্রাণ বিভাগ পায়। এর বেশি খবর আমি দিতে পারব না। তবে কেন্দ্রীয় সরকারের কাছে অমরা আবেদন রেখেছি যাতে এই ফুড ফর ওয়ার্ক কর্মসূচি তাঁরা চালু রাখেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** কেন্দ্রীয় সরকার যদি গম সরবরাহ না করেন তাহলে যেভাবে এই কর্মসূচির কাজ চলছে সেইভাবে এই কর্মসূচ পরিচালিত হবে কিনা?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** আমাদের ত্রাণ বিভাগের খাতে টাকা সীমাবদ্ধ এবং বিধানসভা যে টাকা মঞ্জুর করেছেন তাতে এই খরচ চলতে পারে না। তবুও আমরা চেষ্টা করছি। কিন্তু এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল হতেই হবে।

**শ্রী অমলেন্দ্র রায় :** আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি এই যে গম কেন্দ্রীয় সরকার দিল না তার নির্দিষ্ট কোনও কারণ কেন্দ্রীয় সরকার দেখিয়েছেন কিনা যে মুদ্রাস্ফীতি হবে তার জন্য এটা দেওয়া যাবে না?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** এই রকম কোনও চিঠি আমাদের দপ্তরে আসে নি।

**শ্রী অমলেন্দ্র রায় :** আমি নির্দিষ্টভাবে জানতে চাইছি বন্যার সময় কাজের বদলে খাদ্যের জন্য আমরা যা গম চেয়েছিলাম তার কত পেয়েছিলাম এবং খরার সময় যা চেয়েছিলাম তার কত পেয়েছি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** এইরকম নির্দিষ্ট প্রশ্ন করলে আমি তার জবাব দেব।

**শ্রী রজনীকান্ত দোলুই :** কাজের বদলে খাদ্য কর্মসূচিতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে গম পাওয়া গিয়েছে তার হিসাব দিতে পারবেন কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** আমরা যা খরচ করেছি তার হিসাব আমরা দিয়েছি।

**শ্রী বিমলকান্তি বসু :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কাজের বদলে খাদ্য কর্মসূচির জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কত গম চাওয়া হয়েছিল?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** আমরা যা পেয়েছি তার অনেক বেশি আমরা চেয়েছিলাম। আমরা ৭০ হাজার মেট্রিক টন পেয়েছিলাম। কিন্তু আমরা আরও ৭০ হাজার মেট্রিক টন চেয়েছিলাম। তখন জনতা সরকার কেন্দ্রে ছিলেন। তাঁরা এর কোনও উত্তর আমাদের দেন নি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচীর জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যত গম এসেছিল তার হিসাব দিতে পারেননি এবং বিভিন্ন রকম দুর্নীতির অভিযোগ পাওয়ার জন্য তাঁরা এই গম দেওয়া বন্ধ করে

দিয়েছেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** মাননীয় সদস্যের এই অভিযোগ সম্পূর্ণ অসত্য।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আপনারা যেটা চেয়েছিলেন তার পরিমাণ খুব বেশি ছিল এবং এই চাওয়াটা খুবই অযৌক্তিক ছিল বলে তারা এটা বন্ধ করে দিয়েছেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** আমরা চেয়েছিলাম ১৪০ হাজার মেট্রিক টন তার মধ্যে কেন্দ্রীয় সরকার ৭০ হাজার মেট্রিক টন আমাদের সরবরাহ করেছেন। আমাদের চাওয়াটা খুবই যুক্তিসংগত ছিল। এবং মাননীয় সদস্য যে কথা বলছেন তার কোনও যুক্তি নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন আপনারা যে কাজের বিনিময়ে খাদ্য দিয়েছেন, এটা ঠিক ঠিক মতো যে ব্যবহার হয়েছে প্রত্যেক জেলাতে তার কোনও হিসাব আছে কিনা?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** সব জেলাতেই ব্যবহার করেছি। নির্দিষ্ট অভিযোগ যেখানে আছে সেখানে তদন্ত হবে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে আপনাদের আদেশ অনুসারে পঞ্চায়েত কাজ করেছিল। তাদের কত গম দিতে পারেন নি, পাওনা আছে সেই হিসাব কি আছে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** নির্দিষ্ট প্রশ্ন করলে উত্তর দিয়ে দেব।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সরকারের আদেশ অনুযায়ী পঞ্চায়েত কাজ করেছিল। কিন্তু পঞ্চায়েতকে আপনারা গম দিতে পারেন নি তার পরিমাণ কত?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** নির্দিষ্ট বিষয়ে না বললে আমি উত্তর দিতে পারব না।

**শ্রী শান্তিরাম মাহাতো :** মাননীয় মন্ত্রী মহাশয়, গ্রামপঞ্চায়েত সম্পর্কে অভিযোগ উঠেছে, এখন এই ফুড ফর ওয়ার্কের কাজ গ্রামপঞ্চায়েতের মাধ্যমে হয়। এখানে আমার প্রশ্ন হচ্ছে যে গ্রামপঞ্চায়েতকে বাদ দিয়ে অন্য ভাবে কিছু চিন্তা করছেন কি?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** সাধারণভাবে গ্রামপঞ্চায়েতের মাধ্যমে হয়। অন্য কোনও এজেন্সির মাধ্যমে আমরা করিনা।

**শ্রী অবিনাশ প্রামাণিক :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন গ্রামঞ্চলে যে সমস্ত জেলাতে খরা চলছে সেখানে দিনমজুর, ক্ষেত মজুররা কাজ পাচ্ছে না। এই সব জায়গায় খাদ্যের বিনিময়ে কাজ চালু হবে কি না?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি :** আপনি খরার প্রশ্ন করবেন উত্তর দিয়ে দেব।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে পঞ্চায়েত লেভেলে এবং গ্রামসভা লেভেলে এই গম চুরির অভিযোগ হয়েছে। বর্তমান সরকারকে গমফ্রন্ট বলা হয়

কি না?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** এটা অসত্য এবং অভিসন্ধি পূর্ণ।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সমস্ত পঞ্চায়েত কংগ্রেস দলের দখলে আছে সেই সমস্ত পঞ্চায়েত থেকে চুরির অভিযোগ এসেছে কি না?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** যে কয়টি অভিযোগ এসেছে তার মধ্যে কংগ্রেস অঞ্চল থেকেই বেশি।

(গোলমাল)

**শ্রী অজয়কুমার দে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, যে সমস্ত কংগ্রেস অঞ্চলের প্রধান এর বিরুদ্ধে অভিযোগ পেয়েছেন সেটা কোন কোন অঞ্চল প্রধান সেই সম্পর্কে জানাবেন কি এবং এ ছাড়া অন্য কিছু পেয়েছেন কিনা সেই সম্পর্কে একটা বিস্তৃত বিবরণ দিতে পারেন কিনা জানাবেন কি?

[1-20 — 1-30 P.M.]

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** প্রশ্ন করা হয়েছে কংগ্রেসি অঞ্চল থেকে কোনও অভিযোগ পেয়েছেন কি না। আমি বলেছি, যা অভিযোগ এসেছে তার প্রধানত কংগ্রেসি অঞ্চল থেকেই এসেছে। যদি নাম জানতে চাইতেন তাহলে আমি জানিয়ে দিতে পারতাম। সেই রকম ভাবে নোটিশ দিন নাম বলে দিতে পারব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কংগ্রেস অঞ্চল থেকে অভিযোগ এসেছে। আপনি একটা অঞ্চলপ্রধানের নাম বলতে পারবেন কি যার বিরুদ্ধে অভিযোগ এসেছে এবং তার বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হয়েছে। আপনি এই ব্যাপারে বলুন, তা যদি না বলতে পারেন তাহলে আমরা ধরে নেব যে মন্ত্রী মহাশয় উদ্দেশ্য প্রণোদিত ভাবে এখানে অসত্য ভাষণ করেছেন।

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** এই প্রশ্নের আমি জবাব দেওয়ার প্রয়োজন বোধ করি না।

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সেন্টারকে বারবার চিঠি দেওয়া সত্ত্বেও যে গম দিচ্ছে না, তার ফলে রাজ্য সরকার যে ফুড ফর ওয়ার্ক প্রোগ্রাম নিয়েছেন, তা কি এখানেই থেমে যাবে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** আমি বলেছি, কেন্দ্রীয় সরকার যতটুকু দিয়েছে তা খরচ করা হয়েছে এবং পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে আমরা গম কিনে তা খরচ করছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি মহাশয় যে সাপ্লিমেন্টারি করেছিলেন, অনারেবল মিনিস্টার তার জবাবে বললেন যে মাননীয় সদস্য সত্য বাবু যে প্রশ্ন করেছেন, সেই প্রশ্নের জবাব দেওয়ার তিনি প্রয়োজন বোধ করেন না। এই বিধানসভার মধ্যে কোনও মন্ত্রী মহাশয় এই রকম কথা বলতে পারেন কিনা, এই ব্যাপারে আপনার রুলিং চাইছি।

**মিঃ স্পিকার ঃ** এটা কোনও পয়েন্ট অফ অর্ডার নয়।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে অধিকাংশ কংগ্রেসি প্রধানদের বিরুদ্ধে অভিযোগ আছে। আমার প্রশ্ন হচ্ছে, কোন কংগ্রেস? কংগ্রেস আই, না, কংগ্রেস গাই?

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** স্যার অন এ পয়েন্ট অফ অর্ডার, কংগ্রেস গাই বলে কিছু নেই।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** কংগ্রেস গাই যদি হয় তাহলে সি.পি.এম. কি বোতল?

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি চেয়ারে বসে আছেন, আপনার সামনে যদি এই রকম অশালীন ভাষা প্রয়োগ করতে আপনি অনুমতি দেন তাহলে আমাদের পক্ষে নীরব থাকা সম্ভব নয়।

Do you think that it is fitting to parliamentary decoram?

**মিঃ স্পিকার ঃ** এখানে এই রকম বলা চলবে না।

(নয়েজ)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ওদের বার করে দিন অথবা পাগলা গারদে পাঠান। অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, একটা ন্যাশনাল পার্টিকে এই রকম ভাবে ওরা বলবে, আপনি যদি নীরব থাকেন—ওরা কি মাতাল না চোর, না ডাকাত? ওরা ডাকাতের দল যদি আমরা এই কথা বলি হাউসটা কি মাতলামি করার জায়গা? একটা ন্যাশনাল পার্টি সম্পর্কে এই কথা বলছে আপনার সামনে? আই টেক এপেক্সশন। আমি এই ব্যাপারে রুলিং চাইছি।

(নয়েজ)

**মিঃ স্পিকার ঃ** আপনি মাতলামির কথা বলছেন কেন? Do not demand ruling in every case. I am not compelled to give ruling on each point.

(গোলমাল)

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** যে সমস্ত ভাষা বীরেনবাবু ব্যবহার করলেন সেগুলি পার্লামেন্টারি প্রসিডিয়র অনুযায়ী ব্যবহার করা যায় কিনা আপনি বিবেচনা করুন এবং উনি একটা ন্যাশনাল পার্টি সম্বন্ধে এরকম ভাষা ব্যবহার করেছেন। আমি এবিষয়ে আপনার রুলিং চাইছি।

**অধ্যক্ষ মহাশয় ঃ** সব কথার হাউসে রুলিং দেওয়া যায়না, এভাবে চলে না।

**রাজ্যে বিকলাঙ্গ ও অন্ধের সংখ্যা**

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪)। **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) রাজ্যের বিকলাঙ্গের মোট সংখ্যা কত; এবং

(খ) উহাদের মধ্যে কতজন অন্ধ?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি :**

(ক) পশ্চিমবঙ্গে বিকলাঙ্গ ব্যক্তিদের জনসংখ্যার কোনও সঠিক সমীক্ষা হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহোদয় কি বিকলাঙ্গদের সংখ্যা সংগ্রহ করবার ব্যবস্থা করবেন?

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি :** আমরা মনে করি বিকলাঙ্গ ব্যক্তিদের জনসংখ্যার সমীক্ষা হওয়া উচিত এবং তার জন্য আমরা প্রস্তুতি চালাচ্ছি।

**চাঁচল হাসপাতাল**

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭)। **ডাঃ গোলাম ইয়াজদানি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার চাঁচল হাসপাতালের নির্মাণের কাজ কবে নাগাত শেষ হইবে;

(খ) এই নির্মাণের কাজ কবে শুরু করা হইয়াছিল;

(গ) কবে এই হাসপাতালটি চালু করা যাইবে বলিয়া আশা করা যায়; এবং

(ঘ) হরিশ্চন্দ্রপুর হাসপাতালের এক্সরে ইউনিটটির কাজ কবে হইতে শুরু করা হইয়াছে এবং উক্ত ইউনিটের ভার কাহার উপর ন্যস্ত আছে?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) গৃহাদি নির্মাণের কাজ শেষ হয়েছে।

(খ) ও (গ) গৃহাদি নির্মাণের কাজ আগেই শুরু হয়েছিল তবে জল সরবরাহের কাজটি ১৯৭৯ সালের এপ্রিল মাসে অনুমোদিত হয়েছে। জল সরবরাহের কাজ শেষ হলেই হাসপাতালটি চালু করা যাবে।

(ঘ) এক্সরে ইউনিটটি চালু হবার কিছুদিন পর মেশিনটি খারাপ হয়ে যায়। ঐ মেশিন মেরামত করে ইউনিটটি আবার চালু করা হয়েছে। ঐ ইউনিটটির দায়িত্ব ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসারের উপর ন্যস্ত আছে।

**ডাঃ গোলাম ইয়াজদানি :** এই হাসপাতালটি কবে চালু হবে বলে আশা করা হচ্ছে এবং জল সরবরাহের কাজ কবে শেষ হবে?

**শ্রী ননী ভট্টাচার্য :** আমি মাননীয় সদস্যদের এটা বলতে চাই যে, অনেকগুলি জিনিসের ওপর এই জল সরবরাহের কাজ নির্ভর করছে, পাইপ লাইনের অভাব, সিমেন্টের অভাব ইত্যাদির মধ্যে দিয়ে কাজ করতে হচ্ছে। সুতরাং সঠিকভাবে দিন বলে দেওয়া কঠিন, তবে এই বছরের মধ্যে, অর্থাৎ ফাইনান্সিয়াল ইয়ারের মধ্যে যাতে জল সববরাহ প্রকল্পটির কাজ

সম্পন্ন হয় তার জন্য আপ্রাণ চেষ্টা করা হচ্ছে।

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** যত দিন না ঐ হাসপাতালটি চালু হয় তত দিন পর্যন্ত — চাঁচল হাসপাতালে কি একটি অ্যাম্বুলেন্স দেওয়া যায় না?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** ঐ হাসপাতালটি যখন চালু হবে তখন নিশ্চয়ই সে ব্যবস্থা করা হবে। আপাতত প্রাইমারি হেল্‌থ সেন্টার হিসাবে চাঁচল আছে এবং সেখানে অ্যাম্বুলেন্স দেওয়ার প্রভিসন নেই। কিন্তু তবুও যেহেতু একটা প্রাইমারি হেল্‌থ সেন্টারকে আপগ্রেড করা হচ্ছে সেহেতু আমরা সেটা একটু বিবেচনা করে দেখব, একজামিন করে দেখব।

[1-30 — 1-40 P.M.]

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** এই এক্সরে ইউনিটে সপ্তাহে ক'দিন কাজ হচ্ছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** নোটিশ না দিলে বলতে পারব না। এক্সরে মেশিন চালু ছিল তারপর অচল হয় এবং সেটা মেরামত করে চালু করা হয়েছে, আবার এক্সরে টেকনিশিয়ান্স পাওয়া যায়নি — এইসব নানা রকম বিভ্রাট আছে।

**শ্রী এ.কে.এম হাসানউজ্জামান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, এক্সপিরিয়ান্স ম্যানের অভাবে হরিশচন্দ্রপুর হাসপাতালে এক্সরে বন্ধ হয়ে গেল। মাননীয় সদস্য ডাঃ ইয়াজদানি যিনি এক্সরে সম্পর্কে অভিজ্ঞ তিনি ভলানটারী অফার দিয়েছিলেন এক্সরে চালু করার জন্য এটা কি সত্য?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এমন কোনও প্রপোজ্যাল আমার কাছে এসেছে বলে আমার মনে হয়না।

**শ্রী এ.কে.এম হাসানউজ্জামান ঃ** হেল্‌থ সেন্টার থেকে একটা চিঠি দেওয়া হয়েছিল এ সম্পর্কে কি আপনি জানেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি অনুসন্ধান করে দেখব।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন চাঁচল হাসপাতালটি চালু করতে সামান্য দেরি আছে আমার প্রশ্ন হচ্ছে যতটুকু দেরি আছে তার আগে ডাক্তার, নার্স বা সমস্ত ব্যবস্থা গ্রহণ করা দরকার সেই সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আমি বলেছি জল সরবরাহ ব্যবস্থা শেষ হতে সময় লাগবে, আমরা আপ্রাণ চেষ্টা করছি। আমরা এই ফাইনান্সিয়াল ইয়ারের মধ্যে জল সম্প্রসারণ ব্যবস্থা করব। ইতিমধ্যে হাসপাতাল চালু করতে যে সমস্ত সাজ-সরঞ্জাম দরকার এবং স্টাফ চালু করার দরকার সেগুলির নিশ্চয়ই ব্যবস্থা হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** হরিশচন্দ্রপুরে যে এক্সরে ইউনিট আছে সেই এক্সরে ইউনিটের দ্বারা কি শুধু টি.বি.র এক্সরে হবে না এক্সরে হবে?

(নো রিপ্লাই)

**তারাতলার লিপটন লিঃ কোম্পানি**

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৬)। **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** শ্রম বিভাগের মন্ত্রী

মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, তারাতলা হাইড রোড অবস্থিত লিপ্টন লিঃ কোম্পানি গত ৯ মাস যাবৎ বন্ধ হয়ে আছে;

(খ) সত্য হ'লে সরকার উক্ত কোম্পানি খোলার জন্য কি ব্যবস্থা গ্রহণ করছেন;

(গ) উক্ত লিপটন কোম্পানির শ্রমিক ও কর্মচারীর কোনও সংখ্যা সরকারের নিকট আছে কি; এবং

(ঘ) থাকলে, উক্ত সংখ্যা কত?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি উত্তর দিচ্ছি, যেহেতু শ্রমমন্ত্রী মহাশয় অনুপস্থিত।

(ক) কারখানাটির অধিকাংশ কর্মী ১৮।৪।৭৯ থেকে ধর্মঘট করায় কারখানাটির কাজ বন্ধ আছে।

(খ) বিষয়টি সম্বন্ধে রাজ্য শ্রম অধিকারে শালিসী চলিতেছে। মালিক ও শ্রমিক প্রতিনিধিবৃন্দের সঙ্গে একাধিকবার দ্বিপাক্ষিক এবং ত্রিপাক্ষিক আলাপ-আলোচনা হইয়াছে। আমিও বিষয়টি নিস্পত্তির চেষ্টা করিতেছি।

(গ) হ্যাঁ।

(ঘ) প্রায় ১৮০০ জন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, ওখানে দুটি রেকগনাইজড ইউনিয়ন আছে, একটা সিটুর আর একটি এন.এল.সি. সির?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** রিপোর্টে দেখতে পাচ্ছি, লিপটন মজদুর ইউনিয়ন আর কংগ্রেস মজদুর ইউনিয়ন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে শ্রমিকবৃন্দের সঙ্গে কথা হয়েছে — আমি এন.এল.সি. ইউনিয়নের প্রেসিডেন্ট — আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলছি এখনও পর্যন্ত আমাদের ডাকা হয় নি কিন্তু সিটুর সাথে গোপন আঁতাতে কথা হয়েছে যদিও মেজরিটি ওয়ার্কারস আমাদের ইউনিয়নে বিল করে, ১৮০০ শ'র মধ্যে ১৬০০ কর্মী ইউনিয়নে রয়েছে। সুতরাং কারণটা কি?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** আপনার ইউনিয়নকে কেন ডাকা হয়নি, আমি তার কারণ বলতে পারছি না কিম্বা ডাকা হয়েছে কিনা তাও জানি না। ওখানে যে মজদুর ইউনিয়ন আছে তারা একটা নোটিশ দিয়েছিলেন — ৩০.৩.৭৯ তারিখে চ্যার্টার অফ ডিমান্ড জমা দিয়েছিলেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ঈদ গেল, কোন মুসলমান ভাইয়েরা টাকা পায়নি। সামনে পূজা আসছে এখনও শ্রমিকেরা না খেতে পেয়ে মরছে, আত্মহত্যা করছে। আপনি শ্রমমন্ত্রীকে কি অনুরোধ করবেন—মালিকদের সঙ্গে আঁতাত ছেড়ে দিয়ে সিটু এবং আমাদের যে ইউনিয়ন আছে — এই দুটি ইউনিয়নের সঙ্গে বসে ঠিক

করবেন কিনা?

**শ্রী দীনেশ মজুমদার :** সাপ্লিমেন্টারি এবং মন্তব্য এক জিনিস নয়।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে লিপটন লিমিটেড কোম্পানি বন্ধ হয়ে যাবার কারণ কি?

**Shri Bhabani Mukherjee :** The Lipton Mazdoor Union (CITU) by their Notice dated 30.3.79 informed the management that in case the Charter of Demands remained unresolved, they would resort to continuous strike with effect from 18.4.79. Since no settlement could be reached the strike of the clerical and supervisory staff of the factory and of the Head Office staff took place w.e.f. 18.4.79. The Lipton Sramik Congress submitted that they were not a party to the strike decision. The main issue in dispute relates to the Company's insistance on modernization and installation of electronic data processing system. The Lipton Mazdoor Union which represent a very large majority of the concerned workmen are not averse to modernization or installation of EDP systems but apprehending reduction in employment and employment opportunities over a period of time. They demand for protective guarantee from the management to the effect that there will be no reduction in the total manning of the Calcutta factory, Head Office and Calcutta Branch where E.D.P. will be introduced. While the management are prepared to ensure that no retrenchment is resorted to because of introduction of E.D.P. they have expressed their inability to give a blanket guarantee regarding the total manning in future.

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে লিপটনের বর্তমান ইউনিয়ন ১৯৭২ সালে সি.পি.এমের দ্বারা প্রভাবিত সিটুর পত্তন করা হয়েছিল এবং তাকে কংগ্রেসিরা দখল করেছিল?

**শ্রী ভবানী মুখার্জি :** এই সম্বন্ধে স্পেসিফিক প্রশ্ন করলে উত্তর দিতে পারি।

**বেগুনাবেড়্যা ও কাশীপুর স্বাস্থ্যকেন্দ্র**

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২)। **শ্রী শিবনাথ দাস :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত সুতাহাটা থানার বেগুনাবেড়্যা হেলথ সেন্টারটির বর্তমান অবস্থা কি;

(খ) উক্ত হেল্‌থ সেন্টারটি কবে নাগাত চালু হইবে; এবং

(গ) কাশীপুর হেল্‌থ সেন্টার কি বর্তমানে চালু করার কোনও পরিকল্পনা আছে?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) সম্প্রতি এই উপ-স্বাস্থ্যকেন্দ্রের গৃহ নির্মাণকাজ শেষ হয়েছে।

(খ) খুব শীঘ্রই চালু করার আদেশ দেওয়া হবে।

(গ) কাশীপুরে একটি সাবসেন্টারের গৃহনির্মাণ কাজ শুরু করার আদেশ দেওয়া হয়েছে। ঐ কাজ শেষ হলেই সাবসেন্টার চালু করা হবে।

**শ্রী শিবনাথ দাস :** কাশীপুর হেল্‌থ সেন্টারের গৃহনির্মাণের কাজ এক বছর আগে সম্পূর্ণ হয়ে গেছে, চালু হবে কবে, আপনি বলছেন এখন ঘর হয়নি — এ উত্তর আপনার কাছে কি করে এল?

**শ্রী ননী ভট্টাচার্য :** আমি অনুসন্ধান করে দেখব।

**বাঁকুড়া সম্মিলনী কলেজ ও হাসপাতাল অব্যবস্থার অভিযোগ**

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫)। **শ্রী অনিল মুখার্জি :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালে অব্যবস্থা সম্পর্কে সরকার কি কোনও অভিযোগ পেয়েছেন; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) ও (খ) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রশাসন সম্পর্কে, শিক্ষক ও অন্যান্য কর্মচারিদের হাজিরা, বহির্বিভাগ হইতে নিয়মিত ওষুধ সরবরাহ প্রভৃতি বিষয়ে সরকার কতগুলো অভিযোগ পেয়েছেন।

সেগুলো প্রতিকারের জন্য কিছু কিছু ব্যবস্থা ইতিমধ্যেই নেওয়া হয়েছে। অন্যান্য বিষয়ে সম্ভাব্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে গোবিন্দনগর ও লোকপুরে যে হাসপাতাল আছে সেখানকার অস্বাস্থ্যকর অবস্থা দূর করার কি ব্যবস্থা করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য :** দুটি হাসপাতালে অস্বাস্থ্যকর অবস্থা দূর করার ব্যবস্থা করা হচ্ছে, স্যানিটেনের ব্যবস্থা করা হচ্ছে এবং সমস্তটা একটা কমপ্লেক্স এর মধ্যে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে।

**শ্রী অনিল মুখার্জি :** যতক্ষণ না এই দুটাকে একটা কমপ্লেক্সের মধ্যে নিয়ে যাওয়া হচ্ছে ততক্ষণ পর্যন্ত একটা ঘেরার ব্যবস্থা করা হবে কি?

**শ্রী ননী ভট্টাচার্য :** ঘেরার ব্যবস্থার কথা চিন্তা করি নি তবে পরিষ্কার পরিচ্ছন্ন করা হচ্ছে।

**শ্রী জন্মেজয় ওঝা :** সেখানে প্রফেসারের অভাবে পড়াশুনা হচ্ছে না এটা কি জানেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এ বিষয়ে সেক্রেটারি বা স্বাস্থ্য আধিকারিক নিয়ে একটা মেডিক্যাল টিম করা হয়েছিল, প্রফেসার ও টিচার এর অভাব দূর করার জন্য আমরা আদেশ দিয়েছি এবং কারা যাবেন সে সম্বন্ধেও আদেশ দেওয়া হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ট্রান্সফারের অর্ডার দেওয়া সত্ত্বেও অনেক টিচার সেখানে যাচ্ছেন না সে কথা জানেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এ সম্বন্ধে জানি না। তবে এ বিষয়ে আমরা অনুরোধ করেছি এবং আমাদের লেফ্‌ট ফ্রন্ট এর চেয়ারম্যান তিনিও অনুরোধ করেছেন যাতে অবিলম্বে তাঁরা সেখানে যান।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে কিছু দিন আগে একটা রোগী ভর্তি হতে এসেছিল কিন্তু ডাঃ-রা তাকে ভর্তি না করে ছেড়ে দেওয়ায় বাস স্ট্যাণ্ডে এসে সে মারা যায় এটা জানেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** বিষয়টা অনুসন্ধান করা হচ্ছে এবং রিপোর্টের অপেক্ষায় আছি।

**পানীয় জল সরবরাহের জন্য গভীর নলকূপ স্থাপন**

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *২২৩)। **শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার প্রত্যেকটি ব্লকের সদর দপ্তর এলাকায় হাসপাতাল সহ স্থানীয় জনসাধারণের পানীয় জলের ব্যবস্থা করার জন্য ডিপ টিউবওয়েল স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কোচবিহার জেলার মিতাই ব্লকে কবে নাগাত এই ডিপ টিউবওয়েল স্থাপন করা হইবে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) Deep tubewell স্থাপন করার কোনও পরিকল্পনা "গ্রামীণ জলসরবরাহ প্রকল্পের" অন্তর্ভুক্ত নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** পানীয় জল সরবরাহের ব্যাপারে ওভার হেড ট্যাঙ্কের জল সরবরাহের কোনও ব্যবস্থা বা পরিকল্পনা আছে কিনা?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** প্রত্যেকটি ব্লকে এরূপ ডিপ টিউবওয়েল করে পাইপ ওয়াটার সাপ্লাই ওভার হেড ট্যাঙ্কের পরিকল্পনা নেই, তবে কিছু কিছু এলাকায় গ্রামীণ জল সরবরাহের জন্য পাইপ ওয়াটারের পরিকল্পনা নিয়েছি এবং কিছু কিছু কাজ শেষও হয়ে গেছে।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** খ প্রশ্নের উত্তরটা কি দিয়েছেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** প্রশ্ন ওঠে না, যেহেতু ডিপ টিউবওয়েল স্থাপন করার পরিকল্পনা প্রত্যেকটা ব্লকে নেই।

**এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিস্ট্রীকৃত বেকারদের কার্ড পুনর্নবীকরণ**

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৫)। **শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭০ থেকে ১৯৭৭ পর্যন্ত সময়ের মধ্যে যে সমস্ত রেজিস্ট্রীকৃত বেকার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রিনিউ করান নি, সরকার কি তাঁদের কার্ড রিনিউ করার সুযোগদানের জন্য সম্প্রতি কোনও আবেদন পেয়েছেন; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে —

(১) কটি কেন্দ্রে এরূপ আবেদন পেয়েছেন, ও

(২) এই আবেদনের পরিপ্রেক্ষিতে সরকার কোনও বিবেচনা করেছেন কি?

**শ্রী ভবানী মুখার্জি ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) ৩টি কেন্দ্রে।

(২) বিষয়টি সরকার পরীক্ষা করিয়া দেখিতেছেন।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** ৩টি কেন্দ্রের নাম কি?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** বাঁকুড়া, বারাকপুর, দুর্গাপুর।

**শ্রী উপেন কিস্কু ঃ** যে সমস্ত যুবকদের ৫ বছর পূর্ণ হবে তাদের কি বেকার ভাতার আওতাভুক্ত করা হবে?

**শ্রী ভবানী মুখার্জি ঃ** আমি আগেই বলেছি যে বিষয়টা বিবেচনাধীন আছে।

**ডাক্তার ও স্পেশ্যালিস্টদের প্রাইভেট প্র্যাকটিশ বন্ধকরণ**

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭)। **শ্রী রজনীকান্ত দোলুই ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শিক্ষক-ডাক্তার ও স্পেশ্যালিস্টদের প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার ব্যাপারে সরকার কোনও ব্যবস্থা অবলম্বন করছেন কি; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, —

(১) ঐ ব্যবস্থাগুলি কি, ও

(২) কবে থেকে উক্ত ব্যবস্থা কার্যকরি হবে বলে আশা করা যায়?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) শিক্ষক - ডাক্তারদের ক্ষেত্রে প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার একটা প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) ঐ ব্যাপারে বিশদ ব্যবস্থাবলি স্থিরিকৃত হয়নি।

**শ্রী রজনীকান্ত দোলুই :** শিক্ষক ডাক্তার এবং স্পেশ্যালিস্টদের ক্ষেত্রে কি ব্যবস্থা করেছেন?

**শ্রী ননী ভট্টাচার্য :** আমরা প্রথমে শিক্ষক ডাক্তারদের সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করেছি তারপর যদি দেখা যায় যে এটা ঠিক মতন চলছে তাহলে স্পেশ্যালিস্ট যারা ননটিচিং স্টাফ তাঁরা যাতে প্রাইভেট প্র্যাকটিশ না করতে পারেন তা দেখব।

**শ্রী রজনীকান্ত দোলুই :** কি ধরনের প্রস্তাব বিবেচনাধীন আছে?

**শ্রী ননী ভট্টাচার্য :** আমাদের যে স্টেট হেল্থ অ্যাডভাইসারি কমিটি আছে তাঁরা বলেছেন প্র্যাকটি বন্ধ করে বেতন ও অন্যান্য সুযোগ সুবিধা দিতে হবে। সেটা কতটা কি করা যায় তা নিয়ে পরীক্ষা করা হচ্ছে এবং স্টেট হেল্থ অ্যাডভাইসারি বডি এ বিষয়ে যে একটা সাব কমিটি গঠন করেছেন তারা সমস্ত একজামিন করে একটা রিপোর্ট দিয়েছেন তা আমরা একজামিন করছি।

**দাসপুর ২ নং ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র**

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮)। **শ্রী মনোরঞ্জন রায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার দাসপুর ২নং ব্লকে কোনও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নাই;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) উক্ত ব্লকে, কবে নাগাত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু করা যাইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) ঐ ব্লকে কোনও স্থায়ী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র নেই তবে খুকুড়দহ উপস্বাস্থ্য কেন্দ্রটি অস্থায়ী ভাবে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের কাজ করছে।

(খ) প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য প্রাপ্ত জমির কিছুটা ভরাট করা দরকার। তাছাড়া ঐ জমিতে গাড়ি যাতায়াত করার জন্য রাস্তা চওড়া করতে হবে। ঐ কাজগুলি করানোর জন্য প্রয়োজনীয় প্রতিফলন পেলে ঐ বাবদ অর্থ মঞ্জুর করা হবে এবং প্রয়োজনীয় প্রাক্কলনের ভিত্তিতে স্বাস্থ্যকেন্দ্রের গৃহাদি নির্মাণের আদেশ দেওয়া হবে।

(গ) নির্দিষ্ট তারিখ বলা সম্ভব নয়, তবে যত শীঘ্র সম্ভব চালু করা হবে।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী মনোরঞ্জন রায় :** (ক) প্রশ্নের উত্তরে যেটা বললেন অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র হিসাবে কোথায় সেটা চালু আছে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** খুকুড়দহে।

**শ্রী মনোরঞ্জন রায় ঃ** ঐ স্বাস্থ্য কেন্দ্রের জমি ভরাটের ব্যাপারে কি কি অসুবিধা দেখা দিয়েছে সেটা বলবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** অ্যাডভান্স নোটিশ দিলে খোঁজ নিয়ে বলতে পারব।

### পশ্চিমবঙ্গের খরাক্লিষ্ট জেলাসমূহ

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩)। **শ্রী নানুরাম রায় ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিম বাংলায় এ বছর (১৯৭৯) কোন কোন জেলা খরায় আক্রান্ত?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ**

সবকটি জেলাই এ বৎসর কমবেশি খরার প্রকোপে পড়েছে ।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি পশ্চিমবাংলার সবকটি জেলায় যদি খরা হয়ে থাকে তাহলে সে সম্বন্ধে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** আমরা বিধানসভায় আগেই বলেছি কেন্দ্রীয় সরকারের কাছে খরা সম্পর্কে এবং অন্যান্য ত্রাণ সম্পর্কে খরার ব্যাপারে কেন্দ্রীয় সরকার ৩ কোটি ৬০ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। কিন্তু সেই টাকা খরচ ফুড ফর ওয়ার্কে হবে না, ফুড ফর ওয়ার্ক বাদ দিয়ে অন্যান্য সে সমস্ত গ্রামীণ উন্নয়ন প্রকল্প আছে তাতে খরচ হতে পারে। কেন্দ্রীয় সরকার গম দিচ্ছে না, সেজন্য আমরা ১০ হাজার মেট্রিক টন গমের ব্যবস্থা করছি যাতে ১।। কোটি টাকা খরচ পড়বে। কাজেই যেটা আমরা আগেই কিনেছিলাম তার থেকে ১০ হাজার মেট্রিক টন গম আমরা কিনছি যার দাম ১।। কোটি টাকা লাগবে।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি তাহলে সব কটা জেলাকে খরা বলে ঘোষণা করবেন কি? কত পারসেন্ট খরা হলে খরা বলে ঘোষিত হবে?

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** এক এক জেলায় এক এক রকম, সে সম্বন্ধে নির্দিষ্ট প্রশ্ন করলে জানিয়ে দিতে পারি।

**শ্রী অজয়কুমার দে ঃ** বামফ্রন্ট সরকারের মন্ত্রী মহাশয়দের উত্তরের মধ্যে দেখা যাচ্ছে যেখানে সাকসেসফুল হচ্ছেন কেন্দ্রের সাহায্যে সেখানে বলছেন আমরা করেছি, আর যেখানে কেন্দ্রীয় সরকার সাহায্য দিচ্ছেন না সেখানে বলছেন কেন্দ্রীয় সরকার সাহায্য দিচ্ছেন না বলে আমরা করতে পারছি না। সবটা দেখছি কেন্দ্রীয় সরকার দিলে করতে পারছেন, কেন্দ্রীয় সরকার না দিলে করতে পারছেন না।

**শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যেটা বললেন সেটা অসত্য। আমি বললাম কেন্দ্রীয় সরকার খরার জন্য টাকা দিচ্ছেন, আমরা নিজেরা যে গম কিনছি তাও বলেছি। আমাদের বাদ দিয়ে শুধু কেন্দ্রীয় সরকার দিচ্ছেন শুনলে যদি উনি খুশি হন তাহলে আমি সেকথা বলতে পারব না ওঁকে খুশি করার জন্য। যা সত্য সেটা বলতে হবে।

### কানদীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র সম্প্রসারণ

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৯)। **শ্রী অহীন্দ্র সরকার :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার গঙ্গারামপুর থানায় কানদীঘিতে অবস্থিত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি সম্প্রসারণ করার জন্য পূর্বের কংগ্রেস সরকারের সিদ্ধান্ত ছিল কি?

(খ) (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, বর্তমান সরকার উক্ত সিদ্ধান্ত বাতিল করিয়াছেন কি; এবং

(গ) উক্ত সিদ্ধান্তটি বাতিল না হইয়া থাকিলে, কবে নাগাত উক্ত স্বাস্থ্যকেন্দ্র সম্প্রসারণের কাজ আরম্ভ হইবে?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) হ্যাঁ। ঐ স্বাস্থ্যকেন্দ্রকে ৩০ শয্যা বিশিষ্ট গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার আদেশ দেওয়া হয়েছে।

(খ) না।

(গ) সংশ্লিষ্ট বাস্তুকারকে কাজ শুরু করার জন্য তাগিদ দেওয়া হয়েছে। আশা করা যায় শীঘ্রই কাজ শুরু হবে।

### জগদ্দল বিধানসভা কেন্দ্রের নারায়ণপুর স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪০)। **শ্রী নীহারকুমার বসু :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে—

(১) জগদ্দল বিধানসভা কেন্দ্রের অধীন নারায়ণপুর গ্রামে একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য একটি পাকা বাড়ি সহ সাত বিঘা জমি সরকারকে দান করিবার প্রস্তাব দেওয়া হইয়াছিল, ও

(২) স্বাস্থ্য বিভাগের জেলা কর্তৃপক্ষ প্রস্তাবিত স্বাস্থ্যকেন্দ্র স্থাপনার স্বপক্ষে সুপারিশ করিয়া মঞ্জুরির জন্য স্বাস্থ্য বিভাগের নিকট পাঠাইয়াছেন; এবং

(খ) যদি সত্য হয়, তবে এই প্রস্তাব কার্যকরি করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী ননী ভট্টাচার্য :**

(ক) (১) হ্যাঁ।

(২) প্রয়োজনীয় তথ্য স্থানীয় কর্তৃপক্ষ পাঠিয়েছিলেন।

(খ) প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

**শ্রী নীহারকুমার বসু ঃ** আপনি বোধহয় জানেন জগদ্দল বিধানসভা কেন্দ্রে কোনও স্বাস্থ্য কেন্দ্র নেই। আমার প্রশ্ন হচ্ছে যেখানে ৭ বিঘা জমি এবং একটি বাড়ি দেওয়া হয়েছে সরকারকে সেখানে সরকারের এই হাসপাতাল করার সিদ্ধান্ত নিতে এত দেরি হচ্ছে কেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** ওখানে ভাটপাড়ায় একটি স্টেট হাসপাতাল আছে ১০০ শয্যা বিশিষ্ট। তবে তা সত্ত্বেও আমরা নারায়ণপুরের দাতব্য চিকিৎসালয়টিকে নিয়ে ওটাকে একটা হেল্‌থ সেন্টারে পরিণত করবার চেষ্টা করছি। আর্থিক স্বাচ্ছন্দ্য থাকলে সব জিনিস করা যায়, কিন্তু সেই স্বাচ্ছন্দ্য আমাদের নেই একথা নিশ্চয়ই সদস্যরা জানেন এবং সেই কারণে বিলম্বিত হচ্ছে।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মন্ত্রী মহাশয় বলবেন কি, এই কাজ কবে নাগাদ সুরু হবে।

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এটা এখনই বলা মুশকিল।

### পটাশপুর ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৬)। **শ্রী কিরণময় নন্দ ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি মেদিনীপুর জেলার পটাশপুর ব্লকে আরও একটি স্বাস্থ্য কেন্দ্র ও দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করিবার বিষয় সরকার বর্তমানে বিবেচনা করিতেছেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) বর্তমান ঐরূপ কোনও প্রস্তাব নেই।

**শ্রী কিরণময় নন্দ ঃ** এই প্রস্তাব না থাকার কারণ বলবেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** কারণ হচ্ছে ওই ব্লকে পটাশপুরে বর্তমানে একটা স্বাস্থ্যকেন্দ্র আছে এবং বারহাটা ও প্রতাপদিঘীতে স্বাস্থ্য কেন্দ্র আছে। কাজেই মিনিমাম নিড্‌স প্রোগ্রামে যা থাকা দরকার সেটা সেখানে রয়েছে। তবে যদি দেখা যায় একটা জনবহুল জায়গা চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে সেখানে আমরা একসেপশন ক্রিয়েট করছি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** ওই ব্লকের আয়তন দুটো ব্লকের আয়তনের সমান এটা জানেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** হতে পারে।

**শ্রী কিরণময় নন্দ ঃ** তাহলে দুটি ব্লকের মধ্যে একটি ব্লকে কেন হবে না?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** যদি প্রশাসনিক ভাবে আলাদা আলাদাভাবে হয়ে যায় তাহলে মিনিমাম নিড্‌স প্রোগ্রাম নিয়ে আসা সম্ভব হবে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এই ব্লক এই বছর দ্বিধা বিভক্ত হবার ব্যবস্থা হয়েছে এবং অনুমোদনও পাওয়া গেছে। তাহলে কবে নাগাত আপনি ওই স্বাস্থ্যকেন্দ্র করবেন?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** এর উত্তর দেওয়া মুশকিল।

**শেঠ সুখলাল কারনানী হাসপাতাল প্রাঙ্গণে অনুমোদনহীন ঘরবাড়ি**

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৮)। **শ্রী সন্দীপ দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সরকার কি অবগত আছেন যে, শেঠ সুখলাল কারনানী হাসপাতাল প্রাঙ্গণে অনুমোদনহীন বহু ঘরবাড়ি গড়ে উঠেছে; এবং

(খ) অবগত থাকলে, হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে সরকার এ সম্পর্কে কোনও ব্যবস্থা নেবার জন্য কোনও অনুরোধ পেয়েছেন কি?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এ বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষ অন্যান্যদের সহযোগিতায় কিছু ব্যবস্থা নেবার চেষ্টা করেছেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিত করেছেন।

**শ্রী সন্দীপ দাস ঃ** একথা কি সত্য যে, এই ব্যাপারে শেঠ সুখলাল কারনানি হাসপাতালের কর্তৃপক্ষের তরফ থেকে বহুবার জানানো হয়েছে যে, সেখানে এই ধরনের অনুমোদিত ঘরবাড়ি গড়ে উঠেছে এবং তার ফলে শান্তি শৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে এবং চুরির ঘটনাও ঘটেছে?

**শ্রী ননী ভট্টাচার্য ঃ** আপনারা জানেন হাসপাতাল হচ্ছে ওভার সেন্সেটিভ জায়গা কাজেই গায়ের জোরে উঠিয়ে দেওয়া যাবেনা। তবে বারেবারে উচ্ছেদের ব্যবস্থা করা হয়েছে এবং পুলিশ ও পি ডব্লিউ ডি যুক্তভাবে এই কাজ করার চেষ্টা করেছে। কিন্তু আপনারা জানেন কথায় কথায় হাসপাতালে অচল অবস্থার সৃষ্টি হয়। তবে আমরা চেষ্টা করছি এই ঘরবাড়ি তুলে দিতে ।

## Starred Questions

(To which written answers were laid on the Table)

**মুর্শিদাবাদে রিলিফ ও গৃহনির্মাণ বাবদ খয়রাতি সাহায্যদানের ব্যাপারে দুর্নীতি**

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৩)। **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদের জেলা ম্যাজিস্ট্রেটের নিকট রিলিফ এবং গৃহনির্মাণের জন্য খয়রাতি সাহায্য দেওয়ার ব্যাপারে কিছু দুর্নীতির অভিযোগ সম্প্রতি আসিয়াছে;

(খ) সত্য হইলে, কয়টি ক্ষেত্রে তদন্ত হইয়াছে; এবং

(গ) কয়টি ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হইয়াছে?

**ত্রান ও কল্যাণ (ত্রান) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী**

(ক) মুর্শিদাবাদের জেলা ম্যাজিস্ট্রেটের নিকট কতকগুলি অভিযোগ আসিয়াছে। তন্মধ্যে ৩২টি সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) সুনির্দিষ্ট অভিযোগগুলির সম্পর্কে তদন্ত চলিতেছে।

(গ) প্রশ্ন ওঠে না।

**হাওড়া জেলার জয়রামপুর গ্রাম সভায় বন্যার্তদের গৃহনির্মাণ অনুদান বন্টন সম্পর্কে অভিযোগ**

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৫)। **শ্রী সন্তোষকুমার দাস :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) হাওড়া জেলার দেউলপুর গ্রাম পঞ্চায়েতের অধীন জয়রামপুর গ্রাম সভা কর্তৃক বন্যায় ক্ষতিগ্রস্তদের গৃহনির্মাণ অনুদান বন্টন সম্পর্কে কোনও অভিযোগ সরকার পাইয়াছেন কিনা; এবং

(খ) পাইয়া থাকিলে, এ সম্পর্কে তদন্তের রিপোর্ট কি?

**ত্রান ও কল্যাণ (ত্রান) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ

(খ) অভিযোগ সম্পর্কে পূর্ণ তদন্ত রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

**ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন লিঃ এর লাভ-ক্ষতির পরিমাণ**

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২)। **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিগত দুই বৎসরে ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন লিঃ এর লাভ অথবা ক্ষতির পরিমাণ কত?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

১৯৭৭-৭৮ সমবায় বৎসরে অ-নীরিক্ষীত হিবাস অনুযায়ী ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন লিঃ এর লাভের পরিমাণ ১ লক্ষ ৬২ হাজার টাকা। ১৯৭৮-৭৯ সমবায় বৎসরের হিসাব তৈরির কাজ এখনও সম্পন্ন হয় নি। এই কাজ যথাশীঘ্র করার প্রচেষ্টা ফেডারেশনের পক্ষ থেকে নেওয়া হচ্ছে।

**দন্ডকে প্রত্যাবর্তনকারী উদ্বাস্তুদের সুযোগসুবিধা দান**

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪)। **শ্রী অমলেন্দ্র রায় :** উদ্বাস্তু ত্রাণ এ পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সম্প্রতিকালে দন্ডকে প্রত্যাবর্তনকারী উদ্বাস্তুদের কিরূপ সুযোগসুবিধা দেওয়া হইয়াছে সে সম্বন্ধে রাজ্য সরকারের কোনও তথ্য আছে কি?

**উদ্বাস্তু, ত্রান ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

দন্ডকারণ্যের মুখ্য প্রশাসকের নিকট প্রেরিত কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রকের চিঠির সূত্রে জানা যায় যে দন্ডক প্রত্যাবর্তনকারী প্রতিটি উদ্বাস্তু পরিবারকে নিম্নোক্তরূপে পুনর্বাসন সাহায্য মঞ্জুর করা হইতেছে।

(১) পুনরায় ভর্তি হইবার পর কর্মী শিবির স্থিত পরিবার বর্গকে নির্ধারিত হারে ত্রাণ সাহায্য দান,

(২) প্রত্যাবর্তনকারীগণকে নিজ নিজ পুনর্বসতির স্থানে এবং কর্ম্মী শিবিরে ফিরিয়া আসিবার ব্যবস্থা,

(৩) বীজ, সার, কৃষিসরঞ্জাম ইত্যাদি ক্রয় বাবদ সর্বোচ্চ ৫০০ শত টাকা ঋণ

(৪) এক জোড়া বলদ ক্রয়, বা তাহার সংস্থানের জন্য সর্বোচ্চ ৭৫০ টাকা ঋণ

(৫) সর্বাধিক ৩৫০ টাকা মূল্যে দুই কুইন্টাল চাল খয়রাতি সাহায্য প্রদান

(৬) ১৫ দিনের জন্য ৬০ টাকার অনধিক ডোল প্রদান

(৭) এখনো পর্যন্ত যাহাদের বাড়ি হয় নাই তাহাদেরকে রান্নাঘর তৈয়ারির জন্য সর্বাধিক ২৫ টাকা সাহায্য দান।

কেন্দ্রীয় সরকারের নির্দেশাবলি সঠিকভাবে প্রয়োগ করা হইতেছে কি না তাহা নির্ণয়ের দায়িত্ব রাজ্য সরকারের এক্তিয়ার বহির্ভূত। তথাপি প্রত্যাবর্তনকারী উদ্বাস্তুগণের সাহায্য ও পুনর্বাসিন সংক্রান্ত বিষয়গুলি প্রত্যক্ত করিবার জন্য পুনর্বাসিন মন্ত্রী মহোদয়ের নেতৃত্বে লোক সভার সদস্যগণের একটি সমীক্ষকদলের বিগত জুন মাসের শেষ সপ্তাহে দন্ডকারণ্যে যাইবার প্রস্তাব ভারত সরকারের শেষ মূহুর্তের নির্দেশে কার্য্যকরি করা যায় নাই।

## অ্যান্টিসেপ্টিক জাতীয় বিশেষ ওষুধ সম্পর্কে কেন্দ্র ও রাজ্য সরকারের গবেষণাগারের রিপোর্টে বৈষম্য

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩)। **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, অ্যান্টিসেপ্টিক জাতীয় একটি ওষুধ সম্পর্কে সম্প্রতি সরকার ও কেন্দ্রীয় সরকারের ওষুধ পরীক্ষাগার সম্পূর্ণ বিপরীত রিপোর্ট দিয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে —

(১) ওষুধটির নাম কি,

(২) ওষুধ উৎপাদকের নাম ও ঠিকানা কি,

(৩) ওষুধটির প্রথম উৎপাদন তারিখ কি (ডেট অব ম্যানুফ্যাকচারিং) ও

(৪) আর কোন কোন ওষুধ সম্পর্কে ঐ ধরনের রিপোর্ট আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) (১) সালফাডায়াজিন ট্যাবলেট, ব্যাচ নং - ৩৬

(২) ও (৩) এ ব্যাপারে পরস্পর বিরুদ্ধ খবর পাওয়া গেছে। ব্যাপারটা এখনও কলকাতা পুলিশের তদন্তাধীন।

(৪) আর কোনও ওষুধ সম্পর্কে এ ধরনের রিপোর্ট নেই।

**নদীয়া জেলায় সাম্প্রদায়িক হাঙ্গামায় বিধ্বস্ত ঘরবাড়ি**

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২)। **ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) নদীয়া জেলায় সাম্প্রতিক কালে সাম্প্রদায়িক হাঙ্গামার ঘটনায় কতগুলি গ্রাম এবং মোট কতগুলি বাড়িঘর বিধ্বস্ত হয়েছে;

(খ) এইসব বিধ্বস্ত বাড়িঘরের মধ্যে কতগুলি —

(১) সংখ্যালঘুদের, ও

(২) অন্যান্য সম্প্রদায়ের;

(গ) এই ঘটনায় সর্বমোট ক্ষতিগ্রস্ত লোকেদের সংখ্যা কত; এবং

(ঘ) ক্ষতিগ্রস্ত পরিবারদিগকে কি কি ধরনের সাহায্য দেওয়া হয়েছে বা হবে?

**ত্রান ও কল্যান (ত্রান) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪০ টি গ্রাম এবং মোট ১৩১০টি বাড়িঘর বিধ্বস্ত হয়েছে।

(খ) (১) ১২৪২ টি

(২) ৬৮ টি

(গ) মোট ২৮,০১৬ জন।

(ঘ) ক্ষতিগ্রস্ত পরিবারদিগকে ক্ষয়রাতি সাহায্য, গৃহনির্মাণ সাহায্য, ত্রিপল, বাঁশ, চিড়া, গুড়, চিনি, গুড়াদুধ, ডাল জামাকাপড়, ও লোঙ্গরখানা হইতে রান্না খাবার দেওয়া হয়েছে।

**বাঁকুড়া জেলায় মৎস্যজীবীদের ঋণ মঞ্জুর**

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯)। **শ্রী অনিল মুখার্জি ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে মৎস্যজীবীদের জন্য বর্তমান বৎসরে ঋণ মঞ্জুর করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকিলে, কি পরিমাণ ঋণ মঞ্জুর করা হইবে; এবং

(গ) কয়জন মৎস্যজীবীকে ঋণ মঞ্জুর করা হইয়াছে বা হইবে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে

(খ) আনুমানিক ৭০,০০০ টাকা ঋণ প্রদানের প্রস্তাব আছে।

(গ) এ বৎসরে এখনও পর্যন্ত কোনও ঋণ দেওয়া হয় নাই। বর্তমান বৎসরে মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক জাল, নৌকা ইত্যাদি ক্রয়ের জন্য ঋণ দান প্রকল্পের মাধ্যমে ৪টি সমবায় সমিতি, মাছের স্টল নির্মাণের জন্য ঋণদান প্রকল্পের মাধ্যমে ৫টি সমবায় সমিতিকে

**এবং খরা অঞ্চল হিসাবে ডি.পি.এ.টি.পি.-র অধীন দরিদ্র মৎস্যজীবীদের জাল তৈয়ারির জন্য ঋণদান প্রকল্পের মাধ্যমে ১২৫ জন মৎস্যজীবীকে ঋণ দেওয়া হইবে।**

[2-00 — 2-10 P.M.]

## ADJOURMENT MOTION

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ মুলতুবি প্রস্তাব সম্বন্ধে অলিখিত মোটামুটি একটা ঠিক হয়েছিল যে দু-তিনটির বেশি দেওয়া হবে না এবং সদস্যদের সঙ্গে কথাবার্তাও হয়েছিল যে এক পার্টি থেকে একটার বেশি দেওয়া হবে। কিন্তু আজকে দেখছি অনেকগুলো এসেছে। যাই হোক আমি পড়ে দিচ্ছি।

আমি সর্ব্বশ্রী অজয়কুমার দে, বিজয় বাউরী, জন্মেজয় ওঝা এবং হাবিবুর রহমান মহাশয়ের কাছ থেকে চারটি মুলতুবি প্রস্তাবের নোটিশ পেয়েছি।

প্রথম প্রস্তাবে শ্রী দে আরামবাগ ব্লকে সাধারণ মানুষের উপর নির্যাতনের কথা আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি আইন-শৃঙ্খলার প্রশ্নের সহিত সংশ্লিষ্ট। প্রচলিত আইনের মধ্যেই এর প্রতিকার আছে। তাই এটি মুলতুবি প্রস্তাবের বিষয় হতে পারে না।

দ্বিতীয় প্রস্তাবে শ্রী বাউরী পুরুলিয়া ও বাঁকুড়া জেলার খরার বিষয় আলোচনা করতে চেয়েছেন। আগামী ১৪ই সেপ্টেম্বর তারিখে ১৮৫ নং আইনানুযায়ী খরার উপর একটি প্রস্তাব আলোচনার জন্য নির্দিষ্ট আছে। ঐ সময় সদস্য মহাশয় তার উল্লিখিত বিষয় আলোচনার যথেষ্ট সুযোগ পাবেন। উপরোক্ত কোনও জেলাকে খরা এলাকা বলিয়া ঘোষণা করা হোক ইহা মুতলুবি প্রস্তাবের বিষয় বস্তু হইতে পারে না।

তৃতীয় প্রস্তাবে শ্রী ওঝা দন্ডক উদ্বাস্তুদের উপরে নির্যাতনের সম্পর্কে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি সাম্প্রতিক নয়। তাই এটি মুলতুবি প্রস্তাবের বিষয় হতে পারে না।

চতুর্থ প্রস্তাবে শ্রী রহমান জঙ্গীপুর মিউনিসিপ্যালিটিতে নমিনেটেড বডি বসানোর ব্যাপারে আলোচনা করতে চেয়েছেন। বিষয়টি সরকারের সাধারণ প্রশাসনের মধ্যে পড়ে । তাছাড়া বিষয়টি এমন জরুরি নয় যে এর জন্য সভার কাজ মুলতুবি রাখা যায়। সদস্য মহাশয় ইচ্ছা করলে দৃষ্টি আকর্ষণ বা প্রশ্নের মাধ্যমে ব্যাপারটি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের গোচরে আনতে পারেন। তাই আমি চারটি মূলতুবি প্রস্তাবেই আমার অসম্মতি জ্ঞাপন করছি।

তবে সদস্যরা ইচ্ছা করলে তাঁদের প্রস্তাবের সংশোধিত অংশগুলো পড়তে পারেন।

**শ্রী অজয়কুমার দে ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মূলতুবি রাখছেন। বিষয়টি হল —

আজ কয়েকমাস ধরে আরামবাগ ব্লকের অধীনে সালেপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের শাসনে গ্রামের খেটে খাওয়া সাধারণ মানুষের কষ্টের শেষ নেই। একদিকে স্বৈরতন্ত্র, অন্য দিকে দলীয় কায়েমী স্বার্থ বজায় রাখতে চরম দুর্নীতির এক চক্র তৈরি করে দিকে দিকে চলেছে নিপীড়ন, নির্যাতন ও বিচারের নামে চরম ব্যাভিচার। নারীর সম্ভ্রম ক্ষুন্ন হচ্ছে। গ্রামের

শান্তিকামী সহজ, সরল সাধারণ মানুষের মাঝে এসেছে হতাশা। নিপীড়িত মানুষ থানায় গিয়ে কোনও সুরাহা তো পাচ্ছেনই না উপরন্তু বিচারের প্রার্থনা জানাতে গিয়ে তারাই হচ্ছেন আসামি। এই অবস্থায় অবিলম্বে অবসান দাবি করে এই সভা তাঁর কাজ মুলতুবি রেখে এই গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনার দাবি রাখছে।

**শ্রী বিজয় বাউরী :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় বর্তমান বছরে বৃষ্টি না হওয়ার ফলে প্রচন্ড খরা দেখা দিয়েছে। ফলে এই জেলাগুলিতে কোনও চাষবাস করা সম্ভব হয় নি। এই খরার মোকাবিলা করার জন্য বিগত সরকার কোনও সেচের ব্যবস্থা গ্রহণ করেনি, তেমনি বর্তমান সরকার ক্ষমতায় আসার পরেও এই জেলাগুলিতে সেচের জন্য কোনও প্রকার ব্যবস্থা গ্রহণ করেনি। তাই বর্তমানে ঐ দুটি জেলায় এক অসহনীয় পরিস্থিতির সৃষ্টি হয়েছে। নিম্ন চাষী, গরিব চাষী, বর্গা চাষী, ক্ষেতমজুরদের কোনও কাজ নেই। সেই সুযোগে প্রতিটি নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উত্তরোত্তর অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ঘটছে। ফলে হাজার হাজার পরিবার অর্দ্ধাহারে, অনাহারে জীবন যাপন করছেন। যে কোনও মুহুর্তে অনাহারে মৃত্যু ঘটতে পারে। তাই অবিলম্বে এই জেলা দুটিকে খরা এলাকা ঘোষণা করা হোক ।

**শ্রী জন্মেজয় ওঝা :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

ষষ্ঠ পার্লামেন্টের এস্টিমেট কমিটি উদ্বাস্তু পুনর্বাসনে দন্ডক উন্নয়ন কর্তৃপক্ষের ব্যর্থতার তীব্র সমালোচনা করেছেন এবং মন্তব্য করেছেন যে সংগত কারণেই উদ্বাস্তুরা দন্ডকারণ্য ত্যাগ করেছিল। বামফ্রন্ট সরকার এই সত্য স্বীকার না করে দন্ডক প্রত্যাগত উদ্বাস্তুদের উপর অকথ্য নির্যাতন করে পুনরায় দন্ডকে ফেরত পাঠিয়েছেন। অতএব এই সম্পর্কে আলোচনার জন্য অদ্যকার সভার কাজ মুলতুবি রাখা হউক ।

**শ্রী হবিবুর রহমান :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবঙ্গ সরকারের ঘোষিত বক্তব্য অনুযায়ী আগামী নভেম্বর মাসের মধ্যে মিউনিসিপ্যালিটিগুলির নির্বাচন সম্পন্ন করার কথা আছে। ইতিমধ্যে মুর্শিদাবাদ জেলার জংগিপুর মিউনিসিপ্যালিটির নির্বাচিত সংস্থাকে ভাঙ্গা হইয়াছে এবং সেখানে দলীয় ব্যক্তিদের লইয়া একটি নমিনেটেড বডিকে দিয়া কার্য পরিচালনের ব্যবস্থা হইয়াছে। ইহা জনগণতান্ত্রিক এবং নির্বাচনে কারচুপির সম্ভাবনাপূর্ণ।

[2-10 — 2-20 P.M.]

## CALLING ATTENTION TO MATTERS OF UNGENT PUBLIC IMPORTANCE

**অধ্যক্ষ মহোদয় :** এখন দৃষ্টি আকর্ষণী। আমি নিম্নলিখিত বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি ঃ-

(১) পূর্ব কলিকাতার এন্টালী থানাধীন এন.আর.এন. কারখানায় শ্রমিকদের কর্মচ্যুতির আশঙ্কা — শ্রী সুমন্তকুমার হীরা,

(২) কলিকাতাস্থ নিউ অ্যাম্রেবেরী ওয়ার্কস-এ লক আউট — শ্রী শচীন সেন ও শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়,

(৩) পশ্চিমবঙ্গে লবন সংকট মোচনে সরকারের উদাসীনতা — শ্রী বলাইলাল দাসমহাপাত্র,

(৪) বীরভূম জেলার দুবরাজপুর থানার পাকুড়িয়া গ্রামে দু দলে সংঘর্ষ — শ্রী মহঃ সোহরাব,

(৫) এক্সপোর্ট ইনস্পেকশন এজেন্সি (জুট স্কী) - তে অনশন ধর্মঘট — শ্রী হাবিবুর রহমান, শ্রী শামসুদ্দিন আহমেদ, শ্রী কৃষ্ণদাস রায়, শ্রী সেখ ইমাজুদ্দিন এবং শ্রী কাজী হাফিজুর রহমান,

(৬) আগামী ১১.৯.৭৯. তারিখ থেকে ৯২টি মিউনিসিপ্যালিটিতে শ্রমিক ধর্মঘট — শ্রী রজনীকান্ত দোলুই,

(৭) ভোটার তালিকা সংশোধনকারী নিয়োগে দলবাজি — শ্রী রজনীকান্ত দোলুই,

(৮) ৫.৯.৭৯. তারিখে ডায়মন্ডহারবারে বাস-জীপ সংঘর্ষ — শ্রী রজনীকান্ত দোলুই,

(৯) রাজ্যজুড়ে বিদ্যুৎ সংকট — শ্রী রজনীকান্ত দোলুই,

(১০) বর্গা অপারেশনে সংঘর্ষে হতাহত — শ্রী রজনীকান্ত দোলুই,

11. Alleged putting the House and cowshed on fire by the workers of a political party at Bahadurpur village of Midnapore — Shri Haripada Jana (Bhagabanpur)

12. Shortage of medical officer and paramedical staff in hospitals and health centres— by Shri Rashbehari Pal.

13. Incident of robbery on B.T.Road on 4.9.79— by Shri Rajani Kanta Doloi.

আমি পশ্চিমবঙ্গে লবণ সংকট মোচনে সরকারের উদাসীনতা এই বিষয়ের উপর শ্রী বলাইলাল দাস মহাপাত্র কর্তৃক আনীত নোটিশ মনোনীত করেছি।

সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়, যদি সম্ভব হয়, আজকে ওই বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** খাদ্যমন্ত্রীর মাতৃবিয়োগ হয়েছে, ওঁনার ১৫ তারিখে জয়েন করবার কথা। আমি ১৭ই সেপ্টেম্বর দিন চাইছি।

**অধ্যক্ষ মহোদয় ঃ** আমি মাননীয় শ্রমমন্ত্রীকে এখন দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাব দিতে অনুরোধ করছি যেটি ২৮শে আগস্ট তারিখে উত্থাপিত হয়েছিল।

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে, মাননীয় সদস্যগন শ্রী বিশ্বনাথ মুখার্জি এবং ডাঃ ওমর আলী ২৮শে আগস্ট তারিখে গার্ডেনরীচের কোশোরাম ইন্ডাস্ট্রিজ এবং খাদ্যে বিষক্রিয়া সম্বন্ধে যে দৃষ্টি আকর্ষণী প্রশ্ন তুলেছিলেন এই সম্বন্ধে আমি এই বিবৃতি রাখছি।

গার্ডেনরীচ কেশোরাম ইন্ডাস্ট্রিজ এবং কটন মিলস কারখানার ক্যান্টিন-এ খাদ্য বিষক্রিয়ার খবর প্রথম গার্ডেনরীচ টেক্সটাইল ওয়ার্কস ইউনিয়নের সাধারণ সম্পাদক ২৪.৮.৭৯. তারিখে মুখ্য কারখানা পরিদর্শক কে জানান। ঐ দিনই বিকাল ৫-৩০ মিঃ একজন উপমুখ্য কারখানা পরিদর্শক এবং একজন কারখানা সমূহের মেডিক্যাল ইন্সপেক্টর উক্ত কারখানা পরিদর্শন করেন। ক্যান্টিনে ঢোকার সময় তাঁরা ভাঙ্গা কাঁচের টুকরা এবং টেবিল, চেয়ার এবং অন্যান্য আসবাবপত্রের ভাঙ্গা টুকরা ইতস্তত ছড়িয়ে থাকতে দেখেন। ঠিক কতজন শ্রমিক খাদ্যে বিষক্রিয়ায় আক্রান্ত হইয়াছেন তার সঠিক সংখ্যা জানিতে পারেন নি। ক্যান্টিনে খাদ্য প্রস্তুতের জন্য ব্যবহৃত কাঁচামাল, রান্না করা খাদ্যদ্রব্য এবং অন্যান্য জিনিস তাঁদের পরিদর্শনকালে পাওয়া যায় নি যাতে তারা এ বিষয়ে পরীক্ষা করিতে পারেন কিংবা আরও বিশদভাবে অনুসন্ধান করিতে পারেন। ঐ সমস্ত কাঁচামাল এবং অন্যানা জিনিস পুলিশ লইয়া গিয়াছে বলিয়া তাঁহাদের জানানো হয়। ঐ অনুসন্ধানকারী অফিসাররা পূর্বোক্ত ইউনিয়নের সাধারণ সম্পাদকের সঙ্গে তাঁদের অনুসন্ধান শেষ কবার পর কারখানায় টেলিফোনে আলোচনা করেন।

বর্তমান ফ্যাক্টরী আইন ১৯৪৮ এবং তদঅন্তর্গত প্রস্তুত নিয়মাবলি অনুযায়ী এই সমস্ত ঘটনার পুনরাবৃত্তি রোধ করার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করার মতো কোনও ক্ষমতা মুখ্য কারখানা পরিদর্শকের নাই।

তৎসত্ত্বেও এই ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্যের স্বাস্থ্য বিভাগের ডাইরেক্টর, ২৪ পরগনা জেলা স্বাস্থ্য অফিসার এবং গার্ডেররীচ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানকে বিস্তারিত ঘটনা জানানো হইয়াছে।

**মিঃ স্পিকার ঃ** এখন শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, পুজোর পূর্বে শ্রমিকদের বোনাস দেবার জন্য শ্রী সন্দীপ দাস যে দৃষ্টি আকর্ষণী দিয়েছিলেন ২৯শে আগস্ট, তার উপর বিবৃতি দান করবেন।

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সন্দীপ দাস মহাশয় ২৯শে আগস্ট তারিখে পেসেন্ট অব বোনাস সম্বন্ধে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব রেখেছিলেন, সে সম্বধে বিবৃতি রাখছি।

১৯৭৯ সালে শ্রমিকদের বোনাস প্রদানের বিষয়টি গত ১০ই আগস্ট ১৯৭৯ সালে অনুষ্ঠিত রাজ্য শ্রম উপদেষ্টা পর্ষদের সভায় আলোচিত হয়। মালিক উভয়পক্ষের মতামত জানিবার পর এই বিষয়ে একটি গাইডলাইন শ্রমবিভাগ হইতে প্রচার করা হইয়াছে এবং বিভিন্ন মালিক ও ট্রেড ইউনিয়ন সংস্থা এবং সংশ্লিষ্ট অন্যান্যদের নিকট প্রেরণ করা হইয়াছে।

সরকারের তরফ হইতে মালিকপক্ষগণকে অনুরোধ করা হইয়াছে তাহারা যেন ৭ই সেপ্টেম্বর, ১৯৭৯ তারিখের মধ্যে একটিমাত্র কিস্তিতে শ্রমিকদের প্রাপ্য বোনাস প্রদান করেন। মুসলমান শ্রমিকগণকে ঈদ্ উৎসবের পূর্বে বোনাস খাতে অ্যাড্-হোক প্রদান করিতে মালিকগণকে অনুরোধ করা হইয়াছিল। ঐ টাকা প্রাপ্য বোনাস হইতে বাদ যাইবে।

লাভ বা লোকসান বিচার না করিয়া শ্রমিকগণকে নূন্যতম ৮.৩৩ শতাংশ বোনাস দিতে মালিকবর্গকে অনুরোধ করা হইয়াছে। মালিকবর্গকে আরও অনুরোধ করা হইয়াছে তাহারা যেন শ্রমিকগণকে দেয় ১৯৭৯ সালের বোনাসের হার ১৯৭৮ সালে প্রদত্ত বোনাসের হার অপেক্ষা কম না করেন। যে সকল মালিকের অধিক হারে বোনাস দেওয়ার ক্ষমতা আছে তাঁহাদের বেশি হারে বোনাস দেওয়ার জন্য অনুরোধ করা হইয়াছে এবং এই ব্যাপারে সমস্ত বিরোধ পারস্পরিক আলোচনার মাধ্যমে মেটানোর সুপারিশ করা হইয়াছে।

দুর্বল বা প্রান্তিক সংস্থাগুলিকেও নূন্যতম ৮.৩৩ শতাংশ বোনাস দিতে অনুরোধ করা হইয়াছে।

আই.আর.সি.আই. দ্বারা সাহায্যপ্রাপ্ত সংস্থাসমূহ, অথবা যে সকল সংস্থার পরিচালন অধিগ্রহণ করা হইয়াছে এবং রাজ্য সরকার পরিচালিত সংস্থাগুলির সকলকেই অনুরোধ করা হইয়াছে তাহারা যেন কর্মচারিদের নূন্যতম ৮.৩৩ শতাংশ বোনাস দেন।

চটকলগুলির বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে নূন্যতম হারের চেয়ে অধিক হারে বোনাস দেবার দাবি সহানুভুতির সঙ্গে বিবেচনা করার জন্য মালিকপক্ষকে বলা হইয়াছে।

১৯৭৯ সালের বোনাসের দাবি আদায়ের ব্যাপারে যাহাতে শিল্পে বিঘ্নিত না হয় সেজন্য মালিক ও শ্রমিকপক্ষকে অনুরোধ করা হইয়াছে।

## Mention Cases

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিধানসভার সামনে এবং সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের সামনে বলতে চাই—বীরভূম জেলায় সম্প্রতি কেরোসিন্ন যেভাবে বন্টিত হচ্ছে, সেই বন্টন সম্পর্কে আমার বলার কিছু নাই। কারণ যে রকম যাচ্ছে সেই রকম বন্টন হচ্ছে। কিন্তু আমি এম.আর.ডিলার এবং লাইসেন্স প্রাপ্ত দোকানদারদের কি অসুবিধা সেটা বলছি। অন্ধকারাচ্ছন্ন গ্রামে যারা বাস করে, তাদের সেখানে সর্পদংশন থেকে আরম্ভ করে নানা অসুবিধা রয়েছে এই বর্ষাকালে। এই অবস্থায় সেখানে হঠাৎ জেলা ম্যাজিস্ট্রেট অর্ডার দিয়েছেন যে যেখানে ৯ টাকা করে পার ব্যারেল বহনী খরচা দেওয়া হত, সেখানে ৪ টাকা করে দেওয়া হবে। এর ফলে এম.আর.ডিলার শপে এবং লাইসেন্সপ্রাপ্ত দোকানদারদের শপে কেরোসিন যাচ্ছেনা, না যাবার ফলে কেরোসিন সংকট দেখা দিয়েছে। যাতে এই সংকটের তাড়াতাড়ি নিরসন হয় তার জন্য আপনার কাছে বিনীত

অনুরোধ জানাচ্ছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছেও অনুরোধ করছি।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কৃষ্ণনগরের পূর্বে এবং রাণাঘাটের উত্তরে অর্থাৎ রাণাঘাট টু গেদে ট্রেনলাইনের মাঝে হাঁসখালি ব্লকের কেন্দ্রবিন্দুতে বগুলা অবস্থিত। সেই বগুলাতে যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি রয়েছে তাতে সেখানকার অধিবাসীরা ছাড়াও পার্শ্ববর্তী কেষ্টগঞ্জ থানার এবং রাণাঘাট দু নং ব্লকের অধিবাসীরা চিকিৎসার সুযোগ গ্রহণ করার জন্য আসেন। স্যার, এই বিরাট এলাকা যার লোকসংখ্যা প্রায় ৪লক্ষ সেই বগুলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে অবিলম্বে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করা দরকার। প্রতিদিন সেই স্বাস্থ্যকেন্দ্রটিতে হাজার হাজার রোগী আউটডোরে এবং ইনডোরে চিকিৎসার জন্য আসেন। সেখানে ইনডোরে বহু রোগীকে বারান্দায় এবং মেঝেতে জায়গা করে দেওয়া হচ্ছে। স্যার, এই স্বাস্থ্যকেন্দ্রকে অবিলম্বে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার জন্য এলাকার পঞ্চায়েত সমিতির রেজলিউশন আছে। এটা বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এবং ৩/৪টি ব্লককে কভার করছে। সেখানকার অধিবাসীদের যে দাবি এটাকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে রূপান্তরিত করার সেটা যাতে অবিলম্বে পূরণ হয় তার জন্য সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**Shri Ramjan Ali :** Mr. Speaker, Sir, I want to draw the attention of the Hon'ble P.W.D. Minister for taking survey operation of the approach road from Kanki to Goagaon. In spite of his assurance for the last one year the survey operation could not be done. I, therefore, request the Minister concerned to take up survey operation at once to make necessary arrangement for the estimate of the said road.

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত বন্যার পর মুর্শিদাবাদ জেলায় অনেকগুলি ইরিগেশনের বাঁধ নির্মাণ করার কর্মসূচি হাতে নেওয়া হয়েছিল। যেমন (১) লোকনাথপুর থেকে ছেতিয়ালী বাঁধ। (২) সোনা টিকুরী থেকে বাজার শ ভায়া মিয়াকাটাই কোনা এবং অন্যান্য। কিন্তু স্যার, এই বাঁধগুলির কাজ চূড়ান্ত ভাবে ব্যর্থ হয়েছে কারণ কন্ট্রাক্টররা ব্যাপক দুর্নীতির রাস্তা নিয়েছিল এবং আদৌ কোনও কাজ হয়নি। স্যার, গ্রামবাসীরা এবং বেলডাঙ্গা ২নং পঞ্চায়েত সমিতি এ সম্বন্ধে অভিযোগ করেছেন এবং তাঁরা এক্সিকিউটিভ, ইঞ্জিনিয়ার, চিফ ইঞ্জিনিয়ার, সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অভিযোগ করে ব্যাপারটি জানান কিন্তু তা সত্ত্বেও দেখা যাচ্ছে সেইসব কন্ট্রাক্টরদেরই আবার সেই সমস্ত কাজ করার ভার দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলব, যে দুটি বাঁধের নাম আমি করলাম সে সম্পর্কে তদন্ত করুন। এবারে যদি বন্যা হত তাহলে ঐ কন্ট্রাক্টরদের দুর্নীতির জন্য যে টাকা ব্যায় করেছিলেন সরকার তা সমস্ত জলে চলে যেত, ঐ বাঁধ দিয়ে বন্যা প্রতিরোধ হতে পারত না। আমি এ ব্যাপারে তদন্ত করার ও উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ

বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী ও সরকারি সংস্থার ব্যাপারে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশন-এ ওয়েস্ট বেঙ্গল স্টেট ওয়ারহাউসিং কর্পোরেশন এমপ্লয়ীজ অ্যাশোসিয়েশন বলে একটি অ্যাশোসিয়েশন আছে এন.এল.সি.সি.-র। স্যার, যদিও এই বামফ্রন্ট সরকারের নীতি হচ্ছে কোনও অ্যাশোসিয়েশন থাকলে বা কোনও ইউনিয়ন থাকলে তাকে জোর করে সেখান থেকে সরানো হবে না কিন্তু তবুও সেই প্রচেষ্টা আমরা এখানে লক্ষ্য করছি। সেখানে ১২ জুলাই কমিটির একটি ইউনিয়ন আছে। সেই ইউনিয়নের প্ররোচনায় এই ইউনিয়ন যে ঘরটি দখল করে আছে—ছোট একটি ঘর, ৫/৬ বছর ধরে সেখানে তারা আছে— সেখান থেকে জোর করে তাদের উচ্ছেদের ব্যবস্থা হয়েছে। ম্যানেজমেন্ট তাদের নোটিশ দিয়েছেন ২৪ তারিখের মধ্যে ঘর ছেড়ে দিতে। যদি ঘর ছেড়ে না দেয় তাহলে জোর করে সেখানে ঘর দখল করা হবে। স্যার, এইভাবে একটি ইউনিয়নের উপর আঘাত যাতে না হানা হয় সেইজন্য আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী খগেন্দ্রনাথ সিংহ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর জেলার রায়গঞ্জে তিস্তা প্রোজেক্ট ক্যানেস সারকেলের একটা অফিস আছে। সেই অফিসের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার কল করেন কিছু কাজের জন্য। কিন্তু সেখানকার কংগ্রেস আই-এর মস্তান বাহিনী অবৈধভাবে জোর করে সেই একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের বুকে ছোরা ধরে জোর করে টেন্ডার সহি করিয়ে নেন। এবং তাকে এই বলে শাঁসানো হয় যে যদি এই ঘটনা সে থানায় জানায় তাহলে তাকে খুন করা হবে। আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি তিনি যাতে অবিলম্বে এই ঘটনা তদন্ত করেন এবং সেই রকম ব্যবস্থা অবলম্বন করেন। এই খবর বেরিয়েছে উত্তরবঙ্গ বার্তায়।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছু দিন আগে আমাদের ভগবানপুর কন্সটিটিউয়েন্সির বিভিষনপুর গ্রাম পঞ্চায়েত ২৮ হাজার টাকা আত্মসাৎ করেছে এই অভিযোগ গ্রামবাসীর তরফ থেকে দেওয়া হয়েছিল। সেই টাকা হ্যান্ডলুম ডেভেলপমেন্টের তরফ থেকে বন্যা বিধ্বস্ত তাঁতীদের দেবার জন্য দেওয়া হয়েছিল। সেই অঞ্চল পঞ্চায়েতের যিনি প্রধান তাঁরই নেতৃত্বে সেই টাকা আত্মসাৎ করা হয়েছে। এটা হ্যান্ডলুম ডিরেক্টরের কাছে দেওয়া হয়েছে এবং চিফ মিনিস্টারের কাছেও দেওয়া হয়েছে এবং ডিপার্টমেন্টাল সেক্রেটারিকেও দেওয়া হয়েছে। কিন্তু দীর্ঘ ৬/৭ মাস হয়ে গেল তার কোনও ব্যবস্থা করা হয় নি। স্থানীয় পঞ্চায়েতের এস.ডি.ও.-র কাছে আবেদন করা হয়েছিল। তিনি একটা এনকোয়ারি করেছিলেন। তিনি সেটা উপলব্ধি করেছেন। কেবলমাত্র তিনি এই কথা বলছেন যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট জয়েন করেন নি, কি করে এর প্রতিবিধান করি। তাই আমি আবার বলছি ৫/৬/৭৯ তারিখে আমি চিফ মিনিস্টারকে অভিযোগ করেছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী কি ব্যবস্থা নিয়েছেন সে সম্বন্ধে জানতে চাই। যারা দোষী যারা টাকা আত্মসাৎ করেছে তাদের বিরুদ্ধে কেন ব্যবস্থা অবলম্বন করা হয় নি সেটা আমরা জানতে চাই। কেন সরকারি টাকা এইভাবে আত্মসাৎ হবে তছরূপ হবে।

**শ্রী দীপক সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের হাসপাতালগুলিতে পেট্রোলের অভাবে অ্যাম্বুলেন্স চলাচল বন্ধ হয়ে গেছে। সরকারি এবং

অন্যান্য জায়গায় যাই হোক গাড়িপত্র চলছে। কিন্তু গরিব রোগীরা হাসপাতালে যেতে পারছে না তারা একটা বিশেষ সমস্যার সম্মুখীন হয়েছে। আমি গোটা পশ্চিমবাংলার কথা বলছি এবং বিশেষ করে কুচবিহার জেলায় দিনহাটা মহকুমায় আজকে দুমাস ধরে অ্যাম্বুলেন্স চলছে না। এবং এই কারণে আমি শুধু স্বাস্থ্যমন্ত্রী নয় গোটা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। এটা অত্যন্ত গুরত্বপূর্ণ বিষয়। রোগীরা মারা যাবে এবং ডাক্তাররা সংকটের সম্মুখীন হবে এটা হওয়া উচিত নয়।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় স্পিকার স্যার, পশ্চিমবঙ্গ এত দক্ষ, সে রকম দক্ষ সরকার অন্য প্রভিন্সে আর নাই। এখনই নির্বাচন প্রস্তুতি শুরু হয়ে গেছে পশ্চিমবাংলায়। স্যার, মানিকতলা ১৫নং ব্লক কংগ্রেস অফিস ও.সি. শ্রী নিশিকান্ত ভট্টাচার্য নিজে দাঁড়িয়ে থেকে তছনছ করে দিয়েছে। কংগ্রেস ক্যাডারদের বাড়িতে বাড়িতে সার্চ আরম্ভ করে দিয়েছে নির্বাচনী প্রস্তুতিস্বরূপ। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি ও.সি.মহাশয়কে যখন চার্জ করা হল যে আপনি কেন ব্লক কংগ্রেস সার্চ করতে এসেছেন এবং অকারণে কেন কংগ্রেস ক্যাডারদের হ্যারাস করছেন তখন শ্রী নিশিকান্ত ভট্টাচার্য বললেন আমি প্রমোদ দাশগুপ্ত মহাশয়ের নির্দেশ মতো এসেছি আমি সার্চ করব এতে জ্যোতিবাবুর কিছু করার নেই। এখানে মুখ্যমন্ত্রী আছেন আমি তাঁর কাছে জানতে চাই নির্বাচনের আগে কংগ্রেসদের উপর এই রকম অত্যাচার চললে পশ্চিমবাংলায় নির্বাচন কি সুষ্ঠভাবে হবে? কিছুতে সুষ্ঠভাবে হবে না।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী ক্ষুদিরাম সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার কেশোয়ারী থানায় আমরা বাঙালি ও আনন্দ মার্গীর লোকেরা আমাদের পঞ্চায়েতের উপর বোমা চার্জ করেছে এবং আমাদের ৫নং অঞ্চলের উপপ্রধান যখন রাত্রে মিটিং করছিলেন তখন তার বাড়িতে বোমা চার্জ করা হয় এবং গত ২ তারিখে ত্রিপুরার আমরা বাঙালির তাত্ত্বিক নেতা শ্রী শৈলেশ ভট্টাচার্য ওখানে যান। গত ৪তারিখে আবার ৫নং অঞ্চলে বোমা চার্জ হয়। ওখানকার থানায় নাম করে ডায়রী করা হয় কিন্তু পুলিশ কোনও ব্যবস্থা নিচ্ছে না। এই রকম অবস্থায় সেখানকার সাধারণ মানুষ নিরাপত্তার অভাব বোধ করছে। তাই, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি এর প্রতিবিধান করার জন্য।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুতের অভাবে পশ্চিমবাংলায় ঔষধ যেখানে সাপ্লাই হচ্ছে না সেখানে একটা দারুণ দুরবস্থা দেখা দিয়েছে। সেন্ট্রাল মেডিক্যাল স্টোরে কয়েক লক্ষ টাকার দামি দামি ঔষধ বিদ্যুতের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। প্রতিটি হাসপাতালের রুগীদের এই বিদ্যুতের অভাবে ইম্পর্টেন্ট অপারেশন, এমার্জেন্সি অপারেশন হচ্ছে না। যে সমস্ত হাসপাতালে ঔষধ সাপ্লাই করা যাচ্ছে না তার উপর বিদ্যুতের অভাবে দামি দামি ঔষধগুলি নষ্ট হয়ে যাচ্ছে। এস.এস.কে.এম. হাসপাতাল এবং সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ঔষধ নষ্ট হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আর্কষণ করছি যে অন্তত হাসপাতালগুলিতে যাতে ঔষধগুলি ঠিকমত মেন্টেন করা হয়, দামি দামি ঔষধগুলি যাতে নষ্ট না হয়। হাসপাতালে ঔষধ নেই, দামি দামি ইনজেকশন নেই। আমি ডাক্তার বাবুকে টেলিফোন

করেছিলাম। তিনি বললেন যে সমস্ত বিদ্যুতের অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। কার্ডিওলজির ডিপার্টমেন্টের, হার্ট দেখার ভাল ভাল যন্ত্রপাতি পর্যন্ত বিদ্যুতের অভাবে নষ্ট হতে বসেছে। এস.এস.কে.এম. হসপিটালে, মেডিক্যাল কলেজে, এন.আর.এস. হাসপাতালে এ জিনিস হচ্ছে। এই সব হাসপাতালে বিদ্যুতের অভাবে দামি দামি যন্ত্রপাতি নষ্ট হচ্ছে। কাজেই আপনার মাধ্যমে এই কথা বলছি যে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে স্বাস্থ্য কেন্দ্রগুলিকে বাঁচানোর অনুরোধ করছি।

**শ্রী হরিপদ ভারতী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষার ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আর্কষণ করছি একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে । বিভিন্ন বিদ্যালয়ে একাদশ, দ্বাদশ শ্রেণীতে পড়াবার জন্য অ্যাড হক বেসিসে অনেক শিক্ষক নিযুক্ত হয়েছিলেন। এতাবতকাল তাঁরা যোগ্যতার সঙ্গে শিক্ষকতা করলেও তাঁদের স্থায়ী ভাবে নিযুক্ত করা হয়নি। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় এদিকে দৃষ্টি দেবেন। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই সমস্ত অ্যাড হক বেসিসে নিযুক্ত শিক্ষকদের বাৎসরিক মাইনা বৃদ্ধি হচ্ছে না এই কারণে যে তাঁরা অধিকাংশ বি.টি. বা বি.এড. পাশ নন। কিন্তু মাধ্যমিক শিক্ষা সংসদের নির্দেশে দেখা যাচ্ছে যে বি.টি., বি.এড. পাশ করার এঁদের আবশ্যকতা নেই। কাজেই যেখানে আবশ্যকতা নেই সেখানে এর জন্য তাঁদের মাইনা বৃদ্ধি বন্ধ করাটাকে আমি অযৌক্তিক বলে মনে করি। তাই, আমি আশা করব যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় এঁদের স্থায়ী শিক্ষক রূপে নিযুক্ত করবেন এবং এঁদের বাৎসরিক মাইনা বৃদ্ধি বন্ধ যাতে না হয় সেটা দেখবেন।

**শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৯।৮।৭৯ তারিখে মাননীয় সদস্য, নবকুমার রায় হাড়োয়া অঞ্চলে একটা সংবাদ পরিবেশন করছেন। সেই সংবাদটি অসত্য এবং বিকৃত তথ্য এবং যে দলের প্রতিনিধি এই তথ্য পরিবেশন করেছেন।

**মিঃ স্পিকার :** এ সব বলা যাবে না। এখানে তর্কবিতর্ক করলে চলবে না। আপনি নিজের বিষয়ে বলুন।

**শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবাদ হচ্ছে সুধীর সিনহা, তিনি জোতদার এবং তিনি সিলিং-এর উর্দ্ধে জমি রেখেছিলেন। আর এ ছাড়াও অন্যের জমি তিনি নাম মাত্র মূল্যে কিনে রেখেছিলেন এবং সেগুলি অন্য নামে রেকর্ড হয়েছে। সেই জমিগুলি নিজেরাই ভোগ দখল করত। এখন বর্তমানে মালিকরা সেখানে গেছে। সুধীর সিনহার অন্যান্য শরিকরা এবং মালিকরা একত্রে পঞ্চায়েত সমিতির কাছে যায়। সেই সমিতির যে কর্মধ্যক্ষ তিনি এটা আপোষে মিমাংসা করে দেন। এ ছাড়াও এখানে রেকর্ডেড বর্গাদারদের কংগ্রেস ক্যাডাররা উচ্ছেদ করছে।

**মিঃ স্পিকার :** এটা বলতে পারেন না। এটা আপনি আলাদা বলবেন।

**শ্রী রামচন্দ্র সতপথী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঝাড়গ্রাম মহকুমার সাঁকরাইল থানার কুকুড়াখুপি গ্রামে একটি স্বাস্থকেন্দ্র আছে — দীর্ঘদিন ধরে সেই স্বাস্থ্যকেন্দ্র চলছে।

কিন্তু প্রায় দুবছর হল সেখানে কোনও ডাক্তার নেই, ঔষুধপত্র যাচ্ছে না। এর ফলে ঐ ১০ বর্গমাইল এলাকার অধিবাসীরা খুব কষ্টের মধ্যে রয়েছেন। ঔষুধপত্র পাচ্ছে না, চিকিৎসা হচ্ছে না। এমন কি কাছাকাছি একটা স্বাস্থ্য কেন্দ্রও নেই যেখানে গিয়ে ঐ এলাকার জনসাধারণ চিকিৎসিত হতে পারে। সেই জন্য আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার এবং ঔষধপত্র পাঠানোর ব্যবস্থা করা হয়।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার ধনিয়াখালি থানার পাঁচড়াগ্রামে মুন্সির মহম্মদ নামে একজন ১০/১২ বিঘা জমির মালিক আছেন। তিনি গত পৌষ মাস থেকে তার জমিতে চাষ করতে পারছেন না। স্থানীয় সি.পি.এম. কর্মীরা তার জমিতে কৃষি মজুরদের যেতে দিচ্ছে না। ঐ জমির মালিক সরকারি রেট অনুযায়ী মজুরি দিতে রাজি থাকা সত্ত্বেও কৃষি মজুরদের তার জমিতে কাজ করতে দেওয়া হচ্ছে না।

**মিঃ স্পিকার :** আপনি অভিযোগ করছেন, ওদিক থেকে যদি পাল্টা অভিযোগ হয় তাহলে কি করবেন? অভিযোগ করলে পাল্টা অভিযোগ শুনতে হবে।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** এই ব্যাপারে তদন্ত হোক, তদন্ত করে বিচার করুন। এই ব্যাপারে কতকগুলো ডায়রি করা হয়েছে। আমার কাছে ডায়রি নাম্বারগুলো আছে, আপনাকে আমি দিচ্ছি। যেমন ডায়রি নং ৬২১, ১০৪০, ২৩৫, ৬৭৪। সেখানে মার্ক্সবাদী ফরওয়ার্ড ব্লক বলছে, আমাদের টাকা দাও আমরা সি.পি.এম. কে হটিয়ে দিচ্ছি, আমরা চাষ করিয়ে দিচ্ছি। আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি, স্থানীয় বি.ডি.ও. এই ব্যাপারে মীমাংসার জন্য ডেকেছিলেন কিন্তু তিনি মীমাংসা করতে পারেন নি। আমি এই ব্যাপারে তদন্ত চাইছি।

**অধ্যক্ষ মহাশয় :** মেনশনের সময় কোনও বিশেষ ব্যাপারে, যেমন ঝড়, বাদল, বৃষ্টি বা কোনও ঘটনা, দুর্ঘটনা সম্প্রতি ঘটে গেছে ইত্যাদি ব্যাপারে এখানে আপনারা উল্লেখ করতে পারেন। কিন্তু যদি এভাবে বলেন যে, ওখানে সি.পি.এম. কর্মীরা খুন করেছে ইত্যাদি, তাহলে আর একজন বলবেন ওটা সি.পি.এম. করেনি, কংগ্রেস(ই) করেছে। এই জিনিস ঘটবে। সেই জন্য আমি সমস্ত পার্টির লোকদের বলছি, যে আপনারা আলোচনা করে এবিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করুন যে, কি ভাবে আমরা চলব।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী পান্নালাল মাজি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর ব্যাপারের প্রতি সমবায়-মন্ত্রী তথা সমগ্র মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে যতগুলি কোল্ড-স্টোরেজ আছে আলু রাখার জন্য তার অধিকাংশই ব্যক্তিগত মালিকানায় আছে। এর ফলে চাষীদের হ্যারাসমেন্ট হতে হয় এবং চাষীরা শোষিত হচ্ছে। স্যার, আপনি জানেন ১৯৭৭/৭৮ এন.সি.ডি.সি. থেকে ১১টি কোল্ড স্টোরেজ মঞ্জুর করা হয়েছে এবং তারা টাকা দিয়ে দিয়েছে। কিন্তু আজ পর্যন্ত সেই কোল্ড স্টোরেজগুলি হয়নি। যখন এগুলি করার কথা হয়েছিল তখন ২৬ লক্ষ টাকায় হতে পারত, এখন সেই খরচ ৪৩ লক্ষ টাকায় দাঁড়িয়ে গেছে। আজকে এই টাকার দায়-দায়িত্ব কো-অপারেটিভ সোসাইটিকে নিতে হবে।

আজকে ঐ কোল্ড স্টোরেজগুলি না হওয়ার জন্য চাষীরা আলু রাখতে পারছে না। গত বছর চাষীদের অনেক ক্ষতি হয়ে গেছে। আমি তাই আমাদের বামফ্রন্ট সরকারের দৃষ্টি বিষয়টির প্রতি আকর্ষণ করছি এবং যাতে এটা তাড়াতাড়ি করা যায় তার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে যে আইন-শৃঙ্খলা নেই — এ ব্যাপারে আলোচনা হয়ে গেছে এবং আমাদের ১৩০০ কর্মীকে সি.পি.এম. গুণ্ডারা যে খুন করেছে, সেটা নিয়েও আলোচনা হয়েছে। আমাদের কয়েক হাজার কর্মী গৃহহারা। এখন স্যার, আমি একটা স্পেসিফিক কেসের উল্লেখ করছি। গত ১৬/৫/৭৯ তারিখে বিকাল সাড়ে চারটের সময় সিঁথির মোড়ে কংগ্রেস(আই) সমর্থক শ্রী সুকুমার ঘোষ, তাঁর বাড়ি ৯, আর.এল. রায় চৌধুরি লেন, তাঁকে নৃশংসভাবে সি.পি.এম. গুণ্ডারা হত্যা করবার চেষ্টা করে। তাঁকে ভোজালি দিয়ে কাটা হয়েছে। আমি ছবি নিয়ে এসেছি তাতে আপনি দেখতে পাবেন যে, কিভাবে তাঁর পেট, বুক, কপালে ছুরি মারা হয়েছে। এই অবস্থায় তাঁকে ফেলে রেখে সি.পি.এম. গুণ্ডারা চলে যায়। তখন পথচারীরা তাঁকে সিঁথির মোড় থেকে তুলে নিয়ে গিয়ে আর.জি.কর হাসপাতালে ভর্তি করে দেয়। এ বিষয়ে ইতিমধ্যে বরাহনগর থানার ডায়রি করা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত কোনও অ্যাকশন নেওয়া হয়নি। আমি বিষয়টির প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জিজ্ঞাসা করছি যে, কেন এখনো কোনও অ্যাকশন নেওয়া হল না? আমি আপনার মাধ্যমে এই সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অবিলম্বে অ্যাকশন নেবার আবেদন জানাচ্ছি।

**শ্রী মনোরঞ্জন রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ ব্যাপারের প্রতি আপনার মাধ্যমে ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমার কেন্দ্রের পাঁশকুড়া ব্লকের শ্যামসুন্দরপুর পাটনা স্কুলের একটা ঘটনা এখানে উল্লেখ করা হয়েছিল। কিন্তু ঘটনাটি একটু অন্য রকম। সেখানে একটি সরকারি খাস পুকুর এবং কিছু জমি আছে এবং সেটা স্কুলের সম্পত্তি নয়। কিন্তু ১৯৬৬ সালে স্কুল কর্তৃপক্ষ পুকুরটি লিজ্ নিতে চেয়েছিল এবং সেই অনুসারে তাদের বন্দোবস্ত দেবার ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু সেই অনুসারে তারা সরকারকে টাকা জমা না দেওয়ায় সেই জমি খাস হিসাবেই ছিল এবং সেখানে আদিবাসীদের ঘর করতে দেওয়া হয়েছিল। সেই ঘর এখনো পর্যন্ত ভাঙা হয়নি। এখন আমাদের দাবি হচ্ছে ঐ সরকারি খাস জমি থেকে হরিজনদের উচ্ছেদ করা চলবে না। কিন্তু আমরা দেখছি পরবর্তীকালে জে.এল.আর.ও. অফিস থেকে সেই আদিবাসীদের পাট্টা দেওয়ার ব্যাপারে চক্রান্ত করা হচ্ছে। সেখানে গরিব আদিবাসীরা পাট্টা না পাওয়ার ফলে গৃহনির্মাণের জন্য সরকারি অনুদান থেকেও বঞ্চিত হচ্ছে। আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে ভূমি সংস্কার মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁর কাছে অনুরোধ করছি অবিলম্বে এদের পাট্টা দিয়ে এদের রক্ষা করা হোক।

**শ্রী সুমন্তকুমার হীরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি দুর্বল শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ স্পিকার :** ওটা দুর্বল নয়, রুগ্ন শিল্প দপ্তরের মন্ত্রী।

**শ্রী সুমন্তকুমার হীরা :** আমি রুগ্ন এবং বন্ধ শিল্প দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি

আকর্ষণ করছি একটা বিশেষ কারখানার প্রতি। কারখানাটি হল ভারতের একজন বিখ্যাত চর্ম শিল্প বিশেষজ্ঞ মিঃ সঞ্জয় সেনের কারখানা বলে লোকে জানে। এই কারখানা মিঃ সঞ্জয় সেনের নামে চলছে ন্যাশনাল ট্যানারী নামে। এই কারখানার ৮০ শতাংশ সরকারের শেয়ার আছে আর মিঃ সেনের ২০ শতাংশ শেয়ার আছে। তাসত্ত্বেও মিঃ সেন সমস্ত কর্তৃত্ব নিয়ে কারখানাটি পরিচালনা করেন এবং তিনিই সমস্ত দায়-দায়িত্ব বহন করেন। প্রায় ২ কোটি টাকার মতন আই.আর.সি.আই. থেকে লোন নিয়েছে এই কারখানার জন্য কিন্তু তিনি এই টাকা উৎপাদনের কোনও কাজে না লাগিয়ে নিজের বিলাস-বসন এবং শ্রমিকদের মাহিনা দিতেই ব্যয় করেছেন। বাকি টাকা কোনও কাজে লাগায়নি এবং সেখানে উৎপাদন ৩০ শতাংশ নেমে গেছে। সেখানকার শ্রমিকরা কর্মচ্যুতির আশংকা করছেন। আমি সেইজন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে নজর দিতে অনুরোধ করছি।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণ বিভাগের মন্ত্রী মহাশয়ের প্রতি দৃষ্টি আর্কষণ করছি। পুরুলিয়া জেলার ১ নং ব্লকে সীমনপুর লেপ্রোসি কলোনি বলে একটি কলোণী আছে। সেখানকার সব লেপ্রোসিরাই অক্ষম এবং দুস্থ। আগে যখন কংগ্রেস সরকার ছিলেন তখন সেখানে সমস্ত দুস্থ লোককেই জি.আর. দিতেন। কিন্তু এই রাজ্যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর তারা জি.আর-এর পারসেন্টেজ কমিয়ে দিয়েছে। তারা ১ পারসেন্ট কিম্বা ২ পারসেন্ট পায়। কিন্তু জি.আর হচ্ছে দুস্থ এবং অক্ষম লোকেদের জন্য। তাই আমি ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে আংশিকভাবে না দিয়ে সবাই জি.আর দেওয়ার ব্যবস্থা করা হয়।

[2-50 — 3-00 P.M.]

## LEGISLATION

### The West Bengal Animal Slaughter Control (Amendment) Bill, 1979

**Shri Amritendu Mukherjee :** Sir, I beg to introduce the West Bengal Animal Slaughter Control (Amendment) Bill, 1979. and to place a statement as required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The West Bengal Animal Slaughter Control Act, 1950 was enacted to control the slaughter of certain animals in the State of West Bengal with a view to increasing the supply of milk and to avoid wastage of Animal Power necessary for improvement of agriculture. The animals which come under the purview of the Act are bulls, bullocks, cows, calves, male and female buffaloes, nuffalo calves and castrated buffaloes.

This Act had so long been made applicable to the municipal area. The Act has of late come into force in all parts of West Bengal. It has now become necessary to amend the act suitably for implementation of

its provisions in the non-municipal areas. As the Legislative Assembly was not in session, the West Bengal Animal Slaughter Control (Amendment) Ordinance, 1979 was promulgated to achieve the above prupose.

The present Bill now seeks to replace the aforesaid Ordinance.

(Secretary then read the Title of the Bill)

**Sri Amritendu Mukherjee :** Sir, I beg to move that the West Bengal Animal Slaughter Control (Amendment) Bill, 1979, taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ পশুবধ নিয়ন্ত্রণ সংশোধনী বিধেয়ক আইন, ১৯৭৯, সালের বিবেচনার জন্য পেশ করছি। এই সম্পর্কে আমি দু-একটি কথা নিবেদন করতে চাই। আমার কথা হচ্ছে এই ১৯৫০ সালে পশ্চিমবঙ্গ পশুবধ নিয়ন্ত্রণ আইন বিধিবদ্ধ করা হয়েছিল, এই আইনের উদ্দেশ্য ছিল দুধ সরবরাহ বাড়ানো, কৃষির উন্নতি সাধন এইজন্য অত্যাবশ্যক যে সমস্ত পশু তার অপচয় বন্ধ করা। এই আইনের আওতার মধ্যে যে পশু গুলিকে আনা হয়েছিল তা হল বলদ, ষাঁড়, গাইগরু, গাইবাছুর, বাছুর এবং গাই মোষ, বলদ মোষ, ষাঁড়, মোষ; শাবক বলদ করা মহিষ। এই আইনের সবগুলি শুধু পৌর এলাকার মধ্যে বলবৎ ছিল, সম্প্রতি পশ্চিমবঙ্গের সর্বত্র এটা বলবৎ করা হয়েছে। এই আইনে পৌর এলাকার বাইরে যে অঞ্চলগুলি আছে সেখানে অবিলম্বে কার্যাকরী করার জন্য অর্ডিন্যান্স করা হয়েছিল, বিধানসভার তখন সেশন ছিলনা। এখন সেই অর্ডিন্যান্স বদল করে এই বিল নিয়ে এসেছি এবং এই বিলে কয়েকটি জিনিস আমি সংশোধন করছি। আমি যে কমপ্যারেটিভ স্টেটমেন্ট করছি এটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত সদস্যদের অবগতির জন্য উপস্থিত করতে চাই। বিলের ৩ নম্বর সেকশনে ৩ নম্বর ক্লজ সেখানে যা ছিল ৩ এর ৩, President of a municipality, any person presiding over the affairs of any municipal authority by whatever name called and includes any person nominated by him for the purpose of the Act.

আমার এখানে সংশোধনী অ্যামেন্ডমেন্ট হচ্ছে এই, "President" means (a) in relation to a municipal authority, any person presiding over the affairs of any municipal authority, and (b) in relation to a Panchayat Samiti, any person presiding over the affairs of any Panchayat Samiti, by whatever name called, and includes any person nominated by him for the purpose of this Act. আগে মিউনিসিপ্যাল এলাকার মধ্যে ছিল বলে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান বা প্রেসিডেন্টের কিছু কর্তৃত্ব ছিল। কিন্তু এখন এই বিলটা মিউনিসিপ্যাল এলাকার বাইরে পঞ্চায়েত এলাকার মধ্যে সম্প্রসারিত করা হচ্ছে সেইজন্য পঞ্চায়েত সমিতির যিনি চেয়ারম্যান বা অধ্যক্ষ বা তাঁর মনোনীত কোনও ব্যক্তির নাম এখানে যোগ করা হয়েছে। ৩ (৫) এখানে ছিল ভেটেরিনারি আসিসটেন্ট সার্জেন Veterinary Assistant Surgeon means (a) is areas other than Calcutta a Veterinary Assistant Surgeon, (b) in Calcutta a Veterinary Assistant Surgeon of West Bengal Civil Veterinary Department acting within the local limits of his jurisdiction.

কিন্তু এখন কিছু সংশোধন করার দরকার হয়েছে বলে Veterinary Surgeon means (a) in areas other than in Calcutta a Veterinary Surgeon.

আগে ভেটেরিনারি অ্যাসিসটেন্ট সার্জেন ছিল। কিন্তু এখন পশ্চিম বাংলায় পশু চিকিৎসা দপ্তরের মধ্যে ভেটেরিনারি অ্যাসিসটেন্ট সার্জেন বলে কোনও পদ নেই। পি.এস.সির সঙ্গে আলোচনা করে রিক্রুটমেন্ট রুলস্ যা সংশোধন হয়েছে তাতে অ্যাসিসটেন্ট সার্জেন বলে কিছু নেই। ৫টা ক্যাডার সার্ভিস আছে .............. একটা হায়ার ভেটেরিনারি সার্ভিস, 'এ এবং বি' ভেটেরিনারি সার্ভিস এবং জুনিয়ার ভেটেরিনারি সার্ভিস এ এবং বি। তা ছাড়া ভেটেরিনারি সার্ভিস ডিপার্টমেন্ট বলে কিছু নেই। দীর্ঘ ৩০ বছরের মধ্যে এই পরিবর্তনগুলি হয়েছে সেজন্য আইনের যে ফাঁক ছিল সেটা প্লাগ করবার জন্য এটা নিয়ে এসেছি in areas other than Calcutta a Veterinary Surgeon and in Calcutta a Veterinary Surgeon of the Directorate of Veterinary Services, Government of West Bengal, acting within the limits of his jurisdiction. Clause 4(2). The President of a Municipality and Veterinary Assistant Surgeon may issue a certificate under the joint signature that an animal is fit for slaughter if they are both of the opinion which shall be recorded এই জায়গায় সংশোধন করা হয়েছে, President of a Municipality and Veterinary Assistant Surgeon এবং সেখানে লিখছি or Panchayat Samity as the case may be and the Veterinary Surgeon may issue a certificate under the joint signature that an animal is fit for slaughter if they are both of opinion which shall be recroded. Clause 4(3) Where there is a difference of opinion between the President and the Veterinary Assistance Surgeon under Sub-Section (2) the matter shall be referred to the Veterinary officer and a certificate shall be issued or refused according as to the Veterinary Surgeon is of opinion that the animal is fit to be slaghtered or not so fit. সেখানে সংশোধন করছি পদের এবং নামের, নীতিগত সংশোধন নেই।

Where there is a difference of opinion between the President of a municipality or Panchayat Samiti — (which now comes into the picture and the Veterinary Surgeon has to issue a certificate under sub-section (2) the matter shall be referred to the veterinary officer.

ভেটেরিনারি অফিসার মানে ডিস্ট্রিক্ট ভেটেরিনারি অফিসার। কলকাতার ক্ষেত্রে ব্যাখ্যা করেছি ভেটেরিনারি ডায়রেক্টরের একজন ভেটেরিনারি অফিসার a certificate shall be issued or refused according as to the veterinary surgeon is of the opinion that the animal is fit to be slaughtered.

যেখানে ডিফারেন্স হবে সেখানে পঞ্চায়েত সমিতি যুক্ত ভাবে করবে, তা না হলে ভেটেরিনারি সার্জেনের মত বড় হবে। Section 5(1) for the purpose of enforceing the provisions of this Act the President of a Municipality or the Veterinary Assistant Surgeon, or any person authorised by the Veterniary Surgeon in writing in this behalf shall have the power to enter and inspect any premises within the local limits of his jurisdiction where he

has reason to believe that an offence under this Act has been or likely to be commited. আছে সেখানে কে যেতে পারবে সেই কথাই বলেছি for the purpose of enforcing the provisions of this Act the President of a Municipality or Panchayat Samity, as the case may be, or a Veterinary Surgeon or any person authorised by the Veterinary Surgeon in writing in this behalf shall have the power to enter and inspect any premises within the local limits of his jurisdiction where he has reason to believe that an offence under this Act has been or likely to be committed ......

6(2) তে আছে Every person in occupation of any such premises as specified in sub-section (1) shall allow the President of a Municipality, or Veterinary Assistant Surgeon, or any person authorised, as the case may be, such access to the premises as he may require for the aforesaid purpose and shall answer any question put to him by the President of a Municipality, the Veterinary Assistant Surgeon or the person authorised, as the case may be, to the best of his knowledge and belief.

সেখানে আমি যে সংশোধনী নিয়ে এসেছি লোকের নামের সংশোধন ছাড়া নীতিগত কিছু নেই any person in occupaton of such premises as specified in sub-section (1) shall allow the President of a municipality or a Panchayat Samity, as the case may be, a Veterinary Surgeon or a person authorised, as the case may be, such access to the premises as he may require for the aforesaid purpose and shall answer any question put to him by the President of a Municipality or Panchayat Samity, as the case may be, Veterniary Surgeon or persons authorised, as the case may be, to the best of his knowledge and belief.

10 নম্বরে যেখানে আছে অল প্রেসিডেন্ট সেখানে আমি একটু অ্যাডিশন করছি all Presidents of the municipalities, Veterinary Assistant Surgeon, Veterinary Officer and other persons exercising powers under this Act shall be deemed to be public servants within the meaning of section 22 of the Indian Penal Code... আমার শেষ সংশোধনী হচ্ছে সেকশন 14(2) The places in which animals may be slaughtered the pursuance of this Act সেখানে আমি আর একটু সুনির্দিষ্ট সংশোধনী করছি 14(2) (c)-The time and the place at which animals may be slaughtered in a municipality or block in pursuance of this Act.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিস্তারিতভাবে আগের যে আইন আছে তার যে সংশোধনী এনেছি সেটা বলেছি। আমি এই সম্পর্কে আর দু'একটা কথা বলতে চাই। আমাদের লক্ষ্য পশ্চিমবাংলায় পশু সম্পদ রক্ষা করে পশু সম্পদ বৃদ্ধি করা। এই লক্ষ্যের দুটো দিক আছে- একটা দিক হচ্ছে পশ্চিমবঙ্গে পুষ্টিকর খাদ্য দুধের উৎপাদন বৃদ্ধি করা, সুতরাং দুগ্ধবতী গাভী, মহিষ যতদিন পর্যন্ত তারা দুধ দেবে ততদিন পর্যন্ত তাদের রক্ষা করা, তাদের পুষ্টি সাধন

করা। এটা আমাদের বামফ্রন্ট সরাকারের কর্মসূচির অন্তর্ভুক্ত, শুধু যে কর্মসূচির অন্তর্ভুক্ত তাই নয়, আমি স্বীকার করি ১৯৫০ সালে যখন এই আইন ছিল তখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন পন্ডিত জহরলাল নেহেরু, তার উদ্যোগে সাম্প্রদায়িক অশান্তি বন্ধ করার জন্য ধর্মীয় দৃষ্টিকোণ থেকে গো-হত্যাকে একেবারে বন্ধ না করে এটাকে নিয়ন্ত্রণ করার জন্য এই আইন করা হয়েছিল এবং সঙ্গে সঙ্গে যাতে ভারতবর্ষের পশু সম্পদ রক্ষা করা যায়, যে পশু সম্পদ পুষ্টিকর কার্যের জন্য ব্যবহৃত যে পশু শক্তি তাকে যাতে রক্ষা করা যায়, এটাকে যাতে সুস্থ সবল করে রক্ষা এবং বৃদ্ধি করা যায় এই লক্ষ্য নিয়ে ১৯৫০ সালে পশ্চিমবঙ্গ পশু হত্যা নিয়ন্ত্রণ আইন রচনা করা হয়েছিল। এই সঙ্গে সঙ্গে আর একটা দিক ছিল পশ্চিমবাংলায় পশু সম্পদ যা আছে তার মধ্যে প্রয়োজনীয় এবং প্রয়োজনীয় অত্যন্ত বিজ্ঞান সম্মত দৃষ্টিতে ভাগ করা হয়েছে। যেগুলি অপ্রয়োজনীয় সেগুলিকে যদি বধ করতে হয় তাহলে কিছু বিধি-নিষেধের মধ্যে প্রয়োজনে সেগুলি বধ করতে পারবে। এই রক্ষা কবচ সহ যে আইন তৈরি করা হয়েছিল সেই আইন পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে সুফল সৃষ্টি করেছে। আমাদের দেশ সেকুলার ধর্মনিরপেক্ষ রাষ্ট্র, এর মধ্যে যেমন আমাদের ধর্মীয় অধিকার, আচার-ব্যবহারের অধিকার এবং সংস্কৃতিগত অধিকার রক্ষা করতে হবে তার সাথে সাথে গোটা ভারতবর্ষের কৃষি কার্য, পুষ্টিকর খাদ্য বৃদ্ধির জন্য পশু সম্পদ রক্ষা করে তার বধের নিয়ন্ত্রণ ব্যবস্থা করতে হবে। এই আইন ১৯৫০ সাল থেকে পশ্চিমবঙ্গে চলছিল, কিন্তু দুর্ভাগ্য এই যে তখন মাননীয় বিরোধী দলের সদস্যরা শাসন ক্ষমতায় ছিলেন, আমরা শাসন ক্ষমতায় ছিলাম না। তাঁরা এই আইনটা গোটা পশ্চিমবঙ্গে সম্প্রসারিত করতে পারতেন, কিন্তু তা দরকার মনে করেননি। যদি তা করতেন তাহলে হিন্দু-মুসলমানের সমস্যা উঠত না। পুজা-পার্বন, ধর্মীয় অনুষ্ঠান, মুসলমানদের কিছু ধর্মীয় অনুষ্ঠান আছে যেগুলিতে কোরবানি করতে হয়, সেই সমস্ত ব্যাপার নিয়ে বিরোধ উঠত না এবং সেই বিরোধ আমাদের দেশে সমাজ জীবনে সাম্প্রদায়িক শান্তি ক্ষুন্ন করত না। সুতরাং তাঁরা এটা না করে গুরুতর ভুল করেছেন। আমরা সেটাকে সংশোধন করার দায়িত্ব দিয়েছি। ১৯৭৯ সালে এখানে দাঁড়িয়ে আমি বলব যে এই একটা আইন তাঁরা করেছিলেন, আমি নীতিগতভাবে তার সঙ্গে একমত । আমরা সেটাকে সম্প্রসারিত করতে গিয়ে যা যা করা দরকার সেটা করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার এবং মাননীয় সদস্যদের অবগতির জন্য এই কথা বলতে চাই আমাদের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এই আইন সভায় বিগত বাজেট অধিবেশন সময় দেখে গো-বধ সম্পর্কে যে জাতীয় বিতর্ক হয়েছিল তার জন্য একটা পুস্তিকা বিতরণ করেছিলেন। সেই পুস্তিকার মধ্যে পুরানো মুখ্যমন্ত্রীদের ধ্যান-ধারণা, পশ্চিমবঙ্গে প্রফুল্ল সেন মহাশয় মুখ্যমন্ত্রী ছিলেন তাঁর ধ্যান-ধারণা, যুক্তফ্রন্ট সরকারের অজয় মুখার্জি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন তাঁর ধ্যান-ধারণা, তারপর জয়নাল সাহেবেরা যখন ক্ষমতায় ছিলেন তাঁদের মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ রায়ের ধ্যান-ধারণা, আমাদের বামফ্রন্ট সরকারের এই সম্পর্কে ধ্যান-ধারণা, পশ্চিমবঙ্গের গনতান্ত্রিক মানুষের ধ্যান-ধারণা প্রকাশ করা হয়েছিল।

[3-10 — 3-45 P.M.] (including adjournment)

নিশ্চয়ই আপনারা সেই পুস্তিকা পড়েছেন, আপনাদের সেসব কথা স্মরণে আছে। সেই পুস্তিকা দেওয়া হয়েছিল এই কারণে যে আচার্য বিনোবা ভাবে অনশন করবেন এবং তাঁর

দাবিছিল পশ্চিমবাংলা এবং কেরালায় সম্পূর্ণরূপে গোহত্যা বন্ধ করতে হবে। তিনি বলেছিলেন এটা বন্ধ না হওয়া পর্যন্ত তিনি অনশন চালিয়ে যাবেন এবং দরকার হলে তিনি অনশনে প্রাণ ত্যাগ করবেন। মুখ্যমন্ত্রী যে পুস্তিকা আপনাদের দিয়েছেন তাতে দেখবেন প্রধানমন্ত্রী মোরারজী দেশাই-র সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রীর চিঠি লেখালিখি হয়েছে। মোরারাজী বলেছিলেন, আপনারা এটা বিবেচনা করতে পারেন কিনা দেখুন। আমাদের বামফ্রন্ট সরকার বলেছেন আমরা নুতন কিছু করতে চাইনা। পূর্বের মুখ্যমন্ত্রী পি.সি.সেন বলেছিলেন বশ্চিমবাংলায় পুরো গোহত্যা বন্ধ আইন করা যায়না আর্থিক কারণে, কৃষি উৎপাদনের ক্ষেত্রে পশু খাদ্য সরবরাহের কারণে এবং পশ্চিমবাংলার এক শ্রেণীর মানুষের ধর্মীয় দিকটা বিবেচনা করে এটা করা যায়না। আমরা পি.সি.সেন-এর সঙ্গে এই ব্যাপারে একমত হয়েছি। অনেক ক্ষেত্রেই তাঁর সঙ্গে আমাদের ঘোরতর বিরোধ আছে, কিন্তু এই বিষয়ে আমরা একমত । অজয় মুখার্জিও এই অভিমত প্রকাশ করেন এবং তাঁর সঙ্গেও আমরা একমত । পূর্বেকার মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শংকর রায় জরুরি অবস্থার সময় আমাদের উপর অনেক অত্যাচার করেছিলেন। (**জনৈক সদস্য :** সেকথা তো অনেকবার শুনেছি) আরও শুনবেন, সেকথা বলার অধিকার আমার আছে। আমি অনেকের চেয়ে বেশি স্বাধীনতা সংগ্রামে যোগ দিয়েছি এবং ইংরেজ আমলে আমি দ্বীপান্তরেও ছিলাম। কাজেই এসব কথা বলার অধিকার আমার আছে। যাহোক, সিদ্ধার্থ রায় অনেক অত্যাচার করেছেন, অনেক অন্যায় করেছেন ভারতবর্ষ এবং পশ্চিমবাংলার জনসাধারণের উপর, কিন্তু তিনি এই যে কথা লিখেছিলেন যে, পশ্চিমবাংলায় সম্পূর্ণ গোহত্যা বন্ধ করা অবৈজ্ঞানিক হবে তা নয়, এটা অন্যায় হবে এবং তার ফলে সমাজ জীবনের সুস্থ পরিবেশ ক্ষুণ্ণ হতে পারে, তাঁর এ কথার সঙ্গে আমরা একমত হয়েছি। কাজেই নীতিগতভাবে আমরা যে প্রস্তাব এনেছি তার মধ্যে নূতন কিছু নেই। বিনোবা ভাবে অশান্তি ঘটাবার চেষ্টা করেছিলেন। মানুষের মধ্যে সাম্প্রদায়িকতার বীজ ছড়াবার চেষ্টা করেছিলেন। ১৯৭৯ সালের ১৮ই এপ্রিল আমাদের মুখ্যমন্ত্রী কমরেড জ্যোতিবসু বিনোবা ভাবের পাটনার আশ্রমে গিয়েছিলেন এবং তাঁর সঙ্গে কেরালার মুখ্যমন্ত্রীও ছিলেন। প্রধানমন্ত্রীর অনুরোধক্রমেই তাঁরা সেখানে গিয়েছিলেন। তাঁরা ভাবেকে বলেছেন, পশ্চিমবাংলায় যে আইন আছে সেটা সঠিক আইন এবং সুপ্রিম কোর্টের মামলায় যে রায় হয়েছে তাতে দেখা যায় তার সঙ্গে আমাদের আইনের সামঞ্জস্য রয়েছে, কাজেই আপনি এই অনশন প্রত্যাহার করুন। আমাদের মুখ্যমন্ত্রী বিনোবাজীকে বলেছিলেন পশ্চিমবাংলায় যে আইন আছে সেটা আমরা কার্যকরি করব। তারপর, ১৯শে এপ্রিল আমরা অর্ডিনেন্স জারি করলাম। মুখ্যমন্ত্রী বিনোবা ভাবেকে কথা দিয়েছিলেন পশ্চিমবাংলায় বর্তমানে যে আইন আছে সেটা সমস্ত পশ্চিমবাংলা আমরা সম্প্রসারণ করব। আমাদের মুখমন্ত্রী ভাবেজীকে যে কথা দিয়েছিলেন সে কথা তিনি রেখেছেন। রাজ্যপালের নির্দেশ নিয়ে ১৯৭৯ সালের ১৯শে এপ্রিল আমরা সেই অর্ডিন্যান্স জারি করেছি। তখন বিধানসভা ছিলনা, কাজেই অর্ডিন্যান্স করতে হয়েছিল। আমি এখন বিধানসভার কাছে সেই অর্ডিন্যান্স লে করেছি এবং আশাকরি সদস্যরা একবাক্যে একে সমর্থন করবেন এবং পশ্চিমবাংলার সর্বত্র যাতে এটা কার্যকরি করা যায় এবং এর মধ্য দিয়ে আমাদের সমাজ জীবনে শান্তি রক্ষা করা যায়, শান্তি বাড়িয়ে তোলা যায় তারজন্য চেষ্টা করবেন এবং এই ব্যাপারে পশু সম্পর্কে আমরা যা করতে চাই সেই কাজ করবার দিক থেকে আমাদের সাহায্যে করবেন।

[6th September, 1979]

[At this stage the House was adjourned upto 3-45 P.M.]

(After Recess)

[3-45 — 3-55 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় পশুপালন মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন এই বিলটা অত্যন্ত ছোট এবং এর মধ্যে সামান্য পরিবর্তন আইনিগতভাবে আমি তাঁর সঙ্গে একটা গো-বধ সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার যে অ্যাটিচিউট নিয়েছেন সেটাকে আমি সমর্থন করি। কিন্তু এই বিলটা সমর্থন করতে পারছিনা কারণ বাস্তব ক্ষেত্রে অসুবিধা দেখা দেবে বলে মনে করি। সেইজন্য এইটি অতি বিনয়ের সঙ্গে মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি যে এটা অত্যন্ত স্পর্শকাতর বিল, এটাকে নিয়ে অনেক দলের নীচু স্তরের কর্মীরা পরস্পর পরস্পরের ঘাড়ে দোষ চাপাবেন এবং আমাদের মধ্যে একটা ভুল বোঝাবুঝির চেষ্টা করছেন এবং ভবিষ্যতে করবেন। আজকে যে আলোচনা হল এবং এই বিলটা পাশ হবে এটা যদি ভালভাবে আমাদের সংবাদপত্রে প্রকাশিত না হয় তাহলে সারা পশ্চিমবাংলায় ভুল বোঝাবুঝির সৃষ্টি হবে বলে মনে করি। এই বিল সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকারের আগের মুখ্যমন্ত্রীরা যা বলেছেন, বর্তমান মুখ্যমন্ত্রী যা বলেছেন, যে সমস্ত চিঠি লিখেছেন, যা বিতরণ করা হয়েছিল তার সঙ্গে আমি একমত । জনতা পার্টি সম্বন্ধে অনেকে বলেন যে আমরা নাকি গো-হত্যা বন্ধের পক্ষে । আমি ব্যক্তিগতভাবে এর সঙ্গে একমত নই। তবু এই বিলের বিরোধিতা করছি তার কারণ হচ্ছে যে আজকে মিউনিসিপ্যাল এরিয়াতে আমরা যেটা দেখতে পাচ্ছি কলকাতা এবং As defined in clause (11) of section 3 of the Calcutta Municipal Act, 1923 (Bengal Act III of 1923). Tollygunge Municipality, Garden Reach Municipality, Berhampore Municipality, Murshidabad Municipality, Burdwan Municipality, Ranigunj Municipality, Asansol Municipality, Midnapore Municipality, Hooghly-Chinsurah Municipality, Darjeeling Municipality, Kurseong Municipality, Budge Budge Municipality, Howrah Municipality. এইটা বিধিবদ্ধ ছিল, ১৫ই মার্চ ১৯৫২, এটা চালু হয়েছে। এইটা আজকে সমস্ত বাংলায় চালু করতে চাচ্ছেন, চেয়ে কি করছেন? এই বিলে আছে ভেটারিনারি সার্জন আর পঞ্চায়েত সমিতিতে একসঙ্গে জুড়ে দিচ্ছেন। মিউনিসিপ্যাল এরিয়াতে কতকগুলি স্লটার বা প্রেসিডেন্ট বা তার নমিনেটেড লোক দিয়ে সিল বা ছাপ মারা হত। এখানে ব্লক এরিয়ার হচ্ছে ৫১০ মাইল তাহলে যে লোক পশুহত্যা করবে তার বাড়ি হয়ত প্রেসিনেডেন্টের বাড়ি থেকে ২৫ মাইল দূরে, তার যদি একটা সার্টিফিকেট নিতে হয়.... তাহলে তাকে কি করতে হবে? তাকে সেই ব্লকের প্রেসিডেন্টের বাড়ি খুঁজতে হবে এবং ভেটেরিনারী সারির্জেনকে খুঁজতে হবে। দুজন লোককে সে একত্রিত কি করে করবে? তারপর একত্রিত করে সার্টিফিকেট সইয়ের ব্যবস্থা কি করে করতে হবে তার কোনও ব্যবস্থা এখানে নেই। আপনার পঞ্চায়েত সমিতির প্রেসিডেন্ট বা পঞ্চায়েত সমিতির সভাপতি কথাটা শুনতে খুব সোজা। এখানে যেমন মিউনিসিপ্যালিটির সভাপতি করেছেন, ওখানে তেমনি পঞ্চায়েত সমিতির প্রেসিডেন্ট করেছেন। কিন্তু সেই পঞ্চায়েত সমিতির প্রেসিডেন্টের কাছে যেতে গেলে আমাদের ২৫মাইল দূর থেকে পশুকে নিয়ে এসে তার বাড়ি কিংবা তার অফিস খুঁজতে

হবে। তারপর ভেটেরিনারী সারজেনের কাছে যেতে হবে এবং যদি ভেটেরিনারী সারজেন এবং পঞ্চায়েত সমিতির সভাপতির মতের না মিল হয় তাহলে সে অবস্থায় কি করতে হবে, কোনওদিন লোককে যেতে হবে বহরমপুরে, ভেটেরিনারী অফিসারকে দেখাতে হবে এবং সেটা করতে হবে গরু সহ নিয়ে যেয়ে। এইটা কি একটা বাস্তব আইন হল? আপনারা পঞ্চায়েত সমিতির সভাপতিকে লক্ষ টাকার কাজ করার অধিকার দিয়েছেন। যারা ইঞ্জিনিয়ারিংয়ের 'ই' জানে না তাদের ব্রিজ তৈরি করার অধিকার দিয়ে দিয়েছেন, সেখানে এস.এ.ই লাগবে না, বি.ডি.ও. লাগবে না, তারাই ব্রিজ তৈরি করবে, এই রকম ক্ষমতা আপনারা তাদের দিয়ে দিয়েছেন। আর যারা চিরকাল গরু, ঘোড়া, পশু নিয়ে কাজ কারবার করছে এই রকম পাঁচজন লোককে ব্লকে খুঁজে পেলেন না। এই রকম কমিটি একত্রিত হয়ে বলত—এই গরুর ১৪বছর বয়স হয়েছে, কি, ১৪বছর বয়স হয় নি। এইটা বলার জন্য ভেটেরিনারি অফিসারের কাছে যেতে হবে জেলার সদর দপ্তরে। তারপর কি বললেন, সেখানে যদি মতের না মিল হয়, তাহলে কোথায় আসতে হবে, হবে স্টেট গভর্নমেন্ট মানে রাইটার্স বিল্ডিংসে। আমি একজন গ্রামের নিরক্ষর লোক আমি আমার পশুকে হত্যার পারমিশন দেওয়া হল না বলে আমাকে তারপর আসতে হবে রাইটার্স বিল্ডিংসে। এইটা কারা করতে পারে? স্লটার হাউসের মালিক তারা করতে পারে, স্লটার হাউসের যারা বড় বড় ব্যবসা করে তারা করতে পারে—এইটা গ্রামের লোকের পক্ষে করা কি সম্ভব? এখানে স্পর্শকাতর বিল এনেছেন। আমরা নীতিগতভাবে এটা সমর্থন করি। পশ্চিমবঙ্গ সরকার যে নীতি নিয়েছেন তাকে সমর্থন করি। যখন আচার্য বিনোবা ভাবেজীর অনশন নিয়ে কথাবার্তা চলছিল আমি টেলিগ্রাম করে জ্যোতিবাবুকে বলেছিলাম, I fully support your views. কিন্তু কথা হচ্ছে, স্পর্শকাতর একটা বিল আনলেন, এই বিলটা নিয়ে আসার আগে উচিত ছিল বিরোধী দলের সঙ্গে আলোচনা করা। তা না করে, আপনার অফিসার যা লিখে দিলেন, তাই আপনি এখানে আনলেন, আপনি নিজেও চিন্তা করলেন না। আপনি গ্রামের লোক, গ্রামের কথা অবহিত নন একথা বলি না। আপনার কৃষ্ণনগর থেকে নদীয়া জেলার শেষ পর্যন্ত কতদূর, তেহট্ট কতদূর, করিমগঞ্জ কতদূর, সেটা আপনি জানেন। কিভাবে একটা গ্রামের লোক সার্টিফিকেট জোগাড় করবে সেটা আপনি যদি বিবেচনা করে দেখতেন তাহলে এই বিল আনতে পারতেন না। এই অসুবিধার কারণে আমি এই বিল সমর্থন করতে পারছি না। আমি মনে করি এতে বাস্তবে অসুবিধা দেখা দেবে। তারপর In section 14 of the Principal Act in sub-section 2 for clause (c) the following clause shall be substituted:- the time and the places at which the animals may be slaughtered in a municipality or block in permanent of this Act আপনার অফিসার এইখানে যাবে, স্লটার হাউসে যাবে, এ্যানিমেল স্লটার করা যাবে, আমি জিজ্ঞাসা করি, একটা ব্লক এরিয়াতে একটা লোক কেমন করে টাইম ফিক্স করে দেবেন, প্লেস কেমন করে ঠিক করে দেবেন? প্লেস ঠিক করে দেওয়ার অধিকার থাকা উচিত। এইটা কিন্তু আইনে প্রেসকাইব করতে পারতেন আগেও যেটা ছিল এই রকম প্লেস এই রকম ঢাকা ঘরের মধ্যে করতে হবে। সেটা যদি করতেন তাহলে আমার কিছু বক্তব্য ছিল না। কিন্তু সেটা আপনি করলেন না। টাইম অ্যান্ড প্লেস কেমন করে ব্লক এরিয়ায় ঠিক করবেন? আড়াইশো, তিনশো গ্রাম নিয়ে একটা ব্লক হয়, তার টাইম অ্যান্ড প্লেস কি করে ঠিক করবেন, কে ঠিক করবে। Who

[6th September, 1979]

will fix the time and place? এটা আমাকে যদি বুঝিয়ে বলেন তাহলে আমি এটা সমর্থন করতে পারি। আমার বুদ্ধিতে কুলোচ্ছে না। এতবড় পশ্চিমবাংলায় কোথায় কোথায় পশু হত্যা হতে পারে, তা আপনি কেমন করে ফিক্স করবেন? তারপর ধরুন আমার সঙ্গে শত্রুতা আছে আর এক জনের, রামের সঙ্গে শ্যামের শত্রুতা আছে, আমি একজায়গায় পশু হত্যা করলাম উইথ পারমিশন, তখন বলবে স্যার, আপনার টাইম মানে নি, আপনার প্লেস মানে নি। একটা দরখাস্ত হয়ে গেল। আইনে বলছে, এটা কগনিজেব্যাল অফেনস্। আজকে থানা তো চলে আপনাদের ক্যাডারদের কথায়।

[3-55 — 4-05 P.M.]

আজকে থানায় চলে আপনাদের ক্যাডারদের কথা। এর আগেও দেখছি আপনাদের গভর্নমেন্টের আমলে এস.পি-কে বলা হল একে অ্যারেস্ট কর, সে অ্যারেস্টেড হয়ে গেল। আজকে যে অবস্থা আছে তাতে এই আইনটা ঠিকমত চালু করা হবেনা। এটাই আমি আপনার কাছে নিবেদন করি, আপনি এটা বিবেচনা করে দেখবেন এবং আপনার কাছে অনুরোধ করি যে এই বিলটা উইথড্র করে নিন, আমাদের সংখ্যালঘু ভাইরা রয়েছেন, তাদের মধ্যে সংশয় আছে, আমি বলি এটা নিয়ে বসে আলোচনা করুন এবং একটা বিল করুন। এ সম্বন্ধে নীতিগত দিক থেকে কেউ বিরোধিতা করবেন বলে আমার মনে হয়না, আমরা চাই হোক ।

আমার দ্বিতীয় কথা হচ্ছে—আমার দুটি অ্যামেন্ডমেন্ট আছে। একটিতে আমি বলেছি জেলাতে যে ভেটারিনারি অফিসার আছেন, যাঁরা জেলায় থাকেন, তার বদলে আপনি পাঁচজন লোক ঠিক করে দিন, যাদের বাস্তব অভিজ্ঞতা আছে, তারাই ভেটারিনারি অফিসারের কাজটা করবে। ব্রিজের জ্ঞান না থাকলেও যেখানে ব্রিজ তৈরি করছে, যেখানে বাড়ি তৈরির জ্ঞান না থাকলেও মানুষ বাড়ি তৈরি করছে, সেখানে যাদের বাস্তব অভিজ্ঞতা আছে, পশু নিয়ে সারা জীবন কাজ করছে, যারা বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন, তাদের দায়িত্ব দিতে পারবেন না? এটাই আমার ছোট্ট একটা অ্যামেন্ডমেন্ট, এটা আপনি বিবেচনা করে দেখবেন। স্পিকার মহাশয়, আমি জানি না আমার এই অ্যামেন্ডমেন্টকে রেলিভ্যান্ট কি ইরেলিভিল্যান্ট বলবেন। এটা বিবেচনার জন্য আমি রাখছি।

দ্বিতীয় যে অ্যামেন্ডমেন্ট আমার, আমরা দেখেছি ইদুজ্জোহা যাকে আমরা বক্‌রি ঈদ, বলি তাতে স্যাক্রিফাইস পশু করতেই হবে এবং প্রতি বছরেই গভর্নমেন্টকে বলতে হয় যে এই তারিখে আইনের বিধি বদ্ধতা থাকবেনা। কেননা যদি কখনও ভুল হয় তো খুব অসুবিধায় পড়তে হয়। একবার বৃহস্পতিবার ঈদ পড়ল, কিন্তু বুধবার পর্যন্ত রেডিওতে বা কোথাও এই এ্যানাউন্সমেন্ট নাই যে সেদিন আইনটা নাই। তখন অমি রাইটার্স বিল্ডিংসে ফোন করি এবং বলি, তারপরে আপনারা অর্ডার করেন। বক্‌রি ঈদ, দুর্গাপূজা, কালী পূজায় ছাগল ভেড়া বলির উপর কোনও নিষেধ নাই কিন্তু কোথও কোথাও বাফেলোর বাচ্চা বলি দেওয়া হয়, যদিও সেটা খুব কমই হয়। সেজন্য আমি বলি এই জিনিসটা যদি তুলে নিতেন তাহলে আপনাদের বদান্যতা প্রকাশ পেত । প্রতি বছর যেখানে এ সম্বন্ধে নোটিফিকেশন করতে হয় সেখানে একটা জেনারেল নোটিফিকেশন যদি করে দেয় যে এই দিন করলাম তখন কোনও নিষেধ থাকলনা। অবশ্য প্লেস আপনারা হাতে রাখতে পারেন, কেননা ওপেন প্লেস হলে

গন্ডোগোল হবে। কিন্তু ইদুজ্জোহার দিনে এটা একটা রাইট, সুতরাং সরকারকে বলতেই হবে, সরকারকে এটাও বলতে হবে যে কালী পূজায় দূর্গা পূজায় যেখানে যেখানে বলি হবে তা করা যাবে। এটা না করে পারবেন না, যখন যে সরকারই থাকুকনা কেন এটা করতে হবে। এই সম্বন্ধেই আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছি, এখন যদি বলেন যে এই অ্যামেন্ডমেন্ট যেহেতু অপোজিশন থেকে দেওয়া হয়েছে, সেজন্য এটা নিতে অপমান বোধ করছেন তাহলে অবশ্য আলাদা কথা। তা যদি হয়, বিলটা পরে আনুন এবং এটা তুলে নিন। আপনি বলেছেন The West Bengal Animal Slaughter Control Act, 1950 was enacted to control the slaughter of certain animals with a view to increase the supply of milk and to avoid the wastage of animal power necessary for improvement of agriculture.

আপনি পশুপালন মন্ত্রী হিসাবে এই বিল এনে আপনি আপনার কর্তব্য সম্পাদন করলেন। কিন্তু আপনার কাছে জানাতে চাই আপনি যে বিল আনলেন তাতে আমাদের হিসাব মতে প্রতি বছর ৬ লক্ষের মতো পশু কাটা হয় এবং এর বেশির ভাগই আসে পাঞ্জাব এবং ইউ.পি. থেকে । কিন্তু এখন সেটা আইন করে বন্ধ করে দিয়েছে। আপনি হয়ত জানেননা যে গো-মাংস এখন আর তত সস্তা নয়, এবং সবাই যে কিনে খেতে পারে তাও নয়। এই যে ৬ লক্ষের মতো পশু যা কাটা হয় সেগুলির বেশির ভাগই আসত পাঞ্জাব এবং ইউ.পি. থেকে কিন্তু এখানে তারা সেটা আইন করে বন্ধ করে দিয়েছে। এখানকার গরু যাতে সংখ্যায় বাড়ানো যায় তারজন্য আপনি কি চিন্তা করছেন? এই আইন করলেই কি আপনার সব কাজ শেষ হয়ে যাবে? স্যার, আমি সেদিন ডিষ্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটির মিটিং-এ ডিষ্ট্রিক্ট লাইভস্টক অফিসারকে বলছিলাম যে, আমরা কো-অপারেটিভ ডেয়ারি করতে চাই গ্রামের বেকার ছেলেদের নিয়ে, আপনি হরিণঘাটা থেকে ১০ টা গরু এনে দিতে পারবেন? তিনি বললেন, 'না, পারব না।' তখন আমি বললাম, পাঞ্জাব থেকে এনে দিতে পারবেন? তিনি বললেন, 'না, তাও পারব না।' এই যেখানে অবস্থা সেখানে আপনি কি ভাবছেন আমাদের বলুন। তারপর আপনারা যে আইন করলেন তাতে ১৪ বছর কথাটা রাখলেন। এখানে কিন্তু একটা ফাঁক থেকে যাচ্ছে। সে সমস্ত বন্ধ্যা গরু আছে, যাদের বাচ্ছা হবে না, কোনও কাজে লাগবে না সেই গরুগুলিকে এগজেম্পশন দেবার ব্যবস্থা করলেন না। সেগুলি কি কাজে লাগবে? আপনি যদি বলেন পশুপালন মন্ত্রী হিসাবে এই আইন করে দিয়েই আপনার কাজ শেষ তাহলে আমরা বলব, তা তো হয়নি, আপনাকে এগুলি চিন্তা করতে হবে। আপনাকে চিন্তা করতে হবে গ্রামে ডেয়ারি কি করে বাড়ানো যায়, গরুর খাদ্য কিভাবে দেওয়া যায়। স্যার, গোচারণ ভূমি তো আপনি জানেন, গ্রামের জমিদাররা বন্দোবস্ত দিয়ে শেষ করে গিয়েছেন। গ্রামে আজকে আর গরুর খাদ্য পাওয়া যায় না। মাননীয় মন্ত্রী মহাশয় কি বলতে পারেন তিনি মন্ত্রী হবার পর কটা ফডার সেন্টার বাড়াতে পেরেছেন? যেখানে গরুকে ভাল খাদ্য দিতে পারছেন না, ফডার সেন্টার বাড়াতে পারছেন না সেখানে আপনি বলছেন, গরুর স্বাস্থ্য ভাল করব, দুধ বাড়াবো ইত্যাদি। যেখানে গরুর খাদ্যেরই ব্যবস্থা করতে পারছেন না সেখানে আপনি এসব করবেন কি করে? আপনি যদি আজকে বলতে পারতেন এত ফডার সেন্টার বাড়িয়েছি তাহলে বুঝতে পারতাম যে আপনি কিছু করবেন কিন্তু তা যখন হয়নি গরুর স্বাস্থ্য ভাল হবে কি করে, গরু বাড়বে কি করে তা আমরা বুঝতে পারছি না। স্যার, পাঞ্জাব, হরিয়ানার গরুর

স্বাস্থ্য কি আর আমাদের এখানকার গরুর স্বাস্থ্য কি সেটা আপনি ভালোই জানেন, কাজেই মন্ত্রী মহাশয়কে বলব, আপনি গরুর খাদ্যের ব্যাপারে চিন্তা করুন। মন্ত্রী মহাশয় হয়ত বলবেন. এগুলি অপ্রাসঙ্গিক কথা কিন্তু তাঁকে আমি বলব, আপনি আপনার বিলের স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড রিজসনে একথা বলেছেন তাই আমি এই প্রসঙ্গের অবতারণা করছি। পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব, আমরা জানি এরপর হান্নানউজ্জমান সাহেব বলবেন, আপনারা মেজরিটি ইত্যাদি ইত্যাদি কিন্তু আমি বলব, আমরা অর্থডক্স নই। ঋগবেদ-এ আছে, গো হত্যা আগেও ছিল। কিছু কিছু লোক আমাদের হিন্দুদের মধ্যে হয়ত আমাকে বলবেন, আপনি বিধানসভায় গো হত্যা সমর্থন করে এলেন, আমি তাঁদের বলব, আমি অর্থডক্স নই, আমাদের ঋগবেদে আছে, হিন্দুরাও কোনও কালে গো-মাংস খেত । আমার বলার সময় শেষ হয়ে গিয়েছে কাজেই আমি আর বিশেষ কিছু বলতে চাই না, পরিশেষে খালি এইটুকু বলব, পশ্চিমবঙ্গের নীতি আমি সমর্থন করছি কিন্তু তবুও মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ, এই বিলটা উইথড্র করুন, কারণ অত্যন্ত স্পর্শকাতর আইন এটা। ভালভাবে দেখেশুনে, আলোচনা করে আইন যাতে করতে পারেন সেটা দেখুন আর গ্রামের পশুপালন কি ভাবে উন্নত করা যায় বা বাড়ানো যায় সেটা চিন্তা করুন।

[4-05 — 4-15 P.M.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনি দেখেছেন আগে একজন করে অপোজিশন তরফ থেকে বক্তৃতা দিত তারপর সরকারি দল থেকে একজন বলত। এইভাবে অলটারনেটলি বক্তৃতা হত। এখন দেখছি আগে অপোজিশনের সবাই বলে নিচ্ছে তার পর সরকারি দল থেকে বলা হচ্ছে। এটা কিন্তু স্যার ঠিক হচ্ছে না। এটা আপনি একটু দেখুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা আমি কনসিডার করব।

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় পশু পালন মন্ত্রী মহাশয় আজকে পশ্চিমবঙ্গ পশুবধ নিয়ন্ত্রণ (সংশোধন) বিধেয়ক, ১৯৭৯ এই বিলটি এনেছেন। বর্তমান বামফ্রন্ট সরকার অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকারের ঘোষিত নীতি যে পশ্চিমবাংলায় যেহেতু ধর্মীয় কাতরতা ইত্যাদি বেশি আছে এই কারণে এটা বন্ধ করা যায় না। তাই সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে এটা বন্ধের আইন করার উপর গুরুত্ব দিলেও পশ্চিমবাংলা এবং কেরলে এখনও পর্যন্ত বন্ধ করার আইন আনেন নি। এই জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু এই আইনে খুব চালাকির সহিত এটা বন্ধ করা হচ্ছে। আমি বলছি যে প্রকারান্তরে এই বিল এনে তা করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় উত্তেজিত হয়ে বক্তৃতা করেছেন কিন্তু অত উত্তেজিত হওয়ার কোনও কারণ ছিল না। ইতিপূর্বে ১৯৫০ সালে যে আইন হয়েছিল সেটা মিউনিসিপ্যাল এলাকার মধ্যে সীমাবদ্ধ ছিল বিভিন্ন স্লটারিং হাউস নির্দিষ্ট ছিল যার ফলে আইনটিকে কার্যকরি করার কোনও অসুবিধা ছিল না। কিন্তু যখন এটা পশ্চিমবাংলার গ্রামে গঞ্জে ছড়িয়ে দেওয়া হল তাতে করে এটা বন্ধই করা হল। ১৯৫০ সালের আইনে কি আছে? এর ৩।৪।৫। ধারা দেখলে দেখা যাবে যে পশু চিকিৎসককে ভেটারেনারি সার্জেনকে খুঁজতে হবে। যখন সে অ্যাভেলেবল হল না তখন তাদের যেতে হবে আপনাদের অফিসে।

(**এ ভয়েস ঃ** কোথায় এটা আছে?)

থামুন বীরেনবাবু আপনাদের পূর্বপুরুষরা গো মাংস খেত।

(**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** আমাদের পূর্বপুরুষরা নয় তাদের পূর্বসুরীরা)

ভেটেরেনারি সার্জেনের অফিসে যেতে হল। তিনি যদি রিজেক্ট করেন তাহলে আবার ১৫ দিনের মধ্যে রাজ্য সরকারের কাছে আবেদন করতে হবে। স্যার, আপনি চিন্তা করুন গ্রামে কোনও নির্দিষ্ট স্লটারিং হাউস নেই বা কোনও কিছু ব্যবস্থা নেই। তাই এখানে বলতে হচ্ছে কিভাবে কায়দা করা হচ্ছে। এর ফলে কোনও গ্রামের লোকের পক্ষে সম্ভব হবে না এই ব্যবস্থা করতে এবং উপরন্তু এমন অবস্থার সৃষ্টি হবে যে সেখানে পয়সা-কড়ির খেলা আরম্ভ হবে। এবং তার চেয়ে বেশি কিছু দালাল সৃষ্টি হবে ঐ সব পঞ্চায়েতের সভাপতি ঐ সব সম্মানীয় ব্যক্তিদের পকেট পূরণের একটা সুযোগ করে দেওয়া হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বীরেনবাবু বলেছেন যে ধর্মীয় অনুষ্ঠান ইদোজ্জহা, কালীপূজা, দুর্গাপূজা, ইত্যাদি এবং একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন। আমি সেই অ্যামেন্ডমেন্টকে সমর্থন করছি। কালীপূজাতে, দুর্গাপূজাতে কোনও কোনও জায়গায় বলি হয় আমি জানি। মাননীয় অধ্যক্ষ মহাশয়; আপনি নিশ্চয় জানেন যে কোরবানি কাকে বলে, কোরবানি কি জিনিস। বীরেনবাবু জানেন না কিন্তু আপনি জানেন যে কোরবানি মানে কি। আপনার সব চেয়ে প্রিয় তাকে কোরবান করা। তার মানে ঐ যে মরতে যাচ্ছে বা মরার পথে একটা গরু বা পশু তাকে কোরবার করা তা নয়। তাছাড়া কেবল গরু নয়, উট কিম্বা দুম্বা প্রভৃতি এগুলিও পড়ে। যদি কোনও গরুর কাটাকাটি থাকে তাহলে সেটা কোরবানি হয় না এই রকম বিধান আছে। কাজেই সেই বিধান যদি মেনে চলতে হয় তাহলে এই আইনে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে যদি আপনারা ভেবে থাকেন যে স্পর্শকাতর ধর্মীয় ব্যাপার আছে তাহলে এই প্রভিসন রাখলেন না কেন, ঐ ব্যাপারে প্রভিশন রাখা উচিত ছিল। অন্তত ইদোজ্জহার দিনের জন্য একটা আলাদা ব্যবস্থা রাখা উচিত ছিল। কারণ যদি ধর্ম সম্পর্কে আপনারা সহানুভূতিশীল হন তাহলে যে ধর্মীয় বিধান আছে সেটা আগে সম্পূর্ণ ভাবে জানতে হবে এবং তারপর সেই বিষয়ে ব্যবস্থা করতে হবে। সুতরাং কোরবানি জিনিসটা হাজার জিনিস নয়। এর ভিতরে কি ইতিহাস আছে, কি রহস্য আছে আপনারা বুঝতে পারবেন না। আগে সেটা বোঝবার চেষ্টা করতে হবে। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে যদি তাই হয় তাহলে তাজা সুন্দর জিনিসকে কোরবান করতে হবে। সেখানে যদি আপনি বিধান করেন যে এত বয়সের উপরে খোঁড়া যে মরতে চলেছে, তারপর আবার সার্টিফিকেট ইত্যাদি এই রকম বিধান করেন তাহলে কি ধর্মীয় বিধানে বাধা দিচ্ছেন না? আপনি চিন্তা করে দেখুন কয়টা লোক গিয়ে সার্টিফিকেট আনতে পারবে এই ধর্মীয় অনুষ্ঠান ইদোজ্জহার কোরবানির জন্য? এই ব্যাপারে কি প্রতিক্রিয়ার সৃষ্টি হবেনা, এই ব্যাপারে যে স্পর্শ কাতরতার কথা বলছেন সেটা কি হবে না? যে উদ্দেশ্য নিয়ে এটা অপনারা করতে চাচ্ছেন কিন্তু দেখা যাচ্ছে যে ঘুরিয়ে এটাকে বন্ধ করতে চাচ্ছেন। যদি গ্রামে এটা নিয়ে গেলেন তবে সরল ব্যবস্থা করা দরকার ছিল। ১৯৫০ সালের অ্যাক্টকে গ্রামে নিয়ে যাচ্ছেন যান কিন্তু গ্রামের যাবার পর সেখানে সভাপতি করবে, ভেটেরিনারি সার্জেন করবে—এই রকম বলে যদি আপনার কর্তব্য শেষ হয়ে যায় তাহলে আমি মনে করব যে মাননীয় পশু পালন মন্ত্রী হিসাবে আপনি আপনার কর্তব্য করে ছেড়ে দিচ্ছেন কিন্তু প্রকারান্তরে তৎকালীন জনতা সরকার যে কথা

বলেছিলেন যে বন্ধ করে দাও সেই দিকেই যাচ্ছেন। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, এই যে জিনিসটা মন্ত্রী মহাশয় এনেছেন, এই ব্যাপারে আপনি একটু চিন্তা ভাবনা এবং চিন্তা ভাবনা করে এটাকে পরিবর্তন করুন। যদি এখন সম্ভব না হয় তবে আগামী দিন একটা অ্যামেন্ডমেন্ট এনে এর পরিবর্তন করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে একটা বক্তব্য আছে, আপনি ১৩তে দেখুন যেখানে স্টেটমেন্ট হ'চ্ছে, "The State Government may, by general or special orders and subject to such condition as it many think, to impose, exempt from the operation of this Act the slaughter of any animal for any religious, medicinal or research purposes."

[4-15 — 4-25 P.M.]

এটা কথার কথা, আবার রাজ্য সরকারের কাছে আসতে হবে, বলতে হবে, চিন্তা করতে হবে, তারপর হবে। আমি মনে করি এই ধারাটা অ্যামেন্ডমেন্ট করে বলে দিন ধর্মীয় অনুষ্ঠানের দিনে, এই কথাটা উঠিয়ে দিন। এই বিষয়টা আপনাকে বিবেচনা করতে অনুরোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার শেষ বক্তব্য হচ্ছে যে ঘুরিয়ে ফিরিয়ে মন্ত্রী মহাশয় এটাকে বন্ধ করার চেষ্টা করছেন। যেহেতু আইনের মধ্যে তিনি প্রভিশন আনলেন না সেই হেতু আমি মনে করি এটাকে ঘুরিয়ে একটা ধর্মীয় চিন্তা ধারার উপর মন্ত্রী মহাশয় কথা বলেছেন। জ্যোতি বাবু যে কথাটা বলেছেন, সেই কথাটা আপনারা পুরোপুরি পালন করছেন না। এটা বন্ধ করতে চাইছেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** অন এ পয়েন্ট অব ইনফর্মেশন স্যার, মাননীয় সদস্য শামসুদ্দিন সাহেব বলেছেন কোরবানির ব্যাপারে, যে সবচেয়ে প্রিয় ব্যক্তি যিনি তাকে কোরবানি করতে হয়, জবাই করতে হয়। এই রকম সম্ভাবনা কি আছে, কার কার কাছে যিনি সবচেয়ে প্রিয়, সেই ইন্দিরাগান্ধীকে আগামী দিনে কোরবানি করবার একটা প্রয়াস হবে?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** Please take your seat.

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার। পয়েন্ট অব ইনফর্মেশনে বলতে উঠে কি এই রকম কোনও উক্তি করা যায়?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** Your point of order is point less. Now, Shri Satya Pada Bhattacharya.

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিলটা আজকে এনেছেন এই বিলটা অতন্ত্য সময়োপোযোগী হয়েছে। বিনোবাজী আমাদের ভারতের একমাত্র সন্তান যিনি গো হত্যার ডাক দিয়ে সারা দেশব্যাপী সাম্প্রদায়িক দাঙ্গা সৃষ্টি করার জন্য চেষ্টা করেছিলেন। তার জন্যই এই বিল আনা হয়েছে। এর মধ্যে স্পর্শ কাতরতা নেই। পশ্চিমবাংলায় গরুর সংখ্যা অসংখ্য, যে গরু দুধ দেয়না, চাষের সাহায্যে লাগে না। সেই সব গরু যদি না জবাই হয় তাহলে ভার হয়ে দাঁড়াবে। যেমন বাপ মা বৃদ্ধ হলে সংসারের ভার হয়ে ওঠে, তেমনি এই সব অকেজো গরুও আমাদের ভার হয়ে উঠবে। লর্ড লিংলিথো তাঁর আমলে চাষীদের কিছু ষাঁড় দিয়েছিল। সেই ষাঁড়গুলো যতদিন সক্ষম ছিল ততদিন গভর্নমেন্ট থেকে ১৫ টাকা করে দেওয়া হত। কিন্তু যখন অকেজো হয়ে পড়ত তখন গভর্নমেন্ট থেকে টাকা

বন্ধ করে দেওয়া হত এবং সেই ষাঁড়গুলো বুড়ো হয়ে না খেতে পেয়ে ধুঁকতে ধুঁকতে মরত, চোখ দিয়ে টপ টপ করে জল পড়ত। কাজেই কিছু অক্ষম গরু জবাই করতে কোনও বাধা নেই। তা না হলে আমাদের খাদ্য সামগ্রী যা আছে তা দিয়ে ঐ অক্ষম গরুগুলোকে খাওয়াতে গেলে সক্ষম গরুগুলো আর খেতে পাবে না। পূর্বতন জনতা সরকারের আমলে বিনোবাজী যে গো হত্যা বন্ধের ডাক দিয়েছিলেন, সেই জনতা সরকার আর নেই। সেখানে আমরা খুব কষ্টে সাম্প্রদায়িক দাঙ্গার হাত থেকে বেঁচেছি। তখন মোরারজী দেশাই প্রধানমন্ত্রী ছিলেন।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** অন এ পয়েন্ট অফ্ অর্ডার, স্যার, উনি বক্তৃতা প্রসঙ্গে বললেন যে, পূর্ববর্তী কেন্দ্রীয় জনতা সরকার সারা দেশে গো-হত্যা বন্ধের আন্দোলন করেছিল। স্যার, আমি বলতে চাই যে, জনতা সরকার এই আন্দোলন করেনি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** সেখানে আর বলা হয়েছিল যে, রাজ্যের হাতে গো-রক্ষার যে ক্ষমতা আছে সেটা কেন্দ্র গ্রহণ করবে। এই কথা বলে তাঁরা সারা ভারতবর্ষে একটা আইন করতে চেয়েছিলেন। এটা ভুলে গেলে চলবে না। কিন্তু আমরা মনে করি যেখানে যে গরু কাজ দেবেনা, সেখানে সেই গরুকে খাদ্য হিসাবে জবাই করলে কোনও ক্ষতি নেই। এক্ষেত্রে আমাদের স্পর্শকাতর হলে চলবে না। কিন্তু এখন এই আইন সম্বন্ধে একটা কথা বলতে চাই যে, এখানে বলা হচ্ছে গরুকে পঞ্চায়েত সমিতিতে নিয়ে যেতে হবে। এখন সেই পঞ্চায়েত সমিতির সভাপতি যদি হিন্দু হন তাহলে তিনি সেই গরুকে স্লটার হাউসে কি করে পাঠাবেন? এক্ষেত্রে জায়গায় জায়গায় অসুবিধা দেখা দেবে। আর একটা জিনিস হচ্ছে স্লটার হাউস কি করে ঠিক করবে গরুর বয়স কত? এসব ক্ষেত্রে পঞ্চায়েত সমিতি অসুবিধায় পড়বেন। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, এবিষয়ে আর কিছু সহজ নিয়ম করা যায় কিনা সেটা তিনি একটু বিবেচনা করে দেখুন। তারপর শুধু মুসলমানরাই গরু হত্যা করেনা, আপনি দেখবেন হিন্দুরাও গরু হত্যা করে। এই কলকাতাতেই আপনি দেখবেন গরু আছে, অথচ বাছুর নেই, একটা চামড়ার গায়ে খড় লাগিয়ে বাছুর করা হয়। তাহলে বাছুরটা গেল কোথায়? না, সেটাকে মেরে ফেলা হয়েছে এ জিনিস হিন্দুস্থানী গোয়ালারা করে থাকে। দ্বিতীয়ত আর একটা জিনিস হচ্ছে গরুগুলোকে ফুকো দিয়ে বন্ধ্যা করে দেওয়া হয়। সেইজন্য আমার অনুরোধ হচ্ছে গরু নিয়ে যেখানে এই জাতীয় ব্যবস্থা করা হচ্ছে সেখানেও আমাদের লক্ষ্য রাখতে হবে যাতে এই জিনিস না হয়। তারপর আমি শামসুদ্দীন সাহেবকে বলছি, এত উগ্র হবেন না। কোরবানির অর্থ যাই হোক না কেন, সব কথার মানে সবাই জানে না, সুতরাং এত উগ্র হবেন না। কাজটা যাতে সহজে করা যায় তার জন্য আমাদের চেষ্টা করতে হবে। তারপর আমি যেটা বলছিলাম যে, একটা ব্লকের ১০টা জায়গায় যদি কাটা হয় তাহলে সেগুলি নিয়ে আগে পঞ্চায়েত সমিতিতে আসতে হবে এবং পঞ্চায়েত সমিতিকে সেটা ঠিক করে দিতে হবে। এই ব্যবস্থায় পঞ্চায়েত সমিতির সভাপতি অসুবিধা বোধ করবেন। তারপর কোনটি কাটা যাবে এবং কোনটি কাটা যাবেনা এ বিষয়েও ঐ যে বয়সের ব্যাপার বলা হয়েছে, এক্ষেত্রেও নানা রকম অসুবিধা দেখা দেবে। আমি এই সম্বন্ধে একটা গল্প বলব। সেটা হচ্ছে, একটা নিয়ম খোঁয়াড়-এ আছে যে, গরু হলে ১ টাকা লাগবে, আর বাছুর হলে আট টাকা লাগবে। এখন এক ভদ্রলোকের একটা গরু খোঁয়াড়ে নিয়ে গেছে। এখন সেটা গরু, না বাছুর এই নিয়ে খোঁয়াড়ারের সঙ্গে ভদ্রলোকের কথা-কাটাকাটি শুরু হয়ে যায়। সে

বলছে এটা বাছুর, আর খোঁয়াড়ের লোক বলছে, না এটা গরু। এখন তার যুক্তি হচ্ছে দুধ খেলে বুঝতে হবে এটা বাছুর, আর এটা যখন ঘাস খাচ্ছে তখন এটা গরু। সুতরাং এক্ষেত্রেও এই সব অসুবিধা পঞ্চায়েতদের ভোগ করতে হবে। সুতরাং যাতে এবিষয়ে আর একটু সহজ কিছু ব্যবস্থা করা যায় সেটা মাননীয় মন্ত্রী চিন্তা করবেন। তিনি সেটা চিন্তা করবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পশুপালন মন্ত্রী মহাশয় আজকে "দি ওয়েস্ট বেঙ্গল অ্যানিমাল স্লটার কন্ট্রোল (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৯" যেটা এনেছেন এর উদ্দেশ্যের সঙ্গে ভিন্ন মত না হয়েও আমি যে পদ্ধতিগুলি এবং যে বয়ান উনি সন্নিবেশিত করেছেন সেগুলির সঙ্গে এক মত হতে পারছি না।

[4-25 — 4-35 P.M.]

গরুর এবং মোষের ভারতীয় অর্থনীতির সঙ্গে একটা নিবিড় সম্পর্ক রয়েছে। গো-হত্যা বধ এর তাৎপর্য মূলত অর্থনৈতিক, তারপর সামাজিক, সাংস্কৃতিক এবং ধর্মীয়। শিল্প-ভিত্তিক কিছুটা ওজর-আপত্তি আসলেও আসতে পারে। কিন্তু আপাতত যেটা আছে সেটা হচ্ছে মূলত অর্থনৈতিক । আমার প্রশ্ন হচ্ছে, ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড ইউটিলাইজেসনের ৮৭ পারসেন্ট আপনারা প্যাসচার ল্যান্ডের জন্য কোনও সংরক্ষণের ব্যবস্থা রাখতে পারেননি। সরকারি খামারে যেটুকু হয় — পাবলিক ইউটিলিটি অ্যান্ড কনজাম্পশন — আপনারা ছেড়ে দিতে পারেন নি ম্যাক্সিমাম ল্যান্ড ইউটিলাইজেসন প্যাসচারের জন্য। কাউ পপুলেশন ডাবল দি হিউম্যান পপুলেশন ইন দি কান্ট্রি যাদের পাঠিয়ে রাফ সেনসাস করে এই তথ্য নেন — তাদের তথ্য হচ্ছে গবাদি পশুর সংখ্যা ডাবল দি হিউম্যান পপুলেশন ইন দি কান্ট্রি। এর কনসেনট্রেশন ভ্যারি করে। ডেনসিটি অফ ক্যাটল পপুলেশন ভ্যারিস ফ্রম জোন টু জোন। আমাদের পশ্চিমবঙ্গের জন্য যে আইনের প্রস্তাব করেছেন এর ইমপ্লিকেশন — আমি মনে করি আপনার সদিচ্ছা আছে — এ বিষয়ে আমার কোনও সন্দেহ নেই - তখন যে একসিজেনসি দেখা দিয়েছিল যে সংকট দেখা দিয়েছিল সেটা ছিল ধর্মীয় এবং সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা — সেই পরিবেশে যে অর্ডিন্যান্স রেখেছিলেন — আমি মনে করি এই অর্ডিন্যান্স — আপনি বলতে পারেন এই সমস্ত সারপ্লাস ক্যাটলকে পিঁজরাপোল সোসাইটি দায়িত্ব নিতে পারে — কিন্তু আদার পিঁজরাপোল সোসাইটি — তাদের ফডার দেবার ব্যবস্থা নেই। তাহলে ওরা যাবে কোথায়? সারপ্লাস ক্যাটল পপুলেশন যাদের দুধ দেওয়ার ক্ষমতা নেই, লাঙ্গল চালানোর ক্ষমতা নেই, গাড়ি চালানোর ক্ষমতা নেই — এদের রক্ষণাবেক্ষণের কি ব্যবস্থা আপনার আছে? এই সারপ্লাস ক্যাটল পপুলেশন রাখবার কোনও ব্যবস্থা নেই, অন্য দিকে আপনার মূল আইনে দেখেছেন একজাম্পসনের কিছু ব্যবস্থা ছিল — আপনাদের যে মূল নীতি ডি-সেন্ট্রালাইজেশন অফ পাওয়ার তাকে সেন্ট্রালাইজ করবার চেষ্টা করেছেন। কি করে আপনারা আইন প্রয়োগ করছেন? সারা পশ্চিমবাংলায় যেখানে মোটামুটিভাবে ৩৮ হাজার গ্রাম আছে, ৯২ মিউনিসিপ্যালিটিস আছে, দুটি মিউনিসিপ্যাল করপোরেশন আছে। এই ৩৮ হাজার গ্রামের মধ্যে অন অ্যান অ্যাভারেজ উভয় সম্প্রদায়ের বসবাস রয়েছে — এটা অস্বীকার করার উপায় নেই। একটা ব্লকে একজন পঞ্চায়েত সমিতির সভাপতিকে তার সঙ্গে যুক্ত করেছেন — ভেটেরিনারি সার্জন চিকিৎসার জন্য বহু ব্লকে নেই — যে সমস্ত গৃহস্থরা

তাদের সুস্থ গরুকে, সবল গরুকে বাঁচাবার চেষ্টা যেখানে করছেন তার চিকিৎসা ব্যবস্থা নেই অথচ ঐ সমস্ত সারজনকে দিয়ে সার্টিফিকেট দেওয়ার মেশিনারির আপনারা প্রস্তাব করছেন — এটা সম্পূর্ণ অযৌক্তিক। অন্যদিকে একজন পঞ্চায়েত সমিতি তিনি পাওয়ার ডেলিগেট করবেন কাকে? ৩০০ গ্রাম আছে তারমধ্যে ২০০ গ্রামে যদি উভয় সম্প্রদায়ের বাস হয় — আপনার কি মেশিনারি আছে? কে ওখানে ঠিক করবেন — তারা তো লে-ম্যান — তারা অ্যাজ নিরুপন কি করে করবেন? সুতরাং এই আইন প্রয়োগ অবাস্তব হয়েছে বলে আমার মনে হয়েছে। পশ্চিমবাংলায় চর্ম শিল্পের একটা বিরাট আতঙ্ক এবং ঘাটতি দেখা দিয়েছে। আমি মনে করি মাদ্রাজ থেকে আমরা পিছিয়ে আছি। এখানে যে ইন্সটল্ড ক্যাপাসিটি অফ শ্যাম্যয় লেদার ইন্ডাস্ট্রি রয়েছে এটা ফিড করতে হলে হাইজ অ্যান্ড স্কীন সংগ্রহ করতে হয়। আমাদের ক্ষমতা নেই ফিনিসড প্রোডাক্ট করার মতো অরগ্যানাইজেশনাল মেশিনারি নেই — আমরা মাদ্রাজে চালান করে দিই। সুতরাং আমাদের পজিশন খুব লো। ওয়েস্টজ যদি বন্ধ করতে চান — আপনাদের তো সেই মেশিনারি নেই। সাইনটিফিক শ্লটার হাউস কোথায় তৈরি করবেন এই প্রস্তাবনা থাকা উচিৎ ছিল ফর দি ডিসপোজাল অফ আন-ইউজিবল আইডল অ্যানাড ইউজলেস ক্যাটলস — সেগুলির ব্যবস্থা আপনারা কি করেছেন?

সেগুলির ব্যবস্থা আপনি কি করেছেন? এমনিতেই এগুলি খাদ্য হিসাবে ব্যবহার হবেনা, কাজেও লাগবে না, কোনও শিল্প সামগ্রী হিসাবে both for manure and tannery industries যেগুলো দরকার হয় সেখানে সাইনটিফিক ওয়েতে একটা প্রস্তাব ছিল দুর্গাপুরে করার, এখন কতদূর আমি জানি না, আপনাদের যে প্রস্তাব নেই, সেদিক দিয়ে যেখানে আইনটি হারিডলি এনেছেন বলে এটা অসম্পূর্ণ এবং অসঙ্গতিপূর্ণ বলে আমার মনে হচ্ছে। তারপর বীরেনবাবু ইনি মৈথিলি ব্রাহ্মণ, উনি ঋগ্বেদ থেকে এমন এক উদ্ধৃতি দিলেন যে অতদূর পান্ডিত্য আমার নেই ....

(এ ভয়েস — মৈথিলি নয়, বারেন্দ্র)

কি বারেন্দ্র? বারেন্দ্র তো শুনেছি আরও ভয়ানক, সে যাই হোক আমি ও বিষয়ে যাচ্ছিনা। মাননীয় দীপক সেনগুপ্ত মহাশয় একটি উপহাস করার চেষ্টা করেছেন আমি সবিনয়ে তাঁর কাছে অনুরোধ করছি এই সমস্ত স্পর্শকাতর ব্যাপারে না যাওয়ার জন্য। কারণ বিষয়টা—ভারতবর্ষের ইতিহাস যদি আমরা দেখি, অনেক জায়গায় সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুন্ন করেছে অস্বীকার করার উপায় নেই। সুতরাং বিধানসভায় এই নিয়ে ঠাট্টা মসকরা করা উচিত বলে আমি মনে করিনা। আপনি স্যার, জানেন এটা যখন গোড়া থেকে শুরু হয় তখন it was a question of sacrifice of one son he knows, হজরত ইব্রাহিম, হজরত ইসমাইল স্বপ্নাদেশে তাঁর ছেলেকে এগিয়ে দিয়েছিলেন কোরবানির জন্য সবচেয়ে যেটা প্রিয়। You know it. It was an article of faith of the muslims—it is binding on all the Muslims. It is an article of faith among Muslims নেই বলে আমার ধারণা। আবার উল্টো দিকে আমরা জানি আমরা গান্ধীবাদে বিশ্বাস করি, আই বিলিভ I believe in protection and preservation of cows as an article of faith. মহাত্মা গান্ধী বলেছিলেন। সুতরাং এই যে কন্ট্রাডিকশন আছে এটাকে কাটিয়ে ওঠবার জন্য পশ্চিমবঙ্গ এবং কেরালা এখন যে একটা মধ্যপন্থা নিয়ে চলছে, আপনি এটার সম্প্রসারণ

এবং সঙ্কুচিত করার একটা কন্ট্রাডিকশন নিয়ে মিউনিসিপ্যালিটি থেকে গ্রামে সম্প্রসারণ করবেন কিন্তু সেখানে আপনার কোনও মেশিনারি নেই কোনও একজেশনের প্রপোজাল নেই। বীরেন্দ্র মৈত্র মহাশয়, যে প্রস্তাব এনেছন তাতে আপনার কি মন্তব্য হবে আমি জানিনা, আমি ধরে নিচ্ছি এটাকে আপনি নেগেটিভ করে দেবেন, কিন্তু সত্য বাবু আর.এস.পি.-র যে বক্তব্য রাখলেন আমার ভাল লেগেছে কিন্তু তিনিও ভায়া মিডিয়া এরকম একটা নিয়ে চলেছেন এটা আপনি নিজে জানান। এখানে এটাকে কেন্দ্র করে একটা বৃহৎ কিছু ঘটেনি। এটাও আপনি কমপ্লিমেন্ট দিয়েছেন, পূর্বতন রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী যাঁরা ছিলেন তাঁদের করসপন্ডেন্সকে ভিত্তি করে, সেজন্য আপনাকে সাধুবাদ জানাচ্ছি কিন্তু সে সদিচ্ছা আপনার মধ্যে আমরা পাব, এই সরকারের মধ্যে আমরা পাব, এজন্য মনে করি এতে যে কন্ট্রাডিকশনগুলো রয়েছে এবং যে এক্জেমশন সংকুচিত করা হয়েছে এর জন্য বোধহয় বিলটি পুনরায় বিবেচনা করার প্রয়োজন আছে। আমি মনে করি এ জাতীয় অর্ডিন্যান্স প্রণয়নের আগে সরকারের উচিত সাম্প্রদায়িক যাঁরা বিভিন্ন religious leaders interpretation of the religious doctrine and rights তাঁদের ওপিনিয়ন নেওয়া সরকারের যেমন কর্তব্য, সেরকম সহমত পোষণ করেন কিংবা বিরোধী দলে আছে এরকম রাজনৈতিক দলের সদস্য এবং বিভিন্ন লিডিং পার্সোনালিটি যুক্ত দলের সঙ্গে যুক্ত নয় কিন্তু সমাজ যাদের কথা মান্য করে এই রকম ব্যক্তিদের নিয়ে একটা আলোচনা করে একটা সুসংবদ্ধ এবং সামঞ্জস্যপূর্ণ বিধেয়ক বা আইন প্রণয়নের চেষ্টা করলে বামফ্রন্ট সরকার অপেক্ষাকৃত ভাল কাজ করবেন বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক বলে গেছেন এখানে শুধু মুসলমানদের ক্ষেত্রে নয়, মহামেডানদের ক্ষেত্রে নয়, অনেক ব্রাহ্মণের ক্ষেত্রে যেখানে দুর্গাপূজা, কালীপূজা হয় সেখানে এই স্যাক্রিফাইসের বিধানটা আবশ্যিক, কমপালসারি। আমরা দেখেছি এই জিনিসটা ঘটে থাকে সেখানে আপনি এক্জেমশনের কোনও ব্যবস্থা করেন নি, সেজন্য আমরা আপনার কাছে অনুরোধ করব একটা বিশেষ পরিস্থিতি এপ্রিল মাসে যে অর্ডিন্যান্স এনেছেন এটাকে আরও সংগতিপূর্ণ এবং সামঞ্জস্যপূর্ণ করার জন্য জাতীয় অর্থনীতি এবং রাজ্যের অর্থনীতি এবং রাজ্যের পশুপালন, পশুসম্পদ বৃদ্ধি দুগ্ধ সরবরাহ বৃদ্ধি অন্যদিকে অকেজো এবং অযোগ্য পশুগুলির ডিসপোসাল সম্পর্কে একটা সাইনটিফিক, বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে এই আইনকে আর সংশোধন করা প্রয়োজন, এটার জন্য আরও মেশিনারি সম্প্রসারণ করা প্রয়োজন আছে বলে আমি মনে করি।

[4-35 — 4-45 P.M.]

এবং এটাকে আর সরলীকরণ যাতে করা যায় তা করতে হবে। ইদ্ ও কালীপূজা এক দিনেই হয় তখন তারা কার কাছে যাবে। কারণ সে দিন তো ছুটি থাকবে। সেখানে বয়স নিরূপণের ব্যবস্থা কি? হিউম্যান ক্ষেত্রে টেস্ট হয়ে থাকে — গরুর ক্ষেত্রে এরূপ ব্যবস্থা নেই। অতএব এখানে তাদের কি হবে? মানবিক দৃষ্টিভঙ্গি, সাম্প্রদায়িক সম্প্রীতি, অর্থনৈতিক তাৎপর্য এবং গো সম্পদের উপযুক্ত হেরিডিটারি বৃদ্ধি করার জন্য এবং তাকে উন্নত করবার জন্য সমস্ত বিশেষজ্ঞদের নিয়ে, সামাজিক নেতৃত্ব করে এরূপ মানুষদের নিয়ে যদি আলোচনা করে বিল করতেন তাহলে এরূপ বিতর্কের সূচনা হত না। কিন্তু আইনটা যেভাবে আনা হয়েছে—সংশোধনী যে ভাবে উত্থাপন করা হয়েছে এবং যে rigid control without any

effected machinery. সেখানে আমার মনে হয় একটা কন্ট্রাডিকশন থেকে গেছে। মিউনিসিপ্যালিটির ক্ষেত্রে কিছু পরীক্ষা নিরীক্ষার ব্যবস্থা থাকলেও গ্রামে এরূপ যন্ত্র নেই বলে অনেকে আশঙ্কা করবে এই মনে করে যে, total negation of cow slaughter and buffalo slaughter অন্য দিক থেকে আপনি জানেন প্রশাসন এর সমস্ত কর্মচারী সৎ নয়। সকলের spirit of tolerance যাতে একে অপরের উপর অযথা হয়রানি করবার প্রবণতা দেখা দিতে পারে এবং অপর সম্প্রদায়ের উপর যদি বিদ্বেষ থাকে তাহলে একটা আক্রোশ করবার হাতিয়ার হিসাবে আপনি এটা তুলে দিচ্ছেন—সারা বাংলায় এই আইন সম্প্রসারিত করে। সেদিক থেকে অনুরোধ করব যে আইনটা এখন প্রত্যাহার করে নিন এবং সকলের সঙ্গে পরামর্শ করে অর্থনৈতিক তাৎপর্য, শিল্প ভিত্তিক তাৎপর্য, বিভিন্ন ধর্মের সহ অবস্থান এবং সাম্প্রদায়িক সম্প্রীতি সম্প্রসারণের জন্য একটা সামঞ্জস্যপূর্ণ আইন আনবেন। আমি এই অনুরোধ করে শেষ করছি।

**শ্রী সতীশচন্দ্র বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে দু-একটা কথা বলতে চাই। প্রথমে আমরা দেখছি যে ভারতের সংবিধানে নির্দেশ অনুযাযী ৪৮ ধারা মতে সংবিধান সম্মত ভাবে পশু এবং গো সম্পদ সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করা হয়েছে। সেদিকে দৃষ্টি রেখে ৫০ সালে গোসম্পদ সংরক্ষণের জন্য যে আইন পাশ করা হয়েছিল তা আজ ১৪ বছরের উপর যে সমস্ত রুগ্ন বার্ধক্য প্রপীড়িত পশু সামাজিক দিক থেকে বোঝা হবে সেগুলিকে একমাত্র হত্যা করা যাবে। সেদিক থেকে এ বিল শুধু মাত্র শহরাঞ্চলে এবং ১৪টা মিউনিসিপ্যালিটির মধ্যে সীমাবদ্ধ ছিল। এখন একে সারা পশ্চিমবাংলা ব্যাপী গ্রাম এলাকাতে সম্প্রসারিত করা হচ্ছে এটা দরকার ছিল। এই জাতীয় আইনের উপর নানা ভাবে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে নানা সময় আলোড়ন সৃষ্টি করার চেষ্টা হয়েছিল। কিন্তু আমরা সরকার পক্ষ থেকে বলতে পারি আমরা এটাকে কোনও ধর্মীয় দৃষ্টিকোনও থেকে না দেখে আর্থিক ও সামাজিক দিক থেকে দেখব। জয়নাল সাহেব বললেন মহাত্মা গান্ধী এই পশু হত্যা বিরোধী মনোভাব পোষণ করতেন। আমি বলতে পারি যে ৪৮ সালে ৩১শে আগস্ট দেখা গেছে যে হরিজন পত্রিকার ভেতর দিয়ে ইনি গো হত্যা পুরোপুরি ভাবে বন্ধ করার বিরুদ্ধে মত দিয়েছিলেন এবং জহরলাল নেহেরুও এই মত প্রকাশ করেছিলেন। সম্প্রতি দেখছি বিনোবাজী গো হত্যা বন্ধ করবার জন্য হুমকি দিলেন। সেখানে কেন্দ্রীয় সরকারে পক্ষ থেকে দেশাইজী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কেন্দ্রীয় সরকার কেন্দ্র থেকে আইন পাশ করে পুরাপুরি ভাবে গো হত্যা বন্ধ করবেন। এই প্রতিশ্রুতি-র ভিত্তিতে তিনি অনশন তুলে নিয়েছিলেন। আবার এর পাশাপাশি এই অনশনেক সমর্থন করে ইন্দিরাজী সারা ভারতে প্রতিক ঘর্মঘট করার ডাক দিয়েছিলেন। আমরা যখন শিক্ষার ক্ষেত্রে তাকে রাজ্য ভিত্তি করার চেষ্টা করছি সেখানে কেন্দ্রীয় সরকার গো হত্যা সম্বন্ধে আইন করবার জন্য অগ্রসর হবেন না কারণ তাতে সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুন্ন হতে পারে। কেন্দ্রের জনতা-জনসংঘ প্রভাবিত দল এবং ইন্দিরাজী বিনোবাজীকে সমর্থন করে সাম্প্রদায়িক সম্প্রতিকে বিষিয়ে তোলার জন্য সারা ভারতবর্ষে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই ঘটনাকে ব্যবহার করবার চেষ্টা করেছিলেন। আমরা তাই স্বাভাবিক ভাবে ধর্মীয় দৃষ্টিকোণকে উপেক্ষা করে সামাজিক ও অর্থনৈতিক দিক থেকে গো সম্পদ রক্ষণাবেক্ষণ করার চেষ্টা করব। ১৪ বছর বয়সের রুগ্ন যে সমস্ত পশু আছে তাদের অন্যান্য কাজের জন্য হত্যা করার প্রশ্নে যে আইন আছে তাকে কন্ট্রোল করবার

ক্ষেত্রে কোনও স্পর্শকাতরতা সৃষ্টি না করি সেটাই আমাদের দেখতে হবে। সে ক্ষেত্রে গত ৮/৯ মাস আগে বিনোবাজীর অনশনকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এটাকে সম্প্রসারিত করা হবে। আমি দেখেছি অজয়বাবু এই প্রতিশ্রুতি দিয়েছিলেন। কংগ্রেসি মন্ত্রী সিদ্ধার্থশংকর রায় ৭বছর ধরে রাজত্ব চালিয়েছেন, কিন্তু তিনি এই আইনটার সংশোধন করার সময় পাননি। ঘটনাটি জাতীয় সমস্যার ক্ষেত্রে খুবই কম গুরুত্বপূর্ণ, তা সত্ত্বেও এই কম গুরুত্বপূর্ণ বিষয়ে আমরা দেখলাম কংগ্রেস মন্ত্রীরা কেউ কিছু করলেন না, আমাদের সরকার প্রথম দায়িত্ব নিয়ে গ্রামের ক্ষেত্রে এটাকে সম্প্রসারিত করার জন্য এই সংশোধিত বিল এনেছেন। বামফ্রন্ট সরকারের এই শুভেচ্ছাকে অভিনন্দন জানিয়ে আমি 'আমার বক্তব্য শেষ করছি।

[4-45 — 5-05 P.M.]

**শ্রী দেবরঞ্জন সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পশু পালন মন্ত্রী আজকে পশুবধ নিয়ন্ত্রণ যে বিধেয়কটি এনেছেন যেটা আমাদের বিবেচনার জন্য বিধানসভার উনি পেশ করেছেন আমি সেই নিয়ন্ত্রণ বিলকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে আমি আশা করি মাননীয় মন্ত্রী যে বিলটা এনেছেন এটা আইন সভার সকল সদস্য সমর্থন করবেন। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে দীর্ঘ ৩০ বছর আগে ১৯৫০ সালে এই বিল প্রথম আইনে পরিণত হয়। তারপর দীর্ঘদিন কেটে গেছে এবং এই সময়ে তৎকালীন কংগ্রেস সরকার এবং অন্যান্য যে সমস্ত সরকার ছিলেন তাঁরা এই রকম একটা বিল আনবার প্রচেষ্টা করেননি। এটাই প্রমাণ করে দেয় কংগ্রেস যখন ক্ষমতায় ছিলেন তাঁরা তখন প্রয়োজন মনে করেননি এই রকম একটা বিল এনে পশ্চিমবঙ্গে পশু বধকে নিয়ন্ত্রণ করা যায় যাতে করে দুগ্ধ সরবরাহকে একটা জায়গায় নিয়ে যাওয়া, কৃষি ব্যবস্থাকে উন্নত করতে পারা যায়। এই রকম একটা বিল এনে একটা নিয়ন্ত্রিত ব্যবস্থার মধ্য দিয়ে আমরা পশু বধকে পশ্চিমবাংলায় কায়েম করতে পারি, তার তাগিদে মাননীয় মন্ত্রী মহাশয় এই বিলটা এনেছেন। এই প্রসঙ্গে একটা কথা উল্লেখযোগ্য যে ভূদান নেতা বিনোবা ভাবেজী যে অনশন শুরু করেছিলেন, যে অনশনের জন্য তৎকালীন প্রধানমন্ত্রী মোরারজী দেশাই অত্যন্ত চিন্তিত এবং ভাবিত হয়েছিলেন এবং যারজন্য তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এবং কেরালার মুখ্যমন্ত্রীকে ভাবেজীর সঙ্গে শলাপরামর্শ করবার জন্য পাওনারে যেতে বলেছিলেন এটা থেকে প্রমাণ পাওয়া যায় তৎকালীন সরকার ভাবেজীর অনশন সম্পর্কে কত উদ্বিগ্ন ছিলেন। তৎকালীন ভাবেজীর যে অনশন সেই অনশনের পিছনে ইন্দিরা গান্ধীর যথেষ্ট হাত ছিল। ইন্দিরা গান্ধী জনতা সরকারকে ভাঙবার জন্য যত রকমের কৌশল নিয়েছিলেন তার মধ্যে ভাবেজীর অনশন একটা কৌশল। জনতা সরকার চলে যাবার পর ইন্দিরাজী পিছন থেকে বিভিন্নভাবে যে সরকার বর্তমানে কেয়ারটেকার সরকার হিসাবে দিল্লিতে বসে শাসন চালাচ্ছে তাদের একটা ইঙ্গিত পরিচলনা করবার চেষ্টা করছিলেন। দুঃখের বিষয় তিনি যে সমস্ত প্রস্তাব সেই চরণ সিং এর কাছে করেছিলেন তার সঙ্গে তাঁর ব্যক্তিগত স্বার্থের যথেষ্ট সংগতি আছে। কিন্তু এই ভাবেজীর যে অনশন এবং ভাবেজীর যে আদর্শ, ভাবেজীর যে সংকল্প যার পিছনে ইন্দিরাজীর পূর্ণ সমর্থন ছিল বা আছে বলে ধরে নিতে পারি সেখানে তিনি চরণ সিং এর সঙ্গে আলোচনার সময়, চরণ সিং এর সরকারকে সমর্থন করার সময় এই রকম একটা সমস্যার কথা তুলে ধরেননি এবং এই

সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কি বক্তব্য আছে সেটাও বলেননি। সরল পথে এরকম একটা স্পর্শকাতর জিনিসকে অত্যন্ত বলিষ্ঠভাবে, দৃঢ়ভাবে বিনোবা ভাবের সামনে তুলে ধরেছিলেন এবং তাঁকে বলেছিলেন পশ্চিমবাংলায় এ সম্পর্কে আমরা ব্যবস্থা অবলম্বন করছি। আজকে যথা সময় বিল এনে আমাদের পশুপালন মন্ত্রী মহাশয় যে কর্তব্য পালন করেছেন সেই কর্তব্য পালন করবার ক্ষেত্রে আমরা দেখেছি কতগুলি স্বার্থবিষয়ক কথা অত্যন্ত খারাপ ভাবে, অত্যন্ত নগ্নভাবে প্রকাশ পেয়েছে ইন্দিরা গান্ধীর কাজকর্মের মধ্য দিয়ে। শুধু পৌরসভার মধ্যে যে নিয়ন্ত্রণের ক্ষমতা ছিল সেটাকে আজ সারা পশ্চিমবাংলার গ্রামে গ্রামে বিস্তৃত করছেন আমাদের বামফ্রন্ট সরকার। বামফ্রন্ট সরকার এই বিলের মধ্য দিয়ে পশুবধ নিয়ন্ত্রণ করবার চেষ্টা করছেন এবং এই নিয়ন্ত্রণের মধ্য দিয়ে, একটা সুষ্ঠভাবে নীতির মধ্য দিয়ে এই পশুবধ সমস্যার সমাধান করবার চেষ্টা করছেন। আমরা বিগত দুবছর ধরে পশ্চিম বাংলায় বিভিন্ন দিকে আমাদের কর্তব্য পালন করেছি ভালভাবে। আমাদের কেউ বিঘ্ন ঘটাতে পারেনি। আজকে মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাতে আমরা আরও বলিষ্ঠভাবে পশ্চিমবাংলায় সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে পারব। একথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে মন্ত্রী মহাশয় পশু বধের ব্যাপারে যে বিধেয়ক এনেছেন নীতিগতভাবে আমি তাকে সমর্থন করি এবং এই ব্যাপারে তাঁর সঙ্গে আমি একমত । তবে কথাটা হচ্ছে এর বাস্তব প্রয়োগ কতখানি সম্ভব হবে এবং সেদিক থেকে যে সমস্ত কথা উঠেছে সেটা বিবেচনা করলে ভাল হয়। বক্তৃতা করতে গিয়ে কেউ কেউ বলেছেন এই যে কাউ স্লটার বা অ্যানিমাল স্লটার এটা একটা স্পর্শকাতর ব্যাপার, কেউ কেউ বলেছেন এর সঙ্গে আমাদের সমাজ জীবন এবং ধর্মের সম্পর্ক রয়েছে। আমি তাঁদের সঙ্গে একমত নই। আমরা তো দেখছি এখন বৈষ্ণবদের ঘরেও নিষিদ্ধ মাংস অবাধে চলে যাচ্ছে এবং এটাও আবার দেখছি এমন অনেক মুসলমান আছেন যাঁরা আমাদের নিষিদ্ধ মাংস স্পর্শ করেননা। আপনারা কাশ্মীর এবং জম্মুর দিকে তাকিয়ে দেখুন সেখানে শতকরা ৯৫ ভাগ মুসমান ধর্মাবলম্বী হওয়া সত্ত্বেও তাদের সেই রাজ্যে গোহত্যা নিষিদ্ধ আছে। এটা তাদের উপর কেউ চাপিয়ে দেয়নি বা ভাবেজীর অনশনের দ্বারাও তারা প্রভাবিত হয়নি বা কেন্দ্রীয় সরকার তাদের উপর কোনও চাপ সৃষ্টি করেননি। তারা নিছক অর্থনৈতিক দৃষ্টিভঙ্গি থেকে প্রভাবিত হয়ে এটা করেছে। কাজেই আজকে যদি আমরা একে সমাজ, ধর্ম এই সমস্ত স্পর্শকাতর কথা বলে দেখি তাহলে আমরা একে ছোট করব। এই গোমাংস সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। অনেকে সাধারণ মানুষের কথা বলেছেন। কিন্তু আমরা জানি এই মাংস গ্রামের গরিব মুসলমানদের ঘরে পৌছবার উপায় নেই। তার কারণ তাদের এটা যে দাম একটু সস্তা তাও কিনবার তাদের সাধ্য নাই। ঐ বছরে দুই একদিন হয়ত সাধ আহ্লাদ করে যদি জোটে তাহলে জোটে, না হলে জোটেনা। এখন সেই সব মাংস শহরে কি হিন্দু হউক কি মুসলমান হউক তাদেরই জোটে । সুতরাং অর্থনৈতিক দিক থেকে চিন্তা করা উচিত । আজকে গ্রামে আমরা কি দেখি—গরিব দরিদ্র কৃষক একটা বলদ কিনতে পারেনা, একটা বলদের দাম দেড় হাজার দুই হাজার টাকা, একটা বলদ কিনবার তাদের সাধ্য নাই। এমনকি গরিব লোকেরা যে সমস্ত বয়স্ক বলদ কম টাকায় তারা কিনে কয়েক বছর চাষ করতে পারত কিন্তু এই শহরের বাবুদের সুবিধার জন্য সেগুলি

আজ গ্রামে পাওয়া যাচ্ছে না। সব শহরে চলে আসে। আরেকটা জিনিস আজকে গ্রামে প্রত্যেকটি জমিতে দুই তিন ফসলা করা হচ্ছে এবং সেজন্য কেমিক্যাল মেনিউর প্রচুর পরিমাণে প্রয়োগ করা হচ্ছে, আর সেখানে আমরা লক্ষ্য করছি জমির যে উর্বরতা শক্তি সেটা দিন দিন কমে যাচ্ছে। কেমিক্যাল মেনিউর প্রয়োগ করার সময় যদি জৈব সার বেশি প্রয়োগ না করা হয় তাহলে জমির উর্বরতা শক্তি হ্রাস পাবে। এই চিন্তা করেই কাশ্মীর জম্মু হউক ইরান হউক বা আমেরিকা বা জাপান তারা স্পর্শ কাতর হয়ে পড়েছে। জাপান এবং আমেরিকা চিন্তা করছে যে অ্যানিম্যাল স্লটার তারা কমাবে। এই জন্য কমাবে তার কারণ হচ্ছে জমিতে ক্রমাগত রাসায়নিক সার ব্যবহারের ফলে জমির উর্বরতা শক্তি বাড়াবার জন্য তারা এটা বন্ধ করতে চায়। সুতরাং এই দিক দিয়ে চিন্তা করলে আমরা আজকের দিনে—যদিও আমাদের এখানে অনেকে ধান ভাঙতে শিবের গীত গেয়েছেন—তা তাদের গাইতেই হবে, প্রত্যেকটা ব্যাপারে আগেকার জনতা সরকারকে টেনে আনতে হবে, এখানে কেউ বললেন জনতা সরকার নাকি গোটা ভারতবর্ষে গোবধ নিষিদ্ধ করে দিতে চেয়েছিলেন। তাদের সংবাদের জন্য বলে রাখি পশ্চিমবঙ্গ এবং কেরল ছাড়া আর সমস্ত রাজ্যগুলি তারা নিজেদের উদ্যোগে বন্ধ করেছেন। তার মধ্যে জম্মু এবং কাশ্মীরও আছে। আর বিনোবা ভাবের কথা যারা বলে গেলেন, বিনোবা ভাবে কি চেয়েছেন, আমি তাঁর বক্তব্যটা এদের ভাল ভাবে পড়তে বলি। যদি ভাল করে পড়েন তারা তাহলে এই রকম ভাবে তাঁর সমালোচনা তারা করতেন না। বিনোবা ভাবের মতো অসাম্প্রদায়িক লোক ভারতবর্ষে খুব কমই আছে। যারা এখানে বক্তৃতা করলেন তাঁর বিরূপ সমালোচনা করলেন তাদের চেয়েও তিনি অসাম্প্রদায়িক । তিনি যে সমস্ত কথা বলেছেন তার বক্তব্যটা ভাল করে পড়ে দেখবেন। তিনি কখনও সম্পূর্ণ নিষিদ্ধ করতে বলেন নি। আমাদের ভারতবর্ষের সংবিধান অনুসারে কেবল যেখানে আইন প্রণয়ন করতে বলেছেন এবং তার যথার্থ প্রয়োগ করতে বলেছেন। এখানে আইনটি আছে সেটা শহরে আছে সকলেই সেটা মেনেও নিয়েছেন এবং গ্রামাঞ্চলে যাতে প্রসারিত হয় তাতে ভাববার কি আছে। তবে আমি সরকারকে বলব সেটি যাতে খুব ভাল ভাবে প্রচলিত হয় এবং এই সমস্ত আইনের বিধান আছে সেই বিধানগুলি যাতে ভাল ভাবে কার্যকরি হয় তা দেখা উচিত । আমার অভিযোগ, এবং এটা সত্য ঘটনা যে এই সমস্ত বিধিগুলি ভালভাবে কার্যকরি হচ্ছে না এমন কি বর্তমানে শহরেও হচ্ছে না, এবং গ্রামাঞ্চলে যেখানে আইনের বিধান নাই, ধর্মীয় ব্যাপারে যেখানে হয়ত কোরবানি করা দরকার কিম্বা হিন্দুর দুর্গাপূজা কিম্বা কালীপূজার সময় মহিষ বলি যে সমস্ত সুযোগ দেবার জন্য আমাদের বীরেন বাবু যে সংশোধনী এনেছেন সেটা ভাল করে ভেবে দেখবার জন্য মন্ত্রী মহাশয়কেও অনুরোধ করছি। কাজেই নীতিগত ভাবে আমি এই প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিলটা এসেছে, দি ওয়েস্ট বেঙ্গল অ্যানিমাল স্লটার কন্ট্রোল (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৯, কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তৃতা থেকে শুরু করে এখানকার মাননীয় সকল সদস্যরা বক্তৃতায় গোহত্যা, গোবধ থেকে শুরু করে আচার্য বিনোবা ভাবে পর্যন্ত সমস্ত প্রসঙ্গ এখানে এসে গেল। এখানে গোরুর কথা বলা নেই কিন্তু গো হত্যা, গো মাংস সব কিছু এসে গেল। তাহলে দেখা যাচ্ছে যে শাক দিয়ে মাছ ঢাকা যাচ্ছেনা। রিজিনস এ যেকথা বলা হয়েছে with a view to increase the supply of milk and to avoid wastage of animal power

necessary for improvement of agriculture এই উদ্দেশ্যে এই বিলটা আসেনি, বিলটা এসেছে আচার্য বিনোবা ভাবে যে আন্দোলন করেছিলেন সেই আন্দোলনকে কনটেস্ট করার জন্য এই বিলটা এসেছে। অতএব এই উদ্দেশ্য যেকথা বলা হয়েছে তাতে এই বিলটায় সত্য কথা বলা হয়েছে বলে আমি মনে করিনা। প্রশ্ন হচ্ছে যে আজকে গো-হত্যা প্রসঙ্গ এখানে এল, এখানে অ্যানিমাল স্লটারে বলে দেওয়া আছে, অ্যানিমাল স্লটারে অনেকগুলি অ্যানিমালের কথা বলে দেওয়া হয়েছে বুলস্, কাউস, কাভস, মেল অ্যান্ড ফিমেল বাফেলোস, কাভশ্, ক্যাসট্রেটেড বাফেলোস, তা সত্ত্বেও গো হত্যা এসে গেল আজকে গো হত্যা সম্পর্কে হিন্দু মুসলমান অনেক কথা এসে যাচ্ছে। আমি মুসলমান সম্প্রদায়ের পক্ষ থেকে একটি কথা হাউসে নিবেদন করি আমরা গো হত্যা করিনা, হত্যার সঙ্গে হিংসার সম্পর্ক থাকে আমরা হিংসা দিয়ে হত্যা করিনা, আমরা গো জবাই করি, তার সঙ্গে প্রেমের সম্পর্ক, মহব্বতের সম্পর্ক, আমরা হত্যা করিনা। ভুলে গিয়েছেন কি শরৎচন্দ্রের মহেশের কথা। সেই গোফুরের চিরন্তন ফরিয়াদ, সেখানে গোফুর বলেছিল—হো আল্লা তুমি আমাকে যত খুশি অপরাধের জন্য সাজা দিও কিন্তু যারা মহেশকে এক মুঠো খড় দেয়নি অর্থাৎ একটু পানি পর্যন্ত দেয়নি তাদের কসুর তুমি মাফ করোনা, হত্যার প্রশ্ন তো সেখানেই এসে যায়। কিন্তু আমরা হত্যা করিনা। নিশ্চয়ই আমাদের কোরানে নির্দেশ আছে, নিশ্চয়ই গো শুধু আমরা খাইনা, পৃথিবীতে গো খাওয়া প্রথমে মুসলমানরা শুরু করেনি জু'রা প্রথমে গো খাওয়া শুরু করেছিল তারপর মুসলমানরা খায়, খ্রিস্টানরা খায়, অন্যান্য অনেক সম্প্রদায়ের লোকরা খায়, ট্রাইবাল পিপিলরা খায়। আমি শিলং-এ গিয়ে ট্রাইবাল পিপিলদের গোরুর গোস্ত খেতে দেখেছি, আমি দেখেছি দার্জিলিং-এ খেতে, নিজামিয়া হোটেলে গিয়ে দেখেছি অনেকেই গোরুর গোস্ত খায়, তাহলে এটা নিয়ে এত সেন্টিমেন্ট কেন। আপনারা বলছেন একটা জিনিস, বিচিত্র দেখলাম, ১৯৫০ সালে কংগ্রেস এই আইন করেছিল সেই আইনের যথার্থতা, সেই আইনের গুরুত্ব, সেই আইনের অর্থনৈতিক মূল্যবোধ বামপন্থী সরকার উপলব্ধি করলেন ১৯৭৯ সালে। কি স্থির করলেন? মাননীয় সদস্য বললেন বিগত সরকার ৭ বৎসরের মধ্যে এই বিলটা পাশ করেনি তারই খেসারত হিসাবে আপনারা সম্প্রসারণ করে তার খেসারত চাচ্ছেন। প্রশ্ন হচ্ছে, এখানে নিশ্চয় মেজরিটি আপনাদের থাকলে আপনারা পাশ করিয়ে নিতে পারেন কিন্তু আর একটা প্রশ্ন হচ্ছে অর্থনৈতিক প্রশ্ন, কন্সটিটিউশনের ধারা মোতাবেক আমাদের রিলিজিয়াস ফ্রিডম আছে, আপনারা বলছেন ১৪ বৎসরের নিচে কোনও গোরু জবাই করা চলবে না। একটা গোরু কত বৎসর বাঁচে জিজ্ঞাসা করি। আর বলছেন কি, যে সমস্ত রোগা গোরু—কলিম সাহেবের গোরু ২২ বৎসর বাঁচতে পারে আমাদের গোরু ২২ বৎসর বাঁচেনা—সেটা আলাদা কথা।

[5-05 — 5-15 P.M.]

তবে প্রশ্ন হচ্ছে, কোন গরু খেতে দেব। ওরা যেহেতু গরু খায়, আচার্য বিনোবা ভাবের কাছে, মুখ্যমন্ত্রী চিঠি লিখেছেন, আপনি বাড়াবাড়ি করবেন না, আমি ইনজাংশনগুলো দিচ্ছি, এই আইনগুলো নিয়ে আসছি, একান্ত যখন খায়ই যে গরুগুলো ভাগাড়ে যাবে, যেগুলো পড়ে থাকে হাঁটতে পারে না, রোগাক্রান্ত, যেগুলোর মধ্যে টি.বি. থাকে, সেইগুলো ওরা খেয়ে মরুক। আপনি কেন বিনোবা ভাবে এটায় আপত্তি করতে যাচ্ছেন। আমার একটা গল্প মনে

পড়ে যাচ্ছে। একটা গল্প আছে যে, ফেলে দেবে কেন ওস্তাদী সাহেবকে দে। একজনের বাড়িতে একজন ওস্তাদি সাহেব শিক্ষক ছিলেন এবং সেই বাড়িতে তাকে কোনওদিন দুধ দেওয়া হত না। একদিন ছাত্র তাকে পুরো হাঁড়ী দুধ দিতে গেল। শিক্ষক বললেন, কি ব্যাপার, কোনও দিন দুধ খেতে দিস না, আজকে কেন দিলে। ছাত্রকে জিজ্ঞাসা করলেন, তুই কোনওদিন দুধ খেতে দিস না, আজকে কেন দিচ্ছিস। ছেলেটি তখন মাথা চুলকে বলল, মাস্টার মশাই সত্যি কথা কি বলব। তিনি বললেন, সত্যি কথাই বল। না, বিড়ালে দুধে মুখ দিয়ে ফেলেছে, সেইজন্য বাড়ীতে সবাই বললো, এই দুধ তো কেউ খাবে না, ফেলে দিবি কেন, ওস্তাদি সাহেবকে দিয়ে আয়। ওস্তাদি সাহেব বা শিক্ষক মশাই যাই বুঝুন, আমরা বলি ওস্তাদি সাহেব। তিনি তখন মাটির হাঁড়িটা ছুঁড়ে ফেলে দিলেন। ফেলে দেওয়ার পরে ছেলেটা কান্নাকাটি করছে। ওস্তাদি সাহেব জিজ্ঞাসা করলেন, আরে কান্নাকাটি করছিস কেন? না, ওস্তাদি সাহেব ওই হাঁড়িতে করে আমার দাদিমা অর্থাৎ ঠাকুমা প্রসাব করেন রাত্রিতে । আজ রাত্তিরে কিসে পেচ্ছাব করবেন বাড়িতে । তাই বাড়িতে গেলে খুব বকাবকি করবে। এখন যদি বামফ্রন্ট সরকার মনে করেন, ওদের দে, ফেলে দেব কেন, তাহলে একই হয়। রোগাক্রান্ত গরু, জরাক্রান্ত গরু, টি.বি. হওয়া গরু, ১৪ বছরের বয়সের বেশি গরু ভাগাড়ে মরবে কেন, ওদের দে, এইভাবে ওদের সেন্টিমেন্টকে সন্তুষ্ট রেখে দে, আবার আর একদিকে বিনোবাজীর সেন্টিমেন্টকে রেখে দাও যে, দেখুন মশাই, আমি তো আস্তে আস্তে বন্ধ করছি, আমি আইন করেছি পঞ্চায়েত কমিটির সই ছাড়া, পারমিশন ছাড়া কেউ গরু জবাই করতে পারবে না—এই হচ্ছে এই সরকারের উদ্দেশ্য। অতএব গরু কাঁধে করে নিয়ে যেখানে খাল আছে, সেখানে খাল পেরিয়ে, যেখানে নদী আছে, সেখানে নদী পেরিয়ে নিয়ে যাও, তারপর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানের সঙ্গে ভেটেরিনারি সারজেন যদি একমত না হয়, তাহলে হেড কোয়ার্টারসে চলে যাও। তারপর একটু সবুর করুন পরে আইন নিয়ে আসছি, পঞ্চায়েত সমিতি নয়, জেলা পরিষদের চেয়ারম্যানের পারমিশন ছাড়া হবে না। তারপর দিন কয়েক পরে আইন নিয়ে আসছি, ডিস্ট্রিক্ট বোর্ডের চেয়ারম্যান বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এর পারমিশন ছাড়া হবে না। তারপর আইন নিয়ে আসছি হোম সেক্রেটারি পারমিশন ছাড়া হবে না, আর কেউ পারমিশন দিতে পারবে না কোরবানির পারমিট সিস্টেম আপনাদের কলকাতা শহরে এবং মিউনিসিপ্যাল এলাকায় চালু করতে পারমিটের জন্য দরখাস্ত করতে গেলে কত হ্যারাসমেন্ট হয়, সে খবর বীরেনবাবু নিয়েছেন? কলকাতায় নূতন পারমিট দীর্ঘদিন থেকে দেওয়া হয় নি। পারমিট নিতে চেয়ে দরখাস্ত করলেও দিতে চায় না। পুরানো পারমিট যাদের আছে তাদের রিনিউয়্যালের ক্ষেত্রে ১০ বার করে থানায় যেতে হয়, ঘুস দিতে হয় এবং সেখানে তোয়াজ করতে অনেক ব্যয় করতে হয়। এই তো কলকাতার অবস্থা, এই তো মিউনিসিপ্যাল এলাকার অবস্থা। এইবার আপনারা সেটাকে গ্রামাঞ্চলে যদি চালু করেন তাহলে যেখানে গ্রাম্য দলাদলি আছে, প্রতিহিংসা আছে সেখানে কি হবে? আমার বাড়িতে একটা বিবাহ হবে, আমি গরু জবাই করব। এইবার বিয়ের দিন ঠিক করে বসে থাকব আমি। গরু নিয়ে দৌড়াদৌড়ি করব বি.ডি.ও. অফিসে। বি.ডি.ও. যদি আমার বিরোধী দলের লোক হন, তাহলে বি.ডি.ও. বলবে, আমি পারমিশন দিলাম না। এইবার বর ওখানে বসে রইল। বিবাহের বর, আমার মেয়ের যে জামাই হবে, সে বসে রইল, আমি এইবার গরু কাঁধে চলে গেলাম ভেটেরিনারী সারজেনের কাছে। ভেটেরিনারী সারজেন বললেন, না হবে না। তারপরে গরু কাঁধে করে কি মন্ত্রী মহাশয়ের

ঘরে চলে আসব—মন্ত্রী মহোদয় দয়া করে আমায় আইন করে পাশ করে দিন। এই যে আইন, It is an injuction on our quoran. আমি কোরাণ শরিফ থেকে সুরা বাকারা পড়ে আপনাদের শোনাতে চাইছি। ৬৭ আয়েত থেকে আরম্ভ করে ৭০ আয়েত পর্যন্ত কোরণ শরিফে কি বলছেন সেটা পড়ে শোনাচ্ছি। আপনারা বলছেন, ১৪ বছরের নিচে গরু জবাই করতে পারবে না। আমাদের বন্ধুবর মাননীয় সদস্য জয়নাল আবেদীন সাহেব বলছেন যে কথা, যে বস্তু সব থেকে আমাদের প্রিয় বস্তু তাকে কোরবানি করে। এই কথাটা তিনি আমাদের মাননীয় সদস্যদের কাছে মন্তব্য করেছেন। কোরাণ শরীফ কি বলছেন।

**श्री आबुलहासान** : मिस्टार डिप्टी स्पिकार, प्वोन्ट अफ अर्डर, मेरे कहने का मतलब यह है कि अगर आनरेबुल मेम्बर भारतीय भाषा पढ़ना चाहते हैं तो सही माने में पढ़कर उसकी व्याख्या करे। इस तरह मे पढ़ने में भूल हो सकती है।

**মিঃ ডেপুটিস্পিকার ঃ**

This is no point of order.

**শ্রী এ.কে.এম.হাসানুজ্জমান ঃ** আমি কোরাণ শরীফ থেকে পড়ছি "তাহার পর সেই ঘটনাও স্মরণ কর যখন মুসা তাহার জাতিকে বলিলেন, আল্লাহ তোমাদিগকে একটি গাভী জবাই করার নির্দেশ দিতেছেন। তাহারা বলিলেন তুমি কি আমাদের সহিত বিদ্রূপ করিতেছ? মুসা বলিলেন, আমি মুর্খদের ন্যায় কথা বলার বর্বরতা হইতে খোদার নিকট পানা চাই। তাহারা বলিল, তুমি তোমার খোদার নিকট প্রার্থনা করিয়া গাভী সম্পর্কে কিছু বিস্তারিত জানাইতে বল। মুসা বলিলেন, খোদা বলিতেছেন, "তাহা এমন একটি গাভী হইবে, যাহা বৃদ্ধাও নয়, একবারে বাছুরও নয়, বরং মধ্যম বয়সের হইবে। অতএব যে নির্দেশ দেওয়া হইতেছে, তাহা পালন কর।" "দিস ইজ কোরানিক ইনজাংশন"। ইহার পরও বলিতে লাগিল, "তোমার খোদার নিকট ইহাও জিজ্ঞাসা করিয়া লও যে, উহার বর্ণ কি হইবে?" মুসা বলিলেন, "তিনি বলিতেছেন, গাভীটি অবশ্যই হলুদ বর্ণের হইবে—উহার বর্ণ এতখানি চাকচিক্যপূর্ণ হইবে যে তাহা দেখিয়া লোকেরা সন্তুষ্ট হইতে পারিবে।"

**Mr. Deputy Speaker :** You are drawing reference from the Quoran. I will not allow you in this way.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, হি ইজ অ্যান অথরিটি, আপনি স্টপ করে দেবেন?

**শ্রী এ.কে.এম.হাসনুজ্জামান ঃ** স্যার, আপনার কোরাণ শরীফ থেকে রেফারেন্সে আপত্তি থাকতে পারে, কিন্তু আমরা যে কোরবানি করি সেই গাভী নিখুঁত কিনা তার কোনও রোগ আছে কিনা সেটা তো দেখি। আপনারা বলছেন যে গরু রুগ্ন, টি.বি. রোগগ্রস্ত, থুড়থুড়ে গো-ভাগাড়ে নেওয়া যায়না সেটা কোরবানি কর। তাই আমি মনে করি ইট ইজ অ্যান ইনজাংশন অন আওয়ার রিলিজিয়াস। আর একটা জিনিস আপনি যা বলছেন সেটা এই কোরবানি ব্যাপারে পারমিট সিস্টেম, কলকাতা শহরে যারা থাকে তারা এই পারমিট সিস্টেম নিয়ে বহুবার হ্যারাসড হয়েছে। একবার মাননীয় ভক্তিভূষণ মন্ডল মহাশয় ১৯৬৯ সালে মন্ত্রী

থাকার সময় জিজ্ঞাসা করি—মন্ত্রীর কাছে কি ঘুরে ঘুরে বেড়াতে হবে নাকি যে দয়া করে পারমিশন করে দাও? আর যদি রাজনৈতিক বিরোধিতা থাকে বা অন্য কোনও বিরোধিতা থাকে তো এই কোরবানি করতে পারা যাবেনা, আর এই পারমিশন যে সব সময় নিরপেক্ষ হবে. ইম্পার্শিয়াল হবে, অসাম্প্রদায়িক হবে, তা বলতে পারবেন না। কাজেই এই একটা অস্ত্র তুলে দিচ্ছেন। এই যে সার্জেন হবে, ভেটারিনারি সার্জেন, তিনি যে সব সময় সেকুলার হবে সে সম্বন্ধে বোধহয় মন্ত্রী মহাশয়ও সার্টিফাই করতে পারবেন না, অথচ তাদের হাতে সরকার এটা তুলে দিচ্ছেন। মন্ত্রী মহাশয় নদীয়ার করিমপুরের ঘটনা মনে করুন, তিনি কি ভুলে গেছেন দু বছর আগেকার কথা? সেখানে জোয়াস গ্রামে জনৈক মুসলমান জান মহম্মদের নেতৃত্বে ৫টি গরু কোরবানি করে ছিল, সেখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট রাণু ঘোষ গিয়ে সেই জবাই করা পশুতে চূণ ঢেলে লবন ঢেলে ডিকম্পোজ করে মাটিতে পুঁতে দিয়েছিল, জান মহম্মদ এবং এই তিন ব্রাদার্সের বিরুদ্ধে কেস হয়েছিল।

[5-15 — 5-25 P.M.]

তাই নিয়ে কেস হয়েছে এবং সেই জান মহম্মদ এখনও কেসের আসামি হয়ে আছে, কিছুদিন আগে বলে খালাস হয়েছে। সেই রেফারেন্স এর আগে আমি বিধানসভাতে দিয়েছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেও আমি এ সম্পর্কে তাঁকে চিঠি দিয়েছিলাম, সেই চিঠির জবাব এখনও আমার কাছে আছে। এই ঘটনার সত্যতা মাননীয় মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে, হ্যাঁ, কোরবানি করা পশু মাটিতে পুঁতে দেওয়া হয়েছে। এসব ঘটনা ঘটেছে আপনাদেরই আমলে। আপনারা বলেন, আমরা সংখ্যা-লঘুদের ধর্মের ব্যাপারে প্রোটেকশন দিতে চাই, গ্যারেন্টি দিতে চাই অথচ আপনাদেরই আমলে দু'বছর আগে এই ঘটনা ঘটেছে। এই যখন অবস্থা এরপর এই আইন হবার পর আপনি কি বলতে চাচ্ছেন এই পশ্চিমবাংলায় রিলিজিয়াস ফ্রিডম বলে কোনও কিছু থাকবে? আমরা কি অবাধে কোরবানি করতে পারব? আপনি কি বলতে চাচ্ছেন সাধারণ মানুষ হ্যারাস হবেন না? ধরুন আমি একটা গরু জবাই করলাম তখন গ্রামের মানুষ গিয়ে দরখাস্ত করবে এবং পুলিশ এসে আমাকে এবং আমার ছেলে থেকে আরম্ভ করে সবাইকে ধরে নিয়ে যাবে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই বিল আপনি প্রত্যাহার করে নিন। নিশ্চয় সাম্প্রদায়িক সম্প্রতি আমরা চাই এবং তা চাই বলেই আমি আপনাকে বলছি, এই বিল প্রত্যাহার করুন। আপনারা পশ্চিমবঙ্গে অনেক লিটারেচার বার করেছেন এবং তার মধ্যে আপনাদের 'পশ্চিমবঙ্গ' পত্রিকাও আছে, আপনাদের সেই 'পশ্চিমবঙ্গ' পত্রিকাতেই যা বেরিয়েছে সেটা স্যার, আপনার মাধ্যমে এই সভায় রাখব। স্টেটসম্যানের ৪ঠা জানুয়ারির সম্পাদকীয় থেকে 'পশ্চিমবঙ্গ' পত্রিকায় বেরিয়েছে যে "শ্রীনাম্বুদ্রিপাদ ঠিকই বলেছেন, এই দাবি শুধুমাত্র সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের ধর্মবিশ্বাসের উপর ভিত্তি করেই রচিত।" এটা আমার মন্তব্য নয়, আপনাদের ই.এম.নাম্বুদ্রিপাদের মন্তব্য এবং তা 'পশ্চিমবঙ্গ' পত্রিকাতে বেরিয়েছে যে অন্য রাজ্য এ সম্পর্কে কি বলছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই আমি আপনাকে, মাননীয় সদস্যগণকে এবং মন্ত্রী মহাশয়কে বলব, হ্যাঁ, আমরা দুর্বল সংখ্যার দিক থেকে, কিন্তু যদি প্রকৃত ধর্মনিরপেক্ষ দেশ ভারতবর্ষ হয়ে থাকে, ইকোয়ালিটি অব দি ফ্রিডম অব রিলিজিয়ান যদি হয় এবং মেজরটি কমিউনিটির রিলিজিয়াস সেন্টিমেন্ট যদি থাকে তাহলে সেখানে মাইনরিটি সম্প্রদায়ের কেন থাকবে না? সেটা দেখা

দরকার এবং তারমধ্যে দিয়েই সত্য হবে সেই কথা যে—

দিবে আর নিবে, মিলাবে মিলিবে,

যাবে না ফিরে,

এই ভারতের মহামানবের সাগর তীরে।

তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, এই বিল প্রত্যাহার করে নিন এবং কি ভাবে এর সুষ্ঠ সমাধান হতে পারে সেটা নিয়ে সাবইকে ডেকে আলোচনা করুন। কই, একবারও তো ডাকলেন না আমাদের আলোচনা করার জন্য? আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আবার বলব, এই বিল প্রত্যাহার করে নিন, যদি প্রত্যাহার না করেন তাহলে আমি আমার সর্বশক্তি দিয়ে এই বিলের বিরোধিতা করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Mr. Deputy Speaker :** According to the scheduled allocation of time, the discussion on the Bill should be ended at 5.20 P.M. But I find that some more time will be required for completing the discussions on this Bill. So, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I seek the sense of the House for increasing the time by half an hour. I hope the House will agree to it.

(Voice - Yes, Yes)

Time is extended by half an hour.

**শ্রী শচীন সেন ঃ** অন এ পয়েন্ট অব ইনফরমেশন স্যার, জনাব হাসানউজ্জমান সাহেব, তিনি বক্তৃতা করলেন আমরা শুনলাম। এর আগে ডাঃ জয়নাল আবেদিন সাহেব এবং সোহরাব সাহেবের বক্তৃতাও শুনেছি। স্যার, ওঁর বক্তৃতা শুনে মনে হল, উনি একাই মুসলমান আর কেউ মুসলমান নন।

**Shri Abdul Karim Chowdhury :**

मिस्टार डिप्टी स्पिकार सर, आज जो बिल The West Bengal Animal Slaughter Control (Amendment) Bill 1979. हमारे मंत्री महोदय इस हाउस में लाए है, मैं इसकी विरोधिता करते हुए २-३ बातें कहना चाहता हूँ। इसलिए कि यह बिल आज सिर्फ एक इन्डाईरेक्टली टोटल बैन इम्पोज करने के लिए, काउ स्लाटर कर टोटल बैन इम्पोज करने के लिए लाया गया है। इसलिए कि यह बिल ही बताता है कि आप गोरू जबह नहीं कर सकते हैं। गो-कसी नहीं कर सकते हैं - गो-हत्या नहीं कर सकते हैं क्यों कि गो-हत्या करना मना है-गो-हत्या करना जुल्म है । गो-हत्या करना कसूर माना जायगा। लेकिन आप जिसके गो कसी बोलते हैं, हम लोग उसे गो जबाही बोलते हैं

जो इस बिल के खिलाफ है।

आज यह विल जो हाउस में लाया गया है, इसे हम बड़ी हैरत मे देख रहे हैं। उसे देखकर हमें बड़ा ताज्जुब हो रहा है। कुछ दिनों पहले विनोबा जी ने गो हत्या बन्द करने के लिए हमारे यहां के मुख्य मंत्री श्री ज्योतिवासु को बुलाया था। उस सिलसिले के वहुत सी बातें हुइ थी। मगर हमारे ज्योतिवाबुने कहा था कि यह हमारे पश्चिमवंगाल में मुमकिन नहीं है। उनकी यह वात सुनकर हमें वड़ी खुशी हुई थी। मगर ज्योतिवावु केही लीडर शिपमें आज यह विल लाया गया है, जिसको देखकर हमें बड़ी हैरत हो रही है। हमारे कहने का मतलव यह ही कि सरकार वैन के नाम पर झुक गई, इसे झुका दिया गया पार्लियामेन्ट और सेन्ट्रल गवर्नमेन्ट के डर से हमारे मंत्री सभा ने इसे मान लिया। लेकिन यह ठीक नहीं हुआ। यहां की सरकार ने यह विल लाकर अच्छा नहीं किया। इसलिए हम इस बिल को अपोज करते हुए कहना चाहते हैं कि हमारे गाँवो और देहातों के गरीव मुस्लमानों के लिए बड़ी मुश्किलाहट हो गई। इसलिए कि खासकर के देहात के लोग हपते में ३-८ दिन मँास खाने थे क्यों कि और मासों के वजाय यह मँास मस्ता होता है। मछली खरीदकर खाने के लिए पैसा नहीं है। खसी का मँास खा नहीं मकते हैं, क्योंकि उनके लिए १५ रु. १६ रू० १७ रू० किलों खसी मँास खरीदना वड़ी मुश्किल की बात है।

मिस्टार डिप्टी स्पिकार सर, इस बिल के लाने से टेनरी बिजनेस पर भी बुरा असर पड़ेगा। आप खुद सोच सकते हैं कि टेनरी बिजनेस पर इसका कितना एडभर्स इफेक्ट पड़ेगा? यह बिजनेस बरबाद हो जायगा इसके काम करने वाले लोग बेकार हो जाँयगे। इसलिए हम देखते हे कि यह विल सिर्फ नुकसान देह ही है।

परव और त्योहार के दिन खास करके मुस्लमान लोग गाय जबह करते हैं। जो गाय जबह की जाती है, उसमें किसी किस्म का ऐब या काटा दाग नहीं होना चाहिए। यहां तक कि गाय का कान भी कटा हुआ नहीं होना चाहिए। अगर ऐसी गाय की कुर्बानी की गई तो वह कुर्बानी मंजूर नहीं होती। इस तरह जो कुर्बानी खुलकर की जाती थी, अब नहीं की जा सकती है। एक धराने में ५-६-७ आदमी अगर हैं वो सातों आदमियों के लिए एक ही कुर्बानी मंजुर हो जाती है। मगर अव इस बिल के जारिए उन सात आदमियों के लिए सात जीवों की हत्या करनी होगी। इस तरह से हमारी कुर्बानी देनेकर काम मुश्किल हो जायगा।

मिस्टार डिप्टी स्पिकार सर, अभी हमारे हासनुज्जामान साहब ने कुरान का हवाला देकर बताया है कि गोकसी पर पुरा पावन्दी लगाना ठीक नहीं है क्योंकि वह हम लोगों के लिए नुकशान दहे है। इसलिए हम इस विलका विरोध करते हुए - इसकर अपोज करते हुए आपना भाषण समाप्त कर रहे हैं।

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় পশ্চিমবঙ্গ পশুবধ নিয়ন্ত্রণ (সংশোধন) বিধেয়ক, ১৯৭৯ যেটা এখানে পেশ করেছি সেটা আলোচনার পর আপনার অনুমতি নিয়ে পাশ করবার জন্য সকলকে অনুরোধ করব। জবাবি ভাষণে আমি বলতে চাই যে ১০ জন মাননীয় সদস্যের বক্তৃতা আমি শুনেছি।

[5-25 — 5-35 P.M.]

অনেক সমালোচনা করেছেন। অনেকে আবার সমালোচনা করার পরে কার্যত বিরোধিতা করেছেন। বিষয়টা ঠিক যে ভাবে উত্থিত করেছিলাম সেটা ছাড়িয়ে ধর্মীয় রাজনৈতিক বিতর্কে এসে দাঁড়িয়েছে। পশ্চিমবাংলার বামজোট সরকারের দৃষ্টি এবং নীতি পুনরায় আমি পরিষ্কার ভাবে আপনাদের কাছে উপস্থিত করতে চাই। আমরা ধর্মীয় দৃষ্টিকোণ থেকে এই বিষয়টাকে বিচার করি না। যাঁরা ধর্মীয় দৃষ্টিকোণ থেকে বিষয়টা বিচার করেন, বামজোট সরকারের পক্ষ থেকে আমি তাঁদের সঙ্গে সম্পূর্ণ ভিন্ন মত পোষণ করি। আমরা বিচার করি আর্থিক দিক থেকে এবং সামাজিক দৃষ্টিকোণ থেকে । আর্থিক এবং সামাজিক দৃষ্টিকোণ থেকে বিচার করে আমরা দেখেছি। ১৯৫০ সালে পশ্চিমবাংলায় পশু বধ নিয়ন্ত্রণ আইন যেটা চালু করা হয়েছিল, মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেবের কথায় সেটা ৯২টি মিউনিসিপ্যালিটি এবং ২টি কার্পোরেশন এলাকার মধ্যে। আমরা সেটাকে গোটা পশ্চিমবাংলায় সম্প্রসারিত করতে চাচ্ছি। মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব খুব মূল্যবান বিতর্ক করেছেন। আমি তাঁর বিতর্কের জবাবে এই কথা বলতে চাই যে তাঁরা যখন সরকারে ছিলেন ১৯৫০ সালে এবং তার পরবর্তী সময়ের যে আইন পশ্চিমবাংলার ৯২টি মিউনিসিপ্যালিটিতে এবং ২টি কর্পোরেশনে চালু করেছিলেন যুক্তিসংগত মনে করে। সেই আইনটা পশ্চিমবাংলার গ্রামে এবং শহরে প্রয়োগ করতে বাধা কোথায়, আপত্তি কোথায় যদি রাজনৈতিক এবং ধর্মীয় দৃষ্টিকোণ থেকে এর বিরোধিতা না ওঠে? মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন সাহেব মূল্যবান কথা বলেছেন। তিনি বলেছেন যে পশ্চিমবাংলায় পশুর সংখ্যা অনেক বেড়ে গেছে। তিনি ঠিক কথা বলেছেন। পশ্চিমবাংলায় পশুর সংখ্যা বেড়ে যাওয়ার ফলে পশুর খাদ্যের সংকট দেখা দিয়েছে এটাও ঠিক কথা তিনি আর বলেছেন যে পশ্চিমবাংলায় বামজোট আসার পরে পশুর খাদ্য উৎপাদনের জন্য যে সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা দরকার সেটার কি করেছেন সেই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন? আমার বাজেট ভাষণে আমি সেটা নিবেদন করেছি। এই বিষয়ে যদি আপনারা আলাদা ভাবে বিতর্ক করতে চান তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে বলবেন। এই বিষয়ে আলাদা বিতর্ক করা যেতে পারে। কারণ এই ব্যাপারে একটা জাতীয় গুরুত্ব পূর্ণ বিষয়। উৎপাদনের এই গুরুত্ব আছে, কৃষি উৎপাদনের গুরুত্ব আছে, শিল্পোৎপাদনের গুরুত্ব আছে। কিন্তু তার সঙ্গে পশ্চিমবাংলার পশুপালন নিয়ন্ত্রণ আইন

মিউনিসিপ্যালিটির মধ্যে যেগুলি ছিল, গ্রামের মধ্যে সম্প্রসারিত হবে কিনা এই বিষয় সম্পর্কে কি সেটা জয়নাল আবেদিন সাহেব বোঝাতে পারেন কি? তিনি নিজে যখন বলবেন তখন উইথ কনভিকশন তাঁর নিজের বিবেকের থেকে বুঝে এটা বলছেন কি? আমার মনে হয় তা বলছেন না। বলতে হয় তাই বলছেন, বিরোধিতা করতে হবে তাই করছেন। আমি জানিনা এটা নির্বাচনের পটভূমিকা কি না। আমরা এটা অবশ্য করতে চাইনা। আমরা পশ্চিমবাংলার বামজোট সরকার মধ্যবিত্ত নির্বাচনের পটভূমিকাতে এই সমস্ত কথার অবতারণা করতে চাই না। আমার মনে হচ্ছে বিরোধী দলে যে সমস্ত সদস্যরা আছেন তাঁরা হয়ত এটা মনে করতে পারেন। জয়নাল আবেদিন সাহেব তাঁর বক্তব্য বলেছেন। আমি তাঁর বক্তব্য অত্যন্ত গুরুত্ব দিয়ে বিবেচনা করেছি। আমি শুনেছি, তিনি বলেছেন সায়েন্টিফিক অ্যানিমাল শ্লটার হাউস তৈরি করা দরকার। আমি শুনেছি, তিনি বলছেন সায়েন্টিফিক অ্যানিমাল শ্লটার হাউস তৈরি করা দরকার। আমি এই বিষয়ে তাঁর সঙ্গে সম্পূর্ণ এক মত । তিনি একটা প্রচেষ্টা আরম্ভ করেছিলেন যখন তাঁরা সরকারে ছিলেন এবং সম্ভবত তিনি যখন এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ছিলেন তখন দুর্গাপুরে ক্যাটল শ্লটার করবার জন্য একটা মডার্ন শ্লটার হাউস তৈরি করার জন্য পরিকল্পনা করেছিলেন। কেন সেটাতে এগিয়ে যেতে পারেন নি আমি জানিনা। আমি সেই কাজের দায়িত্ব নিয়েছি এবং আমাদের বামজোট সরকারের নির্দেশে আমি সেই কাজে অনকেদূর এগিয়ে গেছি। দুর্গাপুরে সেই রকম একটা বিজ্ঞান সম্মত পশুবধ ব্যবস্থা আমরা করতে পারব। আর অনেক পরিকল্পনা আছে সেগুলি পরবর্তীকালে বলব। তার সঙ্গে এই বিলের সম্পর্ক কি? এই বিলে যা ছিল সেটা করা হচ্ছে। আমরা কি কোনও রাজনৈতিক চাপে এই কাজ করছি? জনাব হাসানুজ্জোমান এই সম্পর্কে বলেছেন। তিনি যা বলেছেন সেটা ভুল বলেছেন। বামজোট সরকার একমাত্র জনসাধারণের ইচ্ছার সঙ্গে সংগতি রেখে এগিয়ে চলে। তাঁরা কোনও বিনোবাজী বা মোরারজী দেশাইয়ের অন্যায় চাপের কাছে নতি স্বীকার করে না। ধর্মীয় দৃষ্টিভঙ্গির কাছেও বামজোট সরকার নতিস্বীকার করেনা। কারণ অত্যন্ত গণতান্ত্রিক এবং বিজ্ঞান সম্মত নীতি নিয়ে এই বামজোট সরকার চলতে চায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বেশি সময় নেব না। একটা বিভ্রান্তির সৃষ্টি হতে পারে মাননীয় সদস্য বীরেন্দ্র মৈত্র মহাশয় বললেন এবং আরও কয়েকজন এই ব্যাপারে বললেন। বিষয়টা কি? বিষয়টা হচ্ছে গোহত্যা নিষিদ্ধের ব্যাপার। পশ্চিমবাংলায় গোহত্যা সম্পূর্ণ নিষিদ্ধের বিরোধী এই বামজোট সরকার। ধর্মীয় কারণে নয়, বিজ্ঞানের কারণে। জয়নাল আবেদিন সাহেব আপনি জানেন যে রিসার্চ ওয়ার্কের জন্য গোহত্যা করতে হয়। ভ্যাকসিন তৈরি করবার জন্য পশু বধ করতে হয়, গরু বধ করতে হয়, ছাগল বধ করতে হয়, ভেড়া বধ করতে হয়, নানা রকম পশু বধ করতে হয়। কারণ তার থেকে অনেক ব্যাকটিরিয়া দুর করতে হয়। আমাদের বিজ্ঞানীদের এই সব কাজ করতে হয়। সুতরাং রিসার্চ ওয়ার্কের জন্য পশু বধ আমরা করব, তা নাহলে চিকিৎসা শাস্ত্রের উন্নতি হতে পারে না। হিন্দুদের ধর্মীয় দৃষ্টিকোণ থেকে যদি বলেন — আমি কমিউনিস্ট, যদিও আমি বামুন ঘরে জন্মেছি; কিন্তু ধর্মীয় দৃষ্টি দিয়ে বিচার করি না। বিজ্ঞানের প্রগতির জন্য পশু বধ করতে হবে। ভাবেজী ধর্মীয় দৃষ্টিকোণ থেকে ভারতবর্ষে গোহত্যা বন্ধ করতে চেয়েছেন। আমি আচার্য বিনোবা ভাবেকে জানি, তাঁর সঙ্গে আমার পরিচয় আছে, তিনিও আমাকে চেনেন ব্যক্তিগত ভাবে। তাঁদের যে দৃষ্টিকোণ, আমরা মনে করি তাহা ধর্মীয় দৃষ্টিকোণ। আমাদের মুখ্যমন্ত্রী এবং

কেরালায় মুখ্যমন্ত্রী বিনোবাজীর সঙ্গে আগস্ট '৭৯ সালে পাউনারে গিয়ে দেখা করেছিলেন। তাঁরা বলেছিলেন যে "ধর্মীয় দৃষ্টিকোণ থেকে আমরা গোহত্যা বন্ধের বিরোধী।" তারা তাঁর সঙ্গে এই বিষয়ে একমত হন, যে গরু দুধ দেয়, যে পশু চাষে সাহায্য করে, সেই রকম গরু বধ করা উচিত নয়। তাহলে দুধ উৎপাদন কমে যাবে এবং পশু শক্তির অপচয় হবে। ১৯৫০ সালের যে আইন ছিল আমরা সেই আইন পুনরায় আপনাদের কাছে ব্যাখ্যা করতে চাই। তার মূল কথা হচ্ছে এই, ১৪ বছরের বেশি গরু অথবা গাই, মোয, অথবা বলদ অথবা বলদ মোষ, এদের হত্যা করা নিষিদ্ধ নয়। ১৪ বছরের কম যে সব গরু দুধ দেয়, যারা মাঠে চাষে সাহায্য করে, সেই রকম পশুকে হত্যা করা নিষিদ্ধ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমি একটা ক্লারিফিকেশন চাইছি। আগে কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি এলাকার মধ্যে ফিক্স ছিল। এখন এটা গ্রামে করছেন। এটা গ্রামে করার ফলে পার্মিশন পাওয়ার ব্যাপারে নানা রকম কমপ্লিকেশন অ্যারাইজ করবে। সুতরাং এটা ক্যালকাটা এবং মিউনিসিপ্যাল এলাকার মধ্যেই ফিক্স রাখুন না।

**শ্রী অমৃতেন্দু মুখার্জি ঃ** পশ্চিমবঙ্গে পশু বধ নিয়ন্ত্রণ আইন ১৯৫০ সালে যেটা হয়েছিল, যেটা আমরা আজকে সংশোধন করতে যাচ্ছি। যে সব গরু ১৪ বছরের বেশি অকেজো, রোগগ্রস্ত, তাদের হত্যা করা চলে।

[5-35 — 5-53 P.M.]

তারপর হাসানুজ্জামান সাহেব যে কথা বললেন, তাতে আমি তাঁকে বলছি যে, আমি অত্যন্ত দুঃখিত, তাঁর ধর্মীয় শাস্ত্র আমার পড়া নেই। উনি ধর্ম শাস্ত্র থেকে অনেক কথা কোট্ করেছেন, আমি সেগুলি জানি না। সুতরাং আমি সেই সমস্ত কথার উত্তর দিতে পারব না। কিন্তু তিনি বললেন এর দ্বারা নাকি সংখ্যালঘু সম্প্রদায়কে অবহেলা করা হচ্ছে এবং আমরা তাঁদের নাকি বুড়ো গরু খেতে বাধ্য করছি। উনি একথা কি করে যে বললেন সেটা আমি বুঝতে পারছি না। আমরা এর দ্বারা কোথাও সংখ্যালঘু সম্প্রদায়কে অবহেলার কথা বলছি না। আমরা বলছি যে, পশ্চিমবাংলায় দুধের উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন এবং কৃষি কাজের উন্নতির জন্য পশু সম্পদ রক্ষা করা দরকার এবং সেই দুটি কাজ করবার সঙ্গে সঙ্গে পশুকে যাঁরা খাদ্য হিসাবে ব্যবহার করেন তাঁরা নিয়ম কানুন মেনে তা করতে পারবেন। সেই নিয়ম-কানুনগুলির মধ্যে আমরা এটা বলছি যে, সেই পশুর বয়স যেন ১৪ বছরের কম না হয়। ১৪ বছরের কম হলে চলবে না, ১৪ বছরের বেশি হওয়া দরকার এবং এরই ভিত্তিতে পারমিশন দেওয়া হবে।

দ্বিতীয় কথা হচ্ছে, সত্য বাপুলী মহাশয় বলেছেন এই বিলের উপযুক্ত ইনফ্রাস্ট্রাকচার কি আমাদের এখানে আছে? একই সঙ্গে জয়নাল আবেদিনও প্রশ্ন রেখেছেন প্রশাসনিক ব্যবস্থা সেইভাবে আমরা করতে পারব কি? আমি তাঁদের বলছি যে, আমরা সেটা করবার চেষ্টা করছি। আমি আমার গত বাজেট বক্তৃতায় বলেছিলাম যে, ভেটেনারি সার্জেনের সংখ্যা আমাদের কম এবং সেদিনও প্রশ্নোত্তরে বলেছি যে, ১০৭ জন ভেটেনারি সার্জেনের পদ খালি আছে এবং আমরা এখনো পি.এস.সি-র কাছ থেকে এটা পাইনি। আমরা আশা করছি এটা পাওয়া যাবে এবং তাঁদের আমরা গ্রামে গ্রামে পাঠাতে পারব। আপনারা জানেন ক্যাটেল

স্টারিং-এর জন্য ১ টাকা করে জমা দিয়ে এস.ডি.ও.-র কাছে দরখাস্ত করতে হবে এবং তাতে জায়গার নাম বলে দিতে হবে। তখন এস.ডি.ও. ভেটেনারি অফিসারকে পাঠাবেন অথবা পঞ্চায়েত সমিতির সভাপতিকে সেখানে পাঠাবেন অথবা তাঁর পারমিশন নিয়ে যাঁরা অথরাইসড পারসন তাঁরা যাবেন। এবিষয়ে একটা প্রশ্ন উঠেছে এবং সেটা বীরেনবাবু করেছেন। আমি সেই প্রশ্নের জবাব দিতে চাই। তিনি বলেছেন যে, একটা কমিটি করতে হবে, সর্বদলীয় বা ঐ জাতীয় একটা কমিটি তা আমি তাঁকে প্রশ্ন করছি যে, কমিটির লোকেরা কি করে বুঝবেন যে, কোন পশুটির বয়স কত? একজন চিকিৎসা বিজ্ঞানী ছাড়া আর কেউ গরুর বয়স ঠিক করতে পারবে না। তবে তা ছাড়াও কমিটির প্রয়োজন নেই, কারণ জনসাধারণের নির্বাচিত পঞ্চায়েত সমিতির সদস্যদের আমরা ক্ষমতা দিচ্ছি। সেখানে সর্বদলীয় কমিটি কোনও কিছুর মীমাংসা করতে পারবে না এবং সেই কমিটির কোনও প্রয়োজনও নেই। সুতরাং সেই কারণে উনি যে দুটি সংশোধনী প্রস্তাব দিয়েছেন আমি সেদুটির বিরোধিতা করছি এবং আশা করছি ওঁরা আবার জিনিসটা পুনর্বিবেচনা করবেন। এই কথা বলে আমি আমার জবাবি ভাষণ আপনার অনুমতি নিয়ে শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি গরুর ১৪ বছর বয়স যে হয়েছে, সেটা কিভাবে ঠিক করবেন? তাহলে আপনি গরুর জন্ম রেজিষ্ট্রি করার ব্যবস্থা করুন, গরুর বার্থ সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা করুন।

The motion of Shri Amritendu Mukherjee that the West Bengal Animal Slaughter Control (Amendment) Bill, 1979, be taken into consideration, was then put and a division taken with the following result :

## Ayes

Abul Hasan, Shri
Abdul Quiyom Molla, Shri
Abdul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Barman, Shri Kalipada
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Jyoti
Bera, Shri Pulak
Bhattacharyya, Shri Satya Pada
Bisui, Shri Santosh
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Jnanendra Nath

Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Ashoke Kumar
Bouri, Shri Gobinda
Chakraborty, Shri Deb Narayan
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Subhendu Kumar
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Das, Shri Santosh Kumar
Ghosh, Shrimati Chhaya
Goswami, Shri Subhas
Habib Mustafa, Shri
Hazra, Shri Haran Chandra
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindranath
Let (Bara), Shri Panchanan
Mahata, Shri Satya Ranjan
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dina Bandhu
Majhi, Shri Raicharan
Maji, Shri Pannalal
Majumder, Shri Jamini Kisore
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandi, Shri Sambhu Nath
Mazumder, Shri Dinesh
Ming, Shri Patras
Mir Abdus Sayeed, Shri
Mohammad Ali Shri
Mojumder, Shri Hemen
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sasanka Sekhar
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil

Mukherjee, Shri Bhabani
Mukhopadhyay, Dr. Ambarish
Mullick Chowdhury, Shri Suhrid
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Ramjan Ali, Shri
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sada Kanta
Roy, Shri Tarak Bandhu
Roy Chowdhury, Shri Nirode
Sanyal, Shri Samarendra Nath
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Ramchandra
Sen, Shri Dhiren
Sen, Shri Sachin
Sing, Shri Buddhadeb
Singh, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Shri Khagendra Nath
Sinha Roy, Shri Guruprasad
Sk. Siraj Ali, Shri
Sur, Shri Prasanta Kumar
Tah, Shri Dwarka Nath
Tudu, Shri Bikram
Urao, Shri Punai

## Noes

A.K.M. Hassan Uzzaman, Shri
Abedin, Dr. Zainal
Bapuli, Shri Satya Ranjan
Chowdhury, Shri Abdul Karim
Golam Yazdani, Dr.
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahaman, Shri

Lutfal Haque, Shri
Md. Sohorab, Shri
Motahar Hossain, Dr.
Roy, Shri Krishna Das
Shaikh Imajuddin, Shri
Shamsuddin Ahmad, Shri
Sinha, Shri Atish Chandra

## Abstentions

Banerjee, Shri Binoy
Bauri, Shri Bijoy
Digpati, Shri Panchanan
Halder, Shri Renupada
Omar Ail, Dr.
Purkait, Shri Prabodh
Soren, Shri Suchand

The Ayes being 91, the Noes 14 and the Abstentions 7 the motion was carried

**Clauses 1 and 2**

The question that Clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 3**

**Mr. Deputy Speaker :** There is an amendment given by Shri Birendra Kumar Maitra. The amendment is outside the scope of this Bill. So the amendment is out of order.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 4 and 5**

The question that Clauses 4 and 5 do stand part of the Bill, was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** There is proposal for insertion of a New Clauses 5A by Shri Birendra Kumar Maitra. The amendment is out of order as it is outside the scope of the Bill.

**Clauses 6, 7 and Preamble**

The question that clauses 6, 7 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Amritendu Mukherjee :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that The West Bengal Animal Slaughter Control (Amendment) Bill, 1979, as settled in the Assembly, be passed.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল গৃহীত হতে চলেছে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন আমাদের সৌভাগ্য, কিন্তু বাস্তব কতকগুলি অসুবিধার কথা বলছিলাম, একটা কমিটির কথা উনি বললেন এই পঞ্চায়েত সমিতি এবং ভেটেনারি সার্জন যদি একমত না হয় তাহলে তো গরু নিয়ে ডিসট্রিক্টে যেতে হবে ভেটেনারি অফিসারের কাছে। একটা গরু নিয়ে ডিসট্রিক্ট ভেটেনারি অফিসারের কাছে যাওয়া একেবারে অসম্ভব ইমপ্রাকটিক্যাল কথা। মন্ত্রী মহাশয় ওনার জবাবে বলেছেন পাঁচজনের একটা কমিটি কেন করা হবে, কেমন করে তাঁরা বয়স ঠিক করবেন? আমি আবার রিপিট করে বলছি ঐ বিষয়ে একটা কমিটি তৈরি করা হোক। যে কোনও দিন ব্রিজ তৈরি করেনি, যে কোনও দিন পাকা বাড়িতে বাস করেনি, তাদের পাঁচ হাজার টাকা দিচ্ছেন বন্টন করার জন্য, কিন্তু যারা দাঁত দেখে বলে দিতে পারে গরুর বয়স কত, সূর্য্য দেখে বলে দিতে পারে যে বেলা কতটা, মেঘ দেখে বলতে পারে বৃষ্টি হবে কি হবে না, মাটি দেখে বলে দেয় যে তাতে ফসল হবে কি হবেনা সেই লোকগুলি বলতে পারবে না যে গরুর বয়স কত? ভেটেরিনারি অফিসার বলবেন। আপনি যে বিল গ্রহণ করেছেন তাতে আমাদের আপত্তি নেই, কিন্তু ডিফিকালটি যেটা সেই ডিফিকালটি কথাটা আপনি আপনার পার্টির লোককে জিজ্ঞাসা করবেন পার্টির লোক যদি বলে এটাকে পুঁজি করে অন্য লোকে রাজনৈতিক মুনাফা লোটবার চেষ্টা করে তাহলে আপনার এই অ্যামেন্ডমেন্টকে বাতিল করুন নইলে কার্যকরি করতে পারবেন না, পারবেন না, পারবেন না।

**শ্রী অমৃতেন্দু মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বীরেন বাবু পুনরায় যে কথা বলছেন তার জবাবে আমি বলেছি, স্থান ও সময় সুনির্দিষ্ট করে দেওয়া হয়েছে। কোনও জায়গায় স্লটার নির্দিষ্ট করার জন্য দরখাস্ত করা হয়, আপনি জানেন দরখাস্ত করা হলে পরে ভেটেরিনারি সার্জেন পঞ্চায়েতের সভাপতি অথবা তার কোনও অথারইজড পার্সন কারোকে নিয়ে নিশ্চয় কাজ করবেন, গরু নিয়ে কখনও বি.ডি.ও.'র কাছে যেতে হবেনা, কাজটা আরম্ভ করি তারপর দরকার হলে আর সংশোধনের বিষয় দেখা যাবে। আমি আবার বলছি বিলটা গ্রহণ করুন।

The Motion of Shri Amritendu Mukherjee that the West Bengal Animal Slaughter Control (Amendment) Bill, 1979 as settled in the Assembly be passed, was then put and a division taken with the following result.

## Ayes

Abul Hasan, Shri
Abdul Quiyom Molla, Shri
Abul Hasnat Khan, Shri
Adak, Shri Nitai Charan
Bagdi, Shri Lakhan
Banerji, Shri Radhika Ranjan
Barma, Shri Manindra Nath
Barman, Shri Kalipada

Basu, Shri Bimal Kanti
Basu, Shri Jyoti
Bera, Shri Pulak
Bhaduri, Shri Timir Baran
Bhattacharyya, Shri Satya Pada
Bisui, Shri Santosh
Biswas, Shri Hazari
Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Jnanendra Nath
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Ashoke Kumar
Bouri, Shri Gobinda
Chakraborty, Shri Deb Narayan
Choudhury, Shri Gunadhar
Chowdhury, Shri Subhendu Kumar
Dakua, Shri Dinesh Chandra
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nimai Chandra
Das, Shri Santosh Kumar
Ghosh, Shrimati Chhaya
Goswami, Shri Subhas
Habib Mustafa, Shri
Hazra, Shri Haran Chandra
Hira, Shri Sumanta Kumar
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
Khan, Shri Sukhendu
Koley, Shri Barindranath
Let (Bara), Shri Panchanan
Mahata, Shri Satya Ranjan
Maity, Shri Gunadhar
Maity, Shri Hrishikesh
Majee, Shri Surendra Nath
Majhi, Shri Dina Bandhu
Majhi, Shri Raicharan
Maji, Shri Pannalal
Majumdar, Shri Jamini Kisore
Mandal, Shri Siddheswar
Mandal, Shri Sukumar
Mandi, Shri Sambhu Nath
Mazumder, Shri Dinesh

Mir Abdus Sayad, Shri
Mohammad Ali, Shri
Mojumdar, Shri Hemen
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, Shri Sasanka Sekhar
Mostafa Bin Quasem, Shri
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bhabani
Mukhopadhyay, Dr. Ambarish
Mullick Chowdhry, Shri Suhrid
Munsi, Shri Maha Bacha
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Sarkar
Murmu, Shri Sufal
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Romzan Ali, Shri
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Biendra Narayan
Roy, Shri Amalendra
Roy, Shri Banamali
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Pravas Chandra
Roy, Shri Sada Kanta
Roy, Shri Tarak Bandhu
Roy, Chowdhury, Shri Nirode
Sanyai, Shri Samarendra Nath
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Ramchandra
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sing, Shri Buddhadeb
Singh, Shri Khudiram
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Shri Khagendra Nath
Sinha Roy, Shri Guruprasad
Sk. Siraj Ali, Shri
Sur, Shri Prasanta Kumar
Tah, Shri Dwarka Nath
Tudu, Shri Bikram
Urao, Shri Punai

## Noes

A.K.M. Hassan Uzzaman, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Shri Binoy
Bapuli, Shri Satya Ranjan
Chowdhary, Shri Abdul Karim
Golam Yazdani, Dr.
Habibur Rahaman, Shri
Kazi Hafizur Rahaman, Shri
Lutfal Haque, Shri
Md. Sohorab, Shri
Motahar Hossain, Dr.
Omar Ali, Dr.
Roy, Shri Krishna Das
Shamsuddin Ahmad, Shri
Sinha, Shri Atish Chandra

## Abstentions

Bauri, Shri Bijoy
Halder, Shri Rampada
Purkait, Shri Prabodh
Soren, Shri Sachand

The Ayes being 92, the Noes 15, and Abstentions 4, the motion was carried.

### Adjournment

The House was then adjourned at 5-53 P.M. till 1 P.M. on Friday the 7th September, 1979 at Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legistlative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of theAssembly House, Calcutta, on Friday, the 7th September, 1979 at 1.00 p.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 13 Ministers, 4 Ministers of State and 184 Members.

[1-00—1-10 P.M.]

## Held over Starred Questions (to which oral answers were given)

### রাজ্যে বিদ্যুতের চাহিদা ও উৎপাদন ক্ষমতা

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮।) **শ্রীজন্মেজয় ওঝা ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে (১) বিদ্যুতের মোট চাহিদা কত, (২) বিদ্যুৎকেন্দ্রসমূহের মোট উৎপাদন ক্ষমতা কত ; এবং

(খ) গত জানুয়ারি মাস হইতে জুলাই মাস পর্যন্ত প্রতিদিন গড়ে কত পরিমাণ বিদ্যুৎ উৎপাদন হইয়াছে ?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) (১) ১৩২৩ মেগাওয়াট।
(২) ১৩৮২ মেগাওয়াট।

(খ) জানুয়ারি হইতে জুলাই পর্যন্ত প্রতিদিন বিদ্যুৎ উৎপাদন গড়ে নিম্নরূপ ছিল (ডি. ভি. সি উৎপাদন বাদে)—

| | | সকাল মেগাওয়াট | সন্ধ্যা মেগাওয়াট |
|---|---|---|---|
| জানুয়ারি | ১৯৭৯ | ৫৮৭.৪ | ৬৫২.৫ |
| ফেব্রুয়ারি | ১৯৭৯ | ৫৮৭.৫ | ৬৩৬.৫ |
| মার্চ | ১৯৭৯ | ৫৭৫.৪ | ৬৪২.৫ |
| এপ্রিল | ১৯৭৯ | ৫১৩.০ | ৫৬২.৬ |
| মে | ১৯৭৯ | ৫২০.২ | ৫৮২.১ |
| জুন | ১৯৭৯ | ৫৭১.৮ | ৬১৯.৩ |
| জুলাই | ১৯৭৯ | ৬০৬.৩ | ৬৪০.৫ |

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি প্রতি মাসে গড়ে কত হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত প্রতি মাসের হিসাব দেওয়া হয়েছে। সকালে ৫২৭,৫২৭, ৫৭৫, ৫১৩, ৫২০, ৬০৬ আর সন্ধ্যায় ৬৫২, ৬৩৬, ৬৪২, ৫৬২, ৫১৯, ৬৪০।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** উৎপাদন অর্ধেকের কম হবার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** থার্মাল পাওয়ার জেনারেশনের যে নিয়ম এবং যেটা অনুমোদিত তাতে শতকরা ৬০ ভাগের বেশি হয় না । কিন্তু তা সত্ত্বেও কিছু কম হয়েছে কারন সেখানে সমস্তগুলো যা একসঙ্গে কাজ করছে না ৪।৫ বছর ধরে সেগুলি মেরামত যা করতে হয় তা হয় নি । একদিন করে বসিয়ে দিতে হয় । বর্তমানে সেগুলি আমরা করছি। তা ছাড়া টিউব লিকেজ আছে ।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** বিদ্যুৎ উৎপাদন ঠিক রাখার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটা সাধারণ প্রশ্ন এর জবাব কি দেব ?

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** ১৩২৩ মেগাওয়াট চাহিদা পূরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রী জ্যোতি বসু ঃ** বাজেট বক্তৃতার মধ্যে আমি এর সমস্ত হিসাব দিয়েছিলাম যে আমরা কোলাঘাট বিদ্যুৎ কেন্দ্র থেকে আরম্ভ করে ব্যাণ্ডেল সাঁওতালদিহি চতুর্থ ৫ম ইউনিট কোনও না কোনও সময়ের মধ্যে করতে পারব। আর যেটা পরের কথা সেটা হচ্ছে সুপার থারমাল এর কাজ আরম্ভ হয়েছে শেষ হতে সময় লাগবে।

**ব্যান্ডেল তাপ-বিদ্যুৎকেন্দ্রে কর্মীদের বদলি**

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সাম্প্রতিককালে ব্যান্ডেল তাপ-বিদ্যুৎকেন্দ্রে কতজন কর্মীকে বদলির আদেশ দেওয়া হয়েছে ;

(খ) তন্মধ্যে কতজন এন এল সি সি ও কতজন আই.এন.টি.ইউ.সি. সংগঠনের সহিত যুক্ত ; এবং

(গ) এই বদলির কারণ কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) সাম্প্রতিককালে অর্থাৎ গত তিনমাসে ব্যান্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রে ৯ জনকে বদলির আদেশ দেওয়া হইয়াছে।

(খ) জানা নেই।

(গ) এদের মধ্যে একজন স্বেচ্ছায় এবং আটজন প্রশাসনিক কারণে বদলির আদেশ পাইয়াছেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১ জন স্বেচ্ছায় এবং ৮ জন অ্যাডমিনিস্ট্রেটিভ রিজিনে বদলির আদেশ পেয়েছেন, আমার প্রশ্ন হচ্ছে এই যে ৮ জন অ্যাডমিনিস্ট্রেটিভ রিজিনে ট্রান্সফার হয়েছেন এই অ্যাডমিনিস্ট্রেটিভ রিজিনটা কি? হোয়েদার দ্যাট ইজ পলিটিক্যাল অর নট।

**শ্রী জ্যোতি বসু ঃ** রাজনীতির সঙ্গে এর কোনও সম্পর্ক নেই। যাতে ঠিকমতো তাপ বিদ্যুৎ কেন্দ্র চলতে পারে সেই নিয়মানুযায়ী অ্যাডমিনিস্ট্রেটিভ কারণে বদলি করেছে। তবে একটা কথা বলতে পারি ৮ জনের মধ্যে ২ জন দরখাস্ত করেছিলেন তাঁদের ব্যক্তিগত অসুবিধা আছে বলে। তাঁদের দূরে পাঠাবার কথা ছিল, কিন্তু তা না করে তাঁদের কাছাকাছি জায়গায় দিচ্ছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এদের মধ্যে কতজন এন. এল. সি. সি. এবং কতজন আই. এন. টি. ইউ. সি. এটা কি জানা নেই?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই যে ৮ বা ৯ জন এরা কোন সংস্থার সদস্য আমাদের জানা নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ওখানে এন.এল.সি.সি. ইউনিয়ন আছে জানেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** এন.এল.সি.সি. হলেও কতজন ওরা জানি না, কারণ, ওরা ভাগ হয়ে যায়। যখন সাঁওতালদিতে গিয়ে সব প্রতিনিধিদের ডাকি তখন এন.এল.সি.সি'র হয়ে কিছু, আই.এন.টি.ইউ.সি'র হয়ে কিছু, সি.আই.টি.ইউ. এই রকম নানাভাবে আমার কাছে এসেছেন।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** অ্যাডমিনিস্ট্রেটিভ রিজিনে যে ট্রান্সফার করা হয়েছে এদের বিরুদ্ধে কি ধরনের অভিযোগ ছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** অভিযোগ কিছু নেই, অভিযোগ থাকলে তো পানিশমেন্ট হয়ে যাবে, পানিশমেন্টের কোনও ব্যাপার নেই।

### সাঁওতালডি ও ব্যান্ডেলের তাপ-বিদ্যুৎকেন্দ্র

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬০।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সাঁওতালডি ও ব্যান্ডেলের বিভিন্ন ইউনিটগুলি গত জানুয়ারি মাস হইতে জুন মাসের মধ্যে কতবার বিকল হইয়াছে ; এবং

(খ) এইরূপ বিকল হইবার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ব্যান্ডেলের চারটি ইউনিটে মোট ১৬বার ও সাঁওতালডির ৩টি ইউনিটে মোট ২৬ বার।

(খ) নানারকম যান্ত্রিক গোলযোগ।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এর মধ্যে কোন ইউনিট বর্তমান বামফ্রন্ট সরকারের আমলে স্থাপিত হয়েছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** সেটা আমার কাছে নোটিশ না দিলে বলতে পারব না।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** আপনাদের আমলে কোন ইউনিট হয়েছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** এগুলি সব আগেকার, নির্মিয়মান যেগুলি ছিল সেগুলি হয়নি যেটা ৪নং উত্তরে বলেছি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মন্ত্রী মহাশয় যে ঘটনার কথা বললেন এটা কি কেবল যান্ত্রিক গোলযোগের জন্য, না কি তার সঙ্গে ইউনিয়নে ইউনিয়নে ঝগড়ার কোনও ব্যাপার আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** ইউনিয়নে ইউনিয়নে ঝগড়ার জন্য বন্ধ হয়নি, যান্ত্রিক গোলযোগের জন্য এইসব কখনও কখনও বিকল হয়।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** ওর মধ্যে স্যাবোটেজের কোনও ঘটনা ঘটেছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** স্যাবোটেজের খবর ইতিমধ্যে সংবাদপত্রে হয়ত আপনারা দেখেছেন। সাঁওতালদিতে ২বার স্যাবোটেজ বলে ধরা হয়েছে, ব্যান্ডেলে সাম্প্রতিককালে একবার।

**শ্রী কিরণময় নন্দ ঃ** এই স্যাবোটেজের সাথে কোনও টেড ইউনিয়ন জড়িত আছে কি এবং কারা কারা জড়িত?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটা বলা সম্ভব নয়, কারণ নির্দিষ্টভাবে তাদের কাউকে এখনও ধরা যায়নি।

**শ্রী [illegible] মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি সাঁওতালদি এবং ব্যান্ডেল থেকে কিছু কিছু অভিজ্ঞ ইঞ্জিনিয়ারকে বদলি করে দেওয়ার ফলে ওগুলো খারাপ হয়ে যাচ্ছে এবং যারা আছে তারা কাজ করতে পারছে না এটা সত্য কি?

(নো রিপ্লাই)

**মিঃ স্পিকার ঃ** এটা প্রশ্ন হল না।

**শ্রী [illegible] রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন দু'বার নাশকতামূলক কাজ ধরা পড়েছে, যারা ধরা পড়েছে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমি তো বললাম আমরা কাউকে এই ব্যাপারে ধরিনি, কারণ, নির্দিষ্টভাবে কোনও ব্যক্তি সম্বন্ধে আমরা এখনও কোনও সিদ্ধান্তে আসতে পারিনি, সেজন্য এই প্রশ্ন ওঠে না।

**সনসাদ গ্রামের জনৈক চৌধুরি আব্দুল রহিমের বাড়ি ঘেরাও ও লুঠ**

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় আনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, গত ৯ই জুন, ১৯৭৯ তারিখে বোলপুর থানার অন্তর্গত সনসাদ গ্রামের জনৈক চৌধুরি আব্দুল রহিমের বাড়ি ঘেরাও ও লুঠ হইয়াছে।

(খ) সত্য হইলে —

(১) দুষ্কৃতকারী ও নিগৃহীত ব্যক্তিদের রাজনৈতির দলভুক্তি সম্পর্কে কোনও তথ্য সরকারের নিকট আছে কি ;

(২) এই বিষয়ে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে এবং কতজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে ; এবং

(৩) ঐ মামলাটি বর্তমানে কি অবস্থায় আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ৯ই জুন নয়। তবে ৮ই জুন, ৭৯ তারিখে বোলপুর থানায় একটি লিখিত অভিযোগে উল্লেখ করা হয় যে, চৌধুরি আব্দুল রহিমের বাড়ি আক্রান্ত হয়েছে ও নগদ টাকা গহনা ইত্যাদি লুঠ হয়েছে। প্রসঙ্গত বলা যায় যে ঐ দিনেই শ্রী চৌধুরির বিরুদ্ধেও অনুরূপ একটি বাড়ি আক্রমণ ও লুঠ-পাটের অভিযোগ থানায় পূর্বেই দায়ের করা হয়।

(খ) (১) নেই।

(২) এই ব্যাপারে দুই জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং তাঁরা জামিনে মুক্ত আছেন। পাল্টা অভিযোগের ভিত্তিতেও একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

(৩) অভিযোগ সম্পর্কে এখনো তদন্ত চলিতেছে।

[1-10—1-20 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় জানেন কি, এই ঘটনায় অ্যারেস্ট হয়েছে ওখানকার জেলাপরিষদের নির্বাচিত সি.পি.এম. সদস্য মফিজুর রহমান?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে এরকম কোনও রিপোর্ট নেই।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি? আসামিদের কোনও নাম আপনার কাছে আছে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** নাম নেই, নোটিশ দিলে বলতে পারি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, দুস্কৃতকারীদের রাজনৈতিক দলভুক্তি সম্পর্কে আমি স্পেসিফিক কোয়েশ্চেন দিয়েছি তারপরও চিফ মিনিস্টার বলছেন, নোটিশ চাই। আমি তো বুঝতে পারছি না হোয়াট অব নোটিশ আই স্যুড সার্ভ আপন দি চিফ মিনিস্টার?

**মিঃ স্পিকার ঃ** উনি নাম না জানলে কি করে বলবেন?

**শ্রী সুনীতি চট্টরাজ :** এই ব্যাপারে কতজন গ্রেপ্তার হয়েছে ?

**মিঃ স্পিকার :** উনি তো নাম্বার বলেছেন?

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় স্পিকার মহাশয়, আপনি যদি, এইভাবে প্রোটেকশন দেন তাহলে তো মুশকিল।

**শ্রী স্পিকার :** আপনি নাম্বার চেয়েছেন সেটা উনি দিয়েছেন। এখন যদি নাম চান তাহলে নোটিশ দিতে হবে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মুখ্যমন্ত্রী জানাবেন কি, এই কেস্-এর পুলিশ রিপোর্ট এসেছে কিনা?

**শ্রী জ্যোতি বসু :** পুলিশ রিপোর্ট না এলে উত্তর দিলাম কি করে কয়জন ধরা পড়েছে?

**শ্রী সুনীতি চট্টরাজ :** রহিম চৌধুরির বাড়ি যারা লুঠ করেছে, যারা গহনা লুঠ করেছে তারা সি.পি.এম দলভুক্ত লোক কিনা এরকম কোনও কথা পুলিশ রিপোর্টে আছে কি?

**শ্রী জ্যোতি বসু :** এরকম কোনও রিপোর্ট আমার কাছে নেই।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মুখ্যমন্ত্রী জানাবেন কি, এখন ওই কেস্ কি অবস্থায় আছে, না ফাইন্যাল রিপোর্ট হয়ে গেছে?

**শ্রী জ্যোতি বসু :** এখনও তদন্ত চলছে, ফাইনালে রিপোর্ট হয়েছে বলে আমার কাছে কোনও খবর নেই।

## Starred Questions
## (to which oral answers were given)

### খেলাধূলার উন্নয়ন

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, রাজ্যের খেলাধূলার উন্নয়নের জন্য রাজ্য, জেলা ও ব্লক স্তরের সরকারি ক্রীড়া মাধ্যমগুলির মধ্যে সমন্বয় সাধনের কোনও পরিকল্পনা ক্রীড়া দপ্তরের আছে কি?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) হ্যাঁ, এরকম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

### কৃষক সেতু

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯২।) **শ্রী অমলেন্দ্র রায় :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, অজয় নদীর উপর নির্মীয়মাণ "কৃষক সেতু" বর্ধমান জেলার মঙ্গলকোট থানায় আন্তঃরাজ্য বিখ্যাত বাদশাহী সড়ক বরাবর না করিয়া বর্তমান স্থানে করার কারণ কি?

**শ্রী যতীন চক্রবর্ত্তী :**

অজয় নদের উপর নির্মিয়মান সেতু যাহা "শ্রমিক সেতু" নামে পরিচিত তাহা বর্ধমান জেলার কাটোয়া শহরের অনাতিদূরে নির্মিত হইয়া কাটোয়া অঞ্চলের বাণিজ্যিক স্বার্থের সমৃদ্ধিসাধন এবং বর্ধমান জেলার সহিত বীরভূম ও মুর্শিদাবাদ জেলার এবং তৎসহ উত্তরবঙ্গের সংযোগ সাধন করিবে।

প্রস্তাবিত বাদশাহী সড়ক বরাবর ঐ সেতু নির্মাণ করিলে উহার পূর্ণ সদ্ব্যবহারের জন্য অতিরিক্ত একাধিক সেতু নির্মাণের প্রয়োজন হইত। যাহার ফলে আরও আনুমানিক ২ কোটি টাকা খরচ হইত। যা আমাদের পক্ষে বহন করা সম্ভব নয়।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই সেতুটি যে জায়গায় হয়েছে সেই জায়গায় নির্দিষ্টভাবে কোন রাস্তা আছে এবং কি সেই রাস্তা কোনও স্ট্যাটাসের ডিস্ট্রিক্ট রোড, না স্টেট হাইওয়ে ন্যাশনাল হাইওয়ে, কোন রাস্তার উপর সেতুটি হচ্ছে দয়া করে বলবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** এটা তো বলেই দেওয়া হয়েছে যে অজয় নদীর উপর যেটা তৈরি হয়েছে সেটা একটা ন্যাশনাল হাইওয়ে আর একটা স্টেট হাইওয়ের সঙ্গে যোগাযোগ হচ্ছে এবং তুলনামূলকভাবে যদি বিচার করতে হয় তাহলে দেখা যাবে আমরা যে জায়গায় সেতুটা নির্মাণ করেছি সেই জায়গা ছাড়া অন্যখানে করলে সেটার উপযোগিতা এখন যতটা রয়েছে সেটা কমে যেত।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, আপনি যেটা বললেন যে ন্যাশনাল হাইওয়ের সঙ্গে যোগসাধন করছে, ন্যাশনাল হাইওয়ের কোন পয়েন্টে এবং স্টেট হাইওয়ের কোন পয়েন্টে করছে?

**শ্রী যতীন চক্রবর্তী :** মাননীয় সদস্যকে এইটুকু জানাচ্ছি যে এই সেতুটি নির্মাণের সিদ্ধান্ত এটা পূর্বতন সরকার গ্রহণ করেছিলেন। বর্তমানে যে জায়গায় সেতুটির কাজ চলছে সেই জায়গা বদল করা আর সম্ভবপর নয়।

**শ্রী অমলেন্দ্র রায় :** আমি জায়গাটা বদল করার প্রশ্ন তুলছিনা, আমি জানতে চাই এই মঙ্গলকোট থানীয় অন্তঃরাজ্য বিখ্যাত বাদশাহী সড়ক এর এক মাইল ডাউনে ব্রিজটা করা হচ্ছে এবং এটা কোন ইম্পর্টান্টি রাস্তার সঙ্গে যোগাযোগ করছে সেটা জানতে চাই।

**শ্রী যতীন চক্রবর্তী :** আমি তো মাননীয় সদস্যকে বললাম যে কোন পয়েন্টে সেটা আমার পক্ষে বলা সম্ভব নয় কারণ আমার কাছে ম্যাপ নেই। এটা কাটোয়ার ব্যবসায়িক ক্ষেত্রের সঙ্গে বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও উত্তরবঙ্গের সঙ্গে সংযোগসাধন করবে। সুতরাং এর থেকে অন্য জায়গায় আর করা সম্ভবপর নয়। তাছাড়া এটা করতে গেলে আর ২ কোটি টাকা অতিরিক্ত খরচ হত সেটা বহন করা আমাদের পক্ষে সম্ভবপর নয়।

## মহিলা হোমগার্ড

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪১।) **শ্রী সুভাষ গোস্বামী :** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মহিলা হোমগার্ড-এর সংখ্যা কত ;

(খ) মহিলা হোমগার্ডদের সাধারণত কোন্ কোন্ কাজে নিয়োগ করা হয় ; এবং

(গ) বর্তমানে বাঁকুড়া জেলায় কতজন মহিলা হোমগার্ড আছেন?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ**

(ক) ৬৯০ জন।

(খ) মহিলা হোমগার্ডদের সাধারণত মহিলা আসামিদের অনুসন্ধান করা, জেলখানায় নিয়ে যাওয়া, বিমান ঘাঁটিতে ছিনতাই নিরোধ এবং মহিলা পুলিশের কাজে সহায়তা করা, কখনও কখনও তারা অফিসের কাজেও সহায়তা করেন। এছাড়া মহিলা হোমগার্ডদের ট্রফিক পুলিশের কাজেও নিযুক্ত করা হয়।

(গ) ১০ জন।

**শ্রী [illegible]কুমার মৈত্র ঃ** কোন জেলায় কত মহিলা হোম গার্ড আছেন?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** আপনার এত সুন্দর জামা কাপড় এবং তা পরে এখানে এসেছেন। কিন্তু জেণ্টস হোম গার্ড এবং মহিলা হোম গার্ডদের জামা-কাপড় আন্যরকম। তাদের জামা-কাপড়ের অবস্থা অত্যন্ত খারাপ। সে ব্যাপারে কি করছেন?

**শ্রী রাম চ্যাটার্জি ঃ** মাননীয় রজনীবাবু শ্রী কৃষ্ণের বস্ত্র হরণ দেখেছেন। কিন্তু গোবর্ধনধারী দেখেন নি। আমরা ওইসব হোমগার্ডদের সঙ্গে একসাথে নামি জলে। আপনাদের কাউকে দেখা যায় না।

## কাঁথি থানায় বাড়ি লুণ্ঠন

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৫ই হইতে ৭ই জুলাই পর্যন্ত মেদিনীপুর জেলার কাঁথি থানার অন্তর্গত ভাজাচাউলি, পরিহরা এবং পাচবেড়িয়া গ্রামের কিছু বাড়ি লুণ্ঠিত হইয়াছে এইরূপ কোনও সংবাদ সরকারের নিকট আসিয়াছে কি; এবং

(খ) আসিয়া থাকিলে, ঐ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) হ্যাঁ।

(খ) এ সম্পর্কে কাঁথি থানায় মামলা রুজু করা হয়েছে এবং পুলিশ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে,। এ ছাড়া আরও ১৮ জন আদালতে আত্মসমর্পণ করেন। একটি পুলিশ ক্যাম্পও স্থাপিত হয়েছে।

[1-20—1-30 P.M.]

**শ্রী জন্মেজয় ওঝা :** এটা কি সত্য যে তিন দিন ধরে এক একটা বাড়িতে ৫/৭ বার লুঠ করা হয়েছে এবং কোনও কোনও ক্ষেত্রে তা পুলিশের সামনে?

**শ্রী জ্যোতি বসু :** এত ডিটেল আমার পক্ষে বলা সম্ভব নয়।

**শ্রী জন্মেজয় ওঝা :** যাদের গ্রেপ্তার করা হয়েছে তারা কোন দলের সদস্য?

**শ্রী জ্যোতি বসু :** আমি এই পুলিশ রিপোর্ট যা দেখছি সবাই কোন দলের বলতে পারব না। তবে দেখছি, একজন সি.পি.আই(এমের) আছেন। One Tarakeswar Jana of Amratala P.S. Kontai. তিনি এসে বলেন যে অশোক সাঁতরা, মেম্বার, জেলা পরিষদ এবং তাঁর কিছু পার্টির লোক সি, পি, এমের তাঁরা ফিরছিলেন কোনও একটা মিটিং করে গ্রামের দিকে তখন অন্য দলের লোকেরা তাদের উপর এসে মারপিট করে। এইটা ৫ তারিখের। তারপর তারিখ ৫। ৬। ৭ পরপর পরস্পর বিরোধী ঘটনা হতে থাকে, এই মারপিটের ঘটনা এবং সেই নিয়ে মামলা হয়েছে।

**শ্রী জন্মেজয় ওঝা :** এই ঘটনা মন্ত্রী মহাশয় কি বলবেন এস, ডি, ও, এস, ডি, পি, ও কিংবা পুলিশ সুপার-এর কোনও রিপোর্ট এসেছে কিনা এবং এসে থাকলে সেটা কি?

**শ্রী জ্যোতি বসু :** এইটা তো সাব-ডিভিসন্যাল পুলিশ আফিসারের রিপোর্ট যা থেকে আপনাদের বললাম অনেক ঘটনা।

**শ্রী জন্মেজয় ওঝা :** আমার প্রশ্ন ছিল যারা গ্রেপ্তার হয়েছে তারা কোন দলের সদস্য, ঘটনা কি ঘটেছে তা জানতে চাই নি। সেইটা বলুন?

**শ্রী জ্যোতি বসু :** আমি তো বলতে পারছি না। ১৭ জন তারা আত্মসমর্পণ করেছে। দু'জনকে গ্রেপ্তার করা হয়েছে। পরস্পর বিরোধী মামলা আছে, অভিযোগ আছে। কাজেই এইটা ওইভাবে এখানে বলা মুশকিল। দু'জন কারা, ১৭ জন বা কারা— এই ব্যাপারে আমার কাছে কোনও রিপোর্ট নেই।

**শ্রী কিরণময় নন্দ :** এই ব্যাপারের সঙ্গে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি জড়িত আছে কিনা— এই সম্পর্কে রিপোর্ট আছে কি?

**শ্রী জ্যোতি বসু :** আমি তো বললাম, পুলিশ রিপোর্ট আছে অভিযোগ এইটা— সত্য কিনা বলতে পারব না। সি.পি. এমের লোক তার উপরে হামলা হয় এবং তখন তারা আবার অন্যদের উপর হামলা করেন— এই সবই পুলিশ রিপোর্টে আছে। অন্য যাদের করেন, জনতা আছে, কংগ্রেস (আই) আছে— এইসব নামও আছে এইখানে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন ৫ থেকে ৭ তারিখ পর্যন্ত তিন দিন ধরে ঘটনা ঘটেছিল। তখন কি পুলিশ ৫ তারিখের ঘটনা ঘটার পর সম্পূর্ণ নিস্ক্রীয় ছিল?

**শ্রী জ্যোতি বসু :** পুলিশ সক্রীয় ছিল, রিপোর্টে যা দেখছি এবং এখনও ক্যাম্প সেখানে আছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী বললেন কংগ্রেস (আই) এবং সি.পি.এমের নাম আছে। কংগ্রেস(আই) লোকটার নাম বলবেন দয়া করে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নাম নেই। কিন্তু ওই রিপোর্টের মধ্যে আছে কোন কোন দল এর মধ্যে জড়িত ছিল। তার মধ্যে কংগ্রেস (আই) আছে। সি.পি.এম আছে, জনতাও আছে। আরও কিছু দল আছে। আমি জানি না। সবাই জড়িত ছিলেন বলে বলা হচ্ছে।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, আপনি বললেন, দু'দলের মধ্যে মারপিট হয়েছিল, কিন্তু লুণ্ঠন হয়েছিল কিনা, পরিষ্কারভাবে বলেন নি। যাইহোক, আমি জানতে চাইছি, ভাজাচাডলী, পরিহারা এবং পাঁচবেড়িয়া প্রধানত এই তিনটি গ্রামের মধ্যে কোন গ্রামে লুণ্ঠন হয়েছে জানেন কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** লুণ্ঠনের হিসাব নেই, আমার কাছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এরা কোন কোন দলের সদস্য বলতে পারেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ দিলে বলতে পারি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** আমার প্রশ্ন ছিল তিনটি গ্রামে কিছু কিছু বাড়িতে লুণ্ঠন হয়েছে কিনা, উনি উত্তরে বলেছেন হ্যাঁ, তিনি স্বীকার করেছেন, আমার প্রশ্ন হচ্ছে কার কার বাড়ি লুঠ হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নাম এখানে নাই, মারামারি হয়েছে, বাড়ি লুঠ হয়েছে, সবগুলি পার্টিই জড়িত, মামলার তদন্ত হচ্ছে, দু'জন গ্রেপ্তার হয়েছে, ১৭ জন আত্মসমর্পণ করেছে, এখন দেখা যাক মামলায় কি হয়।

## কালিয়াগঞ্জ থানার ধনকৈল হইতে রাধিকাপুর পর্যন্ত রাস্তা

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩।) **শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ থানার "ধনকৈল হইতে রাধিকাপুর" পর্যন্ত ইঁটের রাস্তাটি পাকা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত কার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## শিল্পপতি কমল নাথের বাড়িতে পুলিশ পাহারা

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪।) **শ্রী দীপক সেনগুপ্ত ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, পূর্ববর্তী সরকারের আমলে পশ্চিমবংলার শিল্পপতি কমল নাথ-এর বাড়ি পাহারা দিবার জন্য পুলিশ নিয়োগ করা হইয়াছিল ;

(খ) সত্য হইলে—

(১) কোন্ সময়ে কতদিনের জন্য এই পাহারার ব্যবস্থা করা হইয়াছিল,

(২) কি কারণে এই পুলিশ নিয়োগ করা হইয়াছিল,

(৩) এই বাবদ সরকারের কত টাকা খরচ হইয়াছিল ; এবং

(৪) এই বাবদ কত পরিমাণ অর্থ আদায় করা হইয়াছে?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) ৫.৯.৭৬ হইতে ২৯.৩.৭৭ পর্যন্ত কমল নাথের বাড়িতে একজন কনস্টেবল বাড়িতে পাহারা দিবার জন্য রাখা হয়েছিল।

১১.৯.৭৬ থেকে ঐ বাড়িতেই ৫ জন পুলিসের একটি ক্যাম্পও খোলা হয়েছিল-৩০.৩.৭৭ তারিখে সেই ক্যাম্প তুলে নেওয়া হয়।

পশ্চিমবঙ্গ গোয়েন্দা দপ্তরের তরফ থেকেও বাড়িতে নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছিল।

(২) নিরাপত্তার প্রয়োজনে এই ব্যবস্থা করা হয়েছিল বলে জানা গেছে।

(৩) এই সকল পুলিশদের বেতন ও ভাতা বাবদ মোট ৩৪০৪৮ টাকা খরচ হয়েছে।

(৪) কিছু আদায় করা হয় নাই।

**শ্রী সরল দেব ঃ** আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে সঞ্জয় গান্ধীর দোসর, দুর্নীতি পরায়ণ, তাকে এইভাবে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পুলিশ বাহিনী দেবার ব্যবস্থা কেন করেছিলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** উনি যে সরকারের সমর্থক ছিলেন, তাঁরাই করেছিলেন, আমরা কি করব?

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন অন্য দলের সমর্থক যদি কেউ বিপন্ন হয়, তাহলে এই সরকার প্রটেকশন দেবেন কিনা সরকারি খরচে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমরা ধরে নিতে পারি এই রকম কোনও আশঙ্কা থাকলে, আমাদের বললে আমরা ব্যবস্থা করব, ইতিমধ্যে দুই একটি ক্ষেত্রে করাও হয়েছে।

**শ্রী নীহারকুমার বসু ঃ** যে টাকা ব্যয় করা হয়েছে, তা কি আদায় করার ব্যবস্থা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** ব্যবস্থার কথা ভাবিনি।

**শ্রী সরল দেব ঃ** এই ধরনের বড় বড় ধনী লোক কারখানার মালিক তাদের ক্ষেত্রে দেখছি টাকা দিয়ে তারা পুলিশ নিয়ে যায়, এটা কি কোর্টের অর্ডারে টাকা দিয়ে পুলিশ নিয়েছে না গোয়েন্দা পুলিশের রিপোর্টের ভিত্তিতে পুলিশ পোস্টেড্ হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** এটা আদায় করা সম্ভব নয়, কারণ হচ্ছে রিপোর্টে যা দেখছি, ওঁর কোনও চিঠি দেখছিনা যাতে বলেছেন পুলিশ দিতে, এই রকম কোনও দরখাস্ত ছিলনা, গোয়েন্দা বিভাগ নিজেরা মনে করেছে নানা রিপোর্ট থেকে যে প্রটেকশন দেওয়া দরকার, নিরাপত্তার ব্যবস্থা করা দরকার। সেক্ষেত্রে এই যে ৩৪ হাজার কি ৪০ হাজার টাকা খরচ হয়েছে, ওঁর কাছ থেকে কি করে আদায় করব?

**শ্রী সরল দেব ঃ** এই যে কমলনাথ শিল্পপতি, তিনি টাকা খাইয়ে পুলিশকে দিয়ে রিপোর্ট দিয়েছেন কিনা, সে সম্বন্ধে কোনও ব্যবস্থা করেছেন?

(কোনও উত্তর দেওয়া হয়নি)

[1-30—1-40 P.M.]

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই শিল্পপতি কমল নাথ কি সেই কমল নাথ যিনি বর্তমান বিদ্যুৎমন্ত্রীর আমলে কয়েক কোটি টাকার কাজ পর্যদের উইদাউট টেন্ডারে পেয়েছেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** বিদ্যুৎ পর্যদে উইদাউট টেন্ডারে একজনও পাননি এই রকম কোনও কনট্রাক্ট।

**সরকারি গৃহের ভাড়া**

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৯।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৮ সালে বেহালার ওল্ড ডগ্ রেস কোর্স ও ট্যাংরায় সরকারি গৃহের ভাড়া কমানো হয়েছে ; এবং

(খ) সত্য হ'লে,—

(১) কিসের ভিত্তিতে ঐ ভাড়া কমানো হয়েছে,

(২) এই কমানোর পরিমাণ কিরূপ, ও

(৩) অনুরূপভাবে গুমোরমঠ, শর্মা-মির্জানগর, নারকেলডাঙ্গা সরকারি আবাসন এস্টেটের ভাড়া কমানোর কোনও চিন্তা সরকারের আছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) না।

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

(৩) এ সমস্যা সম্পর্কে সরকার অবহিত আছেন। বিষয়টি জটিল। এ বিষয়-এ কিছু করা যায় কি না তা সরকার বেশ কিছুদিন ধরে পরীক্ষা করে দেখেছেন। এখন পর্যন্ত কোনও সন্তোষজনক সমাধান খুঁজে পাওয়া যায় নি।

যা হোক বিষয়টি আবারও পরীক্ষা করে দেখা হবে।

**শ্রী মনোরঞ্জন রায় :** ওল্ড ডগ রেসকোর্স কর্পোরেশনের মধ্যে অবস্থিত হওয়া সত্ত্বেও সেখানে এল.আই.জি / এম.আই.জি. ফ্ল্যাটের ভাড়া ১২৮ ও ১০৫ অথচ গ্রামপঞ্চায়েতের এলাকাধীন আবাসনগুলির ভাড়া যথাক্রমে ১৮৭ ও ১৬৭ টাকা। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কিসের ভিত্তিতে এই ভাড়া ঠিক করা হয়?

**শ্রী যতীন চক্রবর্তী :** আমাদের ভাড়া ঠিক করার ভিত্তি হল জমির দাম, যে সমস্ত মালমশলার প্রয়োজন হয় তার দাম এবং লেবার কস্ট-কন্সট্রাকশন কস্ট ৭৫ বছর বাড়িটা থাকবে সেখানে আমরা যে টাকাটা লগ্নি করেছি তার একটা সুদ এইসব মিলিয়ে আমরা ভাড়ার ভিত্তিটা নির্দিষ্ট করে থাকি।

**শ্রী মনোরঞ্জন রায় :** ডিফলটারদের শতকরা ২৫ ভাগ ও ৩৬ টা ইন্সটলমেন্ট ইত্যাদি যাতে তারা শোধ করতে পারে সেই ধরনের ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করছেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** আমরা, মন্ত্রিসভাতে ইতিমধ্যেই এ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করেছি। আগে ছিল শতকরা ৫০ ভাগ টাকা দিতে হ'ত যদি ভাড়া বাকি পড়ত এবং যা সুদ হ'ত সেই সুদও আমরা কিস্তিতে নিতাম না। এখন মন্ত্রিসভাতে যা সিদ্ধান্ত হয়েছে সেটা হচ্ছে এই যে, শতকরা ২৫ ভাগ বকেয়া ভাড়ার টাকা জমা দেবে এবং বাকিটা আমরা ৩৬টা কিস্তিতে শোধ করবার সুযোগ দিয়েছি। তবে এখনও পর্যন্ত সিদ্ধান্ত গৃহীত হলেও যে ভাবে আইন করার কথা তা নির্দিষ্টভাবে তৈরি হয়নি, সেটা হচ্ছে।

### কোলাঘাট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জন্য পৃথক সংস্থা গঠন

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪।) **শ্রী রজনীকান্ত দোলুই :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার কোলাঘাট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জন্য একটি আলাদা বিদ্যুৎ সংস্থা তৈরি করেছেন ; এবং

(খ) সত্য হইলে,—

(১) ঐরূপ আলাদা সংস্থা গঠনের প্রয়োজনীয়তা কি, ও

(২) এই সংস্থার মূল রূপরেখা কিরূপ?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) না। রাজ্য সরকার ঐ ধরনের কোনও আলাদা বিদ্যুৎ সংস্থা তৈরি করেনি।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**শ্রী জ্যোতি বসু :** এই উত্তরের সঙ্গে আমি আর যে কথাটুকু সংযোজন করতে চাই সেটা হচ্ছে এই যে, কোলাঘাটে যাতে একটা সময়মতো নির্মাণকার্য শেষ করা যায় সেজন্য আমরা, আমাদের বোর্ড একটা পরিকল্পনা নিয়েছেন, আমরা অনুমোদন করেছি সরকার থেকে, সেটা হচ্ছে, বিকেন্দ্রীকরণের, অর্থাৎ ওখানে যাঁরা থাকবেন- জি.এম আমরা নিয়োগ করব এবং অন্য অফিসার থাকবেন তাঁদের অনেক বেশি ক্ষমতা দেওয়া হবে। এখন যেভাবে সেন্ট্রালাইজ হয়ে আছে অর্থাৎ কেন্দ্রীভূত হয়ে আছে তাতে আমাদের অভিজ্ঞতায় দেখেছি অনেক অসুবিধা হয়। একটা জিনিস চাইতে হলে কলকাতায় আসতে হয় এবং এইভাবে দেবি. হয়ে যায়।

**শ্রী রজনীকান্ত দোলুই :** এই পরিকল্পনা কবে নাগাদ কার্যকরি করবেন।

**শ্রী জ্যোতি বসু :** যাকে আমরা জেনারেল ম্যানেজার করেছি কিছু দিন বাদেই এসে যাবেন এবং তারপর থেকেই এই পরিকল্পনা কার্যকরি হবে।

### গ্যাস টারবাইন কেনার জন্য অফিসারদের দেশ ভ্রমণ

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০।) **শ্রী কিরণময় নন্দ :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গ্যাস টারবাইন কেনার জন্য কোন কোন্ অফিসার কোন্ কোন্ দেশে গিয়েছিলেন এবং এ বাবদ সরকারের/বিদ্যুৎ পর্ষদের কত টাকা খরচ হয়েছে?

**শ্রী জ্যোতি বসু :**

> পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের সভাপতি শ্রী এস এস দাশগুপ্ত এবং রাজ্য সরকারের তৎকালীন বিদ্যুৎ সচিব শ্রী এস এম মুর্শেদ রাজ্যে পাঁচটি গ্যাস টারবাইন আনার ব্যবস্থাদি নিতে যুক্ত রাজ্যে যান। তাঁদের বিদেশ যাত্রা বাবদ মোট ৬৭,১৪০ টাকা খরচ হয়।

**শ্রী কিরণময় নন্দ :** এঁরা শুধু কি যুক্তরাজ্যে গিয়েছিলেন, না, অন্য কোন কোন রাজ্যে গিয়েছিলেন?

**শ্রী জ্যোতি বসু :** আরও তিন চারটি দেশেও গিয়েছিলেন হাঙ্গেরীতে গিয়েছিলেন সমস্ত জিনিসটা দেখতে যাতে আমরা যে গ্যাস টারবাইনগুলি করবার প্রচেষ্টা করছি ভবিষ্যতে সেগুলির যাতে কোনও অসুবিধা না হয়।

**শ্রী কিরণময় নন্দ :** ঐসব দেশগুলির নাম কি?

**শ্রী জ্যোতি বসু :** দেশগুলির নাম এখন আমি বলতে পাচ্ছি না।

**শ্রী কিরণময় নন্দ :** কিন্তু আমার প্রশ্ন ছিল।

**শ্রী জ্যোতি বসু :** আমি দুঃখিত আমি পাচ্ছি না। আমি পরে বলে দিতে পারব।

**শ্রী কিরণময় নন্দ :** তার মধ্যে লিবিয়া কি ছিল?

**শ্রী জ্যোতি বসু :** হয়ত হবে আমি ঠিক বলতে পারছি না।

**শ্রী কিরণময় নন্দ :** তাঁরা আরব দেশে কেন গিয়েছিলেন?

**শ্রী জ্যোতি বসু :** নিশ্চয় প্রয়োজন ছিল তাই গিয়েছিল।

**শ্রী কিরণময় নন্দ :** গ্যাস টারবাইন তো যুক্তরাজ্যে কেনা হয়েছিল। তাহলে তাঁদের আরবে যাবার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু :** আমি পেয়েছি ওঁরা হাঙ্গেরী, ওয়েস্ট জার্মানী আরবের বাহেরিনে গিয়েছিলেন।

**শ্রী কিরণময় নন্দ :** বাহেরিনে তো গ্যাস টারবাইন নাই তাহলে সেখানে যাবার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু :** আমরা খবর পেয়েছিলাম যে ওঁরা গ্যাস টারবাইন নেবার চেষ্টা করছে। তাই সমস্ত খবরাখবর নিতে তাঁরা সেখানে গিয়েছিল।

**শ্রী কিরণময় নন্দ :** যে সমস্ত অফিসার এবং ইঞ্জিনিয়ার ঐ গ্যাস টারবাইনের জন্য ঐ সমস্ত দেশে গিয়েছিলেন তাঁদের গ্যাস টারবাইন সম্বন্ধে কোনও অভিজ্ঞতা ছিল কি?

**শ্রী জ্যোতি বসু :** গ্যাস টারবাইন সম্পর্কে আমাদের এখানে কেউই কিছু জানেন না কোনও ইঞ্জিনিয়ারের এ সম্বন্ধে কোনও অভিজ্ঞতা নেই। একমাত্র একজন আসামে আছেন।

**শ্রী কিরণময় নন্দ :** কোনও ইঞ্জিনিয়ার যান আপত্তি নাই। কিন্তু মুর্শেদের যাবার কারণ কি?

**শ্রী জ্যোতি বসু :** একজন অফিসারের যাবার দরকার ছিল টাকা পয়সার হিসাব-নিকাশ করার জন্য এবং ইঞ্জিনিয়ারও গিয়েছিল। যিনি বোর্ডের চেয়ারম্যান তিনিও গিয়েছিলেন।

[1-40—1-50 P.M.]

আমি বলেছি যে জার্মান, হাঙ্গেরী এই সব জায়গায় গিয়েছিলেন। তারপর ফিরে আসবার পথে দামাসকাসে যে গ্যাস টারবাইন চালু আছে সেই কেন্দ্রগুলি দেখে আসেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি মুর্শেদ সাহেবকে পাঠিয়েছেন। তিনি বিদ্যুৎ সচীব, একজন আই.এ.এস. অফিসার। তিনি টেকনোক্র্যাট নন, টেকনোলজি সম্পর্কে তাঁর কোনও জ্ঞান নেই। তাঁকে না পাঠিয়ে অন্য একজন ইঞ্জিনিয়ারকে পাঠালেন না কেন?

**শ্রী জ্যোতি বসু :** আমি তো বলেছি যে একজন ইঞ্জিনিয়ার, আর একজন আই.এ.এস. অফিসার গিয়েছিলেন। এটা দরকার ছিল কারণ হিসাবপত্র বোঝা দরকার সে জন্য পাঠিয়েছি।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে সমস্ত অফিসাররা - কমরেড মুস্তাক মুর্শেদ এবং আন্যান্য যাঁরা গিয়েছিলেন এঁদের কত টি.এ.ডি.এ বিল উঠেছিল?

(নো রিপ্লাই)

**গ্যাস টারবাইন প্রকল্প**

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫।) **শ্রী রজনীকান্ত দোলুই :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুখ্যমন্ত্রী সম্প্রতি কয়েকটি গ্যাস টারবাইন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন; এবং

(খ) সত্য হইলে,—

(১) ঐরূপ গ্যাস টারবাইন প্রকল্পের সংখ্যা কত, ও

(২) ঐরূপ প্রত্যেকটি প্রকল্প থেকে কত পরিমাণ বিদ্যুৎ পাওয়া যাবে বলে আশা করা যায়?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) হ্যাঁ।

(খ) (১) দুইটি।

(২) দুইটি গ্যাসটারবাইনের প্রত্যেকটি হইতে ২০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাইবে।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে ২ টি গ্যাস টারবাইন চালু হয়েছে তাতে কি ২০ মেগাওয়াট বিদ্যুৎ পাওয়া যাচ্ছে।

**শ্রী জ্যোতি বসু :** হ্যাঁ, পাওয়া যাচ্ছে।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এগুলিকে গ্যাস টারবাইন বলা হয়েছে—এগুলি কি গ্যাসে চলে না ডিজেলে চলে?

**শ্রী জ্যোতি বসু :** এটা অনেক আগেই বলেছি যে হাই স্পিড ডিজেল অয়েলে এই টারবাইন চলে।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এটাকে ডিজেল টারবাইন না বলে গ্যাস টারবাইন বলা হচ্ছে কেন?

**শ্রী জ্যোতি বসু :** কারণ এই নাম ইংরেজরা করেছেন। আমি জানিনা।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে দুটি গ্যাস টারবাইন প্রকল্প চালু হয়েছে সেটা কোথায় কোথায়?

**শ্রী জ্যোতি বসু :** এখন যেটা চালু হয়েছে তার একটা কসবায়। আর অন্য দুটি এখনও হয়নি। শিলিগুড়িতে একটা হবে আমি যতদূর জানি। আর একটা অক্টোবরে হবে সেটা হচ্ছে হলদিয়াতে।

## মুর্শিদাবাদ জেলার পুরন্দরপুর-হিজোল রাস্তা

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৬।) **শ্রী অতীশচন্দ্র সিনহা :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী নির্বাচন কেন্দ্রের অন্তর্গত পুরবন্দরপুর-হিজোল (নতুনগ্রাম) রাস্তাটি নির্মাণের বিষয়ে সরকার কোনও চিন্তা করিতেছেন কি ;

(খ) ইহা কি সত্য যে, উক্ত রাস্তাটি তৈয়ারি হইলে বহু জমি নষ্ট হইবে এই মর্মে মহামান্য কলিকাতা হাইকোর্টের একটি নিষেধাজ্ঞা আছে ; এবং

(গ) সত্য হইলে, —

(১) কোন সময় এই নিষেধাজ্ঞা জারি করা হইয়াছিল, ও

(২) এই নিষেধাজ্ঞার সত্বর নিষ্পত্তির জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন বা করিতেছেন?

**শ্রী যতীন চক্রবর্তী :**

(ক) রাস্তাটির নির্মাণের কাজ আপাতত স্থগিত আছে ; কাজ পুনরায় শুরু করিবার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয় নাই ;

(খ) জমি অধিগ্রহণের উপর নিষেধাজ্ঞা জারি করিয়া একটি অন্তর্বর্তী আদেশ মহামান্য কলিকাতা হাইকোর্ট জারি করিয়াছেন।

(গ) (১) ৭ই ফেব্রুয়ারি, ১৯৭৮

(২) বিষয়টি মুর্শিদাবাদ জেলার Land Acquisition বিভাগের উপর ন্যস্ত।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন যে এখনও তিনি সিদ্ধান্ত গ্রহণ করেন নি। কিন্তু তাঁদের সিদ্ধান্ত গ্রহণ না করার জন্য ঐ রাস্তাটি অন্য কোন প্রকল্পের দ্বারা করা যাচ্ছে না। কাজেই সেই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করে হ্যাঁ কিম্বা না বলবেন কি?

**শ্রী যতীন চক্রবর্তী :** মোটেই চিন্তা করতে পারছি না। কারণ যতক্ষণ পর্যন্ত হাইকোর্ট থেকে কোনও সিদ্ধান্ত হয় ততক্ষণ পর্যন্ত আমরা কোনও চিন্তা করবো না।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে আমি অনুরোধ করেছিলাম যে পি.ডবলিউ. ডি. থেকে যাতে রাস্তাটিকে ছেড়ে দেওয়া হয় যেটা এই ডিপার্টমেন্ট আন্তর্ভূক্ত হয়েছিল। কিন্তু দেখা যাচ্ছে যে অনেক জমি চলে যাচ্ছে এবং সেখানকার লোকেরা এই বিষয়ে অসন্তুষ্ট। সে জন্য আপনাকে বলেছিলাম যে এই রাস্তাটি ছেড়ে দিতে যাতে আমরা অন্য ভাবে করতে পারি। আপনি বলেছিলেন যে এই রাস্তাটি ছেড়ে দেবেন কিন্তু সেটা এখনও করেন নি। এই সম্পর্কে আপনি কি করবেন সেটা জানাবেন?

**শ্রী যতীন চক্রবর্তী :** এই সম্পর্কে কোনও সিদ্ধান্ত এখনও গ্রহণ করা হয়নি।

**গ্রামাঞ্চলের শাখা রাস্তা**

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৭।) **শ্রী নীহারকুমার বসু :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষিপণ্য বাজারে পাঠানোর সুব্যবস্থার জন্য গ্রামাঞ্চলের শাখা রাস্তা (লিঙ্ক রোড)-গুলিকে পাকা করবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে—

(১) গত তিন বছরে এরূপ কতগুলি রাস্তা পাকা করা হয়েছে, ও

(২) উক্ত কাজের জন্য কত টাকা খরচ করা হয়েছে?

**শ্রী যতীন চক্রবর্তী :**

ঐ ধরনের কোনও রাস্তা পাকা করা অর্থাৎ পিচ দ্বারা নির্মাণের কোনও পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই। তবে কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে এ রাজ্যে ৬২ সংখ্যক গ্রামীণ সংযোগকারী রাস্তা ঝামা স্তর পর্যন্ত নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ৩১।৩।৭৯ তারিখ পর্যন্ত খরচের পরিমাণ ৮৫,৩৬,৮৬৩ টাকা।

**জলমগ্ন সি এম ডি এ এলাকা**

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮০।) **শ্রী সন্দীপ দাস :** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বহু জায়গায় সি.এম.ডি.এ কর্তৃক পয়ঃপ্রণালীর কাজ শেষ হওয়া সত্ত্বেও সেই সব এলাকা জলমগ্ন হচ্ছে ; এবং

(খ) সত্য হ'লে—

(১) কোন্ কোন্ এলাকায় এরূপ হচ্ছে, ও

(২) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রী প্রশান্তকুমার শূর :**

(ক) যে সব অঞ্চলের বর্ষার জল সি.এম.ডি. এ কর্তৃক নির্মিত ভূগর্ভস্থ নর্দমা দিয়ে টালীর নালা বা চক্রবেড় খালের (সারকিউলার ক্যানেলের) মতো খাল বা প্রশস্ত প্রণালীতে নিয়ে ফেলা হচ্ছে সে সব এলাকায় জল জমছে না। টালীগঞ্জ, ঢাকুরিয়া অঞ্চলের বহু জায়গায় সি.এম.ডি. এ-র এই কাজের সুফল পাওয়া যাচ্ছে। কিন্তু কলকাতা শহরের যে সমস্ত অঞ্চলের বর্ষার জল নর্দমার মধ্য দিয়ে বালীগঞ্জ বা পামার বাজার পাম্পিং স্টেশন দিয়ে পাম্পের সাহায্যে নিষ্কাশিত হচ্ছে সেইসব এলাকা জল জমার সমস্যা হতে একেবারে মুক্ত হয়নি, যদিও জমাজলের স্থিতিকাল আগের চেয়ে অনেক কমেছে।

(খ) (১) ও (২) এই সম্পর্কে সি.এম.ডি.এ অদ্যাবধি প্রধান প্রধান যে সমস্ত প্রকল্পের কাজ শেষ করেছে (অর্থাৎ যার প্রত্যেকটির জন্য দুই লক্ষাধিক টাকা ব্যয়িত হয়েছে) তার একটি তালিকা পেশ করা হল। এই তালিকাভুক্ত তারকা চিহ্নিত প্রকল্পগুলি রূপায়ণের ফলে ঐ প্রকল্পভুক্ত এলাকায় জল জমা সমস্যার সমাধান করা সম্ভব হয়েছে, বাকি প্রকল্পভুক্ত এলাকার বর্ষার সময় জল জমলে তার স্থিতিকাল আগের চেয়ে অনেক কম।

কলকাতা পৌরসভার ড্রেনেজ বিভাগের সাথে পরামর্শ এবং সহযোগিতা করে সি.এম.ডি.এ ভূগর্ভস্থ নর্দমা এবং গালিপিট পরিষ্কার করার কাজ চালিয়ে যাচ্ছে, যাতে ভূগর্ভস্থ নর্দমার বর্ষার জল নিষ্কাশনের ক্ষমতা ময়লা জমে কমে না যায়।

**জল নিষ্কাশি ভূগর্ভস্থ নর্দমা প্রকল্পের নাম**

(চ)

১. বাগবাজার এন.কে. সাহা রোড

২. দেশবন্ধু পার্ক (পশ্চিম)

৩. বেলগাছিয়া মেন রোড (বিক্রয় কর অফিসের নিকট)

৪. বাগবাজার স্ট্রিট (গিরিশ অ্যাভেনিউ হইতে হুগলি নদী পর্যন্ত)

৫. দেশবন্ধু পার্ক সংলগ্ন এলাকা

৬. চেতলা হাট রোড (এই রোডের সংযোগস্থল হইতে পিতাম্বর ঘটক লেন এবং চেতলা রোড (আংশিক) এর সহিত টালিস নালা পর্যন্ত)

৭. বিজয় ঘোষ রোড, কাটোয়া কোটি লেন (ভবানীপুর)

৮. খিদিরপুর (বি কে-৬) সি পি সি বোট ক্যানাল এবং রিমাউন্ট রোডের মধ্যবর্তী স্থান)

৯. খিদিরপুর (বি কে -৫) (রিমাউন্ট রোড এবং ময়ূরভঞ্জ রোডের মধ্যবর্তী স্থান, ভূকৈলাশ রোডের সহিত)

১০. দুমায়ন রোড

১১. খিদিরপুর (বি কে -৪) (ময়ূরভঞ্জ রোড এবং একবালপুর রোডের মধ্যবর্তী স্থান)

১২. খিদিরপুর (বি কে -৩) হরবাস রোডের পূর্ব সীমানা সহ

১৩. গড়িয়াহাট রোড (রাসবিহারী রোড এবং লেক প্লেসের মধ্যবর্তী স্থান)

১৪. বালীগঞ্জ গার্ডেন

১৫. তাঁতীবাগান লেন

১৬. পান্ডিতিয়া রোড

১৭. দিলখুশা স্ট্রিট

১৮. বালীগঞ্জ প্লেস (দ্বিতীয় অংশ) (সংস্কার)

১৯. বোসপাড়া লেন (সংস্কার)

২০. রামকান্ত বোস স্ট্রিট (সংস্কার)

২১. রাজেন্দ্র মল্লিক স্ট্রিট - এবং মদন চ্যাটার্জি লেন (সংস্কার)

২২. সিকদার বাগান স্ট্রিট

২৩. মানিকতলা মেইন -বি.সি.পি.এম. ফ্যাক্টরী নিকট সি.আই.টিসিউয়ার পর্য (এস.এস.টি.সি বিভাগের সম্মুখে)

২৪. জগদায়ন লেন

২৫. রাধামাধব দত্ত গার্ডেন লেন — বেলেঘাটা মেইন রোড এবং সুরেন সরকা রোডের সংযোগস্থল পর্যন্ত

২৬. নারকেলডাঙ্গা মেনরোড

২৭. কর্পোরেশন রোড এবং ধন্নাবাই — খান্না রোডের সংযোগস্থল।

২৮. সেন্ট জর্জ গেট রোড এবং ইহার সঙ্গে যুক্ত অন্যানা এলাকা

২৯. গর্চ্চা সেকেণ্ড লেন

৩০. হনি ঘোষ লেন

৩১. বীরেন্দ্র নগর কলোনি — ৬৪। এ, বেলগাছিয়া রোড

৩২. ছাতু বাবু লেন

৩৩. রাধামাধব দত্ত গার্ডেন লেন (পার্ট টু)

৩৪. মেডিক্যাল কলেজ কম — ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস

৩৫. গোপাল নগর রোড — রাখাল দাস আদি রোড এবং চেতলা রোড এবং এর সংযোগস্থল হইতে জর্জকোর্ট রোড পর্যন্ত

৩৬. নিমক মহল রোড

৩৭. নিমক মহল রোড বিং সি.আর রোড—এর সংযোগস্থল হইতে হুগলি নদী পর্যন্ত

৩৮. টালীগঞ্জ স্ট্রিট — বজবজ রেল ব্রিজ হইতে রাসবিহারী অ্যাভেনিউ পর্যন্ত

৩৯. শ্যাম বোস রোড এবং পিয়ারী মোহন রায় রোড — শ্যাম বোস রোড হইতে শংকর বোস রোড পর্যন্ত

৪০. দেবেন্দ্র ঘোষ রোড এবং আশুতোষ মুখার্জি রোড — রাজেন্দ্র ঘোষ রোড হইতে দেবেন্দ্র ঘোষ রোড পর্যন্ত

৪১. গার্ডেনরীচ (বামড্রেন) (দুমায়ুন রোড এবং নিমক মহল রোড এর মধ্যবর্তী স্থান)

৪২. সি.পি.আর রোড (বামড্রেন) (কাশু পুকুর রোড এর সংযোগস্থল হইতে নিমক মহল রোড এর সংযোগস্থল পর্যন্ত।

৪৩. দেশপ্রিয় রোড (বন্যা প্রতিরোধক ব্যবস্থা এবং তৎসন্নিহিত এলাকা ।

**দ্রষ্টব্য ঃ- তালিকার তারকা চিহ্নিত প্রকল্পগুলির মাধ্যমে বর্ষার জল নিকাশি নর্দমা দিয়ে বর্ষার জল টালিস নালা বা চক্ররেড় খালে নিয়ে ফেলা হচ্ছে যার ফলে প্রকল্পভুক্ত এলাকায় বর্ষার জলজমা বন্ধ হয়েছে ।**

## পাঁচলা এলাকার বেলডুবি পুল

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৭।) **শ্রী সন্তোষকুমার দাস ঃ** পূর্ত (মহানগর উন্নয়ন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাঁচলা এলাকার সি.এম.ডি.এ রাস্তার উপর বেলডুবি পুলটি নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে ঃ

(১) এ বাবদ মোট কত টাকা মঞ্জুর করা হইয়াছে, ও

(২) উক্ত পুলটির নির্মাণকার্য কবে নাগাত আরম্ভ হইবে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) সি. এম. ডি. এর উক্ত পুল নির্মাণের পরিকল্পনা আছে ।

(খ) (১) সি. এম. ডি. এ. এ বাবদ ২৫০০০.০০ (পঁচিশ হাজার) টাকা মঞ্জুর করেছে,

(২) পুলটির নির্মানকার্য ইতিমধ্যেই শুরু হয়েছে ।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ঠিক কতদিন আগে থেকে এই কাজটা আরম্ভ হয়েছে ?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** কতদিন আগে আরম্ভ হয়েছে বলতে পারব না তবে মাস দুই এক এর মধ্যে কাজটা শেষ হয়ে যাবে এই কথা বলতে পারি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে এই গুরুত্বপূর্ণ রাস্তায় একটি অতি ক্ষুদ্র পুল তৈরি করতে অনেক দিন ধরে টালবাহানা করা হচ্ছে?

**শ্রী প্রশান্তকুমার শুর ঃ** এটা ঠিক নয়।

## সরকারি ফ্ল্যাট প্রদান

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আবাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৭২ সালের পর থেকে বিগত সরকারের কার্যকালের শেষ পর্যন্ত কতজন তৎকালীন এম এল এ ও এম পি-কে সরকারি ফ্ল্যাট প্রদান করা হয়েছে ,

(খ) বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠার পর থেকে ৩১শে জুলাই, ১৯৭৯ পর্যন্ত কতজন বিধানসভা সদস্য ও লোকসভা সদস্যকে সরকারি 'ফ্ল্যাট' দেওয়া হয়েছে ;

(গ) শেষোক্ত ক্ষেত্রে প্রাপকদের নাম কি কি এবং তাঁহারা কোন্ রাজনৈতিক দলভুক্ত?

**শ্রী যতীন চক্রবর্তী ঃ**

(ক) ঐ সময়ের ভিতর ৪০ জন এম. এল. এ. এবং ১ জন এম. পি. কে ফ্ল্যাট বন্টন করা হয়।

(খ) ৯ (নয়) জন

(গ) (১) শ্রী সন্তোষ রাণা - সি. পি. আই. (এম. এল.) ।

(২) শ্রী রাম চট্টোপাধ্যায় - ফ. ব. (মার্কসিস্ট) ।

(৩) শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য - সি. পি. আই. (এম.) ।

(৪) শ্রী মনোরঞ্জন রায় - ঐ

(৫) শ্রী সুভাষ চক্রবর্তী - ঐ

(৬) শ্রী লক্ষ্মী সেন - ঐ

(৭) শ্রী রাধিকা বন্দ্যোপাধ্যায় - ঐ

(৮) শ্রী পার্থ দে - ঐ

(৯) শ্রী আব্দুর রজ্জাক - ঐ

[1-50—2-00 P.M.]

**শ্রী যতীন চক্রবর্তী** : এ ছাড়া কয়েকজন মন্ত্রিকে দেওয়া হয়েছে ।

শ্রী রাম চ্যাটার্জি ঃ- ফরোয়ার্ড ব্লক (মার্কসিস্ট) ঃ শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য সি. পি. আই. (এম); শ্রী রাধিকারঞ্জন ব্যানার্জি সি. পি. আই. (এম) ঃ শ্রী পার্থ দে সি. পি. আই. (এম.; শ্রী শম্ভুচরণ ঘোষ ফরোয়ার্ড ব্লক ঃ শ্রী কমলকান্তি গুহ ফরোয়ার্ড ব্লক; শ্রী দেবব্রত বন্দোপাধ্যায় আর. এস. পি.; এঁরা সকলেই মন্ত্রী হিসাবে পেয়েছেন ।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বিগত সরকারের সময়ে তৎকালীন ৪০ -জন এম. এল. এ.; কংগ্রেসি এম. এল. এ.-কে এবং এক জন এম. পি.-কে ফ্ল্যাট দেওয়া হয়েছিল এবং এদের বিষয়ে এমন কোনও রিপোর্ট মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আছে কি যে, এরা ঐ সব ফ্ল্যাটে থাকেন না, গ্রামে বাস করেন এবং ওগুলি ভাড়া খাটান?

**শ্রী যতীন চক্রবর্তী** : স্যার, মাননীয় সদস্য আমার কাছে আমাদের সরকারের আমলের লিস্ট চেয়েছিলেন । আগের সরকারের আমলের দায়িত্ব আমি নিতে পারছি না ।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** : প্রথম প্রশ্নে আগের সরকারের আমলের ৪০-জন কংগ্রেসি এম. এল. এ. এবং এক-জন এম. পি,-র কথা জিজ্ঞাসা করা হয়েছে । তাঁরা এখন গ্রামে বাস করেন এবং তাঁদের সেই ফ্ল্যাটগুলি এখন ভাড়া খাটাচ্ছেন, এই রকম কোনও রিপোর্ট আপনার কাছে আছে কি?

**শ্রী যতীন চক্রবর্তী** : এই রকম দু' একটি ঘটনার খবর আমি পেয়েছিলাম এবং আমি তদন্ত করিয়েছিলাম, তদন্ত করে তাঁদের ওপর নোটিশ জারি করা হয়েছে ।

**শ্রী রজনীকান্ত দোলুই** : মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে, এই ফ্ল্যাট বিতরণের ক্ষেত্রে সি. পি. এম., আর. এস. পি. এবং ফরোয়ার্ড ব্লক ছাড়া অন্য কোনও দলের

কোনও সদস্যকে দেওয়া হবে কিনা, এবিষয়ে আপনি কি কোনও সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং যদি করে থাকেন তাহলে সেই সিদ্ধান্তটি কি ?

**শ্রী যতীন চক্রবর্তী :** নিশ্চয়ই অন্য দলের এম . এল. এ.- দেরও দেওয়া হবে। তবে আমি যে লিস্ট দিয়েছি সেই লিস্ট আনুযায়ী ফ্ল্যাটগুলি যখন বিতরণ করা হয় তখন পর্যন্ত আমি নিজে ফ্ল্যাট বন্টনের ব্যাপারে সিদ্ধান্ত নিতাম । কিন্তু বর্তমানে ৭ জনের একটি কমিটি হয়েছে , কমিটি সমস্ত কিছু স্ক্রিন করে এবং মাননীয় সদস্য মহাশয়ও আমার কাছে একটি দরখাস্ত করেছেন , আমি সেটি কমিটির কাছে পাঠিয়ে দিয়েছি । তাঁরা যেভাবে সিদ্ধান্ত নিয়ে ঠিক করে দেবেন সেই অনুসারে আমি বন্টন করব।

**শ্রী নবকুমার রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বর্তমানের যেসব মন্ত্রী এবং এম.এল.এ.-দের আপনি ফ্ল্যাট বন্টন করেছেন, তাঁদের মধ্যে কতজন সেই ফ্ল্যাট-এ বাস না করে ভাড়া খাটাচ্ছেন?

**শ্রী যতীন চক্রবর্তী :** না। এই রকম কোনও ঘটনা আমাদের সময়ে ঘটেনি।

## নদীয়া সীমান্তবর্তী অঞ্চলে ডাকাতি

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *২১।) **শ্রীজয়ন্তকুমার বিশ্বাস :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৯ সালের জানুয়ারি মাস থেকে জুলাই মাস পর্যন্ত নদীয়া জেলার করিমপুর, বেতাই, তেহট্ট, চাপড়া প্রভৃতি সীমান্তবর্তী অঞ্চলে কতগুলি ডাকাতি হয়েছে;

(খ) তন্মধ্যে কতগুলি ক্ষেত্রে দুষ্কৃতকারী ধরা পড়েছে ;

(গ) উপরোক্ত ডাকাতিগুলির সঙ্গে সীমান্ত বহির্ভূত কারও থাকার সম্পর্কে রাজ্য সরকারের কোনও তথ্য আছে কি ; এবং

(ঘ) সীমান্তের ঐরূপ চুরি-ডাকাতি রোধের জন্য রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) ১৯৭৯ সালের জানুয়ারি মাস থেকে জুলাই পর্যন্ত করিমপুর থানায় —৭টি, তেহট্ট থানায় —৮টি, চাপড়া থানায় —৮টি ডাকাতির ঘটনা জানা গেছে।

(খ) করিমপুরে —২৩ জন, তেহট্টে — ৩৩ জন এবং চাপড়াতে — ৩৭ জন ধরা পড়েছে ।

(গ) করিমপুরের ডাকাতির ঘটনাগুলিতে সীমান্তের বাইরের দুষ্কৃতকারীদের যোগসাজস ছিল বলে খবর আছে। একটি ডাকাতির ঘটনার দুইজন সীমান্তের অপর পারের দুষ্কৃতকারী স্থানীয় লোকদের সহিত সংঘর্ষে মারা যায়। চাপড়ার একটি ডাকাতির

ঘটনায় ঐ রূপ লোকদের যোগসাজস ছিল এবং উহাদের দুইজনকে পুলিশ গ্রেপ্তার করে।

(ঘ) (১) সীমান্তে অপরাধ নিয়ন্ত্রণের জন্য পুলিশের পাহারা বৃদ্ধি করা হয়েছে। (২) সীমান্তের অপর দিক থেকে দুস্কৃতকারীদের ভারতীয় অঞ্চলে অনুপ্রবেশ বন্ধ করার জন্য সীমান্ত রক্ষী বাহিনীকে সতর্ক করে দেওয়া হয়েছে। (৩) সীমান্ত অঞ্চলে পশ্চিমবঙ্গে যে সমস্ত সন্দেহজনক দুস্কৃতকারী আছে তাদের গ্রেপ্তার করার জন্য পুলিশ তৎপর।

### উলুবেড়িয়া গড়চুমুক সেতু

*১৩১। (অনুমোতি প্রশ্ন নং *৪৮৪।) **শ্রী সন্দীপ দাস :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া-শ্যামপুর রাস্তায় গড়চুমুকে সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকিলে, উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাত কার্যকর হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী যতীন চক্রবর্তী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### নদীয়া জেলায় সাম্প্রদায়িক দাঙ্গা

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১০২।) **শ্রী অমলেন্দ্র রায় :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার সাম্প্রতিক সাম্প্রদায়িক দাঙ্গার সম্ভাবনার খবর যথাসময়ে জেলার সরকারি কর্তৃপক্ষের গোচরে আসিয়াছিল কি ; এবং

(খ) ইন্টেলিজেন্স বিভাগের কাজকর্মে তৎপরতা ও উন্নতি বিধানের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) হ্যাঁ, এসেছিল, এবং সে অনুযায়ী ব্যবস্থাও নেওয়া হয়েছিল।

(খ) ইন্টেলিজেন্স বিভাগের কাজকর্মে তৎপরতা ও উন্নতি বিধানের জন্য যথাযথ নির্দেশ দেওয়া হয়েছে। নদীয়া জেলার চাপড়া অঞ্চলে ইহার শক্তি বৃদ্ধি করা হয়েছে। একজন ইন্সপেক্টারের অধীনে একটি অস্থায়ী ইন্টেলিজেন্স ক্যাম্পও খোলা হয়েছে।

**খিতাই থানায় বিদ্যুৎ সরবরাহ**

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫।) **শ্রী দীপক সেনগুপ্ত ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার খিতাই থানায় বিদ্যুৎ সরবারহের কোনও পরিকল্পনা সরকারের আছে কি: এবং

(খ) থাকিলে, কবে নাগাত উক্ত পরিকল্পনার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) গ্রামীণ বৈদ্যুতীকরণ কর্পোরেশন কোচবিহার জেলার খিতাই থানায় ৫৩টি মৌজা এবং তৎসহ ৩৭টি অগভীর নলকূপ এবং ১টি নদী জলত্তোলন পাম্পসেট বৈদ্যুতীকরণের জন্য ১৯৭৯ সালের মার্চ মাসে ঋণ হিসাবে সাহায্য দেওয়ার জন্য একটি প্রকল্প মঞ্জুর করেছেন।

(খ) উক্ত প্রকল্পের জন্য work order ইস্যু করা হয়েছে। বর্তমান মৌসুমী ঋতু এবং আসন্ন ফসল কাটার মরশুম শেষ হলেই ঐ প্রকল্পের কাজে হাত দেওয়া হবে বলে আশা করা যায়।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

**কোলাঘাট তাপ বিদ্যুৎকেন্দ্রে কর্মসংস্থান**

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩০০।) **শ্রী মনোরঞ্জন রায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার কোলাঘাট তাপ বিদ্যুৎকেন্দ্রে ১৯৭৭-৭৯ সালের মধ্যে কিছু সংখ্যক কর্মী নিয়োগ করা হইয়াছে;

(খ) সত্য হইলে—

(১) ঐ কেন্দ্রে কতজন কর্মী এ পর্যন্ত নিয়োগ করা হইয়াছে,

(২) এই কর্মী নিয়োগের পদ্ধতি কি;

(গ) ১৯৭৯-৮০ সালে আর কতজন কর্মী নিয়োগের সম্ভাবনা আছে; এবং

(ঘ) কি পদ্ধতিতে এই নিয়োগ করা হইবে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) + (২) কোলাঘাট প্রকল্পের জন্য যে সকল জমি অধিগ্রহণ করা হইয়াছে

সেই জমি হইতে বাস্তুচ্যুত পরিবারের একজন করিয়া মোট ৭০ জন সক্ষম ব্যক্তিকে প্রকল্পের কর্মধারার অগ্রগতির সহিত পর্যায়ক্রমে প্রয়োজনীয় কর্মী সংখ্যার সাপেক্ষে এবং নিয়োগের নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে লওয়া হইয়াছে।

(গ) সংখ্যা নির্দিষ্ট করিয়া বলা সম্ভব নয়। কাজের জন্য যখন যেমন প্রয়োজন সেইরূপ সংখ্যক কর্মী নিয়োগ করা হইবে।

(ঘ) সরকার কর্তৃক গঠিত স্থানীয় উপদেষ্টা কমিটির সুপারিশের ভিত্তিতে বাস্তুচ্যুত ব্যক্তিদের নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হইবে।

**বিদ্যুৎ উৎপাদনে গ্যাস টারবাইন**

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৬)। **শ্রী কিরণময় নন্দ :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) পশ্চিমবাংলায় বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাস টারবাইনগুলি কোন্ কোন্ কোম্পানির কাছ থেকে কেনা হয়েছিল;

(খ) এই কেনার জন্য কোনও টেণ্ডার ডাকা হয়েছিল কিনা;

(গ) বর্তমানে উক্ত গ্যাস টারবাইনগুলির মধ্যে,

(১) কতগুলি চালু হয়েছে, ও

(২) বাকিগুলি চালু হতে আর কতদিন সময় লাগিবে; এবং

(ঘ) ঐসকল গ্যাস টারবাইনগুলি হইতে কত পরিমাণ বিদ্যুৎ উৎপাদন হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পশ্চিমবাংলায় বিভিন্ন অঞ্চলে স্থাপনের জন্য মোট ৫টি গ্যাস টারবাইন মেসার্স জন ব্রাউন ইঞ্জিনিয়ারিং গ্যাস টারবাইন লিমিটেড্ ক্লাইড ব্যাংক, ডানবার টন যায়ার স্কটল্যাণ্ড হইতে ক্রয় করা হইয়াছে।

(খ) গ্যাস টারবাইন ক্রয় করার জন্য বিশ্বব্যাপী দরপত্র আহ্বান করা হয় এবং পৃথিবীর বড় বড় উৎপাদনকারী সংস্থা দরপত্র দিয়াছিলেন।

(গ) (১) দুইটি

(২) শিলিগুড়ির গ্যাস টারবাইন এই সপ্তাহের মধ্যে চালু হওয়ার সম্ভাবনা হলদিয়ার গ্যাস টারবাইন দুইটি অক্টোবর মাসে কোনও সময়ে চালু হবে।

(ঘ) ১০০ মেগাওয়াট্।

**কোচবিহার-ময়নাগুড়ি রাস্তা**

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬)। **শ্রী দীপক সেনগুপ্ত :** পূর্ত বিভাগের মন্ত্রী

মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিশেষ করে বর্ষাকালে কোচবিহার জেলার সহিত অবশিষ্ট পশ্চিমবাংলার যোগাযোগকারী কোচবিহার-ময়নাগুড়ি রাস্তাটি (নিশিগঞ্জ-মাথাভাঙ্গা-জামালদহ হইয়া) প্রশস্ত করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

কোচবিহার হইতে মাথাভাঙ্গা পর্যন্ত রাস্তা প্রশস্ত করার প্রকল্প গ্রহণ করা হইয়াছে। কোচবিহার হইতে ময়নাগুড়ি পর্যন্ত রাস্তা প্রশস্ত করার পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

**মিছিলে অস্ত্রশস্ত্র ব্যবহার**

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৭)। **শ্রী রজনীকান্ত দোলুই :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গত তিন মাসে মড়ার মাথার খুলি, টাঙ্গি, লাঠি ও বল্লম নিয়ে কলকাতায় ও পশ্চিমবঙ্গের অন্যত্র কোনও মিছিল বার করা হয়েছিল কি;

(খ) হয়ে থাকলে—

(১) এরূপ কতগুলি মিছিল বার করা হয়েছিল, ও

(২) ঐ মিছিলকারীরা কোন্ দলের সহিত যুক্ত;

(গ) ইহা কি সত্য যে, সরকার বর্তমানে এইরূপ মিছিল নিষিদ্ধ করেছেন;এবং

(ঘ) সত্য হইলে, ঐরূপ নিয়মভঙ্গকারীদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন বা করবেন বলে ঠিক করছেন?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) (১) মোট ৪টি মিছিল পুলিশের নজরে এসেছে।

(২) মিছিলকারী আনন্দমার্গ দলভুক্ত

(গ) কলিকাতায় পুলিশ কমিশনার ও জেলায় জেলাশাসকগণ ১৪৪ ধারা অনুযায়ী এই প্রকার মিছিল নিষিদ্ধ করেছেন।

(ঘ) নিষেধাজ্ঞাজারি করার পরে কলকাতায় একটি শোভাযাত্রায় নিষেধ বিধি লঙ্ঘন করার দায়ে মোট ৫২ জনকে গ্রেপ্তার করে কলকাতায় একটি মামলা রুজু করা হয়েছে। ভবিষ্যতে এরূপ ঘটনা ঘটিলে অনুরূপ ব্যবস্থা নেওয়া হবে।

**উলুবেড়িয়া-ফুলেশ্বর সংযোগকারি সেতু**

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৫)। **শ্রী সন্দীপ দাস :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উলুবেড়িয়া-ফুলেশ্বরের সংযোগ রক্ষাকারী সেতুটি বহুদিন যাবৎ ভগ্ন অবস্থায় পড়িয়া আছে;

(খ) সত্য হইলে—

(১) কতদিন যাবৎ ইহা এই অবস্থায় রহিয়াছে; এবং

(২) বিকল্প সেতু নিমার্ণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উলুবেড়িয়া ফুলেশ্বরের সংযোগকারী রাস্তা বা এই পথরেখার উপর সেতু পূর্ত (সড়ক) বিভাগের নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

[2-00 — 2-10 P.M.]

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANT

**মিঃ স্পিকার :** আমি নিম্নলিখিত ৭টি বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণী নোটিশ পেয়েছি যথা,—

১। পূর্ব কলিকাতায় এন্টালী থানাধীন এন.আর.এম. কারখানায় শ্রমিকদের কর্মচ্যুতির আশংকা — শ্রী সুমন্তকুমার হীরা,

২। ৩।৯।৭৯ তারিখে মালদহ জেলার রাতুয়াতে দু'দল লোকের মধ্যে সংঘর্ষ — শ্রী শামসুদ্দীন আহমেদ, শ্রী সেখ ইমাজুদ্দীন, শ্রী কাজী হাফিজুর রহমান এবং শ্রী কৃষ্ণদাস রায়,

৩। ৫।৯।৭৯ তারিখে লিলুয়া থানার অন্তর্গত খানাবাগ পাড়ার বে-আইনি রিভালভার তৈরির কারখানা আবিষ্কার — শ্রী সেখ ইমাজুদ্দীন, শ্রী শামসুদ্দীন আহমেদ এবং শ্রী কৃষ্ণ দাস রায়।

4. Clash between two groups of people at Nadia on 6.9.79 — Shri Janmejay Ojha, Shri Md. Sohorab and Shri Shamsuddin Ahmad, Sk Imajuddin and Shri Kazi Hafizur Rahman.

5. Recovery of Granade in the forest area of Midnapur — Shri Krishnadas Roy, Shri Dawa Narbula, Shri Shamsuddin Ahmad, Shri Kazi Hafizur Rahman, Shri Sk. Imajuddin.

6. Decoity at Ballygung — Shri Krishnadas Roy and Kazi Hafizur Rahman.

7. Present condition of Contai Sub-divisional Hospital at Darwa— Shri Rash Behari Pal.

আমি পূর্ব কলিকাতায় এন্টালী থানাধীন এন.আর.এম. কারখানায় শ্রমিকদের কর্মচ্যুতির আশংকার বিষয়ের উপর শ্রী সুমন্তকুমার হীরা কর্তৃক আনীত নোটিশ মনোনীত করছি। সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয় যদি সম্ভব হয় তাহলে ঐ বিষয়ের উপর একটি বিবৃতি দিতে পারেন অথবা বিবৃতি দেবার জন্য একটি দিন দিতে পারেন।

**শ্রী জ্যোতি বসু :** ১৩ তারিখ।

**শ্রী রজনীকান্ত দোলুই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল যখন পশুবধ নিয়ন্ত্রণ বিলটি

আলোচনা হচ্ছিল হাউসে সেই সময় শামসুদ্দিন আহেমদ সাহেব তাঁর বক্তব্যে বলছিলেন যে, মুসলমান ধর্মে আছে যে আপনার সবচেয়ে প্রিয় যেটি তাকে কোরবানি করা হবে। শ্রী দীপক সেনগুপ্ত মহাশয় এ সময় উঠে দাঁড়িয়ে বলেন.....

**মিঃ স্পিকার ঃ** আপনি কি কোনও প্রিভিলেজ নোটিশ দিয়েছেন?

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** উনি বললেন শ্রীমতী ইন্দিরা গান্ধীকে কোরবানি করা হবে। এই বক্তব্য অপ্রাসংগিক, মানহানিকর, অশালীন। আমি এর প্রতিবাদ করছি। আপনি বলেছিলেন যে বাইরের কোনও ব্যক্তির সমন্ধে এই রকম বক্তব্য মানহানিকর। স্যার, এতে হাউসের প্রিভিলেজ নষ্ট হয়েছে, আপনি এটা প্রিভিলেজ নোটিশে আনুন, আপনি রুলিং দিন এবং এটা এক্সপাঞ্জ করার ব্যাবস্থা করুন।

**মিঃ স্পিকার ঃ** আমি রুলিং নিশ্চয় দোব, সাধারণ ভাবে ভদ্রতার খাতিরেও অন্য কার বিরুদ্ধে এরকম বলা ঠিক নয়।

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৮.৮.৭৯ তারিখে খড়গপুর রেল স্টেশানের কাছে দু'দল লোকের মধ্যে সংঘর্ষ ও পুলিশের গুলি সম্পর্কে বিধানসভার সদস্য সর্বশ্রী রজনীকান্ত দলুই ও মহঃ সোহরাবের দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তি প্রসঙ্গে নিম্নলিখিত বিবৃতি দিতে চাই।

পেটীরখুলি অঞ্চলে দুই দল সমাজ বিরোধীদের মধ্যে নিয়তই হাঙ্গামাদি হয়। গত ২৯.৮.৭৯ তারিখে রাত ৯-৩০ নাগাদ এদের মধ্যে সমাজবিরোধী একদল বিভিন্ন অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে খড়গপুর রেল স্টেশানের নিকট বোগদা বাস স্ট্যান্ডের কাছে তাদের প্রতিপক্ষ দলের উপর বোমা ছুঁড়তে শুরু করে। এই অঞ্চলটিতে বহু দোকান আছে এবং রেল যাত্রীদের সমাগম হয়। বোমা ছোঁড়ার ফলে আতঙ্কের সৃষ্টি হয়। বাস স্ট্যান্ডে কর্তব্যরত একজন হেড কনস্টেবল এবং দুজন কনেস্টবল ঘটনা আয়ত্তে আনার জন্য চেষ্টা করেন ও দুষ্কৃতকারীদের সতর্ক করেন। কিন্তু তাতে কোনও ফল হয় না উপরন্তু দুষ্কৃতকারীরা পুলিশকে লক্ষ্য করে বোমা ছোঁড়ে। ফলে কনস্টেবল ২ জন আহত হন এ ছাড়া একজন আর পি এফ রক্ষক, ১ জন রেলওয়ে খালাসি, ও ১ জন দোকানদার সমেত আর তিনজন আহত হন। তখন পুলিশ আত্মরক্ষার্থে ও পথচারীদের নিরাপত্তার জন্য ৮ রাউন্ড গুলি ছুঁড়তে বাধ্য হয়। বোমায় আহতদের হাসপাতালে স্থানান্তরিত করা হয়। এদের মধ্যে আহত কনস্টেবল দু জন এবং দোকানদারকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়। অবশিষ্ট দু জনকে হাসপাতালে ভর্তি করতে হয়। ঘটনার পরে পুলিশ হানা দিয়ে ১৭ জন দুষ্কৃতকারীকে গ্রেপ্তার করে। এ প্রসঙ্গে খড়গপুর (টাউন) থানায় ভারতীয় দন্ডবিধি এবং ভারতীয় বিস্ফোরক আইনের বিভিন্ন ধারায় দুটি মামলা রুজু করা হয়েছে। খড়গপুরের অতিরিক্ত পুলিশ সুপার কেস গুলির তদন্ত করেন। এখনও সেখানে পুলিশ পাহারা চলছে।

[2-10 — 2-20 P.M.]

## MOTION CASES

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরত্বপুর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েতের সর্বহারা ছাপ গায়ে দিয়ে কি ভাবে জনসাধারণের অর্থ আত্মসাত করা হচ্ছে তার একটা দৃষ্টান্ত দিচ্ছি। আমার এলাকায় ইটাবেড়িয়ায় বজরপুর একটি ভেড়ি বাধঁ বি ডি সির চেয়ারম্যান থেকে মঞ্জুর হয়েছিল ৭৮ সালের এপ্রিল মাসে। সরকার এরজন্য দেড় লক্ষ টাকা স্যাংশান করে। কিন্তু অর্ধেক কাজ করার দাবি করা হয়েছিল। দেড় লক্ষ টাকা স্যাংশান করে। কিন্তু অর্ধেক কাজ হয়ে এটা বন্ধ হয়ে আছে। কাঁথি মহকুমায় বন্যা নিয়ন্ত্রণের জন্য জনসাধারণ থেকে কাজ করার দাবি করা হয়েছিল। দেড় লক্ষ টাকা স্যাংশান করা সত্ত্বেও সেই ৪ মাইল রাস্তা এখনও হয় নি। অথচ টাকা শেষ হয়ে গেছে। সেখানকার জনসাধারণ পঞ্চায়েত মন্ত্রীর কাছে দরখাস্ত করেছে কিন্তু এখনও পযর্ন্ত কোনও তদন্ত করা হয় নি। গ্রামের প্রধানরা কি ভাবে জনসাধারণের টাকা আত্মসাত করছে সেটা দেখুন এবং এটা যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করুন ও এ বিষয়ে একটা তদন্ত করুন।

**শ্রী শৈলেন্দ্রনাথ চ্যাটার্জি :** স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি যে, ভদ্রেশ্বরের লবন কারখানায় ১১ জন শ্রমিককে ১০ বছর আগে ছাঁটাই করা হয়েছিল। এই সম্পর্কে স্থানীয় শ্রমমন্ত্রী এবং জজ ফার্ন্ডাডেজ কে জানানো সত্ত্বেও কর্তৃপক্ষ তাদের এখনও অবধি ফিরিয়ে নেন নি। শুনতে পাচ্ছি ঐ কারখানার ম্যানেজিং ডিরেকটার অবিলম্বে অবসর গ্রহণ করছেন। এর পরবর্তী অবস্থা কি হবে জানি না। ইতিমধ্যে একজন শ্রমিক মারা গিয়েছে। সেই হিসাবে সরকারের যে নীতি তা হল ছাঁটাই শ্রমিকদের ফিরিয়ে নেওয়া হবে। কেন্দ্রে কোনও মন্ত্রী নেই-সবাই ডিগবাজি খেয়েছেন এই অবস্থায় কর্তৃপক্ষের এই রকম আচরণের ফলে আগামী দিনে সেই কারখানার শ্রমিকরা যদি কারখানা বন্ধ করে তাহলে বিশৃঙ্খলার সৃষ্টি হবে। সুতরাং আবেদন করছি অবিলম্বে যেন সেই সমস্ত শ্রমিকদের ফিরিয়ে নেবার ব্যবস্থা করেন।

**শ্রী ঋষিকেশ মাইতি :** স্যার, আপনার মাধ্যমে পুর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি কাকদ্বীপ সুন্দরবনের সিংহদ্বার। এই শহরের মাঝখানে একটা ব্রিজ ২ বছর ভেঙ্গে গেছে ৯ মাস আগে এটা মেরামত করবার সিদ্ধান্ত গ্রহণ করার পর টেন্ডারের পর টেন্ডার হচ্ছে কিন্তু কোনও কাজ এখনও আরম্ভ হল না। এই সমদ্ধে সুপারেন্টেনডেন্ট কে দিয়ে কোনও কাজ হবে না। এ দিকে যদি দৃষ্টি না দেন তাহলে সেখানে ইফাদু থেকে যে সুপার মার্কেট ইত্যাদি করার কথা হচ্ছে তাতে ব্রিজ না হলে অসুবিধা হবে। সেজন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এ ব্রিজ হয়।

**শ্রী সন্তোষ দাস :** স্যার, বর্তমানে সেকেন্ডারি স্কুলগুলিতে শিক্ষক নিয়োগের যে ব্যবস্থা আছে তা অত্যন্ত জটিল। তারফলে ছাত্র ও শিক্ষকদের স্বার্থ নষ্ট হচ্ছে। একজন শিক্ষক নিয়োগ এবং তার অনুমোদন লাভ করতে ২ বছর লেগে যায়। এর ফলে একটা জটিল অবস্থার সৃষ্টি হচ্ছে। যাতে সহজ ও সরল ভাবে শিক্ষক নিয়োগ করা যায় এবং ছাত্র ও শিক্ষকের স্বার্থ রক্ষা করা যায় সেদিকে আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী হরিপদ জানা (পিংলা) :** স্যার, আপনার মাধামে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে প্রতিকার চাইছি। আমার কেন্দ্রে মশার উপদ্রব এত হয়েছে যাতে জনসাধারণের জীবন বিপন্ন হয়ে যাচ্ছে। শুধু তাই নয় গরু, বাছুর, ছাগল, ভেড়া, মোষ খাটাল থেকে যখন

বের হয় তখন তার পা দিয়ে রক্ত বেরতে থাকে। এ বিষয়ে যদি প্রতিকার না হয় তাহলে খুব অসুবিধা হয়ে যাবে। এ বিষয়ে একজন মন্ত্রী নিয়োগ করা প্রয়োজন বলে আমি মনে করি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী এইমাত্র চলে গেলেন, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা এখানে শুনি যে আইন-শৃঙ্খলার অবস্থা অত্যন্ত ভাল। কালকে খবরের কাগজে একটা খবর ছিল, আপনারা দেখেছেন দক্ষিণেশ্বর স্টেশনে সমাজ বিরোধীরা দেড় ঘন্টা দার্জিলিং মেল আটকে রাখার ফলে ৩০ খানা লোকাল ট্রেন আটক হয়ে পড়ে। এটা একটা ঘটনা নয়, কিছু দিন আগে আমরা দু'বার এসেছি ঐ ট্রেনে, দু'বার মালদহ টাউন স্টেশনে ঐ ট্রেন থেকে লক্ষাধিক টাকার মাল পুলিশ ধরে, তার রিভেঞ্জ নেওয়ার জন্য ঐ ট্রেন যখন দক্ষিণেশ্বরে এসে থামল তখন দক্ষিণেশ্বর এবং বরানগরের মধ্যে একটা উদ্বাস্তু কলোনি আছে যেখানে লাল পতাকা উড়ছে সেখান থেকে সব ছেলে-মেয়ে এসে গাড়িটা ঘিরে ফেলল। সমস্ত লোক তখন আছে পুলিশ কোথায়, পুলিশ তখন পালিয়ে গেছে। আমরা তখন বললাম যে আমাদের কাজ আছে, গাড়িটা ছেড়ে দিন, তখন তারা বলল কাল মালদহ স্টেশনে যখন ট্রেন আটকে পুলিশ ১ লক্ষ টাকার মাল আটকেছে তখন তো আপনারা তার প্রতিবাদ করেননি। এটা প্রতিদিনকার ঘটনা। কলকাতা থেকে সামান্য দূরে দেড় ঘন্টা গাড়ি দাঁড়িয়ে থাকল। সেখানে কোনও পুলিশ, সরকারি কর্মচারী ছিল না। আমাদের বক্তব্য হচ্ছে সমাজ বিরোধীদের এই দৌরাত্ম বন্ধ করতে হবে। এরা কারা এই সম্বন্ধে মুখ্যমন্ত্রী একটা বিবৃতি দিয়ে আমাদের জানান। দার্জিলিং মেলে সমাজ বিরোধীদের কারবার প্রতিদিনে বাড়ছে, পুলিশ কিছু করছে না বা পুলিশ করতে সাহস করছে না। মুখ্যমন্ত্রী এই সম্বন্ধে একটা বিবৃতি দিন।

**শ্রী জন্মেজয় ওঝা :** মিঃ স্পিকার, স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়দের এবং বিশেষ করে সভার বিবেকের কাছে একটা দুঃখজনক ঘটনা উল্লেখ করে সকলের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র পটাশপুরে রামনগর গ্রামে একটা প্রাথমিক বিদ্যালয় ছিল, সেখানে অত্যন্ত দরিদ্র কয়েকজন বেকার যুবক কিছু জমিজমা বিক্রি করে সেই স্কুল ঘর তৈরি করেছিলেন। এবারে দেখা গেল সেই বিদ্যালয় অনুমোদিত হয়েছে এবং সেই বিদ্যালয়ের জন্য অন্য তিনজন শিক্ষক নিযুক্ত হয়েছেন। যাঁরা সেই স্কুল ঘর তৈরি করেছিলেন তাঁরা এই ঘটনার দুঃখে শোকে এত অভিভুত হয়েছেন যে তাঁদের মধ্যে একজন পাগল হয়ে গেছেন, আর একজন ঘর ছেড়ে কোথায় চলে গেছেন, আর একজন মনের দুঃখে একেবারে অভিভূত হয়ে পড়েছেন। আমি সেজন্য এই দরিদ্র শিক্ষকদের যাতে নিযুক্ত করা হয় তারজন্য বিশেষ করে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[2-20 — 2-30 P.M.]

**শ্রী হাফিজুর রহমান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুরে জেলার বেলদা থানার আসদা গ্রামে সমাজবিরোধীরা গ্রামবাসীদের মারধোর করছে এবং বলছে যে বাড়ি থেকে বেরুলেই মারধোর করব। সেখানে পুলিশ নিস্ক্রীয় বলেই এই জিনিস চরমে উঠেছে। কাজেই আমি অনুরোধ করছি এর প্রতিকার করুন এবং সেখানকার লোকেরা যাতে শান্তিতে বাস করতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আইন শৃঙ্খলার অবস্থা কত চরমে উঠেছে সে সম্পর্কে আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। দাতন দুনম্বর ব্লকে বাস্তুপরা গ্রামে গুনধর বেরা যখন চাষ করছিল তখন একদল দষ্কৃতকারী তাকে আক্রমণ করে এবং তার মাথায় টাঙ্গী মারে। স্থানীয় ফাঁড়ির পুলিশ তাকে সাহায্য করেনি। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। এপর্যন্ত কোনও দুষ্কৃতকারীকে ধরা হয়নি এবং কোনও স্টেপ নেওয়া হয়নি। আমি এই ব্যাপারে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শামসুদ্দীন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গতকাল কালিয়াচক থেকে একটা চিঠি পেয়েছি। সেই চিঠিতে যা লেখা আছে আমি আপনার অনুমতি নিয়ে তার অংশ বিশেষ এখানে পড়ছি। কালিয়াচক থানার ১নং ব্লকের অধীন ৩টি গ্রাম অর্থাৎ মারুয়াবাদি, করারী চাঁদপুর এবং খালতিপুর অঞ্চলে একটা গুন্ডা বাহিনীর চক্র পর্যায়ক্রমে আক্রমণ চালিয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পর্যায়ক্রমে কথাটা এই জন্য বললাম যে, তারা একদিন ওই রকম আক্রমণ চালিয়ে গেল এবং তারপর আবার ২/১ দিন বাদে আবার আক্রমণ করল। গত ১১.৮.৭৯. তারিখে রাত্রি ১২টায় সময় মারুয়া বাদী গ্রামের ইন্তেজালি মোল্লার বাড়িতে সি.পি.এম. গুন্ডাবাহিনীর দ্বারা আক্রান্ত হয় এবং রাত্রি ৩টা পর্যন্ত তারা আক্রমণ চালায়। তারা মারাত্মক অস্ত্র নিয়ে আক্রমণ করে এবং যারা প্রতিরোধ করতে যায় তাদের তারা আহত করে। পুলিশ সময়মতো আসেনি—পরে এসেছে। ইন্তেজালি এখন বাড়িছাড়া হয়েছে। তারপরের ঘটনা হচ্ছে কালিয়াচক থানার অধীন করারীচাঁদপুরের গ্রামে গিয়াসুদ্দীন শেখ নামে একজন কংগ্রেস কর্মী আছেন এবং সে ১ বিঘা জমির মালিক । সে যখন মাঠে কাজ করছিল তখন মারাত্মক অস্ত্র নিয়ে সি.পি.এম. নামধারী ১০/১২ জন গুন্ডা তাকে আক্রমণ করে এবং তার কুঁড়েঘরে আগুন লাগিয়ে দেয় এবং তাকে আহত করে। তাকে এমনভাবে আহত করে যে তাকে হাসপাতাল নিয়ে যেতে হয়। সে এখন হাসপাতালে মুমূর্ষ অবস্থায় আছে। তারপর স্যার, ২৫.৮.৭৯ তারিখে ঈদের দিন একটা অত্যন্ত বাজে ঘটনা ঘটে। ঈদের দিন ঈদগাহে যখন হাজার হাজার মানুষ নামাজ পড়ছিল তখন সি.পি.এম. গুন্ডারা তাদের উপর মারাত্মক অস্ত্র নিয়ে আক্রমণ চালায় এবং তার ফলে বহুলোক আহত হয়। আশ্চর্যের বিষয় ঈদগাহে পুলিশ মোতায়েন থাকা সত্ত্বেও অনেকগুলো লোককে এইভাবে আহত করা হল।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যাপারটা অত্যন্ত ছোট্ট। এই সরকারের অপদার্থতার একটা চিহ্ন আমি দিচ্ছি। আমাদের ওখানে পাথরপ্রতিমার পূর্ণচন্দ্রপুর গ্রামে একটা স্লুইস গেট দেওয়া হয়েছিল। সেটার কাজ আরম্ভ হয়েছিল। ২০০ বস্তা সিমেন্ট সেখানে পড়ে আছে, সারা বর্ষাকাল এই ২০০ বস্তা সিমেন্ট জল খেল। সেই সিমেন্ট জমে গিয়েছে। মাননীয় ইরিগেশন মিনিস্টার ছিলেন তিনি চলে গিয়েছেন, তিনি থাকলে তাঁকেই বলতাম। এই স্লুইসের জন্য ২০০ বস্তা সিমেন্ট ও কয়েক হাজার টাকা স্যাংশন ছিল। এই সিমেন্ট নষ্ট হয়ে গেল। সারা বর্ষাকাল এই সিমেন্ট গলে গেল। ওখানকার মাননীয় বিধানসভার সদস্য আছেন তিনি দেখবেন এই স্লুইসটা যাতে তাড়াতাড়ি হয়, ক্ষতি যা হবার তা হয়ে গিয়েছে।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বামফ্রন্ট সরকারের

ঘোষিত নীতি যে কোনও এমপ্লয়মেন্ট হবে তা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে হবে। এই নীতি ও কাজের মধ্যে যে কত ফারাক তার একটা উদাহরণ দিচ্ছি। আপনি জানেন অধ্যক্ষ মহাশয়, প্রতিটা গ্রাম পঞ্চায়েতে একজন করে জব অ্যাসিট্যান্ট নিয়োগ করা হবে। সরকার ঠিক করেছিলেন যে এই সব জব অ্যাসিস্টেন্ট প্রার্থীরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে আসবে এবং তাদের মধ্যে থেকে নিয়োগ করা হবে। কিন্তু সম্প্রতি আমরা খবর পাচ্ছি যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে আর নাম আসবেনা. সেখানে লোকালি অ্যাডভার্টাইজ করে. বিজ্ঞাপন দেওয়ার ফলে যে সমস্ত প্রার্থীর নাম আসবে তাদের মধ্যে থেকে বাছাই করা হবে। আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকার এর মন্ত্রীদের বলতে চাই যে তাদের নীতি ও কাজের মধ্যে কোনটি আসল? কাগজে কলমে যেটা বলছেন সেটা ঠিক, না যে কাজ করছেন সেটা ঠিক । আমি এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহম্মদ আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মালদহ জেলায় রতুয়া থানার মধ্যে কংগ্রেস (আই)রা যে সন্ত্রাস সৃষ্টি করেছে সেই সম্পর্কে একটা ঘটনা বলে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রতুয়া কেন্দ্রের মধ্যে কংগ্রেস (আই) সংগঠিত ভাবে কিছুদিন ধরে একটা সন্ত্রাস সৃষ্টি করেছে। একথা এর আগেও আমরা বলেছি। ৪/৯ তারিখে এখানের স্থানীয় নেতা গৌতম চক্রবর্তী, সমর মুখার্জি, মহিউদ্দিন বিশ্বাস এবং সিদ্ধার্থ বাবুর এজেন্ট সাজ্জাদ হোসেন ও কিছু সমাজবিরোধী গুন্ডাদের নিয়ে রতুয়া থানার মধ্যে মহম্মদ যোসের বলে একজন লোকের বাড়িঘর বিধ্বস্ত করে দেয়, তারপর চন্ডীপুর বলে একটা গ্রাম আক্রমণ করার জন্য যায়। সেখানকার পাবলিক প্রতিরোধ করলেপর ওরা থানা ঘেরাও করে ইট পাটকেল ছোঁড়ে । ফলে থানার আশেপাশের চায়ের দোকান ভেঙ্গে তছনছ হয়ে যায়। তখন বাধ্য হয়ে এই গুন্ডাদের প্রতিরোধ করার জন্য পুলিশকে দুই রাউন্ড টিয়ার গ্যাস ছুঁড়তে হয়েছে। টিয়ার গ্যাস ছোঁড়ার পর তারা আস্তে আস্তে চলে যায়। এইভাবে সেখানে কংগ্রেস (আই) সেখানে সন্ত্রাস সৃষ্টি করে চলেছে। সেখানে আইন শৃঙ্খলা বিঘ্নিত হবার সম্ভাবনা দেখা দিয়েছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যাতে তিনি অবিলম্বে এর ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল এখানে রাজ্য সরকারের পক্ষ থেকে শ্রমমন্ত্রী মহাশয়ের অনুপস্থিতে পার্লামেন্টারি মিনিস্টার আপনার মাধমে বোনাস সম্পর্কে একটা নীতি ঘোষণা করেছিলেন। তিনি বলেছিলেন ৮.৩৩ শতাংশ অবশ্যই দেবেন, যেখানে বেশি মুনাফা হচ্ছে সেখানে মালিকরা মুনাফা অনুযায়ী আর বেশি দেবেন এই হচ্ছে সরকারের নীতি । এটা নাকি তারা বললেও দিয়েছেন। কিন্তু আমরা কার্যক্ষেত্রে দেখতে পাচ্ছি বিভিন্ন শিল্পে এই নীতি পালিত হচ্ছেনা। বিভিন্ন শিল্পে এবং কারখানায় শ্রমিকরা অত্যন্ত উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে মালিক এবং শ্রমিকদের মধ্যে সরাসরি যতক্ষণ না একটা ঘটনা ঘটছে ততক্ষণ এই স্বীকৃতিটা স্বীকৃত হচ্ছেনা। চটকলে দেখা যাবে, এই বিবৃতিতে আছে, চটকলে এবার অত্যন্ত অধিক মুনাফা হয়েছে। বিশ্বে চটের যে এত চাহিদা যা ১৫০-২০০বৎসরের মধ্যে কখনো হয়নি, এত মুনাফা এদের কখনো হয়নি। অথচ আমরা দেখতে পাচ্ছি বিড়লা, বাজোরিয়া, সিংহানিয়া, গোয়েঙ্কা, এরা তা দিচ্ছেনা। প্রত্যেক জায়গায় দেখছি যে চটকলের শ্রমিকদের বেশি দিচ্ছেনা। আমরা বলছি অবলিম্বে যদি কোনও মীমাংসা না হয় তাহলে চটকলের শ্রমিকরা বিশেষ করে এবং অন্যান্য শিল্পের শ্রমিকরা, তার আন্দোলনের পথে, যুক্ত আন্দোলনের পথে এবং লাগাতর আন্দোলনের পথে যেতে বাধ্য হবে। এই অবস্থায় চটকলের

মালিকরা এবং অন্যান্য মালিকরা এই পথে যেতে শ্রমিকদের বাধ্য না করে সেই হুঁশিয়ার দিচ্ছি।

[2-30 — 2-40 P.M.]

**শ্রী মনোহর তিরকী :** স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে এই যে উত্তরবাংলার চা-বাগান এলাকার ব্যাঙ্কগুলোতে ছোট নোট এক টাকা, দু টাকা, পাঁচ টাকার দেওয়া হচ্ছে না। এর ফলে এখান কার শ্রমিকদের পেমেন্ট ভালভাবে হচ্ছে না। তাই আপনার মাধ্যমে অনুরোধ করছি যে আগামী দিনে যখন পুজো বোনাস দেওয়া হবে, তখন যেন এই ব্যাঙ্কগুলো থেকে এক টাকা, দু টাকা, পাঁচ টাকার নোট দেওয়া হয়। এই ব্যবস্থা যাতে তাড়াতাড়ি হয় তারজন্য আমি আপনাকে অনুরোধ করছি।

**শ্রী শান্তিরাম মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছু দিন ধরে পুরুলিয়া জেলার Hara-য় ব্যাপক হারে ডাকাতি হচ্ছে। এমনভাবে ডাকাতি হচ্ছে যে প্রত্যেক গ্রামে লটকে লট এক সাথে অনেকগুলো বাড়িতে ডাকাতি হচ্ছে। এটা মানুষের মনে আতঙ্কের সৃষ্টি করছে এবং পুলিশও নিস্ক্রীয়। গ্রামের মানুষ পুলিশের কাছে গেলে পুলিশ কোনও অ্যাকশন নিচ্ছেনা। সেইজন্য গ্রামের মানুষ আজকে আতঙ্কিত বোধ করছে এবং কিছুদিন আগে রঘুনাথপুরের কাছে রাস্তার উপর এক সাথে ১৭ ট্রাকে ডাকাতি করে রাত্রি বেলা। সেই সময় ট্রাক ওয়ালা বা ড্রাইভার সমস্ত এক সাথে রাত্রি তিনটা থেকে তারপরের দিন বিকেল ৫টা পর্যন্ত রাস্তা অবরোধ করে রাখে। দু দিন ধরে এদিক থেকে কোনও গাড়ি যেতে পারে নি, ওদিক থেকেও গাড়ি আসতে পারে নি। কিন্তু স্থানীয় পুলিশ তার কোনও অ্যাকশন নেয় নি এই যে ১২/১৪ ঘন্টা অবরোধ করা হয়েছিল তার জন্য। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নানুরাম রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সাগর থানার অন্তর্গত গঙ্গাসাগর মৌজায় সি.পি.এম. সমর্থকরা ঘুস এবং জমি দখল ইত্যাদি কাজকর্ম প্রায়ই করে চলেছে। জমি দখল করেছে, জমির মালিককে উৎখাত করছে। স্থানীয় পার্টিকে জানাবার পরে তারা বলছে, আমাদের ঘুস দিতে হবে, তাহলে আমরা কিছু করব না। জমি দখল করব না বা ঘর ভাঙ্গব না। আমি স্যার একটা তালিকা পড়ে দিচ্ছি। আমি অবশ্য আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে দেব। শ্রী অরবিন্দ গুছাইতের কাছ থেকে দু হাজার টাকা নিয়েছে, শ্রী রাম পাঁড়ের কাছ থেকে চারশো টাকা নিয়েছে। এইরকম প্রায় ২০ জনের কাছে টাকা ঘুস নিয়েছে। আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে দিচ্ছি। আই.বি কিংবা অন্য কাউকে দিয়ে তদন্ত করে দেখা হোক— এইটা সত্য কি মিথ্যা।

(গোলমাল)

সি.পি.এম. সদস্যরা খুব চিৎকার করছেন, আপনারাই তদন্ত করে দেখুন না।

**শ্রী মহা বাচ্চা মুন্সী :** মিঃ স্পিকার সাহেব, আমাদের পশ্চিম দিনাজপুরের বিভিন্ন থানায় কিছু কিছু এলাকায় অনাবৃষ্টির ফলে আমন ধানের বীজ ইত্যাদি মরে গিয়েছে। সমস্ত এলাকায় বিশেষ করে ইসলামপুর সাব ডিভিসনের তিন ভাগ ডাঙ্গা জমিতে এই অনাবৃষ্টির

ফলে আমন ধান হল না। আউস ধান সেটাও নষ্ট হয়ে গেল। কাজেই সেখানে ক্ষেত মজুরেরা সংকটে পড়েছে এবং সাধারণ গরিব কৃষকও সংকটে পড়েছে। কাজেই সেখানে অবিলম্বে যদি রিলিফের কাজ শুরু করা না যায় তাহলে অবস্থাটা খারাপের দিকে যাবে। আমি এই ব্যাপারে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মারফত আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই বিধানসভার চত্বরে অন্ততপক্ষে চার বার একথা বলেছি। বারাসাত, নব ব্যারাকপুর মধ্যমগ্রাম উদ্বাস্তু অধ্যুষিত এলাকা। সব ব্যারাকপুর পর্য্যন্ত বিধিবদ্ধ এলাকা বলে ঘোষণা করা আছে, অথচ ঐ এলাকাগুলি করা হয়নি। আজকে দ্রব্যমূল্য বৃদ্ধির ফলে সেখানকার জনসাধারণের এবং উদ্বাস্তুদের দুঃখ ও যন্ত্রণার সৃষ্টি হয়েছে, এই অবস্থায় প্রতিকারের জন্য এই অঞ্চলকে বিধিবদ্ধ রেশন এলাকা বলে ঘোষণা করা হোক । আমি বার বার একথা বিধানসভার চত্বরে তুলেছি, খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু আজ পর্যন্ত প্রতিকার না হওয়ার ফলে আবার আজকে আপনার মাধ্যমে দাবি করছি যে অবিলম্বে ঐ এলাকাকে বিধিবদ্ধ রেশন এলকার আওতাভুক্ত করা হোক ।

**শ্রী অহীন্দ্র সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিম দিনাজপুরের জনতা পার্টির সভাপতি রায়গঞ্জ কোর্টের উকীল এবং বড় জোতদার সুদর্শন ভট্টাচার্যের উসকানিতে রাঘবনগরে কিছু দুবৃর্ত্ত কৃষকের জমিতে হামলা করে তীর ধনুক নিয়ে, তার ফলে ভ্রমর সরকার এবং হরিদাস সরকার তীরবিদ্ধ হয়, ফলে তারা এখনও হাসপাতালে আছে। এই অবস্থায় গ্রামে একটা অরাজক অবস্থার সৃষ্টি হয়েছে, তিনি অতীতেও এইরূপ করেছে । আমি এই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা মাধ্যমে আমি মাননীয় আইন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিম বাংলায় প্রায় ১০ হাজারের উর্ধ্বে দলিললেখক আছে, তাদের একটা সমিতি আছে এবং তাদের দাবি দাওয়া নিয়ে অনেক দিন ধরে আন্দোলন করছে কিন্তু কোনও প্রতিকার পাচ্ছেনা। ১৯৪২ সালে বৃটিশ আমলে তাদের যে রেট ছিল আজও তা রয়েছে। দলিল মুসাবিদা করে যদি লেখে তাহলে রেট হচ্ছে ১.৫০ টাকা এবং মুসাবিদা না করে দলিল লিখলে ১ টাকা—এই রেট অদ্যাবধি চলে আসছে। লাইসেন্স প্রাপ্ত নয় এই রকম বিভিন্ন দলিল লেখকও রেজিস্ট্রি অফিসে গিয়ে দলিল লেখে এবং এই লাইসেন্স প্রাপ্ত দলিল লেখকের রোজগারে হাত বাড়ায় এই দলিল লেখকদের মধ্যে আছে মোক্তারবাবুদের এবং উকীল বাবুদের মুহুরীরা। আজকে সেই বৃটিশ আমলের তুলনায় খাদ্যদ্রব্যের মূল্য অনেক বেড়ে গেছে, গভর্নমেন্ট স্ট্যাম্প ফি অনেক বেড়ে গেছে, কিন্তু এই দলিল লেখকদের ক্ষেত্রে মজুরি ১৯৪২ সাল থেকে এতটুকুও বৃদ্ধি হয়নি। আজকে বামফ্রন্ট সরকারই ক্ষমতায় এসেছেন, সরকার যদি তাদের প্রতি দৃষ্টি না দেন, আর তারা যদি বৃহত্তর আন্দোলনের নাম তুলে তাহলে বামফ্রন্ট সরকারের পক্ষে লজ্জাকর পরিস্থিতি হবে। তাই আমি আশা করি যে সরকার এই অবস্থায় আশু প্রতিবিধান করবেন।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহোদয়, নবদ্বীপে ইন্দিরা কংগ্রেস রক্তের

হোলি খেলায় মেতে উঠেছে। আপনি জানেন সম্প্রতি দিল্লিতে শ্রীমতী গান্ধী ভানুমতির খেল দেখিয়ে সুবিধা করতে পারেননি, এখানে ইন্দিরা কংগ্রেস হালে পানি পাচ্ছেনা, তাদের পায়ের তলা থেকে মাটি সরে যাচ্ছে। আসন্ন নির্বাচনে ভরাডুবি দেখে এরা আবার গুন্ডামি সন্ত্রাস শুরু করে দিয়েছে। আপনি জানেন যে এখানে বড়ালঘাট বলে একটা জায়গা আছে, তার সামনে বিক্রমপুর হোটেল, সেটা হচ্ছে সমাজবিরোধীদের আখড়া, অ্যান্টি সোশ্যাল ডেন, এখানে পুলিশের কিছু কিছু বড় কর্তা রাত্রি যাপন করে, এটা ওদের বিলাস কক্ষ বলা যেতে পারে। গত ৫/৯/৭৯ তারিখে রাত্রি সাতটায় পোড়ামাতলায় গুজব রটানো হয় যে ইন্দিরা কংগ্রেসের মস্তান খোকন সাহাকে সি.পি.এম. সমর্থকরা তুলে নিয়ে গেছে, তখন ইন্দিরা কংগ্রেস মস্তানরা কিরণ টেলার্সের মালিক সি.পি.এম. সমর্থক দুলাল দাসকে ধরে নিয়ে যায় এবং শম্ভু ব্যানার্জি ও নারায়ণ দাসের দোকান লুঠ করে এবং ইন্দিরা কংগ্রেসের অফিসের সামনে দুলাল দাস নৃশংসভাবে হত্যা করে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবিলম্বে যদি সরকার দৃষ্টি না দেন তাহলে আমাদের আশঙ্কা আগামী দিনে নির্বাচনকে এরা রক্তের বানে ডুবিয়ে দিয়ে ফায়দা লুটবার চেষ্টা করবেন।

[2-40 — 2-50 P.M.]

**শ্রী নীরোদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ৩৪ নং জাতীয় সড়ক-যশোর রোড—যেটা দীর্ঘ ৫১ মাইল দীর্ঘ রাস্তা সেই রাস্তাটি আজ অবহেলিত। যতদূর পর্যন্ত ৩৪ এবং ৩৫ নং সড়ক একসঙ্গে গিয়েছে সে পর্যন্ত ভাল আছে কিন্তু তারপর থেকেই রাস্তার কোনও অস্তিত্ব নেই। কোথাও ১০ ফুট, কোথাও ১২ ফুট চওড়া এই রাস্তায় পাশাপাশি দুটি গাড়ি একসঙ্গে যেতে পারে না। রোজই সেখানে অ্যাক্সিডেন্ট হচ্ছে বিরাট বিরাট গর্ত থাকার জন্য এবং তাতে অনেক লোক মারা যাচ্ছে বা আহত হচ্ছে। এই অবস্থা হচ্ছে তিন নং গেট থেকে অশোকনগর পর্যন্ত এবং তিন নং গেট থেকে হাবড়া হয়ে জয়বাটি পর্যন্ত। সেখানে স্যার, রাস্তার কোনও চিহ্ন নেই, বিরাট বিরাট গর্ত আছে। কোথাও ৫ ফুট, কোথাও ৭ ফুট গর্ত হয়ে আছে এবং বিরাট বিরাট গাছ পুঁতে রাখা হয়েছে। এর ফলে সেখানে বহুলোক আহত হচ্ছে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি, দয়া করে ঐ অঞ্চলটি একবার দেখে আসুন এবং অনুসন্ধান করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। সেখানে উপযুক্ত ব্যবস্থা না করলে কত লোক যে মারা যাবে তার কোনও ঠিক নেই। আমি আবার অনুরোধ করছি, অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অপারেশন বর্গার নামে কি রকম অত্যাচার চলছে তারই একটি দৃষ্টান্তে আপনার মাধ্যমে এই সভায় রাখতে চাই এবং মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, মুর্শিদাবাদ জেলার সিমুলিয়া গ্রামের ঘনশ্যাম চ্যাটার্জি কয়েক বিঘা জমির মালিক । তার জমিতে মিথ্যা করে বর্গা বসানোর চেষ্টা চলছে এবং বসানো হয়েছে। হাইকোর্টের ইনজাংশন থাকা সত্ত্বেও সেই জমিতে জোর করে সি.পি.এম. এর লোকেরা চাষ করছে এবং সেখানে স্থানীয় প্রশাসন থেকে কোনও সাহায্য সে পাচ্ছেনা। এমন কি কান্দির এস.ডি.জে.এম.-এর কোর্টে কেস করার পরে সেই এস.ডি.এম. মহাশয় সেখানকার যারা দুবৃর্ত্তকারী তাদের অ্যারেস্ট করার অর্ডার দিয়েছিলেন

কিন্তু সেখানকার পুলিশ কর্তৃপক্ষের তাদের অ্যারেস্ট করার নাম করছেন না। এইভাবে সেখানে শান্তিশৃঙ্খলা শুধু যে বিঘ্নিত হচ্ছে তাই নয় সেখানে ন্যায্যভাবে যিনি জমি চাষ করার অধিকারী তাকে চাষ পর্যন্ত করতে দেওয়া হচ্ছে না। আমি স্যার, এই দরখাস্তটি আপনার কাছে দিচ্ছি মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়কে দেবার জন্য এবং অনুরোধ করছি, যথাযথভাবে তদন্ত করে যার চাষ করবার অধিকার আছে সে যাতে নির্বিকারে চাষ করতে পারে মন্ত্রী মহাশয় তার ব্যবস্থা করুন।

**Shri Dawa Narbu La :** Sir, The Left-Front Government had issued an order for the use of Nepali language in the three hill subdivisions of the Darjeeling district as provided in the West Bengal Official Language Act, 1961, and for the implementation of the Nepali language they have also formed an official implementation committee. But till this date the Govt. has neither issued any order nor taken any step to implement Nepali language in the three hill sub-divisions of the Darjeeling district. Under the circumstances if the Govt. fails to issue any order immediately in this respect, the members of the implementation committee will resign from the said committee and will launch a movement in the three hill sub-division of the Darjeeling district.

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় রাখছি এবং মাননীয় মুখ্যমন্ত্রীর নিকট যাতে এর সুবিচার পাওয়া যায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, ল অ্যান্ড অর্ডারের উপর আমাদের এখানে অনেক আলোচনা হয়েছে সেটা স্যার, আপনি জানেন। আমি আমার এলাকার একটি বিশেষ ঘটনার কথা এখানে উল্লেখ করছি। স্যার, আমার ভগবানপুর কন্সটিটিউয়েন্সির বাহাদুরপুর গ্রামে গত ২১.৬.৭৯. তারিখে সি.পি.এম-এর লোকরা পরেশ মান্না এবং অন্যান্যদের উপর আক্রমণ করে। সেখানে তার ঘরবাড়ি পুড়িয়ে ছাই করে দিয়েছে, তার গোয়ালঘরে আগুন লাগিয়ে দিয়েছে। সেখানেই তারা থামে নি, তার বাড়ির লোককে নিয়ে গিয়ে প্রকাশ্যে প্রহার করেছে। এসব কথা তারা ২১.৬.৭৯. তারিখে বিভিন্ন দপ্তরকে জানিয়েছেন মুখ্যমন্ত্রী মহাশয়কে জানিয়েছেন, স্থানীয় ডি.এম., এস.পি., এস.ডি.ও., এস.ডি.পি.ও সকলেই জানিয়েছেন। তারা আরসন কেসের আসামি—কিন্তু তাদের এখনও পর্যন্ত কেন অ্যারেস্ট করা হচ্ছে না তা আমি বুঝতে পারছি না। এবং স্থানীয় সি.পি.এম. কর্মীদের সঙ্গে এস.পি. এবং রাইটার্স বিল্ডিংয়ের অফিসারদের এমন ষড়যন্ত্র সৃষ্টি করা হয়েছে যে ঐ সমস্ত সমাজবিরোধীদের সি.পি.এম.-দের চাপে এখনও পর্যন্ত অ্যারেস্ট করা হচ্ছে না। মুখ্যমন্ত্রীকে ডেপুটেশন দেওয়া হয়েছে। কিন্তু তা সত্ত্বেও কোনও প্রতিবিধানের ব্যবস্থা এখনও পর্যন্ত হচ্ছে না। তাদের অ্যারেস্ট পর্যন্ত করা হচ্ছে না। আমরা চাই মুখ্যমন্ত্রীর এ সম্বন্ধে হাউসে একটা স্টেটমেন্ট করুন এবং এখানে জনসাধারণের মধ্যে যে একটা বিভ্রান্তি সৃষ্টি হয়েছে তিনি তার নিরসন করুন। পরেশ মান্নার এবং অন্যান্য আরও কয়েকজনের নিজহাতে চাষ করা জমি সেখানে ৩৮ জন সাজসী ভাগচাষী সৃষ্টি করে তাদের সেখানে বসিয়ে দেওয়া হয়েছে। এই ব্যাপারে জে.এল.আর.ও এনকোয়ারি করেছেন। কিন্তু সেই এনকোয়ারি রিপোর্ট এখনও পর্যন্ত এস.ডি.ও.-

র কাছে পর্যন্ত পাঠানো হল না। কেন পাঠাতে পারছেন না তা আমরা জানি এবং সেই রিপোর্টও আমরা দেখছি। সেই রিপোর্ট যাতে সত্বর রাইটার্স বিল্ডিংসে আসে তার জন্য মুখ্যমন্ত্রী এবং শ্রী বিনয় চৌধুরি মহাশয় যেন ব্যবস্থা গ্রহণ করেন দাবি আমি জানাচ্ছি এবং এই রিপোর্ট যাতে আমরাও পাই তার ব্যবস্থা যেন তাঁরা করেন।

**শ্রী রাসবিহারী পাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার ও এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার কাঁথি থানার গজাচাউলী, পরিহরা ও পাঁচবেড়া প্রতি গ্রামে গত ৫।৬।৭৯ তারিখে যে ব্যাপক গণলুণ্ঠন হয়েছে কোনও কোনও ক্ষেত্রে পুলিশের উপস্থিতিতে হয়েছে তার প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জেলা ম্যাজিস্ট্রেট এস.পি. প্রভৃতি এই বিষয়ে তদন্ত করেছেন। মুখ্যমন্ত্রী ও মাননীয় রাজ্যপাল মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তৎসত্ত্বেও আজ পর্যন্ত সেই সব দুষ্কৃতকারীদের গ্রেপ্তার বা হাজার হাজার টাকা মূল্যের লুণ্ঠিত মালের উদ্ধারের জন্য কোনও কার্যকরি ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। আমি আপনার মাধ্যমে এর প্রতিকার দাবি করছি এবং পুলিশ যে রিপোর্ট দিয়েছে সেটা এই সভায় উপস্থিত করার দাবি রাখছি। মাননীয় রাজ্যপালের নিকট যে স্মারকলিপি দেওয়া হয়েছে তার প্রতিলিপি এবং বর্তমান পরিস্থিতি সম্পর্কে পাঁচবেড়া গ্রামের শ্রী গোপালকুমার মন্ডলের পত্র আপনার নিকট উপস্থিত করছি।

**শ্রী মনোরঞ্জন রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার পাঁশকুড়া এক নং ব্লকের উপর দিয়া রাতুলিয়া গোবর্ধনপুর ভায়া হাউর রেল স্টেশনের উপর দিয়া একটি রাস্তা তৈরি হওয়ার প্রচেষ্টা চলছে। কিন্তু ঐ রেল স্টেশনের কাছে রাস্তাটি আটকে পড়ে আছে। কারণ রেল কতৃপক্ষের কাছ থেকে পারমিশন নেওয়া হয় নি। আমি অনুরোধ করব যাতে রেল কর্তৃপক্ষের কাছ থেকে মন্ত্রী মহাশয় সত্বর পারমিশন নেবার ব্যবস্থা করেন এবং এই রাস্তা যাতে ত্বরান্বিত হয়। কারণ অনেকগুলি থানার লোকের যোগ্য ব্যবস্থা ভীষণভাবে ব্যহত হচ্ছে। ১৯৭৯-৮০ সালের বাজেটে এই রাস্তার জন্য টাকা মঞ্জুর করা হয়। কিন্তু ঘোরাই নদীর উপর ব্রিজের জন্য ও মেদিনীপুর ক্যান্ডেলের উপর ব্রিজের জন্য কোন টাকা ধরা হয় নি। এবং এই ব্রিজ না হওয়ার জন্যও রাস্তাটির কাজ ব্যহত হচ্ছে। এবং এর ফলে ৭টি থানার লোকের যোগযোগ ব্যবস্থা অচল হয়ে গেছে। আমি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ দুটি ব্রিজের জন্য বাজেটে টাকা বরাদ্দ করেন এবং সঙ্গে সঙ্গে রেল কর্তৃপক্ষের সঙ্গে পারমিশনের জন্য সত্বর যোগাযোগ করেন। আমি এই রাস্তাটিকে ত্বরান্বিত করার জন্য মাননীয় পূর্ত মন্ত্রীর বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি।

[2-50 — 3-30 P.M.] (INCLUDING ADJOURMENT)

**শ্রী সেখ ইমাজুদ্দিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ অনেক বিতর্কিত বিষয়ে কথাবার্তা হল। আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে আলোচনা করতে চাই। আজকে

পশ্চিমবাংলার পল্লীগ্রামে যাঁরা দিনমজুর, কৃষিমজুররা কোনও কাজ পাচ্ছে না। তাঁরা অনাহারে, অর্ধাহারে তাঁদের পরিবার নিয়ে দিন কাটাচ্ছে। এই বামফ্রন্ট সরকার মেহনতি মানুষের, শ্রমিক শ্রেণীর মানুষের প্রতিনিধিত্ব করে বলে দাবি করে। তাঁদের প্রশ্ন করি যে তাঁদের দৃষ্টি এই সমস্ত মানুষের প্রতি আছে কি না? তাঁদের প্রতি অবিলম্বে দৃষ্টি দেওয়া দরকার। গত বছর আপনারা জানেন যে আর.ডব্লু.পি. স্কীমে কিছু কিছু লোকের কাজ হয়েছে এবং তাঁরা সেই সময়ে কিছু কিছু কাজ পেয়েছিল। কিন্তু এবারে কেন্দ্রীয় সরকার গম দিচ্ছে না, টাকা দিচ্ছে না এই অজুহাতে এই সব স্কীম এর কাজ বন্ধ করা হয়েছে। দিনমজুররা তো কাজ পাচ্ছে না তার উপর পঞ্চায়েতের প্রধান যাঁরা তাঁদেরও ক্ষতি হচ্ছে। কারণ তাঁদের পকেটেও পয়সা আসছে না এবং মেহনতি মানুষও পয়সা পাচ্ছে না। বামফ্রন্ট সরকারকে বিশেষ ভাবে এই বিষয়ে দৃষ্টি দেবার জন্য বলছি যাতে অবিলম্বে তারা কাজ পায় এবং তাঁদের যাতে রোজগার হয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার :** আমি একটা ছোট্ট ঘোষণা করতে চাই। আমি আমাদের বিভিন্ন দলের প্রতিনিধিদের সঙ্গে বসতে চাই। এই সভায় প্রাইভেট মেম্বার'স বিজনেসে কে কখন বলবেন সেটা নিয়ে আলোচনা করতে চাই। আগে যে নিয়ম ছিল তাতে একটু অসুবিধা হচ্ছে। যাই হোক, জনতা দল, কংগ্রেস, কংগ্রেস (আই), ফরোয়ার্ড ব্লক, আর.এস.পি., সি.পি.আই.(এম), এস.ইউ.সি.'র এক জন করে প্রতিনিধি আমার কাছে ৩টার সময়ে আসবেন।

## PRESENTATION OF REPORT

### Presentation of the Report of the Committee on Public Accounts (1979-80)

**Shri Prabodh Chandra Sinha :** Mr Speaker, Sir, I beg to present the Report of the Committee on Public Accounts, 1979-80, on the Appropriation and Finance Accounts of the State for 1970-71, 1971-72, 1972-73, and 1973-74 and the Reports of the Comptroller and Auditor-General of India thereon so far as they relate to the Department of Food and Supplies and the Department of Health and Family Welfare.

### Motion for extension of Time for presentation of Report of the Select Committee on the Calcutta University Bill, 1979.

**Shri Sambhu Charan Ghosh :** Mr. Speaker, Sir, I beg to move that the time for presentation of Report of the Select Committee on the Calcutta University Bill, 1979, be extended till the end of the fourth week of this month.

The motion was then put and agreed to.

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা প্রিভিলেজ মোশন দিয়েছি। এটা অমৃত বাজার পত্রিকায় বিভিন্ন দিনে যেভাবে হাউসের প্রসিডিংস রিপোর্টেড হচ্ছে সেই সম্পর্কে। এই রিপোর্ট সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে এতে হাউসের অমর্যাদা করা হয়েছে এবং হাউসের অধিকার ভঙ্গ করা হয়েছে। এই প্রসঙ্গে বিশেষ ভাবে হাউসের সদস্য হিসাবে

আমাদের যে অধিকার সেই অধিকার খুন্ন করা হয়েছে। এই ব্যাপারের উপর আমি বিশেষ করে আজকের এবং কালকের রিপোর্ট দুটি উল্লেখ করে দিয়েছি। প্রসিডিংসের সঙ্গে আপনি অনুগ্রহ করে মিলিয়ে দেখবেন যে এই রিপোর্টের সঙ্গে প্রসিডিংসের কতখানি মিল আছে বা কতখানি মিল নেই। এই সংশ্লিষ্ট ব্যাপারে আমি মনে করি যে পার্লামেন্টে এবং ভারতবর্ষের বিভিন্ন বিধানসভায় যে সব নজীর আছে, সুপ্রতিষ্ঠিত আছে, সেই সব নজীরের সঙ্গে মিলিয়ে যেন আমার এই অভিযোগ বিচার করা হয়। আমি চাই এটা আপনি প্রিভিলেজ কমিটিতে দিন, এইগুলো হওয়ার দরকার আছে। আমি আপনার কাছে প্রটেকশন চাইছি, মেম্বার হিসাবে যদি আমরা এখানে প্রটেকশন না পাই, তাহলে আমাদের প্রতি গুরুতর অবিচার করা হবে। সেই জন্য আপনার প্রটেকশন প্রার্থনা করে এবং আমি যে বিষয়টা রেজ করেছি, যে রিপোর্টের উপর ভিত্তি করে, সেটা অনুগ্রহ করে পরিক্ষা করে দেখবেন। প্রয়োজন বোধে আপনি প্রিভিলেজ কমিটিতে পাঠান। এই হচ্ছে আমার সনির্বন্ধ অনুরোধ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার। আমার মনে প্রেসের স্বাধীনতা আছে কিনা জানি না। ওঁর সময় থাকবে কি না জানি না। প্রেস দুটো কথা লিখেছে কি লেখেনি জানিনা, আমরা তো আজ পর্যন্ত সব খবরের কাগজ পড়ে দেখেছি, বাইরের কেউ কিছু বললে—তিনি মেম্বার নন, তাঁর সম্বন্ধে প্রিভিলেজ রাখি। কিন্তু এখানে আমি বুঝতে পারলাম না যে অমল বাবু হঠাত—

**মিঃ স্পিকার ঃ** আপনার বোঝার কোনও দরকার নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলী ঃ** আমরা তো মেম্বার, আমাদের বোঝার দরকার আছে। যেমন আপনি বুঝবেন তেমনি আমিও বুঝব। শুধু যে আপনি বুঝবেন তাই নয়, আমারাও বুঝব। কারণ হাউসটা তো আমাদের নিয়ে সুতরাং আমরা তো সেটা বুঝবো। বুঝতে পারলাম না, হঠাৎ এই ভাবে আবার পেপারের উপর আক্রমণ চালানোর কোনও কারণ আছে কিনা।

**মিঃ স্পিকার ঃ** উনি প্রিভিলেজ তুলেছেন, আমি নোটিশ পেয়েছি, সেটা পরে দেখব। এখনই বিতর্কের কোনও প্রয়োজন নেই।

[3-30 — 3-40 P.M.]

## MOTION UNDER RULE - 185

**শ্রী রজনীকান্ত দোলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার প্রস্তাব "পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, বর্তমান সরকার শিক্ষাক্ষেত্রে পশ্চিমবঙ্গের মানুষকে এক অনিশ্চিতের পথে নিয়ে চলেছে। প্রাথমিক শিক্ষা থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্ষেত্রে পর্যন্ত প্রতিটি স্তরে অস্থিরতা, অব্যবস্থা এবং প্রশাসনিক অচলাবস্থা শিক্ষার মূলে কুঠারাঘাত করছে। শিক্ষার ক্ষেত্রে ত্রিভাষা নীতি ও স্নাতক পর্যায়ে ইংরাজী ও বাংলাকে ঐচ্ছিক করার সিদ্ধান্ত দেশকে আত্মহননের পথে এগিয়ে নিয়ে চলেছে। বস্তুত শিক্ষক ও শিক্ষাকে ধ্বংস করার এক পরিকল্পনা বর্তমান সরকারের কর্মপদ্ধতির মধ্যে লক্ষ্য করা যাচ্ছে।

তাই এই সভার অভিমত এই যে. শিক্ষার মান উন্নয়ন, বিকাশ তথা প্রশাসনিক

স্থিতাবস্থা রক্ষার জন্য প্রয়োজনীয়, সুচিন্তিত ও বাস্তবসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হোক।"

মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে প্রস্তাব আমি রেখেছি, সেই প্রস্তাবের সমর্থনে প্রাথমিক শিক্ষার স্তর থেকে আমার বক্তব্য শুরু করছি।

স্যার, প্রাথমিক শিক্ষার স্তর থেকেই শিক্ষার মাধ্যমে মানুষ তৈরির কাজ শুরু হয়। বাচ্চা বাচ্চা ছেলেদের জাতীয়তাবাদ সম্বন্ধে শিক্ষা দেওয়া হয় এবং তারা ভবিষ্যতে জাতির মান মর্যাদা সম্মান রক্ষার চেষ্টা করে। কিন্তু স্যার, আমরা দেখলাম এই বামফ্রন্ট সরকারের আমলে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে সেখানে এমনভাবে সিলেবাস তৈরি করা হয়েছে, এমন ভাবে পাঠ্যপুস্তক রাখা হয়েছে যে, তার মধ্যে দেখানো হচ্ছে গণেশ হচ্ছে শোষণের দেবতা এবং তাঁর বাহনকে শোষকের ক্রীড়নক বলা হয়েছে। বিভিন্ন বিদ্যালয়ের পাঠ্যপুস্তকে এই জিনিস দেখা যাচ্ছে। স্যার, এই ভাবে যদি ধর্মের ওপর হস্তক্ষেপ করা হয় তাহলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে, তাতে আমাদের কোনও সন্দেহ নেই। স্যার, ক্লাস টু, ক্লাশ থ্রির ছাত্রদের শেখানো হচ্ছে বুর্জোয়া কাকে বলে, শোষণ কাকে বলে, শ্রেণী সংগ্রাম কাকে বলে। স্যার, শিশুদের ভিতর এইভাবে প্রথম থেকেই বিদ্বেষ ঢোকানো হচ্ছে। স্যার, শিশুদের যদি প্রথম থেকেই এইভাবে শেখানো হয় যে, কিছু লোক আমাদের শোষণ করছে, বুর্জোয়ারা রয়েছে, তাহলে তাদের মধ্যে জাতীয়তাবাদ কোথা থেকে গড়ে উঠবে? তাদের মানুষ করার যে উদ্দেশ্য সেই মানুষ কি করে গড়া হবে, সে বিষয়ে আমাদের সন্দেহ রয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রাইমারি স্কুলের শিক্ষকদের মাত্র ৩০০ টাকা বেতন দেওয়া হয়। এবিষয়ে প্রাইমারি শিক্ষকরা বিভিন্ন সময়ে আন্দোলন করেছেন অভিযোগ জানিয়েছেন আবেদন জানিয়েছেন। আজকে আমরা পশ্চিমবঙ্গে দেখছি মূল্যমান শতকরা ১৯-ভাগ বেড়ে গেছে। তাহলে সেখানে ৩০০ টাকা দিয়ে একজন প্রাথমিক শিক্ষক কি করে সংসার চালাবেন, ছেলে-মেয়েদের লেখা-পড়া শেখাবেন? অথচ এ বিষয়ে এই বামফ্রন্ট সরকার কোনও রকম চিন্তা-ভাবনা করছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বার বার এই বিধানসভায় বলেছি যে, অর্গানাইজড টিচারদের মধ্যে যে সমস্ত প্রাথমিক শিক্ষক ১০/১১ বছর ধরে বিনা বেতনে নিজেদের পয়সায় ঘর-বাড়ি করে প্রাথমিক স্কুল চালাচ্ছেন তাঁদের আজকে তাড়িয়ে দিয়ে সরকার নিজেদের লোকেদের সেখানে ঢুকিয়ে দিচ্ছেন। অনেক জায়গায় ওরা যে সমস্ত স্কুল করেছিল সেই সমস্ত স্কুল ভেঙ্গে দেওয়া হচ্ছে বা তাদের স্কুলে যাতে ছেলে-মেয়েরা না যায় তার ব্যবস্থা করা হচ্ছে। এইভাবে গ্রামাঞ্চলে অরগ্যানাজাইড টিচারদের প্রতি, অরগ্যানাইজড স্কুলের প্রতি ইনজাস্টিস করছেন। এই কথা বিধানসভায় বারে বারে বলা হয়েছে। সুতরাং আমি বলছি সহানুভূতি দেখাননি এবং দেখাবারও চেষ্টা করেননি। তারা দলবাজির চূড়ান্ত দৃষ্টান্ত স্থাপন করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্কুল বোর্ডের যিনি প্রেসিডেন্ট হয়েছেন তিনি এ্যাডহক হিসাবে হয়েছেন। তারা যে সমস্ত প্রাইমারি প্যানেল তৈরি করেছেন সেই প্যানেলে আমি দুর্নীতি, কারচুপি ভুরি-ভুরি দৃষ্টান্ত দেখছি। আমি দেখছি প্যানেলগুলি তৈরি করা হয়েছে ক্যাডার দ্বারা। কোনও শিক্ষক সংস্থার প্রতিনিধি বা অন্য কোনও দলের সদস্যদের নেওয়া হয়নি, ক্যাডাররা লিস্ট তৈরি করছে। এর মধ্যে লক্ষ্য করছি, যারা পঞ্চায়েত নির্বাচিত সদস্য

পঞ্চায়েত প্রধান যারা কমপার্টমেন্ট পেয়ে পাশ করেছেন, সাপ্লিমেন্টারি পেয়ে পাশ করেছেন যেহেতু এবং সি.পি.এম. পার্টির সদস্য সেইহেতু তাদের প্যানেল ভুক্ত করা হয়েছে হোয়ার অ্যাজ ফার্স্ট ডিভিসন স্কলারশিপ পাওয়া ছেলেরা রয়েছে তাদেরকে সিলেক্ট করা হয়নি। তাদেরকে বলা হচ্ছে যারা সাপ্লিমেন্টারি এবং কমপার্টমেন্টাল পেয়ে পাশ করেছে তারা অনেক কিছু জানেন তোমরা-যারা ফার্স্ট ডিভিসন পাওয়া ছেলে— তারা যোগ্য নও। তবে যদি সি.পি.এম. হতে পারো তবেই আমরা প্যানেলে অন্তর্ভুক্ত করতে পারতাম। এই রকম প্রতিটি প্যানেলে দলবাজি করা হচ্ছে। এইভাবে স্যার, প্রতিটি ক্ষেত্রে রেজিমেন্টেশনের চূড়ান্ত দৃষ্টান্ত পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, মধ্য শিক্ষা পর্ষদে শ্রী ভবেশ মৈত্র তিনি অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে আছেন। এই অ্যাডমিনিস্ট্রেটর পদের নিয়ম হচ্ছে প্রতি ৬ মাসের মধ্যে ইলেকশন করতে হবে। কিন্তু ২ বছর ২ মাস হয়ে গেল এখনও সেখানে রি-কনসিডারেশনের কাজ হল না, মধ্যশিক্ষা পর্ষদে নির্বাচন করা হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ভবেশ মৈত্র যিনি এ.বি.টি.এ. পরিচালিত বি.টি.কলেজের প্রিন্সিপাল ছিলেন তাকে এখানে নিয়ে এসে বসানো হয়েছে। ইনি লেস কোয়ালিফায়েড । আপনি জানেন স্যার, ইনি বি.কম. পরীক্ষায় সাপ্লিমেন্টারি পেয়েছিলেন তবুও এনাকে নিয়ে এসে বসানো হল মধ্যশিক্ষা পর্ষদের অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে। শুনেছি ইনি প্রমোদবাবু, অনুরাগভাজন ব্যক্তি সেইজনাই বোধ হয় বোর্ডের প্রেসিডেন্ট হিসাবে রয়েছেন। ক্যালকাটা ইউনিভার্সিটি সদস্যারা রয়েছে তাদের থেকে যদি নিতেন তাহলে আমি বুঝতে পারতাম কিন্তু মৈত্র মহাশয়কে নিয়ে বসানো হল যেহেতু সি.পি.এমের লোক বলে। জানি ওরা সি.পি.এম. ছাড়া কাউকে আনবেন না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে যোগ্য ব্যক্তি কেন আনলেন না? ঐ ভদ্রলোককে ইউ.জি.সি. স্কেলে প্রায় আড়াই হাজার টাকা করে মাহিনা দেওয়া হচ্ছে যিনি লেস-কোয়ালিফায়েড। এরা গণতন্ত্রের কথা মুখে বলেন কিন্তু গণতান্ত্রিক উপায়ে নির্বাচনের পথে যেতে চাইছেন না, ভয় পাচ্ছেন কেননা ওনারা জানেন জয়ের সম্ভাবনা অত্যন্ত কম। মধ্যশিক্ষা শিক্ষক সংগঠন সি.পি.এমের শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। অ্যাডমিনিস্ট্রেশনেও কো-অর্ডিনেশন কমিটি পরিচালনা করছেন। প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে— নিখিল বঙ্গ শিক্ষক সমিতি একটা সি.পি.এম. সংস্থা। মধ্যশিক্ষা পর্ষদে দেখতে পাচ্ছি সেকেন্ডারি এডুকেশন যারা চালাচ্ছে এ.বি.টি.এ.- তারাই সমস্ত কর্তৃত্ব এবং নিয়ম নির্ধারণ করছেন। তারা যেভাবে বিধি নির্দেশ করবে সেইভাবে মন্ত্রীরা চলছে এবং সেইভাবে সরকার চলেছে। তাই স্যার, একটা অ্যাপিল কমিটি করা হয়েছে তাতে এ.বি.টি.এ.-র সমস্ত সদস্যারা রয়েছেন।

[3-40 — 3-50 P.M.]

যে সমস্ত শিক্ষক আবেদন নিবেদন করেছেন তাঁদের কথা ঠিকমতো তাঁরা শোনেন না, তাঁদের আবেদন নিবেদনে সাড়া দিচ্ছে না, যেহেতু তাঁরা সি.পি.এমের সদস্য নন। অন্য দলের বেলায় তাই তাদের উপর ইনজাসটিস হচ্ছে জাসটিস হচ্ছে না। তারপর আর একটি জিনিস আমরা দেখছি রেকগনিশন কমিটি — রেকগনিশন কমিটি যেটা রয়েছে মধ্যশিক্ষা পরিষদে সেখানে কমিটি বলে কিছু নেই, সেখানে কোনও কাজ হচ্ছে না। মিঃ অমিতাভ সেন, যিনি এ.বি.টি.এ'র একজন বড় কর্মকর্তা বলে পরিচিত তিনি এখন স্কুলগুলিকে ইন্সপেকশন করছেন। আমরা এতদিন দেখে এসেছি যে স্কুল যখন ডি.আই. ইন্সপেকশন করেন তখন অন্য অফিসার

সঙ্গে থাকেন। কিন্তু মিঃ অমিতাভ সেন যখন ফাইন নিয়ে স্কুল ইন্সপেকশনে যান তখন তাঁর সঙ্গে কোনও ডি.আই.এর অফিসার থাকেন না। তিনি নিজেই ইন্সপেকশন করেন, এবং তাঁর রিপোর্টই চূড়ান্ত বলে বিবেচিত হয়। এই রকম তাঁর রেকমেনডেশনের উপর স্কুলগুলিকে রেকগনিশন দেওয়া হচ্ছে। ম্যানেজিং কমিটি সম্বন্ধে বার বার করে বিধান সভায় কথা উঠেছিল, অনেক জায়গায় ম্যানেজিং কমিটিকে সুপারসিভ করে অ্যাডমিনিস্ট্রেটর বসানো হয়েছে। অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে বসানো হয়েছে কোনও জায়গায়, কারখানার শ্রমিককে, কোথাও ননম্যাট্রিক লোককে । অথচ যেখানে প্রায় ডজনখানেক বি.এ. এম.এ. রয়েছে তাদের কাউকে নেওয়া হয়নি অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে, যেহেতু তারা সি.পি.এম. নয়। নিজেদের দলের লোক বসানো হচ্ছে, সি.পি.এমের লোক না হলে অ্যাডমিনিস্ট্রেটর হবে না। এটা অত্যন্ত অন্যায় এবং নির্দয়ভাবে বসান হচ্ছে। ম্যানেজিং কমিটিগুলিকে জোর করে সুপারসিভ করে আইনকে বৃদ্ধাংগুষ্ঠ দেখিয়ে করা হচ্ছে। অনেক স্কুলে দুই জন করে হেডমাস্টার রয়েছে, সেখানে দুটো করে বা দুবার করে টেস্ট পরীক্ষা, অ্যানুয়াল পরীক্ষা হচ্ছে। ৩৬টি স্কুলে এই রকম অবস্থা। দুইজন হেডমাস্টার, একজন বোধহয় আগের কংগ্রেসের কিংবা অন্যদলের লোক। একন তারপর নিজেদের মনোভাবাপন্ন লোক নিয়ে এসে বসানো হচ্ছে দুটো হেডমাস্টারের মাইনে দিতে প্রতিমাসে দুই হাজার টাকা খরচ হচ্ছে। চরম নৈরাজ্য আমরা দেখছি। স্যার, সরকারি টাকা জনগণের টাকা, ওঁরা গৌরী সেনের টাকার মতো খরচ করছেন। যে সমস্ত শিক্ষকরা ৫/৭ বছর ধরে ছিলেন না, তাঁদের আবার নিয়োগ করা হয়েছে উইথ ইনক্রিমেন্ট এই কনডিশনে যে অর্ধেক টাকা পার্টি ফান্ডে চাঁদা দিতে হবে। নিজেদের দলের লোক। সুপারিকল্পিতভাবে এই কাজ করা হচ্ছে। সেকেন্ডারি স্কুলে ক্লাস থ্রি, ক্লাস ফোর স্টাফের কথা বিধানসভায় বলেছি। মাননীয় মন্ত্রী মহাশয় শুনেছেন, আজ পর্যন্ত প্যানেল হল না। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। ইংরাজীর ব্যাপারে এই সরকারের নীতি অপূর্ব। প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত ইংরাজী তুলে দেওয়া হয়েছে, আবার পঞ্চম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত ইংরাজী রয়েছে এবং বলা হয়েছে শতকরা ২০ মার্ক পেতে হবে তাহলেই হবে। সেখানে শুধু ওয়ার্কিং নলেজ থাকলেই হবে। আবার দেখলাম একাদশ — দ্বাদশ শ্রেণীতে পড়ানো হচ্ছে, সেখানে শতকরা ৩০ নম্বর পেতে হবে, অর্থাৎ ২০০র মধ্যে ৬০ পেলেই হবে। আবার যখন কলেজে ডিগ্রি কোর্সে যাচ্ছে তখন ইংরাজী বাংলা ভাষা কিছুই থাকছে না, তুলে দেওয়া হচ্ছে। তাহলে সরকার বাংলা ভাষায় কি করে কাজ করবেন। ইংলিশ মিডিয়াম স্কুলগুলিকে ওঁরা চালু করেছেন। এখানে অনেক সদস্য আছেন যাঁরা নাকি ইংরাজী একেবারে তুলে দিতে চান। কেন্দ্রীয় ত্রি ভাষা নীতির মুন্ডচ্ছেদ আপনারা করলেন। সংস্কৃত যেটা ভাষার জননী ছিল তাকে শেষ করে দিলেন। হায়ার সেকেন্ডারি কাউন্সিল এর কোনও শিক্ষাবিদকে প্রেসিডেন্ট হিসাবে রাখার জন্য ডাকা হল না। আমরা দেখলাম সেখানে রাতারাতি ডঃ গাঙ্গুলী যিনি বর্ধমান ইউনিভার্সিটির কমার্সের হেড ছিলেন তাঁকে সরিয়ে দিয়ে প্রমোদ বাবুর স্নেহধন্যা অনিলা দেবীকে রাখা হল। এঁর বয়স ৬৭ — ইনি বি.টি. ফেল এবং একটি স্কুলের অ্যাসিস্টেন্ট টিচার ছিলেন। এই রকম সুপার অ্যানুয়েটেড লোককে সেখানে বসানো হল। অথচ এডুকেশনের ক্ষেত্রে নিয়ম হচ্ছে যে কোনও সুপার অ্যানুয়েটেড লোককে বসানো হবে না। তারপর সেখানে যে সমস্ত মেম্বার ছিলেন তাঁদের মধ্যে ৬।৭ জন ডক্টরেট ছিলেন। তাঁদের সরিয়ে দিয়ে বেশির ভাগ সি.পি.এম. এর এবং

কিছু কিছু আর এস.পি. ও ফরোয়ার্ড ব্লকের লোককে আনা হল। এইভাবে চূড়ান্ত দলবাজি করতে লাগলেন। জ্যোতিবাবু অনিলা দেবীকে সেখানে বসাতে চান নি কিন্তু যেহেতু তিনি প্রমোদপন্থী সেইজন্য তাঁকে সেখানে রাখা হয়েছে। এই হায়ার সেকেন্ডারি কাউন্সিলে ডঃ গাঙ্গুলী প্রথম থেকেই ছিলেন এবং অত্যন্ত সততার সঙ্গে এখানকার সিলেবাস পরীক্ষা ইত্যাদি নিয়ন্ত্রণ করছিলেন। তিনি খুব কোয়ালিফায়েড ব্যক্তি ছিলেন কিন্তু তাঁকে সরিয়ে দিয়ে এমন লোককে দেওয়া হল যিনি লেস কোয়ালিফায়েড। হায়ার সেকেন্ডারি কাউন্সিলে যে ভোকেশনাল স্কীম ছিল ................ কেন্দ্রীয় সরকার যখন ১০ প্লাস ২ প্লাস ৩ চালু করেছিলেন তখন তার উদ্দেশ্য ছিল শতকরা ৫০ ভাগ ছাত্র কারিগরি ক্ষেত্রে জ্ঞান অর্জন করবে যাতে তারা সেল্ফ এমপ্লয়েড হতে পারে। কিন্তু এঁরা সেটাকে উঠিয়ে দিয়ে বেকার তৈরি করছেন যাতে তারা বিপ্লবী হয়ে উঠতে পারে। ইউনিভার্সিটির কথা হচ্ছে যে ইউনিভার্সিটি ভি.সি. করলেন শ্রী রমেন পোদ্দার মহাশয় কে। তিনি প্রমোদ বাবুর মনোনীত ব্যক্তি। ইউনিভার্সিটির সমস্ত অফিসার প্রমোদ পন্থী অফিসার ইউ.জি.সির চেয়ারম্যান রমেন বাবুকে করার বিরুদ্ধে নোট অফ ডিসেন্ট দিয়েছিলেন। তিনি বি.এস.সি. অনার্স সেকেন্ড ক্লাস এম.এস.সি. যেখানে সুশীল মুখার্জি, আশুতোষ মুখার্জির মতো লোক ছিলেন তাঁদের জায়গায় এরূপ একজন লোককে আনা হল কেন না এঁর দ্বারা কলেজ ও ইউনিভার্সিটিতে সি.পি.এম এর কর্তৃত্ব বাড়বে। আমরা জানি এ ব্যাপারে শম্ভু বাবুর হাত পা বাঁধা। আমার এলাকায় একটা কলেজে আমাকে গভঃ নমিনি করবার কথায় শম্ভুবাবু বলেছিলেন তাঁর উপায় নেই। প্রোভিসি, অ্যাকাডেমিক, দীপ্তি দত্ত যিনি গোয়েঙ্কা কলেজের প্রিন্সিপাল ছিলেন তাঁকে আনা হল কারণ তিনি প্রমোদ বাবুর লোক। এখানকার যিনি রেজিস্টার তিনি একজন পি.ডাব্লু.ডির কন্ট্রাকটর এইভাবে সি.পি.এম এর সমস্ত লোককে ডেকে ডেকে আনা হচ্ছে। ইউনিভার্সিটি স্পোর্টস এর দায়িত্ব ছিল একজন ভারত বিখ্যাত সাঁতারু ভুবনেশ্বর পান্ডে মহাশয়ের উপর। কিন্তু তাঁকে বাদ দিয়ে অশোক বসুকে করা হল কারণ তিনি প্রমোদ বাবুর লোক। এই ভাবে সি.পি.এম এর লোক বেছে নিয়ে এসে ইউনিভার্সিটির অফিসার করা হচ্ছে। শুধু কলকাতা বিশ্ববিদ্যালয় নয় বর্ধমান ও যাদবপুর ইত্যাদি জায়গায় দেখছি সি.পি.এম ছাড়া অন্য দলের যারা সমর্থক তাদের মধ্যে নিরাপত্তার অভাব দেখা দিয়েছে। সি.পি.এম বলছে যে আমাদের রাজত্ব এখনও দুই আড়াই বছর আছে এর মধ্যে আমরা একটা মুক্তাঞ্চল সৃষ্টি করব। সেইজন্য বলছি শিক্ষার ক্ষেত্রে দলবাজি বন্ধ করুন, অব্যবস্থা বন্ধ করুন এবং শিক্ষা সর্বজনীন বিকাশের জন্য যদি সচেষ্ট হন তাহলে আমরা সহযোগিতা করব। এই বলে আমি শেষ করছি।

[3-50 — 4-00 P.M.]

**শ্রী হরিপদ ভারতী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রজনীবাবু যে প্রস্তাব উত্থাপন করেছেন মূলত তাকে সমর্থন করার জন্য দাঁড়িয়েছি। আমরা বক্তব্যের মধ্যে কেবলমাত্র বর্তমান সরকারের শিক্ষা নীতির সমালোচনা করে আমার সমস্ত কথা সমাপ্ত করতে চাই না। আমি চাই বর্তমান শিক্ষা জগতে যে মালিন্য ধীরে ধীরে জমে উঠেছে তাকে দূর করার জন্য সরকার তৎপর হবেন। আমি বিধানসভায় শিক্ষা খাতে বক্তব্যের সময় এই কথা বলেছিলাম কোনও স্বাধীন উন্নতশীল দেশে তার শিক্ষা ব্যবস্থা কম গুরুত্বপূর্ণ এটা চিন্তা করতে পারে এই কথা আমি বিশ্বাস করি না। কিন্তু আমি লক্ষ্য করছি বর্তমান সরকার শিক্ষার প্রতি যথাযথ

গুরুত্ব দিচ্ছেন না এবং শিক্ষা ব্যবস্থাকে ধীরে ধীরে উন্নতির দিকে নিয়ে যাবার চেষ্টা করছেন না। বরং ইচ্ছায় বা অনিচ্ছায় হোক শিক্ষা জগতে ধীরে ধীরে একটা অরাজকতা দেখা দিয়েছে। এটা কারা করেছেন তা আমি বলতে চাই না। কিন্তু দেশের পক্ষে নিঃসন্দেহে এটা একটা সংকটের কথা। সেই সংকট সম্বন্ধে যদি আমি বক্তব্য না রাখি এবং সরকারের দৃষ্টি আকর্ষণ না করি তাহলে আমার কর্তব্যে অবহেলা করা হবে। দু বছর আগে এই সরকার তাঁর প্রথম শিক্ষা খাতে বাজেট বক্তৃতায় বলেছিলেন যে তাঁরা প্রাথমিক শিক্ষার বিস্তার করবেন এবং প্রতিশ্রুতি দিয়েছিলেন এক বছরে এক হাজার প্রাথমিক স্কুলে তৈরি করবেন। আমি যদি স্মরণ করতে পারি এবং আজকে দু বছর পর যদি শিক্ষা মন্ত্রীকে প্রশ্ন করা হয় যে আপনি কটা প্রাইমারি স্কুল গড়েছেন এক হাজার দূরের কথা তাহলে নিঃসন্দেহে উত্তর খুব উৎসাহব্যাঞ্জক হবে না। (**এ ভয়েস** - বন্যা হয়েছে) আমরা জানি বন্যায় ক্ষয় ক্ষতি বাধা সৃষ্টি করেছে। কিন্তু বন্যায় কি সমস্ত পরিকল্পনা ধুয়ে মুছে পরিষ্কার হয়ে গেছে এমন ভাবে যে দু'বছরে একটা স্কুলও করতে পারলেন না? আপনাদের এই যুক্তি নিশ্চই কোনও বিচার বুদ্ধি সম্পন্ন মানুষ সমর্থন করবে না। সঙ্গে সঙ্গে আমরা দেখছি যে গ্রামে অনেক উৎসাহী যুবক, তারা কোন দলের সেটা বড় প্রশ্ন নয়, কোন জমানায় শুরু করেছিল সেটাও গুরুত্বপূর্ণ কথা আমার কাছে নয়, কিন্তু সেই বিদ্যোৎসাহী যুবকরা গ্রামের মানুষকে শিক্ষিত করবার জন্য নিজেদের চেষ্টায় ত্যাগে অনেক জায়গাতে অনেকগুলি প্রাইমারি স্কুল তৈরি করেছিলেন। অর্থাৎ গ্রামে যাঁদের আমরা বলে থাকি অর্গানাইজড টিচার্স তাঁরা তা করেছিলেন। কিন্তু তার পরবর্তীকালে আপনারা দলের দিকে চেয়ে সেই অর্গানাইজড টিচারদের রাজনৈতিক রঙের গুরুত্ব দিয়ে তাঁদের প্রতিষ্ঠিত স্কুলকে অনেক সময় সৃষ্টি স্বীকৃতি দেননি, অনেক স্থলে স্কুলকে স্বীকৃতি দিয়ে শিক্ষকদের স্বীকৃতি দেননি। শিক্ষা সংক্রান্ত বিষয়কে রাজনীতির উর্ধে বিবেচনা করবেন এটা আমার প্রত্যাশা। কিন্তু মাঝে মাঝে অর্গানাইজড টিচাররা আন্দোলন করেন, দাবি-দাওয়া উপস্থিত করেন, আইন অমান্য আন্দোলন করেন এইসব দেখছি আর ভাবছি এই যে দেশের শিক্ষিত যুবক যারা স্কুল তৈরি করেছে এরা বিশেষ কোনও রাজনৈতিক দলের পতাকাবাহী, হয়ত বা তাকে সমর্থন করে, এই অপরাধে এদের সমস্ত প্রচেষ্টা ত্যাগ পরিশ্রম ব্যর্থ হবে এটাই কি সরকারি নীতি হতে পারে? এই প্রশ্ন আমি করব। প্রাথমিক স্কুলগুলির কথা শুধু নয়, প্রাথমিক শিক্ষকদের অবস্থাটা আজকে বর্ণনা করে মাননীয় শিক্ষা মন্ত্রীকে বলতে হবে না। কারণ, মাত্র কয়েকদিন আগে হাজার হাজার প্রাথমিক শিক্ষক এসেছেন এসপ্ল্যানেড ইস্টে, আইন অমান্য করেছেন, তাঁদের দাবি-দাওয়া বহুবার মন্ত্রী মহাশয়ের কাছে পেশ করেছেন, অনেক আলোচনা করেছেন, কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় তাঁদের কথায় কর্ণপাত করেননি। শেষ পর্যন্ত বাধ্য হয়ে শিক্ষকরা আইন অমান্য করেছেন, হাজার হাজার শিক্ষক গ্রেপ্তার বরণ করেছেন, এটা নিশ্চয়ই আশার কথা উৎসাহের কথা নয়, সরকারি কৃতিত্বের পরিচায়ক নয়। আমি একথা আপনাদের কাছে বিশেষ করে বলতে চাই অনেক প্রাথমিক স্কুলে অনেক শিক্ষক স্বীকৃত, সরকার তাঁদের পরিত্যাগ করেন নি, কিন্তু তাঁরা মাসের পর মাস মাইনে পান না। মাননীয় স্পিকার মহাশয়, আমি বিস্ময়ের সঙ্গে ক্ষোভের সঙ্গে আপনাকে জানাতে চাই যে এই বিধান সভায় ২ বছর আগে হিংগল গঞ্জের কয়েকটি প্রাথমিক শিক্ষক কয়েক মাস বেতন পান নি এই অভিযোগ এনেছিলাম, মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন জানিয়ে ছিলাম আমার সংবাদ হিংগলগঞ্জের বহু শিক্ষক আজ তাঁদের বেতন পান নি। তাঁরা

শিক্ষকতা করবেন, আপনারা স্বীকার করে নেবেন অথচ তাঁরা বেতন পাবেন না এটা নিশ্চয়ই কোন সরকারের কাছে কেউ কামনা করেন না, প্রত্যাশাও করেন না। তাই আপনাদের কাছে বলব এই ধরনের যে অবস্থা চলছে এই অবস্থার প্রতিকার করবেন। নিঃসন্দেহে পরিবর্তন আনবেন যদি শিক্ষা জগতে পরিবর্তন চান, শিক্ষাকে যদি কার্যকরি করে তুলতে হয় তাহলে এটা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকারের দ্বিতীয় বহু ঘোষিত প্রতিশ্রুতি শিক্ষা নীতির গণতন্ত্রীকরণ। কিন্তু গণতন্ত্রীকরণ কিভাবে চলছে তা তো আমরা দেখছি। বোর্ডের গণতন্ত্রীকরণ হয়েছে? বিদ্যালয়গুলির পরিচালক সমিতির গণতন্ত্রীকরণ হয়েছে? কোথাও ইলেকশনের মাধ্যমে নতুন নতুন কমিটি নির্বাচিত হয়ে তাঁরা স্কুল কলেজ পরিচালনা করতে পারছেন? অধিকাংশ পুরানো কমিটি চলছে, নতুন কমিটি বাধাপ্রাপ্ত হচ্ছে, অনেক জায়গায় অ্যাডমিনিস্ট্রেটর বসিয়েছেন, কোনও কোনও ক্ষেত্রে অধিগ্রহণের সুযোগ নিয়েছেন, কিন্তু গণতন্ত্রীকরণ যাকে বলে সেই প্রয়াস আপনাদের মধ্যে দেখতে পাচ্ছি না।

[4-00—4-10P.M.]

একটু আগে মাননীয় সদস্য রজনী দোলুই একজন বিশিষ্ট শ্রদ্ধেয়া মহিলার বিশেষ নিযুক্তির কথা বললেন। এই ভদ্রমহিলার প্রতি নিশ্চয়ই আমার কোনও বিরূপভাব নেই, আমি তাঁকে শ্রদ্ধাই করি। শিক্ষা আন্দোলনে তাঁর অবদান প্রচুর এবং দীর্ঘকালধরে তিনি এই ব্যাপারে নেতৃত্ব দিয়েছেন। তিনি ওই পদের অযোগ্য একথা আমি বলবনা। আমার বক্তব্য হচ্ছে কোন পদ্ধতিতে আপনারা তাঁকে নিযুক্ত করেছেন, কোন পদ্ধতিতে আপনারা তাঁকে এমন একটা উচ্চ আসনে বসিয়েছেন? ডাঃ গাঙ্গুলী চলে যাবেন আপনারা তা জানেন, তিনি এক্সটেনশনে ছিলেন। কাজেই আপনারা কাগজে বিজ্ঞাপন দিয়ে যেরকম নিয়ম আছে, যে রকম রীতিনীতি আছে সেই অনুযায়ী ওই পদে নিযুক্ত করতে পারতেন। কিন্তু আপনারা চেষ্টা করেন নি। আপনারা এই যে বসিয়ে দেবার নীতি গ্রহণ করেছেন, এবং হঠাৎ টেলিফোন করে কাউকে তাড়িয়ে দেওয়া-- যেমন এডুকেশন বোর্ডের চেয়ারম্যানের ক্ষেত্রে করেছেন-- এই যে নীতি গ্রহণ করেছেন এটা গণতন্ত্র সম্মত নীতি নয়, এটা গণতন্ত্রীকরণের পরিপন্থি। আমি মনে করি আপনারা যদি বিদ্যালয়, মহা বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে একটা সুষ্ঠ কাঠামো, গণতান্ত্রিক কাঠামো সৃষ্টি করতে পারেন তবেই সত্যিকারের শিক্ষা ব্যবস্থা পরিচালনা করা সম্ভব। আপনারা দলবাজি করে, চিৎকার করে কাউকে বসিয়ে দিতে পারেন কিন্তু তাতে শিক্ষার উন্নতি হবেনা। আপনারা যে সমস্ত বিদ্যালয়, মহা বিদ্যালয় অধিগ্রহণ করেছে সেখানে যে আপনারা শুধু গণতন্ত্র ফিরিয়ে দেননি তা নয়, এই যে অধিগ্রহণ করেছেন সেখানে অরাজকতা, অনিশ্চয়তা চলছে এবং দুর্নীতি প্রশ্রয় পাচ্ছে। এই ব্যাপারে আমি আপনার কাছে মেলা নাম বলবনা। কিছুদিন আগে শম্ভুবাবু ইন্ডিয়ান কলেজ অব আর্টস অ্যান্ড ক্রাফ্টস অধিগ্রহণ করেছেন এবং এখানে বসে তিনি বলেছিলেন, অনেক দুর্নীতি দূর করার জন্য, অনেক জঞ্জাল পরিষ্কার করবার জন্য এটাকে আমরা অধিগ্রহণ করছি। আমি শম্ভুবাবুকে সবিনয়ে বলছি, সেটা এখন কিভাবে চলছে সেই খবর তিনি রাখেন কি ? আপনারা নেবার পর সেটা উন্নতির পথে যাচ্ছে, না অবনতির পথে যাচ্ছে? সেখান থেকে দুর্নীতি চলে গেছে না সেখানে দুর্নীতির বান ডেকে গেছে? আমি আশাকরি আপনি এগুলি দেখবেন। তারপর, আর একটা মহাবিদ্যালয় কিছুদিন আগে অধিগ্রহণ করা হল এবং তার নাম হচ্ছে নেতাজি

নগর মহাবিদ্যালয়। এর সঙ্গে আপনাদের একজন মন্ত্রীও জড়িত আছেন। সেখানে যা চলছে সেকথা আমি পরে বলব। তবে এটুকু বলছি সেটা ঠিকমতো চলছেনা, সেখানে শান্তি নেই, সেখানে শিক্ষা ব্যবস্থা নেই, শিক্ষার পরিবেশ সেখানে নেই, পঠন পাঠনের পরিবেশ সেখানে নেই। আপনাদের অধিগ্রহণের আর একটা ঘটনা বলছি। শৈলেন্দ্র সরকার বিদ্যালয় উত্তর কলিকাতার একটা বিশিষ্ট বিদ্যালয়। সরকার এটাকে অধিগ্রহণ করবার সিদ্ধান্ত করলেন এবং এই সিদ্ধান্ত তারা নিয়েছেন ১৯৭৮ সালের সেপ্টেম্বর মাসে। কিন্তু আজ ১৯৭৯ সালের সেপ্টেম্বর মাস চলে যাচ্ছে তবুও সেটা অধিগ্রহণ করা হলনা। তাঁদের জানিয়ে দেওয়া হয়েছে, তোমাদের স্কুল অধিগ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছি। কিন্তু আমরা দেখছি এই ১৯৭৯ সালেও সেটা অধিগ্রহণ করা হলনা।

অতএব আজকে সেখানে শিক্ষক পরিষদ, ছাত্রমন্ডলী, সমস্ত কিছু একটা অনিশ্চিত পরিস্থিতির মধ্যে আছে। ন দেবায়ঃ ন ধর্মায়ঃ, জানিনা তাঁরা কোথায় কাজ করেন, কিভাবে কাজ করেন, কে তাঁদের বেতন দেবে এবং আমার কাছে তাঁরা রিপোর্টা করেছেন অনেক শিক্ষক চার মাস — পাঁচ মাস করে বেতন পাননা এবং তাঁরা আমাদের কাছে বলেছেন যে সেখানে পঠন পাঠন ব্যবস্থা সম্পূণ বিপর্যস্ত কারণ পরিচালক মন্ডলী দায়িত্ব নিচ্ছেন না কারণ অধিগ্রহণের সিদ্ধান্ত হয়ে গিয়েছে। আবার সরকারও অধিগ্রহণ করছেন না। অতএব তাঁরা কোথায় আছেন কেউ জানেন না। কেন বিলম্ব করছেন, বাধা কোথায়? আমি যতদূর শুনেছি একটা নারায়ণের মন্দির নিয়ে না কি বাধা হয়েছিল। কিন্তু সেই বাধা তাঁরা দূর করেছেন, মন্দির পার্টিশন হয়ে গিয়েছে, স্কুল থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়েছে, তথাপি অধিগ্রহণ করছেননা, শিক্ষকরা বেতন পাচ্ছেননা, উদ্বৃত্ত ভাতা পাচ্ছেননা, কিছু পাচ্ছেননা। আর সর্বোপরি পঠন পাঠন ব্যবস্থা বিপর্যস্ত। এই অবস্থায় আপনাদের শিক্ষা ব্যবস্থা নীতি ঠিকমতো চলছে এ বলতে গেলে যেমন চতুর কণ্ঠের প্রয়োজন হয় সেই চতুর কণ্ঠ আমার নেই। তাই আমি নিশ্চয়ই আপনাদের সমালোচনা করব এইখানে এবং সঙ্গে সঙ্গে আমি আপনাদের কাছে আর একটা কথা বলব, বিশেষ করে একটা কলেজের কথা, শম্ভু বাবু শুনবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দয়া করে একটু সময় দেবেন, আমার ধারণা আমার সময় সম্পূর্ণ হয়নি। কলেজ আজকে একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে সেই সমস্যা এই যে, নতুন নিয়ম চালু হওয়ার পরে, পে প্যাকেট সিসটেম চালু হওয়ার পরে এবং কলেজের সংগৃহীত অর্থের শতকরা ৭৫ ভাগ সরকার গ্রহণ করবার পরে আজকে যে সামান্য টাকা কলেজের কাছে থাকে সেই টাকায় অতীতের দেনা শোধ করা সম্ভব নয়, নতুন ব্যয়ভার গ্রহণ করাও আদৌ সম্ভব নয়। অথচ একজন শিক্ষকের প্রয়োজনীয়তা দেখা দিলে, কোনও শিক্ষক দীর্ঘকালের ছুটি নিলে, কোনও শিক্ষক মহাবিদ্যালয় পরিত্যাগ করে চলে গেলে, এমন কি সাবস্টানটিভ পোস্ট, এখানেও যদি আজকে কোনও অধ্যাপক নিযুক্ত করতে চান, সরকারকে জানান এই পদ শূন্য, আমরা অধ্যাপক নিযুক্ত করব, তার উত্তর দেননা। ১০ বার-- ১২ বার রিমাইন্ডার দিয়েছি তবু উত্তর নেই। বোধহয় বিবেচনা করছেন, ভাবছেন রাইটার্স বিল্ডিং দেব কি দেবনা, দেওয়া যায় কি যায়না টাকা তো অত সহজে দেবার বস্তু নয় তাই ভাবছেন। এদিকে ক্লাস হয়না, ছেলেরা উত্তাল আন্দোলন করে, প্রিন্সিপাল ঘেরাও হন, প্রফেসররা ঘেরাও হন এবং ছাত্র অধ্যাপকের মধ্যে একটা ওপেন কনফ্রন্টেশন আজকে অনেক মহাবিদ্যালয় যে তৈরি হচ্ছে কিন্তু প্রশ্ন শুধু এই ক্লাস করা যাচ্ছেনা কারণ অধ্যাপক নিয়োগের অনুমতি সরকার দিচ্ছেননা,

কারণ টাকা তাঁরা দেবেন, কলেজের কাছে টাকা নেই। এই যে গাফিলতি, শম্বুক গতি, ধীরে ধীরে কাজ করার যে পদ্ধতি, এই পদ্ধতির মধ্যে দিয়ে আজ শিক্ষার নাভিঃশ্বাস উঠেছে বলে আমি মনে করি। এতকাল লাল ফিতা শুনেছিলাম কিন্তু শিক্ষা জগতে এখন যে ফিতে কাজ করছে তার রং যে কতটা লাল আমি নিজেও তা কখনো স্থির করতে পারছিনা কিন্তু ঐ লাল ফিতের দাপটে কলেজগুলি চালানো অসম্ভব হয়ে উঠেছে। অথচ শিক্ষক ছাত্রর মধ্যে সম্পর্ক তাতে আজকে খুন্ন হচ্ছে, মাঝে মাঝে সংঘর্ষ দেখা দিচ্ছে যা আদৌ অভিপ্রেত নয়। কিন্তু এই অনাভিপ্রেত অভিজ্ঞতার জন্য কলেজের দায়িত্ব কতখানি, সরকারের দায়িত্ব কতখানি বিচার করবেন। অথচ দেখুন এই শম্বুক গতি সরকার কত দ্রুত গতি, অশ্বগতি লাভ করেন বিশেষ ক্ষেত্রে তারই দৃষ্টান্ত দেব। নেতাজিনগর মহাবিদ্যালয়ের নাম বলেছিলাম, বিশিষ্ট মন্ত্রীর স্নেহপুষ্ট কর্তৃত্বাধীন এই মহাবিদ্যালয়, সেখানে অল্প দিনের মধ্যেই ২১জন অধ্যাপক নিযুক্ত হয়েছেন। সেখানে কিন্তু কোনও ভাবছি, ভাববো, দেখছি, এই সব কথা রাইটার্স বিল্ডিং বিচার করেননি। ওখানে ঢালাও নিয়োগ, ঢালাও টাকা, কারণ ওখানে ঐ পরিবেশ। আর আমাদের যাদের মন্ত্রী নেই—আমি জানিনা অন্য কোনও কলেজে মন্ত্রীরা আছেন কিনা বা তাঁদের কি হয়, আমাদের একটা নিয়োগের অনুমতি পেতে অন্ততঃ ৬মাস-৮মাস, কখনো কখনো এক বৎসর অপেক্ষা করতে হয়। বহু চিঠি লিখে, বহু পয়সা ব্যয় করে হয়ত অনুমতি মেলে।

[4-10 — 4-20 P.M.]

এই পরিস্থিতিটা চলছে—একে যদি অরাজকতা না বলেন, অনিশ্চয়তা না বলেন, খুব তৎপরতা বলেন, আমি ভাষায়ও জ্ঞান রাখি না, আমি শিখে নেব নূতন করে, তাতে আপত্তি নেই। আমি আর একটা কথা আপনাদের কাছে বলব। কতকগুলো কলেজে এই সরকার অধ্যক্ষকে নানাভাবে সাসপেন্ড করেছেন। কি কারণে প্রকাশ্যে জানা যায় নি; কারণ নিশ্চয়ই তৈরি করা হয়েছে বলে আশঙ্কা করা হচ্ছে, সন্দেহ করা হচ্ছে। কারণ এইগুলো রাজনৈতিক সংশ্লিষ্ট। কারণ মনে করা যায় এর পিছনে রাজনীতি কাজ করেছে, তাঁরা দলীয় রাজনীতির শিকার হয়েছে। এই অধ্যক্ষরা হলেন, কাকদ্বীপের শ্রী জগন্নাথ জানা, শিলিগুড়ি কলেজের অধ্যক্ষ ডঃ এস.দাস। এরা সাসপেন্ড হয়েছেন কেন জানি না। নেতাজি নগর কলেজের অধ্যক্ষের কথা বলব না। কারণ কোর্টে মামলা চলছে। সাব জুডিস তা নিয়ে আলোচনা করব না। (**শ্রী শম্ভুচরণ ঘোষ :** উনি হেরে গেছেন)। আর একটা কোর্টে তিনি অ্যাপীল করেছেন, হেরে যান নি। আপনি একটু খবর নিন শম্ভুবাবু। আবার মামলা চলছে। কাজেই সাব জুডিস কেস নিয়ে আমি আজকে আলোচনা করব না। কিছু কিছু এমনি ঘটনা চলছে। অপরাধী সাজা পাবেন, অন্যায় কেউ করলে সাজা পাবেন, তা নিয়ে ওকালতি কেউ করবে না। কিন্তু রাজনৈতিক কারণে কোনও অধ্যক্ষ সাসপেন্ড হলে নিশ্চয় সরকারকে আমি বাহবা দেব না, প্রশংসা করব না। আর একটা মাত্র কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয় বলে, আমি আমার বক্তব্য শেষ করব। ভাষা নীতিগত কথা এই প্রস্তাবে মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দোলুই মহাশয় রেখেছেন। আমি বেশি কথা বলব না। মাত্র একটা কথা বলব, সেটা এই, ভাষা সম্বন্ধে এই সরকারের নীতি, অবশ্য সরকারের নীতি এসেছে পরোক্ষভাবে কোথাও বোর্ডের ঘোষণার মধ্য দিয়ে, কোথাওবা ইউনিভার্সিটির বর্তমান নমিনেটেড কাউন্সিলের ঘোষণার মধ্য দিয়ে। কিন্তু কার্যকরি হয়েছে সেই ঘোষণা অনুসারে আমাদের কাছে ইস্তাহার এসেছে, আমাদের কাছে

গভর্নমেন্ট অর্ডার এসেছে। কাজেই আমরা মনে করে নিতে পারি, এইগুলো সরকারি নীতি। আমি প্রাইমারি সেকশনে যাব না, কিন্তু আমি বলতে চাইব, মাধ্যমিক স্তরে যে সংস্কৃতিকে ঐচ্ছিক করে দিয়েছেন, এটা মারাত্মক ভুল হয়েছে—এটা আমি মনে করি। কারণ আমি মনে করি আমাদের দেশের ছেলেরা মাধ্যমিক শিক্ষা স্তর পর্যন্ত যদি সংস্কৃত না জানে, সে সংস্কৃত শুধু ভারতবর্ষের প্রাচীনতম ভাষা নয়, পৃথিবীর প্রাচীনতম ভাষা নয়, যে সংস্কৃতি কেবলমাত্র দর্শণ, বিজ্ঞান, সাহিত্যে সম্পদ ভাষা নয়। যে সংস্কৃতি আমাদের দেশের সমস্ত ভাষার জননী, আমাদের বঙ্গ ভাষার জননী, তার সঙ্গে যদি আমাদের দেশের ছেলেমেয়েদের কিছুকাল যাবত একটা পরিচয় ঘটিয়ে দেওয়ার ব্যবস্থা শিক্ষা ব্যবস্থায় না রাখেন, যদি ঐচ্ছিক করে দেন, কেউ পড়ল, কেউ পড়ল না—তার মধ্য দিয়ে নিশ্চয় সরকার দায়িত্বমানের পরিচয় দেবেন না। কাজেই আমি মনে করি, সংস্কৃত সম্বন্ধে নীতি পুনর্বিবেচনা হওয়া আবশ্যক । সঙ্গে সঙ্গে আমার বক্তব্য, স্নাতক স্তরে আজকে বাংলা এবং ইংরাজীকে ঐচ্ছিক করার পরিকল্পনা আপনারা করেছে । অথচ সঙ্গে সঙ্গে বলছেন, মাতৃভাষার মাধ্যমে আপনারা সমস্ত শিক্ষা দেবেন। বাংলা ভাষা, বাংলা সাহিত্য, ইংরাজী ভাষা, ঈংরাজী সাহিত্য স্নাতক স্তর থেকে তুলে দিলেন, ঐচ্ছিক করলেন। মাঝে মাঝে বলেন, ঐচ্ছিক করেছি, বাংলা, ইংরাজীকেও ঐচ্ছিক করেছি, তেমনি আমরা পলিটিক্যাল সায়েন্সকে ঐচ্ছিক করেছি, হিসট্রিকে ঐচ্ছিক করেছি, কেউ নেয় না? নেয়, কিন্তু যে নেওয়াটা দরকার এবং জাতির পক্ষে যেটা অপরিহার্য, শিক্ষিত মানুষ যা না হলে শিক্ষিত হতে পারে না, তার বেলাতে এই ঐচ্ছিক ছাড়পত্র দেওয়া যায় না। এই প্রশ্নটাই আজকে আমি হাউসের সামনে রাখতে চাইছি। আমি মনে করি, কোনও স্নাতক স্নাতক হতে পারে না, যদি সে বাংলা ভাষা, ইংরাজী ভাষা না পড়ে । প্রশ্নটা আমি আরও বেশি করে বাংলা ভাষার উপরে রাখছি এবং ভাষা কথাটা একটু বিভ্রান্তিকরভাবে পরিবেশন করা হচ্ছে। আসলে স্নাতক স্তরে যা পড়ানো হয়, তা ভাষা নয়, ভাষা অল্প থাকে । ভাষায় প্রকাশিত হয় নিশ্চয়ই, কিন্তু ভাষা সম্বন্ধীয় নয়, তা কিন্তু সাহিত্য সম্বন্ধীয়। একটা ছেলে গ্র্যাজুয়েট হবে, রবীন্দ্রনাথ নাও পড়তে পারে, নজরুল নাও পড়তে পারে, আপনাদের কথায় বলি সুকান্ত নাও পড়তে পারে, বাংলা সাহিত্য জানল না অথচ স্নাতক, গ্র্যাজুয়েট হওয়ার চাইতে লজ্জার কিছু নেই। আমি মনে করি এই যে নীতি ইংরেজী এবং বাংলাকে ঐচ্ছিক করার নীতি শিক্ষা জগতে বিপর্যয় আনবে। ভাবী শিক্ষিত সমাজের কাছে একদিন এর জন্য এই সরকারকে হয়ত জবাবদিহী করতে হবে। এই বলে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য এখানে রাখছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দোলুই যে প্রস্তাব এনেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারণে যে, তিনি সত্য কথাই লিখেছেন এবং বলবার সময়েও বলেছেন পশ্চিম বাংলায় বর্তমানে অরাজকতা, দলবাজি, অস্থিরতা প্রবলভাবে দেখা দিয়েছে। প্রথমে আমার এলাকার একটা উদাহরণ দিয়ে শুরু করতে চাইছি, তা থেকে স্পষ্ট হবে যে শিক্ষা জগতে বর্তমানে ধারায় কি রকম দলবাজি চলবার প্রবণতা দেখা দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় একটা জুনিয়ার হাই স্কুল আছে, নব পল্লী জুনিয়ার হাই স্কুল। সেটাকে হাই স্কুলে পরিণত করবার জন্য আবেদন করি স্কুলের কর্তৃপক্ষ এবং আমরা, বহুদিন ধরেই করে আসছি। এবারে গত দুই বছরে যে কোটা গিয়েছে জেলায়, তা থেকে হওয়ার কথা। কিন্তু

শুনলাম—দুর্ভাগ্যের বিষয় যে সেখানকার এম.এল.এ. সি.পি.এম. নয়, কংগ্রেসের, অর্থাৎ আমি, আরও দুর্ভাগ্যের বিষয় যে ঐ বিদ্যালয়ে একজন জুনিয়ার শিক্ষক আছেন শ্রী মহম্মদ অরাদুল্লা, তিনি পঞ্চায়েত সমিতির সভাপতি এবং সেই পঞ্চায়েত সমিতি কংগ্রেসের দখলে আছে, এই স্কুলের শিক্ষকবৃন্দ যখন কর্তৃপক্ষের কাছে গিয়ে আবেদন জানাল যে এই স্কুলকে অনুমোদন দেবার জন্য, তখন বলা হল আগে আপনারা আপনাদের এম.এল.এ.-কে পাল্টান, আর দ্বিতীয় নম্বর হচ্ছে আপনারা এই সভাপতিকে স্কুল থেকে তাড়িয়ে দেন, তারপরে আমরা দেখব স্কুলকে অ্যাপ্রুভ করা যায় কিনা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষা জগতে এই যদি চলতে থাকে, তাহলে আপনি সহজেই বুঝতে পারেন শিক্ষা গিয়ে কোথায় পৌঁছেছে এবং ছাত্ররা কতদূর শিক্ষালাভ করে জীবনে প্রতিষ্ঠিত হতে পারবে। এখন এই সংগ্রবে যে অরাজকতা এবং নৈরাজ্য সৃষ্টি হয়েছে এর বহু দৃষ্টান্ত, গত দু বছর ধরে বিভিন্ন বিধানসভার সদস্য আমাদের তরফ থেকে এবং বিভিন্ন দলের তরফ থেকে আমরা এনেছি এবং আমরা দেখেছি যে সেই এই দিকটার বা সেই অভিযোগের সুরাহা করার কোনও প্রচেষ্টা সরকারের নাই। যখন মধ্যশিক্ষা পর্ষদে এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পরিচালকমন্ডলীকে অত্যন্ত অগণতান্ত্রিকভাবে সরিয়ে দিয়ে, সেখানে একটা নমিনেটেড বডি তৈরি করেছিলেন তখন বিভিন্ন জায়গা থেকে, বিভিন্ন শিক্ষাব্রতীদের তরফ থেকে, বিধানসভার সদস্যাদের থেকেও তো নিশ্চয়ই, একটা প্রতিবাদের ঝড় উঠেছিল এবং আমরা অনেকে আশা করেছিলাম এটা একটা সাময়িক ব্যবস্থা এবং শিক্ষা পরিচালনার ক্ষেত্রে নির্বাচক মন্ডলী সৃষ্টি করবেন এই সরকার। কিন্তু দুঃখের বিষয় দেখলাম প্রায় দুবছর গত হতে চলল, এখনও সেই রকম কোনও প্রচেষ্টা এই সরকারের পক্ষ থেকে দেখছিনা। আপনি বা আপনারা নির্বাচনে বিশ্বাস করেন আপনারা গণতন্ত্রে বিশ্বাস করেন এবং আপনারা প্রায়শ পঞ্চায়েত নির্বাচনই হোক পার্লামেন্ট নির্বাচনই হোক কিংবা স্কুলে কলেজে নির্বাচনই হোক, সেই অবস্থায় আপনারা বুক ফুলিয়ে বলেন, কিন্তু এখানে আপনারা একটা অ্যাড হক বডি করে কেন রাখলেন, নির্বাচন করতে দিচ্ছেন না, এই প্রশ্ন আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে কি করতে পারি না?

[4-20 — 4-30 P.M.]

কাজেই আপনাদের আমি অনুরোধ করব, আপনারা মধ্যশিক্ষা পর্ষদ এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যে সমস্ত অ্যাডহক পরিচালকমন্ডলী করে রেখেছেন সেগুলি পাল্টাবার জন্য যথা শীঘ্র সম্ভব ব্যবস্থা করুন। শুধু যে মধ্যশিক্ষা পর্ষদ বা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এটা আমারা দেখছি তাই নয়, পশ্চিমবাংলায় বহু স্কুল এবং কলেজে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডিকে উৎখাত করে সেখানে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে। লক্ষ্মীবাবু মণীন্দ্র স্কুলের কথা বলবার জন্য বলছিলেন আমি সে স্কুলের কথা এবারে বলছি। পাইকপাড়ার সেই মণীন্দ্র স্কুলে আমরা স্পেশ্যাল কনস্টিটিউশন দাবি করেছিলাম এবং বহুদিন থেকে তা পেয়েও আসছিলাম। তার কারণ, আমরা আমাদের পারিবারিক সম্পত্তি দান করে সেখানে একটা ট্রাস্ট গঠন করেছিলাম এবং তাতে কনডিশন ছিল সেখানে ট্রাস্ট বডি থেকে তিনজন স্কুলের ম্যানেজিং কমিটিতে থাকবেন এবং তাঁর একজন সভাপতি হবেন—এই কনডিশনে ট্রাস্ট করা হয়েছিল। আমরা বহু লেখালেখি করেছি মধ্যশিক্ষা পর্ষদের কাছে এ সম্পর্কে কিন্তু তার কোনও উত্তর পাওয়া যায়নি। তাপর যখন হাইকোর্ট থেকে নির্দেশ দেওয়া হল, আপনারা জানান আপানারা

দেবেন কি দেবেন না তখন অনেক পরে মধ্যশিক্ষা পর্ষদ থেকে উত্তর এল, আমরা দয়া করে একটা দিতে পারি এবং তারমধ্যে থেকে প্রেসিডেন্ট যে হবেন এমন কথা নেই—প্রেসিডেন্ট হবেন না। (**ভয়েস ঃ** ঠিকই বলেছে)। আপনারা যদি বলেন একে ঠিকই বলেছে তাহলে বুঝব গণতন্ত্র আপনারা মানেন না। যেভাবে ট্রাস্ট করা হয়েছিল সেই ট্রাস্টের কন্ডিশন আপনারা মানছন না। এ জিনিস হতে পারে না। যা বহুদিন ধরে চলে আসছে, যা হওয়া উচিত সেগুলি আপনারা মানছেন না। আপনারা সুবিধা মতন নিছক দলবাজি করে যাচ্ছেন, যা ইচ্ছা তাই করে যাচ্ছেন যেহেতু আপনাদের এখানে সংখ্যাগরিষ্ঠতা আছে। (**শ্রী লক্ষীচরণ সেন ঃ** মণীন্দ্র স্কুলে কতদিন নির্বাচন হয়নি?)। ইলেকশন হবে কি করে? যতক্ষণ পর্যান্ত না তারা জানাচ্ছেন স্পেশ্যাল কনস্টিটিউশন হবে কি হবে না ততক্ষণ পর্যন্ত নির্বাচন হতে পারে না। যতক্ষণ পর্যন্ত না মধ্যশিক্ষা জানাচ্ছেন সেখানে স্পেশল কনস্টিটিউশন হচ্ছে কিনা, কোন কোন ক্যাটাগরি থেকে কতজন প্রতিনিধি সেই স্কুলে নির্বাচিত হবেন ততক্ষণ পর্যন্ত হতে পারে না। আমরা বহুবার মধ্যশিক্ষা পর্যদকে লিখেছি কিন্তু তার উত্তর পাই না। তারপর কোর্ট থেকে যখন নির্দেশ এল তোমরা দেবে কিনা জানাও তারা যা জানালেন সেটা তো আমি আগেই বলেছি। এর বিরুদ্ধেও কোর্টে কেস চলেছে সুতরাং এখন এর চেয়ে বেশি আমি আর কিছু বলতে চাই না। তারপর আর একটা মাদ্রাসার কথা শুনলাম, বীরেনবাবু বলছিলেন, তাঁদের মালদহ জেলায় নিড়লা সোলিমানিয়া হাই মাদ্রাসা সেখানে একটা ভ্যালিড ম্যানেজিং কমিটি থাকা সত্ত্বেও অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করার পরিকল্পনা হয়েছে বা হচ্ছে। কাজেই স্যার, এরকম একটা/দুটো নয় ভুরি ভুরি নিদর্শন আপনার মাধ্যমে আমরা এই সভায় পেশ করতে পারি এবং এর আগে এই বিধানসভাতে আমরা তা পেশও করেছি। যাইহোক আমি আর সেসব এখন পেশ করে সময় নষ্ট করতে চাই না তবে এই প্রসঙ্গে শুধু এটুকুই বলতে চাই যে, এর থেকে একটা প্রবণতা এই সরকারের দেখা যাচ্ছে, যে যেখানে তাঁদের নির্বাচিত কমিটি নেই বা সেই নির্বাচিত কমিটিতে তঁদের প্রতিনিধির সংখ্যা বেশি নয়, অধিক নয় সেগুলিতে যেন তেন প্রকারেণ বাতিল করে হয় সেখানে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হচ্ছে কিম্বা দলীয় কোনও লোককে সেখানে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করে সেই স্কুল বা কলেজকে কবজা করার প্রচেষ্টা এরা করছেন। যতশীঘ্র তাঁদের এই মত পরিবর্তন তাঁরা করবেন, তাঁদের এই ধরনের কাজ থেকে তাঁরা সরে আসবেন ততই আমি মনে করি শিক্ষা জগতে সত্যিকারের শান্তিশৃঙ্খলা ফিরে আসবে এবং শিক্ষকরা ও ছাত্রছাত্রীরা সত্যিকারের শিক্ষা লাভে আগ্রহী হবেন। আজকে আমরা দেখছি, প্রাথমিক শিক্ষা থেকে ইংরাজীকে বিদায় দেওয়া হয়েছে। এর ফল কি হবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ইংরাজীর মাধ্যমে যারা পড়াশুনা করে তারা তা ঠিকই পড়বে। বীরেনবাবুর ছেলে কি জ্যোতিবাবুর ছেলে বা ঐ ধরনের যারা আছে তারা ঠিকই পড়াশুনা করবে ইংরাজী স্কুলে কারণ, ইংরাজী মিডিয়াম স্কুল তাঁরা উঠিয়ে দিচ্ছেন না। কিন্তু সাধারণ গ্রাম বাংলার ছেলেরা যারা এমনিতেই পিছিয়ে থাকে সাধারণ চাকুরির ক্ষেত্রে তারা যখন শহরে আসে তারা পেছপাও হয়ে পড়ে শহরের ছেলেদের সঙ্গে পারে না। কারণ শহরের ছেলেরা কিছু কিছু ইংরাজী শেখার সুযোগ পায়। এখন এই ব্যবস্থা যদি করা হয় তাহলে তারা আরও পিছিয়ে যাবে। শহরের ছেলেদের সঙ্গে গ্রাম বাংলার ছেলেরা পেরে উঠবে না। যেটুকু চাকুরি পাবার সুযোগ এখনও পর্যন্ত আছে ভবিষ্যতে তা নির্মূল হয়ে যাবে। আমি জানি না ইংরাজী উঠিয়ে দিয়ে এই বামফ্রন্ট সরকার

কি ধরনের কার্যসূচি গ্রহণ করেছেন। আমি আশ্চর্য হয়ে গেছি এই কথা শুনে যে ইংরাজী পাঠ্যসূচি প্রাথমিক ও মাধ্যমিক স্তর থেকে উঠিয়ে দিয়ে নূতন পাঠ্যসূচি রচনা করা হবে এবং যে পাঠ্যসূচির মাধ্যমে শেখানো হবে মার্কসিজমের চিন্তাধারা ছাড়া পশ্চিমবাংলায় তথা ভারতবর্ষে কিছুই হবেনা এই ধরনের পরিকল্পনা নাকি তারা করেছেন। তার ফলে পশ্চিমবাংলার ছাত্রছাত্রীদের কতখানি উন্নতি হবে তা আমি জানি না। তবে এটা ঠিক যে যে শিক্ষা ব্যবস্থা এখনও চালু আছে সেই শিক্ষা ব্যবস্থার মাধ্যমে যদি সত্যিকারের পঠন-পাঠন ব্যবস্থা যেমন হওয়া উচিত সেই রকম যদি হয় তাহলে শিক্ষা ক্ষেত্রে পশ্চিমবাংলার যথেষ্ট উন্নতি হতে পারে এবং এর মাধ্যমে পশ্চিমবাংলার বহু মানুষ ভারতবর্ষের বহু উচ্চ আসন গ্রহণ করেছে। সুতরাং পাঠ্যসূচি পাল্টালেই যে খুব একটা পরিবর্তন হবে তা আমি মনে করি না। আপনারা বলেছিলেন যে মাধ্যমিক শিক্ষা পর্ষদ, এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় অধিগ্রহণ করবার কারণ সেখানে পরীক্ষা ঠিকমতো হয় না, এবং ফল প্রকাশে প্রচন্ড বিলম্ব হয়। সেইজন্য সেই দুরবস্থাকে সেই অব্যবস্থাকে দূর করবার জন্য অধিগ্রহণ করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যেসব নমিনেটেড কাউন্সিল হয়েছে তারা কি ঠিকমতো সময়ে পরীক্ষা অনুষ্ঠিত করতে পারছে? ফল কি সময় মতো বেরোয়। কখনই বেরোয় না। সেই আগের মতই যেমন ট্যাবুলেটররা নম্বর দিতে ভুল করত এখনও সেই একই জিনিস হচ্ছে। পরীক্ষায় টোকাটুকি এমন পর্যায়ে পৌছেছে তা না বলাই ভাল। আমি জানি যারা আইন পরীক্ষা দিয়েছিল গত বছরের পরীক্ষা এ বছর হল তার ফল যেটা প্রকাশিত হয়েছে এবং কেমনভাবে সেই ফল প্রকাশ পেয়েছে তাও আমরা জানি। এই আইন পরীক্ষায় কিভাবে টোকাটুকি হয়েছে তাও সকলেই জানেন। কিন্তু সেই পরীক্ষা বাতিল করেন নি। কারণ এ টোকাটুকি আপনারা বন্ধ করতে পারবেন না।

**শ্রী নির্মল বসু :** আগে যে রকম হত এখন তার চেয়ে অনেক কম।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** নির্মলবাবু বলছেন কমেছে। কিন্তু আমরা জানি মোটেই কমেনি বরং আরও বেড়েছে। আপনারা বিভিন্ন বাজেট বক্তৃতায় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে প্রত্যেক গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করবেন। প্রত্যেক বছর ১ হাজার করে বিদ্যালয় স্থাপন করবেন। কিন্তু সেই বিদ্যালয় স্থাপন করা হয় নি। আমি জানি আমার এলাকায় একটিও প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয় নি এবং হবার সম্ভাবনা আছে কিনা জানি না। মুর্শিদাবাদ জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ ব্যাপারে একটি প্যানেল করবার জন্য ইনটারভিউ করা হল। সেখানে সি.পি.এম. অফিস থেকে একটি করে চিরকুট কারও কারও হাতে ধরিয়ে দেওয়া হল। সেই চিরকুট বের করে দেখে সেই ইনটারভিউ বোর্ড তার রোল নাম্বার দেখে তাকে ঠিক মিলিয়ে নিয়ে তাকে নেওয়া হচ্ছে। প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এই যদি অবস্থা চলে তাহলে শিক্ষা ব্যবস্থা কোথায় গিয়ে পৌছাবে তা আপনারা সহজেই বুঝতে পারছেন। তাই রজনীবাবু যে প্রস্তাব এনেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা সমস্যার উপর যে

প্রস্তাব এসেছে, এই শিক্ষা সমস্যার ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষাক্ষেত্রে দুর্নীতি, দলবাজি এসবের যে অভিযোগ তার আমি পুনরাবৃত্তি করতে চাইনা। কারণ কংগ্রেস সরকারের আমলে যে রকম ছিল আড্ডা সেটা অব্যাহত গতিতে চলছে এবং শুধু চলছে নয়, নূতন গতিবেগ সঞ্চারিত হয়েছে। শিক্ষার গণতন্ত্রের উপর আঘাত আনা হয়েছে এটা ঠিক । কিন্তু এর থেকে যেটা মারাত্মক কথা—আজকে এই সব অভিযোগ আমরা এই হাউসে অনেকবার তুলেছি, আজকে জনসাধারণের কাছে এই বিষয়টা পরিষ্কার। কিন্তু এই জিনিসটা পরিষ্কার নয়, এই জিনিসটা আর মারাত্মক যে বামফ্রন্ট সরকার শিক্ষা নীতির ক্ষেত্রে কতগুলি মৌলিক নীতি গ্রহণ করেছেন—যেমন তাদের ভাষা নীতি, এই ভাষানীতির সুদূরপ্রসারী পরিণতি কি সেটা আমি বিবেচনার জন্য রাখব। বামফ্রন্ট সরকার ক্লাস ৫ পর্যন্ত ইংরাজী শিক্ষা তুলে দিচ্ছেন। তাঁরা ডিগ্রিস্তরের ইংরাজী, বাংলাকে ঐচ্ছিক করছেন। এর ফলে এই ভাষানীতির পরিণতি অত্যন্ত মারাত্মক । বাস্তবিক পক্ষে আমাদের দেশের মনিষীরা যেমন রাজা রামমোহন রায়, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় প্রভৃতি তীব্র সংগ্রামের মধ্যে দিয়ে যে শিক্ষা নীতির ভিত্তি স্থাপন করেছিলেন, আজকে এই শিক্ষা নীতি চালু হবার ফলে আগামী দিনে এর সুদূরপ্রসারী পরিণতি দেখা দেবে এবং এর ফলে ভবিষ্যতে শিক্ষিত বলতে, শিক্ষার জ্ঞানবিজ্ঞান—এর পরিবেশ বলে কিছু থাকবে কি না সেই সম্পর্কে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। বামফ্রন্ট সরকার ইংরাজী তুলে দেবার যে নীতি গ্রহণ করেছেন সে ক্ষেত্রে যে যুক্তির অবতারণা করেছেন সেটা মোটামুটি ভাবে হচ্ছে যে মাতৃভাষার মাধ্যমে সর্বস্তরে শিক্ষা দিতে হবে এবং সে জন্য ইংরাজী তুলে দিতে চাইছেন। ভাবটা এই রকম যে ইংরাজী শিক্ষা থাকলে সেটা মাতৃভাষার সমৃদ্ধি, মাতৃভাষার বিকাশের ক্ষেত্রে, বাংলাভাষা বিকাশের ক্ষেত্রে অন্তরায় হবে। বাস্তবিক কি তাই? ইতিহাস কি তাই বলে? বাংলাভাষার সাহিত্য কি বলে? আমরা জানি যে বাংলাভাষা ইংরাজী ভাষার মতো একটা উচ্চ ভাষার সংস্পর্শে এসে সমৃদ্ধশালী হয়েছে। বাংলাভাষাকে যে আধুনিক বাংলাভাষা হিসাবে উন্নত করেছিলেন, যিনি এই উন্নত জায়গায় এনেছিলেন তিনি হচ্ছেন রাজা রামমোহন রায়। তিনি ইংরাজী শিক্ষায় শিক্ষিত ছিলেন। ইংরাজী ভাষার সংস্পর্শে এসে তিনি বাংলাভাষাকে উন্নত করতে পেরেছিলেন এবং তাকে এক আধুনিক ভাষায় উন্নত করেছিলেন, বিদ্যাসাগর মহাশয় তাকে এগিয়ে নিয়ে গিয়েছিলেন। রাজা রামমোহন রায়, বিদ্যাসাগর ছাড়াও অন্যান্য মনিষীরা যেমন রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, নজরুল ইত্যাদি এঁরাও ইংরাজী শিক্ষার প্রসারের জন্য চেষ্টা করেছিলেন। এখন একটা হচ্ছে যে বামফ্রন্ট সরকার যা বলার চেষ্টা করেছেন রবীন্দ্রনাথ মুখ দিয়ে যে রবীন্দ্রনাথ বলেছেন, বাংলা ভাষার মাধ্যমে, মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দিতে হবে। কিন্তু রবীন্দ্রনাথের একটা কথা প্রসঙ্গ থেকে আলাদা করে এই ভাবে রবীন্দ্রনাথের মাধ্যমে উল্লেখ করা এটা তাঁর বক্তব্যকে ভিন্ন করা হয়েছে। কারণ রবীন্দ্রনাথ ঠাকুর এমন কথা বলেন নি যে ইংরাজী ভাষাকে তুলে দিতে হবে। যেখানে মাতৃভাষার মাধ্যমে পরবর্তী স্তর পর্যন্ত শিক্ষা দেওয়া সম্ভব নয় সেখানে ইংরাজী ভাষাকে হঠাৎ তুলে দিয়ে শিক্ষার মানকে নিম্নগামী করা—এটা রবীন্দ্রনাথ কখনও চাননি এবং তার প্রমাণ স্বরূপ আমি একথা বলতে চাই যে 'শিক্ষার বাহন' বাংলার বিশ্ববিদ্যালয়ে ইংরাজী এবং বাংলাভাষার ধারা যদি গঙ্গা যমুনার মতো মিলিয়ে যায় তাহলে বাঙালি শিক্ষার্থীর পক্ষে এটা একটা তীর্থস্থান হবে। দুইটি স্রোত—সাদা এবং কালো রেখার বিভাগ থাকবে কিন্তু তারা একই ভাবে বহিয়া চলিবে। ইহাতে দেশের শিক্ষা যথার্থ বিস্তৃত

হইবে, গভীর হইবে এবং সত্য হইয়া উঠিবে। ফলে রবীন্দ্রনাথ এই কথা বলেননি। কিন্তু আজকে তাঁরা রবীন্দ্রনাথের মুখে গুঁজে দিয়ে এই ভাবে বিচ্ছিন্ন করে তাঁর মূল বক্তব্যটাকে জনসাধারণের সামনে রেখে জনসাধারণকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন তাঁদের কাজ হাসিল করবার জন্য। দ্বিতীয় প্রশ্ন, আজকে তাঁরা যে কথা বলছেন, ভাষাকে আর পাঁচটি বিষয়ের মতো আমরা তো ঐচ্ছিক করে দিয়েছি। ইচ্ছা করলে ছাত্র ছাত্রীরা পড়তে পারে। কিন্তু প্রশ্ন, ভাষা কি আর পাঁচটি বিষয়ের মতো এই রকম একটা সাধারণ বিষয়? ভাষা আমাদের চিন্তা ভাবনা, জ্ঞান, বিজ্ঞান চর্চার ভিত্তি। আমরা চিন্তা করি, ভাবি, ভাষার মাধ্যমে। আমাদের ভাবনা চিন্তাকে প্রকাশ করি ভাষার মাধ্যমে। তাই আমরা দেখেছি, জ্ঞান বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে সঙ্গে তাকে প্রকাশ করার জন্য ভাষার অগ্রগতি হয়েছে। তাই আমরা জানি যে উন্নত ভাষা, উন্নত চিন্তার বাহক । ফলে সেখানে যে কোন সাবজেক্টকে যদি আয়ত্ব করতে হয়, অর্থনীতিই বলুন, ইতিহাস বলুন, বিজ্ঞান বলুন, ভূগোল বলুন, যে কোনও সাবজেক্টকে যদি ভাল করে আয়ত্ব করতে হয় তাহলে ছাত্রছাত্রীদের ভাষার উপর দখল বাড়াতে হবে। যদি ভাষার উপর ভাল করে দখল না থাকে তাহলে কোনও বিষয়েই ভাল ভাবে আয়ত্ব করা যায় না। ফলে ভাষার সঙ্গে জ্ঞান বিজ্ঞানের সম্পর্ক ওতপ্রত ভাবে জড়িত । ভাষা পিছিয়ে আছে আর জ্ঞান বিজ্ঞান এগিয়ে যাচ্ছে, এই জিনিস হতে পারে না। ফলে এই যে ভাষা শিক্ষার গুরুত্ব বামফ্রন্ট সরকার আজকে দিচ্ছেন না, এর দ্বারা কার্য্যত তাঁরা জ্ঞান বিজ্ঞানের অগ্রগতির ক্ষেত্রে বাধা সৃষ্টি করছেন। শুধু তাই নয়, আজকে তাঁরা ডিগ্রি স্তরে যে ভাষা শিক্ষাক্রম আছে সেখান থেকে সাহিত্য পাঠ তাঁরা তুলে দিচ্ছেন। এর উদ্দেশ্য কি? সাহিত্য পাঠ তুলে দিয়ে তাঁরা আমাদের কাছ থেকে রবীন্দ্রনাথ, নজরুল, শরৎচন্দ্রকে কেড়ে নিচ্ছেন শেক্সপিয়ার, মিলটনকে। আমরা জানি, কেড়ে নিচ্ছেন মানবিক মূল্যবোধগুলোকে । কারণ আমরা জানি যে সাহিত্য শিক্ষার মধ্যে দিয়ে সমাজের বিভিন্ন মানবিক মূল্যবোধ, সুকুমার বৃত্তিগুলোকে আমরা আয়ত্ব করতে পারি। সাহিত্য পাঠ তুলে দেওয়ার অর্থ মানুষের কাছ থেকে মানবিক মূল্যবোধগুলো নিয়ে নেওয়া। ফলে এর পরিণতি অত্যন্ত মারাত্মক। আজকে তাঁরা ইংরাজী ভাষার ক্ষেত্রে যে নীতি গ্রহণ করেছেন তাতে ইংরাজী ভাষা জানা এবং না জানা, দুই শ্রেণীর নাগরিক সৃষ্টি করছেন। কেননা বিত্তশালী ঘরের ছেলেদের জন্য ইংরাজী ভাষা শেখার সুযোগ রেখে দিয়েছেন। ইংরাজী হঠাও এর শ্লোগান, এই শ্লোগান বামফ্রন্ট সরকার বা জ্যোতি বাবুরা প্রথম তোলেন নি, কাশী বাবুরা প্রথম তোলেননি, এই শ্লোগান উদ্যোক্তা প্রথম পন্ডিত জওহরলাল নেহেরু। যে নেহেরুজী নিজে তাঁর কন্যাকে, এমন কি ইন্দিরাগান্ধী তাঁর নিজের ছেলেদের বিলাতে লেখাপড়া শিখিয়েছেন, সিদ্ধার্থ বাবু এবং জ্যোতি বাবুর ইতিহাসও তাই। আর হালে আপনারা দেখেছেন সি.পি.এম.নেতা জ্যোতির্ময় বাবুর ছেলে বিলাতে লেখাপড়া শিখতে গেছে। তাঁদের ঘরের ছেলে মেয়েদের ইংরাজী শেখার সুযোগ সুবিধা থেকে গেল। ডাঃ বিধানচন্দ্র রায় যেমন বলতেন যে কমপাউন্ডারের ছেলে, তার আবার ডাক্তার হবার শখ কিসে? আজকাল প্রমোদ বাবুদেরও সেই বুলি। শ্রমিক, চাষী, তারা খবরের কাগজ পড়তে শিখলেই হল। বিধান বাবুর সঙ্গে এঁদের ভাষায় এক, শুধু কান্ডটা লাল। দ্বিতীয় কথা, তাঁরা আজকে একটা ইন্টার ডিসিপ্লিনারি স্কীম বলে আর একটা স্কীম নিয়ে আসছেন। সেটা আবার শুনছি মাঝখানে তুলে দেবেন। তার ক্ষেত্রেও, শিক্ষার ক্ষেত্রে যেটুকু সংগতি ছিল, সেইগুলোকে নষ্ট করে দেওয়ার চেষ্টা করছেন। কিন্তু আমার প্রশ্ন,

আজকে বামফ্রন্ট সরকার এই কাজগুলো করছেন, তাঁরা বুঝতে পারছেন না যে ইংরাজী শিক্ষা তুলে দেওয়ার মধ্যে দিয়ে ভাষা শিক্ষার গুরুত্ব হ্রাস করার মধ্যে দিয়ে সাহিত্য পাঠ তুলে দেওয়ার মধ্যে দিয়ে, এর কি মারাত্মক পরিণতি জ্ঞান বিজ্ঞানের ক্ষেত্রে ঘটবে, এটা তাঁরা বুঝতে পারছেন না। কিন্তু তাহলে করছেন কেন? করছেন একটা কারণে, এটা আজকে প্রয়োজন ভারতবর্ষের সংকটগ্রস্ত যে পুঁজিবাদ, সেই পুঁজিবাদের আজকে এটাই প্রয়োজন। পুঁজিবাদ আজকে চাইছে জ্ঞান বিজ্ঞানের চর্চাকে মারতে চিন্তা ভাবনাকে মারতে চাইছে। মনুয্যত্ব, বিবেককে মারতে চাইছে। এই ভাবে জ্ঞান বিজ্ঞানের চর্চাকে মারার মধ্যে দিয়ে মানুয গড়ার প্রক্রীয়াকে মেরে দিয়ে তারা ফ্যাসিবাদের রাস্তাকে প্রশস্ত করতে চাইছেন। তাঁরা অন্ধ অনুগত্য, অন্ধ কুসংস্কারাচ্ছন্ন মানসিকতা, তার আধ্যাত্ম, কুসংস্কার, ধর্মমুডতা, এই সমস্ত জিনিসগুলোকে তারা নিয়ে আসতে চাইছেন। এর মধ্যে দিয়ে তাঁরা জ্ঞান বিজ্ঞানের চর্চাকে মারতে চাইছেন। তাঁরা যুক্তিবাদী মনকে মারতে চাইছেন। এ কোন রাস্তা তাঁরা নিচ্ছেন? তাঁরা গোটা শিক্ষা ব্যবস্থাকে কেমন করে ঢেলে সাজাতে চাইছেন? ইতিহাসের দিকে তাকালে আমরা দেখতে পাচ্ছি যে, জামর্নীতে হিটলার এই পদ্ধতি গ্রহণ করেছিল। হিটলার জামর্নীর শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাতে চেয়েছিল। যে জার্মান দেশে একদিন হেগেলের মতো মনীষীকে জন্ম দিয়েছিল, মার্কস-এর মত মহান দার্শনিককে জন্ম দিয়েছিল, আইনস্টাইনের মতো মনীষীকে জন্ম দিয়েছিল, সেই রকম জ্ঞান বিজ্ঞান সুসভ্য একটা জাতিকে হিটলার মেরে দিয়েছিল, গোটা চিন্তা ভাবনাকে পাল্টে জ্ঞান বিজ্ঞানের চর্চাকে মেরে দিয়েছিল। আজকে আমাদের এখানে বামফ্রন্ট সরকার সেই ভাবে শিক্ষা ব্যবস্থা গ্রহণ করছে। এর মধ্যে দিয়ে তাঁরা উন্নত চিন্তা ভাবনার সুযোগকে মেরে দিচ্ছেন। উন্নত ভাযা চর্চাকে মেরে দিয়ে, ইংরাজী ভাযার মতো উন্নত ভাযাকে মেরে দিয়ে, ভাষা শিক্ষার গুরুত্বকে হ্রাস করে উন্নত চিন্তা ভাবনার সুযোগ বন্ধ করে দিচ্ছেন। যদি উন্নত চিন্তা ভাবনার চর্চাকে মেরে দেওয়া যায় তাহলে উন্নত চিন্তা ভাবনার ভেতর দিয়ে যে উন্নত সংস্কৃতি গড়ে ওঠে সেই সংস্কৃতির রাস্তাও বন্ধ হয়ে যাবে। আজকে এই সরকার সেই জায়গায় হাত দিচ্ছেন, এর পরিণতি অত্যন্ত মারাত্মক। তাই আমি বলব যে, জ্ঞান বিজ্ঞানের ওপরে কুঠারাঘাত করাই হচ্ছে বামফ্রন্ট সরকারের শিক্ষা নীতি এবং এর দ্বারা মনুষত্বের ওপর সর্বাত্মক আঘাত হানা হচ্ছে। আমাদের খাদ্য সমস্যা আছে, মূল্য বৃদ্ধির সমস্যা আছে, হাজার সমস্যা আছে এবং এই সমস্ত সমস্যার জন্য আমাদের আন্দোলন করতে হবে, একথা ঠিক। কিন্তু এই সমস্ত সমস্যার সমাধান করবে কারা, লড়বে কারা? যে মানুষের মনুষত্ব আছে, বিবেক আছে, যে চরিত্র নিয়ে দাঁড়াতে পারবে। আজকে এই সরকার শিক্ষার উদ্দেশ্য পাল্টে দিতে চাইছেন। বিবেকানন্দ কি বলেছিলেন? তিনি বলেছিলেন, শিক্ষার উদ্দেশ্য শুধু পাশ করা নয়, ডিগ্রি পেলেই শিক্ষিত হওয়া যায় না। যে শিক্ষা চরিত্র দেয় না, বিবেক দেয় না, সে শিক্ষা কি শিক্ষা? আজকে আপনাদের শিক্ষার নীতির ফলে যে শিক্ষা মানুষ পাবে তাতে আপনারা মনুষত্ব বিবেককে মারতে চাইছেন এবং শিক্ষার নামে একদল কারিগর, মিস্ত্রী করতে যাচ্ছেন গোটা সমাজকে একটা যন্ত্রে পরিণত করতে চাইছেন। চিন্তার ক্ষেত্রে যান্ত্রিক রেজিমেনটেশন অফ পাওয়ার নিয়ে আসছেন এবং তার দ্বারা পুঁজিবাদের হাতকে শক্তিশালী করে ফ্যাসিবাদের হাতকে শক্তিশালী করতে যাচ্ছেন।

[4-40 — 4-50 P.M.]

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভার সদস্য শ্রী রজনীকান্ত দোলুই যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি। প্রস্তাবটি উত্থাপন করতে গিয়ে মাননীয় সদস্য রজনীবাবু এবং অন্যান্য বক্তারা যেসব তথ্যগত ভুল কথা এখানে উত্থাপন করেছেন আমি তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু আমি সেগুলি বিস্তারিতভাবে বলছি না। বিশেষ বিশেষ যে বিষয়গুলি আপনার সামনে রাখা হয়েছে সেগুলি সম্পর্কে দু' একটি কথা বলব।

প্রথমেই আমি বামপন্থী ফ্রন্টের শিক্ষা নীতির যে গুরুত্ব পূর্ণ এবং গণতান্ত্রিক দিকগুলি আছে সেই দিকগুলি সম্পর্কে দু' একটি কথা বলব, কারণ সেগুলি নিয়ে আলোচনা করার দরকার আছে।

প্রথমত এখানে যেকথা বলা হয়েছে—যে কথা আগেও বিরোধী সদস্যারা বলেছেন যে, পশ্চিমবাংলায় বামপন্থী ফ্রন্ট সরকার আসার পর অগণতান্ত্রিক উপায়ে এবং রাজনৈতিক কারণে শিক্ষা প্রতিষ্ঠানগুলির যে পরিচালন কমিটি ছিল তাদের উৎখাত করছে। আমি ওঁদের বলছি যে, পশ্চিমবাংলায় এই রকম কোনও ঘটনা বামপন্থী ফ্রন্টকে সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ঘটেনি এবং একথা খুব জোরের সঙ্গে বলা যায়। আমি বিগত কোনও একটি সুযোগে এখানে এই সভায় সংখ্যা তথ্য দিয়ে বলেছিলাম যে, প্রায় ৮,০০০ মাধ্যমিক বিদ্যালয় আছে পশ্চিমবাংলায় এবং তার মধ্যে মাত্র ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ের যে পরিচালক কমিটি বা ম্যানেজিং কমিটি ছিল তাদের সুপারসিড করা হয়েছে। অর্থাৎ সেই কমিটির কার্যকালের মধ্যেই তাদের কার্যকাল বন্ধ করে দিয়ে সেখানে অ্যাডমিনিস্ট্রেটর দেওয়া হয়েছে বা প্রশাসক দেওয়া হয়েছে। এই ৩০-টি ক্ষেত্রে কমিটিগুলির বিরুদ্ধে কোনও গুরুতর তহবিল তছরূপ ও অনুরূপ অভিযোগ থাকার ফলেই ঐরূপ সিদ্ধান্ত সরকারকে নিতে হয়েছিল এবং কমিটির দোষ-ত্রুটি প্রমাণিত হয়েছে। অবশ্য বহু ক্ষেত্রে পরবর্তী পর্যায়ে মামলা ইত্যাদি করা হয়েছে। এর মধ্যে সুপারসেশনের কথা আমাদের বিরুদ্ধে আছে। যারা জানেন তাঁরা জেনে নিন। কোনও স্কুল বা কলেজের যারা ম্যানেজমেন্টে আছে বেশিরভাগ ক্ষেত্রে দেখা যায় ঐসব কমিটির জীবনকাল শেষ হয়ে যাওয়ার পরেও সেই সব কমিটি পরিচলনা করেন। তখন নতুন নির্বাচিত কমিটি জানার জন্য অ্যাডমিনিস্ট্রেটর বা প্রশাসক নিয়োগ করা হয় ২ বছরের জন্য। এই কথাটা বারে বারে বলা সত্ত্বেও বোঝাতে পারিনি সেইজন্য আমি দুঃখিত। কিন্তু তাঁরা জানেন না বা বোঝেন না যে সুপারসেশন এবং অ্যাডমিনিস্ট্রেটর অ্যাপয়েন্টমেন্ট এক জিনিস নয়। সুপারসেশন করতে হয় বিশেষ কারণে। রাজনৈতিক কারণে নয়। অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ বহু কলেজে এবং স্কুলে করা হয়েছে যে সমস্ত স্কুল এবং কলেজের কমিটিগুলির জীবনকাল শেষ হয়ে গেছে। ৩ নম্বর কথা হচ্ছে, বিগত ২ বছরের ভিতর যেসব বিদ্যালয়ে অ্যাডমিনিস্ট্রেটর বা প্রশাসক নিয়োগ করা হয়েছে তার বেশিরভাগ ক্ষেত্রেই ইতিমধ্যে নির্বাচন হয়ে গেছে, নতুন কমিটি কাজ শুরু করেছে এবং সেখান থেকে অ্যাডমিনিস্ট্রেটর ফিরে এসেছেন। কিন্তু কিছু বিদ্যালয়ে এখনও কাজ করছেন। ৮ হাজার স্কুলের মধ্যে প্রায় ৪০০/৫০০ স্কুলে সাময়িকভাবে অ্যাডমিনিস্ট্রেটর কাজ করছেন এবং তাদের মধ্যে বেশিরভাগ লোকই সরকারি ব্যক্তি—নন ম্যাট্রিক কোনও ব্যক্তি নেই—ওনারা জানেন না তাই এইসব কথা বলেছেন—তাঁরা হচ্ছে সরকারি আধিকারিক ২।১ জন ব্যক্তি বাদ দিয়ে যাই হোক, এটা

আমাদের সমস্যা নয়, আমাদের সমস্যা হচ্ছে কিছু ম্যানেজিং কমিটি আছে- যেমন উল্লেখ করা হল মনীন্দ্র স্কুল—তাঁরা দীর্ঘকাল ধরে আছে এবং তাঁরা কমিটির ইলেকশন হতে দেবে না—এইটাই হচ্ছে সমস্যা। তাদের অজুহাত হচ্ছে, আমরা ট্রাস্ট, আমরা স্কুল করলাম অতএব আমাদের মনোমতো কমিটি চিরদিন থাকবে। নতুন বোর্ড এসে বলতে পারবে না সাধারণ নিয়মে যে স্কুলগুলি চলে সেই নিয়মে নির্বাচন করুন। তাদের যুক্তি আমরা টাকা-পয়সা, জমি-জমা প্রভৃতি দিলাম অতএব আমরা থাকব না কেন? আমরা বললাম ডলার হিসাবে ২।১ জন মেম্বার থাকুন কিন্তু তাঁরা এই যুক্তি মানবে না। এই ধরনের যে প্রতিষ্ঠানগুলি আছে—কি স্কুলের ক্ষেত্রে, কি কলেজের ক্ষেত্রে সমস্ত প্রতিষ্ঠানই এই ধরনের স্পেশ্যাল কনস্টিটিউশন চান, বিশেষ সংবিধান চান। এটা বেশীরভাগ ক্ষেত্রে হচ্ছে এবং বিরোধী দলের যারা আছেন বেশিরভাগ ক্ষেত্রেই তাঁরা এইসব ব্যাপারে যুক্ত হন—সুতরাং এটা হচ্ছে আমাদের সমস্যা। সুতরাং গণতন্ত্রীকরণ করতে হলে আপনারা বসে এটা ঠিক করুন। ১৩।১৪।১৫ বছর ধরে যে সব কমিটি আঁকড়ে ধরে আছে তাদের ক্ষেত্রে আপনারা সিদ্ধান্ত করে নির্বাচন করে দিন এবং তা করে দিলে গণতন্ত্রিকরণের সুবিধা হয়। এখানে বলা হচ্ছে বোর্ডে হায়ার সেকেন্ডারি কাউন্সিলে কি রকম অ্যাডমিনিস্ট্রেটর বসালেন? কিভাবে আমরা বসালাম আপনারা জানেন, এই সম্পর্কে আমরা বিধানসভায় বিগত দিনে বিবৃতি দিয়েছি যে, এটা আইন আছে, নিয়ম আছে, রীতি আছে এবং সেই অনুসারেই করা হয়েছে এবং করার প্রয়োজন ছিল, করে ভাল হয়েছে। পশ্চিমবাংলায় যে সমস্ত পরীক্ষাগুলি হচ্ছে তার ঠিক সময়ে রেজাল্ট বেরুচ্ছে, ঠিক সময়ে স্কুল কমিটির ইলেকশন হচ্ছে, নতুন নির্বাচিত কমিটি স্কুল পরিচালনা করছেন, নতুন করে স্কুল রেকগনিশন দেওয়া হচ্ছে, মাস্টার মহাশয়দের অনেক রকম ব্যাপার ছিল এবং তারা অ্যাপিল করবার পর তার ফয়সালা করা হচ্ছে, শিক্ষক এবং কর্ম্মচারিদের অনেক জায়গা থেকে বিতাড়িত করা হয়েছিল, তাদেরকে গুণগত ক্ষেত্রে পুনর্নিয়োগ করা হয়েছে, যেসব স্কুলে জোর করে ব্যক্তিদের তাড়িয়ে দিয়েছিলেন—ঐসব কংগ্রেসিরা আগেকার দিনে বিতাড়িত করেছিলেন—আমরা তাদেরকে পুনর্নিয়োগ করেছি। কংগ্রেসি বা অন্যায়ভাবে যাদের নিযুক্ত করেছিলেন—আমরা কিন্তু তাদেরকে রেখে দিয়েছি। এইরকমভাবে আমরা চলেছি। যারফলে পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে ছাত্র এবং শিক্ষকদের মধ্যে সাধারণভাবে একটা দারুণ আস্থির ভাব প্রকাশিত হচ্ছে। স্কুলে মোটামুটি অনেক ভাল পড়াশুনা হচ্ছে। আগে যেমন নানা রকম জিনিস হত, যেমন স্কুলে পরীক্ষা না হওয়া, পরীক্ষা হলে পরীক্ষা না দিয়ে টোকাটুকি করা এই সমস্ত জিনিস এখন পশ্চিমবাংলার ছেলেমেয়ে ভুলে গেছে। এতে এখন কংগ্রেসিদের খুব খারাপ লাগলেও আমাদের কিছু করার নেই। একজন অত্যন্ত প্রবীণ সুপন্ডিত ব্যক্তি বললেন আপনারা অ্যাডভার্টাইজ করে হায়ার সেকেন্ডারি কাউন্সিলের প্রেসিডেন্টকে নির্বাচিত করলেন না কেন? ঐরকমভাবে কি কোনও দিন হয়েছে, আপনারা কোনওদিন করেছেন? নির্বাচনের পদ্ধতি আছে সরকারি নিয়ম আছে সেই অনুযায়ী করতে হবে। তুচ্ছ কথা বলে কোনও লাভ নেই। সুতরাং যাঁরা যাঁরা আপত্তি তুলেছেন তাঁদের আপত্তি গণতন্ত্রীকরণের আপত্তি। কংগ্রেস দলের লোকেরা যদি আজকে বলে প্রাইমারি স্কুলের অ্যাডহক কমিটি করেছেন সেটা অগণতান্ত্রিক। তাহলে অমি কি বলতে পারি? কংগ্রেস আমলে তখনকার দিনের যে বোর্ড ছিল তাকে সুপারসিড করে বলা হল ডি.আই.অফ স্কুলের যে অ্যাডমিনিস্ট্রেটর থাকবে এবং তাঁকে পরামর্শ দেবার জন্য একটা কমিটি থাকবে। আমরা যেখানে পূর্ণ ক্ষমতা সম্পন্ন

বোর্ড তৈরি করেছি, প্রাইমারি এডুকেশনের বিষয়কে নিয়ে কমিটি করা হয়েছে, তাতে যতগুলি রাজনৈতিক দলের লোক আছেন, যাঁরা এখানে উপস্থিত আছেন তাঁরা বলতে পারবেন না যে তাঁদের বাদ দিয়ে করা হয়েছে। কংগ্রেস দলের বা অন্য কোনও দলের কাকেও আমরা না নিতে পারতাম, কিন্তু আমরা সাবইকে সব দলের এম.এল.এ.কে স্থান দিয়েছি। যাঁদের আমরা কমিটিতে নিয়েছি তাঁদের সঙ্গে পরামর্শ করে কাজ চলছে। কিন্তু এটা কি করে আসছে যে এখানে বামপন্থী দল যারা সারা পশ্চিমবঙ্গে বিপুলভাবে নির্বাচিত হয়েছে সেখানে কি করে কংগ্রেস দলকে মেজরিটি দেওয়া যেতে পারে। কেউ এটা কোনও দিন দিয়েছে, গণতন্ত্রের এই কনসেপ্টে আমি বিশ্বাস করিনা। একজন বললেন প্রাইমারি টিচার্সদের প্যানেলের ব্যাপারে আমি যতগুলি জেলায় গিয়েছি সেখানে গিয়ে দেখেছি—আমার জেলায় বাঁকুড়ায়, নর্থবেঙ্গল যেখানে যেখানে গিয়েছি সেখানে শুনেছি সকলে সর্বসম্মতিক্রমে বলেছেন যে আপনারা যে প্যানেল তৈরি করার পদ্ধতি ঠিক করেছেন, এটা ঠিকই হয়েছে। সকলেই আমাকে বলেছেন যে এতে বলার কিছু নেই, খুব ভাল প্যানেল হয়েছে। কিন্তু তবুও তাঁরা একথা বলছেন কেমন করে? বিধানসভায় কথা উঠেছে সেটা কাগজে সংবাদ বেরোবে। আর একজন বললেন যে অর্গানাইজ টিচার্সরা অনেকদিন ধরে আত্মত্যাগ করছেন, বিগত যাঁদের আমলে এটা শুরু হয়েছিল হুজুগটা, তাঁরা তো এটা সম্বন্ধে কিছু করতে পারলেন না। এটা একটা অ্যানারকি। এটা একটা অরাজকতার সৃষ্টি করে দিয়েছি। কিছু অর্গানাইজার টিচারদের মধ্যে সত্যই স্কুল হবে কিনা এই নিয়ে ঝগড়া, বিবাদ এই সমস্ত হচ্ছে। তাঁরা অর্গানাইজ টিচার্সদের কোটা ঠিকমতো ইউটিলাইজ করেন নি, এবং তাঁরাই বলেছিলেন অর্গানাইজ টিচার্স আর নেওয়া যাবে না, সেই কোটা আমরা ইউটিলাইজ করেছি। তাদের অনেক কাজ আমরা করেছি। এক হাজার থেকে বারশো স্কুল হচ্ছে, ১৯৮০ সালে জানুয়ারি মাস থেকে ১২০০ স্কুল করার কাজে আমরা হাত দোব। চালু না হওয়ার একটাই কারণ, কোনও না কোনও কোর্টে মামলা চলছে, যেদিন জজসাহেব রায় দেবেন, যেদিন মুক্তি হবে সেদিন থেকেই সমস্ত স্কুল চালু হয়ে যাবে।

[4-50 — 5-00 P.M.]

এক হাজার যে করার কথা ছিল তারমধ্যে বহু স্কুল প্রায় সমস্ত জেলায় চালু হয়ে গেছে এবং সাধারণ ভাবে আদালতের আদেশে অনেক ব্যাপারে বাধা আছে বলে সব জায়গায় এক্ষুনি হতে পাচ্ছে না। প্রাইমারি টিচার এবং স্কুল কর্মচারিদের অবস্থা খুব খারাপ এই সম্বন্ধে এখানে বলা হল। কংগ্রেস আমলে স্কুল কলেজে যারা পড়াতেন বা যারা কর্মচারী ছিলেন তাদের কি ভাবে ৩য় ও ৪র্থ শ্রেণীর নাগরিক হিসাবে দেখা হত তা সকলেই জানেন। তাদের চাকরি থাকবে কিনা—পে স্কেল কি হবে না হবে—সরকারি কর্মচারিদের মতন তাদের পে কমিশনের আওতায় তারা নিতেন না। সরকারি কর্মচারিদের সঙ্গে স্কুল কর্মচারিদের মাহিনার ব্যাপারে তাদের মাইনা অনেক কম ছিল—সেইজন্য এই প্রথম এই সরকার শিক্ষক ও কর্মচারিদের ও সরকারি কর্মচারিদের এক জায়গায় জড় করে তাদের সকলকে পে কমিশানের আওতায় এনে একটা টোটাল পে ট্রাকটার করার জন্য বলে দিলেন। আমরা জোর করে বলতে পারি যে এই সরকারই তাদের ডি.এ. এক্স গ্রাসিয়া দিয়েছে এবং ৩০০ টাকা পর্যন্ত যে সমস্ত প্রাথমিক শিক্ষক ও কর্মচারিদের আয় তাদের স্পেশ্যাল সাময়িক অনুদান

দেওয়া হয়েছে দিয়ে যে বৃদ্ধি হয়েছে তার সঙ্গে বাড়তি মাহিনার অংশ হিসাবে সাহায্য দেওয়া হচ্ছে। শিক্ষকদের নানা রকম সুযোগ সুবিধা হিসাবে আমরা ছুটির নিয়ম প্রবর্তন করেছি। ৪ হাজার মাধ্যমিক স্কুলকে তাঁরা ঝুলিয়ে রেখেছিলেন। সেই সব স্কুল ২ বছরের মধ্যে আমরা অনুদানের আওতায় এনে দিয়েছি। রেকগনিশনের ব্যাপারে এখানে বলা হয়েছে অনেক স্কুলকে রেকগনাইজ করা হয়েছে যা ওঁরা করেন নি। আমরা স্কুল অনুমোদনের নূতন নিয়ম তৈরি করেছি। আমরা এই প্রথম একটা হিসাব বার করলাম যাতে দেখলাম কতগুলি জেলায় বাড়তি স্কুল আছে, আবার কতকগুলি জেলায় নেই। যেমন উত্তরবঙ্গে স্কুল নেই—মেদিনীপুর জেলায় মাধ্যমিক বিদ্যালয় তুলনামূলক ভাবে বেশি আছে। কিন্তু সেখানে প্রাথমিক বিদ্যালয় ১ হাজারের কম আছে। কংগ্রেস আমলের এই সব অবিচার আমরা বার করেছি। গণতান্ত্রিক মানে হায়ার সেকেন্ডারি কাউন্সিলে কে বসবেন সেটা বড় কথা নয়—আমাদের প্রথম কথা হচ্ছে সমস্ত জেলায় স্কুল আছে কিনা—সেটা দেখতে হবে এবং সে দিক থেকে এই সরকার অনেক নূতন নূতন পদক্ষেপ নিয়েছেন যাকে আমাদের দেশে-র লোক আশীর্বাদ হিসাবে গ্রহণ করছে। এর ফলে হচ্ছে প্রাথমিক-মাধ্যমিক এবং হায়ার সেকেন্ডারি স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এই ব্যবস্থাকে প্রত্যেক শিক্ষকই প্রশংসা করছেন। এর ফলে স্কুলে ছেলে মেয়েরা বেশি আসছে। প্রাথমিক স্কুলে খাবার দেওয়া হচ্ছে, জামা কাপড় দেওয়া হচ্ছে—ভবিষ্যতে এই ব্যবস্থাকে আর আমরা উন্নত করব। মাধ্যমিক বিদ্যালয়ে পড়াশুনা আমরা বিনা বেতনে করেছি। রজনীবাবু, এই কথা বললেন না কেন যে, এইজন্য পশ্চিম বাংলায় একটা ভীষণ অরাজকতা সৃষ্টি হয়েছে। কারণ অনেক ছেলে মেয়ে আজকে স্কুলে আসতে আরম্ভ করেছে। এই সরকার কতকগুলি সুদূর প্রসারী পদক্ষেপ নিয়েছেন। তিনি এই সব না বলে অরাজকতার কথা বলে হাল্কা সমালোচনা করেছেন। কিন্তু হালকা কথা নয়। আমরা যে সব ব্যবস্থা অবলম্বন করেছি তাতে সুদূর প্রতিফলন হবে এবং ভবিষ্যতে আর দৃঢ় হবে। হরিপদ বাবু শৈলেন সরকার বিদ্যালয়ের কথা বলে বললেন যে আজ পর্যন্ত এটা গ্রহন করা হল না এবং এই সরকারের বিরুদ্ধে অনেক চার্জ করলেন। আমি তাঁকে বলছি যে আপনারা যদি এইরূপ ধরনের কথা বলেন তাহলে আমাদের পক্ষে মুশকিল হয়। শৈলেন সরকার একটা ট্রাস্টি বোর্ডের তৈরি স্কুল, তারা আমাদের অফার দিলেন যে আমরা সমস্ত কিছু আপনাদের হাতে ছেড়ে দিতে চাই আপনারা নেবেন কিনা জানান। আমরা সরকার থেকে যখন নিতে যাচ্ছি তখন দেখলাম যে ঐ বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটা মন্দির আছে—যার ফলে তখন সেটাকে গ্রহণ করতে পারি নি—এবং বললাম মন্দিরটা আপনারা রেখে দেন—বাকি আমাদের দিয়ে দেন। তারপর তাঁরা নূতন ভাবে মাপজোপ করে রেজলিউশন করে আমাদের হাতে দিয়ে দিলেন। যদি এই রকম ভাবে কোনও স্কুলকে অধিগ্রহণ করতে হয় তাহলে আমরা রাজি আছি। এ বিষয়ে ট্রাস্টি বোর্ড এর প্রশংসা করা উচিত এবং সরকারেরও প্রশংসা করা উচিত যারা এই ভাবে সহযোগিতা করে স্কুলগুলি গ্রহণ করছেন। শিক্ষকদের আইন অমান্য করার কথা বলা হয়েছে। কোন শিক্ষক সংগঠন আইন অমান্য করছেন তা আমরা জানি। এই সংগঠনের নামে সংবাদ পত্রে রোজ খবর বের হচ্ছে। তাদের সঙ্গে আমরা প্রায়ই আলোচনা করি। তাঁরা যে সমস্ত দাবি দাওয়া দিয়েছেন তার উত্তরে একটা চিঠি দিয়ে তাঁদের জানিয়েছি যে আমরা বেশির ভাগই করেছি এবং করছি। আর কতকগুলি বিষয় সেগুলি পে কমিশনের বিষয়বস্তু বলে বর্তমানে কিছু করা যাবে না। তা সত্ত্বেও তাঁরা বলছেন যে আমরা

আইন অমান্য করব—কারণ এটা আমাদের ঠিক হয়েছে। কিন্তু পঃবাংলায় শিক্ষার ক্ষেত্রে অরাজকতা আছে—শিক্ষকদের উপর নির্যাতন করা হচ্ছে বলে কেউ আইন অমান্য করছেন না। তাঁদের সিদ্ধান্ত হয়েছে আইন অমান্য করতে হবে—সংবাদপত্রে খবর বের করতে হবে সেই হিসাবে তাঁরা আইন অমান্য করবেন। তাঁদের যে চিঠি দিয়েছি তার উত্তর আপনারা যদি চান তো দিয়ে দিতে পারি। সেইজন্য বলতে চাই আমাদের এই সরকারের শিক্ষা সংক্রান্ত নীতি হচ্ছে সাধারণ ভাবে সমস্ত মানুষের ব্যবস্থা খুলে রাখতে হবে। কিছু কায়েমী স্বার্থের লোকের সুবিধা যাতে না থাকে সেটা দেখতে হবে। নির্বাচিত প্রতিনিধিরা যাতে এর পরিচালন ব্যবস্থায় আসতে পারেন তার প্রচেষ্টা আমরা নিয়েছি। মাধ্যমিক বিদ্যালয়ে যে আইনগত ব্যবস্থা তার আমরা পুনর্বিন্যাস করেছি। কিন্তু প্রশ্ন হল এই কমিটিগুলো কি অগণতান্ত্রিক? এর উত্তরে আমি আগে বলেছি এবং আবার বলছি যে বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন, হায়ার সেকেন্ডারি কাউন্সিল অথবা অন্যান্য যে সমস্ত সংস্থায় যাঁদের আমরা নমিনেট করেছি তাদের কোন কাজটা অগণতান্ত্রিক হচ্ছে সেটা আপনারা বলুন।

[5-00 — 5-10 P.M.]

পরীক্ষা পরিচালনার ক্ষেত্রে, সার্টিফিকেট ঠিক সময়ে দেওয়ার ক্ষেত্রে, সমস্ত স্কুল যাতে একটা সাধারণ নিয়মে চলে, সমস্ত স্কুল যাতে একটা সাধারণ গ্রান্ট ইন এডের সুযোগ পায়, সমস্ত বিদ্যালয় যাতে গৃহ নির্মাণের একটা সাধারণ সুযোগ পায়, এই সুযোগগুলি যাতে ছেলেরা ব্যবহার করতে পারে তারজন্য জেলা পরিষদ পঞ্চায়েতের পরামর্শ গ্রহণ করে যাতে চলা যায়, এই যে ব্যবস্থাগুলি মধ্যে কোন কাজটা অগণতান্ত্রিক? কোন কাজটা বিরোধী দল, রাজনৈতিক দল বা সংগঠনের বিরুদ্ধে পরিচালনা করা হচ্ছে? একটা কাজও তাঁরা দেখাতে পারবেন না। সেদিক থেকে মূল যে নীতি গ্রহণ করা হয়েছে গণতন্ত্রীকরণ সেই নীতি অনুসারে আমরা এগিয়ে চলেছি। তার মানে এই নয় যে কোনও কিছু সমালোচনা করার নেই। সেই কাজগুলি ধরে ধরে সমালোচনা করুন যে আপনারা যে খাবার দিচ্ছেন এখানে অসুবিধা হচ্ছে, এই যে আপনারা প্রাইমারি স্কুল এত করতে চেয়েছেন সেগুলি করার ক্ষেত্রে এই অসুবিধাগুলি দুর করা যেত কিন্তু আপনারা করছেন না। সেগুলি আপনারা বলে দিন, আমরা করব। কিন্তু মূল ব্যাপারটাকে আক্রমণ করতে যাবেন না। কারণ, মূল ব্যাপারকে আক্রমন করলে আপনাদের সমর্থন করতে হবে একটা অগণতান্ত্রিক ব্যবস্থাকে, ৩০ বছর ধরে কংগ্রেসি আমলে যা জমে উঠেছিল তাকে সমর্থন করতে হবে। ভাষার ক্ষেত্রে একই কথা। এ সম্পর্কে আমার পরবর্তী বক্তা আর বিস্তারিতভাবে বলবেন। কিন্তু একটা কথা খুব পরিষ্কারভাবে আপনাদের বলে রাখতে হয় যে ভাষার ব্যাপারটা সি.পি.আই.(এম.)-এর সিদ্ধান্ত নয়, একটা দলের সিদ্ধান্ত নয় এটা আপনারা অনেকে জানেন না, এটা আপনাদের জানার দরকার আছে। এটা বামপন্থী ফ্রন্টের কয়েকটি দলের সিদ্ধান্ত নয় এটা আপনাদের জানার দরকার আছে। এখানে একজন বক্তা বলে গেলেন যে সংস্কৃতিকে কেন কম্পালসারি করা হচ্ছে না। একজন বললেন ইংরাজীকে প্রাথমিক স্তরে বাধ্যতামূলক কেন করা হচ্ছে না। ভাষা সম্পর্কে একটা বিজ্ঞান আছে, শিক্ষা সম্পর্কে একটা বিজ্ঞান আছে। পৃথিবীতে এই নিয়ে বহু পরীক্ষা-নিরীক্ষা হয়েছে, বহু জাতি এই গণতান্ত্রিক শিক্ষা ব্যবস্থার উপর ভিত্তি করে আমাদের থেকে অনেক এগিয়ে চলে গেছে। পৃথিবীর একটা সমাজতান্ত্রিক দেশ, স্বাধীন ধনতান্ত্রিক দেশের নাম

করুন যে দেশে প্রাথমিক স্তরে দুটো ভাষা পড়ানো হয়? বারে বারে একথা স্মরণে রাখতে হবে এটা হচ্ছে সেইসব দেশের কাছে প্রশ্ন যেসব দেশ এককালে বিদেশি সাম্রাজ্যবাদ শক্তির অধীনে ছিল। যেসব দেশ তা ছিল না বা যেসব দেশ স্বাধীন হয়ে গেছে সেইসব দেশের এটা প্রশ্ন নয় যে প্রাথমিক স্তরে মাতৃভাষা ছাড়া দ্বিতীয় ভাষা শেখানো হবে কিনা। এস.ইউ.সি. দলের একজন সদস্য এই নিয়ে বললেন, বহু জ্ঞান তাঁদের আছে, আমি তাঁদের কাছে প্রশ্ন করি মাতৃভাষার মাধ্যমে যদি ভিয়েতনামা লেখাপড়া শেখানো যায় তাহলে পশ্চিমবঙ্গে মাতৃভাষার মাধ্যমে যে জ্ঞান-বিজ্ঞানের জন্য উনি চিন্তিত সেই জ্ঞান-বিজ্ঞান শেখানো যাবে না কেন? এস.ইউ.সি. দলের ধারণা হল ইংরাজী বিদ্যার বাইরে কোনওদিন জ্ঞান-বিজ্ঞান শেখানো যেতে পারে না। কিন্তু তিনি জানেন না, পৃথিবীর সমস্ত দেশ যাঁরা উন্নতি করছেন, সোভিয়েত ইউনিয়নের কথা যদি ধরেন, গণতান্ত্রিক চিনের কথা যদি ধরেন, ধনতান্ত্রিক জাপানের কথা যদি ধরেন, যে কোনও দেশের কথা যদি ধরেন, তারা নিজেদের ভাষায় তাদের ছেলে-মেয়েদের শিক্ষিত করেছে এবং এখনও তারা আমাদের ভাষা জানে না অথচ তাদের কাছে আমরা অনেক জিনিস শিখছি। আমাদের দেশে সোভিয়েত কারিগর যাঁরা এসে কাজ করেন, জার্মানী কারিগর এসে কাজ করেন তাঁরা কেউ আমাদের ভাষা শিখে আসেন না, কিন্তু কাজ জানেন বলে সশ্রদ্ধ চিত্তে আমাদের দেশের লোকেরা তাঁদের কাছে সেই কাজটা শিখে নেন এবং আমরা তাঁদের কাছ থেকে লাভবান হই। সুতরাং ভাষাটা বাধা নয়, বাধা হচ্ছে শিক্ষার মূল ভিত্তিটা এই হবে কিনা যাতে জ্ঞান-বিজ্ঞান উন্নত হবে। ইংরাজী ভাষা তাদের শিখতে হবে তার কি মানে আছে? যে দেশের শতকরা ৭০ জন লোক স্বাক্ষর হতে পারল না, প্রাথমিক বিদ্যালয়ে ১/২ বছর বা ৬ মাস গিয়ে কি শিখল, তারপর প্রাথমিক বিদ্যালয়ের বাইরে গিয়ে ভুলে গেল, এই যে দেশের বাস্তবতা সেই দেশে গ্রামের ছেলেদের সমান সুযোগ দেওয়ার জন্য, লন্ডন স্কুল অব ইকনমিক্সে পাঠানোর জন্য ক্লাস ওয়ান থেকে ইংরাজী পড়াতে হবে, তা না হলে লেখাপড়া শেখার দরকার নেই, আমি মনে করি এটাই প্রতিক্রিয়াশীল একটা নীতি, ধারণা, এর বিরুদ্ধে সংগ্রাম করতে হবে। এটা কোনও একটা রাজনৈতিক দলের সিদ্ধান্ত নয়, ভারতবর্ষের সমস্ত গণতান্ত্রিক রাজনৈতিক দল যাঁরা আছেন, ভারতবর্ষের সমস্ত শিক্ষাবিদ যাঁরা আছেন দীর্ঘদিন ধরে এই প্রশ্নে তাঁরা একমত। আজকে আমরা কিছু দিনের একটা সিদ্ধান্তকে কার্যকরী করতে চলেছি। কেউ বলবেন না যে কোঠারী কমিশনে প্রমোদ বাবুর লোক ছিল। প্রায় প্রমোদ বাবুর কথা বলেন, জানেন না এই সব কথা, এইসব কথা জানার দরকার আছে, এইসব কথা দেশের লোকের কাছে বলার দরকার আছে। উনি বড় বড় মণিষীর নাম করলেন, বিবেকানন্দ, রবীন্দ্রনাথের নাম করলেন, আমাকে বলে দিন ভারতবর্ষের একজন মণিষীর কথা যিনি বলেছেন প্রাথমিক স্তরে দুটো ভাষা রাখতে হবে। প্রত্যেকে বলেছেন এতে জাতি কখনও দাঁড়াতে পারবে না। সেজন্য আপনাদের কাছে বলব যে ভাষার উপর বামপন্থী সরকার সমস্ত শিক্ষাবিদদের যে ঐকাবদ্ধ সিদ্ধান্ত সেই সিদ্ধান্তকে কার্যকরি করতে যাচ্ছে। এর যা তাৎপর্য সেটা আমাদের দেশের শ্রমজীবী মানুষের কাছে নিয়ে যেতে হবে। কিন্তু লেখাপড়া জানা আত্মাভিমানী মানুষের কাছে এইসব বোঝাতে অনেক সময় লাগবে।

[5-10 — 5-20 P.M.]

কিন্তু আমাদের প্রয়োজন হচ্ছে আমাদের যাঁরা কৃষিজীবী আছেন, আমাদের কারখানার মজুর আছেন, ঐ কুটিরশিল্পী আছেন, শহরে ও বিভিন্ন জায়গায় গ্রামে গঞ্জে তাদের যদি আমরা বুঝাতে পারি যে আপনাদের আমরা শিক্ষিত করতে চাই। আপনাদের অমূল্য সময় এই বিদ্যার জন্য যতটুকু দিতে পারবেন আমরা আপনাদের সন্তান সন্ততিকে আমরা আনব, সেই সময়টুকু তাদের রাখব। ততটুকু সময়ে তাকে যে জ্ঞান দেওয়া হবে, যে অভ্যাস দেওয়া হবে, তা যেন তার স্মৃতিতে থাকে, তা যেন তাদের চর্চায় থাকে, তা যেন তাদের পরিবেশের সঙ্গে মিল থাকে । যাঁর ইচ্ছা থাকে তিনি ফরাসী ভাষায় তার ছেলেকে সেই রকম স্কুলে পড়াতে পারেন কিন্তু আমাদের চিন্তা হচ্ছে অগনিত শ্রমজীবী মানুষের সন্তানদের জন্য বা তাদের সচেতন করতে পারব কিনা, কর্মদক্ষ করতে পারব কিনা, আত্মসচেতন করতে পারব কিনা, কথা বোঝা, চিন্তা করা, বিশ্লেষণ করার মতো কিছু তাদের মদত আমরা যোগাতে পারব কিনা, সেই ভাষা সংক্রান্ত নীতি অত্যন্ত সাহসের সঙ্গে আমাদের গ্রহণ করতে হবে, সাহসের সঙ্গে এগুতে হবে। সর্বসম্মত কোনওদিন হতে পারেনা। চিরদিন কোনও না কোনও দল বা গোষ্ঠী তারা বাধা দেবে। কি করে কংগ্রেসি দল এটা বাধা দেবেন আমরা জানিনা, কি করে জনতা দল এটা বাধা দেবেন আমরা জানিনা, এস.ইউ.সি. দল তারা না হয় সব সময় একটা আলাদা তথ্য হাজির করেন কিন্তু কংগ্রেসি দল, জানিনা, এই সব তো আমাদের কথা নয়, ভারতবর্ষের ট্র্যাডিশনে এই সব কথা রয়েছে। ভারতবর্ষের কংগ্রেস পরিচালিত রাজ্য সরকার তারা এই নীতি গ্রহণ করবার জন্য চেষ্টা করছেন, বাধা পেয়েছেন। ভারতবর্ষে যখন কেন্দ্রে জনতা দল সরকার তৈরি করলেন তাঁরা এই নীতির উপর আবার নূতন করে জোর দিলেন। কারণ তাঁরা বুঝতে পেরেছেন এটার দরকার আছে। জনতা দলের একজন বিরোধিতা করলেন, স্যান্সক্রিট কমপালসরি করতে হবে। হঠাৎ যার যা দরকার হল সেই ভাষাই নির্ধারিত হবে, না পৃথিবীতে যা গণতান্ত্রিক হিসাবে স্বীকৃত, ইউ.এন.এস. কো তাকে স্বীকার করেছে, সমস্ত পৃথিবীর সমস্ত গণতান্ত্রিক দেশ যেটাকে কার্যকরি করে ভবিষ্যত সন্তান সন্ততিদের শিক্ষিত করছে, বলিষ্ঠ আত্মমর্যাদায় জাতি সৃষ্টি করছে, আমরা কি এখনো পিছিয়ে থাকব? এ হতে পারেনা। সেইজন্য আমি বিরোধী পক্ষের সদস্যদের বলব, হ্যাঁ, নিশ্চয়ই ভুল বোঝাবুঝি হতে পারে, একটা নূতন বিষয় বুঝতে সময় লাগতে পারে কিন্তু সেই নূতন বিষয়টা বুঝতে হবে। যে ক'জন লেখাপড়া শেখার সুযোগ পেয়েছেন সেই ক'জনের মধ্যেই যদি চোখটা আবদ্ধ রাখা হয়, যা কিছু এতদিন ধরে চলে আসছে, ঐ ইংরাজী জানা লোকেরাই সর্বেসর্বা, তাঁরাই অফিসার হন, তাঁরাই জ্ঞান বিজ্ঞানকে কুক্ষিগত করে রেখেছেন। এই যদি চিরদিন স্থায়ী হবে বলে ধরে নেন তাহলে সমাজের পরিবর্তন আপনারা বিশ্বাস করেন না। অগনিত মানুষের সন্তানদের যদি আমরা সামান্যতম সুযোগ সুবিধা বৃদ্ধি করতে পারি তাহলে ভারতবর্ষের তথা বাংলাদেশের শিক্ষার গুণগত মান লাফিয়ে লাফিয়ে এগিয়ে চলবে, গুণগতভাবে পরিবর্তিত হবে একথা জোরের সঙ্গে, আত্ম বিশ্বাসের সঙ্গে বলা যায়। এই কারণে পাঠ্য বিষয়েও পরিবর্তন দরকার। শুধু বিদ্যালয় করলেই হবেনা, শুধু ছাত্রদের খাওয়ার দিলেই হবেনা, পাঠ্য বিষয়েরও পরিবর্তন করতে হবে। কি কি অভ্যাস শিশুকে শেখানো হবে, কি কি ধারণা শেখানো হবে শিশুদের? অপরকে নানাভাবে বঞ্চিত করে কত লাভ করা যায় শেখানো হবে, না কি শ্রমজীবী মানুষ পরস্পরের সঙ্গে সহযোগিতা করে কি অসম্ভবকে সম্ভব করতে পারে, কোনটা শেখানো হবে? কোনটা গণতান্ত্রিক? আমি শুনেছি অনেকেই বলছেন

দলের রাজনীতি শেখানো হবে। কোনটা দলীয় রাজনীতি, মানুষের সঙ্গে সহযোগিতা করা দলীয় রাজনীতি, না মানুষের ঠকানো? নিরপেক্ষভাবে বিচার করলে দেখা যাবে যে মানুষেকে ঠকানোর থেকে অনেক ভাল হচ্ছে সহযোগিতা করে অনেক বেশি লাভ করা, সবারই ভাল করা। এই সব ধারণাগুলি ছাত্রদের মধ্যে দিতে হবে, শিশুদের মধ্যে দিতে হবে। এর পরিবেশ কি, সমাজে কারা বাস করে, এরা কারা যারা শ্রম করছে, এদের অবদান কি, এসব কথা ছাত্রদের বলা চলবেনা। এটা দলবাজি তাঁরা বলছেন। এই সব ধারণাতো শুধু আমরা দিতে বলছিনা, অধিকাংশ লোকই বলছেন। কোঠারী কমিশন বলছে, সেই কমিশন তো প্রমোদ বাবুর লোক দিয়ে তৈরি হয়নি। আমরা মনে করেছি আমাদের অভিজ্ঞতা থেকে আমাদের যাঁরা শিক্ষক আছেন পশ্চিমবাংলায়—এঁরা অনেকেই জানেন না যে পশ্চিমবাংলার প্রতিটি শিক্ষক সংগঠনের সঙ্গে আমরা আলোচনা করেছি, তাঁরা বলেন যে, হ্যাঁ, এই সব করা দরকার। তাঁরা তো শিক্ষক, তাঁরা তো শিক্ষক সংগঠনের সঙ্গে আমরা আলোচনা করেছি, তাঁরা বলেন যে, হ্যাঁ, এই সব করা দরকার। তাঁরা তো শিক্ষক, তাঁরা তো ছাত্রদের সঙ্গে মেশেন। দেখছি যে বিগত দিনে আমাদের যেসব পাঠ্যসূচি ছিল তা দিয়ে ছাত্ররা কিছু শিখতে পারছেনা, কিছু লাভ হচ্ছেনা ছাত্রদের, তাঁদের সঙ্গে আমরা আলোচনা করেছি তাঁরা বলেছেন এটা করুন। এই প্রথম পশ্চিমবাংলায় অনেকেই জানেন না যে আমাদের যে সিলেবাস কমিটি আছে সেই কমিটিতে প্রত্যেকটা শিক্ষক সংগঠন থেকে প্রতিনিধি নেওয়া হয়েছে। প্রত্যক্ষভাবে যাঁরা শিক্ষকতা করেন, ঐ বাচ্চাগুলিকে যাঁরা মানুষ করছেন, তাঁদের অভিজ্ঞতা থেকে বেরিয়ে আসছে যে, হ্যাঁ, ঐ যেসব কথা বলা হয়েছে তা গণতান্ত্রিকরণের কথা, একটি মাত্র ভাষার কথা, এই সব খুব সত্য কথা, এই সব কার্যকর করতে হবে। কেন আমরা সাহস করে এগুবো না? সেইজন্য, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু এই যে প্রস্তাব রজনীবাবু রেখেছেন তার বিরোধিতা করছি তা নয়, আমি একথা মনে করি, এই সভার কাছে আমি নিবেদন করতে চাই বামফ্রন্ট সরকার শিক্ষার ক্ষেত্রে যে নীতি নিয়েছেন এবং যা তাঁরা করছেন—শুধু বাজেটের কথা বলি, একজন সদস্যও উল্লেখ করলেন না যে কংগ্রেসি আমলে শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবাংলায় যে ব্যয় করা হত তার দ্বিগুণ ব্যয় করা হচ্ছে। হরিপদ বাবু বললেন না যে কোথা থেকে আপনারা এত টাকা ব্যয় করলেন। কাকে দিচ্ছি টাকা, কোন দলকে আমরা দিচ্ছি? নূতন শিক্ষক আমরা নিয়োগ করছি ঐ সমস্ত বিদ্যালয়ে যারা কোনওদিন সাহায্য পেত না, সমান সাহায্যের আওতায় আমরা নিয়ে এসেছি। প্রতি মাসে যাতে শিক্ষকরা—অদ্ভুত ব্যাপার তো, ভারতবর্ষ স্বাধীন হয়েছে ৩০ বছর তবুও শিক্ষকরা মাসে মাইনে পেত না। একটা বিশেষ বিদ্যালয়ে কি সমস্যা হয়েছে, ঐ দক্ষিণ ২৪ পরগনায় শিক্ষকরা মাইনে পাচ্ছে না, হতে পারে হয়ত কোনও অসুবিধা হয়েছে, সেটা উল্লেখ করে দিলেন যে বামফ্রন্ট সরকার ব্যর্থ। কিন্তু বললেন না বিগত দিনে শিক্ষকদের মাসে মাইনে পাওয়াটা ছিল একটা স্বপ্ন, সেদিকে আমরা অগ্রসর হয়েছি মাসে মাসে বেতন দিচ্ছি এবং ১লা তারিখ যাতে গ্যারান্টি করা যায় তার জন্য কি করা যায় তার ব্যবস্থা ডরা হয়েছে আজকে সমস্ত ব্যাঙ্কের সঙ্গে ব্যবস্থা করে। যাঁরা কোনওদিন সাহায্য পেতেন না, আউট অব কোটা, অনেক অদ্ভুত অদ্ভুত কথার সৃষ্টি হয়েছিল কংগ্রেসি আমলে আউট অব কোটা স্কুল একটা ক্যাটাগরি, তারপর একটা স্কুল হচ্ছে যাঁরা বলছেন, আন্ডারটেকিং দিচ্ছেন যে আমরা কোনও সরকারি সাহায্য লইব না, দিয়ে দিলেন তাঁদের রেকগনিশন। কেন? তার দলের কোনও লোক আছে। তারপর

দেখলাম তাদের শিক্ষকরা, তাদের কর্মচারিরা মাইনে পাচ্ছেনা, এই সব জিনিস হচ্ছে। একটা জিনিস বারেবারে উঠে আমি দেখছি দু'জন হেড মাস্টার। আমি অনেকবার বলেছি এবং একথা যতবার উঠবে আমি ততবার বলব দু'জন হেড মাস্টার যেসব বিদ্যালয়ে আছে সেইসব বিদ্যালয়ের ইতিহাস হচ্ছে ঐ কংগ্রেসিদের যে একটা আমল ছিল ১৯৭২ সালের পর থেকে, আমরা যাকে বলি আধা ফ্যাসিবাদী কংগ্রেসি আমল, সেই সময় জোর করে লোকদের চোখের প্রকাশ্য দিবালোকে — আমি বাড়িয়ে বলছিনা, ঐ সব শিক্ষকদের স্কুল থেকে বিতাড়ন করা হয়েছে, সঙ্গে সঙ্গে তাদের চাকরি চলে গিয়েছে এবং তার জায়গায় একটি নূতন লোককে এনে চাকরিতে ঢুকিয়ে দেওয়া হয়েছে, সঙ্গে সঙ্গে তার চাকরি অ্যাপ্রুভ্‌ড হয়েছে। উনি বললেন আগেকার বোর্ডের যিনি সভাপতি ছিলেন তাঁকে অপসারণ করা হয়েছে। খুব মহত কাজ হত যদি তাঁকে অপসারণ করা হত কিন্তু তাঁকে অপসারণ করা হয়নি, বোর্ডকে সুপারসিভ করা হয়েছে। কিন্তু তা তো অন্যায় হয়নি। আমি বুঝতে পারিনা একটা বিদ্যালয়ে যেখানে নিয়ম আছে যে এই পোস্ট সত্যি সত্যিই ভেকান্ট হল কিনা, সত্যি সত্যিই এর যে চাকরি গেল সেটা নিয়মানুগ হয়েছে কিনা এটা দেখবার নিয়ম আছে। তার জায়গায় যাকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে, নিয়োগ করা হবে সেটা বোর্ডকে জানাতে হবে। হঠাৎ দেখলাম সেই সব বোর্ড অ্যাপ্রুভ্‌ড করে দিয়েছে। যাদের তাড়ানো হল তারা তো গেলই তাদের জায়গায় নূতন লোক নিয়োগ হয়ে গেল। আমরা কি করেছি? তাদের আমরা ফিরিয়ে নিয়ে এসেছি। অন্যায়ভাবে একদল গিয়েছে এবং এটাই হচ্ছে রাজনৈতিক কারণ। কিন্তু যাকে অন্যায়ভাবে চাকরি দেওয়া হল তাকে আমরা ক্ষতিগ্রস্থ করিনি কারণ শিক্ষক তিনিও। সমস্ত শিক্ষককে আমরা একই দৃষ্টিতে দেখি। এতে অগৌরবের কি আছে, এটা তো গৌরবের কথা। এই রকম নজীর ভারতভর্ষে আরও থাকলে খুশি হতাম, কোথাও নেই। আমরা শুধু কাজটা একটু ভাগ করে দিয়েছি। দু'জন হেডমাস্টারই থাকবে, দু'জন সমান পে স্কেল পাবেন ও এমোলিউমেন্ট পাবেন, সব কিছু পাবেন কিন্তু কাজ একটু ভাগ করে নিতে হবে।

[5-20 — 5-30 P.M.]

এতে বামপন্থী সরকারের বিরোধিতা করার কি আছে? এতে কংগ্রেস দলের লোকদেরই তো খুসি হওয়া উচিত ? যে তাদের দলের লোকদের চাকরি গেল না। তারা তো তাদেরই দলের বেশিরভাগ লোক । তাই তাদের বরং খুসি হওয়া উচিত। বরং আমাদের বামপন্থী দলের যেসব সদস্য আছেন তারা আমাদের সমালোচনা করতে পারতেন যে অন্যায়ভাবে যাকে দেওয়া হল, তাকেও আপনারা রাখলেন। তারা কিন্তু সমালোচনা করছেন না। করছেন যাদের দলের লোকদের রাখা হচ্ছে তারা। কাজেই আমরা মনে করি না যে এটা অগণতান্ত্রিক কাজ। মূল যে কাজগুলোতে হাত দেওয়া হচ্ছে তাতে আমরা দেখছি যে আমাদের ছেলেমেয়েদের মধ্যে একটা আত্মবিশ্বাস সৃষ্টি হয়েছে। এইজন্য আমরা ছেলেমেয়েদের পুরস্কৃত করছি, ডাকছি, খুব আমরা তাদের সম্মান করছি তারা এই নুতন পরিস্থিতি বুঝেছে আজকে, এই সরকারের যে সদিচ্ছা আছে, সেটা তারা বুঝেছে, সেইজন্য তারা সহযোগিতা করছে। আর জনগণ সহযোগিতা করছে, দারুণভাবে সহযোগিতা করছে। আপনারা যে বন্যায় ক্ষতি শুনলে অবাক হয়ে যাবেন, আমরা বিশ্বাস করতে পারি নি, আমাদের যে বন্যায় ক্ষতি হয়ে গেল

বিদ্যালয়গুলোতে, সেইসব বিদ্যালয় পূনর্গঠন করা যাবে বলে আমাদের তখন বিশ্বাস ছিল না। আমরা উদ্যোগ নিলাম। জেলা পরিষদকে এর মধ্যে যুক্ত করলাম, পঞ্চায়েতকে যুক্ত করলাম, আর মাস্টার মশাইদের যুক্ত করলাম। বিভিন্ন জায়গায় শ্রমিক সংগঠন, কর্মচারিদের সংগঠন, আন্তর্জাতিক এবং দেশিয় বিভিন্ন ভলেনটিয়ারি অর্গানাইজেশন—তারা আমাদের সাহায্য করবার জন্য এগিয়ে এলেন। আমরা গত বছর ১০ কোটি টাকা খরচ করেছি প্রাইমারি স্কুলের জন্য। জেলায় যান দেখবেন, ওঁরা জেলায় যান না, তাই খবর রাখেন না। প্রত্যেক জেলায় প্রাথমিক স্কুল উঠছে। এক সঙ্গে এত বিদ্যালয় কোনওদিন পশ্চিমবঙ্গে ওঠেনি এবং আগামী বছর আবার আমরা দেব। অনেক সংগঠন তারা আমাদের সঙ্গে সহযোগিতা করবেন বলেছেন, টাকা দেবেন বলেছেন, আর আমরা সরকারের তরফ থেকে টাকা খরচ করব। আর বাকি যেসব বিদ্যালয় আছে, প্রাইমারি স্কুল আছে নূতনভাবে তাদেরকে গড়ে তুলব। পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থায় অবাধে এবং আত্মবিশ্বাস নিয়ে আমাদের শ্রমজীবী জনগণ, সাধারণ গণতান্ত্রিক জনগণ অংশ গ্রহণ করবেন। আমাদের যেটা দেখতে হবে সেটা হচ্ছে, তারা তাদের সন্তানদের যে বিদ্যালয়ে পাঠাবে সেখান থেকে কিছু শিখে যেন তারা ফিরে যেতে পারে, সমস্তটা ফাঁকি যেন না দেয়। সেই কারণে ভাষা নীতি এবং সেই কারণেই পাঠ্যসূচির ব্যাপক আমূল, জীবনমুখী পরিবর্তন হওয়া প্রয়োজন আছে। এইটাই এই পরিস্থিতি দাবি করছে। সেই পথেই আমরা এগিয়ে চলেছি। জনগণের সমর্থন পাচ্ছি। এই সব কারণেই এই প্রস্তাবের বিরোধিতা করা উচিত।

**Mr. Deputy Speaker :** According to the scheduled allocation of time order the discussion of the Motion should end at 5-30 P.M. But I find that some more time will be required for completing the discussion of this Motion. Therefore, under Rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I seek the sense of the House for increasing the time by an hour.

I hope the House will agree to it.

(**Voice** - Yes)

So, the time is increased by an hour. Now, I call upon Shri Nirmal Bose to speak.

**শ্রী নির্মলকুমার বসু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দোলুই যে প্রস্তাব উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি বিরোধিতা করছি এই কারণে নয় যে, এই রাজ্যে শিক্ষা ক্ষেত্রে কোনও মালিন্য নেই, শিক্ষা ব্যবস্থায় কোনও ত্রুটি নেই বা শিক্ষা ব্যবস্থা যা চলছে, সব ঠিকমতোই চলছে। এতদিন ধরে পশ্চিমবঙ্গের কংগ্রেসি শাসনের আমলে শিক্ষা ক্ষেত্রে যে জঞ্জাল জমেছে, আড়াই বছরে তা পরিষ্কার করা সম্ভব নয়। কিন্তু তথাপি এই আড়াই বছরে বামফ্রন্ট সরকার শিক্ষা ক্ষেত্রের উন্নয়নে একটা গতি নির্দেশ করতে পেরেছেন, কতকগুলো বলিষ্ঠ সিদ্ধান্ত গ্রহণ করতে পেরেছেন। এই প্রস্তাবের উপর শ্রী রজনী দোলুই মশাই এবং বিরোধী দলের অন্যান্য সদস্য যে বক্তব্য রেখেছেন সেটা প্রধানত দুটো। এক হচ্ছে, শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য চলছে, আর এখানে একটা

ভ্রান্ত ভাষা নীতি গ্রহণ করে দেশকে সর্বনাশের পথে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। কি নৈরাজ্য চলছে? স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় নিয়মিত চলছে। এখন ক্লাসগুলো ঠিকভাবে হতে পারছে, পরীক্ষার ফল সময়মতো বের হচ্ছে এবং পরীক্ষা নিয়মমতো হচ্ছে এবং নকল পুরোপুরি বন্ধ হয়েছে এই দাবি না করা গেলেও অনেকখানি বন্ধ হয়েছে এবং এখানে সম্মানের সঙ্গে শিক্ষকরা তাদের কাজ করতে পারছেন, ছাত্ররা নিরাপত্তা বোধ করছে। আমি এটা বুঝতে পারছি যে বিরোধী পক্ষের অনেকেরই এটা ভাল লাগছে না। তার কারণ নিকট অতীতে আমরা এই জরুরি অবস্থার সময় পশ্চিমবঙ্গে এবং তার পূর্বে কি জিনিস দেখেছি? একেবারে এর বিপরীত, চোখে দেখেছি। দেখেছি যে স্কুল কলেজ ঠিকমতো করা যেত না, সেখানে কংগ্রেসি মস্তান বাহিনীর লোকেরা এসে হামলা করত, তারা জোর করে স্কুল কলেজ বন্ধ করে দিত, শিক্ষকদের ও শিক্ষাকর্তাদের তারা অপমান করত। পরীক্ষার সময় আমরা দেখেছি যে ঢালাও নকলের ব্যবস্থা হত। আমরা পাড়ায় পাড়ায় কংগ্রেসি মস্তানদের দেখেছি তারা নকল সাপ্লাই করে পয়সা উপার্জন করত এবং পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করে এবং টাকা দিয়ে পরীক্ষার যে সমস্ত সার্টিফিকেট সেগুলি পাল্টে দেবার তাঁরা ব্যবস্থা করত। আমরা এও দেখেছি যে বিদ্যায়তনে ছাত্রদের হত্যা করা হয়েছে, শিক্ষকদের হত্যা করা হয়েছে। এই জিনিসে যারা অভ্যস্ত তাদের তো এই জিনিস ভাল লাগবেনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এমন একটা জীব আছে যার নাম প্যাঁচা। সে অন্ধকারে থাকতে ভালবাসে, আলো তার চোখে সহ্য হয়না, তাই রজনী দলুই মহাশয় যে রাজনৈতিক দলের প্রতিনিধি সেই রাজনৈতিক দলের লোকদের সেই কর্ম আমরা করতে দেখেছি। তাই হঠাৎ আলো ফুটে উঠতে এদের খারাপ লাগছে তাই তারা অন্ধকার ফিরিয়ে আনতে চাচ্ছে। কিন্তু প্যাঁচাদের তো আমরা সন্তুষ্ট করতে আসিনি আবার অন্ধকারের রাজত্বে আমরা দেশকে নিয়ে যেতে চাইনা। আমরা একটা সোজা প্রশ্ন জিজ্ঞাসা করি রজনীবাবুকে তাঁরা রক আজকে তাদের পক্ষে সমর্থন করছেন? যাঁরা পরীক্ষার হলে নকল করত, যারা ছাত্র শিক্ষকদের হত্যা করত, যারা অপমান করত, যারা স্কুল কলেজ বন্ধ করে দিত—দালাল কথাটি সংসদীয় রীতি বহির্ভূত নয়, আমি জিজ্ঞাসা করি তাঁরা কি এখানে তাদের দালাল সেজে এসেছেন? এই প্রশ্ন এই কারণে করি যে রজনী দলুই মহাশয় বক্তৃতা প্রসঙ্গে ভুবনেশ্বর পান্ডের কথা তুলেছেন। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্পোর্টস অফিসার ছিলেন, রজনীবাবু তো ১০ মিনিট পরে সময় পাবেন উত্তর দেবার আমার কথার তিনি প্রতিবাদ করুন যদি সাহস থাকে। কেননা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালনার সঙ্গে আমি যুক্ত আছি, এই ভদ্রলোক কি বললেন? ল' পরীক্ষা দিচ্ছিলেন, তিনি বিশ্ববিদ্যালয়ের কর্মচারী তিনি ল' পরীক্ষাতেও হাজির আবার বিশ্ববিদ্যালয়ের হাজিরাতে সই করা আছে এবং পরীক্ষার হলে উনি নকল করছিলেন। পরীক্ষার হলে নকল ধরা পড়ল, আবার দেখা গেল তার অফিস অ্যাটেনডেন্সেও সই করেছেন। ঘটনাটা হল এই যে তিনি অফিসেও ছিলেন না, নকলের জায়গাতেও ছিলেন না, তার জায়গায় অন্য লোক বসে নকল করছিল। তদানীন্তন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সদস্য, জনতা পার্টির নেতা, অধ্যাপক দিলীপ চক্রবর্তী সিন্ডিকেট সেটা জানলেন। তদানীন্তন উপাচার্য ও মাস্তানদের চ্যাম্পিয়ন অধ্যাপক সত্যেন সেন তাকে প্রটেকশন দিলেন। নিশ্চয়ই বামফ্রন্ট সরকার অধিকৃত বিশ্ববিদ্যালয় ভুবনেশ্বর পান্ডাকে মবিলাইজ করবেন। রজনীকান্ত দোলুই মহাশয় তার দালাল থাকতে পারেন। হরিপদ ভারতী মহাশয়, শ্রদ্ধেয় সদস্য, তিনি উপস্থিত নেই তিনি ভাল বক্তৃতা করেছেন আমি তাঁকে

ধন্যবাদ দিই, ভাল কথা সমালোচনায় করেছেন, সমালোচনা গঠনমূলক অনেক কথা বলেছেন। কিন্তু আমি বিস্মিত হলাম যে তিনি কয়েকটি কলেজ অধিগ্রহণের বিরোধিতা করলেন। কোনও কলেজের নামও করেছেন, ইন্ডিয়ান আর্ট কলেজ। ঠিকই তো এখানে কি কর্ম হত ? যিনি এই কলেজ চালাতেন তিনি এই কলেজের টাইপরাইটার মেশিন তার বাড়িতে নিয়ে চলে গেলেন, তিনি তার ওয়াটার পাম্প খুলে বিক্রি করে দিলেন, জানালা দরজা খুলে নিয়ে তা বাজারে বিক্রি করে দিলেন, শিক্ষক ছাটাই করছেন, কর্মচারিদের ছাঁটাই করেছেন, চরম অত্যাচার চলছিল, সরকার এটা অধিগ্রহণ করেছেন। খুব অন্যায় করেছেন? ঐ পুরানো লোকদের হরিপদ বাবুরা সমর্থন করছেন। তিনি কিছু অধ্যক্ষকে সাসপেন্ড করার কথা বলেছেন, নাম করেছেন শিলিগুড়ি কলেজের অধ্যক্ষর। হরিপদ বাবু এখানে থাকেন আমি শিলিগুড়ির কাছাকাছি থাকি, আমি শিলিগুড়ি কলেজের খবরটা একটু রাখি। ডাঃ দাস, তার বিরুদ্ধে অভিযোগ হল তিনি অর্থ তছরূপ করেছেন। সরকারের এটা স্পনসর্ড কলেজ, সরকারের দায়িত্ব, এই অভিযোগ আসবার পরে তাঁকে বলা হল যে আপনি ছুটিতে যান, কাগজপত্র দিন তদন্ত হবে। তিনি ছুটিতে যেতে অস্বীকার করলেন, কাগজপত্র দিতে অস্বীকার করলেন। সরকারি স্পনসর্ড কলেজ, অধ্যক্ষের কাছে কাগজপত্র চাওয়া হল তিনি দিতে রাজি হলেননা, তখন তাঁকে সাসপেন্ড করা হল। এই ভদ্রলোক কলেজে থাকতেন না, শিলিগুড়ির কাছে আনারসের বাগান করে আনারসের ব্যবসা করতেন। হরিপদ বাবু আনারসের ব্যবসায়ী, অর্থ তছরূপকারী, শিলিগুড়ি কলেজের ডাঃ দাসকে সমর্থন করছেন। আমি জিজ্ঞাসা করি বিরোধী পক্ষ কি ভুবনেশ্বর পান্ডে, ডাঃ দাস, ইন্ডিয়ান আর্ট কলেজের ভূপাল বোস, এদের সমর্থন করছেন? সেই অন্ধকার রাজত্বকে ফিরিয়ে আনতে চাচ্ছেন? আমরা দুঃখিত বামফ্রন্টের পক্ষ থেকে আমরা এই কর্ম করতে পারব না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গণতন্ত্রীকরনের কথা হচ্ছে, যেসব কলেজ ঠিকভাবে চলছিল না। সেখানে অধিগ্রহণ করতে হয়েছে। বঙ্গবাসী কলেজে সেখানে শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা তছরূপ করা হয়েছে, বিশ্ববিদ্যালয় তদন্ত কমিটি সেটা প্রমাণ করেছেন। সেটা কি অধিগ্রহণ করা অন্যায় হয়েছে? কোনও কলেজে নির্বাচন হচ্ছেনা। হরিপদবাবু নেই, তিনি যে নরসিংহ দত্ত কলেজের অস্থায়ী অধ্যক্ষ, তাঁর কলেজেও নির্বাচন হয়েছে কিনা বলুন।

[5-30 — 5-40 P.M.]

নির্বাচিত হয়েছে একথা তো তিনি বললেন না যে আমার কলেজে নির্বাচন হয়েছে। তিনি অধিগ্রহণের কথা বলেই থেমে গেলেন। গণতন্ত্রীকরণের অর্থ কি? নির্বাচন নিশ্চয় গণতন্ত্রীকরণ কিন্তু আমি দেখেছি, এর আগেও আমি বহুবার সেকথা বলেছি যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেটে আমি শিক্ষকদের নির্বাচিত প্রতিনিধি, আমি বক্তৃতা করছি সেই সময় কংগ্রেসের মস্তানরা এসে মাইক কেড়ে নিল এবং সেখানে উপাচার্য সত্যেন সেন মহাশয় চুপচাপ বসে থাকলেন। এর নাম কি গণতন্ত্র? এর নাম নিশ্চয় গণতন্ত্র নয়। গণতন্ত্র বলতে আমরা বুঝি ছাত্ররা নিরাপদে ক্লাসে যেতে পারবে, শিক্ষকরা স্কুল, কলেজে পড়াতে পারবেন, পরীক্ষা নির্বিঘ্নে হবে, নকল হবে না, মস্তান বাহিনী পরীক্ষার হল দখল করতে পারবে না ইত্যাদি ইত্যাদি। এই গণতন্ত্রই আমরা প্রতিষ্ঠা করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্কুলের শিক্ষার ব্যাপারে শিক্ষামন্ত্রী শ্রী পার্থ দে মহাশয় বিস্তারিতভাবে বলেছেন, আমি আর সে

প্রসঙ্গে যাচ্ছি না, আমি শুধু কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মধ্যেই আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। এখানে ভাষা নিয়ে কথা উঠেছে। এ ব্যাপারে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে পার্থবাবু যা বলেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করছি। স্নাতক স্তরের কথা এখানে বলা হয়েছে। আমি কি জিজ্ঞাসা করতে পারি পঞ্চম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্য্যন্ত ৮ বছর ভাষা শিক্ষার পরে স্নাতক স্তরে ভাষাকে কেন আবশ্যিক করতে হবে? স্নাতক স্তরে যখন পড়াশুনার সময় তখন সেটা স্পেশ্যালাইজেশনের সময়। এতদিন ধরে বিজ্ঞানের ছাত্রদের বাংলা, ইংরাজী আবশ্যিকভাবে পড়তে হ'ত না। কমার্সের ছাত্রদেরও পড়তে হত না। রবীন্দ্রনাথ পড়েন নি, নজরুল, সুকান্ত পড়েন নি, তাঁরা পড়েন নি বলে কি তাঁরা মানুষ হন নি। তাহলে আজকে মানবিদ্যার ক্ষেত্রে ভাষা যদি আবশ্যিক না করা হয় তাহলে কি অন্যায় করা হল? আর এক দিক থেকে দেখতে গেলে ভাষা শিক্ষার সুযোগকে প্রসারিত করা হয়েছে। সেখানে যে ভাষা, সাহিত্যে বিশেষীকরণ করতে চায় সে ইংরেজী, বাংলা, সংস্কৃত একসঙ্গে নিতে পারবে, তার রাষ্ট্রবিজ্ঞান, দর্শন নেবার কিছু দরকার নেই। আর যে সমাজবিদ্যায় বিশেষীকরণ করতে চায় সে যদি রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি এবং অন্য বিষয় নেয় তাহলে কেন নিতে পারবে না? সে যদি সঙ্গে বিজ্ঞানের কোনও বিষয় নিতে চায় কেন পারবে না? বামফ্রন্ট সরকার এটা তো হঠাত ? নিজের ইচ্ছামতন করেন নি, কংগ্রেস আমলের ভারত সরকার নিযুক্ত যে শিক্ষক মিশন, ডঃ কোঠারী যার সভাপতি এবং যাতে শুধু ভারতবর্ষের শিক্ষাবিদরাই নন পুঁজিবাদী, সমাজতান্ত্রিক এবং উন্নয়নশীল জগতের শিক্ষাবিদরা যুক্ত ছিলেন সেই শিক্ষা কমিশন, তাঁরা সর্বসম্মতিক্রমে বলেছেন, "স্নাতক স্তরে ভাষা শিক্ষা আবশ্যিক করার কোনও প্রয়োজন হয়না। স্যার, শিক্ষা কমিশনের সেই রিপোর্টের ২৯২ পৃষ্ঠা থেকে আমি খানিকটা অংশ আমি আপনাদের পড়ে শুনিয়ে দিচ্ছি। তাতে বলা হচ্ছে We are definitely of the view that at the University stage, no language should be made compulsory subject of study but the classical and the modern languages of India and important foreign languages should be provided as elective subjects. The compulsory study of a language is likely to make some useful combination of subjects impracticable by placing too heavy a burden on the students..... এই সুপারিশ দীর্ঘকাল পূর্বে কোঠারী কমিশন করেছেন। কংগ্রেস সরকার এটাকে কার্যকরি করেন নি, বামফ্রন্ট সরকার এটাকে কার্যে পরিণত করছে এবং তা করে তাঁরা সংগত কাজই করছেন। তারপর স্যার, ভাষার ব্যাপারে একটা কথা প্রায়ই বলা হয় যে শিক্ষার ক্ষেত্রে সেই পুরানো দাস ব্যবস্থাই চলছে, তাতে কোনও পরিবর্তন আনা হচ্ছে না। এই সরকার ভাষার ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আনলেন। সেখানে দাস মনোভাবের পরিবর্তন করে গণতান্ত্রিক স্বাধীন ব্যবস্থা গ্রহণ করলেন। এতেই ভীমরুলের চাকে ঘা পড়ল, চিৎকার শুরু হয়ে গেল। কায়েমী স্বার্থের উপর আঘাত লাগছে সেই কারণেই চিৎকার শুরু হল। সুতরাং এই দিক থেকে তাঁরা সংগত কাজ করেছেন বলে আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধীপক্ষের সদস্যরা এখানে বক্তব্য রাখতে গিয়ে সংসদীয় রীতি বহির্ভূত কাজ করেছেন এবং অশালীন আচরণ করেছেন। তাঁরা প্রায়ই একটা কথা বলেন—বাইরের লোকের কথা বলেন। এখানে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ রমেন্দ্রকুমার পোদ্দারের কথা তাঁরা বলেছেন এবং সরকারি উপাচার্যরূপে যিনি নিযুক্ত হয়েছেন—আজকেই যাঁর যোগদান করবার কথা—অধ্যক্ষ ডঃ দীপ্তি দত্তের কথা বলেছেন। তাঁদের হয়ত খবর জানা নেই, তাঁরা জেনে

রাখুন ডঃ রমেন্দ্রকুমার পোদ্দার ম্যাট্রিকুলেশন থেকে শুরু করে উচ্চতর শিক্ষা পর্যন্ত শিক্ষাগত যোগ্যতা অত্যন্ত বেশি এবং আন্তর্জাতিক ক্ষেত্রেও অত্যন্ত সম্মানিত পন্ডিতরূপে তিনি স্বীকৃত, তিনি ইউনেসকোর দ্বারা স্বীকৃত এবং আফ্রিকাতে তিনি সেই কাজে যোগদান করেছিলেন। তাই তাঁর শিক্ষাগত যোগ্যতার দিক থেকে কোনও ত্রুটি নাই। আর অধ্যাপক দীপ্তি দত্তের ব্যাপারে ওঁদের আপত্তি স্বাভাবিক। সেই একই কথা রজনীবাবুর মুখ থেকে বেরোচ্ছে। তিনি কাদের কণ্ঠস্বর তিনি এখানে তুলে ধরেছেন? গোয়েঙ্কা কলেজের অধ্যক্ষরূপে থাকায় সেখানে কংগ্রেসি মস্তানরা সেখানে বিশেষ সুবিধা করতে পারেন নি। তাই তাদের বড় জ্বালা। এখন সেই ভদ্রলোক কলকাতা বিশ্ববিদ্যালয়ে আসছেন হামলা করে কিছু করা যাবে না। আমি যে কথা দিয়ে শুরু করেছিলাম যে আজকে ত্রুটি বিচ্যুতি আছে। আপনারা গঠনমূলক সমালোচনা করুন। এই প্রস্তাবে কি বলেছেন যে প্রস্তাব সমর্থন করেছেন অতীশবাবু, হরিপদবাবু? তার শেষ লাইনে আছে "তাই এই সভার অভিমত এই যে শিক্ষার মান উন্নয়ন, বিকাশ তথা প্রশাসনিক স্থিতাবস্থা রক্ষার জন্য প্রয়োজনীয় সুচিন্তিত ও বাস্তবসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হোক।" আমরা আশান্বিত হয়েছিলাম। কি করলে শিক্ষা ব্যবস্থার উন্নতি করা যায় বিরোধী দলের বন্ধুরা সে সম্বন্ধে একটিও কথা বললেন না। খালি গালাগাল আর গালাগাল এই করে বিরোধী দল তাদের দায়িত্ব পালন করলেন। কিন্তু এতে সুবিধা হবে না। নেতিবাচক কোনও কথাই নাই, নেগেটিভ সাইড নিয়ে এইভাবে বক্তৃতা করবেন না। এইভাবে গালমন্দ দেবেন না। কিভাবে শিক্ষা ব্যবস্থার উন্নতি করা যায় কিভাবে প্রয়োজনীয় সুচিন্তিত বাস্তবসম্মত শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা যায় সে সম্বন্ধে কিছু কথা বলুন আমরা উপকৃত হব। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটি শব্দও তিন জন বক্তার একজনও উচ্চারণ করলেন না। কিন্তু এ করে সুবিধা হবে। এই কথা বলে আমি এই প্রস্তাবের সম্পুর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিরোধী পক্ষ থেকে শ্রী রজনীকান্ত দোলুই মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছে আমি তার বিরোধিতা করছি। এবং আশা করছি উত্তর দেবার সময় পার্থবাবু এবং নির্মলবাবু যেসব কথা বললেন। সেই সব কথা শুনবার পর তাঁর প্রস্তাব তিনি প্রত্যাহার করে নেবেন। কারণ তিনি যেভাবে ওঁদের কথা শুনছিলেন তাতে আমার মনে তাই হয়েছে। এবং সেটাই সংগত হবে। কারণ অসত্য ভাষণ অসত্য তথ্য পরিবেশনের মধ্য দিয়ে পশ্চিমবাংলার জাগ্রত মানুষকে বিভ্রান্ত করা যাবে না। এটা তিনি তাঁর কেন্দ্রে এবং তাঁর জেলাতেও দেখছেন যে কিভাবে প্রত্যাখ্যাত হচ্ছেন। তিনি জানেন তাঁর কেন্দ্রে আজকে কিভাবে জনমত প্রবাহিত হচ্ছে। আমি সেই সব প্রসঙ্গে যাব না। এটা তিনি তাঁর কেন্দ্রে এবং তাঁর জেলাতেও দেখছেন যে কিভাবে প্রত্যাখ্যাত হচ্ছেন। তিনি জানেন তাঁর কেন্দ্রে আজকে কিভাবে জনমত প্রবাহিত হচ্ছে। আমি সেই প্রসঙ্গে যাব না। প্রথমেই তিনি যে কথা বলেছেন যে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে সিলেবাস থেকে গিয়েছে যে পাঠ্যসূচি সম্বন্ধে তিনি বলেছেন যে এমনভাবে সিলেবাস রচনা করা হচ্ছে যে সেই সিলেবাসের ভিতর দিয়ে মানুষের চিরাগত ধারণা ধর্মীয় স্বত্বার উপর আঘাত করা হয়েছে। এবং এই প্রসঙ্গে তিনি গনেশের কথা বলেছেন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে বামফ্রন্ট সরকার সিলেবাস কমিটি কঠন করেছেন প্রাথমিক এবং মাধ্যমিক স্তরে। কিন্তু এখনও পর্যন্ত যে সিলেবাস চলছে সেই সিলেবাস পুরানো কংগ্রেস আমলের সিলেবাস এবং

সেটাই চালু এখনও আছে। তাদের সিলেবাসে যদি কোথাও গনেশ উল্টায় তাহলে আমাদের কি করার আছে। তাঁর এই তথ্য জানা নাই। বামফ্রন্ট সরকার যে সিলেবাস কমিটি তৈরি করেছেন প্রাথমিক এবং মাধ্যমিক স্তরের ক্ষেত্রে আমি মনে করি শিক্ষাকে জনমুখী করার জন্য বস্তুনিষ্ঠ করার জন্য মানবিক গুণের বিকাশের জন্য যেভাবে সিলেবাস প্রণয়ন করা দরকার সেইভাবে তারা করবেন এই বিশ্বাসও আমাদের আছে। জীবনমূখী পাঠ্যসূচি প্রণয়ন করা হবে। তাই আর কি বলব বক্তব্য রাখার আগে তিনি এগুলি জানার ও বোঝার চেষ্টা করুন। তা না হলে অজান্তে অসত্য ভাষণ পরিবেশন করে ফেলবেন। বিরোধী পক্ষের নেতারা ২ বছর ধরে দেখছি তাঁরা একটি কথা বার বার বলে থাকেন মাধ্যমিক স্কুলগুলিতে এবং কলেজ স্তরেও প্রশাসক নিয়োগ গণতন্ত্রকে বিঘ্নিত করা হচ্ছে গণতন্ত্রকে বিপদগ্রস্ত করা হচ্ছে।

[5-40 — 5-50 P.M.]

আমি মনে করি যে মাধ্যমিক স্কুলগুলিতে যেভাবে দীর্ঘদিন ধরে অবৈধ ভাবে, অগণতান্ত্রিক ভাবে ম্যানেজিং কমিটিগুলি ছিল, সেখানে যে ভাবে দুর্নীতির বাসা বেঁধে ছিল, যেভাবে বাস্তু ঘুঘুরা শিক্ষাকে নিয়ে ব্যবসা করছিল এবং স্বেচ্ছাচারিতার চরম অবস্থায় পৌছেছিল সেই সব জায়গায় প্রশাসক নিয়োগ বাঞ্ছনীয় ছিল এবং আমি একটা কথা রজনীবাবুকে বলতে চাই যে, যে সমস্ত ক্ষেত্রে প্রশাসক নিয়োগ করা হয়েছিল, কোনও প্রশাসক দীর্ঘদিন ধরে সেই স্কুলের পরিচালন ব্যবস্থার মধ্যে রাখা হয়নি এবং যে সব নুতন নির্বাচন হয়েছে—আমার জেলার কথা জানি, অন্যান্য ২/১টি জেলার কথাও আমার জানা আছে যে সেই সমস্ত নির্বাচনে প্রগতিশীল প্রার্থীরা, বামফ্রন্টের সমর্থকরা জয়লাভ করেছেন। এই ব্যাপারে এত প্রচার সত্ত্বেও দেখা গেছে যে বামফ্রন্ট সদস্যরা জয়লাভ করেছেন। যাঁরা স্কুলের কর্তৃত্ব দখল করে রাজনৈতিক মতবাদের কারণে শিক্ষককে যাঁরা তিরস্কৃত করেছেন, বিতাড়ন করেছেন, যাঁরা তাঁদের দুবেলা অন্ন সংস্থানের সুযোগকে হেনস্তা করেছেন, তাঁদের অপরাধ ছিল যে তাঁরা প্রগতিশীল রাজনৈতিক মতবাদকে পোষণ করতেন। সেই কারণে সেই সমস্ত বহিষ্কৃত শিক্ষকদের চাকুরিতে ফিরিয়ে আনার জন্য, তাঁদের আবার প্রতিষ্ঠিত করার জন্য সেই সমস্ত স্বৈরাচারী ম্যানেজিং কমিটির সদস্যরা যাঁদের সঙ্গে যুক্ত ছিলেন, কংগ্রেসের সঙ্গে যুক্ত ছিলেন তাঁদেরকে বাতিল করে যদি প্রশাসক নিয়োগ করা হয়ে থাকে তাহলে এর মধ্যে অন্যায় কোথায়? আমি সে জন্য বলবো যেসব জায়গায় এই সমস্ত বেআইনি কাজ হয়েছে সেখানে শিক্ষা দপ্তর থেকে প্রশাসক নিয়োগ করা হয় সংগত হয়েই। এই প্রসঙ্গে অভিনন্দন জানাতে চাই যে আজকে বহু শিক্ষক যাঁরা রাজনৈতিক কারণে বিতাড়িত হয়েছিলেন তাঁদের পুনর্বহাল করা হচ্ছে, পুনঃপ্রতিষ্ঠিত করা হচ্ছে। যে সমস্ত শিক্ষক বন্ধু এখনও পুনর্বহাল হন নি, যাঁরা চাকুরিতে ফিরে যেতে পারেন নি সেই রকম অনেক শিক্ষক আছেন। আমি বিশ্বাস করি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের আন্তরিকতা আছে এবং তাঁদের আবার প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে যে সমস্ত বাধাবিপত্তি আছে সেগুলি তিনি দুর করবেন এবং তাঁদের পুনপ্রতিষ্ঠিত করবেন। সেটা যদি তিনি করেন তাহলে শিক্ষাক্ষেত্রে যে গণতান্ত্রিক মুল্যবোধ সেটা প্রতিষ্ঠিত করা হবে। কংগ্রেস আমলে শিক্ষকদের নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে। আজকে সেগুলি বন্ধ হয়ে গেছে বলে রজনী বাবুর আর্তনাদ শোনা যাচ্ছে যে শিক্ষাক্ষেত্রে অরাজকতা চলছে, বিশৃঙ্খলা চলছে, স্থিতিশিলতা সব নষ্ট হয়ে

যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষার পরিবেশ অনেক পরিবর্তন হয়ে গেছে। আজকে বিশ্ববিদ্যালয়, কলেজস্তর, মাধ্যমিক শিক্ষা সর্বক্ষেত্রে যদি দৃষ্টি দেন তাহলে দেখবেন যে কংগ্রেস আমলে যা ছিল তার থেকে অনেক পরিবর্তন হয়েছে। আমরা দেখেছি সেই সময়ে কলকাতায় যে কোনও কলেজে যদি ছাত্র ভর্তি হতে চাইতেন, অভিভাবকরা ছাত্রদের সঙ্গে করে নিয়ে আসতেন এবং সেখানে দেখা যেত যে ছাত্রপরিষদের মস্তানরা বসে আছে, তাঁদের ৪০,৫০,৬০ টাকা করে দিতে হত এবং সেই টাকা দেবার পরে ছাত্র ভর্তি হতে পারত। কলকাতার সমস্ত কলেজে এই রকম অবস্থা ছিল। সেই সময়ে জিজিয়া করের প্রবর্তন হয়েছিল। ছাত্রপরিষদের এই যে জিজিয়া কর, সেই কর আজকে রোধ করা সম্ভব হয়েছে। আজকে গণটোকাটুকি বন্ধ হয়েছে। আপনারা জানেন যে শিক্ষার যে মূল্যবোধ, যে মর্যাদা সেটা নষ্ট হয়েছিল। ১৯৭০ সালের পর থেকে ১৯৭২-৭৩ সাল পর্যন্ত গণ টোকাটুকির মধ্য দিয়ে শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্যর সৃষ্টি হয়েছিল সেই নৈরাজ্যের মধ্যে দিয়ে শিক্ষা ব্যবস্থার সম্পর্কে পশ্চিমবাংলার শিক্ষার মান সম্পর্কে অন্য রাজ্যের মানুষের অশ্রদ্ধার সৃষ্টি হয়েছিল। আজকে সে দিক থেকে আমরা একটা পরিবেশ সৃষ্টি করতে পেরেছি। বামফ্রন্ট সরকার একটা পরিবেশ তৈরি করতে পেরেছে এবং সেই আজকে বলব, নিশ্চয়ই এর থেকে আরও পরিবর্তন ঘটাতে হবে। আজকেও এখনও শিক্ষার ক্ষেত্রে যে সমস্ত চামচিকে বাদুড়রা থেকে গেছে, ছাত্রপরিষদের নাম নিয়ে, এখনও তারা কলেজগুলোতে যে ভাবে জুলুম করছে, ঝামেলা করার যে প্রবণতা থেকে গেছে তা উৎখাত করতে হবে এবং সেই পরিবর্তনের দিকে আমাদের নিশ্চয়ই যেতে হবে। কিন্তু এই কথা অনস্বীকার্য যে গুণগত পরিবর্তন ঘটে গেছে আজকে ১৯৭০ সাল থেকে ১৯৭২-৭৪ সাল পর্যন্ত যে পরিবেশ শিক্ষায়তনগুলোতে ছিল। সুতরাং যেটুকু থেকে গেছে, শিক্ষার ক্ষেত্রে অব্যবস্থা থেকে গেছে, সেই অব্যবস্থার কথা অধ্যাপক নির্মল বোস মহাশয় বলেছেন—কংগ্রেসি আমলের যে জঞ্জাল, তা এত অল্প সময়ের মধ্যে দূর করা যাবে না। আজকে জানি, যেমন উচ্চ মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে কংগ্রেসি আমলে—তারা উচ্চ মাধ্যমিক শিক্ষা একাদশ শ্রেণী, ১২দশ শ্রেণীর প্রবর্তন করেছিলেন, কিন্তু তারা কোনও ব্যবস্থা করে গেলেন না। সেখানে উপযুক্ত শিক্ষকের ব্যবস্থা করলেন না, ল্যাবরেটারির ব্যবস্থা করলেন না, নানা রকম অসুবিধা রেখে দিলেন। স্বাভাবিক ভাবে উচ্চ মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে একটা অব্যবস্থা থেকে গেছে। এই ব্যাপারে আমাদের মন্ত্রী মহাশয়রা, যাঁরা দায়িত্বে আছেন, তাঁরা এই সম্পর্কে দৃষ্টিপাত করবেন এবং সেই ক্ষেত্রে যে অব্যবস্থা আছে তা দূর করে একটা সর্বাঙ্গিন শিক্ষার পরিবেশ গড়ে তুলতে সাহায্য করবে। একটি ব্যাপারে বলতে চাই, সেটা হল এই যে এস.ইউ.সি. বন্ধু দেবপ্রসাদ সরকার মহাশয় বলেছেন—শিক্ষার মাধ্যমে ভাষা নীতি সম্পর্কে তিনি প্রশ্ন তুলেছেন। সেই প্রসঙ্গে তিনি আমাদের দেশের মনিষীদের কথা বারবার উল্লেখ করেছেন। তিনি বলতে চেয়েছেন যে রাজা রামমোহন রায়, বিদ্যাসাগর প্রবর্তিত যে শিক্ষা কাঠামো, সেই শিক্ষা কাঠামো বামফ্রন্ট সরকার ভেঙ্গে দিতে চাইছেন। রাজা রামমোহন রায়, বিদ্যাসাগর নিঃসন্দেহে সমাজের একটা পর্যায়ে একটা শতাব্দীতে তাঁদের একটা বিরাট প্রগতিশীল ভূমিকা ছিল। তাঁদের কথা বাংলাদেশের মানুষ, ভারতবর্ষের মানুষ চিরকাল স্মরণ করবে। কারণ একটা পুরানো ধারণা থেকে, পুরানো চিন্তা ভাবনা থেকে তাঁরা নেতৃত্ব দিয়েছেন একটা নুতন ভাবনা চিন্তার জগতে ভারতবর্ষকে উত্তীর্ণ করে দেবার জন্য। কিন্তু সঙ্গে সঙ্গে এই কথা মনে রাখতে হবে যে সমাজ এবং জীবন

চলমান এবং গতিশীল এবং এ গতিশীলতার সঙ্গে সঙ্গে শিক্ষার কাঠামো সম্পর্কে দৃষ্টিভঙ্গি, শিক্ষার পাঠ্যসূচি সম্পর্কে দৃষ্টিভঙ্গি ইত্যাদির পরিবর্তন ঘটতে বাধ্য। আজকে সেই বেদত্ব সমাজে এককালে সেই ঋষিরা করেছিলেন 'চরৈবেতী, চরৈবেতী' অর্থাৎ এগিয়ে চলো, এগিয়ে চলো। আজকে সমাজ ব্যবস্থাতে আমরা মনে করি, গোটা পশ্চিমবাংলায়, গোটা ভারতবর্ষে প্রগতিশীল মন্ত্রে, প্রগতিশীল ভাবনায় যদি দীক্ষিত হয় তাহলে আজকে শিক্ষার ক্ষেত্রে একটা আমূল পরিবর্তনের যে কর্মসূচি আজকের সমাজ ব্যবস্থায় ধনবাদী রাষ্ট্র কাঠামোর চৌহিদ্দির মধ্যে থেকে চার দেওয়ালের মধ্যে থেকে সবটা নেওয়া যায় না, এটা ঠিক কিন্তু যেটুকু কর্মসূচি এর মধ্যে নেওয়া যেতে পারে সেই কর্মসূচি আমাদের গ্রহণ করতে হবে। আজকে রজনী বাবু বললেন, পাঠ্যসূচির মধ্য দিয়ে ধর্মীয় ভাবনাকে আঘাত করা হয়েছে। ভারতবর্ষের ধর্ম, ভারতবর্ষের সংস্কৃতি, তাদের মধ্যে একটা প্রাণ সত্তা আছে, ভারতবর্ষকে সংস্কৃতিকে পৃথিবীর মধ্যে মাথা তুলে দাঁড়িয়েছে বরাবর। সংস্কৃতি এত ঠুনকো জিনিস নয়। কৃষিটা এত ঠুনকো জিনিস নয় যে সামান্য আঘাতে ভেঙ্গে পড়বে। আমি মনে করি আজকে সমাজব্যবস্থায় যে চলমানতা, যে গতিশীলতা, তার সঙ্গে তার সঙ্গে সাদৃশ্য রেখে সমাজ ব্যবস্থার পরিবর্তন ঘটাতে হবে। এই বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার ক্ষেত্রে সেই প্রগতিশীল শিক্ষার পাঠক্রম থেকে শুরু করে শিক্ষা কাঠামোকে ঢেলে সাজান এবং খোল নোলচে বদল করার যে কর্মসূচি গ্রহণ করেছেন তাতে বাংলাদেশের মানুষ, পশ্চিমবাংলার মানুষ তাকে স্বাগত জানিয়েছেন। কাজেই আজকে রজনী দোলুই মহাশয় যে উদ্দেশ্য প্রণোদিত এবং পশ্চিমবাংলার মানুষের কাছে অনভিপ্রেত যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি। সঙ্গে সঙ্গে বলছি, তিনি তো অনেক কথা শুনলেন অধ্যাপক নির্মল বোসুর কাছ থেকে, পার্থবাবুর কাছ থেকে। আর একটু না হয় শুনুন শ্রদ্ধেয় অধ্যাপক শম্ভু ঘোষ মহাশয় আছে তাঁর কাছ থেকে তাহলে ব্যাপারটা বুঝতে পারবেন। জিনিসটা প্রাঞ্জল হয়ে যাবে এবং শোনার পর তিনি বুঝতে পারবেন যে আমি যে কাজ করেছি, তা অন্যায় হয়েছে।

[5-50 — 6-00 P.M.]

অন্যায় স্বীকার কোনও দোষ নেই, ভুল স্বীকারে কোনও দোষ নেই। উনি একটা ভুল করে ফেলেছেন, আমরা আশা করব সেই ভুল স্বীকার করে তিনি প্রস্তাবটি প্রত্যাহার করে নেবেন। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শম্ভুচরণ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, শ্রী রজনীকান্ত দোলুই আনীত প্রস্তাবের বিরোধিতা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে হাউসের সামনে দু'একটা শব্দ নিবেদন করতে চাই।

মাননীয় বিরোধী সদস্যদের বক্তব্য যখন আমি অনুধাবন করবার চেষ্টা করছিলাম তখন আমার মনে একটা প্রশ্ন জাগছিল যে, কতিপয় পন্ডিত মূর্খের বক্তৃতা আমরা ধৈর্য সহকারে শুনছি। বক্তৃতার মধ্যে কোনও সারবত্তা নেই, শুধু মাত্র সরকারকে সমালোচনা করার উদ্দেশ্যে একটা প্রস্তাবকে কেন্দ্র করে কতগুলি রাজনৈতিক বক্তব্য এখানে উত্থাপন করার চেষ্টা করা হয়েছে। মাননীয় রজনীকান্ত দোলুই-এর প্রস্তাবের এক জায়গায় একটি শব্দ ব্যবহার করা হয়েছে, সেই শব্দটিকে আমি সমর্থন জানাচ্ছি। তিনি বলেছেন; "প্রাথমিক শিক্ষা থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্ষেত্র পর্যন্ত প্রতিটি স্তরে অস্থিরতা দেখা দিয়েছে।"

বামফ্রন্ট সরকার সমাজব্যবস্থার পরিবর্তনের সাথে সাথে বিকশিত নতুন চেতনার সাথে সমাঞ্জস্য রেখে যে শিক্ষা নীতি এবং ভাষা নীতি গ্রহণ করছে তাতে রাজ্যে দীর্ঘ দিনের স্থিতাবস্থায় একটু অস্থিরতা দেখা দেবে, তাতে কোনও সন্দেহ নেই। আমরা একটা পরিবর্তন আনতে চাই এবং সেই পরিবর্তনটা কোনও একটি রাজনৈতিক উদ্দেশ্য প্রসূত কিম্বা কোনও একটি বিশেষ দৃষ্টিভঙ্গির প্রতিফলন নয়। এর মধ্যে দিয়ে আমরা সমাজব্যবস্থার মধ্যে স্বাভাবিক যে পরিবর্তন ঘটেছে তাকে স্বীকার করে নিয়ে তার সঙ্গে সামঞ্জস্য বিধান করে একটা বাস্তব সম্মত নীতিকে প্রবর্তন করতে চেয়েছি।

আমি দেখলাম ভাষা সম্পর্কে বক্তৃতা রাখতে গিয়ে মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার হঠাৎ হাউসের সামনে একটি উদ্ধৃতি পেশ করে নিজের পান্ডিত্য জাহির করবার চেষ্টা করলেন। তিনি বোঝাতে চাইলেন যে, এক মাত্র তিনিই রবীন্দ্রনাথের "শিক্ষা" নামক প্রবন্ধটি পড়েছেন। সেই প্রবন্ধের ১৫১ পাতা থেকে উদ্ধৃতি দিয়ে এই হাউসে তিনি পড়লেন যে, 'এমনি করিয়া, বাংলার বিশ্ববিদ্যালয়ে ইংরাজি এবং বাংলাভাষার ধারা যদি গঙ্গা যমুনার মতো মিলিয়া যায় তবে বাঙালি শিক্ষার্থীর পক্ষে এটা একটা তীর্থস্থান হইবে। দুই স্রোতের সাদা এবং কালো রেখার বিভাগ থাকিবে বটে, কিন্তু তারা একসঙ্গে বহিয়া চলিবে। ইহাতেই দেশের যথার্থ বিস্তীর্ণ হইবে, গভীর হইবে, সত্য হইয়া উঠিবে।"

কিন্তু তিনি হয়ত জানেন না যে, ঐ প্রবন্ধের পরের পাতায় কি আছে? এখানে আরো কয়েকজন সদস্য বা অনেক সদস্য আছেন, যাঁরা ঐ প্রবন্ধের ১৫২ পৃষ্ঠা সম্পর্কে অবগত আছেন। ঐ একই প্রবন্ধের ১৫২ পৃষ্ঠা রবীন্দ্রনাথ কি বলছেন?

"বিদ্যালয়ের কাজে আমার যেটুকু অভিজ্ঞতা তাতে দেখিয়াছি, একদল ছেলে স্বভাবতই ভাষা শিক্ষায় অপটু । ইংরেজী ভাষা কায়দা করিতে না পারিয়া যদি তারা কোনও মতে এনট্রান্সের দেউড়িটা তরিয়া যায়, উপরের সিঁড়ি ভাঙিবার বেলাতেই চিত হইয়া পড়ে ।

এমনতরো দুর্গতির অনেকগুলি কারণ আছে। এক তো যে ছেলের মাতৃভাষা বাংলা তার পক্ষে ইংরেজি ভাষার মতো বালাই আর নাই; ও যেন বিলিতি তলোয়ারের খাপের মধ্যে দিশি খাঁড়া ভরিবার ব্যায়াম।"

সুতরাং উনি একটা মাত্র উদ্ধৃতি দিয়ে হাউসকে বিভ্রান্ত করবার চেষ্টা করেছেন। ঠিক পরের পাতাতেই রবীন্দ্রনাথ ইংরাজি ভাষা সম্পর্কে যেকথা বলেছেন, সেটা আর উনি বললেন না। বাংলাভাষার মাধ্যমে শিক্ষা আশ্চর্য হলাম এই দেখে যে, বিরোধী দলের একজন মাননীয় সদস্য এমনভাবে সকলকে বোকা বানাবার চেষ্টা করলেন। বামফ্রন্ট সরকার ভাষা সম্পর্কে যে নীতি গ্রহণ করছেন প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত তার মধ্যে সামঞ্জস্য আছে। হঠাৎ কেন বামফ্রন্ট সরকার প্রাথমিক পর্যায়ে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ইংরাজী ভাষাকে তুলে দিলেন? বামফ্রন্ট সরকার কি প্রাথমিক শিক্ষার ক্ষতি সাধনের মানসে ইংরাজী ভাষাকে নির্বাসন দিলেন—যারা বড় বড় এইসব কথা বলেছেন তাঁরা শুধুমাত্র মধ্যবিত্ত পর্যায়ের মানসিকতার কোনও দিয়ে, সামন্ততান্ত্রিক কোনও দিয়ে বিচার করেছেন। একথা তাঁরা জানেন না যে, আজ পর্যন্ত আমাদের দেশের শতকরা ৬০ জন মানুষ নিরক্ষর আছেন, ওপর তলার শতকরা ৪০ ভাগ মানুষ অক্ষর-জ্ঞান সম্পন্ন। কিছুদিন আগে পর্যন্ত যে তথ্য পরিবেশন

করা হয়েছিল সেখানে আমরা দেখলাম প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে ছাত্র ভর্তির সংখ্যা বহুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে এবং সেটা হচ্ছে শতকরা ৮০ ভাগ। এটা দেখে আমরা উল্লসিত হয়েছিলাম যে পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষার অগ্রগতি হয়েছে এবং শতকরা ৮০ ভাগ ছাত্র প্রাথমিক শিক্ষার সুযোগ পাচ্ছে। কিন্তু একটু মনোযোগ দিয়ে বুঝবার চেষ্টা করলাম—দ্বিতীয় শ্রেণীর প্রাথমিক ছাত্রদের ভাগ্যে কি রাখা হয়েছে—প্রথম শ্রেণীতে শতকরা ৮০ ভাগ ছাত্র ভর্তি হয় আর দ্বিতীয় শ্রেণীতে যখন উত্তীর্ণ হয় তখন তার মধ্যে শতকরা ৫৫ ভাগ ছাত্র-ছাত্রী লেখা পড়া ছেড়ে দিতে বাধ্য হয়। আমরা একটুখানি বিচার করার চেষ্টা করেছি কেন শতকরা ৫৫ ভাগ ছাত্র-ছাত্রী দ্বিতীয় শ্রেণীতে ওঠার সময়ে লেখা-পড়া ছেড়ে দিতে বাধ্য হয়। আমরা দেখেছি, গ্রামাঞ্চলে ক্ষেত-মজুর, সাঁওতাল, দুলে, বাগদি ঘরের ছেলেরা পাঠশালায় যেতে আগ্রহ প্রকাশ করছে। এই সমস্ত ঘরের লোকেরা যখন চিন্তা করেন তারা নিরক্ষর থাকার জন্য তাদের জীবন অভিশপ্ত করে তুলেছিল—তাদের অক্ষর-জ্ঞান ছিল না বলে সাদা কাগজে টিপ সই করিয়ে নিয়ে ওদের জমি-জমা, ঘর-বাড়ি হস্তান্তর করে নিয়েছে জমিদার এবং জোতদারের সেইদিন তারা প্রতিজ্ঞা করেছে তাদের ছেলে-মেয়েদের অক্ষর-জ্ঞান করিয়ে দেবে এবং তার জন্যই তারা অনেক আশা নিয়ে পাঠশালায় ভর্তি করে। কিন্তু দেখা যাচ্ছে, দারিদ্রতার চাপে পড়ে তাদের ছেলে-মেয়েদের পাঠশালায় পড়াতে পারে না। বাধ্য হয়ে পাঠশালা থেকে ছাড়িয়ে আনছে। ক্ষেত-মজুরেরা যখন দেখে যে তাদের ঘরের ছেলেরা অন্ধের যষ্ঠির মতন কাজ করে তাদের সাথে এবং চিঁড়ে-মুড়কি খাওয়ার সহায়তা করে তখন সে প্রয়োজন অনুভব করে না লেখা-পড়ার, সেই কৃষক পরিবারের মেয়েরা যখন তার সামান্য বেসিকটুকু অগ্রসর করাতে পারে না—দ্বিতীয় শ্রেণীতে ওঠার সাথে সাথে লেখা-পড়া ছাড়িয়ে দিতে বাধ্য হয়—এটা যেমন সত্য কথা তেমনি শতকরা ৫৫ ভাগ দ্বিতীয় শ্রেণীতে ওঠার সাথে সাথে লেখা-পড়া ছেড়ে দিতে বাধ্য হয় অর্থনৈতিক কারণে, অভাব অনটনের জন্য। এই সঙ্গে সঙ্গে আর একটি কারণ আছে যেটা আমারা অত্যন্ত বিচক্ষণের সাথে বিচার করার চেষ্টা করেছি—আমরা মধ্যবিত্ত পরিবারের মানসিকতার সাথে পরিচিত । আমাদের ছেলে-মেয়েদের দাদা-দিদিমারা অ বর্ণের সাথে পরিচিত হতে সাহায্য করে। অ, আ, লিখতে শেখায়, এবং তার সাথে সাথে এ.বি.সি.ডি. বর্ণ লেখাতে শেখায়, বলাতে শেখায়। কিন্তু ঐ গ্রামের পাঠশালায় দুস্থ পরিবারের ছেলে-মেয়েরা, ঐ ক্ষেত-মজুর ঘরের ছেলে-মেয়েরা, ঐ সাঁওতাল, দুলে, বাগদি ঘরের ছেলে-মেয়েরা যাদের পিতা-মাতারা নিরক্ষর, অশিক্ষিত সেইসব ঘরের ছেলে-মেয়েরা পাঠশালা থেকে বাড়িতে ফিরে আসে তখন কে তাকে বাড়িতে শেখায়?

[6-00 — 6-10 P.M.]

বাড়িতে কে তাকে অক্ষরগুলিতে দাগ দিয়ে দিতে সাহায্য করে? সেখানে কেউ থাকেনা। সারাদিন মাঠে খেটে কৃষাণ কৃষাণী ক্লান্ত হয়ে যায় এবং তারপর নেশায় অনেক ক্ষেত্রে তাদের কোনও রকম হুঁশ থাকেনা। সেখানে কৃষক পরিবারের ক্ষেত মজুর পরিবারের ছেলেমেয়েদের একদিকে অভাব অনটনের সংসার অপর দিকে দেখি দুটো ভাষার বোঝা মাথায় চাপাবার ক্ষমতা তার নেই, তার পরিবারের সাহায্য করার কেউ নেই। সেখানে মধ্যবিত্ত পরিবার অনেক ভাগ্যবান, এবং যে ক্ষেত্রে আমরা আমাদের ছেলেদের অ, আ, ক, খ, কিংবা এ, বি, সি, ডি, শেখাই তখন ঐ কৃষক পরিবারের ছোট ছোট ছেলেমেয়েরা পাঠশালায় দ্বিতীয়

শ্রেণীতে উঠে লেখাপড়া ছেড়ে দিতে বাধ্য হয়। আমাদের মধ্যবিত্ত পরিবারে ছেলেদের ছড়া শেখানো হয় যে "রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে—শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।" আমরা জানি ঐ রাখাল ছেলেরা যেন গরু চরাতেই অভ্যস্ত, পাঠশালায় লেখাপড়া যেন তাদের ক্ষেত্রে নয়। সেজন্য কোনওরকমে তাদের লেখাপড়ায় আগ্রহ সৃষ্টি করা যায় শিশুর এই সহজ মনস্তত্ব বোঝবার চেষ্টা করেছেন? আমরা তাদের কাছে লেখাপড়া আকর্ষণীয় করে তুলতে চাই, এবং সেজন্য বামফ্রন্ট সরকার শুধুমাত্র মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেছেন। আমরা মাতৃভাষাকে গণমুখী করতে চাই। মাতৃভাষাকে আমরা ঐ ক্ষেতমজুর পরিবারের মধ্যে ঢুকিয়ে দিতে চাই। আমরা সাঁওতাল, দুলে, বাগদী ঘরের মধ্যে মাতৃভাষাকে ঢুকিয়ে দিতে চাই, মাতৃভাষার মাধ্যম হতে প্রাথমিক শিক্ষা লাভ করুক, দুটো ভাষার বোঝা মাথায় চাপিয়ে দিয়ে দ্বিতীয় শ্রেণী থেকে ঐ শিক্ষায় ইস্তফা দিয়ে বাড়ি ফিরে আসবে তখন যদি আমরা মনে করি যে তার মধ্যে শিক্ষার অগ্রগতি হতে পারে না এবং আমরা নিরক্ষরতা দূরীকরণে সমর্থ হব না। অত্যন্ত বাস্তব দৃষ্টিকোণ দিয়ে সমাজের পরিবর্তনশীল ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্য রেখে ছোট ছোট ছেলেমেয়েদের প্রতি দৃষ্টি রেখে ভাষা সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আমরা বুঝিনা যে ক্ষেত মজুরদের ছেলে মেয়েরা গরুর জায়গায় কাউ বলতে শিখলে কি এমন তার উন্নতি হয়ে যাবে? সে অন্তত প্রাথমিক শিক্ষা পর্যন্ত জ্ঞান লাভ করতে পারবে, তার নিজের বিদ্যা, বুদ্ধির বিকাশ সাধন করতে পারবে, শুধু তাই নয় সমগ্র সামাজিক পরিবেশের মধ্যে একটা যুগান্তকারী পরিবর্তন জানতে পারবে। চার দিকের নিরক্ষরতা দূর করে একটা সুস্থ পরিবেশ রচনা করতে সহায়তা করতে পারবেন, তার পরিবারের মধ্যে তার বাবা, মায়ের কাছে কিছুটা অন্তত প্রভাব বিস্তার করতে পারবে। তার বাবা বা মা অক্ষর জানা সম্পর্কে আগ্রহ প্রকাশ করবে একটা নূতন বিকাশের চেতনা সেখানে সম্ভব হবে। এই সম্ভাবনা কে আমরা মূর্ত রূপ উদ্দেশ্য প্রাথমিক শিক্ষা স্তরে শুধুমাত্র মাতৃভাষার উপর গুরুত্ব আরোপ করেছি, আপনারা জানেন যে শ্রেণী বিভক্ত সমাজ ব্যবস্থাতে ধনী মানুষ আছে, গরিব মানুষ আছে, শ্রেণী বিভক্ত সমাজ ব্যবস্থায় ধনী মানুষ আজকাল তাঁদের ছেলেমেয়েদের কনভেন্টে রেখে পড়াবেন, ইংরাজী মাধ্যমে স্কুলে পাঠাবেন, গরমের ছুটিতে কাশ্মীর নিয়ে যাবেন, বাড়িতে টি.ভি. দেখাবেন, শ্রেণী বিভক্ত সমাজ ব্যবস্থায় এই পরিবর্তনের সম্ভাবনা নেই, তখন ছিল—এখন থাকবে। কিন্তু আমরা যে উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা শুধুমাত্র মাতৃভাষায় গুরুত্ব আরোপ করে ইংরাজী ভাষাকে সেখায় থেকে বর্জন করেছি একমাত্র প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে আমরা পরিবর্তন করে দিতে চাই, সমাজের সর্বস্তরে গণভাষার রূপায়ণ করতে চাই। মাতৃভাষার মাধ্যমে তারা খবরের কাগজ পড়তে শিখুক, কিছু জানবার আগ্রহ অন্তত প্রকাশ করুক। আজকে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে শুধুমাত্র মাতৃভাষায় গুরুত্ব আরোপ করে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার একটা নূতন নীতি নির্ধারণ করেছেন, এর মধ্যে দিয়ে ভবিষ্যত বংশধরেরা অন্তত এই সমাজ ব্যবস্থায় এই সরকার সম্পর্কে তাদের যে নূতন মনোভাব সেই মনোভাব প্রকাশ করতে সমর্থ হয়। মাধ্যমিক শিক্ষা সম্পর্কে আমাদের মাননীয় সদস্য পণ্ডিত মূর্খ শ্রী হরিপদ ভারতী মহাশয় বিস্ময় প্রকাশ করেছেন যে অষ্টম শ্রেণীর পর নবম দশম শ্রেণী থেকে সংস্কৃত অপসারণ করা হল? ভাবটা যেন এই সরকার বাংলা দেশের সংস্কৃতি সম্বন্ধে বিরূপ হয়ে গেলেন, আমরা যেন সচেতন নেই। আমাদের দেশের সংস্কৃতি বিকাশের ক্ষেত্রে—সংস্কৃত ভাষার অবদান অনস্বীকার্য, শুধু আমাদের বাংলা ভাষাই

নয়—ভারতবর্ষের বিভিন্ন ভাষা এবং পৃথিবীর অনেক ভাষাই সংস্কৃত ভাষার মধ্য দিয়ে সমৃদ্ধ লাভ করেছে। কিন্তু এই সংস্কৃত ভাষার মাধ্যমে বাংলা দেশের সংস্কৃতি লাভবান হয়েছে নূতন রূপ পরিগ্রহণ করেছে—আমরাও চাই এই চিন্তা ধারার সঙ্গে বর্তমান যুব ও ছাত্র সমাজ পরিচয় লাভ করুক। সুতরাং সংস্কৃতি ভাষ্য সম্পর্কে যারা জ্ঞান লাভ করতে চায় সেখানে কোনও প্রতিবন্ধকতা আমরা রাখছি না। ৭ম, ৮ম শ্রেণী পর্যন্ত সংস্কৃত ভাষা রাখার পর একে আমরা ঐচ্ছিক করেছি তার মানে এই নয় যে এই সংস্কৃত ভাষার বিরুদ্ধে বিরূপ মনোভাব পোষণ করছি। এই সরকার পরিচালনাধীনে সংস্কৃত মহাবিদ্যালয়কে উন্নত পর্যায়ে প্রতিষ্ঠা করার জন্য বিভিন্ন কর্মসূচি আমরা গ্রহণ করেছি। এই সরকারের উদ্বেগে বিভিন্ন জেলায় যে সমস্ত টোল আছে সেখানকার পন্ডিতদের মাসিক মাসোহারা বৃদ্ধির ব্যবস্থা করেছি. সুতরাং এর বিরুদ্ধে কোনও বিরূপ মনোভাব এই সরকারের নেই। কিন্তু যে ভাষা জীবনে বর্তমানে প্রতিষ্ঠিত করতে সাহায্য করে না তাকে চাপানোর কি যুক্তি আছে? আমরা দেখছি ১০ম শ্রেণীর একজন ছাত্র যখন সে মাধ্যমিক পরীক্ষায় বসে তখন তার কালঘাম ছুটে যায় সংস্কৃত ভাষা করায়ত্ব করতে। এই ভাষার যেখানে ব্যবহারিক জীবনে মূল্য কম সেখানে এই ভাষার প্রয়োজন আছে বলে আমরা মনে করি না। কিন্তু আমরা মনে করি কোনও ছাত্র যদি সংস্কৃত ভাষায় আর পন্ডিত হতে চায় সে এই ভাষাকে ঐচ্ছিক ভাষা হিসাবে গ্রহণ করতে পারে। আমার মনে হয় ভাষার নীতি সম্পর্কে আমাদের যে নীতি সেটা তাঁরা সম্যক ভাবে উপলব্ধি করতে পারেন নি। এই সরকার বিশ্ব বিদ্যালয়ের কাছে যা সুপারিশ করেছেন তা নিশ্চয়ই আপনাদের জানা আছে। স্নাতক পর্যায়ে এতদিন বিজ্ঞান বিভাগে শুধু তিনটা বিষয় নিয়ে পড়তে হত রসায়ন, বিজ্ঞান, গণিত এই তিনটা বেছে নিয়ে একটা ছেলে পাশ করলে বি.এস.সি. ডিগ্রি পেত। কলা বিভাগে সেখানে নির্বাচিত বিষয় এর মধ্যে তিনটি নিতে হত ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান ও দর্শন এবং বাংলা ও ইংরেজী আবশ্যিক হিসাবে তাকে গ্রহণ করতে হত। যুক্তি হচ্ছে এই যে স্নাতক কলা বিভাগের একজন ছাত্র যদি সে ডিগ্রি পায় তাহলে তার যদি ইংরাজী-বাংলা ভাষায় জ্ঞান না থাকে তাহলে তার ডিগ্রি অর্থহীন হয়। উচ্চ শিক্ষায় যে জিনিসটা আমরা চিন্তা করছি তা হচ্ছে প্রথম শ্রেণী থেকে ১২ শ্রেণী পর্যন্ত বাংলা ভাশা কে আবশ্যিক ভাষা হিসাবে দিয়েছি। এর সঙ্গে ইংরাজী ভাষাকে দ্বিতীয় আবশ্যিক হিসাবে রেখেছি। আমরা মনে করি না বিজ্ঞান স্তরে ভাষার গুরুত্ব আছে। বিজ্ঞান স্তরে সবচেয়ে যেটা প্রয়োজন তা হচ্ছে বিষয় বস্তু সম্পর্কে মর্ম উপলব্ধি করা। আমাদের অভিজ্ঞতায় আমরা দেখেছি যে, একজন দর্শন বা ইতিহাস বা রাষ্ট্র বিজ্ঞানের ছাত্রকে ইংরাজী বাংলা নিয়ে হিমসিম হতে হয়। অন্য মূল মর্ম উপলব্ধি করতে পারে না।

[6-10—6-20 P.M.]

সেখানে আমরা ইংরাজী ভাষাকে তুলে দিই নি। ইংরাজী ভাষাকে আবশ্যিক ভাষা হিসাবে রেখেছি। আমরা মাত্র সেখানে দাঁড়িটা তুলে দিয়েছি—আমরা বলেছি নির্বাচিত বিষয় যা আছে সেখান থেকে সে তিনটা বিষয় গ্রহণ করতে পারে। এতদিন যে দুটো আবশ্যিক বিষয় ছিল তার মাঝখানে যে সীমারেখা ছিল তাকে তুলে দিয়ে সবগুলিকে আমরা নির্বাচিত তালিকার মধ্যে দিয়েছে। অর্থাৎ একজন ছাত্র দর্শন-ইতিহাস-রাষ্ট্রবিজ্ঞান নিয়ে যেমন পড়তে পারে তেমনি একজন ছাত্র ইংরাজী বাংলা এবং ইতিহাস নিয়ে পড়ার সুযোগ পাচ্ছে। একজন

ছাত্র যদি মনে করে সাহিত্য সম্পর্কে আমি পাণ্ডিত্ব অর্জন করতে চাই তাহলে সে ইংরাজী-বাংলা এবং সংস্কৃত তিনটা সাহিত্যিক বিষয় নিয়ে বি.এ.ডিগ্রি লাভ করতে পারে। এরজন্য আমরা সরকার পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের কাছে অনুরোধ করেছি তিনটা নির্বাচিত বিষয়ের মধ্যে ইতিহাস রাষ্ট্রবিজ্ঞান এবং দর্শন নিয়ে কেউ পড়তে পারবে ইংরাজী বাংলা-সংস্কৃত নিয়ে কেউ পড়তে পারবে। একজন ছাত্র যদি মনে করে ইতিহাস ছাড়া বিজ্ঞান বিষয়ের অঙ্ক নিয়ে সে পড়বে তা সে পারবে। একজন বি.এ.-র ছাত্র ইতিহাস অর্থনীতি এবং বিজ্ঞান স্ট্রীম এর বিষয়ও নিতে পারে। তেমনি বিজ্ঞানের ছাত্র ফিজিক্স কেমিস্ট্রি এবং কলা বিভাগ থেকে বাংলা বা ইংরাজী গ্রহণ করতে পারে অর্থাৎ দুটা বিষয়ে ১৯৭৯ থেকে সে গ্রহণ করতে পারে এই বিষয়ে আমারা সাজেশন দিয়েছি। আমরা বলছি যে বিজ্ঞান ও কলা বিভাগে প্রত্যেকটি ছাত্র আবশ্যিক হিসাবে যে কোনও একটি ভাষাপত্র গ্রহণ করতে পারে যেমন ইংরাজী, বাংলা, নেপালী, উর্দ্ধু, এর মধ্যে যে কোনও ভাষাপত্র গ্রহণ করতে হবে এবং তাতে ১০০ নম্বর থাকবে। যদি ইংরাজী ভাষাপত্র সে নেয় এবং সেক্সপীয়ার, মিলটনকে সে পড়তে পারবে এবং ব্যাকরণ সম্পর্কে তার উপর প্রশ্ন পত্র থাকবে, অনুরূপ ভাবে বাংলার উপরেও আমরা জোর দিতে চাই। বাংলা ভাষাপত্র আবশ্যিক ভাবে গ্রহণ করতে হবে। শুধুমাত্র ব্যাকরণ ভাষার আত্ম সম্পর্কে যদি জ্ঞান থাকে তাহলে সে সেটা নিয়ে পরীক্ষা দেবে। এটা আবশ্যিক ভাষা হিসাবে রাখা হয়েছে। তার মানে বিজ্ঞানের ছাত্রকে ভাষা পড়তে হচ্ছে। মাননীয় সদস্য হরিপদ বাবু বললেন যে আমরা নাকি এ সব তুলে দিয়েছি—কিন্তু তা ঠিক নয়। একদিকে ইংরাজী বাংলাকে নির্বাচিত তালিকায় রেখে অপর দিকে বিজ্ঞানের ছাত্রকে যেখানে বাংলা ভাষা পড়ানোর প্রয়োজন ছিল না সেখানে বাংলা ইংরাজী, উর্দ্ধ ইত্যাদিতে ১০০ নম্বর অবশ্যই তাকে নিতে হবে। সেখানে ২০র অধিক নম্বর যদি পায় তাহলে সেই নম্বরটা তার মোট নম্বরের সঙ্গে যোগ করে তা ডিভিসন পাওয়ার পক্ষে সহায়ক হবে। ধরুন একজন ছাত্র ইতিহাসে অনার্স নিয়ে পড়ছে বা অর্থনীতি বা রাষ্ট্র বিজ্ঞান নিয়ে পড়ছে সে ঐ বিষয় একটাতে ১০ নম্বর কম পেয়েছে কিন্তু সেখানে ভাষা পত্রে যদি সে ৩০ নম্বর পায় তাহলে ঐ ২০ নম্বর বাদ দিয়ে ১০ নম্বর ঐ যে কোনও একটি বিষয়ের সঙ্গে যোগ করে তাকে পাশ বলে ঘোষণা করা হবে। গ্রেস মার্ক পদ্ধতিটা আমরা তুলে দেবার পক্ষে। যা হোক ভাষার প্রশ্নে প্রাথমিক পর্যায় থেকে বিশ্ববিদ্যালয় পর্যায় পর্যন্ত আমরা কোনও দৃষ্টিকোণ থেকে বিচার করে করেছি সেটা আপনাদের অনুধাবন করতে বলি। আমরা জোর দিয়েছি মাতৃভাষার মাধ্যমে প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত শিক্ষা দানের ব্যবস্থা করার উপর। সেজন্য বাংলায় যাতে আর পুস্তক প্রকাশিত হতে পারে তার জন্য পশ্চিমবঙ্গ সরকারের নিজস্ব যে একটা পুস্তক পর্ষদ প্রতিষ্ঠান আছে তার মাধ্যমে ইতিমধ্যে আমরা উদ্যোগ গ্রহণ করে কতকগুলি বাংলা বই প্রকাশ করেছি, বাংলায় অনার্সের বই প্রকাশ করেছি, এম.এ-বিভিন্ন বিষয়ের উপর বাংলা বই লেখা হয়েছে, শীঘ্রই প্রকাশ হবে। আমরা বিশ্ববিদ্যালয়ের কাছে অনুরোধ করেছি সমস্ত পরীক্ষাগুলি যাতে বাংলা ভাষায় গ্রহণ করতে পারে। আমরা বিশ্ববিদ্যালয়কে অনুরোধ করেছি যে ডক্টোরেটের থিসিস বাংলায় করতে হবে। এতদিন থিসিস জমা দেওয়ার ক্ষেত্রে বাংলা ভাষাকে স্বীকার করা হত না। কলকাতা বিশ্ববিদ্যালয় আজকে এই সিদ্ধান্ত গ্রহণ করলে অন্যান্য বিশ্ববিদ্যালয় কলকাতা বিশ্ববিদ্যালয়ের দৃষ্টান্ত অনুসরণ করবেন বলে বিশ্বাস করি। ভাষার উপর যে বিতর্কের সূচনা হয়েছে, ভাষা সম্পর্কে একটা

ভ্রান্ত ধারণা প্রসূত যে বক্তব্য পেশ করা হয়েছে তার প্রতিবাদে সরকারি নীতিকে অত্যন্ত সংক্ষিপ্ত পরিসরের মধ্যে আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে হাউসের সামনে উপস্থিত করলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী রজনীকান্ত দোলুই মহাশয় কর্তৃক আনীত যে প্রস্তাব তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারে আমার উত্তর দেওয়ার পালা। এদিকে আমরা পন্ডিত মূর্খ আছি, কারণ, মাননীয় মন্ত্রী মহাশয় বলছিলেন পণ্ডিত মূর্খের বক্তব্য শুনলাম। পণ্ডিত মূর্খের ব্যাখ্যা করে যদি বলতেন তাহলে ভাল হত। তিনি যে কথা বললেন তাতে তিনিও কি পণ্ডিত মূর্খ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তর কি দেব, এঁরা আসল কথা যেগুলি যাকে বলে চলতি কথা, কারেন্ট, সেগুলিকে পাশ কাটিয়ে এদিক ওদিক বললেন। নির্মল বাবু তো বক্তৃতার ফুলঝুরি দিলেন। যাইহোক, আমরা যা চেয়েছি, গোড়ায় যেকথা বলেছিলাম স্কুল বোর্ডগুলি কখন নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা গঠিত হবে সেকথা বললেন না। নিজেদের লোককে নিয়ে যে সেখানে দলবাজি করছেন সেকথা বললেন না। সেকেন্ডারি বোর্ড ভেঙ্গে দিয়ে যখন প্রশাসক নিযুক্ত করেছিলেন তখন বলা হয়েছিল সামান্য সময়ের জন্য নেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কতদিন হল? ২ বছর পার হয়ে গেছে—প্রথম প্রাশাসক স্মরণীয় সত্যপ্রিয় রায় মারা গেছেন, তারপর আর একজন এসেছেন ভবেশ মৈত্র মহাশয়, কিন্তু এখনও নির্বাচন সেখানে হল না। মাননীয় মন্ত্রী মহাশয় বলছিলেন যে কংগ্রেসি আমলে যাদের তাড়িয়ে দেওয়া হয়েছিল তাদের রিইনস্ট্রেট করার জন্য স্কুলে জোড়া হেড মাস্টার হচ্ছে। চাকরি খেলেন না, কিন্তু ওখানে পড়াশুনা সঠিকভাবে চলার জন্য জোড়া হেড মাস্টার করলেন, তাতে কি সমাধান হল সেকথা বললেন না।

[6-20 — 6-27 P.M.]

কেন বললেন না? সমাধান তো করলেন না ঐ জোড়া হেড মাস্টার থাকলে তাহলে কি করে চলবে, জোড়া পরীক্ষা হলে কি করে চলবে, জোড়া টেস্ট হলে কি করে চলবে, এইগুলি তো বললেন না। সেকেন্ডারি বোর্ডে ১৯৬৭ সালে যুক্ত ফ্রন্ট যখন এসেছিল মনে করুন তখন ১৩ শত শিক্ষককে তাড়িয়েছিলেন এবং এই বোর্ডেরই আবার শুনানী কমিটি যেটা আছে সেই কমিটি শুনানী করে ১১ শতকে ফিরিয়ে এনেছেন। তাহলে কি পালটা কাজ করছেন আপনারা? সুতরাং আমার বক্তব্য হচ্ছে যে যখন তাড়িয়ে দিয়েছিলেন তখন আপনারাই তাড়িয়েছিলেন ১১ শত শিক্ষককে সেই ১১ শতকে আবার রিইনস্টেট করা হয়েছে ১৯৬৭-৬৮ সালে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে আমি নির্মল বাবু, উনি অধ্যাপক, এবং জয়ন্ত বাবুকে একত্রে ধরছি। নির্মল বাবু ও জয়ন্ত বাবু বক্তৃতা দিলেন। নির্মল বাবু অনেক চ্যালেঞ্জ করলেন, সেইগুলি তিনি যখন করছিলেন তার সঙ্গে সঙ্গে বলে গেলেন যে পরীক্ষা খুব ভালভাবে চলছে, রেজাল্ট খুব ভালভাবে হচ্ছে, পরিচালনা খুব ভালভাবে হচ্ছে কিন্তু তিনি বললেন না যে ঐ রেজাল্ট আউট হওয়ার আগে কাগজপত্র ফাঁস হল, পরীক্ষার খাতা পাওয়া গেল, তাহলে এই সব পাওয়া গেল কোন আমলে? ঐ নির্মল বাবু যখন কাউন্সিলে ছিলেন তখনই। একথাটা বললেন

না উনি যে সে সব বাজারে পাওয়া গিয়েছিল এবং বহু কেলেঙ্কারী হয়েছিল। উনি বলে গেলেন পরীক্ষা চলেছিল ও রেজাল্ট ভালভাবে বের হল তাহলে খাতাগুলি কোথায় পাওয়া গেল, কার আমলে হল? সুতরাং কি করে বলছেন উনি যে সব কিছু পরিচালনা সুষ্ঠুভাবে হচ্ছে। সুতরাং একটা একটা করে খবরের কাগজে, এই বিধানসভাতেও পরীক্ষার ব্যাপারে, ছাত্রদের ব্যাপারে বিভিন্ন তারিখে কথা উঠেছে, বিভিন্ন সদস্য তা প্রকাশ করেছেন এবং আজকে একটু একত্রিত করে আলোচনা করার কথা ছিল কিন্তু হলনা। কারণ পার্থবাবুও এমনভাবে বক্তৃতা দিয়ে গেলেন যে বাস্তব কথাগুলি এড়িয়ে অসত্য কথা বলে চলে গেলেন। তিনি বললেন ঐ প্রাথমিক শিক্ষকদেরকে যারা আইন অমান্য করেছিল সেদিন তাদের সঙ্গে নাকি কথা বলেছিলেন কিন্তু তিনি বললেন না যে তাদের জানিয়েছিলেন কখন। আইন অমান্য যেদিন হবে তার আগের দিন সন্ধ্যা ৬টার সময় জানিয়েছিলেন যখন তারা বিভিন্ন মফস্বল থেকে কলকাতায় উপস্থিত হয়েছিল। এটা কি আলোচনা, এটা কি জানানো? পার্থবাবু শিক্ষক নিযুক্ত করা সম্বন্ধে বলে গেলেন কোন ক্যাটাগোরির স্কুল নাকি কংগ্রেসি আমলে হয়েছিল কিন্তু এখন আবার ঐ স্কুলগুলিতে পাঠাচ্ছেন দু'একজন শিক্ষক নিযুক্ত করে। আমি মালদা জেলার কথা বলছি, দুর্গাবাবু চিঠি দিয়ে পাঠিয়েছিলেন মন্ত্রী মহাশয়ের কাছে, মন্ত্রী মহাশয় সেই অ্যাপয়েন্টমেন্ট অ্যাপ্রুভ করেছেন। তারপর স্কুলে আর ঢুকতে পারছেনা। তার মানে স্কুল খুঁজে পাচ্ছে না কোথায় স্কুল অর্থাৎ সে স্কুল তারা চেনেনা। যারা ঐ সব স্কুল অর্গানাইজ করেছিল অ্যাকচুয়ালি তারাই কিন্তু ঢুকতে দিচ্ছে না। কেন দিচ্ছে না, কোর্টে মামলা আছে, সেই মামলা চলছে। সুতরাং তাদের বক্তব্য হচ্ছে মামলা শেষ না হওয়া পর্যন্ত ঢুকতে দেওয়া হবে না। এই তো নমুনা অ্যাপয়েন্টমেন্ট কোথায় হয়েছে, কোথায় স্কুল হয়েছে? দু'হাজার - তিন হাজার ঘোষণা করেছিলেন কটা স্কুল হয়েছে বললেন না তো লিস্ট দিয়ে। তারপর অধিগ্রহণ করলেন বিশ্ববিদ্যালয়। আমি বলছি বীরেনবাবুকে যে এই প্রস্তাব আপনারা সমর্থন করে নিন তাহলে মান বাঁচবে আপনাদের। আমি জানি ভোটের জোরে এটা নাকচ করবেন। কিন্তু যে কথাবার্তা এখানে হল তাতে পণ্ডিত মূর্খ বলেছ যে ব্যাখ্যা দিয়েছেন এই পণ্ডিত মূর্খ কথাটার আমি প্রতিবাদ করছি, পণ্ডিত মূর্খ ব্যবহার করা একটা মন্ত্রীর পক্ষে শোভনীয় নয়। এই প্রস্তাব সঙ্গত প্রস্তাব। মন্ত্রী মহাশয়রা থিয়োরিটিক্যাল কথাবার্তা বলে গেলেন, প্র্যাকটিক্যাল কথা বলেননি, এই প্রস্তাব উপযুক্ত প্রস্তাব আমি আশা করি বিচার বিবেচনা করে এই প্রস্তাবকে আপনারা সমর্থন করবেন। এই বলে আপনারা যে সমস্ত কথা বলেছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Rajani Kanta Doloi that — "পশ্চিমবঙ্গ বিধানসভা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, বর্তমান সরকার শিক্ষাক্ষেত্রে পশ্চিমবঙ্গের মানুষকে এক অনিশ্চয়তার পথে নিয়ে চলেছে। প্রাথমিক শিক্ষা থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্ষেত্রে পর্যন্ত প্রতিটি স্তরে অস্থিরতা, অব্যবস্থা এবং প্রশাসনিক অচল অবস্থা শিক্ষার পূর্বে কুঠারাঘাত করছে। শিক্ষার ক্ষেত্রে ত্রিভাষা নীতি ও স্নাতক পর্যায়ে ইংরাজী ও বাংলাকে ঐচ্ছিক করার সিদ্ধান্ত দেশকে আত্মহননের পথে এগিয়ে নিয়ে চলেছে। বস্তুত শিক্ষক ও শিক্ষাকে ধ্বংস

করার এক পরিকল্পনা বর্তমান সরকারের কর্ম পদ্ধতির মধ্যে লক্ষ করা যাচ্ছে। তাই এই সভার অভিমত এইযে, শিক্ষার মান উন্নয়ন, বিকাশ তথা প্রশাসনিক স্থিতবস্থা রক্ষার জন্য প্রয়োজনীয় সুচিন্তিত ও বাস্তবসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হোক।"

was then put and lost

## Adjournment.

The House was then adjourned at 6.27 p.m. till 1 p.m. on Monday the 10th September, 1979 at the Assembly House, Calcutta.

# INDEX TO THE
# West Bengal Legislative Assembly Proceedings
# (Official Report)

Vol : 71-No-1, (Seventy One Session) (August-September, 1979)

(The 27th, 28th, 29th, 30th, 31st August 1979 & 3rd, 4th, 5th, 6th and 7th September, 1979)


**Bills**

The Bengal Electricity Duty (Amendment) Bill, 1979. PP-444-452

The Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979 PP-342-348

The West Bengal Animal Slaughter Control (Amendment) Bill, 1979. PP-488-525

The West Bengal Land (Farm Holding) Revenue Bill, 1978. PP-33-54, PP-77-111, PP-129-197

The West Bengal Multistoreyed Building Tax Bill, 1979. PP-294-312

The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979 PP-428-433

The West Bengal Universities (Control of Expenditure) (Cessation of Application) Bill, 1979 PP-434—444

**Discussion on the Bengal Electricity Duty (Amendment) Bill, 1979.**

by—Dr. Ashoke Mitra PP-444-445, PP-450-451

by—Shri Prabir Sengupta PP-449-450

by—Shri Samsuddin Ahmed PP-447-448

by—Shri Sandip Das PP-445-447

by—Shri Suniti Chattaraj PP-448-449

**Discussion on Motion under rule 185 regarding formation of high-powered Committee to monitor the Police admistration in view of forthcoming Election**

by—Shri A. K. M. Hasan Ujjaman PP-373-375

by—Shri Deba Prasad Sarkar PP-362-364

by—Shri Deo Prakash Rai PP-377-379

by—Shri Dipak Sengupta PP-368-379

by—Shri Jyoti Basu PP-379-383

by—Shri Kiranmoy Nanda PP-383-386

by—Shri Natheniel Murmu PP-375-377

by—Shri Probodh Chandra Sinha PP-349-355

by—Shri Rajani Kanta Doloi PP-356-359

by—Shri Satya Ranjan Bapuli PP-359-362

by—Shri Subhas Chakraborty PP-365-368

**Discussion on the motion under Rule 185 regarding the price-hike of essential Commodities.**

by—Shri Amalendra Roy PP-241-244

by—Shri Anil Mukherjee PP-259-260

by—Dr. Ashoke Mitra PP-255-259

by—Shri Bimalananda Mukherjee PP-244-245

by—Shri Deoprakash Rai PP-249-250

by—Shri Deba Prasad Sarkar PP-245-249

by—Shri Haripada Bharati PP-223-228

by—Shri Lakshmi Charan Sen PP-218-223, PP-260-262

by—Shri Nirmal Kumar Bose PP-238-241

by—Shri Samsuddin Ahmed PP-232-238, PP-229-230,

by—Shri Satya Ranjan Bapuli P-228

by—Shri Shaikh Imajuddin PP-251-252

by—Shri Sudhin Kumar PP-252-255

**Discussion on Motion under Rule 185 regarding problem arising on the introduction of tri-lingual policy in Bachelor Course**

by—Shri Atish Chandra Sinha PP-575-578

by—Shri Deba Prasad Sarkar PP-578-581

by—Shri Haripada Bharati PP-570-575

by—Shri Jayanta Kumar Biswas PP-595-598

by—Shri Nirmal Kumar Bose PP-591-595

by—Shri Partha Dey PP-582-591

by—Shri Rajani Kanta Doloi PP-566-570

by—Shri Sambhu Charan Ghosh PP-598-602

**Discussion on the Motor Transport Workers (West Bengal Amendment) Bill, 1979**

by—Shri Balailal Das Mahapatra P-348, PP-343-344

by—Shri Krishnapada Ghosh PP-347-348, PP-342-343

by—Shri Manoranjan Roy PP-345-346

by—Smt. Renuleena Subba PP-346-347

by—Shri Samsuddin Ahmed PP-344-345

by—Shri Santi Ram Mahato P-345

**Discussion on the West Bengal Animal Slaughter Control (Amendment) Bill, 1979**

by—Shri Abdul Karim Chowdhury PP-513-515

by—Shri A.K.M. Hasan Ujjaman PP-508-513

by—Shri Amritendu Mukherjee PP-488-494, PP-515-518, P-522.

by—Shri Birendra Kumar Moitra PP-494-498, P-522

by—Shri Deb Ranjan Sen PP-506-507

by—Shri Janmejoy Ojha PP-507-508

by—Shri Samsuddin Ahmed PP-498-500

by—Shri Satish Chandra Biswas PP-505-506

by—Shri Satyapada Bhattacharya PP-500-502

by—Dr. Zainal Abedin PP-502-505

**Discussion on the West Bengal Land (Farm Holding) Revenue Bill, 1978.**

by—Shri Anil Mukherjee PP-92-96

by—Shri Balai Bandyopadhyay PP-102-105

by—Shri Benoy Konar PP-141-142, PP-186-189

by—Shri Benoy Krishna Chowdhury PP-34-36, PP-143-145, PP-157-158, P-160, PP-163-165, PP-179-181, PP-194-197

by—Shri Birendra Kumar Maitra PP-129-134, P-169, P-179, PP-193-194

by—Shri Dipak Sengupta PP-50-54

by—Shri Gunadhar Chowdhury PP-107-109

by—Shri Kiranmoy Nanda P-129, P-197

by—Shri Janmejoy Ojha PP-109-111, P-157

by—Shri Jayanta Kumar Biswas PP-183-186

by—Shri Joykesh Mukherjee PP-45-46

by—Shri Manoranjan Roy PP-142-143

by—Shri Naba Kumar Roy PP-138-140

by—Shri Nathenial Murmu PP-90-92

by—Shri Renupada Halder PP-105-107

by—Shri Samsuddin Ahmed PP-134-138

by—Shri Sashanka Sekhar Mondal PP-182-183

by—Shri Seikh Imajuddin PP-87-90

by—Shri Subhendu Mondal PP-192-193

by—Dr. Saswati Prasad Bag PP-99-102

by—Shri Sashabindu Bera PP-77-81, PP-145-146, PP-158-161, P-163, P-196, P-171, P-179, PP-190-191,

by—Shri Sudhir Dasgupta PP-84-87

by—Shri Sunil Kumar Majumder PP-96-99

by—Shri Suniti Chattaraj PP-81-84

by—Shri Trilochan Mal PP-189-190

**Discussion on the West Bengal Multistoreyed Building Tax Bill, 1979.**

by—Shri Anil Mukherjee PP-305-307

by—Dr. Ashoke Mitra PP-294-296, PP-310-312

by—Shri Dhirendra Nath Sarkar PP-301-303

by—Shri Krishna Das Roy PP-299-301

by—Shri Motish Roy PP-307-309

by—Shri Sachin Sen PP-304-305

by—Shri Sandip Das PP-297-299

**Discussion on The West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1979**

by—Shri Benoy Krishna Chowdhury PP-428-429,PP-432-433

by—Shri Birendra Kumar Maitra PP-429-431, P-433

by—Shri Jyotsna Kumar Gupta PP-431-432

**Discussion on the West Bengal Universities Control of expenditure (Cessation of Application) Bill, 1979.**

by—Shri Bishnukant Shastri PP-434-436, PP-443-444

by—Shri Seikh Imajudin PP-436-437

by—Shri Nirmal Bose PP-439-442

by—Shri Mohammed Sohrab PP-438-439, P-444

by—Shri Sambhu Charan Ghosh P-434, PP-442-443

**Laying of Report**

Forty Second Report of the Business Advisory Committee

PP-265-266

Forty Third Report of the Business Advisory Committee

PP-309-310

Forty fourth Report of the Business Advisory Committee

PP-452-454

The Annual Reports of the Durgapur Chemicals Limited for 1976-77 and 1977-78

P-28

The Annual Report of the Durgapur Projects Limited for 1977-78

P-29

The Annual Report of the State Fisheries Development Corporation Limited

P-29

The Annual Report of the West Bengal Financial Corporation for 1977-78

P-28

The Annual Report of the West Bengal Forest Development Corporation Limited for 1977-78

P-428

The Annual Report of the West Bengal State Leather Industries Development Corporation for the year 1977-78

P-129

The 41st Report of Business Advisory Committee

PP-29-33

**Laying of Ordinance**

The Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1979

P-28

The Calcutta Municipal (Amendment) Ordinance, 1979

P-28

The Calcutta Thika Tenancy Stay of Proceedings (Temporary Provisions) (Amendment) Ordinance 1979.

P-28

The West Bengal Animal Slaughter Control (Amendment) Ordinance, 1979.

P-27

The West Bengal Central Valuation Board (Amendment) Ordinance, 1979.

P-28

The West Bengal Khadi and Village Industries Board (Amendment) Ordinance, 1979.

P-27

The West Bengal Multistoreyed Building Tax Ordinance, 1979

P-28

The Bengal Municipal (Amendment) Ordinance, 1979.

P-27

The West Bengal Panchayat (Amendment) Ordinance, 1979.

P-27

The West Bengal Restriction on Construction in Unsafe Areas Ordinance, 1979.

P-27

**Mention Cases**

PP-18-27, PP-65-77, PP-121-128, PP-287-294, PP-313-323, PP-397-407, PP-481-488, PP-556-565, PP-212-218

**Obituary References**

Shri Chandranath Mishra P-2

Shri Iswardas Jalal PP-1-2

Shri Jainarayan Sharma P-2

Dr. Jogesh Chandra Banerjee PP-2-3

**Presentation of the Report of the Committee on Public Accounts (1979-80)**

by—Shri Prabodh Chandra Sinha P-565

**QUESTIONS**

**Proposal for setting up Information Bureaus in other states**

by—Shri Rajani Kanta Doloi PP-426-427

**Scheme for increasing the number of beds in Rampurhat Sub-divisional Hospital**

by—Shri Sasanka Sekhar Mondal P-457

**Shifting of Calcutta Corporation's School from Alimuddin Street**

by—Shri Rajani Kanta Doloi PP-337-340

**Vacant post of Principal at Rampurhat College**

by—Shri Sasanka Sekhar Mondal PP-282-283

**Visit of Task Force of the Engineering Association to Santaldih**

by—Shri Rajani Kanta Dolai PP-204-206

**অ্যান্টিসেপ্টিক জাতীয় বিশেষ ওষুধ সম্পর্কে কেন্দ্র ও রাজ্য সরকারের গবেষণাগারের রিপোর্টে বৈষম্য**

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার P-475

উচ্চ-মাধ্যমিক শিক্ষকদের স্থায়ীকরণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-281-282

উলুবেড়িয়া গড়চুমুক সেতু

—শ্রী সন্দীপ দাস P-550

উলুবেড়িয়া-ফুলেশ্বর সংযোগকারী সেতু

—শ্রী সন্দীপ দাস PP-553-554

এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে রেজিস্ট্রিকৃত বেকারদের কার্ড পুনর্নবীকরণ

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় P-468

ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন লিঃ-এর লাভ-ক্ষতির পরিমাণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-474

কলেজ শিক্ষকদের বেতন পুনর্বিন্যাস

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় PP-280

কলিকাতা বিশ্ববিদ্যালয় ও নীরোদচন্দ্র বসুমল্লিকের দাতব্য সম্পত্তি

—শ্রী অমলেন্দ্র রায় PP-271-272

কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশনের বাস সংখ্যা

—শ্রী জন্মেজয় ওঝা PP-324-326

কলিকাতা মহানগরীতে ফুটপাথ বাসিন্দাদের পরিসংখ্যান

—শ্রী নানুরাম রায় PP-330-332

কালিয়াগঞ্জ থানার ধনকৈল হইতে রাধিকাপুর পর্যন্ত রাস্তা

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার P-536

কান্দী মহকুমায় বন্যা নিয়ন্ত্রণের মাস্টার প্ল্যান

—শ্রী অমলেন্দ্র রায় PP-423-424

কাংস্য শিল্প

—শ্রী অনিল মুখার্জি PP-421-422

"কাজের বিনিময়ে খাদ্য" কর্মসূচি রূপায়ণে ব্যাঘাত

—শ্রী অমলেন্দ্র রায়   PP-457-461

কানদীঘি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র সম্প্রসারণ

—শ্রী অহীন্দ্র সরকার   P-470

"কাজের বিনিময়ে খাদ্য" কর্মসূচি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস   P-457

কাঁথি থানায় বাড়ি লুণ্ঠন

—শ্রী জন্মেজয় ওঝা   PP-534-536

কুশমণ্ডী থানার কচড়া হাইস্কুল আমিনপুর রাস্তা

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার   PP-202-203

কুশমণ্ডী প্রাইমারি হেলথ্ সেন্টারের জন্য জমি অধিগ্রহণ

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার   PP-60-65

কুশমণ্ডী থানার খুনিয়াডাঙ্গী হইতে বংশীহারী থানার মায়াহার পর্যন্ত রাস্তা

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার   P207

কুশমণ্ডী থানায় "মহাটোর বিল" এলাকায় ফসল নষ্ট

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার   PP-59-60

কৃষি-দপ্তরে বিভিন্ন ডাইরেক্টরের সংখ্যা

—শ্রী জন্মেজয় ওঝা   PP-12-13

কৃষক সেতু

—শ্রী অমলেন্দ্র রায়   PP-532-533

কোলাঘাট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জন্য পৃথক সংস্থা গঠন

—শ্রী রজনীকান্ত দোলুই   PP-539-540

কোলাঘাট তাপ-বিদ্যুৎকেন্দ্রে কর্মসংস্থান

—শ্রী মনোরঞ্জন রায়   PP-551-552

কোচবিহার ময়নাগুড়ি রাস্তা

—শ্রী দীপক সেনগুপ্ত   PP-552-553

**খরার সময় "ডিজেল" সরবরাহ**

—ডাঃ গোলাম ইয়াজদানি PP-7-10

খেলাধূলার উন্নয়ন

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-532

গ্যাস টারবাইন কেনার জন্য অফিসারদের দেশ ভ্রমণ

—শ্রী কিরণময় নন্দ PP-540-541

গ্যাস টারবাইন প্রকল্প

—শ্রী রজনীকান্ত দোলুই PP-541-542

গ্রামাঞ্চলের শাখা রাস্তা

—শ্রী নীহারকুমার বসু PP-543-544

গ্রাম-পঞ্চায়েতের উপর আর ডাবলিউ পি প্রকল্প রূপায়ণের দায়িত্ব

—ডাঃ গোলাম ইয়াজদানী PP-326-328

গ্রেট ইস্টার্ন হোটেল

—শ্রী জন্মেজয় ওঝা P-409

চলচ্চিত্র নির্মাণে সরকারি অর্থ সাহায্য

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-407-409

চাঁচল হাসপাতাল

—ডাঃ গোলাম ইয়াজদানি PP-462-463

জগদ্দল বিধানসভা কেন্দ্রের নারায়ণপুর স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

—শ্রী নীহারকুমার বসু PP-471-472

জনপ্রতিনিধি কর্তৃক সরকারি গাড়ি ব্যবহার

—শ্রী অমলেন্দ্র রায় PP-10-12

জলমগ্ন সি এম ডি এ এলাকা

—শ্রী সন্দীপ দাস PP-544-546

জাতীয় সমর শিক্ষার্থীদের বকেয়া ভাতা

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল P-285

জেলা পরিষদের মাধ্যমে সেচ বিভাগীয় কার্য সম্পাদন

—শ্রী রজনীকান্ত দোলুই P-422

ট্রলারে মাছ ধরা বাবদ ব্যয়

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-113-116

ডাক্তার ও স্পোশ্যালিস্টদের প্রাইভেট প্র্যাকটিশ বন্ধকরণ

—শ্রী রজনীকান্ত দোলুই PP-468-469

ডি ভি সি'র বাঁধ হইতে জল ছাড়ার ব্যাপার

—শ্রী নানুরাম রায় PP-427-428

তারাতলার লিপটন লিঃ কোম্পানি

—শ্রী সুনীতি চট্টরাজ PP-463-465

দন্ডকে প্রত্যাবর্তনকারী উদ্বাস্তুদের সুযোগসুবিধা দান

—শ্রী অমলেন্দ্র রায় PP-474-475

দাসপুর ২নং ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী মনোরঞ্জন রায় PP-469-470

দৈনিক সংবাদপত্র

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার PP-410-412

নদীয়া জেলায় সাম্প্রদায়িক দাঙ্গা

—শ্রী অমলেন্দ্র রায় P-550

নদীয়া জেলায় সাম্প্রদায়িক হাঙ্গামায় বিধ্বস্ত ঘরবাড়ি

—শ্রী ডাঃ গোলাম ইয়াজদানি P-476

নদীয়া সীমান্তবর্তী অঞ্চলে ডাকাতি

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-549-550

পশ্চিমবঙ্গের খরাক্লিষ্ট জেলাসমূহ

—শ্রী নানুরাম রায় P-470

পশ্চিমবাংলায় বিগত বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের গরু সরবরাহ

—শ্রী শিবনাথ দাস PP-328-330

পশ্চিমবঙ্গে নারিকেল চাষ

—শ্রী জন্মেজয় ওঝা PP-335-336

পশ্চিমবঙ্গে কাজু বাদামের চাষ

—শ্রী জন্মেজয় ওঝা PP-336-337

পশ্চিমবঙ্গের সীমান্ত এলাকায় বাংলাদেশি সমাজবিরোধীদের অনুপ্রবেশ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-199-200

পশ্চিমবঙ্গে পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য বিশ্ব ব্যাঙ্কের নিকট অর্থ সংগ্রহের প্রচেষ্টা।

P-328

পশ্চিমবঙ্গে জে, সি আই এর পাট ক্রয় কেন্দ্র

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-323-324

পশ্চিমবঙ্গে কৃষি-সীড্ ফার্মের সংখ্যা

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-5-7

পশ্চিমবঙ্গের সীমান্ত দিয়ে বাংলাদেশে চাল পাচার

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-13-15

পশ্চিম দিনাজপুর জেলায় বিড়ি শিল্প

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার PP-419-420

পশ্চিম দিনাজপুরে হস্তচালিত শিল্প

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার PP-57-59

পঞ্চায়েত সংস্থা সম্বন্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-332-334

পঞ্চায়েতের সভায় যোগদানের জন্য নির্বাচিত মাধ্যমিক শিক্ষকদের বিশেষ ছুটি

—শ্রী মনোরঞ্জন রায় PP-280-281

পটাশপুর ব্লকে গভীর নলকূপ স্থাপনের সংখ্যা

—শ্রী জন্মেজয় ওঝা PP-15-16

পটাশপুর ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও উপ-স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী কিরণময় নন্দ P-472

পানীয় জল সরবরাহের জন্য গভীর নলকূপ স্থাপন

—শ্রী দীপক সেনগুপ্ত P-467

পাঁচলা এলাকার বেলডুবি পুল

—শ্রী সন্তোষকুমার দাস P-547

ফরাক্কায় শিল্প সংস্থা

—শ্রী অমলেন্দ্র রায় PP-409-410

বাঁকুড়া জেলায় মৎস্যজীবীদের ঋণ মঞ্জুর

—শ্রী অনিল মুখার্জি PP-476-477

বাঁকুড়া জেলায় শঙ্খ শিল্প

—শ্রী অনিল মুখার্জি PP-415-416

বাঁকুড়া সম্মিলনী কলেজ ও হাসপাতাল অব্যবস্থার অভিযোগ

—শ্রী অনিল মুখার্জি PP-466-467

বামফ্রন্ট সরকারের দুই বৎসর পূর্তি উপলক্ষে দিল্লিতে অনুষ্ঠিত উৎসব

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-423

ব্যান্ডেল তাপ-বিদ্যুৎকেন্দ্রে কর্মীদের বদলি

—শ্রী সুনীতি চট্টরাজ PP-528-529

বিদ্যুৎ উৎপাদনে গ্যাস টারবাইন

—শ্রী কিরণময় নন্দ P-552

বিভিন্ন ব্লকে ভেটেরেনারি সার্জেনের খালি পদ

—শ্রী জন্মেজয় ওঝা PP-279-280

বিশ্ব ব্যাঙ্ক প্রতিনিধিদের ফারাক্কা পরিদর্শন

—শ্রী অমলেন্দ্র রায় PP-200-201

বিষ্ণুপুর থানার অযোধ্যা গ্রাম সংস্কার

—শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় P-415

বেগুনাবেড়্যা ও কাশীপুর স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী শিবনাথ দাস PP-465-466

বেসরকারি ও স্পনসর্ড কলেজগুলিকে অর্থ সাহায্য PP-276

বেসরকারি কলেজে মাসিক 'পে-প্যাকেট'

—শ্রী অনিল মুখার্জি P-284

মহিলা হোমগার্ড

—শ্রী সুভাষ গোস্বামী PP-533-534

মালদহ প্রাথমিক শিক্ষক নিয়োগে ইনজাংশন

—ডাঃ গোলাম ইয়াজদানী PP-283-284

মালদহ জেলায় পশুপালনকেন্দ্র ও হাসপাতাল

—ডাঃ গোলাম ইয়াজদানী PP-272-276

মিছিলে অস্ত্রশস্ত্র ব্যবহার

—শ্রী রজনীকান্ত দোলুই P-553

মুর্শিদাবাদ জেলার পুরন্দরপুর হিজোল রাস্তা

—শ্রী অতীশচন্দ্র সিনহা PP-542-543

মুর্শিদাবাদে রিলিফ ও গৃহনির্মাণ বাবদ খয়রাতি সাহায্যদানের ব্যাপারে দুর্নীতি

—শ্রী সত্যপদ ভট্টাচার্য PP-473-474

মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-417-418

মুর্শিদাবাদ নদীয়া জেলার সংযোগস্থলে ব্রিজ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-206-207

মেদিনীপুর কর্মসংস্থান বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে বেকার ভাতা প্রাপকের তালিকা

—শ্রী মনোরঞ্জন রায় PP-117-119

মেদিনীপুর জেলার সাহাচক গ্রাম পঞ্চায়েতের ও অনন্তপুর গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অভিযোগ

—শ্রী মনোরঞ্জন রায় PP-334-335

রাজ্যে বিকলাঙ্গ ও অন্ধের সংখ্যা

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার PP-461-462

রাজ্যে বিদ্যুতের চাহিদা ও উৎপাদন ক্ষমতা

—শ্রী জন্মেজয় ওঝা PP-527-528

রামপুরহাট থানা এলাকায় নৈশ বয়স্ক শিক্ষাকেন্দ্র

—শ্রী শশাঙ্কশেখর মন্ডল PP-267-268

রিজার্ভ ব্যাঙ্ক থেকে ওভারড্রাফ্‌ট গ্রহণ

—শ্রী রজনীকান্ত দোলুই PP-277-279

লবণ তৈয়ারির কারখানা

—শ্রী অমলেন্দ্র রায় PP-418-419

শিক্ষকদের সন্তানদের বিনা বেতনে উচ্চ-মাধ্যমিক পড়ার সুযোগ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস P-285

শিল্পপতি কমলনাথের বাড়িতে পুলিশ পাহারা

—শ্রী দীপক সেনগুপ্ত PP-536-538

শিল্প সম্প্রসারণ আধিকারিক

—শ্রী জন্মেজয় ওঝা P-418

শেঠ সুখলাল কারনানী হাসপাতাল প্রাঙ্গণে অনুমোদনহীন ঘরবাড়ি

—শ্রী সন্দীপ দাস P-473

সনসাদ গ্রামের জনৈক চৌধুরি আব্দুল রহিমের বাড়ি ঘেরাও ও লুঠ

—শ্রী সুনীতি চট্টরাজ PP-530-532

সরকারি গৃহের ভাড়া

—শ্রী মনোরঞ্জন রায় PP-538-539

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-547-549

সাঁওতালডি ও ব্যান্ডেলের তাপ বিদ্যুৎকেন্দ্র

—শ্রী জন্মেজয় ওঝা PP-529-530

সিতাই থানায় বিদ্যুৎ সরবরাহ

—শ্রী দীপক সেনগুপ্ত P-551

সিন্দুর উৎপাদন কারখানা

—শ্রী ধীরেন্দ্রনাথ সরকার P-424

সুইমিং পুল

—শ্রী অনিল মুখার্জি PP-203-204

সুতাহাটা থানার নদী বাঁধ

—শ্রী শিবনাথ দাস PP-420-421

সুন্দরবনাঞ্চলে পর্যটন সংস্থা

—শ্রী নানুরাম রায় PP-416-417

সুন্দরবন উন্নয়নের পরিকল্পনা

—শ্রী রজনীকান্ত দোলুই PP-412-415

সুন্দরবন এলাকায় লবণ উৎপাদনকেন্দ্র স্থাপনের পরিকল্পনা

—শ্রী নানুরাম রায় PP-422-423

সৈয়দ নিজামপুরে সমবায় কৃষি ও সেচ প্রকল্প সমিতি

—শ্রী মনোরঞ্জন রায় PP-455-456

হলদিয়া পেট্রো-কেমিক্যাল-এর জন্য জমি

—শ্রী শিবনাথ দাস PP-424-426

হলদিয়ায় ক্ষুদ্র শিল্প স্থাপনে আগ্রহী আবেদনকারি

—শ্রী শিবনাথ দাস P-412

হাওড়া জেলার জয়রামপুর গ্রামসভায় বন্যার্তদের গৃহনির্মাণ অনুদান বন্টন সম্পর্কে অভিযোগ

—শ্রী সন্তোষকুমার দাস P-474

হোমগার্ড

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-207-210

ষষ্ঠ পরিকল্পনায় পশ্চিমবঙ্গের জন্য অর্থ বরাদ্দ

—শ্রী জয়ন্তকুমার বিশ্বাস PP-269-271

**Statement under rule 346 regarding draught situatiön in West Bengal.**

by—Shri Kamalkanti Guha PP-54-55

by—Shri Khagendranath Roy Chowdhury P-2

**Statement on Calling Attention regarding Collection of irrigation tax from the notified area of Hooghly and Burdwan districts.**

by Shri Benoykrishna Chowdhury PP-396-397

**Statement on Calling attention regarding clash between two parties at Khargpur Rly. Station area**

by Shri Jyoti Basu P-555

**Statement on Calling attention regarding food poisoning in Kesoram Cotton Mills Canteen at Garden Reach**

by Shri Bhabani Mukherjee. PP-479-480

**Statement under rule 346 regarding relief to the flood and draught affected area in West Bengal**

by Shri Radhika Ranjan Banerjee PP-30-32

Printed by: Image Graphics
62/1 Bidhan Sarani, Calcutta - 700 006